খুদ্দক-নিকায়ে

প্রতিসম্ভিদামার্গ

[বঙ্গানুবাদ]



পরিবেশনায়
বনভন্তে প্রকাশনী

খুদ্দক-নিকায়ে

প্রতিসম্ভিদামার্গ

[বঙ্গানুবাদ]

অনুবাদকবৃন্দ

ভদন্ত ইন্দ্রগুপ্ত ভিক্ষু
ভদন্ত সুমন স্থবির
ভদন্ত বঙ্গীস ভিক্ষু
ভদন্ত অজিত ভিক্ষু
ভদন্ত সীবক ভিক্ষু

পরিবেশনায়
বনভন্তে প্রকাশনী

Visit: http://www.buddhistdownload.com

খুদ্দক-নিকায়ে
প্রতিসম্ভিদামার্গ
[বঙ্গানুবাদ]

প্রকাশকালঃ পূজ্য বনভন্তের ৯৩তম শুভ জন্মদিন
২৫৫৫ বুদ্ধবর্ষের
৮ই জানুয়ারি ২০১২ খ্রিস্টাব্দ
২৫ পৌষ ১৪১৮ বঙ্গাব্দ

অনুবাদকবৃন্দঃ ভদন্ত ইন্দ্রগুপ্ত ভিক্ষু, ভদন্ত সুমন স্থবির
ভদন্ত বঙ্গীস ভিক্ষু, ভদন্ত অজিত ভিক্ষু
ভদন্ত সীবক ভিক্ষু

প্রকাশনায়ঃ শ্রীমৎ ধর্মতিষ্য স্থবির

কম্পোজঃ শ্রীমৎ করুণাময় ভিক্ষু

সহযোগিতায়ঃ ভদন্ত ধর্মদীপ ভিক্ষু

গ্রন্থসত্বঃ অনুবাদকবৃন্দ কর্তৃক সর্বসত্ব সংরক্ষিত

প্রচ্ছদঃ শিল্পী কনকচাঁপা চাকমা
ধানমণ্ডি, ঢাকা।

মুদ্রণেঃ রাজবন অফসেট প্রেস
রাজবন বিহার, রাঙামাটি

Visit: http://www.buddhistdownload.com

উৎসর্গ

বর্তমান সময়ের বিশ্ব বৌদ্ধমনিষীদের মধ্যে
অন্যতম আলোকিত মুক্তপুরুষ, মহান শ্রাবকবুদ্ধ হিসেবে
যার একান্ত সুপরিচিতি, ভারত-বাংলা উপমহাদেশের ভিক্ষুকূল
গৌরবরবি, দুঃখমুক্তির পথ প্রদর্শক, মদীয় পারমার্থিকগুরু সর্বজনপূজ্য
শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির (বনভন্তে) মহোদয়ের ৯৩তম
শুভ জন্মতিথিতে শ্রদ্ধাঞ্জলিরূপে

এবং

আমাদের পালি শিক্ষাদাতা,
পিটকীয় বহুগ্রন্থের অনুবাদক, স্বনামধন্য বৌদ্ধব্যক্তিত্ব
ভদন্ত প্রজ্ঞাবংশ মহাস্থবির মহোদয়ের
দুঃখমুক্তি নির্বাণ লাভের কামনায়
সর্বান্তকরণে উৎর্গিত
হল।

অনুবাদকবৃন্দ

Visit: http://www.buddhistdownload.com

ভূমিকা

'পটিসম্ভিদামগ্গো' সুত্তান্তপিটকের খুদ্দকনিকায়ে শুধুমাত্র 'পটিসম্ভিদা' এই নামেই একটি গ্রন্থ। ভদন্ত শান্তরক্ষিত মহাথেরো সংকলিত 'পালি-বাংলা অভিধানে' পটিসম্ভিদার অর্থকরা হয়েছে– বিভাজনীয় জ্ঞান, পুংখানুপুংখরূপে পরীক্ষা-বিশেষণ সম্বন্ধীয় পরিজ্ঞান বা অন্তর্দৃষ্টি।

প্রথমে এই 'পটিসম্ভদা মগ্গো' গ্রন্থের পটভূমি আলোচনায় প্রথম সঙ্গীতিতে ইহার অস্তিত্ব অনুসন্ধান করা যাক। পারাজিকা অর্থকথার বাহির নিদান অধ্যায়ের বর্ণনায় সঙ্গীতি বর্ণনা পর্বে দেখা যায় প্রথম সঙ্গীতি শুরু করতে গিয়ে বলা হচ্ছে– "এবং নিসিন্নে কিং পঠমং সঙ্গায়াম ধম্মং বা বিনয়ং বা'তি?" (পারাজিকা অট্ঠকথা/বাহির নিদান কথা)।

এখানে স্পষ্টই দেখা গেল 'ধর্ম বিনয়'– এই দুই নামে এবং দুই ভাগে সমগ্র বুদ্ধবচন সংগ্রহ করা হয়েছে। 'পিটক' শব্দটি তাই বুদ্ধ বচনের ধারক বা আধার অর্থেই বৌদ্ধজগতে এশব্দের প্রচলন যে শুরু হয়েছে, তার প্রমাণ পারাজিকা অট্ঠকথার বাহির-নিদান কথায় প্রথম সঙ্গায়ণ বর্ণনার শেষ পর্বের আলোচনায় পাওয়া যাবে– "তদেং সব্বম্পি বুদ্ধবচনং রসবসেন একবিধং: ধম্মবিনয় বসেন দুবিধং: পঠম-মজ্ঝিম-পচ্ছিমবসেন তিবিধং: তথা পিটক বসেন: নিকায়বসেন পঞ্চবিধং: অঙ্গবসেন নববিধং: ধম্মক্খন্ধ বসেন চতুরাসীতি সহস্সবিধন্তি বেদিতব্বং" (পারাজিকা অট্ঠকথা/বাহির নিদান কথা)

এই পিটক বশেও যে ত্রিবিধ: তা বলতে গিয়ে উক্ত হলো– "কথং পিটক বসেন তিবিধং? সব্বম্পি হেতুং বিনয় পিটকং, সুত্তন্ত পিটকং, অভিধম্ম পিটকন্তি ---।" এখানে উল্লেখিত 'সুত্তান্ত পিটক' হচ্ছে পঞ্চ নিকায়। অধিকন্তু এখানে নিকায় বশে যে, পঞ্চবিধ বলা হয়েছে: সেই পঞ্চবিধ কি কি?

এ প্রশ্নের উত্তরে বলা হলো– ব্রহ্মজালাদি একটি সুত্ত সংগ্রহ দীর্ঘনিকায় ভুক্ত: মূলপর্যায়াদি ১৫০টি সুত্ত সংগ্রহ মজ্ঝিম নিকায় ভুক্ত: ওঘতরণ সুত্তাদি ১৭৬২টি সুত্ত সংগ্রহ সংযুক্ত নিকায় ভুক্ত: চিত্তপরিযাদান সুত্তাদি ৯৫৫৭টি সুত্ত সংগ্রহ অঙ্গুত্তর নিকায় ভুক্ত: এবং খুদ্দকপাঠ, ধম্মপদ,

Visit: http://www.buddhistdownload.com

উদান, ইতিবুত্তক-সুত্তনিপাত-বিমানবত্থু, প্রেতবত্থু, থেরোগাথা, থেরীগাথা, জাতকনিদ্দেস, পটিসম্ভিদা, অপদান, বুদ্ধবংস, চরিয়াপিটক, বশে ১৫ প্রকার হচ্ছে খুদ্দক নিকায়। (ইদং সুত্তন্তপিটকং নাম)

অপরদিকে অভিধর্ম পিটক কি কি; এপ্রসঙ্গে বলতে গিয়ে উক্ত হয়েছে– "ধম্মসঙ্গহো, বিভঙ্গো, ধাতুকথা, পুগ্গলপঞ্ঞত্তি, কথাবত্থু, যমকং, পট্ঠনন্তি" ইদং অভিধম্মপিটকং নাম।" (পারাজিকা অট্ঠকথা/বাহির নিদান)।

উপরোল্লেখিত বর্ণনায় দেখা যাচ্ছে 'সুত্তন্ত পিটকং' এর খুদ্দক নিকায় ভূক্ত একটি গ্রন্থের নাম হচ্ছে 'পটিসম্ভিদা'। সেই 'পটিসম্ভিদা' গ্রন্থটি আবার চার ভাগে বিভক্ত: যথা– (১) অত্থপটিসম্ভিদা, (২) ধম্মপটিসম্ভিদা, (৩) নিরুত্তি পটিসম্ভিদা এবং (৪) পটিভান পটিসম্ভিদা।

এই 'পটিসম্ভিদা' কবে কিভাবে 'পটিসম্ভিদামগ্গো' নামক গ্রন্থে পরিণত হলো তা জানা যায়নি। বুদ্ধধর্মের ইতিহাস গবেষকগণের মধ্যে অনেকেই এ বিষয়ে নীরব। তবে কারো কারো মতে বৌদ্ধসংঘের প্রাচীন শাখাগুলোর মধ্যে ধর্ম-বিনয় নিয়ে কালক্রমে যে সকল মতবিরোধের সূত্রপাত হয় সেসকল মত বিরোধের নিরসন লক্ষ্যেই অভিধর্ম পিটকের 'কথাবত্থু' গ্রন্থের ন্যায় 'পটিসম্ভিদা মগ্গো' গ্রন্থটি এক সময়ে বর্তমান আকার লাভ করে। গবেষকগণের এই অনুমানের পেছনে খুব সম্ভব অভিধর্ম পিটকের অন্তর্ভূক্ত 'বিভঙ্গ' নামক গ্রন্থটির মধ্যে 'পটিসম্ভিদা বিভঙ্গ' নামক যেই অধ্যায়টি আছে তাকে ভিত্তি রূপে গ্রহণ করে হয়েছে এবং বর্তমান পটিসম্ভিদা মগ্গো' গ্রন্থের কলেবর বৃদ্ধির লক্ষণটিও কাজ করেছে। শ্রীলংকায় অবস্থানকারী বিশিষ্ট পশ্চিমা বৌদ্ধগবেষক ভদন্ত ঞাণমূলী এই মতের মহাথের পরিপোষক। তিনি আচার্য বুদ্ধঘোষ প্রণীত বিখ্যাত গ্রন্থ 'বিশুদ্ধিমগ্গো' গ্রন্থিটি The path of purification'- এই নামে অনুবাদ করতে গিয়ে অনুবাদের ভূমিকায় এধরণের অভিমত ব্যক্ত করেছেন (P.XXIV)। A.K. Warder কর্তৃক সেই 'বিশুদ্ধিমার্গের' অনুবাদ গ্রন্থ "The Path Of Discrimination" (P.XXIV) এর ভূমিকা থেরোবাদী অভিধর্ম পিটকভুক্ত গ্রন্থ 'বিভঙ্গ' এর সাথে সর্বাস্তিবাদের 'ধর্মস্কন্ধ' এবং ধর্মগুত্তিকদের 'শারিপুত্রাভিধর্ম'– এই গ্রন্থদ্বয়ের তুলনামূলক

Visit: http://www.buddhistdownload.com

আলোচনায় গ্রন্থত্রয়কে সমপর্যায়ভুক্তরূপে প্রদর্শন করেছেন। উক্ত দুই গ্রুপ থেরোবাদ থেকে পৃথক হয়ে যাওয়ার পরেই (আনু: খ: পৃ: ২৩৭-২০০অব্দ) থেরোবাদী গ্রন্থ 'বিভঙ্গ'ভক্ত 'পটিসম্ভিদা বিভঙ্গ'– অধ্যায়টি 'বিভঙ্গ প্রকরণে'র সাথে যুক্ত হয়ে খৃ: পূর্ব ২৩৭-২০০ এর পরবর্তীকালে 'পটিসম্ভিদামগ্‌গো' নামক বর্তমান গ্রন্থটি সংকলিত হয়ে থাকবে বলে গবেষকগণের ধারণা (Bhikku Nanamoli, The path of purification, P. XXIV)

বস্তুত: 'সুত্তন্ত পিটক'ভুক্ত গ্রন্থসমূহ হচ্ছে অভিধর্মপিটকভক্ত বিভিন্ন নামে সাত খণ্ড গ্রন্থের মূল উৎস। তারপরও প্রশ্ন জাগে সুত্তন্ত পিটকের খুদ্দক নিকায় ভূক্ত 'পটিসম্ভিদা' গ্রন্থটিতে বুদ্ধ দর্শনের গভীরতত্ত্ব বিষয়ক সংগ্রহগুলোর এত সমাবেশ থকা সত্ত্বেও কেন তাকে অভিধর্ম পিটকের অন্তর্ভূক্ত করা হলো না। এ প্রসঙ্গে বিশ্বখ্যাত শ্রীলংকান বৌদ্ধগবেষক ডক্টর জি, পি, মালালাসেকারা মহোদয় এর অভিমত যথার্থ যে, অভিধর্মপিটক পূর্ণাঙ্গতা লাভ করার পূর্বেই খুদ্দক নিকায়ের দ্বাদশ গ্রন্থ এই 'পটিসম্ভিদা'টি 'পটিসম্ভিদামগ্‌গো'রূপে পূর্ণাঙ্গতা পায় এবং মূলত সেই 'পটিসম্ভিদামগ্‌গো' গ্রন্থটিকে মূল ভিত্তিরূপে গ্রহণ করেই অভিধর্মপিটকের গ্রন্থগুলো ক্রমে বর্তমানের আকার ধারণ করেছে (Malasekera, G.P.V.D.2-p.11)। এতদ্‌সত্ত্বেও এই 'পটিসম্ভিদামগ্‌গো' গ্রন্থটি সুত্তন্ত পিটকভুক্ত রাখার কারণ সন্ধানে Winterit বলেন অভিধর্ম পিটকভুক্ত সংকলিত গ্রন্থগুলোর বিষয় বস্তু উপস্থাপনার। সাধারণ বৈশিষ্ট যেটি, তার সাথে 'পটিসম্ভিদামগ্‌গো গ্রন্থের বিষয়বস্তুসমূহের উপস্থাপনা রীতির মিল নেই। এক্ষেত্রে 'পটিসম্ভিদামগ্‌গো'– সুত্তন্ত পিটকের বৈশিষ্টই ধারণ করেছে। যেমন– "এবম মে সুতং"! অথবা "এবম খো পন ভিক্‌খবে!"– ইত্যাদি (Patis P.11PTS) অধিকন্তু অভিধর্মপিটকে আরো যেই বৈশিষ্টটির সাথে পটিসম্ভিদামগ্‌গো গ্রন্থের পার্থক্য বিদ্যমান, তা হচ্ছে অভিধর্মপিটক বৌদ্ধ দর্শনের তাত্ত্বিক দিকসমূহের উপর বর্ণনা, ব্যখ্যা এবং বিচার বিশ্লেষণ করেই দায়িত্ব শেষ করেছে, এদের অনুশীলনের উপর গুরুত্ব দেয়নি। কিন্তু পটিসম্ভিদামগ্‌গো– গ্রন্থে সেই অনুশীলনের উপরও সমধিক গুরুত্ব দানের ভাব ফুটে উঠেছে। (A.k warder: Introduction to The

Visit: http://www.buddhistdownload.com

path of Discrimination P. xxiv).

যেমন অভিধর্মের 'বিভঙ্গ' গ্রন্থে দেখুন– তত্থ কতমো রূপক্খন্ধো? যংকিঞ্চি রূপং অতীতানাগতপচ্চুপ্পন্নং অজ্ঝত্তং বা বহিদ্ধা বা ওলারিকং বা সুখমং বা হীনং বা পণীতং যং দূরে সন্তিকে বা তদেকজ্ঝং অভিসঞ্ঞূহিত্বা, অভিসঙ্খিপিত্বা অযং বুচ্চতি রূপক্খন্ধো। ... (বিভঙ্গে p.1-3, pts)

অনুবাদ: তথায় রূপস্কন্ধ কেমন? অতীত ভবিষ্যত বর্তমানে যা কিছু রূপ (বস্তু বা বিষয়) তা কর্কশ বা কোমল, নিকৃষ্ট বা উত্তম, দূরে বা নিকটে তাদের সবগুলোকে একত্রিত করে, বিশেষভাবে সংক্ষিপ্ত করে, বা হয় রূপ-স্কন্ধ।

অপর দিকে এজাতীয় বিষয়ের বর্ণনায় 'পটিসম্ভিদা মগ্গো' এর বর্ণনা ভঙ্গির প্রতি লক্ষ করুন।–

বলে রাখা ভালো সমগ্র পটিসম্ভিদামগ্গো তিনটি প্রধান অধ্যায়ে বিভক্ত। এগুলো হচ্ছে– ১। মহাবগ্গো, ২। যুগনন্ধবগ্গো এবং ৩। পঞ্ঞাবগ্গো। এই তিন বিভাগের মধ্যেই কম-বেশি সুত্তন্ত পিটকের লক্ষণ বিদ্যমান। যেমন দেখুন–

১। মহাবগ্গের 'বিমোক্খ কথা'র ১নং উদ্দেসে ২০৯ এর শুরুতে "পুরিম নিদানং। 'তয়ো মে ভিক্খবে বিমোক্খা। কতমে তয়ো? সুঞ্ঞতো বিমোক্খো, অনিমিত্তো বিমোক্ খো, অপ্পণিহিতো বিমোক্খো। ইমে খো, ভিক্খবে তযো বিমোক্খা।"

২। যুগনন্ধ বগ্গের ১নং যুগনন্ধ কথার ১নং এর শুরুতে– "এবং মে সুতং– একং সমযং আযস্মা আনন্দো কোসম্বিযং বিহরতি ঘোসিতারামে। তত্রখো আযস্মা আনন্দো ভিক্খূ আমন্তেসি,– 'আবুসো ভিক্খবো'তি। ...

ইধাবুসো, ভিক্খু সমথ পুব্বঙ্গমং বিপস্সনং ভাবেতি। তস্স সমথ পুব্বঙ্গমং ভাবযতো মগ্গো সঞ্জাযতি। সো তং মগ্গং আসেবতি, ভাবেতি, বহুলী করোতি। তস্সতং মগ্গং আসেবতো ভাবযতো বহুলী করোতো সঞ্ঞোজনানি পহীযন্তি, অনুসযা ব্যন্তী হোন্তি।"

৩। পঞ্ঞাবগ্গের ৯নং বিপস্সনা কথার ৩৬ নং এর শুরুতে "এবং মে সুত্তং একং সমযং ভগবা সাবত্থিযং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্স আরামে। তত্র খো ভগবা ভিক্খু আমন্তেসি ভিক্খবো'তি ...।

Visit: http://www.buddhistdownload.com

সো বত ভিক্খবে, ভিক্খু কঞ্চি সঙ্খারং নিচ্চতো সমনুপস্সতো অনুলোমিকাখ খন্তিযা সমন্নাগতো ভবিস্সতী'তি– নেতং ঠানং বিজ্জতি। অনুলোমিকায় খন্তিযা অগমন্নাগতো সম্মত্তনিযামং ওক্কনিস্সতী'তি- নেতংঠানং বিজ্জতি। সম্মতনিযামং অনোক্কমমানো সোতাপত্তিফলং বা সকদাগামিফলং বা অনাগামি ফলং বা অরহত্তং বা সচ্ছি করিস্সতী'তি– নেতং ঠানং বিজ্জতি।

সোবত ভিক্খবে, ভিক্খু সব্ব সঙ্খারে অনিচ্চতো, সমনুপস্সন্তো অনুলোমিকায় খন্তিযা সমন্নাগতো ভবিসসতী'তি– ঠানমেতং বিজ্জতি। ...

পটিসম্ভিদা মগ্গোকে অভিধম্মপিটকের অন্তর্ভুক্ত না করার পেছনে এই সংগ্রহের উপরোক্ত বৈশিষ্টের ভূমিকাই বেশি। যেহেতু অভিধর্ম পিটকের ন্যায় ইহা কোন সংকলন মাত্র ছিল না, ইহার বিষয়বস্তুতে ছিল বুদ্ধ এবং বুদ্ধকালীন ভিক্ষুদের প্রত্যক্ষ অংশগ্রহণ। পটিসম্ভিদামগ্গো তাঁদেরই একটি সংগ্রহ। আর এই সংগ্রহের উদ্দেশ্য অভিধর্ম পিটকের ব্যাখ্যা বিশ্লেষণেই কেবল সীমাবদ্ধ ছিল না, এখানে ছিল জীবনদুঃখের চিরন্তনী স্বভাবের সম্যক উপলব্ধি এবং সেই উপলব্ধির তীব্রতায় অক্ষয় চিরশান্তি নির্বাণের আত্মপ্রতিষ্ঠার মনোস্তাত্ত্বিক আবেদন।

তাই এ দাবী যুক্তিযুক্ত যে পালি অভিধর্ম পিটকের সংকলন প্রেরণাদাতা যেমন সুত্তন্ত পিটকের পটিসম্ভিদামগ্গো, একইভাবে এই সংগ্রহকে 'অভিধর্ম পিটকের' মূল উৎস, এ দাবী ও অত্যোক্তি নহে। তবে পটিসম্ভিদামগ্গের বিষয়বস্তুতে সুত্তন্ত পিটকের দীর্ঘনিকায়ের দসুত্তর সুত্তন্ত, ব্রহ্মজালসুত্তন্ত, মহাসতিপট্ঠান সুত্তন্ত, সংযুক্ত-নিকায়ের ধম্মচক্ক পবত্তন সুত্তন্তসহ অন্যান্য অনেক সুত্তন্ত এবং অঙ্গুত্তর নিকায়ের আরো বহু সুত্তান্ত ও সুত্তন্তাংশকে এই পটিসম্ভিদামগ্গো গ্রন্থের অন্তর্ভুক্ত দেখে অনেকেই মন্তব্য করেন যে, এই গ্রন্থ সুত্তন্ত পিটকের পরবর্তী কালের রচনা।

Introduction to path of discrimination | Nanamoli| p. xxxv|

ঐতিহাসিক প্রেক্ষাপট বিচারে ত্রিপিটক ও ইহার বিষয়বস্তুগুলোর সংগ্রহরীতিকে বিচার করলে গবেষকগণের এই ধারণাকে অর্ধশতাব্দী কি শতাব্দীকালের ব্যবধান বলে মেনে নেয়া যায় না। খ্রিস্টপূর্ব ৬ষ্ঠ শতকের

Visit: http://www.buddhistdownload.com

রাজগৃহে অনুষ্ঠিত মাত্র তিনমাসের এই প্রথম ধর্মসঙ্গীতি তথা ধর্ম-সংগ্রহে যা ধারণ করা হয়েছে তাতে এমন একই বিষয়ের সংক্রমণ দেখা যায় অন্য চ'রি নিকায়ের এবং অন্যান্য বহু গ্রন্থের মধ্যেও। যেমনটি বলা যায় দীর্ঘ-নিকায়ের 'মহাসতিপট্ঠান' সুত্তের হুবহু উপস্থিতি দেখা যায় মজ্ঝিম-নিকায়ের মধ্যে। তবে ইহার সত্য পর্বটি তথায় অনুপস্থিত আবার পটিসম্ভিদামগ্গো তা এতে সংক্ষেপে যে বলার নহে। তাই বলে কি আপনি দীর্ঘ-নিকায়কে মজ্ঝিম-নিকায়ের পূর্ববর্তী রচনা বলে একটিকে অপরটির কাছে ঋণী বলে দাবী করবেন? মনে রাখা উচিত যে, ত্রিপিটকভুক্ত বিষয়গুলোর মূল উৎস মাত্র একজন ব্যক্তি। আর সেই ব্যক্তি ভগবদ্ গীতার শ্রীকৃষ্ণের মতো 'সম্ভবামি যুগে যুগে" তেমন কেহ ছিলেন না। তিনি আমাদেরই মতো রক্ত-মাংসে গড়া ৮০ বছরের এক ক্ষণজন্মা সুমহান ব্যক্তিত্ব সেই বুদ্ধ তথাগত গৌতম সিদ্ধার্থ। একজন ব্যক্তি কোন সুনির্দিষ্ট বিষয়ে বিভিন্ন স্থানে বক্তব্য রাখতে গিয়ে ক্যাসেটের মতো হুবহু পুনরাবৃত্তি না করাই স্বাভাবিক। আর বুদ্ধের সেই স্বভাবধর্মই ত্রিপিটকে সংগৃহীত বুদ্ধবচনগুলোর মাঝে সর্বত্র ফুটে উঠেছে।

সে যাই হোক, যেই পটিসম্ভিদামগ্গো' গ্রন্থটি নিয়ে এত কথা, এখন সেই গ্রন্থটির নামের অর্থ, শ্রেণীভেদ এবং বিষয়বস্তু নিয়ে কিছু আলোচনা করা যাক। ১৯২১ খ্রিস্টাব্দে london pali text socity প্রকাশিত T.W. R HYS DAVIDS and Willim stede এ প্রণীত PALI – ENGLISH DICTIONARY– অভিধানে 'পটিসম্ভিদা' শব্দটির সন্ধি বিভাজন করা হয়েছে 'পটি+সং+ভিদা'। বৌদ্ধ সংস্কৃত গ্রন্থ সমূহে পালির এই শব্দটিকে একই অর্থে 'প্রতিসম্ভিদা' ব্যবহার করতে গিয়েও কিন্তু বুৎপত্তিগত অর্থ বিপর্যয় ঘটিয়েছে। কারণ সংস্কৃতের 'পটি+সং+বিদা'– এই সন্ধি বিচ্ছেদে 'বিদা' শব্দটির অর্থ হচ্ছে 'বেদক' বা অনুভূতিকারক ব্যক্তি।

অপরদিকে পালিতে 'ভিদা' অর্থে 'ভেদ' তথা ভেদ করা প্রবিষ্ট হওয়া। তাই 'পটিসম্ভিদা' অর্থে কোন বিষয়ে বিশেষভাবে প্রবিষ্ট হয়ে পুংখানুপুংখরূপে বিচার বিশ্লেষণ করা। তাই 'পটিসমিভদামগ্গো' বলতে এরূপ পুঙ্খানুপুঙ্খ বিচার বিশ্লেষণের মার্গ, পথ, উপায় বা পদ্ধতি।

Visit: http://www.buddhistdownload.com

'মিলিন্দপ্রশ্ন' গ্রন্থের ২২ পৃষ্ঠায় পটিসম্ভিদাকে চারভাগে প্রদর্শিত হয়েছে, যথা– ১। অত্থপটিসম্ভিদা, ২। ধম্মপটিসম্ভিদা, ৩। নিরুত্তিপটিসম্ভিদা, এবং ৪। পটিভাণপটিসম্ভিদা। ১১৫৬ খ্রিস্টাব্দের শ্রীলংকান কবি ভদন্ত বুদ্ধরক্ষিত তাঁর 'জিনালংকার নামক কাব্যে গ্রন্থে এই চারি পটিসম্ভিদার অর্থ এভাবেই কাব্যিক ছন্দে গাথায় প্রকাশ করেছেন (বৌদ্ধসংস্কৃত ভাষায়)–

১। যং কিঞ্চি পচ্চযুপ্পন্নং বিপাক চ ক্রিয়া তথা।
নিব্বাণং ভাসিতত্থাতি পঞ্চেতে অত্থসঞ্ঞিতা।
অনুবাদঃ প্রত্যক উৎপন্ন যা কিছু, বিপাক আর ক্রিয়া তাতে,
নিবার্ণকে ব্যক্ত করতে, পাঁচটি অর্থযুক্ত থাকে।
২। ফলনিব্বত্তকো হেতু অনিযম্হ চ ভসিতং।
কুসলাকুসলেপঞ্চতি পঞ্চেতে ধম্মসঞ্ঞিতা।
অনুবাদঃ কারণের প্রবর্তনে ফল, প্রকাশ হয় তা বিধি পথে,
কুশল অকুশলও তেমন পঞ্চ ধর্মে যুক্ত থাকে।
৩। তস্মিং অত্থে চ ধম্মে চ সভাব নিরুত্তিতু।
নিরুত্তীতি চ নিদ্দিট্ঠা নিরুত্তি কুসলেন সা।
অনুবাদঃ তদ্ধেতু অর্থ ধর্ম স্বভাবটি হয় নিরুত্তি,
নিরুত্তি নির্দ্দিষ্ট হয়, কুশলে যেই নিরুত্তি,
৪। ঞাণমার, মঞ্চ কত্বা তিবিধং পচ্চবেক্খতো।
তীসু ঞাণেসু যং ঞাণং পটিভাণন্তি তং মতং।
অনুবাদঃ জ্ঞান, আরম্মন আর প্রত্যবেক্ষণ তিনে,
ত্রিজ্ঞানের মদ্যে যাহা, পটিভাণ বলে তাকে।

প্রতিসম্ভিদা বিষয়ক উল্লেখিত ৪টি বিভাগের পরিচয়ে আরো কিছু আলোকপাত করা দরকার।

১। 'অর্থ-পটিসম্ভিদা' বলতে 'প্রত্যয় সম্ভূত ফল অর্থাৎ কোন একটি কারণ যাকে ভিত্তি করে ফল তথা পরিণতি লাভ করে থাকে। পাশ্চাত্যের বৌদ্ধগবেষক মি হার্ডি বলেন– 'অত্থ' বলতে কোন বিষয়ের বিভিন্ন অংশকে বুঝায়। এ ধারণায় 'অত্থ পটিসম্ভিদা' বলতে হেতু জাত ফল বা জাত, ভূত, উৎপন্ন, প্রতীয়মান– ইত্যাদির উপর ব্যাপক বিশ্লেষণী যেই প্রজ্ঞা শক্তি তারই নাম 'অত্থপটিসম্ভিদা, পালি ত্রিপিটকের অপ্রতিদ্বন্দ্বী অট্ঠকথাচার্য

Visit: http://www.buddhistdownload.com

ভদন্ত বুদ্ধ ঘোষ মতে– ১। প্রত্যয় সম্ভূত তথা প্রতীত্যসমুৎপাদ বিষয়ে জ্ঞান, ২। নির্বাণ সম্পর্কে জ্ঞান, ৩। বুদ্ধ ভাষিত বাক্য (ভাসিতত্থ) সম্পর্কে জ্ঞান, ৪। কর্ম বিপাক সম্পর্কে জ্ঞান, এবং ৫। ক্রিয়া সম্পর্কে জ্ঞান– এই পাঁচ প্রকার জ্ঞানকে 'অত্থপটিসম্ভিদা' বলা হয় (বিভঙ্গপ্রকরণ, পৃঃ ৩৫০-৬২)।

২। 'ধম্মপটিসম্ভিদা' বলতে ধর্মে জ্ঞানই ধম্ম পটিসম্ভিদা। তবে আচার্য বুদ্ধ ঘোষ মতে এই ধর্ম হচ্ছে স্বভাব ধর্মতা। অর্থাৎ যেই বিষয়, ঘটনা বা বস্তুকে ভিত্তি করে (প্রত্যয়) অতীতের কোন কারণ বর্তমানে ফল প্রদান করে, সেই ফল টাই হচ্ছে ধর্ম। যেমন– এক অবোধ শিশু জ্বলন্ত প্রদীপকে দিয়ে বস্ত্রে আগুন ছিল, আর তাতে বস্ত্রটি পুঁড়ে গেল। এখানে আগুনের দাহিকা শক্তি তথা পুঁড়ে যাওয়া হচ্ছে আগুনের ধর্ম বা ফল। বস্ত্রটি হচ্ছে প্রত্যয়, 'শিশুটি' হচ্ছে কারণ (হেতু)।

৩। নিরুত্তি-পটিসম্ভিদা হচ্ছে শ্রবণ মাত্রই দর্শনমাত্রই কোন বস্তু বা বিষয়ের উৎপত্তি কারণসহ ইহার সত্য অসত্য, শুদ্ধি অশুদ্ধি ইত্যাদি সম্পর্কে তাৎক্ষণিক যেই জ্ঞান বা ধারণা তারই নাম নিরুত্তি-পটিসম্ভিদা। অভিধর্মের বিভঙ্গপ্রকরণে (পালি) (পৃঃ ৩৫০-৫২) তে উল্লেখিত হয়েছে। ১। চারিসত্য, ২। হেতু আর কায়ধর্ম জাত সমুদয় বিষয় তথা, ৩। জাত, ৪। ভূত, ৪। নিষ্পন্ন, ৬। অভিনিষ্পন্ন, ৭। প্রাদুর্ভূত, ৮। প্রতীত্যসমুৎপাদ অঙ্গ এবং ৯। সুত্তগেয়্য এই নবাঙ্গ সত্থুসাসন ধম্মের নিরুত্তি অভিলাপে যেই জ্ঞান তাকেই বলে নিরুত্তি পটিসম্ভিদা।

অভিধম্মভাজনীয়ে কুশল অকুশল বিপাক ও ক্রিয়া চিত্তের যেই প্রজ্ঞপ্তি (চিহ্নিত করণ শক্তি) তাহাই নিরুত্তিপটিসম্ভিদা জ্ঞান।

প্রখ্যাত বৌদ্ধগবেষক হাভার্ড বলেন– বিনাপাঠে, বিনা শিক্ষায়, অপরের উপদেশ ব্যতীত আশু উপস্থিতজ্ঞান দ্বারা সত্যজ্ঞান যেই ক্ষমতা তাহাই নিরুত্তি-পটিসম্ভিদা জ্ঞান।

৪। পটিভান-পটিসম্ভিদাঃ বলতে অভিধর্মের বিভঙ্গ প্রকরণে (পৃঃ ৩৫০-৩৫২) পটিসম্ভিদা বিভঙ্গের সুত্তন্ত ভাজনীয়ে বলা হয়েছে জ্ঞানসমূহে জ্ঞানই হচ্ছে পটিভান-পটিসম্ভিদা। সেই জ্ঞানসমূহের জ্ঞান হচ্ছে– চারি আর্যসত্য জ্ঞান, হেতু জ্ঞান, কার্য ধর্ম জাত জ্ঞান, ভূত জ্ঞান, সঞ্জাত জ্ঞান,

Visit: http://www.buddhistdownload.com

নিষ্পন্ন জ্ঞান, অভিনিষ্পন্ন এবং প্রদুর্ভূত জ্ঞান, প্রতীত্যসমুৎপাদ অঙ্গ জ্ঞান, সুত্ত -গেয়্য ইত্যাদি নবাঙ্গ সত্তুসাসনে জ্ঞান, আরো সংক্ষেপে বলা হয়েছে, কুশল অকুশল বিপাক-ক্রিয়া, এই ৮৯ প্রকার চিত্তের জ্ঞান সমূহে জ্ঞানই হচ্ছে পটিভান তথা প্রতিভা প্রতিসম্ভিদা শৈক্ষ্য ও অশৈক্ষ্য ভেদে পটিভান পটিসম্ভিদা দুই প্রকার হয়ে থাকে। শৈক্ষ্য তথা অরহত্ব লাভে অক্ষমদের উল্লেখিত বিষয় সমূহে যে জ্ঞান তাকে বলা হয় শৈক্ষ্য পটিভান পটিসম্ভিদা জ্ঞান। যেমনটি ছিল স্রোতাপন্ন অবস্থায় ভদন্ত আনন্দ, চিত্ত গৃহপতি এবং কুজ্জুত্তরা উপাসিকার মধ্যে। অপর দিকে ভদন্ত সারিপুত্র, মোগ্গলান, মহাকস্যপ, মহাকচ্চানপ্রমুখ অরহতগণের মধ্যে যেই পটিসম্ভিদা জ্ঞান ছিল, তা হচ্ছে পটিভান-পটিসম্ভিদা। এই পটিসম্ভিদা লাভের উপায় সম্পর্কে বলতে গিয়ে ভদন্ত নাগসেন বলেন (মিলিন্দ প্রশ্ন)

"পুর্ব্বযোগে, ভাণ্ডসুচং, দেসভাসা চ আগমো,
পরিপুচ্ছা অধিগমো গুরু সন্নিস্সয়ো তথা ॥
মিত্তসম্পত্তি চেবা তি পটিসম্ভিদা পচ্চাযোতি।

অর্থাৎ- পূর্বযোগ তথা জন্মান্তরীণ কর্মসংস্কার, বিবিধ শিল্পশাস্ত্রে জ্ঞান, বিভিন্ন দেশভাষা, সমগ্র ত্রিপিটক বা ইহার অংশবিশেষ অধ্যয়ন ও অধিগম, নানা বিষয়ে প্রশ্ন প্রতিপ্রশ্নাদি জিজ্ঞাসা এবং কল্যাণমিত্র সম্পত্তি লাভ করা; এ সমুদয় অঙ্গসমূহ পরিপূর্ণ হলে পটিভান-পটিসম্ভিদা লাভ করা যায়।

এখন পালি "পটিসম্ভিদামগ্গো" নামক গ্রন্থটিতে যে সকল বিষয়ে জ্ঞান উৎপত্তির কথা বলা হয়েছে, সে সমুদয়ের উপর কিঞ্চিত আলোকপাত করা যাক।

এই গ্রন্থটি প্রধানত তিন ভাগে বিভক্ত; যথা- মহাবগ্গো, যুগনদ্ধবগ্গো এবং পঞ্ঞা বগ্গো । অতঃপর প্রত্যেকটি বিভাগে দশটি করে বিষয়বস্তু সন্নিবেশিত হয়েছে। যেমন–

প্রথম বিভাগ মহবগ্গো ঃ পর্বে রয়েছে ১) জ্ঞান কথা ২) দিট্ঠি কথা ৩) আনাপানসতি কথা ৪) ইন্দ্রিয় কথা ৫) বিমোক্খ কথা ৬) গতি কথা ৭) কম্ম কথা ৮) বিপর্যাস কথা ৯) মগ্গ কথা ১০) মণ্ড পেয্য কথা ।

দ্বিতীয় বিভাগ "যুগনদ্ধবগ্গো" পর্বে রয়েছে ১) যুগন্ধ কথা ২) সচ্চ কথা ৩) বোজ্ঝঙ্গ কথা ৪) মেত্ত কথা ৫) বিরাগ কথা ৬) পটিসম্ভিদা কথা

Visit: http://www.buddhistdownload.com

৭) ধম্মচক্কপবত্তন কথা ৮) লোকুত্তর কথা ৯) বল কথা ১০) সুঞ্ঞো কথা।

তৃতীয় বিভাগ" পঞ্ঞাবগ্গো" পর্বে রয়েছে ১) মহাপঞ্ঞা কথা ২) ইদ্ধি কথা ৩) অভিসময় কথা ৪) বিবেক কথা ৫) চরিয কথা ৬) পটিহারিয় কথা ৭) সমসীস কথা ৮) সতিপট্ঠান কথা ৯) বিপস্সন কথা ১০) মাতিকা কথা।

"পটিসম্ভিদামগ্গো" এই গ্রন্থটি মূল পালি গ্রন্থ থেকে বাংলায় অনুবাদ ইতিপূর্বে আর কোথাও হয়েছে কিনা আমার জানা নেই। তবে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাচ্যভাষা বিভাগের অধ্যাপক প্রিয়ভাজন ড. জিনবোধি মহাথের মহোদয় এই 'পটিসম্ভিদামগ্গো এর ইংরেজী অনুবাদ এর আলোকেই খুব সম্ভবত 'বৌদ্ধ দর্শনে প্রজ্ঞাতত্ত্ব ও বিমুক্তিমার্গ' নামে 'পটিসম্ভিদামগ্গো'– এর উপরে একটি সন্দর্ভ রচনা করেছেন। জানা গেছে এই সন্দর্ভ মূলত অধ্যাপক মহোদয়ের ডক্টরেট ডিগ্রী লাভের লক্ষ্যেই রচিত। এশিয়ার খ্যাতনামা বিদ্যাপীঠ কোলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে তাঁর এই ডিগ্রী অর্জন নিঃসন্দেহে প্রসংশনীয়। কিন্তু তৎসত্ত্বেও সবিনয়ে অধ্যাপক মহোদয়ের অলোচনার কিছু ত্রুটি-বিচ্যুতি ও দুর্বলতার উপর এখানে আলোচনার প্রয়োজন বোধ করছি।–

তিনি তৎগ্রন্থের তৃতীয় অধ্যায়ে "প্রতিসম্ভিদামার্গের বিষয়বস্তু' শীর্ষক আলোচনায় বললেন– "যেভাবে অধ্যায়গুলি পরপর বিন্যস্ত হয়েছে, তাতে বর্গগুলোর নাম হওয়া উচিত ছিল যথাক্রমে– মহাবর্গ, মধ্যমবর্গ এবং ক্ষুদ্রবর্গ। কারণ, আকারে অধ্যায়গুলো ক্রমশ দীর্ঘ থেকে মধ্যম এবং মধ্যম থেকে ক্ষুদ্র হয়েছে ..."।

অধ্যাপক মহোদয়ের এ প্রসঙ্গের আলোচনায় তিনি নিজে নিজে অনেক প্রশ্নের অবতারণা করে, আবার নিজেই তাঁর নিজস্ব ভঙ্গিতে উত্তর দানের চেষ্টা করেছেন। তারপরও পাঠক হিসেবে আমার মনে হয়েছে আলোচনাকে অহেতুক দীর্ঘায়িত করেছেন এবং বৌদ্ধ দর্শনের 'ঞাণ' ও 'পঞ্ঞা' এ দুই ব্যাপক ব্যবহৃত শব্দের উপর আড়াই হাজার বছর ধরে প্রচলিত ধারণা, তাৎপর্য ও অর্থকে গুলিয়ে ফেলেছেন। তিনি প্রতিসম্ভিদামার্গের 'মহাবর্গ' বিভাগভুক্ত প্রথম বিষয়বস্তু 'জ্ঞানকথা' পর্বের

Visit: http://www.buddhistdownload.com

উপর আলোচনা করতে গিয়ে শুরুতেই 'জ্ঞানকথা' (প্রজ্ঞা)'– ঠিক এভাবেই পালি মূল গ্রন্থের 'ঞাণকথা' শিরোনামটির অনুবাদ করলেন। আর পুরো আলোচনাতেই 'ঞাণ' আর 'পঞ্ঞা' এ দুই এর আকাশ-পাতাল তফাৎকে একাকার করতে গিয়ে লিখেছেন– "জ্ঞান বা প্রজ্ঞার স্বরূপ।

বাংলায় প্রজ্ঞা, পালিতে পঞ্ঞা। প্রজ্ঞা (প+ঞা) এর অর্থ হলো বিচক্ষণতা, যাতে সকল উচ্চতর জ্ঞানের সাথে গভীরভাবে সুসম্পৃক্ত। সতত পরিদৃশ্যমান স্বাভাবিক সত্যের মাধ্যমে দক্ষ বিচারবোধই প্রজ্ঞা (David, T.W. Rhys. p.p 12)।

জ্ঞা ধাতুনিষ্পন্ন শব্দের অর্থ হলো প্রকৃষ্টরূপে জানা বা অবগত হওয়া বুঝায়। প্রজাননা অর্থেই প্রজ্ঞা শব্দের ব্যবহার হয়। প্রকৃষ্টরূপে জানা, সংজাননা ও বিজাননা হতে বিশিষ্টতরভাবে জানাকে বলা হয় প্রজ্ঞা (মহাস্থবির, বংশদীপ, পৃ.১)। এ ছাড়া হেতু, জ্ঞান, পরিজ্ঞান, বুদ্ধি, ইত্যাদি বুঝাতে প্রজ্ঞা শব্দের প্রয়োগ পরিদৃষ্ট হয়।

জ্ঞান ও প্রজ্ঞা শব্দ দুটি অভিন্ন গভীর ভাবদ্যোতক এবং একই অর্থ প্রকাশ করলেও বুদ্ধের ধর্ম-দর্শনে পার্থক্য পরিলক্ষিত হয়। তথাগত বুদ্ধের দৃষ্টিতে জ্ঞান (knowledge) যা বৈষয়িক চিন্তা-চেতনার সাথে জড়িত। অর্থাৎ সে বিষয়ে (বৈষয়িক) যে ধারণা জন্মায় তাকে বলা হয় জ্ঞান। চেতনা, সংজ্ঞা, হুশ, বাহ্যজ্ঞান, সংবিৎ, সংবেদনশীল, উপলব্ধি, অনুভূতি, বোধশক্তি ইত্যাদি জ্ঞানের একই অর্থবোধক শব্দ। ... " (বৌদ্ধ দর্শনে প্রজ্ঞাতত্ত্ব ও বিমুক্তিমার্গ ডঃ জিনবোধি ভিক্ষু পৃ.২৯)।

পাঠক মাফ করবেন, আমার এই সুদীর্ঘ উদ্ধৃতির জন্যে। মূলত লেখক মহোদয় এ প্রসঙ্গে দেশী-বিদেশী বহু খ্যাতিমান বৌদ্ধপণ্ডিতের আলোচনা-মন্তব্যের উদ্ধৃতি টেনেছেন নিজের আলোচনাকে সমৃদ্ধ ও ভারী করার জন্যে। কিন্তু সৌভাগ্য হতো তিনি যদি তাঁদের মন্তব্যগুলোর মর্মার্থ বুঝতে পারতেন। যেমন- আমাদেরই ঘরের সন্তান ত্রিপিটক কোবিদ প্রখ্যাত বৌদ্ধপণ্ডিত ভদন্ত বংশদীপ মহাস্থবিরের অনূদিত গ্রন্থ 'প্রজ্ঞাভাবনা' হতে তিনি যেই উদ্ধৃতিটি দিলেন, তাতে পরিষ্কারভাবে বলা হয়েছে– 'প্রকৃষ্টরূপে জানা, তথা সংজাননা ও বিজাননা হতে বিশিষ্টতরভাবে জানাকে বলা হয় প্রজ্ঞা' (মহাস্থবির বংশদীপ, পৃ. ১)। এখানে প্রজ্ঞা ধাতু তথা জানার

Visit: http://www.buddhistdownload.com

ক্রমিক উৎকর্ষতার প্রাথমিকস্তর হচ্ছে 'সংজানন', দ্বিতীয়স্তর হচ্ছে 'বিজানন', তৃতীয় তথা চুড়ান্তস্তর হচ্ছে 'প্রজানন'। আর এই প্রজাননই হচ্ছে 'প্রজ্ঞা'। 'প্রজ্ঞা'– ইহা সংস্কৃত ও বাংলায় ব্যবহৃত শব্দ। পালিতে ইহাকে 'পঞ্ঞা' বলা হয় (সঞ্জানন-বিজানন-পজানন)। অধ্যাপক মহোদয় যদি 'ঞাণ' তথা জ্ঞান এবং 'পঞ্ঞা' তথা প্রজ্ঞা, এভাবে বিষয়টিকে বুঝতে পারতেন, তাহলে কখনো বাংলার প্রজ্ঞা ধাতুনিষ্পন্ন 'প্রজ্ঞার' বিষয়টিকে পালিমূলের সাথে সম্পর্কবিহীন করে বাংলা-অভিধানের সকল শব্দকে এভাবে তুলে দিতে পারতেন না– "চেতনা, সংজ্ঞা, হুশ, বাহ্যজ্ঞান, সংবিৎ, সংবেদনশীল, উপলব্ধি, অনুভূতি, বোধশক্তি ইত্যাদি জ্ঞানের একই অর্থবোধক শব্দ"।

সবচেয়ে আশ্চর্যের বিষয় হলো- যেই 'প্রতিসম্ভিদামার্গ' গ্রন্থটির উপরে তিনি ডক্টরেট নিলেন, সেই গ্রন্থটির প্রথমভাগ 'মহাবর্গ' অধ্যায়ে ১নং বিষয়টি হলো 'প্রজ্ঞাবর্গ' (পঞ্ঞাবগ্গো), ইহার ১নং বিষয়টি হলো 'মহাপ্রজ্ঞাকথা' (মহাপঞ্ঞাকথা)। অধ্যাপক মহোদয়ের ৩৯১ পৃষ্টার এই বিশাল অভিসন্দর্ভটির উপর কোন উৎসাহী, অনুসন্ধিৎসু গবেষকের বিশদ্ পর্যালোচনামূলক অভিমত কামনা করি।

'পটিসম্ভিদামগ্গো' গ্রন্থটি এ দেশের সর্বজননন্দিত, জাতি-ধর্ম নির্বিশেষে সর্বজনগৌরবনীয় পরম বুদ্ধপুত্র আর্যপুরুষ ভদন্ত সাধনানন্দ মহাথেরো, (বনভন্তে) মহোদয়ের নির্দেশে আমার কাছে পালিভাষা শিক্ষাকারীরা মূলপালি থেকে বঙ্গানুবাদের দায়িত্ব সমাপন করেছে। তাদের ঐকান্তিক ইচ্ছায় অনুবাদটির উপর ভূমিকা লিখার দায়িত্ব নিলাম। অথচ আমি আকণ্ঠ নিমজ্জিত আছি পূজ্য বনভান্তে প্রদত্ত 'পারাজিকা-অট্ঠকথা' নামক ৬০০ পৃষ্ঠার বৃহদাকার গ্রন্থটির অনুবাদকর্মে। তিন বছরের মধ্যে গ্রন্থটির অনুবাদের সময়সীমা শ্রদ্ধেয় ভন্তে নির্দেশ করলেও ২০০৮ইং থেকে ২০১১-এর জুলাই পর্যন্ত কক্সবাজারের রাংউ, রাংকূট নামক দুই হাজার বছরের প্রাচীন বৌদ্ধতীর্থটি রক্ষা সংগ্রামের ফাঁদে পড়ে অনুবাদ করেছি মাত্র ৯৩ পৃষ্ঠা। স্থানীয় হিন্দুসম্প্রদায়ের চেয়েও সুকঠিন প্রতিবন্ধক ও অগ্নি-পরীক্ষায় ফেলে দিয়েছে আমার হাতে জন্ম দেয়া অনাথ পালনকেন্দ্র দখলকারী খ্রিস্টান মিশনারীর বড়ুয়া এবং রামুর বিশিষ্ট ভিক্ষু ও তৎ তিন

Visit: http://www.buddhistdownload.com

শিষ্য। ফলে উপায়হীন হয়ে শত বিঘ্ন সত্ত্বেও আমারই হাতে জন্ম নেয়া কাটাছড়ি অভয়ারণ্য ধ্যানকুটির রাঙ্গামাটি রাজবন ভাবনাকেন্দ্রে আশ্রয় নিলাম পূজ্য বনভন্তের দায়িত্ব সমাপনের জন্যে। আর সেই সুযোগে প্রিয়ভাজন ইন্দ্রগুপ্তপ্রমুখ অনুবাদকবৃন্দ আমাকে দিয়ে তাঁদের অনূদিত প্রতিসম্ভিদামার্গের অনুবাদটির আংশিক সংশোধন ও ভূমিকাটুকু লেখিয়ে নেয়ার সদিচ্ছাকে সাধুবাদ জানাই।

ভূমিকার বেশকিছু বিষয় ইতিমধ্যে আলোচিত হয়েছে। বর্তমানে 'পটিসম্ভিদামগ্গো' গ্রন্থের অন্তর্ভুক্ত কয়েকটি বিষয়ের এবং অনুবাদকর্মের উপর কিছু আলোকপাত করে ইতি টানবো।–

১। 'পটিসম্ভিদামগ্গো' গ্রন্থের মহাবগ্গো বিভাগের প্রথম বিষয়টি হচ্ছে 'ঞাণকথা' বা জ্ঞানকথা। এখানে 'সুতময়ঞাণনিদ্দেসে' তথা শ্রুতিময়জ্ঞান নির্দেশ পর্বে প্রশ্ন করা হচ্ছে– 'কথং সোতাবধানে পঞ্ঞা সুতময়ে ঞাণং? অর্থাৎ কিভাবে শ্রুতির দ্বারা উৎপন্ন অনুভূতিজনিত জ্ঞান শ্রুতিময় প্রজ্ঞায় পরিণত হয়?

এ প্রশ্নের উত্তরে বলা হচ্ছে– "ইমে ধম্মা অভিঞ্ঞেয্যা'তি" সোতাবধানং, তং পজাননা পঞ্ঞা সুতময়ে ঞাণং"। অর্থাৎ– "এই ধর্মসমূহ অভিজ্ঞাত হওয়া যায়" এই উপদেশটি শুনার পর যেই শ্রুতিময় ধারণা উৎপন্ন হয়, সেই ধারণাকে বিশেষভাবে জানার যেই প্রজ্ঞা, তাহাই শ্রুতিময় জ্ঞান।" এভাবে এই ধর্মসমূহে পরিজ্ঞান, প্রহাণময়জ্ঞান ভাবনাময় জ্ঞান, সাক্ষাৎজ্ঞান, হানিভাগীয় জ্ঞান, স্থিতিভাগীয় জ্ঞান, বিশেষভাগীয়, বির্বেদভাগীয় ইত্যাদি জ্ঞানসমূহ আলোচিত হয়েছে।

২। 'পটিসম্ভিদামগ্গো' গ্রন্থের অন্তিম বিভাগ 'পঞ্ঞাবগ্গো তথা প্রজ্ঞাবর্গের প্রথম বিষয়বস্তু 'মহাপঞ্ঞাকথা'। এই পর্বে প্রশ্ন করা হচ্ছে– "অনিচ্চানুপস্সনা ভাবিতা বহুলীকতা কতমং পঞ্ঞং পরিপূরেতি? দুক্খানুপস্সনা ...? অনত্তানুপস্সনা ...? ... পটিনিস্সগ্গানুপস্সনা ...?"

অর্থাৎ অনিত্যানুদর্শনকে, দুক্খানুদর্শনকে, অনাত্মানুদর্শনকে ... প্রতিনিসর্গানুদর্শনকে কিভাবে ভাবিত বহুলীকৃত করলে প্রজ্ঞা পরিপূর্ণতা লাভ করে? এ প্রশ্নের উত্তরে বলা হলো।–

Visit: http://www.buddhistdownload.com

"অনিচ্চানুপস্সনা ভাবিতা বহুলীকতা জবনপঞ্ঞং পরিপূরতি। দুক্খানুপস্সনা ভাবিতা বহুলীকতা, নিব্বেদিকপঞ্ঞং পরিপূরেতি। অনত্তানুপস্সনা ভাবিতা বহুলীকতা মহাপঞ্ঞং পরিপূরেতি। নিব্বিদানুপস্সনা ভাবিতা বহুলীকতা তিক্খপঞ্ঞং পরিপূরেতি। বিরাগানুপস্সনা ভাবিতা বহুলীকতা বিপুলপঞ্ঞং পরিপূরেতি। নিরোধানুপস্সনা ভাবিতা বহুলীকতা গম্ভীরপঞ্ঞং পরিপূরেতি। পটিনিস্সগ্গানুপস্সনা ভাবিতা বহুলীকতা অসামন্তপঞ্ঞং পরিপূরেতি।

ইমে সত্তপঞ্ঞা ভাবিতা বহুলীকতা পঞ্চিচ্চং পরিপূরেন্তি। ইমা অট্ঠ পঞ্ঞা ভাবিতা বহুলীকতা পুথুপঞ্ঞং পরিপূরেন্তি। ইমা নব পঞ্ঞা ভাবিতা বহুলীকতা হাসপঞ্ঞং পরিপূরেন্তি।

হাসপঞ্ঞা পটিভাণপটিসম্ভিদা। তস্স অত্থববত্থানতো অত্থপটিসম্ভিদা অধিগতা হোতি সচ্ছিকতা ফস্সিতা পঞ্ঞায। ধম্মববত্থানতো ধম্মপটিসম্ভিদা অধিগতা হোতি সচ্ছিকতা ফস্সিতা পঞ্ঞায। নিরুত্তিববত্থানতো নিরুত্তিপটিসম্ভিদা অধিগতা হোতি সচ্ছিকতা ফস্সিতা পঞ্ঞায। পটিভাণববত্থানতো পটিভাণপটিসম্ভিদা অধিগতা হোতি সচ্ছিকতা ফস্সিতা পঞ্ঞায। তস্সিমা চতস্সো পটিসম্ভিদাযো অধিগতা হোন্তি সচ্ছিকতা ফস্সিতা পঞ্ঞায।"

এই সুদীর্ঘ উদ্ধৃতির লক্ষ্য হচ্ছে যেই 'পটিসম্ভিদামগ্গো' গ্রন্থ ও ইহার বিষয়বস্তুসমূহ নিয়ে এতোকথা, তার সার নির্যাস-এর স্বরূপটা পাঠকের বোধগম্যতায় আনতে চেষ্টা করা। সমগ্র 'পটিসম্ভিদামগ্গো' সর্বমোট ৩০টি বিষয়ে পটিসম্ভিদা অর্জনের উপায় বর্ণনা সংগৃহীত যে হয়েছে, তা ইতিপূর্বে উল্লেখ করা হয়েছে। এই ত্রিশটি বিষয়ের মূল লক্ষ্যই হচ্ছে পটিসম্ভিদামার্গের প্রধান ৪টি বিষয়, সেই অর্থ-প্রতিসম্ভিদা, ধর্ম-প্রতিসম্ভিদা, নিরুক্তি-প্রতিসম্ভিদা এবং প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞানচতুষ্টয়কে অধিগত করা এবং এই অধিগতকরণ দ্বারাকে কোন পর্যায়ে নিজেকে প্রতিষ্ঠিত করতে সক্ষম হন, তা প্রদর্শন করা। বাংলা ভাষাভিজ্ঞ পাঠক 'পটিসম্ভিদামগ্গো' গ্রন্থের সেই উদ্দেশ্য ও লক্ষ্যটি অনুধাবনে উল্লেখিত পালি উদ্ধৃতির বঙ্গানুবাদ নিম্নে প্রদত্ত হলো।–

Visit: http://www.buddhistdownload.com

"অনিত্যানুদর্শনকে ভাবিত বহুলীকৃত করলে 'জবন-প্রজ্ঞা' পূর্ণতা লাভ করে।

দুঃখানুদর্শনকে ভাবিত বহুলীকৃত করলে ' নির্বেদ-প্রজ্ঞা' পূর্ণতা পায়। অনাত্মানুদর্শনকে ভাবিত বহুলীকৃত করলে 'মহাপ্রজ্ঞা' পূর্ণতা পায়। নির্বেদানুদর্শনকে ভাবিত বহুলীকৃত করলে 'তীক্ষ্ণ-প্রজ্ঞা' পূর্ণতা পায়। বিরাগানুদর্শনকে ভাবিত বহুলীকৃত করলে 'বিপুল-প্রজ্ঞা' পূর্ণতা পায়। নিরোধানুদর্শনকে ভাবিত-বহুলীকৃত করলে 'গম্ভীর-প্রজ্ঞা' পূর্ণতা পায়। প্রতিনিসর্গানুদর্শনকে ভাবিত বহুলীকৃত করলে 'অসামন্ত (অসামান্য?) প্রজ্ঞা পূর্ণতা পায়।

এই সাতটি প্রজ্ঞাকে ভাবিত বহুলীকৃত করলে পাণ্ডিত্য প্রজ্ঞা পূর্ণতা পায়। এই অষ্ট প্রজ্ঞাকে ভাবিত বহুলীকৃত করলে 'বিশাল-প্রজ্ঞা' (পুথুপঞ্ঞা) পূর্ণতা পায়। এই নয়টি প্রজ্ঞাকে ভাবিত বহুলীকৃত করলে 'হাস-প্রজ্ঞা' (বিস্ফোরণ) পূর্ণতা পায়।

হাস-প্রজ্ঞাই হচ্ছে প্রতিভান-প্রতিসম্ভিদা। তার অর্থ বিশ্লেষণ (বাখান) হতে সাক্ষাৎও অনুভূতি (ফস্‌সিতা) প্রজ্ঞাদ্বারা অধিগত হয় 'অত্থপটিসম্ভিদা'। ধর্মের বিশ্লেষণ হতে সাক্ষাৎ ও অনুভূতি প্রজ্ঞা দ্বারা অধিগত হয় 'ধম্ম পটিসম্ভিদা'। নিরুক্তি বিশ্লেষণ হতে সাক্ষাৎও অনুভূতি প্রজ্ঞা দ্বারা অধিগত হয় 'নিরুত্তিপটিসম্ভিদা' (বুদ্ধবচনের মূল তাৎপর্য বিশ্লেষণ দ্বারা বুদ্ধের ন্যায় বাচনভঙ্গি ক্ষমতা) এবং প্রতিভান বিশ্লেষণ হতে সাক্ষাৎ ও অনুভূতি প্রজ্ঞা দ্বারা অধিগত হয় 'পটিভানপটিসম্ভিদা' (উপস্থিত বুদ্ধিমত্তা দক্ষতা তথা প্রতিভা)– এভাবেই এই চার প্রকার প্রতিসম্ভিদাকে আয়ত্ত ও অনুভব যোগ্য হয়ে থাকে।"

এই চারি প্রতিসম্ভিদাকে আয়ত্তকরণ উপায় 'পটিসম্ভিদামগ্গো' গ্রন্থে প্রদর্শন করতে গিয়ে মহাবগ্‌গো, যুগনদ্ধবগ্‌গো (যুগ্ম) এবং পঞ্ঞাবগ্‌গো এই তিন বিভাগে সন্নিবেশিত সর্বমোট ৩০টি উপায় প্রদর্শিত হয়েছে। বাংলায় অনুবাদকমণ্ডলী স্বীয় অভিমত প্রকাশে এ বিষয়গুলোর উপর বিশদ্ ব্যাখ্যা প্রদান করবেন।

এই অনুবাদকমণ্ডলী বয়সে নবীন হলেও ইতিমধ্যে সুত্তপিটকভুক্ত কয়েকটি পিটকীয় অনুবাদের কাজ সম্পন্ন করেছেন এবং বর্তমানে আমার

Visit: http://www.buddhistdownload.com

সাথে 'পারাজিক-অট্‌ঠাকথা' অনুবাদকর্ম করে যাচ্ছেন। এতদ্ সত্ত্বেও মূল পালি এবং বাংলাভাষা উভয় ক্ষেত্রে তারা কিছুটা দুর্বল হলেও আশা করি উত্তরোত্তর তাদের দক্ষতা অবশ্যই বৃদ্ধি পাবে। দেখা যায় পালির বঙ্গানুবাদে স্বাভাবিকভাবেই মূলের বাচনভঙ্গি ও বাক্যগঠনরীতি অনুবাদের সময়ে অনিবার্য প্রভাব বিস্তার করে থাকে। ফলে বঙ্গানুবাদ স্বাভাবিকভাবেই প্রচলিত সাহিত্যরীতি হতে ভিন্ন হয়ে পড়ে। এতে করে গবেষক মনস্কতা ব্যতীত সাধারণ পাঠকের কাছে মূলপিটকের অনুবাদসমূহ পাঠে অরুচি জন্মানো স্বাভাবিক। অপরদিকে অনুবাদকগণও এক্ষেত্রে উপায়হীন। তবুও তাঁরা সুপ্রাচীন পুনরুক্তি পদ্ধতির বিরক্তি লাঘবে যতদূর সম্ভব চেষ্টার ত্রুটি করেননি। এই চেষ্টা করতে গিয়ে কোন কোন ক্ষেত্রে বাক্যের অপূর্ণতা, অর্থের অল্পষ্টতা ইত্যাদি ত্রুটি-বিচ্যুত যদি কোথাও ঘটে থাকে, তা মৈত্রী চিত্তে গ্রহণের অনুরোধ রইলো।

সুমহান ত্রিপিটক গ্রন্থের অনেক অংশই বাংলায় অনুবাদের অপেক্ষায় সুদীর্ঘ শতবছর অতিক্রম করেছে। এ দেশের বিশুদ্ধ মৌলিক থেরোবাদ বুদ্ধ ধর্ম-বিনয়ের পুন প্রতিষ্ঠার দ্বিতীয়পর্বের নায়ক সুদুর্লভ ব্যক্তিত্ব পূজ্য বনভন্তের শিক্ষা উপদেশ আর অনুপ্রেরণায় আজ ত্রিপিটক ও তার সুবিশাল 'অট্‌ঠকথা' ভাণ্ডার বাংলা ভাষা-ভাষীদের সমক্ষে প্রকাশিত হওয়ার যেই উৎসাহ-উদ্দীপনাময় সৌভাগ্য সুদীর্ঘকাল পরে সূচিত হয়েছে, তা যেন সুদীর্ঘকাল অপ্রতিহত থাকে সেই দায়িত্ব বর্তায় বাংলা ভাষা-ভাষী জনগণের। অতীতে পালি ত্রিপিটকাংশ বাংলায় অনুবাদে অগ্রসর হতে গিয়ে বহু অনুবাদক চরম হতাশার শিকার হয়েছিলেন তার কারণ, বহু বিনিদ্র রজনীর ফসল তাদের অনুদিত পাণ্ডুলিপিগুলো ছাপানো কেহ আগ্রহ দেখাননি। বহু সময় ব্যয় করে, বহুকষ্টে অনুবাদক নিজস্ব উদ্যোগে এক টাকা, আধ আনা চাঁদা তুলে যদিও কোন কোন পাণ্ডুলিপিকে মুদ্রণের মুখ দেখিয়েছেন, তারপরও ক্রেতা আর পাঠকের অভাবে সেই ছাপানো বই যুগ যুগ ধরে অনুবাদকের কক্ষে পড়ে থাকতে থাকতে এক সময়ে ইঁদুর আর উইপোকার উদরে স্থান লাভ করেছে। এ বড়ো হৃদয়হীন মর্মান্তিক আচরণই বটে!

Visit: http://www.buddhistdownload.com

ইদানিং পূজ্য বনভন্তের প্রেরণায় এবং বৌদ্ধদের আর্থিক সচ্ছলতায় পিটক ও পিটকসংশ্লিষ্ট গ্রন্থের অনুবাদ ও লেখা-লেখির একটি উদ্দীপনা যেমন পুন পরিলক্ষিত হচ্ছে, সেই সাথে ব্যক্তি ও সমষ্টিগত উদ্যোগে ছাপানোর সদিচ্ছা ও অনেকের মাঝে দেখা যাচ্ছে। এ মহা শুভলক্ষণই বটে। কিন্তু দেড়শ-দুইশ পৃষ্ঠার ক্ষুদ্র একটি বই ছাপাতে বর্তমানে যেখানে ৪০/৫০ হাজার টাকা ব্যয় হচ্ছে, এবং বনভন্তের ইচ্ছার অনুকূলে অধিকাংশ পুস্তক বিনামূল্যে বিতরিত হচ্ছে, সেক্ষেত্রে পাঠকের আচরণ কিন্তু এখনো সেই একশো বছর আগেকার মতোই থেকে গেছে। সুদৃশ্য বাঁধাইযুক্ত ধর্মগ্রন্থগুলো বিনামূল্যে বিতরিত হচ্ছে দেখে অনেকেই সাগ্রহে গ্রহণ করে অতিথিকক্ষের শোকেইসে সজ্জিত করে রাখেন ড্রইং রুমের আকর্ষণ বাড়াতে। কিন্তু মনের সৌন্দর্য বাড়াতে কষ্ট করে পাঠ করতে আগ্রহী থাকেন খুব কম জনে।

এই 'পটিসম্ভিদামগ্গো' গ্রন্থটি দুঃখমুক্তিকামী যে কোন জনের কাছে সুমহান শিক্ষক, পরম কল্যাণমিত্র এবং পরম বন্ধুরূপে সমাদৃত হওয়ার মতো একটি গ্রন্থ : আশাকরি, তাঁর ভাগ্যে উপরোক্ত হৃদয়হীন আচরণ ঘটবে না। পরম আদরে, পরম যত্নে, পরম শ্রদ্ধা ও তদ্গত চিত্তে গ্রন্থটি পঠিত ও জীবনসঙ্গীরূপে অনুশীলিত হোক এর প্রত্যেকটি বিষয় ও নির্দেশনা– এই কামনা করি।

পরিশেষে পরম কল্যাণমিত্র পূজ্য বনভন্তেকে সকৃতজ্ঞ বন্দনা এবং অনুবাদকমণ্ডলীর বুদ্ধজ্ঞান বিমণ্ডিত নিরোগ দীর্ঘায়ু কামনায় ইতি টানছি।

২৫৫৫ বুদ্ধবর্ষের
শুভ প্রবারণা পূর্ণিমা
২৬ আশ্বিন, ১৪১৮ বঙ্গাব্দ
১১ অক্টোবর ২০১১ খ্রিঃ
রাজবন ভাবনাকেন্দ্র
কাটাছড়ি, রাঙ্গামাটি।

মঙ্গলকামী
ভদন্ত প্রজ্ঞাবংশ মহাস্থবির
অধ্যক্ষ
সুপ্রাচীন বৌদ্ধতীর্থ রাং-উ রাংকূট
রাজারকুল রামু, কক্সবাজার।

Visit: http://www.buddhistdownload.com

নিবেদন

"প্রতিসম্ভিদামার্গ" সূত্রপিটকস্থ খুদ্দক-নিকায়ের দ্বাদশ গ্রন্থ। পণ্ডিতগণের মতে, গ্রন্থটি সূত্রপিটকের অন্তর্গত হলেও মূলত এটি অভিধর্ম শ্রেণীর গ্রন্থ। সম্পূর্ণ পরমার্থ বিষয়ক জ্ঞানই আলোচিত হয়েছে এখানে। তাই সূত্রপিটকস্থ খুদ্দক-নিকায়ের পনেরটি গ্রন্থের মধ্যে "প্রতিসম্ভিদামার্গ" সবচেয়ে দুরূহ, দুর্বোধ্য। সম্ভবত তাই গ্রন্থের শেষে উদানেও বলা হয়েছে– 'অনন্তনয়মগ্গেসু, গম্ভীরো সাগরূপম' অর্থাৎ অনন্ত নয়বর্গে এটি সাগরের ন্যায় গম্ভীর। নিঃসন্দেহে এরূপ বলা সঙ্গত যে, বুদ্ধ বচনের যা মর্মার্থ, তারই সুসমৃদ্ধ বিশ্লেষণ রয়েছে গ্রন্থটিতে।

'প্রতিসম্ভিদা' শব্দের সহজ অর্থ হল বিভাজনীয় জ্ঞান (পালি-বাংলা অভিধান, মহাস্থবির শান্তরক্ষিত)। প্রতিসম্ভিদা চার প্রকার, যথা (১) অর্থ-প্রতিসম্ভিদা (২) ধর্ম-প্রতিসম্ভিদা (৩) নিরুক্তি-প্রতিসম্ভিদা (৪) প্রতিভান-প্রতিসম্ভিদা। এই চার প্রকার প্রতিসম্ভিদা সম্বন্ধে আলোচ্য গ্রন্থে বলা হয়েছে– "অত্থেসু ঞাণং অত্থপটিসম্ভিদা, ধম্মেসু ঞাণং ধম্মপটিসম্ভিদা, নিরুত্তীসু ঞাণং নিরুত্তিপটিসম্ভিদা, পটিভাণেসু ঞাণং পটিভাণপটিসম্ভিদা। অত্থানানত্তে পঞ্ঞা অত্থপটিসম্ভিদা ঞাণং, ধম্মনানত্তে পঞ্ঞা ধম্মপটিসম্ভিদা ঞাণং, নিরুত্তিনানত্তে পঞ্ঞা নিরুত্তিপটিসম্ভিদা ঞাণং, পটিভাণনানত্তে পঞ্ঞা পটিভাণপটিসম্ভিদা ঞাণং।" অর্থসমূহে যে জ্ঞান তা অর্থ-প্রতিসম্ভিদা, ধর্মসমূহে যে জ্ঞান তা ধর্ম-প্রতিসম্ভিদা, নিরুক্তিসমূহে যে জ্ঞান তা নিরুক্তি-প্রতিসম্ভিদা, প্রতিভানসমূহে যে জ্ঞান তা প্রতিভান-প্রতিসম্ভিদা। অর্থ নানাত্বে (নানাভাবে) যে প্রজ্ঞা তা অর্থ-প্রতিসম্ভিদা, ধর্ম নানাত্বে যে প্রজ্ঞা তা ধর্ম-প্রতিসম্ভিদা, নিরুক্তি (ভাষাবিদ্যা সম্বন্ধীয়) নানাত্বে যে প্রজ্ঞা তা নিরুক্তি-প্রতিসম্ভিদা, প্রতিভান (উপস্থিতবুদ্ধি, তীক্ষ্ণবুদ্ধি) নানাত্বে যে প্রজ্ঞা তা প্রতিভান- প্রতিসম্ভিদা।

এই উচ্চতর জ্ঞান সাধারণজনের আয়ত্তের অতীত। শুধু সাধারণজন নয়, সকল অর্হতেরও আয়ত্তের বাইরে। এ জ্ঞানের প্রকৃত অধিকারী হলেন ভগবান সম্যক্‌সম্বুদ্ধ, পচ্চেকবুদ্ধ ও প্রতিসম্ভিদাপ্রাপ্ত অর্হৎগণ। প্রতিসম্ভিদা সম্পর্কে ত্রিপিটকের বহুস্থানে বর্ণনা রয়েছে বটে, কিন্তু প্রতিসম্ভিদামার্গ

Visit: http://www.buddhistdownload.com

গ্রন্থের মতো অন্য কোথাও এতো ব্যাপক বর্ণনা, বিশদ ব্যাখ্যা দেখা যায় না। এখানে কীভাবে সম্যক্‌সম্বুদ্ধ, পচ্চেকবুদ্ধ ও প্রতিসম্ভিদালাভী অর্হৎগণ প্রতিসম্ভিদা নামক উচ্চতর লোকোত্তর জ্ঞানের অধিকারী হতে পারেন, সেসব কথা আলোচিত হয়েছে সবিস্তারে।

প্রতিসম্ভিদামার্গ গ্রন্থটি তিনটি বর্গে বিভক্ত, যেমন– (১) মহাবর্গ, যুগনদ্ধ (যুগপৎ বা যুগ্ম)বর্গ, প্রজ্ঞাবর্গ। প্রত্যেকটি বর্গে দশটি করে অধ্যায় রয়েছে। এসব অধ্যায়ে বুদ্ধধর্মের গূঢ় তত্ত্বমূলক এক একটি বিষয় আলোচিত হয়েছে চমৎকারভাবে। অধিকাংশ বিষয় সবিস্তারে আলোচনা করা হলেও কয়েকটি বিষয়ে সংক্ষিপ্তের ছাপ সুস্পষ্ট। তিনটি বর্গের মধ্যে 'মহাবর্গের' আলোচনাসমূহ তুলনামূলকভাবে বিস্তৃত, ব্যাপক। এটা বলা যুক্তিসঙ্গত যে, প্রথম বর্গটির আকার অত্যন্ত বৃহৎ, দ্বিতীয় বর্গটির আকার মধ্যম, আর তৃতীয় বর্গটির আকার ক্ষুদ্র।

মহাবর্গের আলোচিত বিষয়সমূহ হল– জ্ঞানকথা, দৃষ্টিকথা, আনাপানস্মৃতিকথা, ইন্দ্রিয়কথা, বিমোক্ষকথা, গতিকথা, কর্মকথা, বিপর্যয়কথা, মার্গকথা, মণ্ডপেয়কথা। যুগনদ্ধ বর্গের বিষয়সমূহ হল– যুগনদ্ধ (যুগপৎ বা যুগ্ম)কথা, সত্যকথা, বোধ্যঙ্গকথা, মৈত্রীকথা, বিরাগকথা, প্রতিসম্ভিদাকথা, ধর্মচক্রকথা, লোকোত্তরকথা, বলকথা, শূন্যকথা। প্রজ্ঞাবর্গের প্রতিপাদ্য বিষয়সমূহ হল– মহাপ্রজ্ঞাকথা, ঋদ্ধিকথা, অভিসময়কথা, বিবেককথা, চর্যাকথা, প্রতিহার্যকথা, সমশীর্ষকথা, স্মৃতিপ্রস্থানকথা, বিদর্শনকথা ও মাতিকাকথা।

ইতোপূর্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাচ্যভাষা (পালি সংস্কৃত) বিভাগের প্রফেসার ডঃ জিনবোধি ভিক্ষু মহোদয় তাঁর প্রতিসম্ভিদামার্গের উপর গবেষণাধর্মী প্রকাশনা "বৌদ্ধ দর্শনে প্রজ্ঞাতত্ত্ব ও বিমুক্তিমার্গ" গ্রন্থটি বের করেন। আর রাজবন বিহারে এসে সেই গ্রন্থের কপি পূজ্য বনভন্তের হাতে অর্পণ করেন। পূজ্য বনভন্তে আগ্রহের সাথে সেগ্রন্থ পড়ে দেখে প্রতিসম্ভিদামার্গের পূর্ণাঙ্গ বঙ্গানুবাদের প্রয়োজনীয়তা অনুভব করেন। এ প্রসঙ্গে তিনি শিষ্যদেরকে (আমাদেরকে) ধর্মদেশনা প্রদান করার সময় বলেন– 'তোমাদের মধ্যে যারা পালিভাষা আয়ত্ত করেছ, তারা ত্রিপিটকের অন্যতম গুরুত্বপূর্ণ এ প্রতিসম্ভিদামার্গ গ্রন্থটি বাংলায় অনুবাদ করে ফেল।

Visit: http://www.buddhistdownload.com

পূজ্য ভন্তের সেই আদেশ পেয়ে আমাদের এ প্রয়াস। বলা বাহুল্য, আমরা অনুবাদকগণ সবাই রাজবন ভাবনাকেন্দ্রে অবস্থান করি, তাই পূজ্য ভন্তের সেই আদেশ বাক্যটি আমাদেরকে অবগত করান যথাক্রমে শ্রদ্ধেয় সোরজগত মহাস্থবির ও আনন্দমিত্র স্থবির মহোদয়। সাথে সাথে যতদ্রুত সম্ভব অনুবাদের কাজে হাত দিতে উৎসাহিত করেন। তজ্জন্য আমরা তাদের প্রতি অশেষ কৃতজ্ঞ। জগতপূজ্য অর্হৎ বনভন্তের সেই আদেশ পেয়ে আমরা বিলম্ব না করে প্রতিসম্ভিদামার্গ বাংলায় অনুবাদ করার কাজে দিই। পাঁচজনে যৌথভাবে দু'মাস পর্যন্ত যথাসাধ্য প্রচেষ্টা চালিয়ে মূল অনুবাদের কাজ সমাপ্ত করতে সমর্থ হই। এখানে দু'মাস বলা হলেও, পাচজনের দু'মাস হারে হিসেব করলে সর্বমোট দশমাস সময়ই লেগেছে বলা যায়। এরপর সংশোধনের আনুষঙ্গিক কাজ সমাপ্ত করে নিতে আরো মাসাধিক কাল সময় অতিক্রম হয়। বলে রাখা উচিত, মূল অনুবাদকাজ বর্ষাবাসের আগে সমাপ্ত হলেও একটু বিলম্বে বই আকারে প্রকাশ করতে হল– দুটি কারণে। প্রথমত, 'প্রতিসম্ভিদামার্গ'- এর মূল অনুবাদকাজ শেষ করার সাথে সাথে আমাদের পালি শিক্ষক ও পিটকীয় বহু গ্রন্থের অনুবাদক পণ্ডিতপ্রবর ভদন্ত প্রজ্ঞাবংশ মহাস্থবির মহোদয়ের সাথে 'পারাজিক-অট্ঠকথা' যৌথভাবে অনুবাদের কাজে নিয়োজিত থাকা। দ্বিতীয়ত, মদীয় পরমগুরু লোকোত্তর মহামানব, জগতপূজ্য অর্হৎ পূজ্যষ্পাদ বনভন্তের ৯৩তম শুভ জন্মদিন তিথিতে প্রকাশ করার একান্ত ইচ্ছাতে।

এই অনুবাদের কাজ সমাধা করতে গিয়ে আমরা প্রয়োজনীয়স্থানে শ্রীমৎ জ্যোতিঃপাল মহাস্থবির কৃর্তক অনুবাদিত 'পুগ্গলপঞ্ঞত্তি', শীলানন্দ ব্রহ্মচারী কর্তৃক অনুবাদিত 'সংযুক্ত-নিকায় (১ম ও ২য় খণ্ড)', ড. বেণীমাধব বড়ুয়া কৃর্তক অনুবাদিত 'মহাসতিপট্ঠান সুত্তন্ত', শ্রীমৎ ধর্মপাল মহাস্থবির কর্তৃক রচিত 'সদ্ধর্ম রত্নমালা' এবং ডঃ জিনবোধি ভিক্ষুর গবেষণার নিবন্ধ আলোকে রচিত 'বৌদ্ধ দর্শনে প্রজ্ঞাতত্ত্ব ও বিমুক্তিমার্গ' গ্রন্থ হতে সাহায্য নিয়েছি। এছাড়া কঠিন ও দুর্বোধ্য শব্দগুলোর অর্থ উদ্ধার করতে গিয়ে ভদন্ত শান্তরক্ষিত মহাথের কর্তৃক রচিত 'পালি-বাংলা অভিধান' হতে সাহায্য নিয়েছি সকৃতজ্ঞ হস্তে। তাঁদের সকলের কাছে আমরা অনেকাংশে ঋণী ও সকৃতজ্ঞ। ষষ্ঠ সঙ্গায়নে সংশোধনের মাধ্যমে

Visit: http://www.buddhistdownload.com

বিশোধিত সমগ্র ত্রিপিটকের একটি সফটওয়্যারের মাধ্যমে ঈউ-জড়স এর রূপান্তরিত খুদ্দকনিকায়ে পটিসম্ভিদামগ্গপালি- এর পালি মূল গ্রন্থকে অনুসরণ করেই আমাদের এ অনুবাদকাজ সমাধা হয়েছে। বেশী পাদটীকা বাড়িয়ে গ্রন্থের কলেবর বৃদ্ধি করিনি। যদিও কিছু কিছু ক্ষেত্রে আরো পাদটীকার প্রয়োজন ছিল বলে আমাদেরও অভিমত। একই কারণে গ্রন্থের শেষে নাম-সূচি এবং শব্দ-সূচিও যোগ করা হয়নি। অনুবাদকাজে অনুবাদকের দায়িত্ব অনেক। আমরা সে কাজে সফল একথা দাবী করার ধৃষ্টতা আমাদের নেই। তবে আমরা চেষ্টা করেছি, পালিমূলের সাথে বাংলাভাষার উপযোগিতা বিচার করে অনুবাদকাজ চালিয়ে নিতে। তাই অনুবাদে পালি মূলের অর্থ ও শব্দ যথাসম্ভব অক্ষুণ্ন রেখে সরলভাবে অনুবাদের দিকে নজর রেখেছি। আর যাতে আমাদের ত্রুটিতে বুদ্ধবচন কোন অংশে বিকৃত না হয় তৎবিষয়েও সতর্ক থাকতে হয়েছে। বলতে দ্বিধা নেই, উপরোক্ত বিষয় দু'টির কারণে সর্বক্ষেত্রে সহজ, সরজ বাক্য প্রয়োগ করে সকল শ্রেণীর পাঠকের কাছে আকর্ষণীয় ও সুখপাঠ্য করে অনুবাদকাজ সমাধা করা সত্যিই কঠিন এবং দুষ্কর। আমরাও সেই কঠিন বাস্তবতার সম্মুখিন হয়েছি। অন্যদিকে আমাদের অভিজ্ঞতার ভাণ্ডার এখনো অত্যন্ত দরিদ্র। তবে আমরা যথাসাধ্য চেষ্টা চালিয়ে গিয়েছি একটা মোটামুটি পর্যায়ের মান বজায় রেখে অনুবাদকাজ সমাধা করতে। সকল শ্রেণীর পাঠকের কাছে গ্রহণযোগ্য অনুবাদকাজ সমাধা করা সম্ভব হয়েছে বলে আমরা দাবী করছি না। অনুবাদকাজে কতটুকু সফল হয়েছি তা বিজ্ঞ পাঠক বিবেচনা করবেন এবং আমাদের দুর্বলতার দিকগুলো উদার্য-চিত্তে ক্ষমা-সুন্দর দৃষ্টিতে গ্রহণ করবেন।

বরাবরের মত অত্র গ্রন্থেও পিটকীয় বহু গ্রন্থের অনুবাদক, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বৌদ্ধপণ্ডিত, আমাদের পালি শিক্ষাদাতা ভদন্ত প্রজ্ঞাবংশ মহাস্থবির মহোদয় তাঁর শতব্যস্ততার মাঝেও পাণ্ডিত্যপূর্ণ, সারগর্ভ ভূমিকা লিখে দিয়ে আমাদেরকে অশেষ কৃতার্থ করেছেন। তাঁর লিখিত জ্ঞানগর্ভ ভূমিকা গ্রন্থের শোভাবর্ধন ও গাম্ভীরতা বাড়িয়েছে বহুগুণে। অন্যদিকে ভদন্ত মহোদয় আরো মহানুভবতার পরিচয় দিয়েছেন- গ্রন্থের প্রয়োজনীয়স্থানে তাঁর দক্ষহাতের কলম টুকে দিয়ে। এমনকি

Visit: http://www.buddhistdownload.com

পদ্যাংশের অংশটি অর্ধেক-এর বেশী গাথা তিনি নিজেই লিখে দিয়েছেন। তজ্জন্য আমরা ভদন্তকে বিনম্র শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। তিনি আমাদেরকে সত্যিই অশেষ ঋণী করেছেন।

এ "প্রতিসম্ভিদামার্গ (বাংলা অনুবাদ)" গ্রন্থটি প্রকাশের সম্পূর্ণ অর্থ দান করার মাধ্যমে 'সব্বদানং ধম্মদানং জিনাতি' এ সুযোগটি গ্রহণ করেছেন পূজ্য বনভন্তের অন্যতম স্বনামধন্য শিষ্য শ্রীমৎ ধর্মতিষ্য স্থবির মহোদয়। আমরা তার আশু নির্বাণ শান্তি লাভ করার প্রার্থনা করে দিতেছি- ভগবান বুদ্ধ ও অর্হৎ পূজ্য বনভন্তের সকাশে।

কম্পিউটার কম্পোজের মত শ্রম ও কষ্টসাধ্য কাজ করে দেয়ার জন্য আমরা কৃতজ্ঞ শ্রীমৎ করুণাময় ভিক্ষু মহোদয়ের কাছে। এ গ্রন্থের জন্য তিনি যে অসাধ্য ধৈর্য ও শ্রম স্বীকার করেছেন তা সত্যিই প্রশংসা পাবার যোগ্য। তার নিকট হতে এরূপ ন্যায়নিষ্ঠ সহযোগিতা না পেলে স্বল্প সময়ের মধ্যে গ্রন্থটি প্রকাশ করতে পারতাম না কখনো। এ প্রসঙ্গে ভদন্ত ধর্মদীপ ভিক্ষু মহোদয়ের নামও স্মরণ করতে হয়। অন্যদিকে, মুদ্রণের ব্যাপারে যিনি অক্লান্ত পরিশ্রম করে সহযোগিতা করেছেন তিনি হলেন ভদন্ত সৌরজগত মহাস্থবির মহোদয়। তজ্জন্য আমরা প্রত্যেকের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি।

নিবেদক

অনুবাদকবৃন্দ

Visit: http://www.buddhistdownload.com

নমো ত্রিরত্নায়

বুদ্ধ, ধর্ম, সংঘ, আটশ বুদ্ধ, পচ্চেক বুদ্ধ, সীবলী, উপগুপ্ত, শ্রদ্ধেয় বনভান্তের আশীর্বাদে দেব-মনুষ্য তথা বিশ্বের সকল প্রাণী হিত সুখ মঙ্গলের জন্য বুদ্ধ শাসন দিন দিন উত্তরোত্তর উন্নতি শ্রীবৃদ্ধি রক্ষা ও প্রচারের জন্য ভারত ও বাংলাদেশের শ্রদ্ধাবান উপাসক-উপাসিকা, দায়ক-দায়িকাদের কায়িক-বাচনিক-মানসিক আর্থিক সহযোগিতায় শ্রদ্ধেয় ইন্দ্রগুপ্ত ভান্তের পালি থেকে বাংলায় অনুদিত **প্রতিসম্ভিদা মার্গ** বইটি ১০০০ কপি ছাপানোর অনুমোদন পেয়ে কৃতজ্ঞতা প্রকাশ করছি।

প্রতিসম্ভিদা মার্গ বইটি ছাপানোর পুণ্যের প্রভাবে আমাদের সকলের সম্যক দৃষ্টি জ্ঞান, আসবক্ষয় জ্ঞান, চারি আর্য সত্য জ্ঞান এবং ধর্ম চক্ষু, ধর্ম জ্ঞান, ধর্ম বোধ উদয় হয়ে অন্তিমে নির্বাণ লাভ হোক এ প্রার্থনায়।

ইতি
ধর্মতিষ্য স্থবির

Visit: http://www.buddhistdownload.com

সূচিপত্র

১। মহাবর্গ

বিষয়বস্তুর সংক্ষিপ্ত বর্ণনা----------০১

১। জ্ঞানকথা

১। শ্রুতময় জ্ঞান বর্ণনা----------০৫
২। শীলময় জ্ঞান বর্ণনা----------৪৩
৩। সমাধিভাবনাময় জ্ঞান বর্ণনা ----------৪৯
৪। ধর্মস্থিতি জ্ঞান বর্ণনা----------৫১
৫। সংমর্শন জ্ঞান বর্ণনা ----------৫৪
৬। উদয়-ব্যয় জ্ঞান বর্ণনা ----------৫৬
৭। ভঙ্গানুদর্শন জ্ঞান বর্ণনা----------৫৭
৮। আদীনব জ্ঞান বর্ণনা ----------৫৯
৯। সংস্কারোপেক্ষা জ্ঞান বর্ণনা ----------৬৩
১০। গোত্রভূ জ্ঞান বর্ণনা----------৬৯
১১। মার্গজ্ঞান বর্ণনা ----------৭৫
১২। ফলজ্ঞান বর্ণনা ----------৭৭
১৩। বিমুক্তিজ্ঞান বর্ণনা----------৭৯
১৪। প্রত্যবেক্ষণজ্ঞান বর্ণনা ----------৮০
১৫। বস্তু নানাত্ব জ্ঞান বর্ণনা ----------৮২
১৬। গোচর নানাত্ব জ্ঞান বর্ণনা ----------৮৩
১৭। চর্যা নানাত্ব জ্ঞান বর্ণনা ----------৮৪
১৮। ভূমি নানাত্ব জ্ঞান বর্ণনা----------৮৯
১৯। ধর্ম নানাত্ব জ্ঞান বর্ণনা----------৯০
২০-২৪। জ্ঞানপঞ্চক বর্ণনা ----------৯৩
২৫-২৮। প্রতিসম্ভিদা জ্ঞান বর্ণনা ----------৯৩
২৯-৩১। জ্ঞান ত্রয় বর্ণনা ----------৯৭
৩২। আনন্তরিক সমাধি বর্ণনা ----------৯৯
৩৩। অরণ বিহার জ্ঞান বর্ণনা ---------- ১০২

Visit: http://www.buddhistdownload.com

৩৪। নিরোধ সমাপত্তি জ্ঞান বর্ণনা---------- ১০৪
৩৫। পরিনির্বাণ জ্ঞান বর্ণনা ---------- ১০৭
৩৬। সমশীর্ষার্থ জ্ঞান বর্ণনা ---------- ১০৮
৩৭। সল্লেখার্থ জ্ঞান বর্ণনা ----------১১০
৩৮। বীর্যারম্ভ জ্ঞান বর্ণনা ----------১১১
৩৯। অর্থ-সন্দর্শন জ্ঞান বর্ণনা ----------১১২
৪০। দর্শন-বিশুদ্ধি জ্ঞান বর্ণনা----------১১৪
৪১। ক্ষান্তি জ্ঞান বর্ণনা ----------১১৫
৪২। পরিয়োগাহন তথা অনুসন্ধান জ্ঞান বর্ণনা ----------১১৬
৪৩। প্রদেশ বিহার জ্ঞান বর্ণনা ----------১১৭
৪৪-৪৯। ছয় প্রকার বিবর্তন জ্ঞান বর্ণনা ----------১১৮
৫০। বিবিধ ঋদ্ধি জ্ঞান ---------- ১২৪
৫১। শ্রোত্রধাতু বিশুদ্ধি-জ্ঞান বর্ণনা ---------- ১২৫
৫২। চিত্ত-পর্যায় জ্ঞান বর্ণনা ---------- ১২৫
৫৩। পূর্বনিবাসানুস্মৃতি জ্ঞান বর্ণনা ---------- ১২৬
৫৪। দিব্যচক্ষু জ্ঞান বর্ণনা ---------- ১২৭
৫৪। আস্রবক্ষয় জ্ঞান বর্ণনা ---------- ১২৯
৫৬-৬৩। চারি সত্য জ্ঞান বর্ণনা ---------- ১৩০
৬৪-৬৭। শুদ্ধিক প্রতিসম্ভিদা জ্ঞান বর্ণনা ----------১৩১
৬৮। ইন্দ্রিয়-পরাপরতা জ্ঞান বর্ণনা---------- ১৩৩
৬৯। আশয়ানুশয় জ্ঞান বর্ণনা---------- ১৩৫
৭০। যমক প্রতিহার্য জ্ঞান বর্ণনা ---------- ১৩৭
৭১। মহাকরুণা জ্ঞান বর্ণনা ---------- ১৩৯
৭২-৭৩। সর্বজ্ঞতা জ্ঞান বর্ণনা ---------- ১৪২
২। দৃষ্টিকথা ---------- ১৪৭
১. আস্বাদদৃষ্টি বর্ণনা----------১৫১
২। আত্মানুদৃষ্টি বর্ণনা ---------- ১৫৩
৩। মিথ্যাদৃষ্টি বর্ণনা ---------- ১৬৭
৪। সৎকায়দৃষ্টি বর্ণনা ---------- ১৬৮

Visit: http://www.buddhistdownload.com

৫। শাশ্বতদৃষ্টি বর্ণনা ---------- ১৬৯
৬। উচ্ছেদদৃষ্টি বর্ণনা ---------- ১৭০
৭। অন্তগ্রাহিকা দৃষ্টি বর্ণনা ---------- ১৭৪
৮। পূর্বান্তানুদৃষ্টি বর্ণনা ---------- ১৮০
৯। অপরন্তানুদৃষ্টি বর্ণনা ---------- ১৮০
১০-১২। সংযোজনিকদৃষ্টি বর্ণনা ---------- ১৮১
১৩। আত্মবাদ সংযুক্তদৃষ্টি বর্ণনা ---------- ১৮২
১৪। লোকবাদ সংযুক্তদৃষ্টি বর্ণনা ---------- ১৮৬
১৫-১৬। ভব-বিভদৃষ্টি বর্ণনা ---------- ১৮৭

৩। আনাপান স্মৃতি কথা

১। গণনা পরিচ্ছেদ ---------- ১৯৩
২। যোল প্রকার জ্ঞান বর্ণনা ---------- ১৯৪
৩। উপক্লেশ জ্ঞান বর্ণনা
প্রথম ষষ্ঠক ---------- ১৯৫
দ্বিতীয় ষষ্ঠক ---------- ১৯৬
তৃতীয় ষষ্ঠক ---------- ১৯৭
৪। পরিশুদ্ধ জ্ঞান বর্ণনা ---------- ১৯৮
৫। স্মৃতি জ্ঞান বর্ণনা ---------- ২০৫
প্রথম চতুষ্ক বর্ণনা ---------- ২০৭
দ্বিতীয় চতুষ্ক বর্ণনা ---------- ২১৬
তৃতীয় চতুষ্ক বর্ণনা ---------- ২২০
চতুর্থ চতুষ্ক বর্ণনা ---------- ২২৩
৬। জ্ঞানরাশি ষষ্ঠক বর্ণনা ---------- ২২৬

৪। ইন্দ্রিয় কথা

১। প্রথম সূত্রন্ত বর্ণনা ---------- ২২৮

Visit: http://www.buddhistdownload.com

২। দ্বিতীয় সূত্রন্ত বর্ণনা

শ্রাবস্তী নিদানঃ ---------- ২৩০
(ক) আস্বাদ বর্ণনা ---------- ২৩৪
(খ) আদীনব বর্ণনা ---------- ২৩৫
(গ) নিঃসরণ বর্ণনা ---------- ২৩৬
৩। তৃতীয় সূত্রন্ত বর্ণনা
শ্রাবস্তী নিদানঃ ---------- ২৪০
(ক) প্রভেদ গণনা বর্ণনা ---------- ২৪০
(খ) চর্যা পরিচ্ছেদ ---------- ২৪২
(গ) চার বিহার বর্ণনা ---------- ২৪৪

৪। চতুর্থ সূত্রন্ত বর্ণনা

পূর্ববৎ নিদান ---------- ২৪৬
(ক) আধিপত্যার্থ বর্ণনা ---------- ২৪৬
(খ) আদি বিশোধনার্থ বর্ণনা ---------- ২৪৮
(গ) অভিবৃদ্ধি অর্থে (অধিমত্তট্ঠ) বর্ণনা ---------- ২৪৯
(ঘ) অধিষ্ঠানার্থ বর্ণনা ---------- ২৫২
(ঙ) পরিসমাপ্তির অর্থ বর্ণনা ---------- ২৫২
(চ) প্রতিষ্ঠাপকার্থ বর্ণনা ---------- ২৫৩
৫। ইন্দ্রিয় সংযুক্ত ---------- ২৫৪

৫। বিমোক্ষ কথা

১। বর্ণনা ---------- ২৬৪
২। নিরূপন ---------- ২৬৫
৬। গতি কথা ---------- ২৯৯
৭। কর্ম কথা ---------- ৩০৩
৮। বিপর্যয় কথা ---------- ৩০৯
৯। মার্গ কথা ---------- ৩১০
১০। মগুপেয়্য কথা। ---------- ৩১৫
২। যুগনদ্ধ বর্গ
যুগনদ্ধ কথা। ---------- ৩২১

Visit: http://www.buddhistdownload.com

১। সূত্রান্ত বর্ণনা ---------- ৩২২
২। ধর্মৌদ্ধত্য পর্যায় বর্ণনা ---------- ৩৩২
২। সত্য কথা ---------- ৩৩৩
১। প্রথম সূত্রান্ত বর্ণনা ---------- ৩৩৪
২। দ্বিতীয় সূত্রান্ত ---------- ৩৩৮
৩। দ্বিতীয় সূত্রান্ত বর্ণনা ---------- ৩৩৯
৩। বোধ্যঙ্গ কথা ---------- ৩৪২
মূল মূলকাদি দশক ---------- ৩৪৩
সূত্রান্ত (মূলকথা) বর্ণনা ---------- ৩৫৫
৪। মৈত্রী কথা ---------- ৩৫৬
১। ইন্দ্রিয় পরিচ্ছেদ ---------- ৩৫৮
২। বল পরিচ্ছেদ ---------- ৩৫৯
৪। মার্গাঙ্গ পরিচ্ছেদ ---------- ৩৬০
৫। বিরাগ কথা ---------- ৩৬৪

৬। প্রতিসম্ভিদা কথা

১। ধর্মচক্র প্রবর্তন পরিচ্ছেদ ---------- ৩৬৯
২। স্মৃতিপ্রস্থান পরিচ্ছেদ ---------- ৩৭৬
৩। ঋদ্ধিপাদ পরিচ্ছেদ ---------- ৩৭৮
৪। সপ্ত বোধিসত্ত্ব পরিচ্ছেদ ---------- ৩৮০
৫। অভিজ্ঞাদি পরিচ্ছেদ ---------- ৩৮১
৬। স্কন্ধাদি পরিচ্ছেদ ---------- ৩৮২
৭। সত্য পরিচ্ছেদ ---------- ৩৮৩
৮। প্রতিসম্ভিদা পরিচ্ছেদ ---------- ৩৮৪
৯। ছয় বুদ্ধ-ধর্ম পরিচ্ছেদ ---------- ৩৮৫

৭। ধর্মচক্র কথা

১। সত্য পরিচ্ছেদ ---------- ৩৮৬
২। স্মৃতিপ্রস্থান পরিচ্ছেদ ---------- ৩৯৩
৩। ঋদ্ধিপাদ পরিচ্ছেদ ---------- ৩৯৫
৮। লোকোত্তর কথা ---------- ৩৯৭

Visit: http://www.buddhistdownload.com

৯। বল কথা ---------- ৩৯৯
১০। শূন্য কথা ---------- ৪১৪
১। মাতিকা ---------- ৪১৫
২। বর্ণনা ---------- ৪১৬

৩। প্রজ্ঞাবর্গ

১। মহাপ্রজ্ঞা কথা ---------- ৪২২
১। ষোল প্রকার প্রজ্ঞা বর্ণনা ---------- ৪৩০
২। পুদ্গল প্রভেদ বর্ণনা ---------- ৪৪২
২। ঋদ্ধি কথা ---------- ৪৪৪
দশবিধ ঋদ্ধি বর্ণনা ---------- ৪৪৫
৩। অভিসময় কথা ---------- ৪৫৩
৪। বিবেক কথা ---------- ৪৫৭
১। মার্গাঙ্গ বর্ণনা ---------- ৪৫৮
২। ইন্দ্রিয় বর্ণনা ---------- ৪৬২
৫। চর্যা কথা ---------- ৪৬৩
৬। প্রতিহার্য কথা ---------- ৪৬৪
৭। সমশীর্ষ কথা ---------- ৪৬৮
৮। স্মৃতিপ্রস্থান কথা ---------- ৪৭০
৯। বিদর্শন কথা ---------- ৪৭২
১০। মাতিকা কথা ---------- ৪৭৯

Visit: http://www.buddhistdownload.com

নমো তস্স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্স।

খুদ্দক নিকায়ে

প্রতিসম্ভিদামার্গ

১। মহাবর্গ

বিষয়বস্তুর সংক্ষিপ্ত বর্ণনা

১। শ্রুতি অবধানে যে প্রজ্ঞা, তা হল শ্রুতিময় জ্ঞান।

২। শ্রুতিময় জ্ঞান লাভের পর সংযমতা অবলম্বনে যে প্রজ্ঞা, তা হল শীলময় জ্ঞান।

৩। সংযমিত হয়ে মন স্থিরকরণে যে প্রজ্ঞা, তা হল সমাধি ভাবনাময় জ্ঞান।

৪। প্রত্যয় বা অবলম্বন গ্রহণের পরিগ্রহে যে প্রজ্ঞা, তা হল ধর্মস্থিতি জ্ঞান।

৫। অতীত, অনাগত ও বর্তমান (সংস্কারজাত) ধর্মসমূহ একত্রে গ্রহণ পূর্বক পুনঃপুন বিচারে যে প্রজ্ঞা, তা হল সংমর্শন জ্ঞান।

৬। বর্তমান (নামরূপ) ধর্মের পরিবর্তনশীলতা দর্শনে যে প্রজ্ঞা তা হল উদয়-বিলয় দর্শন জ্ঞান।

৭। আরম্মণে অভিনিবিষ্ট হয়ে বিশেষভাবে দর্শনে যে প্রজ্ঞা, তা হল ভঙ্গানুদর্শন জ্ঞান।

৮। ভয় দর্শনে যে প্রজ্ঞা, তা হল আদীনব জ্ঞান।

৯। মুক্তির ইচ্ছায় আকাঙ্খিত হয়ে মুক্তির উপায় উদ্ভাবনে যে প্রজ্ঞা, তা হল সংস্কারোপেক্ষা জ্ঞান।

১০। বাহ্যিক উত্থান বিবর্তনে যে প্রজ্ঞা, তা হল গোত্রভূ জ্ঞান।

১১। আধ্যাত্মিক-বাহ্যিক উভয় ক্ষেত্রে উত্থান এবং বিবর্তনে যে প্রজ্ঞা, তা হল মার্গ জ্ঞান।

১২। উপশম অধিগতে যে প্রজ্ঞা, তা হল ফল জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

১৩। ছিন্ন সংসারাবর্ত দর্শনে যে প্রজ্ঞা, তা হল বিমুক্তি জ্ঞান।

১৪। তৎমুহূর্তে সমুৎপন্ন ধর্ম পর্যবেক্ষণে যে প্রজ্ঞা, তা- হল প্রত্যবেক্ষণ জ্ঞান।

১৫। আধ্যাত্মিক বিশ্লেষণে যে প্রজ্ঞা, তা হল বস্তুনানাত্ব জ্ঞান।

১৬। বাহ্যিক বিশ্লেষণে যে প্রজ্ঞা, তা হল গোচরনানাত্ব জ্ঞান।

১৭। চর্যা বিশ্লেষণে যে প্রজ্ঞা, তা হল চর্যানানাত্ব জ্ঞান।

১৮। চতুর্ধর্ম বিশ্লেষণে যে প্রজ্ঞা, তা হল ভূমিনানাত্ব জ্ঞান।

১৯। নবধর্ম বিশ্লেষণে যে প্রজ্ঞা, তা হল ধর্মনানাত্ব জ্ঞান।

২০। অভিজ্ঞাতে যে প্রজ্ঞা, তা হল জ্ঞাতার্থ জ্ঞান।

২১। পরিজ্ঞাতে যে প্রজ্ঞা, তা হল সত্য নির্ধারণার্থ জ্ঞান।

২২। প্রহীনে যে প্রজ্ঞা, তা হল পরিত্যাগার্থ জ্ঞান।

২৩। ভাবনায় যে প্রজ্ঞা, তা হল একরসার্থ জ্ঞান।

২৪। (ধর্ম) সাক্ষাৎকরণে যে প্রজ্ঞা, তা হল স্পর্শনার্থে (প্রজ্ঞা স্পর্শনার্থ) জ্ঞান।

২৫। অর্থ নানাত্বে যে প্রজ্ঞা, তা হল অর্থ প্রতিসম্ভিদা জ্ঞান।

২৬। ধর্ম নানাত্বে যে প্রজ্ঞা, তা হল ধর্ম প্রতিসম্ভিদা জ্ঞান।

২৭। নিরুক্ত নানাত্বে যে প্রজ্ঞা, তা হল নিরুক্তি প্রতিসম্ভিদা জ্ঞান।

২৮। প্রতিভান নানাত্বে যে প্রজ্ঞা, তা হল প্রতিভান প্রতিসম্ভিদা জ্ঞান।

২৯। বিহার তথা অবস্থান সংশ্লিষ্ট নানাত্বে যে প্রজ্ঞা, তা হল বিহারার্থ জ্ঞান।

৩০। সমাপত্তি তথা ধ্যানজ সুখময় অবস্থা সংশ্লিষ্ট নানাত্বে যে প্রজ্ঞা, তা হল সমাপত্যার্থ জ্ঞান।

৩১। বিহার সমাপত্তি নানাত্বে যে প্রজ্ঞা, তা হল বিহার সমাপত্যার্থ জ্ঞান।

৩২। অবিক্ষেপ পরিশুদ্ধি হেতু আস্রব সমুচ্ছেদে যে প্রজ্ঞা, তা হল আনন্তরিক সমাধি জ্ঞান।

৩৩। দর্শন আধিপত্যয়, শান্ত অবস্থা তথা বিহার অধিগম এবং উত্তম অধিমুক্ততায় যে প্রজ্ঞা, তা হল নির্জনবাসী অবস্থা তথা অরণবিহার জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

৩৪। শমথ-বিদর্শন এই দুই শক্তিসংযুক্ত, তিন প্রকার সংস্কার উপশম, ষোল প্রকার জ্ঞানচর্যা এবং নয় প্রকার সমাধিচর্যায় যে বশীভূত প্রজ্ঞা, তা হল নিরোধ সমাপত্তি জ্ঞান।

৩৫। সম্প্রজ্ঞানে ভবচক্র (পুনর্জন্ম) সমাপ্ত করণে যে প্রজ্ঞা, তা হল পরিনির্বাণ জ্ঞান।

৩৬। সব ধর্ম সমুদয়ের সম্যক সমুচ্ছেদ এবং নিরোধে অনুপ্রস্থানার্থক যে প্রজ্ঞা, তা হল সমশীর্ষার্থ জ্ঞান।

৩৭। বিবিধ নানাত্ব তেজশক্তি সমাপ্ত করণার্থে যে প্রজ্ঞা, তা হল সল্লেখার্থ জ্ঞান।

৩৮। জড়তা বিহীন, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে যে প্রজ্ঞা, তা হল বীর্যারম্ভ জ্ঞান।

৩৯। নানাধর্ম প্রকাশার্থে যে প্রজ্ঞা, তা হল অর্থ সন্দর্শন জ্ঞান।

৪০। সংস্কৃত ও অসংস্কৃত ভেদে সবধর্ম পরিচিহ্নিত করে একত্রে সংগৃহীত নানাত্ব-একাত্ব প্রতিবেধার্থে যে প্রজ্ঞা, তা হল দর্শন বিশুদ্ধি জ্ঞান।

৪১। বিদিতার্থে যে প্রজ্ঞা, তা হল ক্ষান্তি জ্ঞান।

৪২। স্পর্শার্থে যে প্রজ্ঞা, তা হল পরিয়োগাহণ তথা অনুসন্ধান জ্ঞান।

৪৩। তত্ত্ববধানে যে প্রজ্ঞা, তা হল প্রদেশ বিহার জ্ঞান।

৪৪। বহুল প্রবর্তিত যে প্রজ্ঞা, তা হল সংজ্ঞা বিবর্তন জ্ঞান।

৪৫। নানার্থে যে প্রজ্ঞা, তা হল চেতো বিবর্তন জ্ঞান।

৪৬। অধিষ্ঠানে যে প্রজ্ঞা, তা হল চিত্ত বির্বতন জ্ঞান।

৪৭। শূন্যতায় যে প্রজ্ঞা, তা হল জ্ঞান বিবর্তন জ্ঞান।

৪৮। বিসর্জনজাত যে প্রজ্ঞা, তা হল বিমোক্ষ জ্ঞান।

৪৯। যথার্থ বা অবিপরীতার্থ যে প্রজ্ঞা, তা হল সত্য বিবর্তন জ্ঞান।

৫০। অধিষ্ঠানবশে কায়, চিত্তের সুখ ও লঘুসংজ্ঞা একস্থানে স্থিরকরণ, সমৃদ্ধি অর্থে যে প্রজ্ঞা, তা হল বিবিধ ঋদ্ধি জ্ঞান।

৫১। বিতর্ক বিস্তারবশে নানাত্ব-একাত্ব শব্দনিমিত্ত পরিগ্রহণে যে প্রজ্ঞা, তা শ্রোতাধাতু বিশুদ্ধি জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

৫২। ইন্দ্রিয়সমূহের প্রসাদবশে ত্রিবিধি চিত্তের বিস্তারত্ব ও নানাত্ব-একাত্ব চিত্তের স্বভাব পরিগ্রহণে যে প্রজ্ঞা, তা হল চেতোপর্যায় জ্ঞান।

৫৩। নানাত্ব-একাত্ব কর্ম বিস্তারবশে প্রত্যয় উৎপত্তির ধর্মসমূহ পরিগ্রহণে যে প্রজ্ঞা, তা হল পূর্বনিবাসানুস্মৃতি জ্ঞান।

৫৪। জ্ঞানালোক বশে নানাত্ব-একাত্ব রূপনিমিত্তসমূহ দর্শনার্থে যে প্রজ্ঞা, তা হল দিব্যচক্ষু জ্ঞান।

৫৫। চৌষট্টি প্রকারে ইন্দ্রিয়ত্রয়ের বশীভাবতায় যে প্রজ্ঞা, তা হল আস্রবক্ষয় জ্ঞান।

৫৬। পরিজ্ঞানার্থে যে প্রজ্ঞা, তা হল দুঃখ জ্ঞান।

৫৭। পরিত্যাগার্থে যে প্রজ্ঞা, তা হল সমুদয় জ্ঞান।

৫৮। সাক্ষাৎকরণার্থে যে প্রজ্ঞা, তা হল নিরোধ জ্ঞান।

৫৯। ভাবনার্থে যে প্রজ্ঞা, তা হল মার্গ জ্ঞান।

৬০। দুঃখ জ্ঞান।

৬১। দুঃখ সমুদয় জ্ঞান।

৬২। দুঃখ নিরোধ জ্ঞান।

৬৩। দুঃখ নিরোধগামিনী প্রতিপদা জ্ঞান।

৬৪। অর্থ প্রতিসম্ভিদা জ্ঞান।

৬৫। ধর্ম প্রতিসম্ভিদা জ্ঞান।

৬৬। নিরুক্তি প্রতিসম্ভিদা জ্ঞান।

৬৭। প্রতিভান প্রতিসম্ভিদা জ্ঞান।

৬৮। সত্ত্বগণের ইন্দ্রিয় পরাপরতা বা চিত্তাচারে জ্ঞান।

৬৯। সত্ত্বগণের অভিলাষ অনুধাবণে জ্ঞান।

৭০। যমক প্রতিহার্য জ্ঞান।

৭১। মহাকারুণা সমাপত্তি জ্ঞান।

৭২। সর্বজ্ঞতা জ্ঞান।

৭৩। অনাবরণ জ্ঞান।

এগুলো-ই হল ৭৩ প্রকার জ্ঞান। এই তিয়াত্তর প্রকার জ্ঞানের মধ্যে সাতষট্টি প্রকার জ্ঞান সাধারণ অর্থাৎ শ্রাবকগণের এবং বুদ্ধগণের লাভ হয়ে

Visit: http://www.buddhistdownload.com

থাকে; বাকী ছয় প্রকার জ্ঞান অসাধারণ তথা কেবলমাত্র বুদ্ধগণের লাভ হয়ে থাকে।

১। জ্ঞানকথা

১। শ্রুতময় জ্ঞান বর্ণনা

১। কিরূপে শ্রুতি অবধান জনিত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান হয়?

"এসব ধর্ম অভিজ্ঞেয়", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এসব ধর্ম পরিজ্ঞেয়", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এসব ধর্ম পরিহারতব্য", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এসব ধর্ম ভাবিতব্য", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এসব ধর্ম অভিজ্ঞাতব্য", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এসব ধর্ম উপসভাগীয়", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এসব ধর্ম স্থিতিভাগীয়", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এসব ধর্ম বিশেষভাগীয়", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এসব ধর্ম নির্বেদভাগীয়", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এসব ধর্ম অনিত্যভাগীয়", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "সব সংস্কার দুঃখ", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "সব ধর্ম অনাত্ম", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এটা দুঃখ আর্যসত্য", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

"এটা দুঃখ সমুদয় আর্যসত্য", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এটা দুঃখ নিরোধ আর্যসত্য", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান। "এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান।

২। "এসব ধর্ম অভিজ্ঞেয়", তা শ্রুতি দ্বারা বুঝতে পারা, তাকে বিশেষভাবে জানাজনিত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান কিরূপ? এক ধর্ম অভিজ্ঞেয়– সকল সত্ত্ব আহারের দ্বারা জীবিত থাকে। দুই ধর্মে অভিজ্ঞেয়– [১]দুই প্রকার ধাতু। তিন ধর্মে অভিজ্ঞেয়– [২]তিন প্রকার ধাতু। চার ধর্মে অভিজ্ঞেয়– চারি আর্যসত্য। পাঁচ ধর্মে অভিজ্ঞেয়– [৩]পঞ্চ বিমুক্ত আয়তন বা সুযোগ। ছয় ধর্ম অভিজ্ঞেয়– [৪]ছয় (বিমুক্তি সম্বন্ধে) শ্রেষ্ঠতা। সাত ধর্মে অভিজ্ঞেয়– সাত নিদ্দেশ বত্থু বা বিষয়। আট ধর্মে অভিজ্ঞেয়– আট প্রকার অধিপতির স্থান। নয় ধর্মে অভিজ্ঞেয়– নয় প্রকার আনুপূর্বিক অবস্থান। দশ ধর্মে অভিজ্ঞেয়– দশ প্রকার অক্ষয় বাত্থু বা বিষয়।

৩। হে ভিক্ষুগণ! সবই অভিজ্ঞেয়। সব অভিজ্ঞেয় কি? ভিক্ষুগণ! চক্ষু অভিজ্ঞেয়, রূপ অভিজ্ঞেয়, চক্ষু-বিজ্ঞান অভিজ্ঞেয়, চক্ষু-সংস্পর্শ অভিজ্ঞেয়, চক্ষু সংস্পর্শের কারণে উৎপন্ন যেসব সুখ, দুঃখ, সুখ-দুঃখহীন অনুভূতি তা-ও অভিজ্ঞেয়। শ্রোত্র অভিজ্ঞেয়, শব্দ অভিজ্ঞেয়, শ্রোত্র-বিজ্ঞান অভিজ্ঞেয়, শ্রোত্র-সংস্পর্শ অভিজ্ঞেয়, শ্রোত্রসংস্পর্শের কারণে উৎপন্ন যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা-ও অভিজ্ঞেয়। ঘ্রাণ অভিজ্ঞেয়,

---

[১]। লোকধাতু, নির্বাণধাতু।

[২]। কামধাতু, রূপধাতু, অরূপধাতু।

[৩]। পঞ্চবিধ মুক্তির সুযোগ, যথা– (১) ধর্ম শ্রবণ (২) ধর্মদান (৩) ধর্ম বিষয় আবৃত্তি (৪) ধর্ম বিষয় চিন্তা বা ভাবনা (৫) ধর্ম বিষয়ে জ্ঞান।

[৪]। ষড়বিধ শ্রেষ্ঠতা (১) দর্শন সম্বন্ধে শ্রেষ্ঠতা, (২) শ্রবণ বা শ্রুতি সম্বন্ধে শ্রেষ্ঠতা, (৩) লাভ সম্বন্ধে শ্রেষ্ঠতা, (৪) শিক্ষা সম্বন্ধে শ্রেষ্ঠতা, (৫) পরিচর্যা সম্বন্ধে শ্রেষ্ঠতা, (৬) স্মৃতি সম্বন্ধে শ্রেষ্ঠতা।

Visit: http://www.buddhistdownload.com

গন্ধ অভিজ্ঞেয়, ঘ্রাণ-বিজ্ঞান অভিজ্ঞেয়, ঘ্রাণ-সংস্পর্শ অভিজ্ঞেয়, ঘ্রাণ সংস্পর্শের কারণে উৎপন্ন যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা-ও অভিজ্ঞেয়। জিহ্বা অভিজ্ঞেয়, রস অভিজ্ঞেয় জিহ্বা-বিজ্ঞান অভিজ্ঞেয়, জিহ্বা সংস্পর্শ অভিজ্ঞেয়, জিহ্বা সংস্পর্শে কারণে উৎপন্ন যেসব সুখ-দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা-ও অভিজ্ঞেয়। কায় অভিজ্ঞেয়, স্পর্শ অভিজ্ঞেয়, কায়-বিজ্ঞান অভিজ্ঞেয়, কায়-সংস্পর্শ অভিজ্ঞেয়, কায় সংস্পর্শের কারণে যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা-ও অভিজ্ঞেয়। মন অভিজ্ঞেয়, ধর্ম অভিজ্ঞেয়, মন-বিজ্ঞান অভিজ্ঞেয়, মন-সংস্পর্শ অভিজ্ঞেয়, মন সংস্পর্শের কারণে যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা-ই অভিজ্ঞেয়।

রূপ অভিজ্ঞেয়, বেদনা অভিজ্ঞেয়, সংজ্ঞা অভিজ্ঞেয়, সংস্কার অভিজ্ঞেয়, বিজ্ঞান অভিজ্ঞেয়। চক্ষু অভিজ্ঞেয়, শ্রোত্র অভিজ্ঞেয়, ঘ্রাণ অভিজ্ঞেয়, জিহ্বা অভিজ্ঞেয়, কায় অভিজ্ঞেয়, মন অভিজ্ঞেয়। রূপ অভিজ্ঞেয়, শব্দ অভিজ্ঞেয়, গন্ধ অভিজ্ঞেয়, রস অভিজ্ঞেয়, স্পর্শ অভিজ্ঞেয়, ধর্ম অভিজ্ঞেয়।

চক্ষু-বিজ্ঞান অভিজ্ঞেয়, শ্রোত্র-বিজ্ঞান অভিজ্ঞেয়, ঘ্রাণ-বিজ্ঞান অভিজ্ঞেয়, জিহ্বা-বিজ্ঞান অভিজ্ঞেয়, কায়-বিজ্ঞান অভিজ্ঞেয়, মন-বিজ্ঞান অভিজ্ঞেয়। চক্ষু-সংস্পর্শ অভিজ্ঞেয়, শ্রোত্র-সংস্পর্শ অভিজ্ঞেয়, ঘ্রাণ-সংস্পর্শ অভিজ্ঞেয়, জিহ্বা-সংস্পর্শ অভিজ্ঞেয়, কায়-সংস্পর্শ অভিজ্ঞেয়, মন-সংস্পর্শ অভিজ্ঞেয়। চক্ষু-সংস্পর্শজ বেদনা অভিজ্ঞেয়, শ্রোত্র-সংস্পর্শজ বেদনা অভিজ্ঞেয়, ঘ্রাণ-সংস্পর্শজ বেদনা অভিজ্ঞেয়, জিহ্বা-সংস্পর্শজ বেদনা অভিজ্ঞেয়, কায়-সংস্পর্শজ বেদনা অভিজ্ঞেয়, মন-সংস্পর্শজ বেদনা অভিজ্ঞেয়। রূপ-সংজ্ঞা অভিজ্ঞেয়, শব্দ-সংজ্ঞা অভিজ্ঞেয়, গন্ধ-সংজ্ঞা অভিজ্ঞেয়, রস-সংজ্ঞা অভিজ্ঞেয়, স্পর্শ-সংজ্ঞা অভিজ্ঞেয়, ধর্ম-সংজ্ঞা অভিজ্ঞেয়। রূপ-সঞ্চেতন অভিজ্ঞেয়, শব্দ-সঞ্চেতন অভিজ্ঞেয়, গন্ধ-সঞ্চেতন অভিজ্ঞেয়, রস-সঞ্চেতন অভিজ্ঞেয়, স্পর্শ-সঞ্চেতন অভিজ্ঞেয়, ধর্ম-সঞ্চেতন অভিজ্ঞেয়। রূপ-তৃষ্ণা অভিজ্ঞেয়, শব্দ-তৃষ্ণা অভিজ্ঞেয়, গন্ধ-তৃষ্ণা অভিজ্ঞেয়, রস-তৃষ্ণা অভিজ্ঞেয়, স্পর্শ-তৃষ্ণা অভিজ্ঞেয়, ধর্ম-তৃষ্ণা

Visit: http://www.buddhistdownload.com

অভিজ্ঞেয়। রূপ-বিতর্ক অভিজ্ঞেয়, শব্দ-বিতর্ক অভিজ্ঞেয়, গন্ধ-বিতর্ক অভিজ্ঞেয়, রস-বিতর্ক অভিজ্ঞেয়, স্পর্শ-বিতর্ক অভিজ্ঞেয়, ধর্ম-বিতর্ক অভিজ্ঞেয়। রূপ-বিচার অভিজ্ঞেয়, শব্দ-বিচার অভিজ্ঞেয়, গন্ধ-বিচার অভিজ্ঞেয়, রস-বিচার অভিজ্ঞেয়, স্পর্শ-বিচার অভিজ্ঞেয়, ধর্ম-বিচার অভিজ্ঞেয়।

৪। পৃথিবীধাতু অভিজ্ঞেয়, আপধাতু অভিজ্ঞেয়, তেজধাতু অভিজ্ঞেয়, বায়ুধাতু অভিজ্ঞেয়, আকাশধাতু অভিজ্ঞেয়, বিজ্ঞানধাতু অভিজ্ঞেয়।

পৃথিবীকৃৎস্ন অভিজ্ঞেয়, আপকৃৎস্ন অভিজ্ঞেয়, তেজকৃৎস্ন অভিজ্ঞেয়, বায়ুকৃৎস্ন অভিজ্ঞেয়, নীলকৃৎস্ন অভিজ্ঞেয়, পীতকৃৎস্ন অভিজ্ঞেয়, লোহিতকৃৎস্ন অভিজ্ঞেয়, শ্বেতকৃৎস্ন অভিজ্ঞেয়, আকাশ বা শূন্যতাকৃৎস্ন অভিজ্ঞেয়, বিজ্ঞানকৃৎস্ন অভিজ্ঞেয়।

কেশ অভিজ্ঞেয়, লোম অভিজ্ঞেয়, নখ অভিজ্ঞেয়, দন্ত অভিজ্ঞেয়, চর্ম অভিজ্ঞেয়, মাংস অভিজ্ঞেয়, স্নায়ু অভিজ্ঞেয়, অস্থি অভিজ্ঞেয়, অস্থিমজ্জা অভিজ্ঞেয়, বক্ক (কিডনি) অভিজ্ঞেয়, হৃদয় অভিজ্ঞেয়, যকৃত অভিজ্ঞেয়, ক্লোম অভিজ্ঞেয়, প্লীহা অভিজ্ঞেয়, ফুসফুস অভিজ্ঞেয়, বড়অন্ত্র অভিজ্ঞেয়, ছোটঅন্ত্র অভিজ্ঞেয়, উদর অভিজ্ঞেয়, মল অভিজ্ঞেয়, পিত্ত অভিজ্ঞেয়, শ্লেষ্মা অভিজ্ঞেয়, পুঁজ অভিজ্ঞেয়, লোহিত অভিজ্ঞেয়, স্বেদ অভিজ্ঞেয়, মেদ অভিজ্ঞেয়, অশ্রু অভিজ্ঞেয়, চর্বি অভিজ্ঞেয়, থুথু অভিজ্ঞেয়, শিকনি অভিজ্ঞেয়, লালা অভিজ্ঞেয়, মূত্র অভিজ্ঞেয় এবং মস্তিষ্কও অভিজ্ঞেয়।

চক্ষু-আয়তন অভিজ্ঞেয়, রূপায়তন অভিজ্ঞেয়, শ্রোত্রায়তন অভিজ্ঞেয়, শব্দায়তন অভিজ্ঞেয়, ঘ্রাণায়তন অভিজ্ঞেয়, গন্ধায়তন অভিজ্ঞেয়, জিহ্বায়তন অভিজ্ঞেয়, রসায়তন অভিজ্ঞেয়, কায়ায়তন অভিজ্ঞেয়, স্পর্শায়তন অভিজ্ঞেয়, মনায়তন অভিজ্ঞেয় এবং ধর্মায়তন অভিজ্ঞেয়।

চক্ষুধাতু অভিজ্ঞেয়, রূপধাতু অভিজ্ঞেয়, চক্ষু-বিজ্ঞানধাতু অভিজ্ঞেয়। শ্রোত্রধাতু অভিজ্ঞেয়, শব্দধাতু অভিজ্ঞেয়, শ্রোত্র-বিজ্ঞানধাতু অভিজ্ঞেয়। ঘ্রাণধাতু অভিজ্ঞেয়, গন্ধধাতু অভিজ্ঞেয়, ঘ্রাণ-বিজ্ঞানধাতু অভিজ্ঞেয়। জিহ্বাধাতু অভিজ্ঞেয়, রসধাতু অভিজ্ঞেয়, জিহ্বা-বিজ্ঞানধাতু অভিজ্ঞেয়ন। কায়ধাতু অভিজ্ঞেয়, স্পর্শধাতু অভিজ্ঞেয়, কায়-বিজ্ঞানধাতু অভিজ্ঞেয়।

Visit: http://www.buddhistdownload.com

মনোধাতু অভিজ্ঞেয়, ধর্মধাতু অভিজ্ঞেয়, মন-বিজ্ঞানধাতু অভিজ্ঞেয়।

চক্ষু-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, শ্রোত্র-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, ঘ্রাণ-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, জিহ্বা-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, কায়-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, মন-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, জীবিতেন্দ্রিয় (জীবন ইন্দ্রিয়) অভিজ্ঞেয়, স্ত্রী-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, পুরুষ ইন্দ্রিয় অভিজ্ঞেয়, সুখ-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, দুঃখ-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, সৌমনস্য-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, দৌর্মনস্য-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, উপেক্ষা-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, শ্রদ্ধেন্দ্রিয় অভিজ্ঞেয়, বীর্যেন্দ্রিয় অভিজ্ঞেয়, স্মৃতি-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, সমাধি-ইন্দ্রিয় অভিজ্ঞেয়, প্রজ্ঞেন্দ্রিয় অভিজ্ঞেয়, অজ্ঞাতকে জানবো ইন্দ্রিয় অভিজ্ঞেয়, পরিজ্ঞান ইন্দ্রিয় অভিজ্ঞেয়, জ্ঞাত বা অন্তর্দৃষ্টিসম্পন্ন ইন্দ্রিয় অভিজ্ঞেয়।

৫। কামধাতু অভিজ্ঞেয়, রূপধাতু অভিজ্ঞেয়, অরূপধাতু অভিজ্ঞেয়। কামভব অভিজ্ঞেয়, রূপভব অভিজ্ঞেয়, অরূপভব অভিজ্ঞেয়। সংজ্ঞাভব অভিজ্ঞেয়, অসংজ্ঞাভব অভিজ্ঞেয়, নৈবসংজ্ঞা অভিজ্ঞেয়। একবোকার অভিজ্ঞেয়, চতুবোকার অভিজ্ঞেয়, পঞ্চবোকার অভিজ্ঞেয়।

৬। প্রথমধ্যান অভিজ্ঞেয়, দ্বিতীয়ধ্যান অভিজ্ঞেয়, তৃতীয়ধ্যান অভিজ্ঞেয়, চতুর্থধ্যান অভিজ্ঞেয়, মৈত্রীচিত্ত বিমুক্ত অভিজ্ঞেয়, করুণা চিত্ত-বিমুক্ত অভিজ্ঞেয়, মুদিতা চিত্ত-বিমুক্তি অভিজ্ঞেয়, উপেক্ষা চিত্ত-বিমুক্তি অভিজ্ঞেয়, আকাশানন্তায়তন সমাপত্তি অভিজ্ঞেয়, বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি অভিজ্ঞেয়, আকিঞ্চনায়তন সমাপত্তি অভিজ্ঞেয় এবং নৈবসংজ্ঞা না সংজ্ঞায়তন সমাপত্তি অভিজ্ঞেয়।

অবিদ্যা অভিজ্ঞেয়, সংস্কারসমূহ অভিজ্ঞেয়, বিজ্ঞান অভিজ্ঞেয়, নামরূপ অভিজ্ঞেয়, ষড়ায়াতন অভিজ্ঞেয়, স্পর্শ অভিজ্ঞেয়, বেদনা অভিজ্ঞেয়, তৃষ্ণা অভিজ্ঞেয়, উপাদান অভিজ্ঞেয়, ভব অভিজ্ঞেয়, জাতি অভিজ্ঞেয়, জরা-মরণ অভিজ্ঞেয়।

৭। দুঃখ অভিজ্ঞেয়, দুঃখসমুদয় অভিজ্ঞেয়, দুঃখনিরোধ অভিজ্ঞেয়, দুঃখ নিরোধগামিনী প্রতিপদা অভিজ্ঞেয়। রূপ অভিজ্ঞেয়, রূপসমুদয় অভিজ্ঞেয়, রূপনিরোধ অভিজ্ঞেয়, রূপ নিরোধগামিনী প্রতিপদা অভিজ্ঞেয়। বেদনা অভিজ্ঞেয়, বেদনাসমুদয় অভিজ্ঞেয়, বেদনানিরোধ অভিজ্ঞেয়,

Visit: http://www.buddhistdownload.com

বেদনা নিরোধগামিনী প্রতিপদা অভিজ্ঞেয়। সংজ্ঞা অভিজ্ঞেয়, সংজ্ঞাসমুদয় অভিজ্ঞেয়, সংজ্ঞানিরোধ অভিজ্ঞেয়, সংজ্ঞা নিরোধগামিনী প্রতিপদা অভিজ্ঞেয়। সংস্কার অভিজ্ঞেয়, সংস্কারসমুদয় অভিজ্ঞেয়, সংস্কারনিরোধ অভিজ্ঞেয়, সংস্কার নিরোধগামিনী প্রতিপদা অভিজ্ঞেয়। বিজ্ঞান অভিজ্ঞেয়, বিজ্ঞানসমুদয় অভিজ্ঞেয়, বিজ্ঞাননিরোধ অভিজ্ঞেয়, বিজ্ঞান নিরোধগামিনী প্রতিপদা অভিজ্ঞেয়। চক্ষু অভিজ্ঞেয়, চক্ষুসমুদয় অভিজ্ঞেয়, চক্ষুনিরোধ অভিজ্ঞেয়, চক্ষু নিরোধগামিনী প্রতিপদা অভিজ্ঞেয়। জরা-মরণ অভিজ্ঞেয়, জরা-মরণ সমুদয় অভিজ্ঞেয়, জরা-মরণ নিরোধ অভিজ্ঞেয়, জরা-মরণ নিরোধগামিনী প্রতিপদা অভিজ্ঞেয়।

দুঃখের পরিজ্ঞানার্থ অভিজ্ঞেয়, দুঃখ সমুদয়ের প্রহীনার্থ অভিজ্ঞেয়, দুঃখ নিরোধের সাক্ষাৎকরণার্থ অভিজ্ঞেয়, দুঃখ নিরোধগামিনী প্রতিপদার ভাবনার্থ অভিজ্ঞেয়। রূপের পরিজ্ঞানার্থ অভিজ্ঞেয়, রূপ সমুদয়ের প্রহীনার্থ অভিজ্ঞেয়, রূপ নিরোধের সাক্ষাৎকরণার্থ অভিজ্ঞেয়, রূপ নিরোধগামিনী প্রতিপদার ভাবনার্থ অভিজ্ঞেয়। বেদনার পরিজ্ঞানার্থ অভিজ্ঞেয়, বেদনা সমুদয়ের প্রহীনার্থ অভিজ্ঞেয়, বেদনা নিরোধের সাক্ষাৎকরণার্থ অভিজ্ঞেয়, বেদনা নিরোধগামিনী প্রতিপদা ভাবনার্থ অভিজ্ঞেয়। সংজ্ঞার পরিজ্ঞানার্থ অভিজ্ঞেয়, সংজ্ঞা সমুদয়ের প্রহীনার্থ অভিজ্ঞেয়, সংজ্ঞা সাক্ষাৎকরণার্থ অভিজ্ঞেয়, সংজ্ঞা নিরোধগামিনী প্রতিপদার ভাবনার্থ অভিজ্ঞেয়। সংস্কার পরিজ্ঞানার্থ অভিজ্ঞেয়, সংস্কার সমুদয়ের প্রহীনার্থ অভিজ্ঞেয়, সংস্কার নিরোধের সাক্ষাৎকরণার্থ অভিজ্ঞেয়, সংস্কার নিরোধগামিনী প্রতিপদার ভাবনার্থ অভিজ্ঞেয়। বিজ্ঞানের পরিজ্ঞানার্থ অভিজ্ঞেয়, বিজ্ঞান সমুদয়ের প্রহীনার্থ অভিজ্ঞেয়, বিজ্ঞান নিরোধের সাক্ষাৎকরণার্থ অভিজ্ঞেয়, বিজ্ঞান নিরোধগামিনী প্রতিপদার ভাবনার্থ অভিজ্ঞেয়। চক্ষু পরিজ্ঞানার্থ অভিজ্ঞেয়, চক্ষু সমুদয়ের প্রহীনার্থ অভিজ্ঞেয়, চক্ষু নিরোধের সাক্ষাৎকরণার্থ অভিজ্ঞেয়, চক্ষু নিরোগামিনী প্রতিপদার ভাবনার্থ অভিজ্ঞেয়। জরা-মরণ পরিজ্ঞানার্থ অভিজ্ঞেয়, জরা-মরণ সমুদয়ের প্রহীনার্থ অভিজ্ঞেয়, জরা-মরণ নিরোধের সাক্ষাৎকরণার্থ অভিজ্ঞেয়, জরা-মরণ নিরোধগামিনী প্রতিপদার ভাবনার্থ অভিজ্ঞেয়।

Visit: http://www.buddhistdownload.com

দুঃখের পরিজ্ঞান প্রতিবেধার্থ অভিজ্ঞেয়, দুঃখ সমুদয়ের প্রহীন প্রতিবেধার্থ অভিজ্ঞেয়, দুঃখ নিরোধ সাক্ষাৎকরণ প্রতিবেধার্থ অভিজ্ঞেয়, দুঃখ নিরোধগামিনী প্রতিপদার ভাবনা প্রতিবেধার্থ অভিজ্ঞেয়। রূপের পরিজ্ঞান প্রতিবেধার্থ অভিজ্ঞেয়, রূপ সমুদয়ের প্রহীন প্রতিবেধার্থ অভিজ্ঞেয়, রূপ নিরোধের সাক্ষাৎকরণ প্রতিবেধার্থ অভিজ্ঞেয়, রূপ নিরোধগামিনী প্রতিপদার ভাবনা প্রতিবেধার্থ অভিজ্ঞেয়। বেদনার ... সংজ্ঞার ... সংস্কারের ... বিজ্ঞানের ... চক্ষুর ... জরা-মরণের ...।

৮। দুঃখ অভিজ্ঞেয়, দুঃখসমুদয় অভিজ্ঞেয়, দুঃখনিরোধ অভিজ্ঞেয়, দুঃখ সমুদয়ের নিরোধ অভিজ্ঞেয়, দুঃখের ছন্দরাগ নিরোধ অভিজ্ঞেয়, দুঃখের আস্বাদ অভিজ্ঞেয়, দুঃখের আদীনব অভিজ্ঞেয়, দুঃখের নিঃসরণ অভিজ্ঞেয়। রূপ অভিজ্ঞেয়, রূপসমুদয় অভিজ্ঞেয়, রূপনিরোধ অভিজ্ঞেয়, রূপ সমুদয়ের নিরোধ অভিজ্ঞেয়, রূপের ছন্দরাগ নিরোধ অভিজ্ঞেয়, রূপের আস্বাদ অভিজ্ঞেয়, রূপের আদীনব অভিজ্ঞেয়, রূপের নিঃসরণ অভিজ্ঞেয়। বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান ... চক্ষু ... জরা-মরণ ...।

দুঃখ অভিজ্ঞেয়, দুঃখসমুদয় অভিজ্ঞেয়, দুঃখনিরোধ অভিজ্ঞেয়, দুঃখ নিরোধগামিনী প্রতিপদা অভিজ্ঞেয়, দুঃখের আস্বাদ অভিজ্ঞেয়, দুঃখের আদীনব অভিজ্ঞেয়, দুঃখের নিঃসরণ অভিজ্ঞেয়। রূপ অভিজ্ঞেয়, রূপসমুদয় অভিজ্ঞেয়, রূপনিরোধ অভিজ্ঞেয়, রূপ নিরোধগামিনী প্রতিপদার অভিজ্ঞেয়, রূপের আস্বাদ অভিজ্ঞেয়, রূপের আদীনব অভিজ্ঞেয়, রূপের নিঃসরণ অভিজ্ঞেয়। বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান ... চক্ষু ... জরা-মরণ ...।

৯। অনিত্যানুদর্শন অভিজ্ঞেয়, দুঃখানুদর্শন অভিজ্ঞেয়, অনাত্মানুদর্শন অভিজ্ঞেয়, নির্বেদানুদর্শন অভিজ্ঞেয়, বিরাগানুদর্শন অভিজ্ঞেয়, নিরোধানুদর্শন অভিজ্ঞেয়, ত্যাগানুদর্শন অভিজ্ঞেয়। রূপে অনিত্যানুদর্শন অভিজ্ঞেয়, রূপে দুঃখানুদর্শন অভিজ্ঞেয়, রূপে অনাত্মানুদর্শন অভিজ্ঞেয়, রূপে নির্বেদানুদর্শন অভিজ্ঞেয়, রূপে বিরাগানুদর্শন অভিজ্ঞেয়, রূপে নিরোধানুদর্শন অভিজ্ঞেয়, রূপে ত্যাগানুদর্শন অভিজ্ঞেয়। বেদনায় ... সংজ্ঞায় ... সংস্কারে ... বিজ্ঞানে ... চক্ষে ... জরা-মরণে ...।

Visit: http://www.buddhistdownload.com

১০। উৎপন্ন অভিজ্ঞেয়, প্রবর্তন অভিজ্ঞেয়, নিমিত্ত অভিজ্ঞেয়, আসক্তি অভিজ্ঞেয়, প্রতিসন্ধি অভিজ্ঞেয়, গতি অভিজ্ঞেয়, পুনর্জন্ম (নিব্বত্তি) অভিজ্ঞেয়, উৎপত্তি অভিজ্ঞেয়, জাতি অভিজ্ঞেয়, জরা অভিজ্ঞেয়, ব্যাধি অভিজ্ঞেয়, মরণ অভিজ্ঞেয়, শোক অভিজ্ঞেয়, পরিদেবন অভিজ্ঞেয়, উপায়াস অভিজ্ঞেয়।

অনুৎপন্ন অভিজ্ঞেয়, অপ্রবর্তন অভিজ্ঞেয়, অনিমিত্ত অভিজ্ঞেয়, অনাসক্তি অভিজ্ঞেয়, অপ্রতিসন্ধি অভিজ্ঞেয়, অগতি অভিজ্ঞেয়, পুনর্জন্মরহিত (অনিব্বত্তি) অভিজ্ঞেয়, অনুৎপত্তি অভিজ্ঞেয়, অজাতি অভিজ্ঞেয়, অজরা অভিজ্ঞেয়, অব্যাধি অভিজ্ঞেয়, অমরণ অভিজ্ঞেয়, অশোক অভিজ্ঞেয়, অপরিদেবন অভিজ্ঞেয়, অনুপায়াস অভিজ্ঞেয়।

উৎপন্ন অভিজ্ঞেয়, অনুৎপন্ন অভিজ্ঞেয়; প্রবর্তন অভিজ্ঞেয়, অপ্রবর্তন অভিজ্ঞেয়; নিমিত্ত অভিজ্ঞেয়, অনিমিত্ত অভিজ্ঞেয়; আসক্তি অভিজ্ঞেয়, অনাসক্তি অভিজ্ঞেয়; প্রতিসন্ধি অভিজ্ঞেয়, অপ্রতিসন্ধি অভিজ্ঞেয়; গতি অভিজ্ঞেয়, অগতি অভিজ্ঞেয়; পুনর্জন্ম অভিজ্ঞেয়, পুনর্জন্মরহিত অভিজ্ঞেয়; উৎপত্তি অভিজ্ঞেয়, অনুৎপত্তি অভিজ্ঞেয়; জাতি অভিজ্ঞেয়, অজাতি অভিজ্ঞেয়; জরা অভিজ্ঞেয়, অজরা অভিজ্ঞেয়; ব্যাধি অভিজ্ঞেয়, অব্যাধি অভিজ্ঞেয়; মরণ অভিজ্ঞেয়, অমরণ অভিজ্ঞেয়; শোক অভিজ্ঞেয়, অশোক অভিজ্ঞেয়; পরিদেবন অভিজ্ঞেয়, অপরিদেবন অভিজ্ঞেয়; উপয়াস অভিজ্ঞেয়, অনুপায়াস অভিজ্ঞেয়।

উৎপন্ন দুঃখ অভিজ্ঞেয়, প্রবর্তন দুঃখ অভিজ্ঞেয়, নিমিত্ত দুঃখ অভিজ্ঞেয়, আসক্তি দুঃখ অভিজ্ঞেয়, প্রতিসন্ধি দুঃখ অভিজ্ঞেয়, গতি দুঃখ অভিজ্ঞেয়, পুনর্জন্ম দুঃখ অভিজ্ঞেয়, উৎপত্তি দুঃখ অভিজ্ঞেয়, জাতি দুঃখ অভিজ্ঞেয়, জরা দুঃখ অভিজ্ঞেয়, ব্যাধি দুঃখ অভিজ্ঞেয়, মরণ দুঃখ অভিজ্ঞেয়, শোক দুঃখ অভিজ্ঞেয়, পরিদেবন দুঃখ অভিজ্ঞেয়, উপায়াস দুঃখ অভিজ্ঞেয়।

অনুৎপন্ন সুখ অভিজ্ঞেয়, অপ্রবর্তন সুখ অভিজ্ঞেয়, অনিমিত্ত সুখ অভিজ্ঞেয়, অনাসক্তি সুখ অভিজ্ঞেয়, অনুৎপত্তি সুখ অভিজ্ঞেয়, অজাতি সুখ অভিজ্ঞেয়, অজরা সুখ অভিজ্ঞেয়, অব্যাধি সুখ অভিজ্ঞেয়, অমরণ সুখ

Visit: http://www.buddhistdownload.com

অভিজ্ঞেয়, অশোক সুখ অভিজ্ঞেয়, অপরিদেবন সুখ অভিজ্ঞেয়, অনুপায়াস সুখ অভিজ্ঞেয়।

উৎপন্ন দুঃখ, অনুৎপন্ন সুখ অভিজ্ঞেয়; প্রবর্তন দুঃখ, অপ্রবর্তন সুখ অভিজ্ঞেয়; নিমিত্ত দুঃখ, অনিমিত্ত সুখ অভিজ্ঞেয়; আসক্তি দুঃখ, অনাসক্তি সুখ অভিজ্ঞেয়; প্রতিসন্ধি দুঃখ, অপ্রতিসন্ধি সুখ অভিজ্ঞেয়; গতি দুঃখ, অগতি সুখ অভিজ্ঞেয়; পুনর্জন্ম দুঃখ, পুনর্জন্মরহিত সুখ অভিজ্ঞেয়; উৎপত্তি দুঃখ, অনুৎপত্তি সুখ অভিজ্ঞেয়; জাতি দুঃখ, অজাতি সুখ অভিজ্ঞেয়; জরা দুঃখ, অজরা সুখ অভিজ্ঞেয়; ব্যাধি দুঃখ, অব্যাধি সুখ অভিজ্ঞেয়; মরণ দুঃখ, অমরণ সুখ অভিজ্ঞেয়; শোক দুঃখ, অশোক সুখ অভিজ্ঞেয়; পরিদেবন দুঃখ, অপরিদেবন সুখ অভিজ্ঞেয়; উপায়াস দুঃখ, অনুপায়াস সুখ অভিজ্ঞেয়।

উৎপন্ন ভয় অভিজ্ঞেয়, প্রবর্তন ভয় অভিজ্ঞেয়, নিমিত্ত ভয় অভিজ্ঞেয়, আসক্তি ভয় অভিজ্ঞেয়, প্রতিসন্ধি ভয় অভিজ্ঞেয়, গতি ভয় অভিজ্ঞেয়, পুনর্জন্ম ভয় অভিজ্ঞেয়, উৎপত্তি ভয় অভিজ্ঞেয়, জাতি ভয় অভিজ্ঞেয়, জরা ভয় অভিজ্ঞেয়, ব্যাধি ভয় অভিজ্ঞেয়, মরণ ভয় অভিজ্ঞেয়, শোক ভয় অভিজ্ঞেয়, পরিদেবন ভয় অভিজ্ঞেয়, উপায়াস ভয় অভিজ্ঞেয়।

অনুৎপন্ন ক্ষেম অভিজ্ঞেয়, অপ্রবর্তন ক্ষেম অভিজ্ঞেয়, অনিমিত্ত ক্ষেম অভিজ্ঞেয়, অনাসক্তি ক্ষেম অভিজ্ঞেয়, অপ্রতিসন্ধি ক্ষেম অভিজ্ঞেয়, অগতি ক্ষেম অভিজ্ঞেয়, পুনর্জন্মরহিত ক্ষেম অভিজ্ঞেয়, অনুৎপত্তি ক্ষেম অভিজ্ঞেয়, অজাতি ক্ষেম অভিজ্ঞেয়, অজরা ক্ষেম অভিজ্ঞেয়, অব্যাধি ক্ষেম অভিজ্ঞেয়, অমরণ ক্ষেম অভিজ্ঞেয়, অশোক ক্ষেম অভিজ্ঞেয়, অপরিদেবন ক্ষেম অভিজ্ঞেয়, অনুপায়াস ক্ষেম অভিজ্ঞেয়।

উৎপন্ন ভয়, অনুৎপন্ন ক্ষেম অভিজ্ঞেয়; প্রবর্তন ভয়, অপ্রবর্তন ক্ষেম অভিজ্ঞেয়; নিমিত্ত ভয়, অনিমিত্ত ক্ষেম অভিজ্ঞেয়; আসক্তি ভয়, অনাসক্তি ক্ষেম অভিজ্ঞেয়; প্রতিসন্ধি ভয়, অপ্রতিসন্ধি ক্ষেম অভিজ্ঞেয়; গতি ভয়, অগতি ক্ষেম অভিজ্ঞেয়; পুনর্জন্ম ভয়, পুনর্জন্মরহিত ক্ষেম অভিজ্ঞেয়; উৎপত্তি ভয়, অনুৎপত্তি ক্ষেম অভিজ্ঞেয়; জাতি ভয়, অজাতি ক্ষেম অভিজ্ঞেয়; জরা ভয়, অজরা ক্ষেম অভিজ্ঞেয়; ব্যাধি ভয়, অব্যাধি ক্ষেম

Visit: http://www.buddhistdownload.com

অভিজ্ঞেয়; মরণ ভয়, অমরণ ক্ষেম অভিজ্ঞেয়; শোক ভয়, অশোক ক্ষেম অভিজ্ঞেয়; পরিদেবন ভয়, অপরিদেবন ক্ষেম অভিজ্ঞেয়; উপায়াস ভয়, অনুপায়াস ক্ষেম অভিজ্ঞেয়।

উৎপন্ন সামিষ অভিজ্ঞেয়, প্রবর্তন সামিষ অভিজ্ঞেয়, নিমিত্ত সামিষ অভিজ্ঞেয়, আসক্তি সামিষ অভিজ্ঞেয়, প্রতিসন্ধি সামিষ অভিজ্ঞেয়, গতি সামিষ অভিজ্ঞেয়, পুনর্জন্ম সামিষ অভিজ্ঞেয়, উৎপত্তি সামিষ অভিজ্ঞেয়, জাতি সামিষ অভিজ্ঞেয়, জরা সামিষ অভিজ্ঞেয়, ব্যাধি সামিষ অভিজ্ঞেয়, মরণ সামিষ অভিজ্ঞেয়, শোক সামিষ অভিজ্ঞেয়, পরিদেবন সামিষ অভিজ্ঞেয়, উপায়াস সামিষ অভিজ্ঞেয়।

অনুৎপন্ন নিরামিষ অভিজ্ঞেয়, অপ্রবর্তন নিরামিষ অভিজ্ঞেয়, অনিমিত্ত নিরামিষ অভিজ্ঞেয়, অনাসক্তি নিরামিষ অভিজ্ঞেয়, অপ্রতিসন্ধি নিরামিষ অভিজ্ঞেয়, অগতি নিরামিষ অভিজ্ঞেয়, পুনর্জন্মরহিত নিরামিষ অভিজ্ঞেয়, অনুৎপত্তি নিরামিষ অভিজ্ঞেয়, অজাতি নিরামিষ অভিজ্ঞেয়, অজরা নিরামিষ অভিজ্ঞেয়, অব্যাধি নিরামিষ অভিজ্ঞেয়, অমরণ নিরামিষ অভিজ্ঞেয়, অশোক নিরামিষ অভিজ্ঞেয়, অপরিদেবন নিরামিষ অভিজ্ঞেয়, অনুপায়াস নিরামিষ অভিজ্ঞেয়।

উৎপন্ন সামিষ, অনুৎপন্ন নিরামিষ অভিজ্ঞেয়; প্রবর্তন সামিষ, অপ্রবর্তন নিরামিষ অভিজ্ঞেয়; নিমিত্ত সামিষ, অনিমিত্ত নিরামিষ অভিজ্ঞেয়; আসক্তি সামিষ, অনাসক্তি নিরামিষ অভিজ্ঞেয়; প্রতিসন্ধি সামিষ, অপ্রতিসন্ধি নিরামিষ অভিজ্ঞেয়; গতি সামিষ, অগতি নিরামিষ অভিজ্ঞেয়; পুনর্জন্ম সামিষ, পুনর্জন্মরহিত নিরামিষ অভিজ্ঞেয়; উৎপত্তি সামিষ, অনুৎপত্তি নিরামিষ অভিজ্ঞেয়; জাতি সামিষ, অজাতি নিরামিষ অভিজ্ঞেয়; জরা সামিষ, অজরা নিরামিষ অভিজ্ঞেয়; ব্যাধি সামিষ, অব্যাধি নিরামিষ অভিজ্ঞেয়; মরণ সামিষ, অমরণ নিরামিষ অভিজ্ঞেয়; শোক সামিষ, অশোক নিরামিষ অভিজ্ঞেয়; পরিদেবন সামিষ, অপরিদেবন নিরামিষ অভিজ্ঞেয়; উপায়াস সামিষ, অনুপায়াস নিরামিষ অভিজ্ঞেয়।

উৎপন্ন সংস্কার অভিজ্ঞেয়, প্রবর্তন সংস্কার অভিজ্ঞেয়, নিমিত্ত সংস্কার অভিজ্ঞেয়, আসক্তি সংস্কার অভিজ্ঞেয়, প্রতিসন্ধি সংস্কার অভিজ্ঞেয়, গতি

Visit: http://www.buddhistdownload.com

সংস্কার অভিজ্ঞেয়, পুনর্জন্ম সংস্কার অভিজ্ঞেয়, উৎপত্তি সংস্কার অভিজ্ঞেয়, জাতি সংস্কার অভিজ্ঞেয়, জরা সংস্কার অভিজ্ঞেয়, ব্যাধি সংস্কার অভিজ্ঞেয়, মরণ সংস্কার অভিজ্ঞেয়, শোক সংস্কার অভিজ্ঞেয়, পরিদেবন সংস্কার অভিজ্ঞেয়, উপায়াস সংস্কার অভিজ্ঞেয়।

অনুৎপন্ন নির্বাণ অভিজ্ঞেয়, অপ্রবর্তন নির্বাণ অভিজ্ঞেয়, অনিমিত্ত নির্বাণ অভিজ্ঞেয়, অনাসক্তি নির্বাণ অভিজ্ঞেয়, অপ্রতিসন্ধি নির্বাণ অভিজ্ঞেয়, অগতি নির্বাণ অভিজ্ঞেয়, পুনর্জন্মরহিত নির্বাণ অভিজ্ঞেয়, অনুৎপত্তি নির্বাণ অভিজ্ঞেয়, অজাতি নির্বাণ অভিজ্ঞেয়, অজরা নির্বাণ অভিজ্ঞেয়, অব্যাধি নির্বাণ অভিজ্ঞেয়, অমরণ নির্বাণ অভিজ্ঞেয়, অশোক নির্বাণ অভিজ্ঞেয়, অপরিদেবন নির্বাণ অভিজ্ঞেয়, অনুপায়াস নির্বাণ অভিজ্ঞেয়।

উৎপন্ন সংস্কার, অনুৎপন্ন নির্বাণ অভিজ্ঞেয়; প্রবর্তন সংস্কার, অপ্রবর্তন নির্বাণ অভিজ্ঞেয়; নিমিত্ত সংস্কার, অনিমিত্ত নির্বাণ অভিজ্ঞেয়; আসক্তি সংস্কার, অনাসক্তি নির্বাণ অভিজ্ঞেয়; প্রতিসন্ধি সংস্কার, অপ্রতিসন্ধি নির্বাণ অভিজ্ঞেয়; গতি সংস্কার, অগতি নির্বাণ অভিজ্ঞেয়; পুনর্জন্ম সংস্কার, পুনর্জন্মরহিত নির্বাণ অভিজ্ঞেয়; উৎপত্তি সংস্কার, অনুৎপত্তি নির্বাণ অভিজ্ঞেয়; জাতি সংস্কার, অজাতি নির্বাণ অভিজ্ঞেয়; জরা সংস্কার, অজরা নির্বাণ অভিজ্ঞেয়; ব্যাধি সংস্কার, অব্যাধি নির্বাণ অভিজ্ঞেয়; মরণ সংস্কার, অমরণ নির্বাণ অভিজ্ঞেয়; শোক সংস্কার, অশোক নির্বাণ অভিজ্ঞেয়; পরিদেবন সংস্কার, অপরিদেবন নির্বাণ অভিজ্ঞেয়; উপায়াস সংস্কার, অনুপায়াস নির্বাণ অভিজ্ঞেয়।

প্রথম পরিচ্ছেদ সমাপ্ত।

১১। পরিগ্রহার্থে অভিজ্ঞেয়, পরিহারার্থে অভিজ্ঞেয়, পরিপূরণার্থে অভিজ্ঞেয়, একাগ্রতার্থে অভিজ্ঞেয়, অবিক্ষেপার্থে অভিজ্ঞেয়, প্রগ্রহার্থে অভিজ্ঞেয়, অবিসারর্থে অভিজ্ঞেয়, অনাবিলার্থে অভিজ্ঞেয়, স্থায়িত্বার্থে অভিজ্ঞেয়, নির্জনচিন্তাবশে চিত্তের স্থিতার্থে অভিজ্ঞেয়, আরম্মণার্থে

Visit: http://www.buddhistdownload.com

অভিজ্ঞেয়, গোচরার্থে অভিজ্ঞেয়, প্রহীণার্থে অভিজ্ঞেয়, পরিত্যাগার্থে অভিজ্ঞেয়, উত্থানার্থে অভিজ্ঞেয়, বিবর্তনার্থে অভিজ্ঞেয়, সন্তার্থে অভিজ্ঞেয়, প্রণীতার্থে অভিজ্ঞেয়, বিমুক্তার্থে অভিজ্ঞেয়, অনাস্রবার্থে অভিজ্ঞেয়, অপ্রণিহিতার্থে অভিজ্ঞেয়, শূন্যতার্থে অভিজ্ঞেয়, একরসার্থে অভিজ্ঞেয়, অনতিবর্তনার্থ অভিজ্ঞেয়, যুগনদ্ধ বা যুগপদার্থ অভিজ্ঞেয়, নির্গমনার্থ অভিজ্ঞেয়, হেত্বার্থ অভিজ্ঞেয়, দর্শনার্থ অভিজ্ঞেয় এবং অধিপত্যার্থ অভিজ্ঞেয়।

১২। শমথের অবিক্ষেপার্থ অভিজ্ঞেয়, বিদর্শনের অনুদর্শনার্থ অভিজ্ঞেয়, শমথ-বিদর্শনের একরসার্থ অভিজ্ঞেয়, যুগনদ্ধের বা যুগপদের অনতিবর্তনার্থ অভিজ্ঞেয়, শিক্ষার সমাধানার্থ অভিজ্ঞেয়, আরম্মণের গোচরার্থ অভিজ্ঞেয়, লীন চিত্তের প্রগ্রহার্থ অভিজ্ঞেয়, উদ্ধত চিত্তের নিগ্রহার্থ অভিজ্ঞেয়, লীন এবং ঔদ্ধ্যত এই উভয় বিশুদ্ধ চিত্তের উপেক্ষার্থ অভিজ্ঞেয়, বিশেষাধিগমার্থ অভিজ্ঞেয়, উত্তরি প্রতিবেধার্থ অভিজ্ঞেয়, সত্যাভিসময়ার্থ অভিজ্ঞেয় এবং নিরোধ প্রতিষ্ঠাপকার্থ অভিজ্ঞেয়।

শ্রদ্ধেন্দ্রিয়ের অধিমোক্ষার্থ অভিজ্ঞেয়, বীর্যেন্দ্রিয়ের প্রগ্রহার্থ অভিজ্ঞেয়, স্মৃতিন্দ্রিয়ের উপস্থাপনার্থ অভিজ্ঞেয়, সমাধিন্দ্রিয়ের অবিক্ষেপার্থ অভিজ্ঞেয় এবং প্রজ্ঞেন্দ্রিয়ের দর্শনার্থ অভিজ্ঞেয়।

শ্রদ্ধাবলের অশ্রদ্ধায় অকম্পিতার্থ অভিজ্ঞেয়, বীর্যবলের আলস্যে অকম্পিতার্থ অভিজ্ঞেয়, স্মৃতিবলের প্রমাদে অকম্পিতার্থ অভিজ্ঞেয়, সমাধিবলের ঔদ্ধত্যে অকম্পিতার্থ অভিজ্ঞেয় এবং প্রজ্ঞাবলের অবিদ্যায় অকম্পিতার্থ অভিজ্ঞেয়।

স্মৃতি সম্বোধ্যঙ্গের উপস্থাপনার্থ অভিজ্ঞেয়, ধর্মবিচয় সম্বোধ্যঙ্গের প্রবিচয়ার্থ (পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষার্থ) অভিজ্ঞেয়, বীর্য সম্বোধ্যঙ্গের প্রগ্রহার্থ অভিজ্ঞেয়, প্রীতি সম্বোধ্যঙ্গের স্ফুরণার্থ অভিজ্ঞেয়, প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গের উপশমার্থ অভিজ্ঞেয়, সমাধি সম্বোধ্যঙ্গের অবিক্ষেপার্থ অভিজ্ঞেয় ও উপেক্ষা সম্বোধ্যঙ্গের প্রতিসংখ্যানার্থ অভিজ্ঞেয়।

সম্যকদৃষ্টির দর্শনার্থ অভিজ্ঞেয়, সম্যকসংকল্পের অভিনিরোপনার্থ (মন নিবিষ্টকরণার্থ) অভিজ্ঞেয়, সম্যকবাক্যের পরিগ্রহণার্থ অভিজ্ঞেয়,

Visit: http://www.buddhistdownload.com

সম্যককর্মের সমুত্থানার্থ অভিজ্ঞেয়, সম্যকজীবিকার পরিশুদ্ধার্থ অভিজ্ঞেয়, সম্যকপ্রচেষ্টার প্রগ্রহার্থ অভিজ্ঞেয়, সম্যকস্মৃতির উপস্থাপনার্থ অভিজ্ঞেয় এবং সম্যকসমাধির অবিক্ষেপার্থ অভিজ্ঞেয়।

১৩। ইন্দ্রিয়সমূহের অধিপত্যার্থ অভিজ্ঞেয়, বলসমূহের অকম্পিতার্থ অভিজ্ঞেয়, বোধ্যঙ্গসমূহের মুক্তি বা সংসার দুঃখ হতে নির্গমনার্থ অভিজ্ঞেয়, মার্গের হেত্বার্থ অভিজ্ঞেয়, চারি স্মৃতিপ্রস্থানের উপস্থাপনার্থ অভিজ্ঞেয়, সম্যক প্রধানসমূহের উদ্যমার্থ অভিজ্ঞেয়, চারি ঋদ্ধিপাদের সফলার্থ অভিজ্ঞেয়, চারি আর্যসত্যের প্রকৃতার্থ অভিজ্ঞেয় (লোকোত্তর), মার্গসমূহের প্রতি প্রশ্রদ্ধার্থ অভিজ্ঞেয় এবং ফলসমূহের সাক্ষাৎকরণার্থ অভিজ্ঞেয়।

বিতর্কের অভিনিরোপনার্থ অভিজ্ঞেয়, বিচারের উপবিচারার্থে অভিজ্ঞেয়, প্রীতির স্ফুরণার্থ অভিজ্ঞেয়, সুখের অভিসন্ধানার্থ অভিজ্ঞেয়। চিত্তের একাগ্রতার্থ অভিজ্ঞেয়। আবজ্জনার্থ (নিবারণার্থ) অভিজ্ঞেয়, বিজাননার্থ অভিজ্ঞেয়, প্রজাননার্থ অভিজ্ঞেয়, সংজাননার্থ অভিজ্ঞেয়, একোদার্থ অভিজ্ঞেয়, অভিজ্ঞার জ্ঞাতার্থ অভিজ্ঞেয়, পরিজ্ঞানের তীরণার্থ (সিদ্ধান্তার্থ) অভিজ্ঞেয়, প্রহানের পরিত্যাগার্থ অভিজ্ঞেয়, ভাবনার একরসার্থ অভিজ্ঞেয়, সাক্ষাৎকরণের স্পর্শনার্থ অভিজ্ঞেয়, স্কন্ধসমূহের স্কন্ধার্থ অভিজ্ঞেয়, ধাতুসমূহের ধাতুর্থ অভিজ্ঞেয়, আয়তনসমূহের আয়তনার্থ অভিজ্ঞেয়, সংস্কৃত ধর্মসমূহের সংস্কৃতার্থ অভিজ্ঞেয়, অসংস্কৃত ধর্মসমূহের অসংস্কৃতার্থ অভিজ্ঞেয়।

১৪। চিত্তার্থ অভিজ্ঞেয়, চিত্তে অন্তর্হিতার্থ অভিজ্ঞেয়, চিত্তের উত্থানার্থ অভিজ্ঞেয়, চিত্তের বিবর্তনার্থ অভিজ্ঞেয়, চিত্তের হেত্বার্থ অভিজ্ঞেয়, চিত্তের প্রত্যায়ার্থ অভিজ্ঞেয়, চিত্তের বস্তুর্থ অভিজ্ঞেয়, চিত্তের ভূম্যার্থ অভিজ্ঞেয়, চিত্তের আরম্মণার্থ অভিজ্ঞেয়, চিত্তের গোচরার্থ অভিজ্ঞেয়, চিত্তের চর্যার্থ অভিজ্ঞেয়, চিত্তের গোত্রার্থ অভিজ্ঞেয়, চিত্তের অভিনীহারার্থ অভিজ্ঞেয়, চিত্তের নির্গমনার্থ অভিজ্ঞেয়, চিত্তের নিঃসরণার্থ অভিজ্ঞেয়

১৫। একত্ব নিবারনার্থ অভিজ্ঞেয়, একত্ব বিজাননার্থ অভিজ্ঞেয়, একত্ব প্রজাননার্থ অভিজ্ঞেয়, একত্ব সংজাননার্থ অভিজ্ঞেয়, একত্ব একদার্থ অভিজ্ঞেয়, একত্ব উপনিবন্ধ বা নির্ভরশীলার্থ অভিজ্ঞেয়, একত্ব অনুসরণার্থ

Visit: http://www.buddhistdownload.com

অভিজ্ঞেয়, একত্ব প্রসীদ বা প্রশান্তার্থ অভিজ্ঞেয়, একত্ব স্থিরার্থ অভিজ্ঞেয়, একত্ব বিমোচনার্থ অভিজ্ঞেয়, একত্ব "এরূপ শান্ত" দর্শনার্থ অভিজ্ঞেয়, একত্ব যানীকত বা আসক্তার্থ অভিজ্ঞেয়, একত্ব বস্তুকৃতার্থ অভিজ্ঞেয়, একত্ব অনুস্থিতার্থ অভিজ্ঞেয়, একত্ব পরিচিত বা সংগৃহীতার্থ অভিজ্ঞেয়, একত্ব সুসমারব্ধ অভিজ্ঞেয়, একত্ব পরিগ্রহণার্থ অভিজ্ঞেয়, একত্ব পরিবারার্থ অভিজ্ঞেয়, একত্ব পরিপূর্ণার্থ অভিজ্ঞেয়, একত্ব সমোধান বা সংযোগার্থ অভিজ্ঞেয়, একত্ব অধিষ্ঠানার্থ অভিজ্ঞেয়, একত্ব আসেবনার্থ অভিজ্ঞেয়, একত্ব ভাবনার্থ অভিজ্ঞেয়, একত্ব বহুলীকর্মার্থ অভিজ্ঞেয়, একত্ব সুসমুদ্গত বা সুসমুখিতার্থ অভিজ্ঞেয়, একত্ব সুবিমুক্তার্থ অভিজ্ঞেয়, একত্ব বোধার্থ অভিজ্ঞেয়, একত্ব অবোধার্থ অভিজ্ঞেয়, একত্ব প্রতিবোধার্থ অভিজ্ঞেয়, একত্ব হৃদয়ঙ্গমার্থ অভিজ্ঞেয়, একত্ব বোধনার্থ অভিজ্ঞেয়, একত্ব প্রতিবোধনার্থ অভিজ্ঞেয়, একত্ব সম্বোধনার্থ অভিজ্ঞেয়, একত্ব বোধিপক্ষীয়ার্থ অভিজ্ঞেয়, একত্ব অনুবোধিপক্ষীয়ার্থ অভিজ্ঞেয়, একত্ব প্রতিবোধিপক্ষীয়ার্থ অভিজ্ঞেয়, একত্ব সম্বোধিপক্ষীয়ার্থ অভিজ্ঞেয়, একত্ব অনুউজ্জ্বলতার্থ অভিজ্ঞেয়, একত্ব প্রতিউজ্জ্বলতার্থ অভিজ্ঞেয়, একত্ব সঞ্জাতার্থ অভিজ্ঞেয়।

১৬। প্রকাশনার্থ অভিজ্ঞেয়, বিরোচনার্থ অভিজ্ঞেয়, ক্লেশসমূহের সন্তাপনার্থ অভিজ্ঞেয়, অমলার্থ অভিজ্ঞেয়, বিমলার্থ অভিজ্ঞেয়, নির্মলার্থ অভিজ্ঞেয়, সমার্থ অভিজ্ঞেয়, সময়ার্থ অভিজ্ঞেয়, বিবেকার্থ অভিজ্ঞেয়, বিবেকচর্যার্থ অভিজ্ঞেয়, বিরাগার্থ অভিজ্ঞেয়, বিরাগচর্যার্থ অভিজ্ঞেয়, নিরোধার্থ অভিজ্ঞেয়, নিরোধচর্যার্থ অভিজ্ঞেয়, পরিত্যাগার্থ অভিজ্ঞেয়, পরিত্যাগচর্যার্থ অভিজ্ঞেয়, বিমুক্তার্থ অভিজ্ঞেয়, বিমুক্তাচর্যার্থ অভিজ্ঞেয়।

ছন্দার্থ অভিজ্ঞেয়, ছন্দের মূলার্থ অভিজ্ঞেয়, ছন্দের পাদার্থ অভিজ্ঞেয়, ছন্দের প্রধানার্থ অভিজ্ঞেয়, ছন্দের সমৃদ্ধার্থ অভিজ্ঞেয়, ছন্দের অধিমোক্ষার্থ অভিজ্ঞেয়, ছন্দের উদ্যমার্থ অভিজ্ঞেয়, ছন্দের উপস্থানার্থ অভিজ্ঞেয়, ছন্দের অবিক্ষেপার্থ অভিজ্ঞেয়, ছন্দের দর্শনার্থ অভিজ্ঞেয়।

বীর্যার্থ অভিজ্ঞেয়, বীর্যের মূলার্থ অভিজ্ঞেয়, বীর্যের পাদার্থ অভিজ্ঞেয়, বীর্যের প্রধানার্থ অভিজ্ঞেয়, বীর্যের সমৃদ্ধার্থ অভিজ্ঞেয়, বীর্যের অধিমোক্ষার্থ

Visit: http://www.buddhistdownload.com

অভিজ্ঞেয়, বীর্যের উদ্যমার্থ অভিজ্ঞেয়, বীর্যের উপস্থানার্থ অভিজ্ঞেয়, বীর্যের অবিক্ষেপার্থ অভিজ্ঞেয়, বীর্যের দর্শনার্থ অভিজ্ঞেয়।

চিত্তার্থ অভিজ্ঞেয়, চিত্তের মূলার্থ অভিজ্ঞেয়, চিত্তের পাদার্থ অভিজ্ঞেয়, চিত্তের প্রধানার্থ অভিজ্ঞেয়, চিত্তের সমৃদ্ধার্থ অভিজ্ঞেয়, চিত্তের অধিমোক্ষার্থ অভিজ্ঞেয়, চিত্তের উদ্যমার্থ অভিজ্ঞেয়, চিত্তের উপস্থাপনার্থ অভিজ্ঞেয়, চিত্তের অবিক্ষেপার্থ অভিজ্ঞেয়, চিত্তের দর্শনার্থ অভিজ্ঞেয়।

মীমাংসার্থ অভিজ্ঞেয়, মীমাংসার মূলার্থ অভিজ্ঞেয়, মীমাংসার পাদার্থ অভিজ্ঞেয়, মীমাংসার প্রধানার্থ অভিজ্ঞেয়, মীমাংসার সমৃদ্ধার্থ অভিজ্ঞেয়, মীমাংসার অধিমোক্ষার্থ অভিজ্ঞেয়, মীমাংসার উদ্যমার্থ অভিজ্ঞেয়, মীমাংসার উপস্থাপনার্থ অভিজ্ঞেয়, মীমাংসার অবিক্ষেপার্থ অভিজ্ঞেয়, মীমাংসার দর্শনার্থ অভিজ্ঞেয়।

১৭। দুঃখার্থ অভিজ্ঞেয়, দুঃখের পীড়নার্থ অভিজ্ঞেয়, দুঃখের সঙ্খতার্থ অভিজ্ঞেয়, দুঃখের সন্তাপার্থ অভিজ্ঞেয়, দুঃখের বিপরিনামার্থ অভিজ্ঞেয়। সমুদয়ার্থ অভিজ্ঞেয়, সমুদয়ের আয়ুহনা বা আসক্তি অর্থ অভিজ্ঞেয়, সমুদয়ের নিদানার্থ অভিজ্ঞেয়, সমুদয়ের সংযোগার্থ অভিজ্ঞেয়, সমুদয়ের প্রতিবন্ধকার্থ অভিজ্ঞেয়। নিরোধার্থ অভিজ্ঞেয়, নিরোধের নিঃসরণার্থ অভিজ্ঞেয়, নিরোধের বিবেকার্থ অভিজ্ঞেয়, নিরোধের অসঙ্খতার্থ অভিজ্ঞেয়, নিরোধের অমৃতার্থ অভিজ্ঞেয়। মার্গার্থ অভিজ্ঞেয়, মার্গের নির্গমনার্থ অভিজ্ঞেয়, মার্গের হেত্বার্থ অভিজ্ঞেয়, মার্গের দর্শনার্থ অভিজ্ঞেয়, মার্গের আধিপত্যার্থ অভিজ্ঞেয়।

যথার্থ অভিজ্ঞেয়, অনাত্মার্থ অভিজ্ঞেয়, সত্যার্থ অভিজ্ঞেয়, প্রতিবেধ বা বিক্ষণতার্থ অভিজ্ঞেয়, অভিজ্ঞানার্থ অভিজ্ঞেয়, পরিজ্ঞানার্থ অভিজ্ঞেয়, ধর্মার্থ অভিজ্ঞেয়, ধাত্বার্থ অভিজ্ঞেয়, জ্ঞাতার্থ অভিজ্ঞেয়, সাক্ষাৎকরণার্থ অভিজ্ঞেয়, স্পর্শনার্থ অভিজ্ঞেয়, অভিসময়ার্থ অভিজ্ঞেয়।

১৮। নৈষ্ক্রম্য অভিজ্ঞেয়, অব্যাপাদ অভিজ্ঞেয়, আলোকসংজ্ঞা অভিজ্ঞেয়, অবিক্ষেপ অভিজ্ঞেয়, ধর্মবিশ্লেষণ অভিজ্ঞেয়, জ্ঞান অভিজ্ঞেয়, প্রমোদ্য অভিজ্ঞেয়।

Visit: http://www.buddhistdownload.com

প্রথমধ্যান অভিজ্ঞেয়, দ্বিতীয়ধ্যান অভিজ্ঞেয়, তৃতীয়ধ্যান অভিজ্ঞেয়, চতুর্থধ্যান অভিজ্ঞেয়। আকাশানন্তায়তন সমাপত্তি অভিজ্ঞেয়, বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি অভিজ্ঞেয়, আকিঞ্চনায়তন সমাপত্তি অভিজ্ঞেয়, নৈবসংজ্ঞা না-সংজ্ঞায়তন সমাপত্তি অভিজ্ঞেয়।

অনিত্যানুদর্শন অভিজ্ঞেয়, দুঃখানুদর্শন অভিজ্ঞেয়, অনাত্মানুদর্শন অভিজ্ঞেয়, নির্বেদানুদর্শন অভিজ্ঞেয়, বিরাগানুদর্শন অভিজ্ঞেয়, নিরোধানুদর্শন অভিজ্ঞেয়, পরিত্যাগানুদর্শন অভিজ্ঞেয়, ক্ষয়ানুদর্শন অভিজ্ঞেয়, ব্যয়ানুদর্শন অভিজ্ঞেয়, বিপরিনামানুদর্শন অভিজ্ঞেয়, অনিমিত্তানুদর্শন অভিজ্ঞেয়, অপ্রণিহিতানুদর্শন অভিজ্ঞেয়, শূন্যতানুদর্শন অভিজ্ঞেয়, অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শন অভিজ্ঞেয়, যথাভূত জ্ঞানানুদর্শন অভিজ্ঞেয়, আদীনবানুদর্শন অভিজ্ঞেয়, মনযোগানুদর্শন অভিজ্ঞেয়, বিবর্তনানুদর্শন অভিজ্ঞেয়।

১৯। স্রোতাপত্তিমার্গ অভিজ্ঞেয়, স্রোতপত্তিফল সমাপত্তি অভিজ্ঞেয়, সকৃদাগামীমার্গ অভিজ্ঞেয়, সকৃদাগামীফল সমাপত্তি অভিজ্ঞেয়, অনাগামীমার্গ অভিজ্ঞেয়, অনাগামীফল সমাপত্তি অভিজ্ঞেয়, অরহতমার্গ অভিজ্ঞেয়, অরহতফল সমাপত্তি অভিজ্ঞেয়।

অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় অভিজ্ঞেয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় অভিজ্ঞেয়, উপস্থাপনার্থে স্মৃতিন্দ্রিয় অভিজ্ঞেয়, অবিক্ষেপার্থে সমাধিন্দ্রিয় অভিজ্ঞেয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় অভিজ্ঞেয়, অশ্রদ্ধায় অকম্পিতার্থে শ্রদ্ধাবল অভিজ্ঞেয়, উৎসাহহীনতায় অকম্পিতার্থে বীর্যবল অভিজ্ঞেয়, প্রমাদে অকম্পিতার্থে স্মৃতিবল অভিজ্ঞেয়, চঞ্চলতায় অকম্পিতার্থে সমাধিবল অভিজ্ঞেয়, অবিদ্যায় অকম্পিতার্থে প্রজ্ঞাবল অভিজ্ঞেয়, উপস্থাপনে অকম্পিতার্থে স্মৃতি সম্বোধ্যঙ্গ অভিজ্ঞেয়, জ্ঞাতার্থে ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ অভিজ্ঞেয়, উদ্যমার্থে বীর্য সম্বোধ্যঙ্গ অভিজ্ঞেয়, স্ফুরণার্থে প্রীতি সম্বোধ্যঙ্গ অভিজ্ঞেয়, উপশমার্থে প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ অভিজ্ঞেয়, অবিক্ষেপার্থে সমাধি সম্বোধ্যঙ্গ অভিজ্ঞেয়, বিবেচনার্থে উপেক্ষা সম্বোধ্যঙ্গ অভিজ্ঞেয়।

দর্শনার্থে সম্যকদৃষ্টি অভিজ্ঞেয়, অভিনিরোপনার্থে (চিত্তের আলম্বনারোপ) সম্যকসংকল্প অভিজ্ঞেয়, পরিগ্রহার্থে সম্যকবাক্য অভিজ্ঞেয়,

Visit: http://www.buddhistdownload.com

সমুত্থানার্থে সম্যককর্ম অভিজ্ঞেয়, পরিশুদ্ধার্থে সম্যকজীবিকা অভিজ্ঞেয়, উদ্যমার্থে সম্যকব্যায়াম অভিজ্ঞেয়, উপস্থাপনার্থে সম্যকস্মৃতি অভিজ্ঞেয়, অধিক্ষেপার্থে সম্যকসমাধি অভিজ্ঞেয়।

অধিপ্রত্যয়ার্থে ইন্দ্রিয় অভিজ্ঞেয়, অকম্পিতার্থে বল ..., নির্গমনার্থে বোজ্ঝাঙ্গ ..., হেত্বার্থে মার্গ ..., উপস্থাপনার্থে স্মৃতিপস্থান ..., উদ্যমার্থে সম্যকপ্রধান ..., সমৃদ্ধার্থে ঋদ্ধিপাদ ..., প্রকৃতার্থে সত্য ..., অবিক্ষেপার্থে শমথ (উপশান্ত) ..., অনুদর্শনার্থে বিদর্শন .... একরসার্থে শমথ-বিদর্শন ..., অনতিক্রমার্থে যুগপৎ অভিজ্ঞেয়।

সংবরার্থে শীল-বিশুদ্ধি অভিজ্ঞেয়, অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধি ..., দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি ..., মুক্তার্থে বিমোক্ষ ..., প্রতিবেধার্থ বিদ্যা ..., পরিত্যাগার্থে বিমুক্তি ..., সমুচ্ছেদার্থ ক্ষয় জ্ঞান ..., প্রশমিতার্থে অনুৎপন্ন জ্ঞান অভিজ্ঞেয়।

২০। ছন্দ মূলার্থে অভিজ্ঞেয়, মনসিকার সমুত্থানার্থে ..., স্পর্শ সমোধানার্থে ..., সমাধি শ্রেষ্ঠার্থে ..., স্মৃতি অধিপত্যয়ার্থে ..., প্রজ্ঞা অতিশ্রেষ্ঠার্থে ..., বিমুক্তি সারার্থে অভিজ্ঞেয়।

যেসব ধর্ম অভিজ্ঞাত হয়, সেসব ধর্ম-ই জ্ঞাত। তা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজ্ঞাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "শ্রুতি অবধানে এসব ধর্ম অভিজ্ঞেয়, তা জ্ঞাত জ্ঞান-ই শ্রুতময় জ্ঞান।"

২১। কিরূপে "এসব ধর্ম পরিজ্ঞেয়," তা শ্রুতি অবধানে জ্ঞাত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান হয়?

এক ধর্ম পরিজ্ঞেয়– স্পর্শ। দুই ধর্ম পরিজ্ঞেয়– নাম ও রূপ। তিন ধর্ম পরিজ্ঞেয়– তিন প্রকার বেদনা। চার ধর্ম পরিজ্ঞেয়– চার প্রকার আহার। পঞ্চ ধর্ম পরিজ্ঞেয়– পঞ্চ উপাদান স্কন্ধ। ছয় ধর্ম পরিজ্ঞেয়- ছয় আধ্যাত্মিক আয়তন। সাত ধর্ম পরিজ্ঞেয়– সপ্ত বিজ্ঞান স্থিতি। আট ধর্ম পরিজ্ঞেয়, অষ্টলোকধর্ম। নয় ধর্ম পরিজ্ঞেয়– নয় সত্ত্বাবাস। দশ ধর্ম পরিজ্ঞেয়– দশ আয়তন।

"হে ভিক্ষুগণ! সবই পরিজ্ঞেয়। ভিক্ষুগণ! সেই সব পরিজ্ঞেয় কিরূপ? ভিক্ষুগণ, চক্ষু পরিজ্ঞেয়, রূপ ..., চক্ষু-বিজ্ঞান ..., চক্ষু সংস্পর্শ ..., চক্ষু

Visit: http://www.buddhistdownload.com

সংস্পর্শের কারণে উৎপন্ন যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা পরিজ্ঞেয়। শ্রোত্র পরিজ্ঞেয়, শব্দ ..., শ্রোত্র-বিজ্ঞান ..., শ্রোত্র সংস্পর্শ ..., শ্রোত্র সংস্পর্শের কারণে উৎপন্ন যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা পরিজ্ঞেয়। ঘ্রাণ পরিজ্ঞেয়, গন্ধ ..., ঘ্রাণ-বিজ্ঞান ..., ঘ্রাণ সংস্পর্শ ..., ঘ্রাণ সংস্পর্শের কারণে উৎপন্ন যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা পরিজ্ঞেয়। জিহ্বা পরিজ্ঞেয়, রস ..., জিহ্বা-বিজ্ঞান ..., জিহ্বা সংস্পর্শ ..., জিহ্বা সংস্পর্শের কারণে উৎপন্ন যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা পরিজ্ঞেয়। কায় পরিজ্ঞেয় ..., স্পর্শ ..., কায়-বিজ্ঞান ..., কায় সংস্পর্শ ..., কায় সংস্পর্শের কারণে উৎপন্ন যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা পরিজ্ঞেয়। মন পরিজ্ঞেয়, ধর্ম ..., মন-বিজ্ঞান ..., মন সংস্পর্শ ..., মন সংস্পর্শের কারণে উৎপন্ন যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি তা পরিজ্ঞেয়। রূপ পরিজ্ঞেয়, রূপ সমুদয় ..., রূপ নিরোধ ..., রূপ নিরোধগামিনী প্রতিপদা ...; রূপের আস্বাদ ..., রূপের আদীনব ..., রূপের নিঃসরণ পরিজ্ঞেয়। বেদনা পরিজ্ঞেয়, বেদনা সমুদয় ..., বেদনা নিরোধ ..., বেদনা নিরোধগামিনী প্রতিপদা ...; বেদনার আস্বাদ ..., বেদনার আদীনব ..., বেদনার নিঃসরণ পরিজ্ঞেয়। সংজ্ঞা পরিজ্ঞেয়, সংজ্ঞা সমুদয় ..., সংজ্ঞা নিরোধ ..., সংজ্ঞা নিরোধগামিনী প্রতিপদা ...; সংজ্ঞার আস্বাদ ..., সংজ্ঞার আদীনব ..., সংজ্ঞার নিঃসরণ পরিজ্ঞেয়। সংস্কার পরিজ্ঞেয়, সংস্কার সমুদয় ..., সংস্কার নিরোধ, সংস্কার নিরোধগামিনী প্রতিপদা ...; সংস্কারের আস্বাদ ..., সংস্কারের আদীনব ..., সংস্কারের নিঃসরণ পরিজ্ঞেয়। বিজ্ঞান পরিজ্ঞেয়, বিজ্ঞান সমুদয় ..., বিজ্ঞান নিরোধ ..., বিজ্ঞান নিরোধগামিনী প্রতিপদা ...; বিজ্ঞানের আস্বাদ ..., বিজ্ঞানের আদীনব ..., বিজ্ঞানের নিঃসরণ পরিজ্ঞেয়। চক্ষু পরিজ্ঞেয়, চক্ষু সমুদয় ..., চক্ষু নিরোধ ..., চক্ষু নিরোধগামিনী প্রদিপদা ...; চক্ষুর আস্বাদ ..., চক্ষুর আদীনব ..., চক্ষুর নিঃসরণ পরিজ্ঞেয়। জরামরণ পরিজ্ঞেয়, জরামরণ সমুদয় ..., জরামরণ নিরোধ ..., জরামরণ নিরোধগামিনী প্রতিপদা ...; জরামরণের আস্বাদ ..., জরামরণের আদীনব ..., জরামরণের নিঃসরণ পরিজ্ঞেয়। অমৃতময় নির্বাণ

Visit: http://www.buddhistdownload.com

পর্যবসনার্থে পরিজ্ঞেয়। চেষ্টাশীল ব্যক্তি যেসব ধর্ম প্রতিলাভের জন্য প্রচেষ্টা করে, তার সেসব ধর্ম প্রতিলব্ধ হয়। এরূপে তার সেসব ধর্ম পরিজ্ঞাতও হয় পরিচিতও হয়।

২২। নৈষ্ক্রম্য প্রতিলাভের জন্য চেষ্টাশীল ব্যক্তির নৈষ্ক্রম্য প্রতিলব্ধ হয়। এভাবে তার সেসব ধর্ম পরিজ্ঞেয় হয় ও পরিচিত হয়। অব্যাপাদ প্রতিলাভের জন্য চেষ্টাশীল ব্যক্তির অব্যাপাদ প্রতিলব্ধ হয়। এভাবে তার সেসব ধর্ম পরিজ্ঞাত হয় ও পরিচিত হয়। আলোক সংজ্ঞা ... হয়। অবিক্ষেপ ... হয়। ধর্ম ব্যবস্থাপন ... হয়। জ্ঞান ... হয়। প্রমোদ্য ... হয়।

প্রথমধ্যান প্রতিলাভের জন্য চেষ্টাশীল ব্যক্তির প্রথমধ্যান প্রতিলব্ধ হয়। এভাবে সেসব ধর্ম পরিজ্ঞাত ও পরিচিত হয়। দ্বিতীয়ধ্যান ... হয়। তৃতীয়ধ্যান ... হয়। চতুর্থধ্যান ... হয়। আকাশানন্তায়তন সমাপত্তি ... হয়। আকিঞ্চনায়তন সমাপত্তি ... হয়। নৈব সংজ্ঞা না-সংজ্ঞায়তন সমাপত্তি ... হয়।

অনিত্যানুদর্শন প্রতিলাভের জন্য চেষ্টাশীল ব্যক্তির অনিত্যানুদর্শন প্রতিলব্ধ হয়। এভাবে সেসব ধর্ম পরিজ্ঞাত ও পরিচিত হয়। দুঃখানুদর্শন ... হয়। অনাত্মানুদর্শন ... হয়। নির্বেদানুদর্শন ... হয়। বিরাগানুদর্শন ... হয়। নিরোধানুদর্শন ... হয়। পরিত্যাগানুদর্শ ... হয়। ক্ষয়ানুদর্শন ... হয়। বিপরিনামানুদর্শন ... হয়। অনিমিত্তানুদর্শন ... হয়। অপ্রণিহিতানুদর্শন ... হয়। শূন্যতানুদর্শন ... হয়।

অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শন প্রতিলাভের জন্য চেষ্টাশীল ব্যক্তির অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শন প্রতিলব্ধ হয়। এভাবে সেসব ধর্ম পরিজ্ঞেয় ও পরিচিত হয়। যথাভূত জ্ঞান দর্শন ... হয়। আদীনবানুদর্শন ... হয়। প্রতিসংখ্যানুদর্শন ... হয়। বিবর্তনানু দর্শন ... হয়।

স্রোতাপত্তি মার্গ প্রতিলাভের জন্য চেষ্টাশীল ব্যক্তির স্রোতাপত্তি মার্গ প্রতিলব্ধ হয়। এরূপে তার সেসব ধর্ম পরিজ্ঞাত ও পরিচিত হয়। সকৃদাগামী মার্গ ... হয়। অনাগামী মার্গ ... হয়। অরহত্ব মার্গ ... হয়।

চেষ্টাশীল ব্যক্তির যেসব ধর্ম প্রতিলাভের জন্য প্রচেষ্টা করে, তার সেসব ধর্ম প্রতিলব্ধ হয়। এরূপে তার সেসব ধর্ম পরিজ্ঞাত ও পরিচিত

Visit: http://www.buddhistdownload.com

হয়। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "এসব ধর্ম পরিজ্ঞেয় তা শ্রোত্রাবধানে জ্ঞাত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান।"

২৩। "এসব ধর্ম পরিহারতব্য" তা শ্রুতি অবধানে জ্ঞাত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান কিরূপ?

এক ধর্ম পরিহারতব্য– আত্মাভিমান ('আমি, আমি' বলে অহংকার) দুই পরিহারতব্য– অবিদ্যা ও ভব তৃষ্ণা। তিন ধর্ম পরিহারতব্য– ত্রিবিধ তৃষ্ণা। চার ধর্ম পরিহারতব্য– চারি প্রকার ওঘ। পাঁচ ধর্ম পরিহারতব্য– পঞ্চ নীবরণ। ছয় ধর্ম পরিহারতব্য– ছয় প্রকার [১]তৃষ্ণাকায়। সাত ধর্ম পরিহারতব্য– সপ্ত অনুশয়। আট ধর্ম পরিহারতব্য– আট [২]প্রকার মিথ্যা বা ভ্রান্তধারণা। নয় ধর্ম পরিহারতব্য– নয় প্রকার [৩]তৃষ্ণামূলক ধর্ম বা স্বভাব। দশ ধর্ম পরিহারতব্য– দশপ্রকার [৪]ভ্রান্তধারণা।

২৪। প্রহান বা প্রহীন দুই প্রকার যথা– সমুচ্ছেদ প্রহীন ও প্রতিপ্রশ্রদ্ধি বা প্রশান্তি প্রহীন। লোকোত্তর ক্ষয়ীগামী মার্গ ভাবনা দ্বারা সমুচ্ছেদ প্রহীন এবং ফলক্ষণে প্রশান্তি প্রহীন হয়। প্রহীন তিন প্রকার, যথা– কামসমূহের নিঃসরণ, যেমন– অরূপ্য (অরূপ ব্রহ্মলোকের সত্ত্ব); যা কিছু ভূত, সংস্কৃত, প্রতীত্য সমুৎপন্ন, তার নিঃসরণ এবং নিরোধ। নৈষ্ক্রম্য প্রতিলব্ধ ব্যক্তির কাম প্রহীন হয় এবং পরিত্যক্ত হয়। অরূপ্য প্রতিলব্ধ ব্যক্তির রূপ প্রহীন হয় এবং পরিত্যক্ত হয়। নিরোধ প্রতিলব্ধ ব্যক্তির সংস্কার প্রহীন হয় এবং পরিত্যক্ত হয়। প্রহীন চার প্রকার, যথা– পরিজ্ঞান প্রতিবেধ দুঃখসত্যকে উপলব্ধি করে পরিত্যাগ করে। প্রহীন প্রতিবেধ সমুদয় সত্যকে উপলব্ধি

---

[১]। রূপ তৃষ্ণা, শব্দ তৃষ্ণা, গন্ধ তৃষ্ণা, রস তৃষ্ণা ও ধর্ম তৃষ্ণা– এসব তৃষ্ণাকায়।

[২]। মিথ্যাদৃষ্টি, মিথ্যাসংকল্প, মিথ্যাবাক্য, মিথ্যাকর্মান্ত, মিথ্যাআজীব, মিথ্যাব্যায়াম, মিথ্যাস্মৃতি, মিথ্যাসমাধি।

[৩]। অবিদ্যা, তৃষ্ণা, লোভ, দ্বেষ, মোহ, অশুভে শুভ সংজ্ঞা, দুঃখে সুখ সংজ্ঞা, অনিত্যে নিত্য সংজ্ঞা এবং অনাত্মে আত্ম সংজ্ঞা। এই নয়টিকে দুঃখোৎপত্তির কারণও বলা হয়।

[৪]। মিথ্যাদৃষ্টি, মিথ্যাসংকল্প, মিথ্যাবাক্য, মিথ্যাকর্মান্তি, মিথ্যাআজীব, মিথ্যাব্যায়াম, মিথ্যাস্মৃতি, মিথ্যাসমাধি, মিথ্যাজ্ঞান, মিথ্যাবিমুক্তি।

Visit: http://www.buddhistdownload.com

করে পরিত্যাগ করে। সাক্ষাৎকরণ প্রতিবেধ নিরোধ সত্যকে উপলব্ধি করে পরিত্যাগ করে। ভাবনা প্রতিবেধ মার্গসত্যকে উপলব্ধি করে পরিত্যাগ করে। আবার, প্রহীন পাঁচ প্রকার, যথা– বিষ্কম্ভণ প্রহীন, তদঙ্গ প্রহীন, সমুচ্ছেদ প্রহীন, প্রতিপ্রশ্রব্ধি প্রহীন এবং নিঃসরণ প্রহীন। প্রথমধ্যান ভাবনার দ্বারা নিবরণসমূহের বিষ্কম্ভণ প্রহীন হয়। নির্বেদভাগীয় সমাধি ভাবনার দ্বারা দৃষ্টিগতসমূহের তদঙ্গ প্রহীন হয়। লোকোত্তর ক্ষয়গামী মার্গ ভাবনার দ্বারা সমুচ্ছেদ প্রহীন হয়। ফলক্ষণে প্রতিপ্রশব্ধি প্রহীন হয় এবং নির্বাণ নিরোধেই নিঃসরণ প্রহীন হয়।

হে ভিক্ষুগণ! সবই পরিহারতব্য। সব পরিহারতব্য কি? ভিক্ষুগণ! চক্ষু পরিহারতব্য, রূপ পরিহারতব্য, চক্ষু-বিজ্ঞান পরিহারতব্য, চক্ষু সংস্পর্শ পরিহারতব্য। যেমন– চক্ষু সংস্পর্শের প্রত্যয়ে বেদয়িত যেই সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি উৎপন্ন হয়, তাও পরিহারতব্য। শ্রোত্র পরিহারতব্য, শব্দ পরিহারতব্য, শ্রোত্র-বিজ্ঞান পরিহারতব্য, শ্রোত্র সংস্পর্শ পরিহারতব্য। যেমন– শ্রোত্র সংস্পর্শের প্রত্যয়ে বেদয়িত সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি উৎপন্ন হয়, তাও পরিহারতব্য। ঘ্রাণ পরিহারতব্য, গন্ধ পরিহারতব্য, ঘ্রাণ-বিজ্ঞান পরিহারতব্য, ঘ্রাণ সংস্পর্শ পরিহারতব্য। যেমন– ঘ্রাণ সংস্পর্শের প্রত্যয়ে বেদয়িত সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি উৎপন্ন হয়, তাও পরিহারতব্য। জিহ্বা পরিহারতব্য, রস পরিহারতব্য, জিহ্বা-বিজ্ঞান পরিহারতব্য, জিহ্বা সংস্পর্শ পরিহারতব্য। যেমন– জিহ্বা সংস্পর্শের প্রত্যয়ে বেদয়িত যেই সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি উৎপন্ন হয়, তাও পরিহারতব্য। কায় পরিহারতব্য, স্পর্শ পরিহারতব্য, কায়-বিজ্ঞান পরিহারতব্য, কায় সংস্পর্শ পরিহারতব্য। যেমন– কায় সংস্পর্শের প্রত্যয়ে বেদয়িত যেই সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি উৎপন্ন হয়, তাও পরিহারতব্য। মন পরিহারতব্য, ধর্ম (মনোগোচর বিষয়) পরিহারতব্য, মন-বিজ্ঞান পরিহারতব্য, মন সংস্পর্শ পরিহারতব্য। যেমন– মন সংস্পর্শ প্রত্যয়ে বেদয়িত যেই সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি উৎপন্ন হয়, তাও পরিহারতব্য।

Visit: http://www.buddhistdownload.com

রূপকে দর্শনকালে পরিত্যাগ করে, বেদনাকে দর্শনকালে পরিত্যাগ করে, সংজ্ঞাকে দর্শনকালে পরিত্যাগ করে, সংস্কারকে দর্শনকালে পরিত্যাগ করে, বিজ্ঞানকে দর্শনকালে পরিত্যাগ করে, চক্ষুকে দর্শনকালে পরিত্যাগ করে, জরা-মরণকে দর্শনকালে পরিত্যাগ করে, অমৃতময় নির্বাণকে পর্যাবসানার্থের দ্বারা দর্শনকালে পরিত্যাগ করে। যেসব ধর্ম প্রহীন হয়, সেসব ধর্ম পরিত্যক্ত হয়। তা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "এসব ধর্ম শ্রুতি অবধারণ দ্বারা পরিহারতব্য, তা সেই প্রজানন জনিত প্রজ্ঞাই শ্রুতময় জ্ঞান।"

তৃতীয় পরিচ্ছেদ সমাপ্ত।

২৫। "এসব ধর্ম ভাবিতব্য" তা শ্রুতি অবধারণ দ্বারা প্রজানন জনিত শ্রোত্রাবধানে জ্ঞাত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান কিরূপ?

এক ধর্ম ভাবিতব্য, যথা– দুঃখমুক্তির ইচ্ছা সহগত কায়গতানুস্মৃতি। দুই ধর্ম ভাবিতব্য, যথা– শমথ ও বিদর্শন। তিন ধর্ম ভাবিতব্য, যথা– [১]ত্রিবিধ সমাধি। চার ধর্ম ভাবিতব্য, যথা– চারি স্মৃতিপ্রস্থান। পাঁচ ধর্ম ভাবিতব্য, যথা– [২]পঞ্চাঙ্গিক সমাধি। ছয় ধর্ম ভাবিতব্য, যথা– সপ্ত বোধাঙ্গ। আট ধর্ম ভাবিতব্য, যথা– আর্য অষ্টাঙ্গিক মার্গ। নয় ধর্ম ভাবিতব্য, যথা– নয় প্রকার পরিশুদ্ধি [৩]প্রধান অঙ্গ। দশ ধর্ম ভাবিতব্য, যথা–. দশ প্রকার কৃৎস্নায়তন।

২৬। ভাবনা দুই প্রকার, যথা– লৌকিক ভাবনা ও লোকোত্তর ভাবনা। ভাবনা তিন প্রকার, যথা– রূপাবচর কুশল ধর্মসমূহের ভাবনা, অরূপাবচর কুশল ধর্মসমূহের ভাবনা এবং তিন আবর্ত হতে মুক্ত হতে কুশল ধর্মসমূহের ভাবনা। রূপাবচর কুশল ধর্মসমূহের ভাবনা নিম্নস্তরেরও আছে,

---

[১]। শূন্যতা সামাধি, অপ্রণিহিত সমাধি ও অনিমিত্ত সমাধি।

[২]। পঞ্চ ধ্যানিক অঙ্গ, যথা– বিতর্ক, বিচার, প্রীতি, সুখ, একাগ্রতা।

[৩]। শীল, চিত্ত, দৃষ্টি, বিমুক্তি, কঙ্খা উত্তরণ, মার্গামার্গ জ্ঞান, প্রতিপ্রদ জ্ঞানদর্শন, জ্ঞানদর্শন, প্রজ্ঞা– এই নয়টি গুণকে "পরিশুদ্ধ পধানিযঙ্গানি" বলা হয়। (দী.নি)

Visit: http://www.buddhistdownload.com

মধ্যমও আছে, উৎকৃষ্টও আছে। তবে অপরিয়াপন্ন কুশল ধর্মসমূহের ভাবনা কেবল উৎকৃষ্টই হয়ে থাকে।

২৭। ভাবনা চার প্রকার, যথা– দুঃখসত্যকে পরিজ্ঞান দ্বারা প্রতিভেদ করে এবং ভাবিত করে। প্রহীন প্রতিবেধ সমুদয় সত্যকে পরিজ্ঞান দ্বারা প্রতিভেদ করে এবং ভাবিত করে। সাক্ষাৎকরণ প্রতিবেধ নিরোধ সত্যকে পরিজ্ঞান দ্বারা প্রতিভেদ করে এবং ভাবিত করে। ভাবনা প্রতিবেধ মার্গসত্যকে পরিজ্ঞান দ্বারা প্রতিভেদ করে এবং ভাবিত করে। এগুলোই চার প্রকার ভাবনা।

আবার, ভাবনা চার প্রকার, যথা– এষণা ভাবনা, প্রতিলাভ ভাবনা, একরস ভাবনা এবং আসেবন ভাবনা।

এষণা ভাবনা কিরূপ? সমাধি সমাপন্ন সকলের নিকটে জাতধর্মসমূহ একরস হয়ে থাকে– এটাই এষণা ভাবনা।

প্রতিলাভ ভাবনা কিরূপ? সমাধি সমাপন্ন সকলের তত্রজাত ধর্মসমূহের পরস্পরকে অতিক্রম করে না– এটা প্রতিলাভ ভাবনা।

একরস ভাবনা কিরূপ? অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় ভাবনাকালে শ্রদ্ধেন্দ্রিয়বশে চার প্রকার [১]ইন্দ্রিয় এক রসসম্পন্ন হয়– এটা ইন্দ্রিয়সমূহের একরসার্থক ভাবনা। উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় ভাবনাকালে বীর্যেন্দ্রিয়বশে চার প্রকার ইন্দ্রিয় একরস হয়– এটা ইন্দ্রিয় সমূহের এক রসার্থে ভাবনা। উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় ভাবনাকালে স্মৃতীন্দ্রিয়বশে চার প্রকার ইন্দ্রিয় এক রসসম্পন্ন হয়– এটা ইন্দ্রিয়সমূহের এক রসার্থে ভাবনা। অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় ভাবনাকালে সমাধীন্দ্রিয়বশে চার প্রকার ইন্দ্রিয় একরস সম্পন্ন হয়– এটি ইন্দ্রিয়সমূহের এক রসার্থে ভাবনা। দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় ভাবনাকালে প্রজ্ঞেন্দ্রিয়বশে চার প্রকার ইন্দ্রিয় এক রসসম্পন্ন হয়– এটা ইন্দ্রিয়সমূহের এক রসার্থে ভাবনা।

---

[১]। সংযত ইন্দ্রিয়, গুপ্ত ইন্দ্রিয়, সমাহিত ইন্দ্রিয়, সুসমাহিত ইন্দ্রিয়।

Visit: http://www.buddhistdownload.com

অশ্রদ্ধায় অকম্পিতার্থে শ্রদ্ধাবল ভাবনাকালে শ্রদ্ধাবলবশে চার প্রকার [১]বল এক রসসম্পন্ন হয়– এটা বলসমূহের এক রসার্থে ভাবনা। আলস্যে অকম্পিতার্থে বীর্যবল ভাবনাকালে বীর্যবলবশে চার প্রকার বল এক রসসম্পন্ন হয়– এটা বলসমূহের এক রসার্থে ভাবনা। প্রমাদে অকম্পিতার্থে স্মৃতিবল ভাবনাকালে স্মৃতিবলবশে চার প্রকার বল এক রসসম্পন্ন হয়– এটা বলসমূহের এক রসার্থে ভাবনা। ঔদ্ধত্যে অকম্পিতার্থে সমাধিবল ভাবনাকালে সমাধিবলবশে চার প্রকার বল একরস সম্পন্ন হয়– এটা বলসমূহের এক রসার্থে ভাবনা। অবিদ্যায় অকম্পিতার্থে প্রজ্ঞাবল ভাবনাকালে প্রজ্ঞাবলবশে চার প্রকার বল এক রসসম্পন্ন হয়– এটা বলসমূহের এক রসার্থে ভাবনা।

উপস্থপানার্থে স্মৃতি সম্বোধ্যঙ্গ ভাবনাকালে স্মৃতি সম্বোধ্যঙ্গবশে ছয় প্রকার বোধ্যঙ্গ এক রসসম্পন্ন হয়– এটা বোধ্যঙ্গসমূহের এক রসার্থে ভাবনা। পরীক্ষার্থে ধর্ম-বিচার সম্বোধ্যঙ্গ ভাবনাকালে ধর্ম-বিচার সম্বোধ্যঙ্গবশে ছয় প্রকার বোধ্যঙ্গ এক রসসম্পন্ন হয়– এটা বোধ্যঙ্গসমূহের এক রসার্থে ভাবনা। উদ্যমার্থে বীর্য সম্বোধ্যঙ্গ ভাবনাকালে বীর্য সম্বোধ্যঙ্গবশে ছয় প্রকার বোধ্যঙ্গ এক রসসম্পন্ন হয়– এটা বোধ্যঙ্গসমূহের এক রসার্থে ভাবনা। স্ফূরণার্থে প্রীতি সম্বোধ্যঙ্গ ভাবনাকালে প্রীতি সম্বোধ্যঙ্গবশে ছয় প্রকার বোধ্যঙ্গ এক রসসম্পন্ন হয়– এটা বোধ্যঙ্গসমূহের এক রসার্থে ভাবনা। উপশমার্থে প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ ভাবনাকালে প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গবশে ছয় প্রকার বোধ্যঙ্গ এক রসসম্পন্ন হয়– এটা বোধ্যঙ্গসমূহের এক রসার্থে ভাবনা। অবিক্ষেপার্থে সমাধি সম্বোধ্যঙ্গ ভাবনাকালে সমাধি সম্বোধ্যঙ্গবশে ছয় প্রকার বোধ্যঙ্গ এক রসসম্পন্ন হয়– এটা বোধ্যঙ্গসমূহের এক রসার্থে ভাবনা। মনোযোগার্থে উপেক্ষা সম্বোধ্যঙ্গ ভাবনাকালে উপেক্ষা সম্বোধ্যঙ্গবশে ছয় প্রকার বোধ্যঙ্গ এক রসসম্পন্ন হয়– এটা বোধ্যঙ্গসমূহের এক রসার্থে ভাবনা।

---

[১]। পটিসঙ্খার (সংশোধনকরণ) বল, ভাবনা বল, অনবদ্য বল, সংযত বা দমন বল।

Visit: http://www.buddhistdownload.com

দর্শনার্থে সম্যকদৃষ্টি ভাবনাকালে সম্যকদৃষ্টিবশে সপ্ত মার্গাঙ্গ এক রসসম্পন্ন হয়– এটা মার্গসমূহের এক রসার্থে ভাবনা। অভিনিরুপণার্থে সম্যকসংকল্প ভাবনাকালে সম্যকসংকল্পবশে সপ্ত মার্গাঙ্গ এক রসসম্পন্ন হয়– এটা মার্গসমূহের এক রসার্থে ভাবনা পরিগ্রহার্থে সম্যকবাক্য ভাবনাকালে সম্যকবাক্য বলে সপ্ত ... ভাবনা। সমুত্থানার্থে সম্যককর্ম ভাবনাকালে সম্যককর্মবশে সপ্ত ... ভাবনা। বিশুদ্ধার্থে সম্যকআজীব ভাবনাকালে সম্যকআজীববশে সপ্ত ... ভাবনা। উদ্যমার্থে সম্যকব্যায়াম ভাবনাকালে সম্যকব্যায়ামবশে সপ্ত ... ভাবনা। উপস্থাপনার্থে সম্যকস্মৃতি ভাবনাকালে সম্যকস্মৃতিবশে সপ্ত ... ভাবনা। অবিক্ষেপার্থে সম্যকসমাধি ভাবনাকালে সম্যকসমাধিবশে সপ্ত ... ভাবনা এটা একরস ভাবনা।

[১]আসেবন ভাবনা কিরূপ? এখানে ভিক্ষু পূর্বাহ্ন সময়ে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে, মধ্যাহ্ন সময়ে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে, সায়াহ্ন সময়ে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে; আহারের আগে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে, আহারে পরে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে; রাতের প্রথম যামে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে, রাতের মধ্যম যামে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে, রাতের শেষ যামে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে; দিনে ও রাতে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে; কৃষ্ণপক্ষ ও শুক্লপক্ষে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে; বর্ষকালে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে, হেমন্তকালে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে, গ্রীষ্মকালে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে; (জীবনের) প্রথম বয়সে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে, মধ্য বয়সে বশীপ্রাপ্ত সমাধিকে পুনঃপুন অভ্যাস করে, শেষ বয়সে বশীপ্রাপ্ত সমাধিকে পুনপুন অভ্যাস করে, ভাবনা করে– এটা আসেবন ভাবনা। এটাই চার প্রকার ভাবনা।

---

[১]। আসেবন শব্দের অর্থ হচ্ছে বশীপ্রাপ্ত সমাধিকে পুনপুন করা।

Visit: http://www.buddhistdownload.com

২৮। আরো চার প্রকার ভাবনা রয়েছে। যথা– তত্রজাত ধর্মসমূহের অনতিক্রমার্থে ভাবনা, ইন্দ্রিয়সমূহের এক রসার্থে ভাবনা, সেই ক্ষণে বীর্যবাহনার্থে ভাবনা, আসেবনার্থে ভাবনা।

তথায় জাত ধর্মসমূহের অনতিক্রমার্থে ভাবনা কি? কামচ্ছন্দ ত্যাগ করে নৈষ্ক্রম্যবশে জাত ধর্মাদি পরস্পরকে অতিক্রম করে না– সে কারণে জাত ধর্মসমূহের অনতিক্রমার্থে ভাবনা। ব্যাপাদ ত্যাগ করে অব্যাপাদবশে জাত ... ভাবনা। তন্দ্রালস্য ত্যাগ করে আলোকসংজ্ঞাবশে জাত ... ভাবনা। ঔদ্ধত্য বা চঞ্চলতা ত্যাগ করে অবিক্ষেপবশে জাত ... ভাবনা। বিচিকিৎসা বা সন্দেহ ত্যাগ করে পুনঃপুন ধর্ম-বিচারবশে জাত ... ভাবনা। অবিদ্যা ত্যাগ করে জ্ঞানবশে জাত ... ভাবনা। নিরানন্দ ত্যাগ করে প্রমোদ্যবশে জাত ... ভাবনা। নীবরণ ত্যাগ করে প্রথমধ্যানবশে জাত ... ভাবনা। বিতর্ক বিচার ত্যাগ করে দ্বিতীয়ধ্যানবশে জাত ... ভাবনা। প্রীতি ত্যাগ করে তৃতীয়ধ্যানবশে জাত ... ভাবনা। সুখ-দুঃখ ত্যাগ করে চতুর্থধ্যানবশে জাত ... ভাবনা।

রূপসংজ্ঞা, প্রতিঘসংজ্ঞা এবং নানাত্বসংজ্ঞা ত্যাগ করে আকাশানন্ত্যায়তন সমাপত্তিবশে জাত ... ভাবনা। আকাশানন্ত্যায়তন সংজ্ঞা ত্যাগ করে বিজ্ঞানন্ত্যায়তন সমাপত্তিবশে জাত ... ভাবনা। বিজ্ঞানন্ত্যায়তন সংজ্ঞা ত্যাগ করে আকিঞ্চনায়তন সমাপত্তিবশে জাত ... ভাবনা। আকিঞ্চনায়তন সংজ্ঞা ত্যাগ করে নৈবসংজ্ঞা না-সংজ্ঞায়তনবশে জাত ... ভাবনা।

নিত্যসংজ্ঞা ত্যাগ করে অনিত্যানুদর্শনবশে জাত ... ভাবনা। সুখ সংজ্ঞা ত্যাগ করে দুঃখানুদর্শনবশে জাত ... ভাবনা। আত্মা সংজ্ঞা ত্যাগ করে অনাত্মানুদর্শনবশে জাত ... ভাবনা। আনন্দ ত্যাগ করে নির্বেদানুদর্শনবশে জাত ... ভাবনা। রাগ ত্যাগ করে বিরাগানুদর্শনবশে জাত ... ভাবনা। সমুদয় ত্যাগ করে নিরোধানুদর্শনবশে জাত ... ভাবনা। আসক্তি ত্যাগ করে পরিত্যাগানুদর্শনবশে জাত ... ভাবনা। ঘন বা স্থায়ী সংজ্ঞা ত্যাগ করে ক্ষয়ানুদর্শনবশে জাত ... ভাবনা। আয়ুহন ত্যাগ করে ব্যয়ানুদর্শনবশে জাত ... ভাবনা। ধ্রুব সংজ্ঞা ত্যাগ করে

Visit: http://www.buddhistdownload.com

বিপরিণামানুদর্শনবশে জাত ... ভাবনা। নিমিত্ত ত্যাগ করে আনিমিত্তানুদর্শনবশে জাত ... ভাবনা। প্রণিধি ত্যাগ করে অপ্রণিহিতানুদর্শনবশে জাত ... ভাবনা। অভিনিবেশ ত্যাগ করে শূন্যতানুদর্শনবশে জাত ... ভাবনা। সার বা মূলসত্যহীনতানিবেশ ত্যাগ করে অধিপ্রজ্ঞা বিদর্শনবশে জাত ... ভাবনা। সম্মোহাভিনিবেশ ত্যাগ করে আদীনবানুদর্শনবশে জাত ... ভাবনা। অমনোযোগ ত্যাগ করে মনোযোগদর্শনবশে জাত ... ভাবনা। সংযোগাভিনিবেশ ত্যাগ করে নিবর্তনানুদর্শনবশে জাত ... ভাবনা. মিথ্যাদৃষ্টি জাত ক্লেশসমূহ ত্যাগ করে স্রোতাপত্তিমার্গবশে জাত ... ভাবনা। স্থূল (ইন্দ্রিয় পরায়ণজাত) ক্লেশসমূহ ত্যাগ করে সকৃদাগামী মার্গবশে জাত ... ভাবনা। অনুসহগত (সূক্ষ্ম) ক্লেশসমূহ ত্যাগ করে অনাগামী মার্গবশে জাত ... ভাবনা। সমস্ত ক্লেশ ত্যাগ করে অরহত্ব মার্গবশে জাত ... ভাবনা। এভাবে জাত ধর্মসমূহের অনতিক্রমার্থে ভাবনা। হয়।

ইন্দ্রিয়সমূহের এক রসার্থে ভাবনা কিরূপ? কামচ্ছন্দ ত্যাগ করে নৈষ্ক্রম্যবশে পঞ্চিন্দ্রিয়ের একরস হয়– এটা ইন্দ্রিয়সমূহের এক রসার্থে ভাবনা। ব্যাপাদ ত্যাগ করে অব্যাপাদবশে পঞ্চিন্দ্রিয়ের একরস হয়- এটা ইন্দ্রিয়সমূহের এক রসার্থে ভাবনা। মিথ্যাদৃষ্টি জাত ক্লেশসমূহ ত্যাগ করে স্রোতাপত্তি মার্গবশে পঞ্চিন্দ্রিয় একরস হয়– এটা ইন্দ্রিয়সমূহের এক রসার্থে ভাবনা। স্থূল ক্লেশসমূহ ত্যাগ করে সকৃদাগামী মার্গবশে ... ভাবনা। সূক্ষ্ম ক্লেশসমূহ ত্যাগ করে অনাগামী মার্গবশে ... ভাবনা। সমস্ত ক্লেশ ত্যাগ করে অরহত্ব মার্গবশে ... ভাবনা এভাবে ইন্দ্রিয়সমূহের এক রসার্থে ভাবনা হয়।

সেই ক্ষণে বীর্যবাহনার্থ ভাবনা কিরূপ? কামচ্ছন্দ ত্যাগ করে নৈষ্ক্রম্যবশে বীর্য উৎপন্ন হয়– এটা সেক্ষণে বীর্যবাহনার্থ ভাবনা। ব্যাপাদ ত্যাগ করে অব্যাপাদবশে বীর্য উৎপন্ন হয়– এটা সেক্ষণে বীর্যবাহনার্থ ভাবনা। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ ত্যাগ করে স্রোতাপত্তি মার্গবশে বীর্য উৎপন্ন হয়– এটা সেক্ষণে বীর্যবাহনার্থ ভাবনা। স্থূল ক্লেশসমূহ ত্যাগ করে অনাগামী মার্গবশে ... ভাবনা। সমস্ত ক্লেশ ত্যাগ করে অরহত্ব মার্গবশে ...

Visit: http://www.buddhistdownload.com

ভাবনা। এভাবে সেক্ষণে বীর্যবাহনার্থ ভাবনা। হয়।

আসেবনার্থে ভাবনা কিরূপ? কামচ্ছন্দ ত্যাগ করে নৈষ্ক্রম্য অভ্যাস বা উপভোগ করে– এটা আসেবনার্থে ভাবনা। ব্যাপদ ত্যাগ করে আব্যাপাদ উপভোগ করে ... ভাবনা। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ ত্যাগ করে স্রোতাপত্তি মার্গ উপভোগ করে ... ভাবনা। স্থূল ক্লেশসমূহ ত্যাগ করে সকৃদাগামী মার্গ উপভোগ করে ... ভাবনা। সূক্ষ্ম ক্লেশসমূহ ত্যাগ করে অনাগামী মার্গ উপভোগ করে ... ভাবনা। সমস্ত ক্লেশ ত্যাগ করে অরহত্ব মার্গ উপভোগ করে ... ভাবনা। এভাবে আসেবনার্থে ভাবনা হয়।

এই চার প্রকার ভাবনা রূপ দর্শনকালে ভাবনা করে, বেদনা দর্শনকালে ভাবনা করে, সংজ্ঞা দর্শনকালে ভাবনা করে, সংস্কার দর্শনকালে ভাবনা করে, বিজ্ঞান দর্শনকালে ভাবনা করে, চক্ষু দর্শনকালে ভাবনা করে, জরামরণ দর্শনকালে ভাবনা করে, অমৃতময় নির্বাণ পর্যবসানার্থে দর্শনকালে ভাবনা করে। যেসব ধর্ম ভাবিত হয়, সেসব ধর্ম এক রস হয়। তা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "এসব ধর্ম ভাবিতব্য, তা শ্রুতি অবধানে জ্ঞাত প্রজ্ঞাই শ্রুতময় জ্ঞান।"

চতুর্থ পরিচ্ছেদ সমাপ্ত।

২৯। "এসব ধর্ম সাক্ষাৎতব্য" তা শ্রুতি অবধারণ দ্বারা প্রজানন জনিত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান কিরূপ?

এক ধর্ম সাক্ষাৎতব্য– অটল (অকুপ্প) চিত্তবিমুক্তি। দুই ধর্ম সাক্ষাৎতব্য– বিদ্যা ও বিমুক্তি। তিন ধর্ম সাক্ষাৎতব্য– ত্রিবিদ্যা[১]। চার ধর্ম সাক্ষাৎতব্য– চারি শ্রামণ্যফল। পঞ্চ ধর্ম সাক্ষাৎতব্য– পঞ্চ ধর্মস্কন্ধ। ছয় সাক্ষাৎতব্য– ছয় অভিজ্ঞা। সপ্ত ধর্ম সাক্ষাৎতব্য– সপ্ত[২] ক্ষীণাস্রব বল। আট

---

[১]। পূর্বনিবাস জ্ঞান, চ্যুতি-উৎপত্তি জ্ঞান, আস্রবক্ষয় জ্ঞান– এ জ্ঞানসমূহকে বলা হয় ত্রিবিদ্যা।

[২]। (১) ক্ষীণাস্রব ভিক্ষুর সর্ব সংস্কারের অনিত্যতা সম্যক প্রজ্ঞা দ্বারা যথারূপ সুদৃষ্ট হয়ে তাঁরা "আমার আস্রবসমূহ বিনষ্ট" এরূপ জ্ঞানে উপনীত হন (২)

Visit: http://www.buddhistdownload.com

ধর্ম সাক্ষাৎতব্য– অষ্ট বিমোক্ষ। নব ধর্ম সাক্ষাৎতব্য– নব অনুপূর্ব নিরোধ। দশ ধর্ম সাক্ষাৎতব্য– দশ অশৈক্ষ্য ধর্ম।

হে ভিক্ষুগণ! সবই সাক্ষাৎতব্য বা অভিজ্ঞাতব্য। ভিক্ষুগণ, সব অভিজ্ঞাতব্য কি? ভিক্ষুগণ! চক্ষু অভিজ্ঞাতব্য, রূপ অভিজ্ঞাতব্য, চক্ষু-বিজ্ঞান অভিজ্ঞাতব্য, চক্ষু সংস্পর্শ অভিজ্ঞাতব্য। চক্ষু সংস্পর্শের কারণে উৎপন্ন যেসব সুখ, দুঃখ এবং সুখ-দুঃখহীন অনুভূতি, তা অভিজ্ঞাতব্য। শ্রোত্র অভিজ্ঞাতব্য, শব্দ অভিজ্ঞাতব্য, শ্রোত্র-বিজ্ঞান অভিজ্ঞাতব্য, শ্রোত্র সংস্পর্শ অভিজ্ঞাতব্য। শ্রোত্র সংস্পর্শের ... অভিজ্ঞাতব্য। ঘ্রাণ অভিজ্ঞাতব্য, গন্ধ অভিজ্ঞাতব্য, ঘ্রাণ-বিজ্ঞান অভিজ্ঞাতব্য, ঘ্রাণ সংস্পর্শ অভিজ্ঞাতব্য। ঘ্রাণ সংস্পর্শের ... অভিজ্ঞাতব্য। জিহ্বা অভিজ্ঞাতব্য, রস অভিজ্ঞাতব্য, জিহ্বা-বিজ্ঞান অভিজ্ঞাতব্য, জিহ্বা সংস্পর্শ অভিজ্ঞাতব্য। জিহ্বা সংস্পর্শের ... অভিজ্ঞাতব্য। কায় অভিজ্ঞাতব্য, স্পর্শ অভিজ্ঞাতব্য, কায়-বিজ্ঞান অভিজ্ঞাতব্য, কায় সংস্পর্শ অভিজ্ঞাতব্য। কায় সংস্পর্শের ... অভিজ্ঞাতব্য। মন অভিজ্ঞাতব্য, ধর্ম অভিজ্ঞাতব্য, মন-বিজ্ঞান অভিজ্ঞাতব্য, মন সংস্পর্শ অভিজ্ঞাতব্য। মন সংস্পর্শের ... অভিজ্ঞাতব্য।

রূপ দর্শন দ্বারা সাক্ষাৎ করে, বেদনা দর্শন দ্বারা সাক্ষাৎ করে, সংজ্ঞা দর্শন দ্বারা সাক্ষাৎ করে, সংস্কার দর্শন দ্বারা সাক্ষাৎ করে, বিজ্ঞান দর্শন দ্বারা সাক্ষাৎ করে। চক্ষু দর্শন দ্বারা সাক্ষাৎ করে, চক্ষু সমুদয় দর্শন দ্বারা

ক্ষীণাস্রব ভিক্ষুর অগ্নিকুণ্ড-সম কামসমূহ সম্যক প্রজ্ঞা দ্বারা যথারূপ সুদৃষ্ট হয় (৩) ক্ষীণাস্রব ভিক্ষুর চিত্ত বিবেকগামী, বিবেক-প্রবণ, বিবেক-আধিক্য, বিবেকস্থ, নৈষ্ক্রম্যাভিরত– এরূপ জ্ঞানে উপনীত (৪) ক্ষীণাস্রব ভিক্ষুর চারি স্মৃতি-প্রস্থান ভাবিত, সুভাবিত হয় (৫) ক্ষীণাস্রব ভিক্ষু পঞ্চ ইন্দ্রিয় ভাবিত, সুভাবিত হয় (৬) ক্ষীণাস্রব ভিক্ষুর সপ্ত বোধ্যঙ্গ ভাবিত, সুভাবিত হয় (৭) ক্ষীণাস্রব ভিক্ষুর আর্য অষ্টাঙ্গিক মার্গ ভাবিত, সুভাবিত হয়। এসব জ্ঞানকে ক্ষীণাস্রবের সপ্তবল বলা হয়।

[১]। ১ম ধ্যান, ২য় ধ্যান, ৩য় ধ্যান, ৪র্থ, আকাশানন্তায়তন, বিজ্ঞাননানন্তায়তন, আকিঞ্চনায়তন, নৈব সংজ্ঞা-নাসংজ্ঞা আয়তন, সংজ্ঞাবেদয়িত নিরোধ ধ্যান। (দীর্ঘ-নিকায়)

Visit: http://www.buddhistdownload.com

সাক্ষাৎ করে, চক্ষু নিরোধ দর্শন দ্বারা সাক্ষাৎ করে, চক্ষু নিরোধ গামিনী প্রতিপদা দর্শন দ্বারা সাক্ষাৎ করে। জরা-মরণ দর্শন দ্বারা সাক্ষাৎ করে, জরা-মরণ সমুদয় দর্শন দ্বারা সাক্ষাৎ করে, জরা-মরণ নিরোধ দর্শন দ্বারা সাক্ষাৎ করে, জরা-মরণ নিরোধগামিনী প্রতিপদা দর্শন দ্বারা সাক্ষাৎ করে, অমৃতময় নির্বাণ পর্যবসানার্থে দর্শন দ্বারা সাক্ষাৎ করে। যেসব ধর্ম সাক্ষাৎকৃত বা অভিজ্ঞাত হয়, সেসব ধর্ম অর্জিত হয়। এটা জ্ঞাতার্থে জ্ঞাত, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "এসব ধর্ম অভিজ্ঞাতব্য, তা শ্রুতি অবধানে জ্ঞাত প্রজ্ঞা-ই শ্রুতময় জ্ঞান।"

৩০। "এসব ধর্ম পরিহানীভাগীয়, স্থিতিভাগীয়, বিশেষভাগীয়, নির্বেদভাগীয়" তা শ্রুতি অবধানে জ্ঞাত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান কিরূপ?

প্রথমধ্যানলাভীর নিকট কামসহগত সংজ্ঞায় মনস্কার সমুপস্থিত হয়– এটা পরিহানীভাগীয় ধর্ম। তদনুধর্মতায় স্মৃতি বর্তমান থাকে– এটা স্থিতিভাগীয় ধর্ম। অবিতর্ক সহগত সংজ্ঞায় মনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটা বিশেষভাগীয় ধর্ম। নির্বেদ সহগত সংজ্ঞায় মনস্কার বিরাগ সহকারে সমুপস্থিত হয়ে থাকে– এটা নির্বেদভাগীয় ধর্ম।

দ্বিতীয়ধ্যানলাভীর নিকট বিতর্ক সহগত সংজ্ঞায় মনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটা পরিহানীভাগীয় ধর্ম। তদনুধর্মতা স্মৃতি বর্তমান থাকে– এটা স্থিতিভাগীয় ধর্ম। উপেক্ষা সুখসহগত সংজ্ঞায় মনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটা বিশেষভাগীয় ধর্ম। নির্বেদ সহগত সংজ্ঞায় মনস্কার বিরাগ সহকারে সমুপস্থিত হয়ে থাকে– এটা নির্বেদভাগীয় ধর্ম।

তৃতীয়ধ্যানলাভীর নিকট প্রীতিসুখ সহগত সংজ্ঞায় মনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটা পরিহানীভাগীয় ধর্ম। তদনুধর্মতা স্মৃতি বর্তমান থাকে– এটা স্থিতিভাগীয় ধর্ম। অদুঃখমসুখ সহগত সংজ্ঞায় মনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটা বিশেষভাগীয় ধর্ম। নির্বেদ সহগত সংজ্ঞায় মনস্কার বিরাগ সহকারে সমুপস্থিত হয়ে থাকে– এটা নির্বেদভাগীয় ধর্ম।

চতুর্থধ্যানলাভীর নিকট উপেক্ষা সহগত সংজ্ঞায় মনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটা পরিহানীভাগীয় ধর্ম। তদনুধর্মতা স্মৃতি বর্তমান থাকে– এটা স্থিতিভাগীয় ধর্ম। আকাশানন্তায়তন সহগত সংজ্ঞায় মনস্কার

Visit: http://www.buddhistdownload.com

সমুপস্থিত হয়ে থাকে– এটা বিশেষভাগীয় ধর্ম। নির্বেদ সহগত সংজ্ঞায় মনস্কার বিরাগ সহকারে সমুপস্থিত হয়ে থাকে– এটা নির্বেদভাগীয় ধর্ম।

আকাশানন্তায়তন লাভীর নিকট রূপ সহগত সংজ্ঞামনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটি পরিহানীভাগীয় ধর্ম। তদনুধর্মতা স্মৃতি বর্তমান থাকে– এটি স্থিতিভাগীয় ধর্ম। বিজ্ঞানানন্তায়তন সহগত সংজ্ঞামনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটি বিশেষভাগীয় ধর্ম। নির্বেদ সহগত সংজ্ঞামনস্কার বিরাগ সহকারে সমুপস্থিত হয়ে থাকে– এটি নির্বেদভাগীয় ধর্ম।

বিজ্ঞানানন্তায়তন লাভীর নিকট আকাশানন্তায়তন সহগত সংজ্ঞা মনস্কার সমুপস্থিত হয়ে– এটি পরিহানীভাগীয় ধর্ম। তদনুধর্মতা স্মৃতি বর্তমান থাকে– এটি স্থিতিভাগীয় ধর্ম। আকিঞ্চনায়তন সহগত সংজ্ঞমনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটি বিশেষভাগীয় ধর্ম। নির্বেদ সহগত সংজ্ঞামনস্কার বিরাগ সহকারে সমুপস্থিত হয়ে থাকে– এটি নির্বেদভাগীয় ধর্ম।

আকিঞ্চনায়তন লাভীর নিকট বিজ্ঞানানন্তায়তন সহগত সংজ্ঞায় মনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটা পরিহানীভাগীয় ধর্ম। তদনুধর্মতা স্মৃতি বর্তমান থাকে– এটা স্থিতিভাগীয় ধর্ম। নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন সহগত সংজ্ঞায় মনস্কার সমুপস্থিত হয়ে থাকে– এটা বিশেষভাগীয় ধর্ম। নির্বেদ সহগত সংজ্ঞায় মনস্কার বিরাগ সহকারে সমুপস্থিত হয়ে থাকে– এটা নির্বেদভাগীয় ধর্ম। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "এসব পরিহানীভাগীয়, স্থিতিভাগীয়, বিশেষভাগীয়, নির্বেদভাগীয়, তা শ্রুতি অবধানে জ্ঞাত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান।"

৩১। "সব সংস্কার অনিত্য, সব সংস্কার দুঃখ সর্ব ধর্ম অনাত্ম" তা শ্রুতি অবধানে জ্ঞাত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান কিরূপ?

"রূপ ক্ষয়শীল অর্থে অনিত্য, ভয়শীল অর্থে দুঃখ, অসারার্থে অনাত্ম," তা শ্রুতি অবধানে জ্ঞাত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান (হয়)। "বেদনা ... জ্ঞান। "সংজ্ঞা ... জ্ঞান। "সংস্কার ... জ্ঞান। "বিজ্ঞান ... জ্ঞান। চক্ষু ... জ্ঞান। জরা-মরণ ... জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "সব সংস্কার অনিত্য, সব সংস্কার দুঃখ সব ধর্ম অনাত্ম," তা শ্রুতি

Visit: http://www.buddhistdownload.com

অবধানে জ্ঞাত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান।

৩২। কিরূপে "ইহা দুঃখ আর্যসত্য, ইহা দুঃখ সমুদয় আর্যসত্য, ইহা দুঃখ নিরোধ আর্যসত্য, ইহা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য," তা শ্রুতি অবধানে জ্ঞাত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান হয়?

৩৩। (তথায়) দুঃখ আর্য সত্য কি? জাতি দুঃখ, জরা দুঃখ, ব্যাধি দুঃখ, মরণ দুঃখ, শোক-পরিদেব-দুঃখ-দৌর্মনস্য-উপায়াসাদি দুঃখ, অপ্রিয় সংযোগ দুঃখ, প্রিয় বিয়োগ দুঃখ, ঈপ্সিত বস্তুর অলাভে দুঃখ, সংক্ষেপে পঞ্চউপাদান স্কন্ধ-ই দুঃখ।

(তথায়) জন্ম কি? ভিন্ন ভিন্ন সত্ত্বগণের ভিন্ন ভিন্ন যোনিতে যে জন্ম, উৎপত্তি, আবির্ভাব, পুনর্জন্ম, পঞ্চস্কন্ধসমূহের প্রাদুর্ভাব ও আয়তনসমূহের প্রতিলাভ বা আকার ধারণ– একেই জন্ম বলে।

(তথায়) জরা কি? ভিন্ন ভিন্ন সত্ত্বগণের ভিন্ন ভিন্ন দেহে যে জরা, জীর্ণতা, দন্তহীনতা, পক্বকেশতা, লোলচর্মতা, আয়ূহীনতা এবং ইন্দ্রিয়সমূহের পরিপক্বতা বা কার্যক্ষমতা হ্রাস– একেই জরা বলে।

(তথায়) মরণ কি? সত্ত্বগণের ভিন্ন ভিন্ন সত্ত্বাবস্থা বা দেহ থেকে যে চ্যুতি, পতন, ভেদ, অন্তর্ধান, মৃত্যু, মরণ, কালপ্রাপ্তি, পঞ্চস্কন্ধের ভেদ, কালেবরে নিক্ষেপ বা দেহত্যাগ এবং জীবিতেন্দ্রিয়ের বিনাশ– একেই মরণ বলে।

(তথায়) শোক কি? জ্ঞাতি (বিষয়ে) দুঃখের দ্বারা স্পৃষ্ট, ভোগ (বিষয়ে) দুঃখের দ্বারা স্পৃষ্ট, রোগ দুঃখের দ্বারা স্পৃষ্ট, দুঃশীল দুঃখের দ্বারা স্পৃষ্ট, মিথ্যাদৃষ্টি দুঃখের দ্বারা স্পৃষ্ট, অন্যান্য নানা দুঃখের দ্বারা সমন্বগতের এবং অন্যান্য দুঃখধর্মের দ্বারা স্পৃষ্ট ব্যক্তির যে শোক, শোচনা, শোচণীয়তা, অন্তঃশোক (আভ্যন্তরীন শোক), অন্তঃ পরিশোক, চিত্তের সন্তাপ, দৌর্মনস্য ও শোক-শৈল্য– একেই শোক বলে।

(তথায়) পরিদেবন কি? জ্ঞাতি দুঃখের দ্বারা স্পৃষ্ট, ভোগ দুঃখের দ্বারা স্পৃষ্ট, রোগ দুঃখের দ্বারা স্পৃষ্ট, দুঃশীল দুঃখের দ্বারা স্পৃষ্ট, মিথ্যাদৃষ্টি দুঃখের দ্বারা স্পৃষ্ট, অন্যান্য নানা দুঃখের দ্বারা সমন্বগতের এবং অন্যান্য দুঃখধর্মের দ্বারা স্পৃষ্ট ব্যক্তির যে পরিতাপ, পরিদেবন, পরিতাপের কারণ,

Visit: http://www.buddhistdownload.com

পরিদেবনের কারণ, শোক, অনুশোচনা, খেদ বাক্য, প্রলাপ, বিলাপ, ক্রন্দন, পরিরোদন আর্তনাদ– একেই পরিদেবন বলে।

(তথায়) দুঃখ কি? যা কায়িক অশান্তি, কায়িক দুঃখ, কায় সংস্পর্শজনিত বেদয়িত দুঃখ-যন্ত্রণা এবং কায় সংস্পর্শিত অস্বস্তি, দুঃখ-বেদনা– একেই দুঃখ বলে।

(তথায়) দৌর্মনস্য কি? যা মানসিক (চৈতসিক) অশান্তি, মানসিক দুঃখ, মন সংস্পর্শজনিত বেদয়িত দুঃখ-যন্ত্রণা এবং মন সংস্পর্শিত অস্বস্তি, দুঃখ-বেদনা– একেই দৌর্মনস্য বলে।

(তথায়) উপায়াস বা হতাশা কি? জ্ঞাতি দুঃখের দ্বারা স্পৃষ্ট, ভোগ দুঃখের দ্বারা স্পৃষ্ট, রোগ দুঃখের দ্বারা স্পৃষ্ট, দুঃশীল দুঃখের দ্বারা স্পৃষ্ট, মিথ্যাদৃষ্টি দুঃখের দ্বারা স্পৃষ্ট, অন্যান্য নানা দুঃখের দ্বারা সমন্বগতের এবং অন্যান্য দুঃখধর্মের দ্বারা স্পৃষ্ট ব্যক্তির যে আয়াস (কষ্ট), উপায়াস, হতাশা নিরাশা, আশাশূন্য ও নৈরাশ্য– একেই উপায়াস বলে।

(তথায়) অপ্রিয় সংযোগ দুঃখ কি? এজগতে যা কিছু অনীপ্সিত অনিষ্টকর, অপ্রিয় ও অমনোজ্ঞ রূপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শ আছে এবং যেগুলো ব্যক্তির অনর্থকামী, অহিতকামী, দুঃখকামী, অসহযোগ বা অমঙ্গলকামী সেগুলোর সাথে মিলন, সমাগম, সম্মেলন ও মিশ্রভাব (সহবাসে থাকা)– একেই অপ্রিয় সংযোগ দুঃখ বলে।

(তথায়) প্রিয় বিয়োগ দুঃখ কি? এজগতে যা কিছু ইষ্ট, কান্ত (প্রিয়) ও মনোজ্ঞ রূপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শ আছে এবং যেগুলো অর্থকামী, হিতকামী, সুখকামী, মৈত্রীপরায়ন, মাতা-পিতা, ভ্রাতা-ভগ্নি, মিত্র-অমাত্য (সহকর্মী), রক্তসম্পর্কিত সগোত্র-জ্ঞাতিগণের সাথে অসঙ্গতি বা বিচ্ছেদ, অসমাগম, অসংযোগ ও অমিশ্রভাব (অসাক্ষাৎ)– একেই প্রিয় বিয়োগ দুঃখ বলে।

(তথায়) ঈপ্সিত বস্তুর অপ্রাপ্তি দুঃখ কি? জন্মাধীন সত্ত্বগণের এরূপ ইচ্ছা উৎপন্ন হয়– "অহো! যদি আমরা জন্মাধীন না হতাম, যদি আমাদের জন্ম না হতো।" কিন্তু ইচ্ছাবলে তা তো পূর্ণ হবার নয়– এটাই ঈপ্সিত বস্তুর অপ্রাপ্তি দুঃখ। জরাধীন সত্ত্বগণের এরূপ ইচ্ছা উৎপন্ন হয়– "অহো!

Visit: http://www.buddhistdownload.com

যদি আমরা জরাধীন না হতাম, যদি আমাদের নিকট জরা না আসতো।" কিন্তু ইচ্ছাবলে তা তো পূর্ণ হবার নয়– এটাই ঈপ্সিত বস্তুর অপ্রাপ্তি দুঃখ। রোগাধীন সত্ত্বগণের এরূপ ইচ্ছা উৎপন্ন হয়– "অহো! যদি আমরা রোগাধীন না হতাম, যদি আমাদের রোগ উৎপন্ন না হতো।" কিন্তু ইচ্ছাবলে তা তো পূর্ণ হবার নয়– এটাই ঈপ্সিত বস্তুর অপ্রাপ্তি দুঃখ। মরণশীল সত্ত্বগণের এরূপ ইচ্ছা উৎপন্ন হয়– "অহো! যদি আমরা মরণশীল না হতাম, যদি আমাদের নিকট মরণ না আসতো।" কিন্তু ইচ্ছাবলে তা তো পূর্ণ হবার নয়– এটাই ঈপ্সিত বস্তুর অপ্রাপ্তি দুঃখ। শোকাধীন সত্ত্বগণের এরূপ ইচ্ছা উৎপন্ন হয়– "অহো! যদি আমরা শোকাধীন না হতাম, যদি আমাদের নিকট শোক না আসতো।" কিন্তু ইচ্ছাবলে তা তো পূর্ণ হবার নয়– এটাই ঈপ্সিত বস্তুর অপ্রাপ্তি দুঃখ। পরিদেবনাধীন সত্ত্বগণের এরূপ ইচ্ছা উৎপন্ন হয়– "অহো! যদি আমরা পরিদেবনাধীন না হতাম, যদি আমাদের নিকট পরিদেবন না আসতো।" কিন্তু ইচ্ছাবলে তা তো পূর্ণ হবার নয়– এটাই ঈপ্সিত বস্তুর অপ্রাপ্তি দুঃখ। দুঃখাধীন সত্ত্বগণের এরূপ ইচ্ছা উৎপন্ন হয়– "অহো! যদি আমরা দুঃখাধীন না হতাম, যদি আমাদের নিকট দুঃখ না আসতো।" কিন্তু ইচ্ছাবলে তা তো পূর্ণ হবার নয়– এটাই ঈপ্সিত বস্তুর অপ্রাপ্তি দুঃখ। দৌর্মনস্যাধীন সত্ত্বগণের এরূপ ইচ্ছা উৎপন্ন হয়– "অহো! যদি আমরা দৌর্মনস্যাধীন না হতাম, যদি আমাদের নিকট দৌর্মনস্য না আসতো।" কিন্তু ইচ্ছাবলে তা তো পূর্ণ হবার নয়– এটাই ঈপ্সিত বস্তুর অপ্রাপ্তি দুঃখ। উপায়াসাধীন সত্ত্বগণের এরূপ ইচ্ছা উৎপন্ন হয়– "অহো! যদি আমরা উপায়াসাধীন না হতাম, যদি আমাদের নিকট উপায়াস না আসতো।" কিন্তু ইচ্ছাবলে তা তো পূর্ণ হবার নয়– এটাই ঈপ্সিত বস্তুর অপ্রাপ্তি দুঃখ।

(তথায়) সংক্ষেপে পঞ্চোপাদান স্কন্ধ দুঃখ কি? যথা– রূপ উপাদান স্কন্ধ, বেদনা উপাদান স্কন্ধ, সংজ্ঞা উপাদান স্কন্ধ, সংস্কার উপাদান স্কন্ধ ও বিজ্ঞান উপাদান স্কন্ধ। একেই সংক্ষেপে পঞ্চোপাদান স্কন্ধ দুঃখ বলে। এটা আর্যসত্য নামে অভিহিত।

Visit: http://www.buddhistdownload.com

৩৪। (তথায়) দুঃখসমুদয় আর্যসত্য কি? যে তৃষ্ণা পুনর্জন্মের কারণ, যার সাথে আনন্দ ও আসক্তির থাকে, যা যেখানে সেখানে উপভোগ করতে চাই। যথা– কামতৃষ্ণা (সংসারে সুখ ভোগের ইচ্ছা), ভবতৃষ্ণা (ভব ভবান্তরে সুখ ভোগের বাসনা), বিভবতৃষ্ণা (উচ্ছেদজনিত বীততৃষ্ণা)।

কোন বস্তুতে তৃষ্ণা উৎপন্ন হবার কারণ থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট হয়?

এজগতে যা প্রিয়রূপ এবং সাতরূপ (আনন্দপ্রদরূপ) তাতেই তৃষ্ণা উৎপন্ন হবার কারণ থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট হয়। এজগতে কোন বস্তু প্রিয়রূপ ও সাতরূপ?

এজগতে চক্ষু প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা উৎপন্ন হবার কারণ থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট হয়। শ্রোত্র ... ঘ্রাণ ... জিহ্বা ... কায় ... মন ... নিবিষ্ট হয়।

এজগতে রূপ প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা উৎপন্ন হবার কারণ থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট হয়। শব্দ ... গন্ধ ... রস ... স্পর্শ ... ধর্ম ... নিবিষ্ট হয়।

এজগতে চক্ষু-বিজ্ঞান প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা উৎপন্ন হবার কারণ থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট হয়। শ্রোত্র-বিজ্ঞান ... ঘ্রাণ ... বিজ্ঞান ... জিহ্বা-বিজ্ঞান ... কায়-বিজ্ঞান ... মন-বিজ্ঞান ... নিবিষ্ট হয়।

এজগতে চক্ষু-সংস্পর্শ প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা উৎপন্ন হবার কারণ থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট হয়। শ্রোত্র-সংস্পর্শ ... ঘ্রাণ-সংস্পর্শ ... জিহ্বা-সংস্পর্শ ... কায়-সংস্পর্শ ... মন-সংস্পর্শ ... নিবিষ্ট হয়।

এজগতে চক্ষু সংস্পর্শজ বেদনা প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা উৎপন্ন হবার কারণ থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট হয়। শ্রোত্র সংস্পর্শজ বেদনা ... ঘ্রাণ সংস্পর্শজ ... জিহ্বা সংস্পর্শজ ... কায় সংস্পর্শজ ... মন সংস্পর্শজ ... নিবিষ্ট হয়।

Visit: http://www.buddhistdownload.com

এজগতে রূপ-সংজ্ঞা প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা উৎপন্ন হবার কারণ থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট হয়। শব্দ-সংজ্ঞা ... গন্ধ ... সংজ্ঞা ... রস-সংজ্ঞা ... স্পর্শ-সংজ্ঞা ... ধর্ম-সংজ্ঞা ... নিবিষ্ট হয়।

এজগতে রূপ-সঞ্চেতনা প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা উৎপন্ন হবার থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট নয়। শব্দ-সঞ্চেতনা ... গন্ধ-সঞ্চেতনা ... রস-সঞ্চেতনা ... স্পর্শ-সঞ্চেতনা ... ধর্ম-সঞ্চেতনা ... নিবিষ্ট হয়।

এজগতে রূপ-বিতর্ক প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা উৎপন্ন হবার কারণ থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট হয়। শব্দ-বিতর্ক ... গন্ধ ... বিতর্ক ... রস-বিতর্ক ... স্পর্শ-বিতর্ক ... ধর্ম-বিতর্ক ... নিবিষ্ট হয়।

এজগতে রূপ-বিচার প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা উৎপন্ন হবার কারণ থাকলে উৎপন্ন হয় এবং নিবিষ্ট হবার কারণ থাকলে নিবিষ্ট হয়। শব্দ-বিচার ... গন্ধ-বিচার ... রস-বিচার ... স্পর্শ-বিচার ... ধর্ম-বিচার ... নিবিষ্ট হয়। এটাই দুঃখ সমুদয় আর্যসত্য নামে অভিহিত হয়।

৩৫। (তথায়) দুঃখনিরোধ আর্যসত্য কি? যা সেই তৃষ্ণার অশেষ বিরাগ, নিরোধ, ত্যাগ, নিবৃত্তি, মুক্তি ও আলয়হীনতা (অনাসক্তি) তা-ই দুঃখনিরোধ আর্যসত্য।

কোন বস্তুতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়?

এজগতে যা প্রিয়রূপ ও সাতরূপ, তাতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়। এজগতে কোন বস্তু প্রিয়রূপ, সাতরূপ?

এজগতে চক্ষু প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয়য এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়। শ্রোত্র ... ঘ্রাণ ... জিহ্বা ... কায় ... মন ... নিরুদ্ধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

এজগতে রূপ প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়। শব্দ ... গন্ধ ... রস ... স্পর্শ ... ধর্ম ... নিরুদ্ধ হয়।

এজগতে চক্ষু-বিজ্ঞান প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়। শ্রোত্র-বিজ্ঞান ... ঘ্রাণ-বিজ্ঞান ... জিহ্বা-বিজ্ঞান ... কায়-বিজ্ঞান ... মন-বিজ্ঞান ... নিরুদ্ধ হয় ।

এজগতে চক্ষু-সংস্পর্শ প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার থাকলে নিরুদ্ধ হয়। শ্রোত্র-সংস্পর্শ ... ঘ্রাণ-সংস্পর্শ ... জিহ্বা-সংস্পর্শ ... কায়-সংস্পর্শ ... মন-সংস্পর্শ ... নিরুদ্ধ হয়।

এজগতে চক্ষু-সংস্পর্শজ বেদনা প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়। শ্রোত্র-সংস্পর্শজ বেদনা ... ঘ্রাণ-সংস্পর্শজ বেদনা ... জিহ্বা-সংস্পর্শজ বেদনা ... কায়-সংস্পর্শজ বেদনা ... মন-সংস্পর্শজ বেদনা ... নিরুদ্ধ হয়।

এজগতে রূপ-সংজ্ঞা প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়। শব্দ-সংজ্ঞা ... গন্ধ-সংজ্ঞা ... রস-সংজ্ঞা ... স্পর্শ-সংজ্ঞা ... ধর্ম-সংজ্ঞা ... নিরুদ্ধ হয়।

এজগতে রূপ-সঞ্চেতনা প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়। শব্দ-সঞ্চেতনা ... গন্ধ-সঞ্চেতনা ... রস-সঞ্চেতনা ... স্পর্শ-সঞ্চেতনা ... ধর্ম-সঞ্চেতনা ... নিরুদ্ধ হয়।

এজগতে রূপ-তৃষ্ণা প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়। শব্দ-তৃষ্ণা ... গন্ধ-তৃষ্ণা ... রস-তৃষ্ণা ... স্পর্শ-তৃষ্ণা ... ধর্ম-তৃষ্ণা ... নিরুদ্ধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

এজগতে রূপ-বিতর্ক প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়। শব্দ-বিতর্ক ... গন্ধ-বিতর্ক ... রস-বিতর্ক ... স্পর্শ-বিতর্ক ... ধর্ম-বিতর্ক ... নিরুদ্ধ হয়।

এজগতে রূপ-বিচার প্রিয়রূপ ও সাতরূপ, এতে তৃষ্ণা ক্ষীণ হবার কারণ থাকলে ক্ষীণ হয় এবং নিরুদ্ধ হবার কারণ থাকলে নিরুদ্ধ হয়। শব্দ-বিচার ... গন্ধ-বিচার ... রস-বিচার ... স্পর্শ-বিচার ... ধর্ম-বিচার ... নিরুদ্ধ হয়। এটা দুঃখনিরোধ আর্যসত্য নামে অভিহিত হয়।

৩৬। (তথায়) দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য কি? এটা আর্য অষ্টাঙ্গিক মার্গ; যথা– সম্যকদৃষ্টি, সম্যকসংকল্প, সম্যকবাক্য, সম্যককর্ম, সম্যকআজীব, সম্যকব্যায়াম, সম্যকস্মৃতি ও সম্যকসমাধি।

(তথায়) সম্যকদৃষ্টি কি? যা দুঃখে জ্ঞান, দুঃখ সমুদয়ে জ্ঞান, দুঃখ নিরোধে জ্ঞান, দুঃখ নিরোধগামিনী প্রতিপদায় জ্ঞান– একেই সম্যকদৃষ্টি বলে।

(তথায়) সম্যকসংকল্প কি? নৈষ্ক্রম্য সংকল্প, অব্যাপদ সংকল্প, অবিহিংসা সংকল্প– একেই সম্যকসংকল্প বলে।

(তথায়) সম্যকবাক্য কি? মিথ্যাবাক্য হয়ে বিরতি, পিশুনবাক্য হতে বিরতি, কর্কশবাক্য হতে বিরতি, বৃথাবাক্য হতে বিরতি– একেই সম্যকবাক্য বলে।

(তথায়) সম্যককর্ম কি? প্রাণীহত্যা হতে বিরতি, অদত্ত বস্তু গ্রহণ বা চুরিকর্ম হতে বিরতি, ব্যভিচার হতে বিরতি– একেই সম্যককর্ম বলে।

(তথায়) সম্যকআজীব কি? এখানে আর্যশ্রাবক মিথ্যাজীবিকা পরিত্যাগ করে সম্যকআজীব দ্বারা জীবিকা নির্বাহ করেন– একেই সম্যকআজীব বলে।

(তথায়) সম্যকব্যায়াম কি? এখানে ভিক্ষু অনুৎপন্ন অকুশল পাপধর্মের অনুৎপাদন চেষ্টা, উৎপন্ন অকুশল পাপধর্মের ক্ষয়ের চেষ্টা, অনুৎপন্ন কুশল ধর্মের উৎপাদনের চেষ্টা এবং উৎপন্ন কুশল ধর্মের স্থিতি, সংরক্ষণ, বৃদ্ধি, বৈপুল্য, বর্ধন ও পরিপূর্ণতার জন্য ইচ্ছা, চেষ্টা, উদ্যোগ, ব্যায়াম এবং

Visit: http://www.buddhistdownload.com

দৃঢ়চিত্ত গ্রহণ করে– একেই সম্যকব্যায়াম বলে।

(তথায়) সম্যকস্মৃতি কি? এখানে ভিক্ষু কায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করত উদ্যমশীল, সম্প্রজ্ঞানী ও স্মৃতিমান হয়ে জগতে অভিধ্যা, দৌর্মনস্য অপনোদন করে। বেদনা দেনানুদর্শী হয়ে ... করে। চিত্তে চিত্তানুদর্শী হয়ে ... করে। ধর্মে ধর্মানুদর্শী হয়ে করে– একেই সম্যকস্মৃতি বলে।

(তথায়) সম্যকসমাধি কি? এখানে ভিক্ষু কামনা ও অকুশল ধর্ম হতে বিরত হয়ে বিতর্ক, বিচার ও নির্জনতাজনিত প্রীতিসুখ সমন্বিত প্রথমধ্যান লাভ করে অবস্থান করে। সে ভিক্ষু বিতর্ক ও বিচার প্রশমিত আধ্যাত্মিক (স্বীয় চিত্তের) সম্প্রসাদ ও একাগ্রতাযুক্ত অবিতর্ক, বিচারহীন, সমাধিজনিত প্রীতিসুখ সমন্বিত দ্বিতীয়ধ্যান লাভ করে অবস্থান করে। প্রীতিতে বিরাগ উৎপন্ন হওয়ায় সে উপেক্ষাশীল হয়ে এবং স্মৃতিমান, সম্প্রজ্ঞানী হওত কায়িক সুখ অনুভব করে; যে অবস্থায় থাকলে আর্যগণ "উপেক্ষক, স্মৃতিমান, সুখ বিহারী" বলে অভিহিত করেন সেই তৃতীয়ধ্যান লাভে অবস্থান করে। যাতে শারীরিক সুখ-দুঃখ প্রহীন পূর্বেই মানসিক দৌর্মনস্য, সুখ-দুঃখ অস্তগত হয়, সেই না-সুখ, না-দুঃখ উপেক্ষা স্মৃতি পরিশুদ্ধি নামক চতুর্থধ্যান লাভ করে অবস্থান করে– একেই সম্যক সমাধি বলে। এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য নামে অভিহিত হয়। তা জ্ঞাতার্থে জ্ঞান প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "এটা দুঃখ আর্যসত্য, এটা দুঃখসমুদয় আর্যসত্য, এটা দুঃখ নিরোধ আর্যসত্য, এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য", তা শ্রোত্রাবধানে জ্ঞাত প্রজ্ঞা শ্রুতময় জ্ঞান। এরূপ শ্রুতি অবধারণ দ্বারা জ্ঞাত প্রজ্ঞাই শ্রুতময় জ্ঞান।

শ্রুতময় জ্ঞান বর্ণনা সমাপ্ত

২। শীলময় জ্ঞান বর্ণনা

৩৭। শ্রবণে দ্বারা সংযমের প্রজ্ঞা শীলময় জ্ঞান কিরূপ? যেমন শীল পাঁচ প্রকার, যথা– সসীম (পরিয়ন্ত) পরিশুদ্ধি শীল, অসীম অপরিয়ন্ত

Visit: http://www.buddhistdownload.com

পরিশুদ্ধি শীল, পরিপূর্ণ পরিশুদ্ধি শীল, নির্মল পরিশুদ্ধি শীল ও প্রতিপ্রশ্রদ্ধি পরিশুদ্ধি শীল।

পরিয়ন্ত পরিশুদ্ধি শীল কি? অনুপসম্পন্নের সসীম (পরিয়ন্ত) শিক্ষাপদ– এটা পরিয়ন্ত পরিশুদ্ধি শীল। অপরিয়ন্ত পরিশুদ্ধি শীল কি? উপসম্পন্নের অসীম (অপরিয়ন্ত) শিক্ষাপদ– এটা অপরিয়ন্ত পরিশুদ্ধি শীল। পরিপূর্ণ পরিশুদ্ধি শীল কি? কুশলধর্মেরত কল্যাণ পৃথগ্‌জন, শৈক্ষ্য সসীম (পরিয়ন্ত) পরিপূর্ণকারী, কায় ও জীবন নিরপেক্ষকারীর জীবন বর্জন– এটা পরিপূর্ণ পরিশুদ্ধি শীল। নির্মল পরিশুদ্ধি শীল কি? সপ্ত শৈক্ষ্যের শীল–এটা নির্মল পরিশুদ্ধি শীল। প্রতিপ্রশ্রদ্ধি পরিশুদ্ধি শীল কি? তথাগতের ক্ষীণাস্রব শ্রাবক, পচ্চেক বুদ্ধ ও তথাগত অর্হৎ সম্যক সম্বুদ্ধগণের শীল– এটা প্রতিপ্রশ্রদ্ধি পরিশুদ্ধি শীল।

৩৮। সসীম শীল আছে, অসীম শীলও আছে। তথায় সসীম (পরিয়ন্ত) শীল কি? যে শীল লাভ পরিয়ন্ত, যশ পরিয়ন্ত, জ্ঞাতি পরিয়ন্ত, অঙ্গ পরিয়ন্ত, জীবন পরিয়ন্ত তা-ই পরিয়ন্ত শীল। সেই লাভ পরিয়ন্ত শীল কিরূপ? এখানে কেউ লাভহেতু, লাভপ্রত্যয়ে, লাভকারণে যথাগৃহীত শিক্ষাপদ লংঘন করে– এটা লাভ পরিয়ন্ত শীল। যশ পরিয়ন্ত শীল কিরূপ? এখানে কেউ যশহেতু, যশপ্রত্যয়ে, যশকারণে যথাগৃহীত শিক্ষাপদ লংঘন করে– এটা যশ পরিয়ন্ত শীল। জ্ঞাতি পরিয়ন্ত শীল কিরূপ? এখানে কেউ জ্ঞাতিহেতু, জ্ঞাতিপ্রত্যয়ে, জ্ঞাতিকারণে যথাগৃহীত শিক্ষাপদ লংঘন করে– এটা জ্ঞাতি পরিয়ন্ত শীল। অঙ্গ পরিয়ন্ত শীল কিরূপ? এখানে কেউ অঙ্গহেতু, অঙ্গপ্রত্যয়ে, অঙ্গকারণে যথাগৃহীত শিক্ষাপদ লংঘন করে– এটা অঙ্গ পরিয়ন্ত শীল। জীবন পরিয়ন্ত কিরূপ? এখানে কেউ জীবনহেতু, জীবনপ্রত্যয়ে, জীবনকারণে যথাগৃহীত শিক্ষাপদ লংঘন করে– এটা জীবন পরিয়ন্ত। এরূপ শীল খণ্ডিত, ছিদ্রিত, কালিমাযুক্ত, ত্রুটিপূর্ণ, মুক্তিদায়ক নয়, বিজ্ঞজন প্রশংসিত নয়, বিকৃত, সমাধিনাশক, মর্মপীড়াদায়ক, অপ্রমোদকর, অপ্রীতিদায়ক, অশান্তিদায়ক, দুঃখদায়ক, সমাধিবর্হিভূত, যথাভূত জ্ঞান দর্শন বর্জিত, একান্ত নির্বেদ-বিরাগ-নিরোধ-উপশম-অভিজ্ঞা-পরিজ্ঞান ও নির্বাণ সংবর্ত্তক নয়। এটা-ই পরিয়ন্ত শীল।

Visit: http://www.buddhistdownload.com

অপরিয়ন্ত শীল কি? যে শীল লাভের অপরিয়ন্ত (উপরে বিবোচিত), যশ অপরিয়ন্ত, জ্ঞাতি অপরিয়ন্ত, অঙ্গ অপরিয়ন্ত, জীবন অপরিয়ন্ত তা-ই অপরিয়ন্ত শীল। সেই লাভ অপরিয়ন্ত শীল কিরূপ? এখানে কেউ লাভহেতু, লাভপ্রত্যয়ে, লাভকারণে যথাগৃহীত শিক্ষাপদ লংঘনের চিত্তও উৎপন্ন করে না; লংঘন করবে কীভাবে?– এটা লাভ অপরিয়ন্ত শীল। যশ অপরিয়ন্ত শীল কিরূপ? এখানে কেউ যশহেতু যশপ্রত্যয়ে, যশকারণে ... কীভাবে?– এটা যশ অপরিয়ন্ত শীল। জ্ঞাতি অপরিয়ন্ত শীল কিরূপ? এখানে কেউ জ্ঞাতিহেতু, জ্ঞাতিপ্রত্যয়ে, জ্ঞাতিকারণে ... কীভাবে?– এটা জ্ঞাতি অপরিয়ন্ত শীল। অঙ্গ অপরিয়ন্ত শীল কিরূপ? এখানে কেউ অঙ্গহেতু, অঙ্গপ্রত্যয়ে, অঙ্গকারণে ... কীভাবে!– ইহা অঙ্গ অপরিয়ন্ত শীল। জীবন অপরিয়ন্ত শীল কিরূপ? এখানে কেউ জীবনহেতু, জীবনপ্রত্যয়ে, জীবন কারণে ... কীভাবে? এটা জীবন অপরিয়ন্ত শীল। এরূপ শীল অখণ্ডিত, অছিদ্রিত, কালিমামুক্ত, ত্রুটিমুক্ত, মুক্তিদায়ক, বিজ্ঞজন প্রশংসিত, অবিকৃত, সমাধি সহায়ক, মর্মপীড়ারহিত, আনন্দদায়ক, প্রীতিদায়ক, প্রশান্তিদায়ক, সুখদায়ক, সমাধিযুক্ত, যথাভূত জ্ঞানদর্শনযুক্ত, একান্ত নির্বেদ-বিরাগ-নিরোধ-উপশম-অভিজ্ঞা- পরিজ্ঞান ও নির্বাণ সংবর্তক। এটা-ই অপরিয়ন্ত শীল।

৩৯। শীল কি? শীল কত প্রকার? শীল উৎপত্তি কি? ধর্মসংযোগ শীল কি?

শীল কি? চেতনা শীল, চৈতসিক শীল, সংবরশীল, অব্যতিক্রম বা অলঙ্ঘ্য শীল। শীল কত প্রকার? তিন প্রকার, যথা- কুশল শীল, অকুশল শীল, অব্যক্ত শীল। শীল উৎপত্তি কি? কুশলচিত্ত উৎপত্তিবশে কুশলশীল, অকুশলচিত্ত উৎপত্তিবশে অকুশলশীল, অব্যকৃতচিত্ত উৎপত্তিবশে অব্যকৃত বা অব্যক্ত শীল। ধর্মসংযোগ শীল কি? সংবর সংযোগ শীল, অব্যতিক্রম সংযোগ শীল যেভাবে জাত হয় সেরূপ চেতনাই (ধর্ম) সংযোগ শীল।

৪০। নৈষ্ক্রম্যের দ্বারা কামচ্ছন্দ সংবরার্থে এবং অলঙ্ঘনার্থে শীল। অব্যাপাদ দ্বারা ব্যাপাদ ... শীল। আলোক সংজ্ঞা দ্বারা তন্দ্রালস্য ... শীল। একাগ্রতা দ্বারা চঞ্চলতা ... শীল। ধর্ম বিশ্লেষণ দ্বারা বিচিকিৎসা ... শীল।

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞান দ্বারা অবিদ্যা ... শীল। আনন্দ দ্বারা নিরুৎসাহ ... শীল।

প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহ সংবরার্থে এবং অলঙ্ঘনার্থে শীল। দ্বিতীয়ধ্যান দ্বারা বিতর্ক-বিচার ... শীল। তৃতীয়ধ্যান দ্বারা প্রীতি ... শীল। চতুর্থধ্যান দ্বারা সুখ-দুঃখ ... শীল। আকাশানন্তায়তন সমাপত্তি দ্বারা রূপ সংজ্ঞা, প্রতীঘসংজ্ঞা ও নানাত্বসংজ্ঞা ... শীল। বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি দ্বারা আকাশানন্তায়তন সংজ্ঞা ... শীল। আকিঞ্চনায়তন সমাপত্তি দ্বারা বিজ্ঞানানন্তায়তন সংজ্ঞা ... শীল। নৈবসংজ্ঞা না সংজ্ঞায়তন সমাপত্তি দ্বারা আকিঞ্চনায়তন সংজ্ঞা সংবরার্থে এবং অলঙ্ঘনার্থে শীল।

অনিত্যানুদর্শন দ্বারা নিত্যসংজ্ঞা সংবরার্থে এবং অলঙ্ঘনার্থে শীল। দুঃখানুদর্শন দ্বারা সুখসংজ্ঞা ... শীল। অনাত্মানুদর্শন দ্বারা আত্মাসংজ্ঞা ... শীল। নির্বেদানুদর্শন দ্বারা আনন্দ ... শীল। বিরাগানুদর্শন দ্বারা রাগ (আসক্তি) ... শীল। নিরোধানুদর্শন দ্বারা উৎপত্তি ... শীল। ক্ষয়ানুদর্শন দ্বারা স্থায়ীসংজ্ঞা ... শীল। ব্যয়ানুদর্শন দ্বারা বৃদ্ধি বা রাশীকরণসংজ্ঞা ... শীল। বিপরিণামানুদর্শন দ্বারা শাশ্বতসংজ্ঞা ... শীল। অনিমিত্তানুদর্শন দ্বারা নিমিত্ত ... শীল। অপ্রণিহিতানুদর্শন দ্বারা প্রণিধি ... শীল। শূন্যতানুদর্শন দ্বারা অভিনিবেশ ... শীল। অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শনানুদর্শন দ্বারা অপরিণত অভিনিবেশ ... শীল। যথাভূত জ্ঞানানুদর্শন দ্বারা সম্মোহ অভিনিবেশ ... শীল। আদীনবানুদর্শন দ্বারা লোভ অভিনিবেশ ... শীল। মনোযোগানুদর্শন দ্বারা অমনোযোগ ... শীল। বিবর্তানুদর্শন দ্বারা সংযোজনাভিনিবেশ ... শীল।

স্রোতাপত্তিমার্গ দ্বারা মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ সংবরার্থে এবং অলঙ্ঘনার্থে শীল। সকৃদাগামী মার্গ দ্বারা স্থূল ক্লেশসমূহ ... শীল। অনাগামী মার্গ দ্বারা সূক্ষ্ম ক্লেশসমূহ ... শীল। অরহত মার্গ দ্বারা সর্ব ক্লেশ ... শীল।

পঞ্চশীল– প্রাণীহত্যা পরিত্যাগ শীল, প্রাণীহত্যার বিরতি শীল, প্রাণীহত্যা চেতনা শীল, প্রাণীহত্যার সংবর শীল, প্রাণীহত্যার অলঙ্ঘন শীল। এরূপে শীলসমূহ চিত্তের অনুতাপহীনতার জন্য সংবর্তিত হয়, আনন্দের জন্য সংবর্তিত হয়, প্রীতির জন্য সংবর্তিত হয়, প্রশান্তির জন্য

Visit: http://www.buddhistdownload.com

সংবর্তিত হয়, সৌমনস্যের ..., অভ্যাসের ... ভাবনার ... বৈপুল্যের ... অলংকারের ... উপযোগের ... ধর্ম পরিবারের ... পরিপূর্ণতার ... এবং একান্ত নির্বেদ-বিরাগ-নিরোধ-উপশম-অভিজ্ঞা-পরিজ্ঞান ও নির্বাণের জন্য সংবর্তিত হয়।

এরূপ শীলসমূহের সংবর পরিশুদ্ধ হেতু অধিশীল বলা হয়। সংবর পরিশুদ্ধিতে স্থিত চিত্ত বিক্ষিপ্ত হয় না। অবিক্ষিপ্ত, পরিশুদ্ধ চিত্তকে অধিচিত্ত বলা হয়। অধিচিত্ত সংবর পরিশুদ্ধকে সম্যকভাবে দর্শন করে, অবিক্ষিপ্ত পরিশুদ্ধকে সম্যকভাবে দর্শন করে। দর্শন পরিশুদ্ধিকে অধিপ্রজ্ঞা বলা হয়। তথায় যা সংবরার্থ, তা-ই অধিশীল শিক্ষা। তথায় যা অবিক্ষেপার্থ, তা-ই অধিচিত্ত শিক্ষা। তথায় যা দর্শননার্থ, তা-ই অধিপ্রজ্ঞা শিক্ষা।

এই তিন প্রকার শিক্ষা মনযোগের সাথে শিক্ষা করে, অবগত হয়ে শিক্ষা করে, দর্শন ও পর্যবেক্ষণ দ্বারা শিক্ষা করে; চিত্তকে (একাগ্রে) অধিষ্ঠান পূর্বক শিক্ষা করে; শ্রদ্ধার দ্বারা অভিভূত হয়ে শিক্ষা করে; বীর্যকে অবিচলিতভাবে শিক্ষা করে; স্মৃতিকে উপস্থাপিত করতে শিক্ষা করে, চিত্তকে স্থির করতে শিক্ষা করে, প্রজ্ঞা দ্বারা প্রজানন করতে শিক্ষা করে, অভিজ্ঞেয়কে যথাযথরূপে জানতে শিক্ষা করে, পরিজ্ঞেয়কে নির্ভুলভাবে জানতে শিক্ষা করে, পরিহারতব্যকে পরিত্যাগ করতে শিক্ষা করে, সাক্ষাৎতব্যকে সাক্ষাৎ করতে শিক্ষা করে এবং ভাবিতব্যকে ভাবনা করতে শিক্ষা করে।

পঞ্চশীল, যথা অদত্তবস্তু গ্রহণকে ... মিথ্যা কামাচারকে ... মিথ্যাবাক্যকে ... পিশুন (পরনিন্দা) বাক্যকে ... কর্কশবাক্যকে ... সম্প্রলাপবাক্যকে ... অভিধ্যাকে ... ব্যাপাদকে ... মিথ্যাদৃষ্টিকে ...।

নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দকে ... অব্যাপাদ দ্বারা ব্যাপাদকে ... আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্যকে ... অবিক্ষেপ দ্বারা চঞ্চলতাকে ... ধর্ম বিশ্লেষণ দ্বারা বিচিকিৎসাকে ... জ্ঞান দ্বারা অবিদ্যাকে ... প্রমোদ্য দ্বারা নিরুৎসাহকে ...।

প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহকে ... দ্বিতীয়ধ্যান দ্বারা বির্তক বিচারকে ... তৃতীয়ধ্যান দ্বারা প্রীতিকে ... চতুর্থধ্যান সুখ-দুঃখকে ... আকাশানন্তায়ন

Visit: http://www.buddhistdownload.com

সমাপত্তি দ্বারা রূপসংজ্ঞা, প্রতীঘসংজ্ঞা ও নানাত্বসংজ্ঞাকে ... বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি দ্বারা আকাশানন্তায়তন সংজ্ঞাকে ... আকিঞ্চনায়তন সমাপত্তি দ্বারা বিজ্ঞানানন্তায়তন সংজ্ঞাকে ... নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তি দ্বারা আকিঞ্চনায়তন সংজ্ঞাকে ...।

অনিত্যানুদর্শন দ্বারা নিত্যসংজ্ঞাকে ... দুঃখানুদর্শন দ্বারা সুখসংজ্ঞাকে ... অনাত্মানুদর্শন দ্বারা আত্মাসংজ্ঞাকে ... নিবেদানুদর্শন দ্বারা আনন্দকে ... বিরাগানুদর্শন দ্বারা রাগকে ... নিরোধানুদর্শন দ্বারা উৎপত্তিকে ... পরিত্যাগানুদর্শন দ্বারা গ্রহণকে ... ক্ষয়ানুদর্শন দ্বারা স্থায়ী (ঘন) সংজ্ঞাকে ... ব্যয়ানুদর্শন দ্বারা বৃদ্ধি বা রাশীকরণকে ... বিপরিণামানুদর্শন দ্বারা শাশ্বত সংজ্ঞাকে ... অনিমিত্তানুদর্শন দ্বারা নিমিত্তকে ... অপ্রনিহিতানুদর্শন দ্বারা প্রণিধিকে ... শূন্যতানুদর্শন দ্বারা অভিনিবেশকে ... অধিপ্রজ্ঞা ধর্মবিদর্শন দ্বারা সরাগ অভিনিবেশকে ... যথাভূত জ্ঞানদর্শন দ্বারা সম্মোহাভিনিবেশকে ... আদীনবানুদর্শন দ্বারা লোভাভিনিবেশকে ... প্রতিসংখ্যানুদর্শন দ্বারা অপ্রতিসংখ্যাককে ... বিবর্তনানুদর্শন দ্বারা সংযোজননাভিনিবেশকে ...।

স্রোতাপত্তিমার্গ দ্বারা মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ প্রথম শীল, বিরতি শীল, চেতনা শীল, সংবর শীল এবং অবীতিক্রম বা অলঙ্ঘন শীল। সকৃদাগামী মার্গ দ্বারা স্থূলক্লেশসমূহ ... শীল। অনাগামী মার্গ দ্বারা সূক্ষ্ম ক্লেশসমূহ ... শীল। অরহত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশসমূহ ... শীল। এরূপ শীলসমূহ চিত্তের অনুতাপহীনতার জন্য সংবর্তিত (বা পরিচালিত) হয়, আনন্দের জন্য সংবর্তিত হয়, প্রীতির জন্য সংবর্তিত হয়, প্রশান্তির জন্য সংবর্তিত হয়, সৌমনস্যের জন্য সংবর্তিত হয়, অভ্যাসের জন্য সংবর্তিত হয়, ভাবনার জন্য সংবর্তিত হয়, বৈপুল্যের জন্য সংবর্তিত হয়, অলঙ্কারের জন্য সংবর্তিত হয়, উপযোগের জন্য সংবর্তিত হয়, পরিবারের (বা উপকরণের) জন্য সংবর্তিত হয়, পরিপূর্ণতার জন্য সংবর্তিত হয় এবং একান্ত নির্বেদ-বিরাগ-নিরোধ-উপশম-অভিজ্ঞা-পরিজ্ঞান ও নির্বাণ লাভের জন্য সংবর্তিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

৪২। এরূপ শীলসমূহের সংবর পরিশুদ্ধি হেতু অধিশীল বলা হয়। সংবর পরিশুদ্ধে স্থিতচিত্ত বিক্ষিপ্ত হয় না, এ অবিক্ষেপ পরিশুদ্ধিকে অধিচিত্ত বলে। (অধিচিত্ত) সংবর পরিশুদ্ধিকে সম্যকরূপে দর্শন করে, অবিক্ষেপ পরিশুদ্ধিকেও সম্যকভাবে দর্শন করে। এই দর্শন পরিশুদ্ধিই হচ্ছে অধিপ্রজ্ঞা। তথায় যা সংবরার্থ, তা-ই অধিশীল শিক্ষা। তথায় যা অভিক্ষেপার্থ, তা-ই অধিচিত্ত শিক্ষা। তথায় যা দর্শনার্থ, তা-ই অধিপ্রজ্ঞা শিক্ষা। এতিন প্রকার শিক্ষা উপলব্ধি করে শিক্ষা করে, অবগত ... ভাবনা করতে শিক্ষা করে। তা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "শ্রবণ দ্বারা সংবরে প্রবর্তিত প্রজ্ঞাই শীলময় জ্ঞান"।

শীলময় জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৩। সমাধিভাবনাময় জ্ঞান বর্ণনা

৪৩। সংবরপ্রাপ্ত হয়ে একালম্বনে স্থির প্রজ্ঞা সমাধিভাবনাময় জ্ঞান কিরূপ? সমাধি এক প্রকার, যথা– চিত্তের একাগ্রতা। সমাধি দুই প্রকার, যথা– লৌকিক সমাধি ও লোকোত্তর সমাধি। সমাধি তিন প্রকার যথা– সবিতর্ক সবিচার সমাধি, অবিতর্ক বিচারমাত্র সমাধি ও অবিতর্ক অবিচার সমাধি। সমাধি চার প্রকার, যথা– পরিহানীভাগীয় সমাধি, স্থিতিভাগীয় সমাধি, বিশেষভাগীয় সমাধি ও নির্বেদভাগীয় সমাধি। সমাধি পাঁচ প্রকার, যথা– প্রীতিস্ফুরণ সমাধি, সুখস্ফুরণ সমাধি, চিত্তস্ফুরণ সমাধি, আলোকস্ফুরণ সমাধি এবং প্রত্যবেক্ষণ নিমিত্ত সমাধি।

সমাধি ছয় প্রকার, যথা– বুদ্ধানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, ধর্মানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, সঙ্ঘানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, শীলানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, ত্যাগানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, দেবতানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি। সমাধি সাত প্রকার, যথা– সমাধি কুশলতা, সমাধির সমাপত্তি কুশলতা,

Visit: http://www.buddhistdownload.com

সমাধির স্থিতি কুশলতা, সমাধির উত্থান কুশলতা, সমাধির সামর্থ (কল্পতা) কুশলতা, সমাধির গোচরকুশলতা, সমাধির অভিনীহারকুশলতা। সমাধি আট প্রকার, যথা– পৃথিবীকৃৎস্নবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, আপ্ কৃৎস্নবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, তেজকৃৎস্নবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, বায়ু কৃৎস্নবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, নীল কৃৎস্নবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, পীত কৃৎস্নবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, লোহিত কৃৎস্নবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি এবং শ্বেত কৃৎস্নবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি। সমাধি নয় প্রকার, যথা– রূপবচর সমাধি হীনও হয়, মধ্যমও হয়, উৎকৃষ্টও হয়; অরূপবচর সমাধি হীনও হয়, মধ্যমও হয়, উৎকৃষ্টও হয়, শূন্যতা সমাধি, অনিমিত্ত সমাধি এবং অপ্রণিহিত সমাধি। সমাধি দশ প্রকার, যথা– উর্ধ্বস্ফীত সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি, বিনীলক সংজ্ঞাবশে ... সমাধি, পূযপূর্ণ সংজ্ঞাবশে ... সমাধি, বিচ্ছিদ্র বা ছিদ্রযুক্ত সংজ্ঞাবশে ... সমাধি, বিখাদিত সংজ্ঞাবশে ... সমাধি, বিক্ষিপ্ত সংজ্ঞাবশে ... সমাধি, হতবিক্ষত সংজ্ঞাবশে ... সমাধি, রক্তাক্ত সংজ্ঞাবশে ... সমাধি, কৃমিপূর্ণ সংজ্ঞাবশে ... সমাধি এবং অস্থিপঞ্জর সংজ্ঞাবশে ... সমাধি। এভাবে সমাধি পঞ্চান্ন প্রকার হয়ে থাকে।

৪৪। আরো পঁচিশ প্রকার সমাধির সমাধি অর্থবোধক (সমাধি স্বভাব), যথা– (১) পরিগ্রহার্থে সমাধি, (২) পরিবারার্থে সমাধি, (৩) পরিপূরণার্থে সমাধি, (৪) একগ্রতার্থে সমাধি, (৫) অবিক্ষেপার্থে সমাধি, (৬) অবিচারার্থে সমাধি, (৭) অনাবিলার্থে সমাধি, (৮) অকম্পিতার্থে সমাধি, (৯) বিমুক্তার্থে সমাধি, (১০) এক উপস্থাপনবশে চিত্তের নিশ্চলভাব প্রতিষ্ঠার্থে সমাধি, (১১) সম অন্বেষণ করা সমাধি, (১২) বিসম অনান্বেষণ করা সমাধি, (১৩) সম অন্বেষণার্থে সমাধি, (১৪) বিসম অনান্বেষণার্থে সমাধি, (১৫) সম গ্রহণ করা সমাধি, (১৬) বিসম গ্রহণ না করা সমাধি, (১৭) সম গ্রহণার্থে সমাধি, (১৮) বিসম অগ্রহণার্থে সমাধি, (১৯) সম প্রতিপন্ন হওয়ার্থে সমাধি, (২০) বিসম প্রতিপন্ন না হওয়ার্থে সমাধি, (২১) সম ধ্যান করা সমাধি, (২২) বিসম দহন করা সমাধি, (২৩)

Visit: http://www.buddhistdownload.com

সম ধ্যানার্থে সমাধি, (২৪) বিসম দহনার্থে সমাধি। (২৫) যেহেতু সবই অর্পণা (বা অর্পণা সমাধির পর্যায়ভূক্ত), এই অর্পণা হিত এবং অদুঃখ-অসুখ বেদনা উপশমার্থে সুখ, সেজন্য সমাহিত সুখভাবে সমাধি। এটাই পঁচিশ প্রকার সমাধির সমাধিস্বভাব। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "সংবর প্রাপ্ত হয়ে একালম্বনে স্থির প্রজ্ঞা সমাধি ভাবনাময় জ্ঞান।

সমাধি ভাবনাময় জ্ঞান বর্ণনা সমাপ্ত

৪। ধর্মস্থিতি জ্ঞান বর্ণনা

৪৫। প্রজ্ঞা প্রত্যয় পরিগ্রহে ধর্মস্থিতি জ্ঞান কিরূপ? অবিদ্যা সংস্কারের উৎপন্নস্থিতি, প্রবর্তনস্থিতি, নিমিত্তস্থিতি, আসক্তিস্থিতি, সংযোগস্থিতি, প্রতিবন্ধকস্থিতি, সমুদয়স্থিতি, হেতুস্থিতি এবং প্রত্যয়স্থিতি এই নয় প্রকার অবিদ্যা প্রত্যয় সংস্কার প্রত্যয়ে সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ধর্মসমূহ প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে– এটা প্রত্যয় পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। অতীতের সুদীর্ঘ সময় ধরেও অবিদ্যা সংস্কারের উৎপন্নস্থিতি, প্রবর্তনস্থিতি, নিমিত্তস্থিতি, আসক্তিস্থিতি, সংযোগস্থিতি, প্রতিবন্ধকস্থিতি, সমুদয়স্থিতি, হেতুস্থিতি এবং প্রত্যয়স্থিতি। অনাগতের সুদীর্ঘ সময় ধরেও অবিদ্যা সংস্কারের ... প্রত্যয়স্থিতি। এই নয় প্রকারে অবিদ্যা প্রত্যয় সংস্কার প্রত্যয়ে সমুৎপন্ন হয়ে থাকে। উভয়ক্ষেত্রে ধর্মসমূহ প্রত্যয় সুমৎপন্ন হয়ে থাকে– এটা প্রত্যয় পরিগ্রহণের প্রজ্ঞা হচ্ছে ধর্মে স্থিত জ্ঞান।

সংস্কার বিজ্ঞানের উৎপন্নস্থিতি, প্রবর্তনস্থিতি ... পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। বিজ্ঞান নামরূপের উৎপন্নস্থিতি ... পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। নামরূপ ষড়ায়তনের উৎপন্নস্থিতি ... পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। ষড়ায়তন স্পর্শের উৎপন্নস্থিতি ... পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। স্পর্শ বেদনার উৎপন্নস্থিতি ... পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। বেদনা তৃষ্ণার উৎপন্নস্থিতি ... পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। তৃষ্ণা উপাদানের উৎপন্নস্থিতি ... পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। উপাদান ভবের উৎপন্নস্থিতি

Visit: http://www.buddhistdownload.com

... পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। ভব জাতির উৎপন্নস্থিতি ... পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান।

৪৬। অবিদ্যা হচ্ছে হেতু এবং সংস্কার হেতু সমুৎপন্ন। উভয় ক্ষেত্রে ধর্ম হেতু সমুৎপন্ন হয়ে থাকে। এটা প্রত্যয় পরিগ্রহণে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। অতীতের সুদীর্ঘ সময় ধরেও অবিদ্যা হেতু সংস্কারে হেতু সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম হেতু সমুৎপন্ন হয়ে থাকে– এটা প্রত্যয় পরিগ্রহণে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। অনাগতের সুদীর্ঘ সময় ... জ্ঞান।

সংস্কার হেতুতে বিজ্ঞান হেতু সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম হেতু সমুৎপন্ন হয়ে থাকে– এটা প্রত্যয় পরিগ্রহণে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। অতীতের সুদীর্ঘ ... জ্ঞান। অনাগতের সুদীর্ঘ ... জ্ঞান বিজ্ঞান হেতুতে নামরূপ হেতু সমুৎপন্ন হয়ে থাকে। ... জ্ঞান। নামরূপ হেতুতে ষড়ায়তন হেতু সমুৎপন্ন হয়ে থাকে। ... জ্ঞান। ষড়ায়তন হেতুতে স্পর্শ হেতু সমুৎপন্ন হয়ে থাকে। ... জ্ঞান। স্পর্শ হেতুতে বেদনা হেতু সমুৎপন্ন হয়ে থাকে। ... জ্ঞান। তৃষ্ণা হেতুতে উপাদান হেতু সমুৎপন্ন হয়ে থাকে। ... জ্ঞান। উপাদান হেতুতে ভব হেতু সমুৎপন্ন হয়ে থাকে। ... জ্ঞান। ভব হেতুতে জাতি হেতু সমুৎপন্ন হয়ে থাকে। ... জ্ঞান। জাতি হেতুতে জরামরণ হেতু সমুৎপন্ন হয়ে থাকে। ... জ্ঞান।

অবিদ্যার কারণে সংস্কার প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে– এটা প্রত্যয় পরিগ্রহণে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। অতীতের সুদীর্ঘ সময় ধরেও অবিদ্যা প্রতীত্যে সংস্কার প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ধর্ম প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে– এটা প্রত্যয় পরিগ্রহণে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। অনাগতের সুদীর্ঘ ধরেও অবিদ্যা প্রতীত্য ... জ্ঞান।

সংস্কার প্রতীত্যে বিজ্ঞান প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ... জ্ঞান। বিজ্ঞানের কারণে নামরূপ প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ... জ্ঞান। নামরূপের কারণে ষড়ায়তন প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ... জ্ঞান। ষড়ায়তনের কারণে স্পর্শ প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ... জ্ঞান। স্পর্শের কারণে বেদনা প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ...

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞান। বেদনার কারণে তৃষ্ণা প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ... জ্ঞান। উপাদানের কারণে ভব প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ... জ্ঞান। ভবের কারণে জাতি প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ... জ্ঞান। জাতির কারণে জরামরণ প্রতীত্য সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ... জ্ঞান।

অবিদ্যার কারণে সংস্কার প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে– এটা প্রত্যয় পরিগ্রহণে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। অতীতের সুদীর্ঘ সময় ধরেও অবিদ্যার কারণে সংস্কার প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ধর্ম প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে– এটা প্রত্যয় পরিগ্রহণে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান। অনাগতের সুদীর্ঘ সময় ধরেও অবিদ্যার কারণে সংস্কার প্রত্যয় সমুৎপন্ন হবে। উভয় ক্ষেত্রে ধর্ম প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে– এটা প্রত্যয় পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান।

সংস্কারের কারণে বিজ্ঞান প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম ... জ্ঞান। বিজ্ঞানের কারণে নামরূপ প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম ... জ্ঞান। নামরূপের কারণে ষড়ায়তন প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম ... জ্ঞান। ষড়ায়তনের কারণে স্পর্শ প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম ... জ্ঞান। স্পর্শের কারণে বেদনা প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম ... জ্ঞান। বেদনার কারণে তৃষ্ণা প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম ... জ্ঞান। তৃষ্ণার কারণে উপাদানের প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম ... জ্ঞান। উপাদানের কারণে ভব প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম ... জ্ঞান। ভবের কারণে জাতি প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম ... জ্ঞান। জাতির কারণে জরামরণ প্রত্যয় সমুৎপন্ন হয়ে থাকে। উভয় ক্ষেত্রে ধর্ম ... জ্ঞান।

৪৭। পূর্বজন্মের কর্মভবে মোহ হচ্ছে অবিদ্যা, সংস্কারসমূহ অনুসরণকারী, আসক্তি হচ্ছে তৃষ্ণা, উপগমন (বা গ্রহণকরণ) হচ্ছে উপাদান, চেতনা হচ্ছে ভব। এপঞ্চধর্ম পূর্বজন্মের কর্মভবে প্রতিসন্ধির প্রত্যয় হয়ে থাকে। ইহজন্মে প্রতিসন্ধি বিজ্ঞান, উৎপন্ন নামরূপ, ইন্দ্রিয়াদি প্রসাদ আয়তন, অনুভূত-স্পর্শ, বেদয়িত বেদনা; এই পঞ্চধর্ম (বিজ্ঞান)-

Visit: http://www.buddhistdownload.com

উৎপত্তিভবে পূর্বকৃত কর্মের প্রত্যয় হয়ে থাকে। এখানে আয়তনসমূহের পরিপক্বতায় মোহ হচ্ছে অবিদ্যা, সংস্কার অনুসরণকারী, আসক্তি হচ্ছে তৃষ্ণা, উপগমন হচ্ছে উপাদান, চেতনা হচ্ছে ভব। এপঞ্চধর্ম বর্তমান জন্মের কর্মভবে ভবিষ্যতে প্রতিসন্ধি প্রত্যয় হয়ে থাকে। ভবিষ্যতের প্রতিসন্ধি হচ্ছে বিজ্ঞান, উৎপন্ন নামরূপ, ইন্দ্রিয়াদি প্রসাদ আয়তন, অনুভূত স্পর্শ, বেদয়িত বেদনা; এপঞ্চধর্ম ভবিষ্যতে উৎপত্তিভবে বর্তমান কৃতকর্মের প্রত্যয় হয়ে থাকে। এরূপে চার সংক্ষেপ, তিন সময়, ত্রিসন্ধি বিশ প্রকারে প্রতীত্যসমুৎপাদ জানা, দর্শন করা, অনুধাবণ করা এবং প্রতিবিদ্ধ করা হয়। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "প্রত্যয় পরিগ্রহে প্রজ্ঞা ধর্মস্থিতি জ্ঞান।"

ধর্মস্থিতিজ্ঞান বর্ণনা সমাপ্ত।

৫। সংমর্শন জ্ঞান বর্ণনা

৪৮। অতীত, অনাগত, বর্তমানের ধর্মসমূহ সংক্ষিপ্ত করে বিশ্লেষণে সংমর্শন জ্ঞান কিরূপ?

অতীত-অনাগত-বর্তমানের, যেসব রূপ শরীরাভ্যন্তরে বা বাইরে, স্থূল বা সূক্ষ্ম, হীন বা উৎকৃষ্ট, দূরের কিংবা নিকটের সেসব রূপকে অনিত্যবশে বিশ্লেষণ করলে একবার (অনিত্যমূলক) সংমর্শন জ্ঞান উদয় হয়। দুঃখবশে বিশ্লেষণ করলে (দুঃখমূলক) একবার সংমর্শন জ্ঞান উদয় হয়। অনাত্মবশে বিশ্লেষণ করলে (অনাত্মমূলক) একবার সংমর্শন জ্ঞান উদয় হয়।

অতীত-অনাগত বর্তমানের ... যেসব বেদনাকে ... হয়। অতীত-অনাগত ... যেসব সংস্কারকে ... হয়। অতীত-অনাগত ... যেসব বিজ্ঞানকে ... হয়। অতীত-অনাগত ... যেসব চক্ষুকে ... হয়। অতীত-অনাগত ... যেসব জরামরণকে ... হয়।

অতীত-অনাগত-বর্তমানের রূপকে ক্ষয়শীলার্থে অনিত্য, ভয়শীলার্থে দুঃখ এবং অসারার্থে অনাত্মরূপে গ্রহণ পূর্বক বিশ্লেষণ করলে যে প্রজ্ঞা উদয় হয়, তা-ই সংমর্শন জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের বেদনাকে ...

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের সংজ্ঞাকে ... জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের সংস্কারকে ... জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের চক্ষুকে ... জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের জরামরণকে ... জ্ঞান।

অতীত-অনাগত-বর্তমানের রূপকে অনিত্য, কর্মফল দ্বারা উৎপন্ন, কার্য-কারণ সম্ভূত, ক্ষয়ধর্মী, ব্যয়ধর্মী, বিরাগধর্মী, নিরোধধর্মী রূপে গ্রহণ পূর্বক বিশ্লেষণ করলে যে জ্ঞান উদয় হয়, তা-ই সংমর্শন জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের বেদনাকে ... জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের সংজ্ঞাকে ... জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের সংস্কারকে ... জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের বিজ্ঞানকে ... জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের চক্ষুকে ... জ্ঞান। অতীত-অনাগত-বর্তমানের জরামরণকে ... জ্ঞান।

জাতি কারণে জরামরণ, জাতি বিহীনে জরামরণও নেই এভাবে সংক্ষিপ্ত করে বিশ্লেষণ করলে যে প্রজ্ঞা উদয় হয়, তা-ই সংমর্শন জ্ঞান। অতীতের সুদীর্ঘ সময় ধরেও জাতির কারণে জরামরণ ... জ্ঞান। অনাগতের সুদীর্ঘ ... জ্ঞান।

ভবের কারণে জাতি, ভব বিহীনে জাতিও নেই ... জ্ঞান। উপাদানের কারণে ভব, উপাদান বিহীনে ভবও নেই ... জ্ঞান। তৃষ্ণা কারণে উপাদান, তৃষ্ণা বিহীনে উপাদানও নেই ... জ্ঞান। বেদনার কারণে তৃষ্ণা, বেদনার বিহীনে তৃষ্ণাও নেই ... জ্ঞান। স্পর্শের কারণে বেদনা, স্পর্শ বিহীনে বেদনাও নেই ... জ্ঞান। ষড়ায়তনের কারণে স্পর্শ, ষড়ায়তন বিহীনে স্পর্শও নেই ... জ্ঞান। নামরূপের কারণে ষড়ায়তন, নামরূপ বিহীনে ষড়ায়তন নেই ... জ্ঞান। বিজ্ঞানের কারণে নামরূপ, বিজ্ঞান বিহীনে নামরূপও নেই ... জ্ঞান। সংস্কারের কারণে বিজ্ঞান, সংস্কার বিহীনে বিজ্ঞানও নেই ... জ্ঞান। অবিদ্যার কারণে সংস্কার, অবিদ্য বিহীনে সংস্কারও নেই ... জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "অতীত-অনাগত-বর্তমানের ধর্মসমূহ সংক্ষিপ্ত করে বিশ্লেষণ করলে যে প্রজ্ঞা উদয় হয়, তা-ই সংমর্শন জ্ঞান।"

সংমর্শজ্ঞান বর্ণনা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

৬। উদয়-ব্যয় জ্ঞান বর্ণনা

৪৯। বর্তমান ধর্মসমূহের বিপরিণামানুদর্শনে প্রজ্ঞা উদয়-ব্যয় জ্ঞান কিরূপ? বর্তমানে জাত যেই রূপ তার উৎপত্তি লক্ষণ হচ্ছে উদয়, পরিবর্তন লক্ষণ হচ্ছে ব্যয়। এগুলো পুঙ্খানুপুঙ্খরূপে দর্শনই উদয়-ব্যয় জ্ঞান। জাত বেদনার উৎপত্তি লক্ষণ হচ্ছে ... জ্ঞান। জাত সংজ্ঞার উৎপত্তি লক্ষণ হচ্ছে ... জ্ঞান। জাত সংস্কারের উৎপত্তি লক্ষণ হচ্ছে ... জ্ঞান। জাত বিজ্ঞানের উৎপত্তি লক্ষণ হচ্ছে ... জ্ঞান। জাত চক্ষুর উৎপত্তি লক্ষণ হচ্ছে ... জ্ঞান। জাত ভবের উৎপত্তি লক্ষণ হচ্ছে ... জ্ঞান।

৫০। পঞ্চস্কন্ধের উদয় দর্শনকালে কত প্রকার লক্ষণ, ব্যয় দর্শনকালে কত প্রকার লক্ষণ এবং উদয়-ব্যয় দর্শনকালে কত প্রকার লক্ষণ দেখা যায়? পঞ্চস্কন্ধের উদয় দর্শনকালে ২৫ প্রকার লক্ষণ, ব্যয় দর্শনকালে ২৫ প্রকার লক্ষণ এবং উদয়-ব্যয় দর্শনকালে ৫০ প্রকার লক্ষণ দেখা যায়।

রূপস্কন্ধের উদয় দর্শনকালে কত প্রকার লক্ষণ, ব্যয় দর্শনকালে কত প্রকার লক্ষণ এবং উদয়-ব্যয় দর্শনকালে কত প্রকার লক্ষণ দেখা যায়? বেদনাস্কন্ধের ...? সংজ্ঞাস্কন্ধের ... ? সংস্কারস্কন্ধের ... ? বিজ্ঞানস্কন্ধের ... ? রূপস্কন্ধের উদয় দর্শনকালে ৫ প্রকার লক্ষণ, ব্যয় দর্শনকালে ৫ প্রকার লক্ষণ এবং উদয়-ব্যয় দর্শনকালে ১০ প্রকার লক্ষণ দেখা যায়। বেদনাস্কন্ধের ... যায়। সংজ্ঞাস্কন্ধের ... যায়। সংস্কারস্কন্ধের ... যায়। বিজ্ঞানস্কন্ধের ... যায়।

রূপস্কন্ধের উদয় দর্শনকালে কোন ৫ প্রকার লক্ষণ দেখা যায়? অবিদ্যার কারণে (সমুদয়ে) রূপের উৎপত্তি হয়– এই প্রত্যয়ের কারণে রূপস্কন্ধের উদয় দর্শিত হয়। তৃষ্ণার কারণে (সমুদয়ে) রূপের উৎপত্তি হয়– এ প্রত্যয়ের ... যায়। কর্মের কারণে রূপের উৎপত্তি হয়– এ প্রত্যয়ের ... যায়। আহারের কারণে (সমুদয়ে) রূপের উৎপত্তি হয়– এ প্রত্যয়ের ... যায়। পুর্নজন্ম লক্ষণ দর্শনকালেও রূপস্কন্ধের উদয় দেখা যায়। রূপস্কন্ধের উদয় দর্শকালে এই পাঁচ প্রকার লক্ষণ দেখা যায়।

Visit: http://www.buddhistdownload.com

রূপস্কন্ধের ব্যয় দর্শনকালে কোন ৫ প্রকার লক্ষণ দেখা যায়? অবিদ্যার নিরোধে রূপের নিরোধ হয়– এপ্রত্যয়ের নিরোধার্থ দ্বারা রূপস্কন্ধের ব্যয় দেখা যায়। তৃষ্ণার নিরোধে ... যায়। কর্মের নিরোধে ... যায়। আহারের নিরোধে ... যায়। বিপরিণাম লক্ষণ দর্শনকালেও রূপস্কন্ধের ব্যয় দেখা যায়। রূপস্কন্ধের ব্যয় দর্শনকালে এই পাঁচ প্রকার লক্ষণ দেখা যায়।

বেদনাস্কন্ধের উদয় দর্শনকালে কোন ৫ প্রকার লক্ষণ দেখা যায়? অবিদ্যার কারণে (সমুদয়ে) বেদনার উৎপত্তি ... (পূর্ববৎ দ্রষ্টব্য, রূপস্কন্ধের স্থলে বেদনাস্কন্ধ হবে মাত্র)।

(সংজ্ঞাস্কন্ধ, সংস্কারস্কন্ধ, বিজ্ঞানস্কন্ধের বেলায়ও একই কথা প্রয়োজ্য)

পঞ্চস্কন্ধের উদয় দর্শনকালে এই পঁচিশ (২৫) প্রকার লক্ষণ দেখা যায়, ব্যয় দর্শনকালে এই পঁচিশ প্রকার লক্ষণ দেখা যায় এবং উদয়-ব্যয় দর্শনকালে এই পঞ্চাশ প্রকার লক্ষণ দেখা যায়। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "বর্তমান ধর্মসমূহের বিপরিণামানুদর্শনে প্রজ্ঞাই হল উদয়-ব্যয় জ্ঞান।" রূপস্কন্ধ আহার সমুদয়। বেদনা, সংজ্ঞা, সংস্কার এই তিন প্রকার স্কন্ধ স্পর্শ সমুদয়। বিজ্ঞানস্কন্ধ নামরূপ সমুদয়।

উদয়-ব্যয় জ্ঞান বর্ণনা সমাপ্ত

৭। ভঙ্গানুদর্শন জ্ঞান বর্ণনা

৫১। আলম্বনে অভিনিবিষ্ট হয়ে বিশেষভাবে দর্শনে প্রজ্ঞা ভঙ্গানুদর্শন জ্ঞান কিরূপ? রূপালম্বন দ্বারা চিত্ত উৎপন্ন হয়ে ভঙ্গ হয়। সেই আলম্বনে চিত্ত অভিনিবিষ্ট হয়ে সেই চিত্তের ভঙ্গকে অনুদর্শন করে। কিভাবে অনুদর্শন করে? অনিত্যরূপে অনুদর্শন করে, নিত্যরূপে নয়। দুঃখরূপে অনুদর্শন করে, সুখরূপে নয়। অনাত্মরূপে অনুদর্শন করে, আত্মরূপে নয়। বিরক্ত হয়, আনন্দিত হয় না; অনাসক্ত থাকে, আসক্ত হয় না। নিরোধ বা ধ্বংস করে, উৎপন্ন করে না। পরিত্যাগ করে, গ্রহণ করে না।

Visit: http://www.buddhistdownload.com

৫২। অনিত্যরূপে অনুদর্শনকালে নিত্যসংজ্ঞা ত্যাগ করে। দুঃখরূপে অনুদর্শনকালে সুখসংজ্ঞা ত্যাগ করে। অনাত্মরূপে অনুদর্শনকালে আত্মসংজ্ঞা ত্যাগ করে। বিরক্তকালে আনন্দ ত্যাগ করে। অনাসক্তকালে আসক্তি ত্যাগ করে। ধ্বংসকালে উৎপন্ন ত্যাগ করে। পরিত্যাগকালে গ্রহণ ত্যাগ করে।

বেদনালম্বন দ্বারা চিত্ত উৎপন্ন হয়ে ভঙ্গ ... পরিত্যাগ করে, গ্রহণ করে না। সংজ্ঞালম্বন দ্বারা চিত্ত উৎপন্ন হয়ে ভঙ্গ ... পরিত্যাগ করে, গ্রহণ করে না। সংস্কারলম্বন দ্বারা চিত্ত উৎপন্ন হয়ে ভঙ্গ ... পরিত্যাগ করে, গ্রহণ করে না। বিজ্ঞানলম্বন দ্বারা চিত্ত উৎপন্ন হয়ে ভঙ্গ ... পরিত্যাগ করে, গ্রহণ করে না।

অনিত্যরূপে অনুদর্শনকালে নিত্যসংজ্ঞা ত্যাগ করে। দুঃখরূপে অনুদর্শনকালে ... পরিত্যাগ করে, গ্রহণ করে না।

বিয়ষ পরীক্ষাকরণে প্রজ্ঞার বিবর্তন,
আবর্জন বল হয় প্রতিসংখ্যা বিদর্শন।
আরম্বণ অনুক্রমে হয়ে এক বিশ্লেষণ,
নিরোধে, অধিমুক্তে ব্যয়লক্ষণ বিদর্শন।
আরম্বণ প্রতিসংখ্যা আর ভয়ানুদর্শন,
শূন্যতা উপাস্থাপনে অধিপ্রজ্ঞা বিদর্শন।
ত্রিবিধ অনুদর্শনে দক্ষ, বিদর্শন চতুর্থে,
ত্রিবিধ উপাস্থাপনে দক্ষ, অকম্পিত নানাদৃষ্টিতে॥

এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "আলম্বণে অভিনিবিষ্ট হয়ে বিশেষভাবে দর্শনে প্রজ্ঞাই হল ভঙ্গানুদর্শন জ্ঞান।"

ভঙ্গানুদর্শন জ্ঞান বর্ণনা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

৮। আদীনব জ্ঞান বর্ণনা

৫৩। ভয় উপস্থিতিতে প্রজ্ঞা আদীনব জ্ঞান কিরূপ? উৎপন্নে ভীত হয়– এটা ভয় উপস্থিতিতে প্রজ্ঞা আদীনব জ্ঞান। প্রবর্তনে ভীত ... জ্ঞান। নিমিত্তে ভীত হয়– ... জ্ঞান। আসক্তিতে ভীত হয়– ... জ্ঞান। প্রতিসন্ধিতে ভীত হয়– ... জ্ঞান। গতিতে ভীত হয়– ... জ্ঞান। পুনর্জন্মে ভীত হয়– ... জ্ঞান। উৎপত্তিতে ভীত হয়– ... জ্ঞান। জাতিতে ভীত হয়– ... জ্ঞান। জরাতে ভীত হয়– ... জ্ঞান। ব্যাধিতে ভীত হয়– ... জ্ঞান। মরণে ভীত হয়– ... জ্ঞান। শোকে ভীত হয়– ... জ্ঞান। পরিদেবনে ভীত হয়– ... জ্ঞান। উপায়াসে ভীত হয়– ... জ্ঞান।

অনুৎপন্ন ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অপ্রবর্তন ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অনিমিত্ত ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। আনাসক্তি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অপ্রতিসন্ধি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অগতি ক্ষেম– এটা শান্তিপদ ভয়। পুনর্জন্মরহিত ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অনুৎপত্তি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অজাতি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অজরা ক্ষেম– এটা শান্তিপদজ্ঞান। অব্যাধি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অমরণ ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অশোক ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অপরিদেবন ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। অনুপায়াস ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান।

উৎপন্ন ভয়, অনুৎপন্ন ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। প্রবর্তন ভয়, অপ্রবর্তন ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। নিমিত্ত ভয়, অনিমিত্ত ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। আসক্তি ভয়, অনাসক্তি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। প্রতিসন্ধি ভয়, অপ্রতিসন্ধি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। গতি ভয়, অগতি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। পুনর্জন্ম ভয়, পুনর্জন্মরহিত ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। উৎপত্তি ভয়, অনুৎপত্তি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। জাতি ভয়, অজাতি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। জরা ভয়, অজরা ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। ব্যাধি ভয়, অব্যাধি ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। মরণ ভয়, অমরণ ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। শোক ক্ষেম ভয়, অশোক ক্ষেম–

Visit: http://www.buddhistdownload.com

এটা শান্তিপদ জ্ঞান। পরিদেবন ভয়, অপরিদেবন ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান। উপায়াস ভয়, অনুপায়াস ক্ষেম– এটা শান্তিপদ জ্ঞান।

উৎপন্ন দুঃখ– এটা ভয় উপস্থিতিতে প্রজ্ঞা আদীনব জ্ঞান। প্রবর্তন দুঃখ– ... জ্ঞান। নিমিত্ত দুঃখ– ... জ্ঞান। আসক্তি দুঃখ– ... জ্ঞান। প্রতিসন্ধি দুঃখ–... জ্ঞান। গতি দুঃখ– ... জ্ঞান। পুনর্জন্ম দুঃখ– ... জ্ঞান। উৎপত্তি দুঃখ– ... জ্ঞান। জাতি দুঃখ– ... জ্ঞান। জরা দুঃখ দুঃখ– ... জ্ঞান। ব্যাধি দুঃখ– ... জ্ঞান। মরণ দুঃখ– ... জ্ঞান। শোক দুঃখ– ... জ্ঞান। পরিদেবন দুঃখ– ... জ্ঞান। উপায়াস দুঃখ– ... জ্ঞান।

অনুৎপন্ন সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অপ্রবর্তন সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অনিমিত্ত সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অনাসক্তি সুখ– এটা শান্তিপদ। অপ্রতিসন্ধি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অগতি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। পুনর্জন্মরহিত সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অনুৎপত্তি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অজাতি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অজরা সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অব্যাধি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অমরণ সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অশোক সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অপরিদেবন সুখ– এটা শান্তিপদ জ্ঞান। অনুপায়াস সুখ– এটা শান্তিপদ জ্ঞান।

উৎপন্ন দুঃখ, অনুৎপন্ন সুখ– এটা শান্তিপদ জ্ঞান। প্রবর্তন দুঃখ, অপ্রবর্তন সুখ– এটা শান্তিপদ জ্ঞান। নিমিত্ত দুঃখ, অনিমিত্ত সুখ– এটা শান্তিপদ জ্ঞান। আসক্তি দুঃখ, অনাসক্তি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। প্রতিসন্ধি দুঃখ, অপ্রতিসন্ধি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। গতি দুঃখ, অগতি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। পুনর্জন্ম দুঃখ, পুনর্জন্মরহিত সুখ– এটা শান্তিপদ জ্ঞান। উৎপত্তি দুঃখ, অনুৎপত্তি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। জাতি দুঃখ, অজাতি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। জরা দুঃখ, অজরা সুখ– এটা শান্তিপদ জ্ঞান। ব্যাধি দুঃখ, অব্যাধি সুখ– এটা শান্তিপদ জ্ঞান। মরণ দুঃখ, অমরণ সুখ– এটা শান্তিপদ জ্ঞান। শোক দুঃখ, অশোক সুখ– এটা শান্তিপদ জ্ঞান। পরিদেবন দুঃখ, অপরিদেবন সুখ– এটা শান্তিপদ জ্ঞান। উপায়াস দুঃখ, অনুপায়াস সুখ– এটা শান্তিপদ জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন সামিষ– এটা ভয় উপস্থিতিতে প্রজ্ঞা আদীনব জ্ঞান। প্রবর্তন সামিষ– ... জ্ঞান। নিমিত্ত সামিষ– ... জ্ঞান। আসক্তি সামিষ– ... জ্ঞান। গতি সামিষ – ... জ্ঞান। প্রতিসন্ধি সামিষ– ... জ্ঞান। পুনর্জন্ম সামিষ– ... জ্ঞান। উৎপত্তি সামিষ– ... জ্ঞান। জাতি সামিষ– ... জ্ঞান। জরা সামিষ– ... জ্ঞান। ব্যাধি সামিষ– ... জ্ঞান। মরণ সামিষ– ... জ্ঞান। শোক সামিষ– ... জ্ঞান। পরিদেব সামিষ– ... জ্ঞান। উপায়াস সামিষ– ... জ্ঞান।

অনুৎপন্ন নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অপ্রবর্তন নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অনিমিত্ত নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অনাসক্তি নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অপ্রতিসন্ধি নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অগতি নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। পুনর্জন্মরহিত নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অনুৎপত্তি নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অজাতি নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অজরা নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অব্যাধি নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অমরণ নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অশোক নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অপরিদেবন নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। অনুপায়াস নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান।

উৎপন্ন সামিষ, অনুৎপন্ন নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। প্রবর্তন সামিষ, অপ্রবর্ত নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। নিমিত্ত সামিষ, অনিমিত্ত নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। আসক্তি সামিষ, অনাসিক্তি নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। প্রতিসন্ধি সামিষ, অপ্রতিসন্ধি নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। গতি সামিষ, অগতি নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। জরা সামিষ, অজরা নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। ব্যাধি সামিষ, অব্যাধি নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। মরণ সামিষ, অমরণ নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। শোক সামিষ, অশোক নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। পরিদেবন সামিষ, অপরিদেবন নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান। উপায়াস সামিষ, অনুপায়াস নিরামিষ– এটা শান্তিপদ জ্ঞান।

উৎপন্ন সংস্কার– এটা ভয় উপস্থিতিতে প্রজ্ঞা আদীনব জ্ঞান। প্রবর্তন সংস্কার– ... জ্ঞান। নিমিত্ত সংস্কার– ... জ্ঞান। অনাসক্তি সংস্কার– ...

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞান। প্রতিসন্ধি সংস্কার– ... জ্ঞান। গতি সংস্কার– ... জ্ঞান। পুনর্জন্ম সংস্কার– ... জ্ঞান। উৎপত্তি সংস্কার– ... জ্ঞান। জাতি সংস্কার– ... জ্ঞান। জরা সংস্কার– ... জ্ঞান। ব্যাধি সংস্কার– ... জ্ঞান। মরণ সংস্কার– ... জ্ঞান। শোক সংস্কার– ... জ্ঞান। পরিদেবন সংস্কার– ... জ্ঞান। উপায়াস সংস্কার– ... জ্ঞান।

অনুৎপন্ন নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অপ্রবর্তন নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অনিমিত্ত নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অনাশক্তি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অপ্রতিসন্ধি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অগতি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। পুনর্জন্মরহিত নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অনুৎপত্তি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অজাতি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অজরা নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অব্যাধি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অমরণ নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অশোক নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অপরিদেবন নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। অনুপায়াস নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান।

উৎপন্ন সংস্কার, অনুৎপন্ন নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। প্রবর্তন সংস্কার, অপ্রবর্তন নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। নিমিত্ত সংস্কার, অনিমিত্ত নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। আসক্তি সংস্কার, অনাসক্তি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। প্রতিসন্ধি সংস্কার, অপ্রতিসন্ধি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। গতি সংস্কার, অগতি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। পুনর্জন্ম সংস্কার, পুনর্জন্মরহিত নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। উৎপত্তি সংস্কার, অনুৎপত্তি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। জাতি সংস্কার অজাতি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। জরা সংস্কার, অজরা নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। ব্যাধি সংস্কার, অব্যাধি নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। মরণ সংস্কার, অমরণ নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। শোক সংস্কার, অশোক নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। পরিদেবন সংস্কার, অপরিদেবন নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান। উপায়াস সংস্কার, অনুপায়াস নির্বাণ– এটা শান্তিপদ জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন, প্রবর্তন আর নিমিত্তকে দুঃখরূপে দর্শন,
আসক্তি, প্রতিসন্ধিকে আদীনব জ্ঞানে জানন।
অনুপন্ন, অপ্রবর্তন আর অনিমিত্ত জানহ সুখ,
অনাসক্তি, অপ্রতিসন্ধি জ্ঞান হল শান্তিপদ।
এই আদীনব জ্ঞানে পঞ্চস্থানে আবির্ভাব,
পঞ্চস্থানে শান্তিপদ, দশবিধ জ্ঞানে জানে যথার্থ;
দ্বিবিধ জ্ঞানে দক্ষতে চিত্ত নহে দৃষ্টিতে কম্পিত।

এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়–"ভয় উপস্থিতিতে প্রজ্ঞাই হল আদীনব জ্ঞান।

আদীনব জ্ঞান বর্ণনা সমাপ্ত

৯। সংস্কারোপেক্ষা জ্ঞান বর্ণনা

৫৪। মুক্তি কাম্যতা প্রতিসংখ্যাস্থিত প্রজ্ঞা সংস্কারোপেক্ষা জ্ঞান কিরূপ? উৎপন্ন মুক্তিকাম্যতা প্রতিসংখ্যাস্থিত প্রজ্ঞাই হল সংস্কারোপেক্ষা জ্ঞান। প্রবর্তন মুক্তিকাম্যতা প্রতিসংখ্যাস্থিত প্রজ্ঞাই হল সংস্কারোপেক্ষা জ্ঞান। নিমিত্ত মুক্তিকাম্যতা প্রতিসংখ্যাস্থিত প্রজ্ঞাই হল সংস্কারোপেক্ষা জ্ঞান। আসক্তি ... জ্ঞান। প্রতিসন্ধি ... জ্ঞান। গতি ... জ্ঞান। পুনর্জন্ম ... জ্ঞান। উৎপত্তি ... জ্ঞান। জাতি ... জ্ঞান। জরা ... জ্ঞান। ব্যাধি ... জ্ঞান। মরণ ... জ্ঞান। শোক ... জ্ঞান পরিদেবন ... জ্ঞান। উপায়াস ... জ্ঞান।

উৎপন্ন দুঃখ– এটা মুক্তিকাম্যতা প্রতিসংখ্যাস্থিত প্রজ্ঞাই হল সংস্কারোপেক্ষা জ্ঞান। প্রবর্তন দুঃখ ... জ্ঞান। নিমিত্ত দুঃখ ... জ্ঞান। আসক্তি দুঃখ ... জ্ঞান। প্রতিসন্ধি দুঃখ ... জ্ঞান। গতি দুঃখ ... জ্ঞান। পুনর্জন্ম দুঃখ ... জ্ঞান। উৎপত্তি দুঃখ ... জ্ঞান। জাতি দুঃখ ... জ্ঞান। জরা দুঃখ ... জ্ঞান। ব্যাধি দুঃখ ... জ্ঞান। মরণ দুঃখ ... জ্ঞান। শোক দুঃখ ... জ্ঞান। পরিদেবন দুঃখ ... জ্ঞান। উপায়াস দুঃখ ... জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন ভয়– এটা মুক্তিকাম্যতা প্রতিসংখ্যাস্থিত প্রজ্ঞাই হল সংস্কাররোপেক্ষা জ্ঞান। প্রবর্তন ভয় ... জ্ঞান। নিমিত্ত ভয় ... জ্ঞান। আসক্তি ভয় ... জ্ঞান। প্রতিসন্ধি ভয় ... জ্ঞান। গতি ভয় ... জ্ঞান। পুনর্জন্ম ভয় ... জ্ঞান। উৎপত্তি ভয় ...জ্ঞান। জাতি ভয় ... জ্ঞান। জরা ভয় ... জ্ঞান। ব্যাধি ভয় ... জ্ঞান। মরণ ভয় ... জ্ঞান। শোক ভয় ... জ্ঞান। পরিদেবন ভয় ... জ্ঞান। উপায়াস ভয় ... জ্ঞান।

উৎপন্ন সামিষ– এটা মুক্তিকাম্যতা প্রতিসংখ্যাস্থিত প্রজ্ঞাই হল সংস্কারোপেক্ষা জ্ঞান। প্রবর্তন সামিষ ... জ্ঞান। নিমিত্ত সামিষ ... জ্ঞান। আসক্তি সামিষ ... জ্ঞান। প্রতিসন্ধি সামিষ ... জ্ঞান। গতি সামিষ ... জ্ঞান। পুনর্জন্ম সামিষ ... জ্ঞান। উৎপত্তি সামিষ ... জ্ঞান। জাতি সামিষ ... জ্ঞান। জরা সামিষ ... জ্ঞান। ব্যাধি সামিষ ... জ্ঞান। মরণ সামিষ ... জ্ঞান। শোক সামিষ ... জ্ঞান। পরিদেবন সামিষ ... জ্ঞান। উপায়াস সামিষ ... জ্ঞান।

উৎপন্ন সংস্কার– এটা মুক্তিকাম্যতা প্রতিসংখ্যাস্থিত প্রজ্ঞাই হল সংস্কারোপেক্ষা জ্ঞান। প্রবর্তন সংস্কার ... জ্ঞান। সংস্কারোপেক্ষা জ্ঞান। প্রবর্তন সংস্কার ... জ্ঞান। নিমিত্ত সংস্কার ... জ্ঞান। আসক্তি সংস্কার ... জ্ঞান। প্রতিসন্ধি সংস্কার ... জ্ঞান। গতি সংস্কার ... জ্ঞান। পুনর্জন্ম সংস্কার ... জ্ঞান। উৎপত্তি সংস্কার ... জ্ঞান। জাতি সংস্কার ... জ্ঞান। জরা সংস্কার ... জ্ঞান। ব্যাধি সংস্কার ... জ্ঞান। মরণ সংস্কার ... জ্ঞান। শোক সংস্কার ... জ্ঞান। পরিদেবন সংস্কার ... জ্ঞান। উপায়াস সংস্কার ... জ্ঞান।

যেই সংস্কার উৎপন্ন হয়, সেই সংস্কারে বিশেষভাবে উপেক্ষা ভাবই, সংস্কারোপেক্ষা। যাহা সংস্কার এবং তার প্রতি যেই উপেক্ষা এখানে উভয়েই সংস্কার। এই উভয় সংস্কারের প্রতি উদাসীন হওয়াই সংস্কারোপেক্ষা। প্রবর্তন সংস্কার, সেই সংস্কারে ... সংস্করোপেক্ষা। নিমিত্ত সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষে। আসক্তি সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা। প্রতিসন্ধি সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা। গতি সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা। পুনর্জন্ম সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা। উৎপত্তি সংস্কার, সেই সংস্কারে

Visit: http://www.buddhistdownload.com

... সংস্কারোপেক্ষা। জাতি সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা। জরা সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা। ব্যাধি সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা। মরণ সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা। শোক সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা। পরিদেবন সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা। উপায়াস সংস্কার, সেই সংস্কারে ... সংস্কারোপেক্ষা।

৫৫। কত প্রকারে সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার (অভিনীহার) হয়ে থাকে? আট প্রকারে সংস্কারোপেক্ষা চিত্তের ব্যবহার হয়। কত প্রকারে পৃথগজনের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়? কত প্রকারে শৈক্ষ্যের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়? কত প্রকারে বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়? দুই প্রকারে পৃথগজনের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়। তিন প্রকারে শৈক্ষ্যের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়। তিন প্রকারে বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়। কোন দুই প্রকারে পৃথগজনের সংস্কারোপেক্ষা চিত্তের ব্যবহার হয়? পৃথগজন সংস্কারোপেক্ষা জ্ঞানকে অভিনন্দন করে বা পুন পুন পর্যবেক্ষণ করে। পৃথগজনের এ দুই প্রকারে সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়। কোন তিন প্রকারে শৈক্ষ্যের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়? শৈক্ষ্য সংস্কারোপেক্ষা জ্ঞানকে অভিনন্দন করে বা পুন পুন পর্যবেক্ষণ করে অথবা মনোযোগের সাথে উত্থানগামী করে ফল সমাপত্তি লাভ করে। শৈক্ষ্যের এ তিন প্রকারে সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়। কোন তিন প্রকারে বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়? বীতরাগ অর্হৎ সংস্কারোপেক্ষা জ্ঞানকে পুন পুন পর্যবেক্ষণ করেন বা মনোযোগের সাথে উত্থানগামী করে ফল সমাপত্তি লাভ করেন অথবা তা রক্ষা করে শূন্যতা বিহার, অনিমিত্তবিহার, অপ্রণিহিতবিহার আশ্রয় করে অবস্থান করেন। বীতরাগ অর্হতের এতিন প্রকারে সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার হয়।

Visit: http://www.buddhistdownload.com

৫৬। কিভাবে পৃথগজন ও শৈক্ষ্যের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার একত্ব বা এক রকম হয়? পৃথগজনের অভিনন্দিত সংস্কারোপেক্ষা চিত্ত মলিন হয়, ভাবনার অগ্রগতিতে প্রতিবন্ধক হয়, মার্গফল লাভের অন্তরায় হয়, ভবিষ্যতে প্রতিসন্ধি গ্রহণের কারণ হয়। শৈক্ষ্যের অভিনন্দিত সংস্কারোপেক্ষা চিত্তও মলিন হয়, ভাবনার অগ্রগতিতে প্রতিবন্ধক হয়, মার্গফল লাভের অন্তরায় হয়, ভবিষ্যতে প্রতিসন্ধি গ্রহণের কারণ হয়। এরূপ অভিনন্দনের কারণে পৃথগজন ও শৈক্ষ্যের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার এক রকম হয়।

কিভাবে পৃথগজন, শৈক্ষ্য ও বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার এক রকম হয়? পৃথগজন সংস্কারোপেক্ষা জ্ঞানের দ্বারা অনিত্য, দুঃখ, অনাত্মকে দর্শন করে। শৈক্ষ্যও ... করে। বীতরাগ অর্হৎও ... করেন। এরূপ অনুদর্শনের কারণে পৃথগজন, শৈক্ষ্য ও বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার এক রকম হয়।

কিভাবে পৃথগজন, শৈক্ষ্য ও বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার নানাত্ব বা ভিন্ন হয়? পৃথগজনের কাছে সংস্কারোপেক্ষা জ্ঞান কুশল বলে গৃহীত হয়। শৈক্ষ্যের কাছে সংস্কারোপেক্ষা জ্ঞান কুশল বলে পরিগৃহীত হয়। কিন্তু বীতরাগ অর্হতের কাছে সংস্কারোপেক্ষা জ্ঞান অব্যাকৃত বলে পরিগৃহীত হয়। এভাবে কুশল ও অব্যাকৃত ভেদে পৃথগজন, শৈক্ষ্য ও বীতরাগ অর্হতের সংস্করোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার ভিন্ন হয়।

পুনশ্চ, কিভাবে পৃথগজন, শৈক্ষ্য, বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার ভিন্ন হয়? পৃথগজনের সংস্কারোপেক্ষা জ্ঞান কখনো সুবিদিত হয়, কখনো সুবিদিত হয় না। শৈক্ষ্যেরও সংস্কারোপেক্ষা জ্ঞান কখনো সুবিদিত হয়, কখনো সুবিদিত হয় না। কিন্তু বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞান সর্বদা সুবিদিত হয়। এভাবে সর্বদা সুবিদিত ও কখনো-সখনো সুবিদিত ভেদে পৃথগজন, শৈক্ষ্য, বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য ব্যবহার ভিন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

পুনশ্চ, কিভাবে পৃথগজন, শৈক্ষ্য, বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার ভিন্ন হয়? পৃথগজন সংস্কারোপেক্ষা জ্ঞানকে অসুষ্ঠু (বা অপরিপূর্ণ) ভাবে দর্শন করে। শৈক্ষ্যও সংস্কারোপেক্ষা জ্ঞানকে অসুষ্ঠুভাবে দর্শন করে। কিন্তু বীতরাগ অর্হৎ সংস্কারোপেক্ষা জ্ঞানকে সুষ্ঠুভাবে দর্শন করে। এভাবে অসুষ্ঠু ও সুষ্ঠুভাবে দর্শন ভেদে পৃথগজন, শৈক্ষ্য, বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের চিত্তের ব্যবহার ভিন্ন হয়।

পুনশ্চ, কিভাবে পৃথগজন, শৈক্ষ্য, বীতরাগ অর্হতের সংসারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার ভিন্ন হয়? পৃথগজন সংস্কারোপেক্ষা জ্ঞান দ্বারা ত্রিবিধ সংযোজন প্রহীনার্থে স্রোতাপত্তিমার্গ প্রতিলাভের জন্য দর্শন করে। শৈক্ষ্য সংস্কারোপেক্ষা জ্ঞান ও ত্রিবিধ সংযোজনের প্রহীনত্ব সম্পূর্ণরূপে প্রতিলাভের জন্য দর্শন করে। বীতরাগ অর্হৎ সংস্কারোপেক্ষা জ্ঞান দ্বারা সর্ব ক্লেশের প্রহীন করে দৃষ্টধর্মে (ইহকালে) সুখে অবস্থানের জন্য বিদর্শন করেন। এভাবে প্রহীনার্থে ও অপ্রহীনার্থে পৃথগজন, শৈক্ষ্য এবং বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার ভিন্ন হয়।

পুনশ্চ, কিভাবে শৈক্ষ্য, বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার ভিন্ন হয়? শৈক্ষ্য সংস্করোপেক্ষা জ্ঞানকে অভিনন্দন করে, দর্শন করে এবং মনোযোগের সাথে উত্থানগামী করে ফল সমাপত্তি লাভ করে। বীতরাগ অর্হৎ সংস্কারোপেক্ষা জ্ঞানকে দর্শন করেন, মনোযোগের সাথে উত্থানগামী করে ফল সমাপত্তি লাভ করেন এবং তা রক্ষা করে শূন্যতাবিহার, অনিমিত্তবিহার ও অপ্রণিহিতবিহার আশ্রয় করে অবস্থান করেন। এভাবে বিহার সমাপত্যার্থে শৈক্ষ্য, বীতরাগ অর্হতের সংস্কারোপেক্ষা জ্ঞানের জন্য চিত্তের ব্যবহার ভিন্ন হয়।

৫৭। শমথবশে কত প্রকার সংস্কারোপেক্ষা জ্ঞান উৎপন্ন হয়? আর বিদর্শনবশে কত প্রকার সংস্কারোপেক্ষা জ্ঞান উৎপন্ন হয়? শমথবশে আট প্রকার সংস্কারোপেক্ষা জ্ঞান উৎপন্ন হয়। বিদর্শনবশে দশ প্রকার সংস্করোপেক্ষা জ্ঞান উৎপন্ন হয়।

শমথবশে কোন আট প্রকার সংস্কারোপেক্ষা জ্ঞান উৎপন্ন হয়? প্রথমধ্যান প্রতিলাভের জন্য নীবরণে মনযোগেস্থিত (প্রতিসংখ্যাস্থিত)

Visit: http://www.buddhistdownload.com

প্রজ্ঞাই সংস্কারোপেক্ষা জ্ঞান। দ্বিতীয়ধ্যান প্রতিলাভের জন্য বিতর্ক-বিচারে মনযোগেস্থিত (প্রতিসংখ্যাস্থিত) প্রজ্ঞাই সংস্কারোপেক্ষা জ্ঞান। তৃতীয়ধ্যান প্রতিলাভের জন্য প্রীতি মনযোগেস্থিত (প্রতিসংখ্যাস্থিত) প্রজ্ঞাই সংস্কারোপেক্ষা জ্ঞান। আকাশানন্তায়তন সমাপত্তি প্রতিলাভের জন্য রূপসংজ্ঞা, প্রতিঘসংজ্ঞা ও নানাত্বসংজ্ঞা মনযোগেস্থিত (প্রতিসংখ্যাস্থিত) প্রজ্ঞাই সংস্কারোপেক্ষা জ্ঞান। বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি প্রতিলাভের জন্য আকাশানন্তায়তনসংজ্ঞা মনযোগেস্থিত (প্রতিসংখ্যাস্থিত) প্রজ্ঞাই সংস্কারোপেক্ষা জ্ঞান। আকিঞ্চনায়তন সমাপত্তি প্রতিলাভের জন্য বিজ্ঞানানন্তায়তনসংজ্ঞা মনযোগেস্থিত (প্রতিসংখ্যাস্থিত) প্রজ্ঞাই সংস্কারোপেক্ষা জ্ঞান। নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তি প্রতিলাভের জন্য আকিঞ্চনায়তনসংজ্ঞা প্রতিসংখ্যাস্থিত প্রজ্ঞাই সংস্কারোপেক্ষা জ্ঞান। শমথবশে এই আট প্রকার সংস্কারোপেক্ষা জ্ঞান উৎপন্ন হয়।

বিদর্শনবশে কোন দশ প্রকার সংস্করোপেক্ষা জ্ঞান উৎপন্ন হয়? স্রোতাপত্তিমার্গ প্রতিলাভের জন্য উৎপাদন, প্রবর্তন, নিমিত্ত, আসক্তি, প্রতিসন্ধি, গতি, পুনর্জন্ম, উৎপত্তি, জাতি, জরা, ব্যাধি, মরণ, শোক, পরিদেবন ও উপায়াস মনযোগেস্থিত প্রজ্ঞাই সংস্কারোপেক্ষা জ্ঞান। স্রোতাপত্তিফল সমাপত্তি প্রতিলাভের জন্য উৎপন্ন ... জ্ঞান। সকৃদাগামীমার্গ প্রতিলাভের জন্য উৎপন্ন ... জ্ঞান। সকৃদাগামীফল সমাপত্তি প্রতিলাভের জন্য উৎপন্ন ... জ্ঞান। অনাগামীমার্গ প্রতিলাভের জন্য উৎপন্ন ... জ্ঞান। অনাগামীফল সমাপত্তি প্রতিলাভের জন্য উৎপন্ন ... জ্ঞান। অর্হত্বমার্গ প্রতিলাভের জন্য উৎপন্ন ... জ্ঞান। অর্হত্ব ফল সমাপত্তি প্রতিলাভের জন্য উৎপন্ন ... জ্ঞান। শূন্যতাবিহার সমাপত্তি প্রতিলাভের জন্য উৎপন্ন ... জ্ঞান। অনিমিত্তবিহার সমাপত্তি প্রতিলাভের জন্য উৎপন্ন ... জ্ঞান। বিদর্শনবশে এ দশ প্রকার সংস্কারোপেক্ষা জ্ঞান উৎপন্ন হয়।

৫৮। সংস্কারোপেক্ষা জ্ঞান কুশল কত প্রকার, অকুশল কত প্রকার এবং অব্যাকৃত কত প্রকার? সংস্কারোপেক্ষা জ্ঞান কুশল পনের প্রকার, অব্যাকৃত তিন প্রকার আর অকুশল নেই।

Visit: http://www.buddhistdownload.com

মনযোগেস্থিত প্রজ্ঞা, অষ্ট চিত্ত ভূক্ত;
পৃথগজনের দ্বিবিধ হয় শৈক্ষ্যের তিনযুক্ত।
বীতরাগের ত্রিবিধ হয়ে, চিত্ত আবর্তিত ॥
অষ্টবিধ সমাধির প্রত্যয়, দশ জ্ঞানের গোচর,
সংস্কারোপেক্ষা আটার হয় বিমোক্ষে উত্তীর্ণ।
অষ্টদশ প্রকারে যার প্রজ্ঞা পরিচিত;
কুশল সংস্কার উপেক্ষাতে, চিত্ত নহে দৃষ্টিতে কম্পিত॥

এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "মুক্তিকাম্যতা প্রতিসংখ্যাস্থিত প্রজ্ঞাই সংস্করোপেক্ষা জ্ঞান।"

সংস্কারোপেক্ষা জ্ঞান বর্ণনা সমাপ্ত

১০। গোত্রভূ জ্ঞান বর্ণনা

৫৯: বাহ্যিক উত্থান বিবর্তনে প্রজ্ঞা গোত্রভূ জ্ঞান কিরূপ? উৎপন্ন বিষয়কে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। প্রর্বতনকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। নিমিত্তকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। আসক্তিকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। প্রতিসন্ধিকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। গতিকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। পুনর্জন্মকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। উৎপত্তিকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। জাতিকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। জরাকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। ব্যাধিকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। মরণকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। শোককে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। পরিদেবনকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। উপায়াসাকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। বাহ্যিক সংস্কার নিমিত্তকে আয়ত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

অনুৎপন্নকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অপ্রবর্তনকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অনিমিত্তকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অনাসক্তিকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অপ্রতিসন্ধিকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অগতিকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। পুনর্জন্মরহিতকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অনুৎপত্তিকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অজাতিকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অজরাকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অব্যাধিকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অমরণকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অশোককে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অপরিদেবকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। অনুপায়াসকে অনুসরণ করে– এটা গোত্রভূ জ্ঞান। বাহ্যিক সংস্কার নিমিত্ত নিরোধ নির্বাণকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান।

উৎপন্ন বিষয়কে আয়ত্ব করে অনুৎপন্ন বিষয় প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। প্রবর্তনকে আয়ত্ব করত অপ্রবর্তনকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। নিমিত্তকে আয়ত্ত করত অনিমিত্তকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। আসক্তিকে আয়ত্ত করত আসক্তিকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। প্রতিসন্ধিকে আয়ত্ত করত অপ্রতিসন্ধিকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। গতিকে আয়ত্ত করত অগতিকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। পুনর্জন্মকে আয়ত্ত করত পুনর্জন্মরহিতকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। উৎপন্নকে আয়ত্ত করত অনুৎপত্তিকে প্রকাশিত করে– প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। জাতি আয়ত্ত করত অজাতিকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। জরাকে আয়ত্ত করত অজরাকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। ব্যাধিকে আয়ত্ত করত অব্যাধিকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। মরণকে আয়ত্ত করে অমরণকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। শোককে আয়ত্ত করত অশোককে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। পরিদেবনকে আয়ত্ত করত

Visit: http://www.buddhistdownload.com

অপরিদেবনকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। উপায়াসকে আয়ত্ত করত অনুপায়াসকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান। বাহ্যিক সংস্কার নিমিত্তকে আয়ত্ত করত নিরোধ নির্বাণকে প্রকাশিত হতে তাগিদ দেয়– এটা গোত্রভূ জ্ঞান।

উৎপন্ন হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। প্রবর্তন হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। নিমিত্ত হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। আসক্তি হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। প্রতিসন্ধি হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। গতি হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। পুনর্জন্ম হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। উৎপত্তি হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। জাতি হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। জরা হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। ব্যাধি হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। মরণ হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। শোক হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। পরিদেবন হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। উপায়াস হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান। বাহ্যিক সংস্কার নিমিত্ত হতে উত্তীর্ণ হয়– এটা গোত্রভূ জ্ঞান।

অনুৎপন্নকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অপ্রবর্তনকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অনিমিত্তকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অনাসক্তিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অপ্রতিসন্ধিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অগতিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। পুনর্জন্মরহিতকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অনুৎপত্তিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অজাতিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অজরাকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অব্যাধিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অমরণকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অশোককে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অপরিদেবনকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অনুপায়াসকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। নিরোধ নির্বাণকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হতে উত্তীর্ণ হয়ে অনুৎপন্নকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। প্রবর্তন হতে উত্তীর্ণ হয়ে অপ্রবর্তনকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। নিমিত্ত হতে উত্তীর্ণ হয়ে অনিমিত্তকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। আসক্তি হতে উত্তীর্ণ হয়ে অনাসক্তিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। প্রতিসন্ধি হতে উত্তীর্ণ হয়ে অপ্রতিসন্ধিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। গতি হতে উত্তীর্ণ হয়ে অগতিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। পুনর্জন্ম হতে উত্তীর্ণ হয়ে পুনর্জন্মরহিতকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। উৎপত্তি হতে উত্তীর্ণ হয়ে অনুৎপত্তিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। জাতি হতে উত্তীর্ণ হয়ে অজাতিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। জরা হতে উত্তীর্ণ হয়ে অজরাকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। ব্যাধি হতে উত্তীর্ণ হয়ে অব্যাধিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। মরণ হতে উত্তীর্ণ হয়ে অমরণকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। শোক হতে উত্তীর্ণ হয়ে অশোককে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। পরিদেবন হতে উত্তীর্ণ হয়ে অপরিদেবনকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। উপায়াস হতে উত্তীর্ণ হয়ে অনুপায়াসকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। বাহ্যিক সংস্কার নিমিত্ত হতে উত্তীর্ণ হয়ে নিরোধ নির্বাণকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান।

উৎপন্ন হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। প্রবর্তন হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। নিমিত্ত হতে নিবর্তিত প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। আসক্তি হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। প্রতিসন্ধি হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। গতি হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। পুনর্জন্ম হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। উৎপত্তি হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। জাতি হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। জরা হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। ব্যাধি হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। মরণ হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। শোক হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। পরিদেবন হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। উপায়াস হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান। বাহ্যিক সংস্কার নিমিত্ত হতে প্রবর্তিত হয়– এটা গোত্রভূ জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

অনুৎপন্নকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অপ্রবর্তনকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অনিমিত্তকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অনাসক্তিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অপ্রতিসন্ধিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অগতিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। পুনর্জন্মরহিতকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অনুৎপত্তিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অজাতিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অজরাকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অব্যাধিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অমরণকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অশোককে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অপরিদেবনকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। অনুপায়াসকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। নিরোধ নির্বাণকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান।

উৎপন্ন বিবর্তিত হয়ে অনুৎপন্নকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। প্রবর্তন বিবর্তিত হয়ে অপ্রবর্তনকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। নিমিত্ত বিবর্তিত হয়ে অনিমিত্তকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। আসক্তি বিবর্তিত হয়ে অনাসক্তিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। প্রতিসন্ধি বিবর্তিত হয়ে অপ্রতিসন্ধিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। গতি বিবর্তিত হয়ে অগতিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। পুনর্জন্ম বিবর্তিত হয়ে পুনর্জন্মরহিতকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। উৎপত্তি বিবর্তিত হয়ে অনুৎপত্তিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। জাতি বিবর্তিত হয়ে অজাতিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। জরা বিবর্তিত হয়ে অজরাকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। ব্যাধি বিবর্তিত হয়ে অব্যাধিকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। মরণ বিবর্তিত হয়ে অমরণকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। শোক বিবর্তিত হয়ে অশোককে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। পরিদেবন বিবর্তিত হয়ে অপরিদেবনকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। উপায়াস বিবর্তিত হয়ে অনুপায়াসকে প্রকাশিত করে– এটা গোত্রভূ জ্ঞান। বাহ্যিক সংস্কার নিমিত্ত বিবর্তিত হয়ে নিরোধ নির্বাণকে প্রকাশিত করে–

Visit: http://www.buddhistdownload.com

এটা গোত্রভূ জ্ঞান।

৬০। শমথবশে কত প্রকার গোত্রভূ ধর্ম উৎপন্ন হয়? এবং বিদর্শনবশে কত প্রকার গোত্রভূ ধর্ম উৎপন্ন হয়? শমথবশে আট প্রকার গোত্রভূ ধর্ম উৎপন্ন হয় এবং বিদর্শনবশে দশ প্রকার গোত্রভূ ধর্ম উৎপন্ন হয়।

শমথবশে কোন আট প্রকার গোত্রভূ ধর্ম উৎপন্ন হয়? প্রথমধ্যান প্রতিলাভের জন্য নীবরণ কর্তৃত্ব করে– এটা গোত্রভূ ধর্ম। দ্বিতীয়ধ্যান প্রতিলাভের জন্য বিতক-বিচারে কর্তৃত্ব করে– এটা গোত্রভূ ধর্ম। তৃতীয়ধ্যান প্রতিলাভের জন্য প্রীতিতে কর্তৃত্ব করে– এটা গোত্রভূ ধর্ম। চতুর্থধ্যান প্রতিলাভের জন্য সুখ-দুঃখ কর্তৃত্ব করে– এটা গোত্রভূ ধর্ম। আকাশানন্তায়তন সমাপত্তি প্রতিলাভের জন্য রূপসংজ্ঞা, প্রতিঘসংজ্ঞা, নানাত্বসংজ্ঞাকে অভিভূত করে– এটা গোত্রভূ ধর্ম। বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি প্রতিলাভের জন্য আকাশানন্তায়তসংজ্ঞাকে অভিভূত করে– এটা গোত্রভূ ধর্ম। আকিঞ্চনায়তন সমাপত্তি প্রতিলাভের জন্য বিজ্ঞানানন্তায়তসংজ্ঞাকে অভিভূত করে– এটা গোত্রভূ ধর্ম। নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তি প্রতিলাভের জন্য আকিঞ্চনায়তনসংজ্ঞাকে অভিভূত করে– এটা গোত্রভূ ধর্ম। শমথবশে এই প্রকার গোত্রভূ ধর্ম উৎপন্ন হয়।

বিদর্শনবশে কোন প্রকার গোত্রভূ ধর্ম উৎপন্ন হয়? স্রোতাপত্তিমার্গ প্রতিলাভের জন্য উৎপন্ন, প্রবর্তন, নিমিত্ত, আসক্তি, প্রতিসন্ধি, গতি, উৎপত্তি, জাতি জরা, ব্যাধি, মরণ, শোক, পরিদেবন, উপায়াস, বাহ্যিক সংস্কার নিমিত্তকে কর্তৃত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। স্রোতাপত্তি ফল সমাপত্তি লাভের জন্য উৎপন্ন, প্রবর্তন ... নিমিত্তকে কর্তৃত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। সকৃদাগামীমার্গ প্রতিলাভের জন্য উৎপন্ন, প্রবর্তন ... নিমিত্তকে কর্তৃত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। সকৃদাগামী ফল সমাপত্তি লাভের জন্য উৎপন্ন, প্রবর্তন ... নিমিত্তকে কর্তৃত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। অনাগামীমার্গ প্রতিলাভের জন্য উৎপন্ন, প্রবর্তন ... নিমিত্তকে কর্তৃত্ব করে– ইহা গোত্রভূ জ্ঞান। অনাগামী ফল-সমাপত্তি লাভের জন্য উৎপন্ন, প্রবর্তন ... নিমিত্তকে কর্তৃত্ব করে– এটা গোত্রভূ জ্ঞান। অর্হত্বমার্গ প্রতিলাভের জন্য উৎপন্ন, প্রবর্তন ... নিমিত্তকে কর্তৃত্ব করে– এটা গোত্রভূ

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞান। অর্হত্বফল সমাপত্তি লাভের জন্য উৎপন্ন, প্রবর্তন ... নিমিত্তকে অভিভূত করে– এটা গোত্রভূ জ্ঞান। শূন্যতাবিহার সমাপত্তি লাভের জন্য উৎপন্ন, প্রবর্তন ... নিমিত্তকে অভিভূত করে– এটা গোত্রভূ জ্ঞান। অনিমিত্তবিহার সমাপত্তি লাভের জন্য উৎপন্ন, প্রবর্তন ... নিমিত্তকে অভিভূত করে– এটা গোত্রভূ জ্ঞান। বিদর্শনবশে এই দশ প্রকার গোত্রভূ ধর্ম উৎপন্ন হয়।

গোত্রভূ ধর্ম কুশল, অকুশল অব্যাকৃত কত প্রকার? গোত্রভূ ধর্ম কুশল পনের প্রকার, অব্যাকৃত তিন প্রকার আর অকুশল নেই।

সামিষ আর নিরামিষ, প্রণীহিত আর অপ্রণিহিতে।
সংযুক্ত আর বিসংযুক্ত, উত্থিত আর অনুত্থিত॥
অষ্ট সমাধির প্রত্যয়, গোচর দশ জ্ঞানে।
আঠারো গোত্রভূ ধর্ম, উত্তীর্ণ বিমোক্ষ প্রত্যয়ে॥
আঠারো প্রকার এই, প্রজ্ঞা যার পরিচিত।
কুশলের উত্থান বিবর্তন, দৃষ্টি নানায় অকম্পিত।

এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "বাহ্যিক উত্থান-বিবর্তনে প্রজ্ঞাই গোত্রভূ জ্ঞান।"

গোত্রভূ জ্ঞান বর্ণনা সমাপ্ত

১১। মার্গজ্ঞান বর্ণনা

৬১। উভয় উত্থান-বিবর্তনে প্রজ্ঞা মার্গজ্ঞান কিরূপ? স্রোতাপত্তি মার্গক্ষণে সম্যকদৃষ্টিতে দর্শন দ্বারা মিথ্যাদৃষ্টি দূরীভূত হয়; তদনুরূপ ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। তাই বলা হয়– "উভয় উত্থান-বিবর্তনে প্রজ্ঞাই মার্গজ্ঞান। "সম্যকসংকল্পে মনোনিবেশ দ্বারা মিথ্যাসংকল্প দূরীভূত হয়; তদনুরূপ ও ক্লেশ, স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। তাই বলা হয়– "উভয়

Visit: http://www.buddhistdownload.com

উত্থান-বিবর্তনে প্রজ্ঞা মার্গজ্ঞান।"

সম্যকবাক্য অধিকৃত দ্বারা মিথ্যাবাক্য দূরীভূত হয়; তদনুরূপ ও ক্লেশ, স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। তাই বলা হয়– "উভয় উত্থান-বিবর্তনে প্রজ্ঞা মার্গজ্ঞান।"

সম্যককর্ম উদয় দ্বারা মিথ্যাকর্ম দূরীভূত হয়; তদনুরূপ ও ক্লেশ, স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। তাই বলা হয়– "উভয় উত্থান-বিবর্তনে প্রজ্ঞা মার্গজ্ঞান।"

সম্যকজীবিকা সুগঠিত দ্বারা মিথ্যাজীবিকা দূরীভূত হয়; তদনুরূপ ও ক্লেশ, স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। তাই বলা হয়– "উভয় উত্থান-বিবর্তনে প্রজ্ঞা মার্গজ্ঞান।"

সম্যকব্যায়ামে উদ্যমী দ্বারা মিথ্যাব্যায়াম দূরীভূত হয়; তদনুরূপ ও ক্লেশ, স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। তাই বলা হয়– "উভয় উত্থান-বিবর্তনে প্রজ্ঞা মার্গজ্ঞান।"

সম্যকস্মৃতি উপস্থাপন দ্বারা মিথ্যাস্মৃতি দূরীভূত হয়; তদনুরূপ ও ক্লেশ, স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। তাই বলা হয়– "উভয় উত্থান-বিবর্তনে প্রজ্ঞা মার্গজ্ঞান।"

সম্যকসমাধিতে অটল দ্বারা মিথ্যাসমাধি দূরীভূত হয়; তদনুরূপ ও ক্লেশ, স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। তাই বলা হয়– "উভয় উত্থান-বিবর্তনে প্রজ্ঞা মার্গজ্ঞান।"

সকৃদাগামী মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি ...পূর্ববৎ ...পে... অবিক্ষেপনার্থে সম্যকসমাধি দ্বারা স্থূল কামরাগ সংযোজন, প্রতিঘসংযোজন এবং কামানুশয়, প্রতিঘানুশয় দূরীভূত হয়; তদনুরূপ ... জ্ঞান।"

অনাগামী মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি ...পূর্ববৎ ...পে... অবিক্ষেপনার্থে সম্যকসমাধি দ্বারা সূক্ষ্ম কামরাগ সংযোজন, প্রতিঘসংযোজন এবং কামানুশয়, প্রতিঘানুশয় দূরীভূত হয়; তদনুরূপ ... জ্ঞান।" অরহত মার্গক্ষণে সম্যকদৃষ্টি ...পূর্ববৎ ...পে... অবিক্ষেপনার্থে সম্যকসমাধি দ্বারা রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা এবং মানানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় দূরীভূত হয়; তদনুরূপ ... জ্ঞান।"

Visit: http://www.buddhistdownload.com

৬২।

জাত, দেহ, অজ্ঞাতকে তাই 'ঝান' ধ্যান।
ধ্যান-বিমোক্ষ কুশলতায়,
দৃষ্টিমিথ্যায় কম্পিত না হন।
সমাপনে করে যথা বিদর্শন দিয়ে;
বিদর্শনে রত হয়ে সমাপনে তাহে।
বিদর্শন আর শমথে একসাথে হয়;
যুগনদ্ধায় সমভাগ বলে পরিচয়।
দুঃখ-সুখ উভয়ে সংস্কার রূপে জেনে,
ইহাদের নিরোধ দর্শন করে;
উভয়েতে জাত প্রজ্ঞা দানিবে তখন,
অমৃত নির্বাণ পদ করিতে অর্জন।
নানার্থে দক্ষ জানে, বিমোক্ষ চর্যাকে;
দ্বিত্ব জ্ঞানের কৌশলে তাই,
কম্পিত নয় নানাই মিথ্যাতে।

এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "উভয় উত্থান-বিবর্তনে প্রজ্ঞা মার্গ জ্ঞান।"

মার্গজ্ঞান বর্ণনা সমাপ্ত

১২। ফলজ্ঞান বর্ণনা

৬৩। প্রয়োগ প্রশ্রদ্ধি প্রজ্ঞা ফলজ্ঞান কিরূপ? স্রোতাপত্তি মার্গক্ষণে সম্যকদৃষ্টিতে দর্শন দ্বারা মিথ্যাদৃষ্টি দূরীভূত হয়; তদনুরূপ ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। এভাবে প্রয়োগ প্রশ্রদ্ধি দ্বারা সম্যকদৃষ্টি উৎপন্ন হয়– এটা মার্গের ফলজ্ঞান।

সম্যকসংকল্পে মনোনিবেশ দ্বারা মিথ্যাসংকল্প দূরীভূত হয়; তদনুরূপ ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। এভাবে

Visit: http://www.buddhistdownload.com

প্রয়োগ প্রশ্রদ্ধি দ্বারা সম্যকদৃষ্টি উৎপন্ন হয়– এটা মার্গের ফলজ্ঞান।

সম্যকবাক্য পরিগ্রহণ দ্বারা মিথ্যাবাক্য দূরীভূত হয়; তদনুরূপ ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। এভাবে প্রয়োগ প্রশ্রদ্ধি দ্বারা সম্যকদৃষ্টি উৎপন্ন হয়– এটা মার্গের ফলজ্ঞান।

সম্যককর্ম সমুত্থান (উদয়) দ্বারা মিথ্যাকর্ম দূরীভূত হয়; তদনুরূপ ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। এভাবে প্রয়োগ প্রশ্রদ্ধি দ্বারা সম্যকদৃষ্টি উৎপন্ন হয়– এটা মার্গের ফলজ্ঞান।

সম্যকজীবিকা সুগঠিত দ্বারা মিথ্যাজীবিকা দূরীভূত হয়; তদনুরূপ ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। এভাবে প্রয়োগ প্রশ্রদ্ধি দ্বারা সম্যকদৃষ্টি উৎপন্ন হয়– এটা মার্গের ফলজ্ঞান।

সম্যকব্যায়মে উদ্যমী দ্বারা মিথ্যাব্যায়াম দূরীভূত হয়; তদনুরূপ ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। এভাবে প্রয়োগ প্রশ্রদ্ধি দ্বারা সম্যকদৃষ্টি উৎপন্ন হয়– এটা মার্গের ফলজ্ঞান।

সম্যকস্মৃতি উপস্থাপিত দ্বারা মিথ্যাস্মৃতি দূরীভূত হয়; তদনুরূপ ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। এভাবে প্রয়োগ প্রশ্রদ্ধি দ্বারা সম্যকদৃষ্টি উৎপন্ন হয়– এটা মার্গের ফলজ্ঞান।

সম্যকসমাধিতে অটল দ্বারা মিথ্যাসমাধি দূরীভূত হয়; তদনুরূপ ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত দূরীভূত হয়। এভাবে প্রয়োগ প্রশ্রদ্ধি দ্বারা সম্যকদৃষ্টি উৎপন্ন হয়– এটা মার্গের ফলজ্ঞান।

সকৃদাগামী মার্গক্ষণে ...পূর্ববৎ... (স্রোতাপত্তি মার্গক্ষণে এর স্থলে সকৃদাগামী মার্গক্ষণে পড়তে হবে) ... জ্ঞান।

অনাগামী মার্গক্ষণে ...পূর্ববৎ... (স্রোতাপত্তি মার্গক্ষণে এর স্থলে অনাগামী মার্গক্ষণে পড়তে হবে) ... জ্ঞান।

অর্হত্ব মার্গক্ষণে ...পূর্ববৎ... (স্রোতাপত্তি মার্গক্ষণে এর স্থলে অর্হত্ব মার্গক্ষণে পড়তে হবে) ... জ্ঞান।

তা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "প্রয়োগ প্রশ্রদ্ধি দ্বারা প্রজ্ঞাই ফলজ্ঞান।"

ফলজ্ঞান বর্ণনা সমাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

১৩। বিমুক্তিজ্ঞান বর্ণনা

৬৪। ছিন্ন সংসারবর্তন অনুদর্শনে প্রজ্ঞা বিমুক্তি জ্ঞান কিরূপ? স্রোতাপত্তিমার্গ লাভের মাধ্যমে স্বীয় চিত্তের সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা, শীলব্রত পরামর্শ, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় এউপক্লেশসমূহ সম্যকভাবে সমুৎচ্ছিন্ন হয়। এই পঞ্চ উপক্লেশের দ্বারা অভিভূত চিত্ত তখন বিমুক্ত, সুবিমুক্ত হয়। এটা বিমুক্তি জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "ছিন্ন সংসারবর্তন দর্শনে প্রজ্ঞা বিমুক্তি জ্ঞান।"

সকৃদাগামীমার্গ লাভের মাধ্যমে স্বীয় চিত্তের স্থূল কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, কামরাগানুশয়, প্রতিঘানুশয় এউপক্লেশসমূহ সম্যকভাবে সমুৎছিন্ন হয়। এ চার প্রকার উপক্লেশের দ্বারা অভিভূত চিত্ত তখন বিমুক্ত, সবিমুক্ত হয়। এটা বিমুক্তি জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "ছিন্ন সংসারবর্তন দর্শনে প্রজ্ঞাই বিমুক্তি জ্ঞান।"

অনাগামীমার্গ লাভের মাধ্যমে স্বীয় চিত্তের অনুসংহগত (বা সূক্ষ্ম) কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, কামরাগানুশয়, প্রতিঘানুশয় এউপক্লেশসমূহ সম্যকভাবে সমুৎছিন্ন হয়। এ চার প্রকার উপক্লেশের দ্বারা অভিভূত চিত্ত তখন বিমুক্ত, সবিমুক্ত হয়। এটা বিমুক্তি জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "ছিন্ন সংসারবর্তন দর্শনে প্রজ্ঞাই বিমুক্তি জ্ঞান।"

অর্হত্ত্ব মার্গ লাভের মাধ্যমে স্বীয় চিত্তের রূপরাগ, অরূপরাগ, মান, চঞ্চলতা, অবিদ্যা, মানানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যাশয় এ উপক্লেশসমূহ সম্যকভাবে সমুৎছিন্ন হয়। এ আট প্রকার উপক্লেশের দ্বারা অভিভূত চিত্ত তখন বিমুক্ত, সবিমুক্ত হয়। এটা বিমুক্তি জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "ছিন্ন সংসারবর্তন দর্শনে প্রজ্ঞা বিমুক্তি জ্ঞান।"

বিমুক্তিজ্ঞান বর্ণনা সমাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

১৪। প্রত্যবেক্ষণজ্ঞান বর্ণনা

৬৫। তৎমুহূর্তে সমুৎপন্ন ধর্ম দর্শনে প্রজ্ঞা প্রত্যবেক্ষণ জ্ঞান কিরূপ? স্রোতাপত্তি মার্গক্ষণে দর্শনের দ্বারা তৎক্ষণে সম্যকদৃষ্টি সমুৎপন্ন (আবির্ভূত) হয়। অধ্যবসায়ের দ্বারা তৎক্ষণে সম্যকসংকল্প সমুৎপন্ন হয়। পরিগ্রহণের দ্বারা তৎক্ষণে সম্যকবাক্য সমুৎপন্ন হয়। সমুত্থানের জন্য তৎক্ষণে সম্যককর্ম সমুৎপন্ন হয়। পরিশোধনের জন্য তৎক্ষণে সম্যকজীবিকা সমুৎপন্ন হয়। উদ্যমের জন্য তৎক্ষণে সম্যকব্যায়াম সমুৎপন্ন হয়। উপস্থাপন বা মনোযোগের জন্য তৎক্ষণে সম্যকস্মৃতি সমুৎপন্ন হয়। অবিক্ষেপের জন্য তৎক্ষণে সম্যকসমাধি সমুৎপন্ন হয়।

উপস্থাপনের জন্য তৎক্ষণে স্মৃতি সম্বোধ্যঙ্গ সমুৎপন্ন হয়। পুঙ্খানু-পুঙ্খরূপে পরিক্ষার জন্য তৎক্ষণে ধর্মবিচার সম্বোধ্যঙ্গ সমুৎপন্ন হয়। উদ্যমের জন্য তৎক্ষণে বীর্য সম্বোধ্যঙ্গ সমুৎপন্ন হয়। স্ফুরণের জন্য তৎক্ষণে প্রীতি সম্বোধ্যঙ্গ সমুৎপন্ন হয়। উপশমের জন্য তৎক্ষণে প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ সমুৎপন্ন হয়। অবিক্ষেপের জন্য তৎক্ষণে সমাধি সম্বোধ্যঙ্গ সমুৎপন্ন হয়। বিবেচনার জন্য তৎক্ষণে উপেক্ষা সম্বোধ্যঙ্গ সমুৎপন্ন হয়।

অশ্রদ্ধায় বিচলিত না হবার জন্য তৎক্ষণে শ্রদ্ধাবল সমুৎপন্ন হয়। আলস্যে বিচলিত না হবার জন্য তৎক্ষণে বীর্যবল সমুৎপন্ন হয়। প্রমাদে বিচলিত না হবার জন্য তৎক্ষণে স্মৃতিবল সমুৎপন্ন হয়। চাঞ্চল্যে বিচলিত না হবার জন্য তৎক্ষণে সমাধিবল সমুৎপন্ন হয়। অবিদ্যায় বিচলিত না হবার জন্য তৎক্ষণে প্রজ্ঞাবল সমুৎপন্ন হয়।

অধিমোক্ষের জন্য তৎক্ষণে শ্রদ্ধেন্দ্রিয় সমুৎপন্ন হয়। উদ্যমের জন্য তৎক্ষণে বীর্যেন্দ্রিয় সমুৎপন্ন হয়। উপস্থানের জন্য তৎক্ষণে স্মৃতীন্দ্রিয় সমুৎপন্ন হয়। অবিক্ষেপের জন্য তৎক্ষণে সমাধি ইন্দ্রিয় সমুৎপন্ন হয়।

আধিপত্যের তৎক্ষণে ইন্দ্রিয়সমূহ সমুৎপন্ন হয়। বিচলিত না হবার জন্য তৎক্ষণে বলসমূহ সমুৎপন্ন হয়। মুক্তির জন্য তৎক্ষণে সম্বোধ্যঙ্গ সমুৎপন্ন হয়। হেতুর জন্য তৎক্ষণে মার্গ সমুৎপন্ন হয়। উপস্থাপনের জন্য তৎক্ষণে স্মৃতিপ্রস্থান সমুৎপন্ন হয়। প্রচেষ্টার জন্য তৎক্ষণে সম্যকপ্রধান

Visit: http://www.buddhistdownload.com

সমুৎপন্ন হয়। সমৃদ্ধির জন্য তৎক্ষণে ঋদ্ধিপাদ সমুৎপন্ন হয়। যথার্থ বা প্রকৃতের জন্য তৎক্ষণে সত্য সমুৎপন্ন হয়। অবিক্ষেপের জন্য জন্য তৎক্ষণে শমথ সমুৎপন্ন হয়। অনুদর্শন বা পুঙ্খানুপুঙ্খভাবে দর্শনের জন্য তৎক্ষণে বিদর্শন সমুৎপন্ন হয়। এক রসের জন্য তৎক্ষণে শমথ-বিদর্শন সমুৎপন্ন হয়। অপরিবর্তনের জন্য তৎক্ষণে যুগপৎ সমুৎপন্ন হয়। সংবরের জন্য তৎক্ষণে শীল বিশুদ্ধি সমুৎপন্ন হয়। অবিক্ষেপের জন্য তৎক্ষণে চিত্ত বিশুদ্ধি সমুৎপন্ন হয়। দর্শনের জন্য তৎক্ষণে দৃষ্টি বিশুদ্ধি সমুৎপন্ন হয়। বিমুক্তির জন্য তৎক্ষণে বিমোক্ষ সমুৎপন্ন হয়। প্রতিবেধ বা পরিজ্ঞানের জন্য তৎক্ষণে বিদ্যা সমুৎপন্ন হয়। পরিত্যাগের জন্য তৎক্ষণে বিমুক্তি সমুৎপন্ন হয়। সমুচ্ছেদের জন্য তৎক্ষণে ক্ষয় জ্ঞান সমুৎপন্ন হয়।

মূলের দ্বারা তৎক্ষণে ছন্দ সমুৎপন্ন হয়। সমুত্থানের দ্বারা তৎক্ষণে মনোযোগ সমুৎপন্ন হয়। সংযোগের দ্বারা তৎক্ষণে স্পর্শ সমুৎপন্ন হয়। সংযুক্তের দ্বারা তৎক্ষণে বেদনা সমুৎপন্ন হয়। প্রধানের দ্বারা তৎক্ষণে সমাধি সমুৎপন্ন হয়। আধিপত্যের দ্বারা তৎক্ষণে স্মৃতি সমুৎপন্ন হয়। তদ্‌শ্রেষ্ঠের দ্বারা তৎক্ষণে প্রজ্ঞা সমুৎপন্ন হয়। সার বা সারবোধের দ্বারা তৎক্ষণে বিমুক্তি সমুৎপন্ন হয়। পর্যাবসানের দ্বারা তৎক্ষণে অমৃতময় নির্বাণ সমুৎপন্ন হয়। ধ্যান থেকে উত্থিত হয়ে যোগী প্রত্যবেক্ষণ করে– তৎক্ষণে এসব ধর্ম তাঁর সমুৎপন্ন হয়।

স্রোতাপত্তিফলক্ষণে দর্শনের জন্য তৎক্ষণে সম্যকদৃষ্টি (পূর্ববৎ)। সকৃদাগামী মার্গফলে দর্শনের জন্য (পূর্ববৎ)। সমৃদাগামী ফলক্ষণে ...পূর্ববৎ...।, অনাগামী মার্গক্ষণে ...পূর্ববৎ...।, অনাগামী ফলক্ষণে ...পূর্ববৎ...।, অর্হত্ব মার্গক্ষণে ...পূর্ববৎ...।, অর্হত্ব ফলক্ষণে (পূর্ববৎ)। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "তৎমুহূর্তে সমুৎপন্ন ধর্ম দর্শনে প্রজ্ঞা প্রত্যবেক্ষণ জ্ঞান।"

প্রত্যবেক্ষণ জ্ঞান বর্ণনা সমাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

১৫। বস্তু নানাত্ব জ্ঞান বর্ণনা

৬৬। অধ্যাত্ম বিশ্লেষণে প্রজ্ঞা বস্তু নানাত্ব জ্ঞান কিরূপ? আধ্যাত্মধর্ম কিরূপে বিশ্লেষিত হয়? আধ্যাত্মিক চক্ষু বিশ্লেষিত হয়। আধ্যাত্মিক শ্রোত্র বিশ্লেষিত হয়। আধ্যাত্মিক ঘ্রাণ বিশ্লেষিত হয়। আধ্যাত্মিক জিহ্বা বিশ্লেষিত হয়। আধ্যাত্মিক কায় বিশ্লেষিত হয়। আধ্যাত্মিক মন বিশ্লেষিত হয়।

চক্ষু অধ্যাত্মিক কিরূপে বিশ্লেষিত হয়? চক্ষু অবিদ্যা-সম্ভূত হয়ে বিশ্লেষিত হয়, তৃষ্ণা-সম্ভূত হয়ে বিশ্লেষিত হয়, কর্ম-সম্ভূত হয়ে বিশ্লেষিত হয়, আহার-সম্ভূত হয়ে বিশ্লেষিত হয়, চক্ষু চারি মহাভূতকে আশ্রয় করে বিশ্লেষিত হয়। চক্ষু উৎপন্ন হয়ে বিশ্লেষিত হয়। চক্ষু সমুৎপন্ন হয়ে বিশ্লেষিত হয়; চক্ষু বর্তমানেও সম্ভূত না হয়ে এবং ভবিষ্যতেও সম্ভূত না হয়ে বিশ্লেষিত হয়; চক্ষু সসীম রূপে সীমাবদ্ধ হয়ে বিশ্লেষিত হয়; চক্ষু অধ্রুপ রূপে বিশ্লেষিত হয়; চক্ষু অশাশ্বত রূপে বিশ্লেষিত হয়; চক্ষু বিপরিণামধর্মী রূপে বিশ্লেষিত হয়; চক্ষু অনিত্য-সঙ্খত-প্রতীত্য সমুৎপন্ন-ক্ষয়ধর্মী-ব্যয়-বিরাগধর্মী-নিরোধধর্মী রূপে বিশ্লেষিত হয়। চক্ষু অনিত্যরূপে বিশ্লেষিত হয়, নিত্যরূপে নয়; দুঃখরূপে বিশ্লেষিত হয়, সুখরূপে নয়; অনাত্মরূপে বিশ্লেষিত হয়, আত্মরূপে নয়; বিরক্ত হয়, আনন্দিত হয় না; অনাসক্ত হয়, আসক্ত হয় না; নিরোধ করে, উৎপন্ন করে না; পরিত্যাগ করে, গ্রহণ করে না। অনিত্যরূপে বিশ্লেষিতকালে নিত্যসংজ্ঞা ত্যাগ হয়, দুঃখরূপে বিশ্লেষিতকালে সুখসংজ্ঞা ত্যাগ হয়, অনাত্মরূপে বিশ্লেষিতকালে আত্মসংজ্ঞা ত্যাগ হয়, বিরক্তকালে আনন্দ ত্যাগ হয়, অনাসক্তকালে আসক্তি ত্যাগ হয়, নিরোকালে উৎপন্ন ত্যাগ হয়, পরিত্যাগকালে গ্রহণ ত্যাগ হয়। এরূপে আধ্যত্মিক চক্ষু বিশ্লেষিত হয়।

কিরূপে শ্রোত্র অধ্যাত্মিক বিশ্লেষিত হয়? ... (পূর্ববৎ, চক্ষুর স্থলে শ্রোত্র উল্লেখ করে পড়তে হবে)

কিরূপে ঘ্রাণ অধ্যাত্মিক বিশ্লেষিত হয়? ... (পূর্ববৎ, চক্ষুরস্থলে ঘ্রাণ উল্লেখ করে পড়তে হবে)

Visit: http://www.buddhistdownload.com

কিরূপে জিহ্বা অধ্যাত্মিক বিশ্লেষিত হয়? ... (পূর্ববৎ, চক্ষুর স্থলে জিহ্বা উল্লেখ করে পড়তে হবে)

কিরূপে কায় অধ্যাত্মিক বিশ্লেষিত হয়? ... (পূর্ববৎ, চক্ষুর স্থলে কায় উল্লেখ করে পড়তে হবে)

কিরূপে মন অধ্যাত্মিক বিশ্লেষিত হয়? ... (পূর্ববৎ, চক্ষুর স্থলে মন উল্লেখ করে পড়তে হবে)

এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "অধ্যাত্ম বিশ্লেষণে প্রজ্ঞা বস্তু নানাত্ত্বে জ্ঞান।"

বস্তু নানাত্ত্ব জ্ঞান বর্ণনা সমাপ্ত

১৬। গোচর নানাত্ব জ্ঞান বর্ণনা

৬৭। বাহ্যিক বিশ্লেষণে প্রজ্ঞা গোচর নানাত্ব জ্ঞান কিরূপ? বাহ্যিক ধর্ম কিরূপে বিশ্লেষিত হয়? বাহ্যিক রূপ বিশ্লেষিত হয়, বাহ্যিক শব্দ বিশ্লেষিত হয়, বাহ্যিক গন্ধ বিশ্লেষিত হয়, বাহ্যিক রস বিশ্লেষিত হয়, বাহ্যিক স্পর্শ বিশ্লেষিত হয়, বাহ্যিক ধর্ম বিশ্লেষিত হয়।

বাহ্যিক রূপ কিরূপে বিশ্লেষিত হয়? রূপ অবিদ্যা-সম্ভূত হয়ে বিশ্লেষিত হয়; তৃষ্ণা-সম্ভূত হয়ে বিশ্লেষিত হয়; কর্ম-সম্ভূত হয়ে বিশ্লেষিত হয়; আহার-সম্ভূত হয়ে বিশ্লেষিত হয়; চারি মহাভূতকে আশ্রয় করে বিশ্লেষিত হয়। রূপ উৎপন্ন হয়ে বিশ্লেষিত হয়। রূপ সমুৎপন্ন হয়ে বিশ্লেষিত হয়; রূপ বর্তমানেও সম্ভূত না হয়ে এবং ভবিষ্যতেও সম্ভূত না হয়ে বিশ্লেষিত হয়; রূপ সসীমরূপে সীমাবদ্ধ হয়ে বিশ্লেষিত হয়; রূপ অধ্রুপরূপে বিশ্লেষিত হয়; রূপ অশাশ্বতরূপে বিশ্লেষিত হয়; রূপ বিপরিণামধর্মীরূপে বিশ্লেষিত হয়; রূপ অনিত্য-সঙ্খত-প্রতীত্য সমুৎপন্ন-ক্ষয়ধর্মী-ব্যয়-বিরাগধর্মী-নিরোধধর্মী রূপে বিশ্লেষিত হয়। অনিত্যরূপে বিশ্লেষিত হয়, নিত্যরূপে নয়; দুঃখরূপে বিশ্লেষিত হয়, সুখরূপে নয়; অনাত্মরূপে বিশ্লেষিত হয়, আত্মরূপে নয়; বিরক্ত হয়, আনন্দিত হয় না;

Visit: http://www.buddhistdownload.com

অনাসক্ত হয়, আসক্ত হয় না; নিরোধ করে, উৎপন্ন করে না; পরিত্যাগ করে, গ্রহণ করে না। অনিত্যরূপে বিশ্লেষিতকালে নিত্যসংজ্ঞা ত্যাগ হয়, দুঃখরূপে বিশ্লেষিতকালে সুখসংজ্ঞা ত্যাগ হয়, অনাত্মরূপে বিশ্লেষিতকালে আত্মসংজ্ঞা ত্যাগ হয়, বিরক্তকালে আনন্দ ত্যাগ হয়, আনসক্তকালে আসক্তি ত্যাগ হয়, নিরোধকালে উৎপন্ন ত্যাগ হয়, পরিত্যাগকালে গ্রহণ ত্যাগ হয়। এরূপে বাহ্যিক রূপ বিশ্লেষিত হয়।

কিভাবে শব্দ বাহ্যিক বিশ্লেষিত হয়? ... (পূর্ববৎ, রূপে স্থলে শব্দ পড়তে হবে মাত্র)

কিভাবে গন্ধ বাহ্যিক্য বিশ্লেষিত হয়? ... (পূর্ববৎ, রূপের স্থলে গন্ধ পড়তে হবে মাত্র)

কিভাবে রস বাহ্যিক বিশ্লেষিত হয়? ... (পূর্ববৎ, রূপের স্থলে রস পড়তে হবে মাত্র)

কিভাবে স্পর্শ বাহ্যিক বিশ্লেষিত হয়? ... (পূর্ববৎ, রূপের স্থলে স্পর্শ পড়তে হবে মাত্র)

কিভাবে ধর্ম বাহ্যিক বিশ্লেষিত হয়? ... (পূর্ববৎ, রূপের স্থলে ধর্ম পড়তে হবে মাত্র)

এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "বাহ্যিক বিশ্লেষণে প্রজ্ঞা গোচর নানাত্ব জ্ঞান।"

গোচর নানাত্ব জ্ঞান বর্ণনা সমাপ্ত

১৭। চর্যা নানাত্ব জ্ঞান বর্ণনা

৬৮। চর্যা বিশ্লেষণে প্রজ্ঞা চর্যানানাত্ব জ্ঞান কিরূপ? 'চর্যা, চর্যা' বলা হয়, সেই চর্যা তিন প্রকার। যথা– বিজ্ঞান চর্যা, অজ্ঞান চর্যা ও জ্ঞান চর্যা।

বিজ্ঞান চর্যা কি? দর্শন উৎপত্তিতে অব্যক্ত আবর্জনক্রিয়া হচ্ছে রূপসমূহে বিজ্ঞান চর্যা। দর্শন উৎপত্তিতে যে চক্ষু-বিজ্ঞান, এটাই রূপসমূহে বিজ্ঞান চর্যা। দর্শনার্থে অভিনিরোপিত হতে যে বিপাক-মনোধাতু, এটাই

Visit: http://www.buddhistdownload.com

রূপসমূহে বিজ্ঞান চর্যা। অভিনিরোপিত যে বিপাক মনো-বিজ্ঞানধাতু, এটাও রূপসমূহে বিজ্ঞান চর্যা। শ্রবণার্থে অব্যক্ত আবর্জনক্রিয়া হচ্ছে শব্দসমূহে বিজ্ঞান চর্যা। শব্দ উৎপত্তিতে যে শ্রোত্র-বিজ্ঞান, এটাই শব্দসমূহে বিজ্ঞান চর্যা। শ্রবণার্থে অভিনিরোপিত হতে যে বিপাক-মনোধাতু, এটাই শব্দসমূহে বিজ্ঞান চর্যা। অভিনিরোপিত যে বিপাক মনো-বিজ্ঞানধাতু, এটাও শব্দসমূহে বিজ্ঞান চর্যা। ঘ্রাণার্থে অব্যক্ত আবর্জনক্রিয়া হচ্ছে ঘ্রাণসমূহে বিজ্ঞান চর্যা। ঘ্রাণ উৎপত্তিতে যে ঘ্রাণ-বিজ্ঞান, এটাই ঘ্রাণসমূহে বিজ্ঞান চর্যা। ঘ্রাণার্থে অভিনিরোপিত হতে যে বিপাক-মনোধাতু, এটাই ঘ্রাণসমূহে বিজ্ঞান চর্যা। অভিনিরোপিত যে বিপাক মনো-বিজ্ঞানধাতু, এটাও ঘ্রাণসমূহে বিজ্ঞান চর্যা। রস আস্বাদনার্থে অব্যক্ত আবর্জনক্রিয়া হচ্ছে রসসমূহে বিজ্ঞান চর্যা। রস উৎপত্তিতে যে জিহ্বা-বিজ্ঞান, এটাই রসসমূহে বিজ্ঞান চর্যা। রস আস্বাদনার্থে অভিনিরোপিত হতে যে বিপাক-মনোধাতু, এটাই রসসমূহে বিজ্ঞান চর্যা। অভিনিরোপিত যে বিপাক মনো-বিজ্ঞানধাতু, এটাও রসসমূহে বিজ্ঞান চর্যা। স্পর্শ লাভার্থে অব্যক্ত আবর্জনক্রিয়া হচ্ছে কায়সমূহে বিজ্ঞান চর্যা। স্পর্শ উৎপত্তিতে যে জিহ্বা-বিজ্ঞান, এটাই কায়সমূহে বিজ্ঞান চর্যা। স্পর্শ লাভার্থে অভিনিরোপিত হতে যে বিপাক-মনোধাতু, এটাই কায়সমূহে বিজ্ঞান চর্যা। অভিনিরোপিত যে বিপাক মনো-বিজ্ঞানধাতু, এটাও কায়সমূহে বিজ্ঞান চর্যা। বিজাননার্থে অব্যক্ত আবর্জনক্রিয়া হচ্ছে মনসমূহে বিজ্ঞান চর্যা। বিজানন উৎপত্তিতে যে মনো-বিজ্ঞান, এটাই মনসমূহে বিজ্ঞান চর্যা। বিজানন লাভার্থে অভিনিরোপিত হতে যে বিপাক-মনোধাতু, এটাই মনসমূহে বিজ্ঞান চর্যা। অভিনিরোপিত যে বিপাক মনো-বিজ্ঞানধাতু, এটাও মনসমূহে বিজ্ঞান চর্যা।

৬৯। 'বিজ্ঞানচর্যা, বিজ্ঞানচর্য' বলা হয়, কি কারণে বিজ্ঞানচর্যা? রাগহীনভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, দ্বেষহীনভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, মোহহীনভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, মানহীনভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, মিথ্যাদৃষ্টি হীনভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, চাঞ্চল্যহীনভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, বিচিকিৎসাহীন

Visit: http://www.buddhistdownload.com

হয়ে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, অনুশয়হীন হয়ে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা রাগ বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, দ্বেষ বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, মোহ বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, মান বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, চঞ্চলতা বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, বিচিকিৎসা বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, অনুশয় বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা। কুশলকর্মে সম্প্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, অকুশলকর্মে বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, সদোষকর্মে বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, নির্দোষকর্মে সম্প্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, কৃষ্ণকর্মে বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, শুক্লকর্মে সম্প্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, সুখুদ্রেককর্মে সম্প্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, দুঃখুদ্রেককর কর্মে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, সুখবিপাক কর্মে সম্প্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, দুঃখবিপাক কর্মে বিপ্রযুক্তভাবে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, বিজ্ঞতে বিচরণ করে বলে বিজ্ঞানচর্যা, বিজ্ঞানের এরূপ চর্যা বিজ্ঞানচর্যা, প্রকৃত বিশুদ্ধ চিত্তে ক্লেশহীন বলে বিজ্ঞানচর্যা। এটাই বিজ্ঞানচর্যা।

অজ্ঞানচর্যা কি? মনোজ্ঞ শব্দের ... মনোজ্ঞ গন্ধের ... মনোজ্ঞ রসের ... মনোজ্ঞ স্পর্শের ... মনোজ্ঞ ধর্মের রাগের জবনার্থে আবর্জন ক্রিয়া হচ্ছে রাগের বিজ্ঞানচর্যা; রাগের জবন হচ্ছে অজ্ঞানচর্যা। দ্বেষের জবনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অমনোজ্ঞ ধর্মসমূহে অজ্ঞাচর্যা। তদুভয়ের গভীর চিন্তা অভাবে জবনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে মোহের বিজ্ঞানচর্যা; মোহের জবন হচ্ছে অজ্ঞাচর্যা। আবদ্ধমানের (বিনিবদ্ধস্‌স) জবনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে মানের বিজ্ঞানচর্যা; মানের জবন হচ্ছে অজ্ঞানচর্যা। (মিথ্যা) ধারণার জবনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে মিথ্যাদৃষ্টির বিজ্ঞানচর্যা; মিথ্যাদৃষ্টির জবন হচ্ছে অজ্ঞানচর্যা। বিক্ষেপগতের জবনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে চঞ্চলতার বিজ্ঞানচর্যা; চঞ্চলতার জবন হচ্ছে অজ্ঞানচর্যা। নিরানন্দের জবনার্থে

Visit: http://www.buddhistdownload.com

আবর্জনক্রিয়া হচ্ছে বিচিকিৎসার বিজ্ঞানচর্যা; বিচিকিৎসার জবন হচ্ছে অজ্ঞানচর্যা। দৃঢ়রূপে গ্রহণের জবনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অনুশয়ের বিজ্ঞানচর্যা; অনুশয়ের জবন হচ্ছে অজ্ঞানচর্যা। এটাই অজ্ঞানচর্যা।

৭০। 'অজ্ঞানচর্যা, অজ্ঞানচর্যা' বলা হয়, কি কারণে অজ্ঞানচর্যা? রাগযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, দ্বেষযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, মোহযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, মানযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, মিথ্যাদৃষ্টিযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, চঞ্চলতাযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, বিচিকিৎসাযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, অনুশয়যুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, রাগসম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, দ্বেষ সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, মোহ সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা। মান সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, চঞ্চলতা সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, বিচিকিৎসা সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, অনুশয় সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, কুশলধর্মে বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, অকুশলধর্মে সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, সদোষ কর্মে সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, নির্দোষ কর্মে বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, কৃষ্ণকর্মে সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, শুক্লকর্মে বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, সুখুদ্রেক কর্মে বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, দুঃখদ্রেক কর্মে সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, সুখ বিপাক কর্মে বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, দুঃখ বিপাক কর্মে সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা, অজ্ঞান হয়ে এরূপে বিচরণ করে বলে অজ্ঞানচর্যা। এটাই অজ্ঞানচর্যা।

৭১। জ্ঞানচর্যা কি? অনিত্যানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; অনিত্যানুদর্শন জ্ঞানচর্যা। দুঃখানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; দুঃখানুদর্শন জ্ঞানচর্যা। অনাত্মানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; অনাত্মানুদর্শন জ্ঞানচর্যা।

Visit: http://www.buddhistdownload.com

নির্বেদানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; নির্বেদানুদর্শন জ্ঞানচর্যা। বিরাগানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; বিরাগানুদর্শন জ্ঞানচর্যা। নিরোধানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; নিরোধানুদর্শন জ্ঞানচর্যা। পরিত্যাগানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; পরিত্যাগানুদর্শন জ্ঞানচর্যা। ক্ষয়ানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; ক্ষয়ানুদর্শন জ্ঞানচর্যা। ব্যায়ানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; ব্যয়ানুদর্শন জ্ঞানচর্যা। বিপরিণামানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; বিপরিনামানুদর্শন জ্ঞানচর্যা। অনিমিত্তানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; অনিমিত্তানুদর্শন জ্ঞানচর্যা। অপ্রনিহিতানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; অপ্রনিহিতানুদর্শন জ্ঞানচর্যা। শূন্যতানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; শূন্যতানুদর্শন জ্ঞানচর্যা। অধিপ্রজ্ঞা ধর্মানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; অধিপ্রজ্ঞা ধর্মানুদর্শন জ্ঞানচর্যা। যথাভূতানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; যথাভূতানুদর্শন জ্ঞানচর্যা। আদীনবানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; আদীনবানুদর্শন জ্ঞানচর্যা। প্রতিসঙ্খানুদর্শনার্থে আবর্জনক্রিয়া হচ্ছে অব্যাকৃত বিজ্ঞানচর্যা; প্রতিসঙ্খানুদর্শন জ্ঞানচর্যা। বিবর্তনানুদর্শন জ্ঞানচর্যা। স্রোতাপত্তিমার্গ হচ্ছে জ্ঞানচর্যা, স্রোতাপত্তিফল সমাপত্তি হচ্ছে জ্ঞানচর্যা, সকৃদাগামীমার্গ হচ্ছে জ্ঞানচর্যা, সকৃদাগামীফল সমাপত্তি হচ্ছে জ্ঞানচর্যা, অনাগামীমার্গ হচ্ছে জ্ঞানচর্যা, অনাগামীফল সমাপত্তি হচ্ছে জ্ঞানচর্যা, অর্হত্বমার্গ হচ্ছে জ্ঞানচর্যা, অর্হত্বফল সমাপত্তি হচ্ছে জ্ঞানচর্যা। এটাই জ্ঞানচর্যা।

'জ্ঞানচর্যা, জ্ঞানচর্যা' বলা হয়, কি কারণে জ্ঞানচর্যা? রাগহীনভাবে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, দ্বেষহীনভাবে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, মোহহীনভাবে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, মানহীনভাবে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, মিথ্যাদৃষ্টি হীনভাবে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, চঞ্চলতাহীনভাবে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, বিচিকিৎসাহীনভাবে বিচরণ করে বলে

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞানচর্যা, অনুশয়হীনভাবে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, রাগ বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, দ্বেষ বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, মোহ বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, মিথ্যাদৃষ্টি বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, চঞ্চলতা বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, বিচিকিৎসা বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, অনুশয় কর্মে বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, সদোষ কর্মে বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, নিদোর্ষ কর্মে সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, কৃষ্ণা কর্মে বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, শুক্লকর্মে সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, সুখুদ্রেক কর্মে সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, দুঃখদ্রেক কর্মে বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, সুখ বিপাক কর্মে সম্প্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, দুঃখ বিপাক কর্মে বিপ্রযুক্ত হয়ে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, জ্ঞাতে বিচরণ করে বলে জ্ঞানচর্যা, জ্ঞানের এরূপ চর্যা বলে জ্ঞানচর্যা। এটাই জ্ঞানচর্যা। বিজ্ঞানচর্যা, অজ্ঞানচর্যা, জ্ঞানচর্যা প্রত্যেকটি স্বতন্ত্র বা আলাদা। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "চর্যা বিশ্লেষণে প্রজ্ঞাচর্যা নানাত্ব জ্ঞান।"

চর্যানানাত্ব জ্ঞান বর্ণনা সমাপ্ত

১৮। ভূমি নানাত্ব জ্ঞান বর্ণনা

৭২। চতুর্ধর্ম বিশ্লেষণে প্রজ্ঞা ভূমি নানাত্ব জ্ঞান কি? চার প্রকার ভূমি, যথা– কামাবচর ভূমি, রূপবচর ভূমি, অরূপাবচর ভূমি, লোকোত্তর ভূমি।

কামাবচর ভূমি কি? নিম্নে অবীচি মহানিরয়ের শেষ অবধি হতে উর্ধে পরনির্মিত বশবর্তী দেবলোকের শেষ পর্যন্ত; এতদ্ অন্তর্গত স্কন্ধ, আয়তন, ধাতু, রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান– এটাই কামাবচর ভূমি।

রূপবচর ভূমি কি? নিম্নে ব্রহ্মপরিষদ দেবলোকের (ব্রহ্মলোকের) শেষ অবধি হতে উর্ধে অনিট্ঠ দেবলোকের শেষ অবধি এর মধ্যে তথা এতদ্ অন্তর্গত সমাপন্ন, উৎপন্ন ও ইহজন্মে (দৃষ্টধর্মে) সুখে অবস্থানকারীর চিত্ত,

Visit: http://www.buddhistdownload.com

চৈতসিক ধর্ম– এটাই রূপাবচর ভূমি।

অরূপাবচর ভূমি কি? নিম্নে আকাশানন্ত্যায়তন দেবলোকের শেষ অবধি হতে উর্ধে নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন দেবলোকের শেষ অবধি এর মধ্যে তথা এতদ্ অন্তর্গত, সমাপন্ন, উৎপন্ন ও দৃষ্টধর্মে সুখে অবস্থানকারীর চিত্ত, চৈতসিক ধর্ম– এটাই অরূপাবচর ভূমি।

লোকোত্তর ভূমি কি? লোকোত্তর মার্গ, মার্গফল এবং অসংস্কৃত নির্বাণধাতু– এটাই লোকোত্তর ভূমি। এই চার প্রকার ভূমি।

অপর চার প্রকার ভূমি হল, চারি স্মৃতিপ্রস্থান, চারি সম্যকপ্রধান, চারি ঋদ্ধিপাদ, চারি ধ্যান, চারি অপ্রমাণ্য, চারি অরূপ সমাপত্তি, চারি প্রতিসম্ভিদা, চারি প্রতিপদা, চারি আরম্মণ, চারি আর্যবংশ, চারি [১]সংগ্রহের (বা সহানুভূতি প্রদর্শনের) বিষয়, চারি চক্র বা ধর্মচক্র, চারি ধর্মপদ– এগুলো চার প্রকার ভূমি। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "চতুর্ধর্ম বিশ্লেষণে প্রজ্ঞা ভূমি নানাত্ব জ্ঞান।"

ভূমি নানাত্ব জ্ঞান বর্ণনা সমাপ্ত

১৯। ধর্ম নানাত্ব জ্ঞান বর্ণনা

৭৩। নবধর্ম বিশ্লেষণে প্রজ্ঞা ধর্ম নানাত্ব জ্ঞান কি? আর কিভাবে ধর্মে বিশ্লেষণ করে? কামাবচর ধর্মসমূহকে কুশলবশে বিশ্লেষণ করে, অকুশলবশে বিশ্লেষণ করে, অব্যাকৃতবশে বিশ্লেষণ করে। রূপাবচর ধর্মসমূহকে ধর্মসমূহকে কুশলবশে বিশ্লেষণ করে, অব্যাকৃতবশে বিশ্লেষণ করে। অরূপাবচর ধর্মসমূহকে ধর্মসমূহকে কুশলবশে বিশ্লেষণ করে, অব্যাকৃতবশে বিশ্লেষণ করে। লোকোত্তর ধর্মসমূহকে কুশলবশে বিশ্লেষণ করে, অব্যাকৃতবশে বিশ্লেষণ করে।

---

[১]। দান (দান বা উদারতা), প্রিয়বাক্য (প্রিয়বাক্য বা সদয়) আলাপ), অর্থচরিয (কার্যকারিতা) জীবন, বিচক্ষণ আচার, ন্যায়পরতা), সমানত্ততা (নিরপেক্ষতা, সমদর্শিতা, সাম্যতা অর্থাৎ সুখ-দুঃখাদি অনুভূতিতে সমতা)– এচারি সংগ্রহ বিষয়।

Visit: http://www.buddhistdownload.com

কিভাবে কামাবচর ধর্মসমূহকে কুশল, অকুশল ও অব্যাকৃতবশে বিশ্লেষণ করে? দশ প্রকার কুশল কর্মপথে কুশলবশে বিশ্লেষণ করে, দশ প্রকার অকুশল কর্মপথে অকুশলবশে বিশ্লেষণ করে, রূপ বিপাকক্রিয়াকে অব্যাকৃতবশে বিশ্লেষণ করে। এভাবে কামাবচর ধর্মে কুশল, অকুশল ও অব্যাকৃতবশে বিশ্লেষণ করে।

কিভাবে রূপাবচর ধর্মসমূহকে কুশল, অব্যাকৃতবশে বিশ্লেষণ করে? এখানে (মনুষ্যলোকে) স্থিত চার প্রকার রূপধ্যান কুশলবশে বিশ্লেষণ করে। তথায় (ব্রহ্মলোকে) বিপাক হেতু উৎপন্ন চার প্রকার রূপধ্যান অব্যাকৃতবশে বিশ্লেষণ করে।

কিভাবে অরূপাবচর ধর্মসমূহকে কুশল, অব্যাকৃতবশে বিশ্লেষণ করে? এখানে (মনুষ্যলোকে) স্থিত চার প্রকার অরূপাবচর সমাপত্তি কুশলবশে বিশ্লেষণ করে। তথায় (ব্রহ্মলোক) বিপাক হেতু উৎপন্ন চার প্রকার অরূপাবচর সমাপত্তি অব্যাকৃতবশে বিশ্লেষণ করে।

কিভাবে লোকোত্তর ধর্মসমূহকে কুশল, অব্যাকৃতবশে বিশ্লেষণ করে? চার প্রকার আর্যমার্গ কুশলবশে বিশ্লেষণ করে এবং চার প্রকার শ্রামণ্যফল, নির্বাণকে অব্যাকৃতবশে বিশ্লেষণ করে।

আনন্দমূলক ধর্ম নয় প্রকার। অনিত্যতে মনোনিবিষ্ট করলে আনন্দ উৎপন্ন হয়। আনন্দের কারণে প্রীতি উৎপন্ন হয়; প্রীতির কারণে কায় প্রশান্ত হয়, প্রশান্তির কারণে সুখ অনুভূত হয় এবং সুখের কারণে চিত্ত সমাধিস্থ হয়। সমাহিত চিত্ত যথাভূতভাবে জানে ও দর্শন করে। যথাভূতভাবে জেনে ও দর্শন করে নির্বেদপ্রাপ্ত হয়। সেই নির্বেদ প্রাপ্তিতে (জগতের সমস্ত কিছুর প্রতি) নিরুৎসাহিত হয় এবং বিরাগ হতেও বিমুক্ত হয়।

দুঃখতে মনোনিবিষ্ট করলে ...পর্ববৎ... বিমুক্ত হয়।

অনাত্মতে মনোনিবিষ্ট করলে ...পর্ববৎ... বিমুক্ত হয়।

রূপকে অনিত্যরূপে মনোনিবিষ্ট করলে ... দুঃখরূপে মনোনিবিষ্ট করলে ... অনাত্মরূপে মনোনিবিষ্ট করলে ... বিমুক্ত হয়।

Visit: http://www.buddhistdownload.com

(বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান, চক্ষু, জরামরণ সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। শুধুমাত্র রূপের স্থলে বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান, চক্ষু, জরামরণ পড়তে হবে।)

এগুলোই নয় প্রকার আনন্দমূলক ধর্ম।

৭৪। সম্যক মনোযোগমূলক ধর্ম নয় প্রকার। অনিত্যতে সম্যকভাবে মনোনিবিষ্ট করলে আনন্দ উৎপন্ন হয়, আনন্দের কারণে প্রীতি উৎপন্ন হয়; প্রীতির কারণে কায় প্রশান্ত হয়, প্রশান্তির কারণে সুখ অনুভব হয়, সুখের কারণে চিত্ত সমাধিস্থ হয়। সমাহিত চিত্তের দ্বারা "এটা দুঃখ" বলে যথাভূতভাবে জানে, "এটা দুঃখ সমুদয়" বলে যথাভূতভাবে জানে, "এটা দুঃখ নিরোধ" বলে যথাভূতভাবে জানে এবং "এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা" বলে যথাভূতভাবে জানে।

দুঃখতে মনোনিবিষ্ট করলে আনন্দ ...পর্ববৎ... যথাভূতভাবে জানে।

অনাত্মতে মনোনিবিষ্ট করলে আনন্দ ...পর্ববৎ... যথাভূতভাবে জানে।

রূপকে অনিত্যরূপে মনোনিবিষ্ট করলে ... দুঃখরূপে মনোনিবিষ্ট করলে ... অনাত্মরূপে মনোনিবিষ্ট করলে ... বিমুক্ত হয়।

(বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান, চক্ষু, জরামরণ সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। শুধুমাত্র রূপের স্থলে বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান, চক্ষু, জরামরণ পড়তে হবে।)

নানাত্ব নয় প্রকার, যথা– ধাতু নানাত্ব প্রত্যয়ে স্পর্শ নানাত্ব উৎপন্ন হয়, স্পর্শ নানাত্ব প্রত্যয়ে বেদনা নানাত্ব উৎপন্ন হয়, বেদনা নানাত্ব প্রত্যয়ে সংজ্ঞা নানাত্ব উৎপন্ন হয়, সংজ্ঞা নানাত্ব প্রত্যয়ে সংকল্প নানাত্ব উৎপন্ন হয়, সংকল্প নানাত্ব প্রত্যয়ে ছন্দ নানাত্ব উৎপন্ন হয়, ছন্দ নানাত্ব প্রত্যয়ে পরিলাহ (মনকষ্ট) নানাত্ব উৎপন্ন হয়, পরিলাহ নানাত্ব প্রত্যয়ে অনুসন্ধান নানাত্ব উৎপন্ন হয় এবং অনুসন্ধান নানাত্ব প্রত্যয়ে লাভ নানাত্ব উৎপন্ন হয়। এগুলোই নয় প্রকার নানাত্ব। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজ্ঞা নানার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "নয়ধর্ম বিশ্লেষণ প্রজ্ঞা ধর্ম নানাত্ব জ্ঞান।

ধর্মনানাত্ব জ্ঞান বর্ণনা সমাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

২০-২৪। জ্ঞানপঞ্চক বর্ণনা

৭৫। অভিজ্ঞা-প্রজ্ঞা জ্ঞাতার্থে জ্ঞান, পরিজ্ঞান-প্রজ্ঞা তীরণার্থে (বিচারার্থে) জ্ঞান, প্রহান-প্রজ্ঞা পরিত্যাগার্থে জ্ঞান, ভাবনা-প্রজ্ঞা একরসার্থে জ্ঞান ও সাক্ষাৎকরণ-প্রজ্ঞা স্পর্শনার্থে জ্ঞান কিরূপ? যেই যেই ধর্ম অভিজ্ঞাত হয়, সেই সেই ধর্ম জ্ঞাত হয়। যেই যেই ধর্ম পরিজ্ঞাত হয়, সেই সেই ধর্ম তিরোহিত হয়। যেই যেই ধর্ম প্রহীন হয়, সেই সেই ধর্ম পরিত্যক্ত হয়। যেই যেই ধর্ম ভাবিত হয়, সেই সেই ধর্ম একরস হয়। যেই যেই ধর্ম সাক্ষাৎকৃত হয়, সেই সেই ধর্ম স্পর্শিত হয়।

এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজানানার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "অভিজ্ঞা-প্রজ্ঞাই জ্ঞাতার্থে জ্ঞান, পরিজ্ঞান-প্রজ্ঞাই তীরণার্থে জ্ঞান, প্রহান-প্রজ্ঞাই পরিত্যাগার্থে জ্ঞান, ভাবনা-প্রজ্ঞাই একরসার্থে জ্ঞান ও সাক্ষাৎকরণ-প্রজ্ঞাই স্পর্শনার্থে জ্ঞান।"

জ্ঞানপঞ্চক বর্ণনা সমাপ্ত

২৫-২৮। প্রতিসম্ভিদা জ্ঞান বর্ণনা

৭৬। অর্থনানাত্বে প্রজ্ঞা অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান, ধর্মনানাত্বে প্রজ্ঞা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান, নিরুক্তি নানাত্বে প্রজ্ঞা নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান, প্রতিভান নানাত্বে প্রজ্ঞা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান কিরূপ?

শ্রদ্ধেন্দ্রিয় ধর্ম, বীর্যেন্দ্রিয় ধর্ম, স্মৃতিন্দ্রিয় ধর্ম, সমাধিন্দ্রিয় ধর্ম, প্রজ্ঞেন্দ্রিয় ধর্ম। অন্য শ্রদ্ধেন্দ্রিয় ধর্ম, অন্য বীর্যেন্দ্রিয় ধর্ম, অন্য স্মৃতিন্দ্রিয় ধর্ম, অন্য সমাধিন্দ্রিয় ধর্ম, অন্য প্রজ্ঞেন্দ্রিয় ধর্ম। যে জ্ঞান দ্বারা এই নানা ধর্ম জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা ধর্ম প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "ধর্মনানাত্বে প্রজ্ঞাই ধর্ম প্রতিসম্ভিদা জ্ঞান।"

অর্থের অধিমোক্ষ (অর্থাৎ অধিমোক্ষের স্বভাবার্থ), অর্থের উদ্যম, অর্থের উপস্থাপন, অর্থের অবিক্ষেপ, অর্থের দর্শন। অন্য অর্থের অধিমোক্ষ অন্য অর্থের উদ্যম, অন্য অর্থের উপস্থাপন, অন্য অর্থের অবিক্ষেপ, অন্য অর্থের দর্শন। যে জ্ঞান দ্বারা এই নানা জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা অর্থ

Visit: http://www.buddhistdownload.com

প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "অর্থ নানাত্বে প্রজ্ঞাই অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান।"

পাঁচ প্রকার ধর্ম ব্যাখ্যা বা প্রকাশ করতে ব্যঞ্জন নিরুক্তি বর্ণনা; পাঁচ প্রকার অর্থ ব্যাখ্যা বা প্রকাশ করতে ব্যঞ্জন নিরুক্তি বর্ণনা এবং অন্য ধর্ম নিরুক্তি, অন্য অর্থ নিরুক্তি– যে জ্ঞান দ্বারা এই নানা নিরুক্তি জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা নিরুক্তি প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "নিরুক্তি নানাত্বে প্রজ্ঞাই নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান।"

পাঁচ প্রকার ধর্ম জ্ঞান, পাঁচ প্রকার অর্থে জ্ঞান, দশ প্রকার নিরুক্তিতে জ্ঞান। অন্য ধর্মে জ্ঞান, অন্য অর্থে জ্ঞান, অন্য নিরুক্তিতে জ্ঞান। যে জ্ঞান দ্বারা এই নানা জ্ঞান জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা জ্ঞান প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "প্রতিভান নানাত্বে প্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান।"

৭৭। শ্রদ্ধাবল ধর্ম, বীর্যবল ধর্ম, স্মৃতিবল ধর্ম, সমাধিবল ধর্ম, প্রজ্ঞাবল ধর্ম। অন্য শ্রদ্ধাবল ধর্ম, অন্য বীর্যবল ধর্ম, অন্য স্মৃতিবল ধর্ম, অন্য সমাধিবল ধর্ম, অন্য প্রজ্ঞাবল ধর্ম। যে জ্ঞান দ্বারা এই নানা ধর্ম জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা ধর্ম প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "ধর্ম নানাত্বে প্রজ্ঞা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান।"

অশ্রদ্ধায় বিচলিত না হওয়ার অর্থ, আলস্যে বিচলিত না হওয়ার অর্থ, প্রমাদে বিচলিত না হওয়ার অর্থ, চঞ্চলতায় বিচলিত না হওয়ার অর্থ, অবিদ্যায় বিচলিত না হওয়ার অর্থ। অন্য অশ্রদ্ধায় বিচলিত না হওয়ার অর্থ, অন্য আলস্যে বিচলিত না হওয়ার অর্থ, অন্য প্রমাদে বিচলিত না হওয়ার অর্থ, অন্য চঞ্চলতায় বিচলত না হওয়ার অর্থ, অন্য অবিদ্যায় বিচলিত না হওয়ার অর্থ– যে জ্ঞান দ্বারা এই নানা অর্থ জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা অর্থ প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "অর্থ নানাত্বে প্রজ্ঞাই অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান।"

পাঁচ প্রকার ধর্ম ব্যাখ্যা বা প্রকাশ করতে ব্যঞ্জন নিরুক্তি বর্ণনা; পাঁচ প্রকার অর্থ ব্যাখ্যা বা প্রকাশ করতে ব্যঞ্জন নিরুক্তি বর্ণনা; অন্য ধর্ম নিরুক্তি, অন্য অর্থ নিরুক্তি– যে জ্ঞান দ্বারা এই নানা নিরুক্তি জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা নিরুক্তি প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "নিরুক্তি

Visit: http://www.buddhistdownload.com

নানাত্বে প্রজ্ঞাই নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান।"

পাঁচ প্রকার ধর্মে জ্ঞান, পাঁচ প্রকার অর্থে জ্ঞান, দশ প্রকার নিরুক্তিতে জ্ঞান। অন্য ধর্মে জ্ঞান, অন্য অর্থে জ্ঞান। যে জ্ঞান দ্বারা এই নানা জ্ঞান জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা জ্ঞান প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "প্রতিভান নানাত্বে প্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান।"

স্মৃতি সম্বোধ্যঙ্গ ধর্ম, ধর্মবিচার সম্বোধ্যঙ্গ ধর্ম, বীর্য সম্বোধ্যঙ্গ ধর্ম, প্রীতি সম্বোধ্যঙ্গ ধর্ম, প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ ধর্ম, সমাধি সম্বোধ্যঙ্গ ধর্ম, উপেক্ষা সম্বোধ্যঙ্গ ধর্ম। অন্য স্মৃতি সম্বোধ্যঙ্গ ধর্ম, অন্য ধর্মবিচার সম্বোধ্যঙ্গ ধর্ম, অন্য বীর্য সম্বোধ্যঙ্গ ধর্ম, অন্য প্রীতি সম্বোধ্যঙ্গ ধর্ম, অন্য প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ ধর্ম, অন্য সমাধি সম্বোধ্যঙ্গ ধর্ম, অন্য উপেক্ষা সম্বোধ্যঙ্গ ধর্ম। যে জ্ঞান দ্বারা এই নানা ধর্ম জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা ধর্ম প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "ধর্ম নানাত্বে প্রজ্ঞা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান।"

অর্থের উপস্থাপন, অর্থের পরিচয়, অর্থের প্রগ্রহ, অর্থের স্ফুরণ, অর্থের উপশম, অর্থের অবিক্ষেপ, অর্থের মনোসংযোগ। অন্য অর্থের উপস্থাপন, অন্য অর্থের পরিচয়, অন্য অর্থের প্রগহ, অন্য অর্থের স্ফুরণ, অন্য অর্থের উপশম, অন্য অর্থের অবিক্ষেপ, অন্য অর্থের মনোসংযোগ। যে জ্ঞান দ্বারা এই নানা অর্থ জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা অর্থ প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "অর্থ নানাত্বে প্রজ্ঞাই অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান।"

সাত প্রকার ধর্ম ব্যাখ্যা বা প্রকাশ করতে ব্যঞ্জন নিরুক্তি বর্ণনা। সাত প্রকার অর্থ ব্যাখ্যা বা প্রকাশ করতে ব্যঞ্জন নিরুক্তি বর্ণনা; অন্য ধর্ম নিরুক্তি, অন্য অর্থ নিরুক্তি– যে জ্ঞান দ্বারা এই নানা নিরুক্তি জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা নিরুক্তি প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "নিরুক্তি নানাত্বে প্রজ্ঞাই নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান।"

সাত প্রকার ধর্মে জ্ঞান, সাত প্রকার অর্থে জ্ঞান, চৌদ্দ প্রকার নিরুক্তিতে জ্ঞান। অন্য ধর্মে জ্ঞান, অন্য অর্থে জ্ঞান, অন্য নিরুক্তিতে জ্ঞান– যে জ্ঞান দ্বারা এই জ্ঞান জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা জ্ঞান প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "প্রতিভান নানাত্বে প্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান।"

Visit: http://www.buddhistdownload.com

সম্যকদৃষ্টি ধর্ম, সম্যকসংকল্প ধর্ম, সম্যকবাক্য ধর্ম, সম্যককর্ম ধর্ম, সম্যকজীবিকা ধর্ম, সম্যকপ্রচেষ্টা ধর্ম, সম্যকস্মৃতি ধর্ম, সম্যকসমাধি ধর্ম। অন্য সম্যকদৃষ্টি ধর্ম, অন্য সম্যকসংকল্প ধর্ম, অন্য সম্যকবাক্য ধর্ম, অন সম্যককর্ম ধর্ম, অন্য সম্যকজীবিকা ধর্ম, অন্য সম্যকপ্রচেষ্টা ধর্ম, অন্য সম্যকস্মৃতি ধর্ম, অন্য সম্যকসমাধি ধর্ম। যে জ্ঞান দ্বারা এই নানা ধর্ম জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা ধর্ম প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "ধর্ম নানাত্বে প্রজ্ঞাই ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান।"

অর্থের দর্শন, অর্থের অভিনিরোপন, অর্থের পরিগ্রহ, অর্থের সমুত্থান, অর্থের পরিশোধন, অর্থের প্রগ্রহ, অর্থের উপত্থান, অর্থের অবিক্ষেপ। অন্য অর্থের দর্শন, অন্য অর্থের অভিনিরোপন, অন্য অর্থের পরিগ্রহ, অন্য অর্থের সমুত্থান, অন্য অর্থের পরিশোধন, অন্য অর্থের প্রগ্রহ, অন্য অর্থের উপত্থান, অন্য অর্থের অবিক্ষেপ। যে জ্ঞান দ্বারা এই নানা অর্থ জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা অর্থ প্রতিবিদিত হয়। তাই বলা হয়– " অর্থ নানাত্বে প্রজ্ঞাই অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান।"

আট প্রকার ধর্ম ব্যাখ্যা বা প্রকাশ করতে নিরুক্তি বর্ণনা; আট প্রকার অর্থ ব্যাখ্যা বা প্রকাশ করতে ব্যঞ্জন নিরুক্তি বর্ণনা; অন্য ধর্ম নিরুক্তি, অন্য অর্থ নিরুক্তি– যে জ্ঞান দ্বারা এই নানা নিরুক্তি জ্ঞাত হয়, সে জ্ঞান দ্বারাই নানা নিরুক্তি প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "নিরুক্তি নানাত্বে প্রজ্ঞাই নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান।"

আট প্রকার ধর্মে জ্ঞান, আট প্রকার অর্থে জ্ঞান, ষোল প্রকার নিরুক্তিতে জ্ঞান। অন্য ধর্মে জ্ঞান, অন্য অর্থে জ্ঞান, অন্য নিরুক্তিতে জ্ঞান। যে জ্ঞান দ্বারা এই নানা জ্ঞান হয়, সে জ্ঞান দ্বারাই নানা জ্ঞান প্রতিবিদিত হয়। তাই বলা হয়– "প্রতিভান নানাত্বে প্রজ্ঞা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান।" এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "অর্থ নানাত্বে প্রজ্ঞাই অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান। ধর্ম নানাত্বে প্রজ্ঞাই ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান। নিরুক্তি নানাত্বে প্রজ্ঞাই নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান। প্রতিভান নানাত্বে প্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান।"

প্রতিসম্ভিদা জ্ঞান বর্ণনা সমাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

২৯-৩১। জ্ঞান ত্রয় বর্ণনা

৭৮। বিহার নানাত্বে প্রজ্ঞা বিহারার্থে জ্ঞান, সমাপত্তি নানাত্বে প্রজ্ঞা সমাপত্যার্থে জ্ঞান, বিহার সমাপত্তি নানাত্বে প্রজ্ঞা বিহার সমাপত্যার্থে জ্ঞান কিরূপ? নিমিত্তকে ভয়রূপে দর্শন করত অনিমিত্তে অভিনিবিষ্ট হওয়াতে ব্যয় ভাব দর্শনই হচ্ছে অনিমিত্ত বিহার। প্রণিধিকে ভয়রূপে দর্শন করত অপ্রণিহিততে অভিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শনই হচ্ছে অপ্রণিহিত বিহার। অভিনিবেশকে ভয়রূপে দর্শন করত শূন্যতায় অভিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শন হচ্ছে শূন্যতা বিহার।

নিমিত্তকে ভয়রূপে দর্শনকালে অনিমিত্তে অভিনিবিষ্ট হওয়াতে প্রবর্তন দর্শন করত নিরোধ, নির্বাণ, অনিমিত্ত গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে অনিমিত্ত সমাপত্তি। প্রণিধিকে ভয়রূপে দর্শনকালে অপ্রণিহিতে অভিনিবিষ্ট হওয়াতে প্রবর্তন দর্শন করত নিরোধ, নির্বাণ, অপ্রণিহিত গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে অপ্রণিহিত সমাপত্তি। অভিনিবেশকে ভয়রূপে দর্শনকালে শূন্যতায় অভিনিবিষ্ট হওয়াতে প্রবর্তন দর্শন করত নিরোধ, নির্বাণ, শূন্যতা গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে শূন্যতা সমাপত্তি।

নিমিত্তকে ভয়রূপে দর্শনকালে অনিমিত্তে অভিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শন করে, প্রবর্তনকে দর্শন করত নিরোধ, নির্বাণ, অনিমিত্ত গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে অনিমিত্ত বিহার সমাপত্তি। প্রণিধিতে ভয়রূপে দর্শনকালে অপ্রণিহিতে অভিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শন করে, প্রবর্তনকে দর্শন করত নিরোধ, নির্বাণ, অপ্রণিহিত গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে অপ্রণিহিত বিহার সমাপত্তি। অভিনিবেশকে ভয়রূপে দর্শনকালে শূন্যতে অবিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শন করে, প্রবর্তনকে দর্শন করত নিরোধ, নির্বাণ, শূন্যতা গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে শূন্যতা বিহার সমাপত্তি।

৭৯। রূপনিমিত্তকে ভয়রূপে দর্শনকালে অনিমিত্তে অভিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শনই হচ্ছে অনিমিত্ত বিহার। রূপ প্রণিধিকে ভয়রূপে

Visit: http://www.buddhistdownload.com

দর্শনকালে অপ্রণিহিতে অভিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শনই হচ্ছে অপ্রণিহিত বিহার। রূপ অভিনিবেশকে ভয়রূপে দর্শনকালে শূন্যতায় অভিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শনই হচ্ছে শূন্যতা বিহার।

রূপনিমিত্তকে ভয়রূপে দর্শনকালে অনিমিত্তে অভিনিবিষ্ট হওয়াতে প্রবর্তনকে দর্শন করত নিরোধ, নির্বাণ, অনিমিত্তকে গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে অনিমিত্ত সমাপত্তি। রূপপ্রণিধিকে ভয়রূপে দর্শনকালে অপ্রণিহিতে অভিনিবিষ্ট হওয়াতে প্রবর্তনকে দর্শন করত নিরোধ, নির্বাণ, অপ্রণিহিত গ্রহন করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে অপ্রণিহিত সমাপত্তি। রূপ অভিনবিশেকে ভয়রূপে দর্শনকালে শূন্যতায় অভিনিবিষ্ট হওয়াতে প্রবর্তনকে দর্শন করত নিরোধ, নির্বাণ, শূন্যতা গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে শূন্যতা সমাপত্তি।

রূপনিমিত্তকে ভয়রূপে দর্শনকালে অনিমিত্তে অভিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শন করে প্রবর্তনকে দর্শন করত নিরোধ, নির্বাণ, অনিমিত্ত গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে অনিমিত্ত বিহার সমাপত্তি। রূপপ্রণিধিকে ভয়রূপে দর্শনকালে অপ্রণিহিতে অভিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শন করে প্রবর্তনকে দর্শন করত নির্বাণ, অপ্রণিহিত গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে অপ্রণিহিত বিহার সমাপত্তি। রূপ অভিনিবেশকে ভয়রূপে দর্শনকালে শূন্যতা অভিনিবিষ্ট হওয়াতে ব্যয়ভাব দর্শন করে প্রবর্তনকে দর্শন করত নির্বাণ, শূন্যতা গ্রহণ করে সমাপত্তিপ্রাপ্ত হওয়াই হচ্ছে শূন্যতা বিহার সমাপত্তি।

(বেদনানিমিত্ত, সংজ্ঞানিমিত্ত, সংস্কারনিমিত্ত, বিজ্ঞাননিমিত্ত, চক্ষু নিমিত্ত, জরামরণ নিমিত্ত সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। শুধুমাত্র রূপ–এর স্থলে বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান, চক্ষু, জরামরণ উল্লেখ করে পড়তে হবে।)

অন্য অনিমিত্ত বিহার, অন্য অপ্রণিহিত বিহার, অন্য শূন্যতা বিহার। অন্য অনিমিত্ত সমাপত্তি, অন্য অপ্রণিহিত সমাপত্তি, অন্য শূন্যতা সমাপত্তি। অন্য অনিমিত্ত বিহার সমাপত্তি, অন্য অপ্রণিহিত বিহার সমাপত্তি, অন্য শূন্যতাবিহার সমাপত্তি। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা

Visit: http://www.buddhistdownload.com

হয়– "বিহার নানাত্বে প্রজ্ঞাই বিহারার্থে জ্ঞান, সমাপত্তি নানাত্বে প্রজ্ঞাই সমাপত্যার্থে জ্ঞান, বিহার সমাপত্তি নানাত্বে প্রজ্ঞাই বিহার সমাপত্যার্থে জ্ঞান।"

জ্ঞানত্রয় বর্ণনা সমাপ্ত।

৩২। আনন্তরিক সমাধি বর্ণনা

৮০। অবিক্ষেপ পরিশুদ্ধি হেতু আস্রব সমুচ্ছেদ প্রজ্ঞা আনন্তরিক সমাধি জ্ঞান কিরূপ? নৈষ্ক্রম্যবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। সে সমাধি বশে জ্ঞান উৎপন্ন হয়। সেই জ্ঞান দ্বারা আস্রবসমূহ ক্ষয় হয়। এভাবে প্রথমে শমথ চিত্তের শান্ত ভাব, পরে জ্ঞান বা জ্ঞানের উৎপত্তি। ঈদৃশ জ্ঞানের দ্বারা আস্রবসমূহ ক্ষয় হয়। তাই বলা হয়– "অবিক্ষেপ পরিশুদ্ধ হেতু আস্রব সমুচ্ছেদ প্রজ্ঞাই আনন্তরিক সমাধি জ্ঞান।"

'আস্রব, আস্রব' বলা হয়, সেই আস্রব কি? কামস্রব, ভবাস্রব, দৃষ্টি আস্রব, অবিদ্যাস্রব। কিভাবে আস্রবসমূহ ক্ষয় হয়? স্রোতাপত্তিমার্গ দ্বারা দৃষ্টি আস্রব সম্পূর্ণরূপে ক্ষয় এবং অপায় গমণীয় কামাস্রব, ভবাস্রব, অবিদ্যা আস্রব ক্ষয় হয়। এ অবস্থায় এই আস্রবসমূহ ক্ষয় হয়ে যায়। সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল কামাস্রব ক্ষয় হয় এবং ভাবস্রব, অবিদ্যা আস্রবের অর্ধাংশ ক্ষয় হয়। এ অবস্থায় এই আস্রবসমূহ ক্ষয় হয়ে যায়। অনাগামীমার্গ দ্বারা কামাস্রব সম্পূর্ণরূপে ক্ষয় হয় এবং ভবাস্রব, অবিদ্যা আস্রবের অর্ধাংশ ক্ষয় হয়। এ অবস্থায় এই আস্রবসমূহ ক্ষয় হয়ে যায়। অর্হত্বমার্গ দ্বারা ভবাস্রব, অবিদ্যাস্রব সম্পূর্ণরূপে ক্ষয় হয়। এ অবস্থায় এই আস্রবসমূহ ক্ষয় হয়ে যায়।

অব্যাপাদবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। আলোকসংজ্ঞাবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। অবিক্ষেপবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। ধর্ম বিশ্লেষবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। জ্ঞানবশে চিত্তের একাগ্রতাই

Visit: http://www.buddhistdownload.com

হচ্ছে অবিক্ষেপ সমাধি। আনন্দবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। প্রথমধ্যানবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। দ্বিতীয়ধ্যানবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। তৃতীয়ধ্যানবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। চতুর্থধ্যানবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। আকাশানন্তায়তন সমাপত্তিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। বিজ্ঞানানন্তায়তন সমাপত্তিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। আকিঞ্চনায়তন সমাপত্তিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। পৃথিবী কৃৎস্নবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। আপ কৃৎস্নবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। তেজ কৃৎস্নবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। বায়ু কৃৎস্নবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। নীল কৃৎস্নবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। পীত কৃৎস্নবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। লোহিত কৃৎস্নবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। ওদাত কৃৎস্নবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। আকাশ কৃৎস্নবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। বিজ্ঞান কৃৎস্নবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সামধি। বুদ্ধানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। ধর্মানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। সঙ্ঘানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। শীলানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। ত্যাগানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। দেবতানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। আনাপানস্মৃতিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। মরণস্মৃতিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। কায়গতাস্মৃতিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। উপশমানুস্মৃতিবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। উর্ধ্বস্ফীত সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। বিনীলক সংজ্ঞাবশে

Visit: http://www.buddhistdownload.com

চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। পূযপূর্ণ সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। ছিদ্রিকৃত সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। বিখাদিত সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। বিক্ষিপ্ত সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। কর্তিত বিক্ষিপ্ত সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। রক্তাক্ত সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। কীটপূর্ণ সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। অস্থিপঞ্জর সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি।

৮১। দীর্ঘ শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। দীর্ঘ প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। হ্রস্ব শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। হ্রস্ব প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। সর্বকায় প্রতিসংবেদী শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। সর্বকায় প্রতিসংবেদী প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। কায়-সংস্কার উপশান্ত করে শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। কায়-সংস্কার উপশান্ত করে প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। প্রীতি প্রতিসংবেদী শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। সুখ প্রতিসংবেদী শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। চিত্ত সংস্তার প্রতিসংবেদী শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। চিত্ত সংস্কার প্রতিসংবেদী প্রশ্বাসবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। অভিপ্রমোদিত চিত্তে শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। অভিপ্রমোদিত চিত্তে প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। সমাহিত চিত্তে শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। সমাহিত চিত্তে প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। বিমুক্ত চিত্তে শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। বিমুক্ত চিত্তে প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ

Visit: http://www.buddhistdownload.com

সমাধি। অনিত্যানুদর্শী হয়ে শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। অনিত্যানুদর্শী হয়ে প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। বিরাগানুদর্শী হয়ে শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। বিরাগানুদর্শী হয়ে প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। নিরোধানুদর্শী হয়ে শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। নিরোধানুদর্শী হয়ে প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। প্রতিনিসর্গানুদর্শী (পরিত্যাগানুদর্শী) হয়ে শ্বাস পরিত্যাগবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। প্রতিনিসর্গানুদর্শী হয়ে প্রশ্বাস গ্রহণবশে চিত্তের একাগ্রতাই হচ্ছে অবিক্ষেপ সমাধি। ঈদৃশ সমাধি বশে জ্ঞান উৎপন্ন হয়; সে জ্ঞানের দ্বারা আস্রবসমূহ ক্ষয় হয়। এভাবে প্রথমে শমথ চিত্তের শান্তভাব, পরে জ্ঞান বা জ্ঞানের উৎপত্তি। এজ্ঞানের দ্বারা আস্রবসমূহ ক্ষয় হয়। তাই বলা হয়– "অবিক্ষেপ পরিশুদ্ধ হেতু আস্রব সমুচ্ছেদে প্রজ্ঞাই আনন্তরিক সমাধি প্রজ্ঞা।

"আস্রব, আস্রব' বলা হয়, সেই আস্রব কি? ... যায়। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "অবিক্ষেপ পরিশুদ্ধ হেতু আস্রব সমুচ্ছেদে প্রজ্ঞাই আনন্তরিক সমাধি প্রজ্ঞা।

আনন্তরিক সমাধি বর্ণনা সমাপ্ত।

৩৩। অরণ বিহার জ্ঞান বর্ণনা

৮২। দর্শনাধিপত্যয়ে শান্ত বিহারাধিগম ও উত্তম অধিমুক্ততা প্রজ্ঞা অরণবিহারে (নির্জনবাসে) জ্ঞান কিরূপ? 'দর্শনাধিপত্যয়, দর্শনাধিপত্যয়' বলা হয়, সেই দর্শনাধিপত্যয় কি? অনিত্যানুদর্শনই হচ্ছে দর্শনাধিপ্রত্যয়, দুঃখানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, অনাত্মানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়। রূপে অনিত্যানুদর্শনই হচ্ছে দর্শানাধিপত্যয়, রূপে দুঃখানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, রূপে অনাত্মানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, রূপে

Visit: http://www.buddhistdownload.com

অনাত্মানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়। বেদনায় অনিত্যানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, বেদনা দুঃখানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, বেদনায় অনাত্মানুদর্শনই হচ্ছে দর্শানাধিপত্যয়। সংজ্ঞায় অনিত্যানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, বেদনায় দুঃখানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, সংজ্ঞায় আনাত্মানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়। সংস্কারে অনিত্যানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, সংস্কারে দুঃখানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, সংস্কারে অনাত্মানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়। বিজ্ঞানে অনিত্যানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, বিজ্ঞানে দুঃখানুদর্শনই হচ্ছে দর্শনাধিপত্যয়, বিজ্ঞানে অনাত্মানুদর্শই হচ্ছে দর্শনাধিপত্যয়। চক্ষুতে অনিত্যানুদর্শনই ...পে... দর্শনাধিপত্যয়। জরামরণে অনিত্যানুদর্শন ...পে... দর্শনাধিপত্যয়।

'শান্ত বিহারাধিগম, শান্ত বিহারাধিগম' বলা হয়, সেই শান্ত বিহারাধিগম কি? শূন্যতা বিহারই হচ্ছে শান্ত বিহারাধিগম। অনিমিত্ত বিহারই হচ্ছে শান্ত বিহারাধিগম। অপ্রণিহিত বিহারই হচ্ছে শান্ত বিহারাধিগম।

'উত্তম অধিমুক্ততা, উত্তম অধিমুক্ততা' বলা হয়, সেই উত্তম অধিমুক্ততা কি? শূন্যে অধিমুক্ততাই হচ্ছে উত্তম অধিমুক্ততা। অনিমিত্তে অধিমুক্ততাই হচ্ছে উত্তম অধিমুক্ততা। অপ্রণিহিতে অধিমুক্ততাই হচ্ছে উত্তম অধিমুক্ততা।

'অরণবিহার, অরণবিহার' বলা হয়, সেই অরণবিহার কি? প্রথমধ্যানই হচ্ছে অরণবিহার, দ্বিতীয়ধ্যানই হচ্ছে অরণবিহার, তৃতীয়ধ্যানই হচ্ছে অরণবিহার, চতুর্থধ্যানই হচ্ছে অরণবিহার, আকাশানন্তায়তন সমাপত্তিই হচ্ছে অরণবিহার, বিজ্ঞানানন্তায়তন সমাপত্তিই হচ্ছে অরণবিহার, আকিঞ্চনায়তন সমাপত্তিই হচ্ছে অরণবিহার, নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তিই হচ্ছে অরণবিহার।

'অরণবিহার' বলা হয়, কি অর্থে অরণবিহার? প্রথমধ্যানের প্রভাবে নীবরণসমূহ লোপ পায়– এ অর্থে অরণবিহার। দ্বিতীয়ধ্যানের প্রভাবে বির্তক-বিচার লোপ পায়– এ অর্থে অরণবিহার। তৃতীয়ধ্যানের প্রভাবে প্রীতি লোপ পায়– এঅর্থে অরণবিহার। চতুর্থধ্যানের প্রভাবে সুখ-দুঃখ

Visit: http://www.buddhistdownload.com

লোপ পায়– এ অর্থে অরণবিহার। আকাশানন্তায়তন সমাপত্তি প্রভাবে রূপসংজ্ঞা, প্রতিঘসংজ্ঞা, নানাত্বসংজ্ঞা লোপ পায়– এ অর্থে অরণবিহার। বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি প্রভাবে আকাশানন্তায়তন সংজ্ঞা লোপ পায়– এ অর্থে অরণবিহার। আকিঞ্চনায়তন সমাপত্তি প্রভাবে বিজ্ঞানানন্তায়তন সংজ্ঞা লোপ পায়– এ অর্থে অরণবিহার। নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তি প্রভাবে আকিঞ্চনায়তন সংজ্ঞা লোপ পায়– এ অর্থে অরণবিহার। এটাই অরণবিহার। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "দর্শনাধিপত্যয় শান্ত বিহারাধিগম ও উত্তম অধিমুক্ততা প্রজ্ঞাই অরণবিহার জ্ঞান।"

অরণবিহার জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৩৪। নিরোধ সমাপত্তি জ্ঞান বর্ণনা

৮৩। দ্বিবিধ বল সমন্বিত, ত্রিবিধ সংস্কারের উপশম হেতু, ষোল প্রকার জ্ঞানচর্চা ও নয় প্রকার সমাধিচর্চা দ্বারা প্রজ্ঞা নিরোধ সমাপত্তি জ্ঞান কিরূপ?

দ্বিবিধ বল বলতে দুই প্রকার বল, যথা– শমথ বল ও বিদর্শন বল। শমথবল কিরূপ? নৈষ্ক্রম্যবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই হচ্ছে শমথ বল। অব্যাপাদবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই হচ্ছে শমথ বল। আলোকসংজ্ঞা বশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই হচ্ছে শমথ বল। অবিক্ষেপ বশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই হচ্ছে শমথ বল। ধর্মবিশ্লেষণবশে চিত্তের একাগ্রতা হচ্ছে সমথবল ... প্রতিনিসর্গানুদর্শী হয়ে শ্বাস পরিত্যাগ বশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ শমথ বল। প্রতিনিসর্গানুদর্শী হয়ে প্রশ্বাস গ্রহণবশে ... বল।

'শমথ বল, শমথ বল' বলা হয়, কি অর্থে শমথ বল? প্রথমধ্যানের প্রভাবে চিত্ত নীবরণে কম্পিত হয় না– এ অর্থে শমথ বল। দ্বিতীয়ধ্যানের প্রভাবে চিত্ত বিতর্ক-বিচারে কম্পিত হয় না– এ অর্থে শমথ বল। তৃতীয়ধ্যানের প্রভাবে চিত্ত প্রীতিতে কম্পিত হয় না– এ অর্থে শমথ বল।

Visit: http://www.buddhistdownload.com

চতুর্থধ্যানের প্রভাবে চিত্ত সুখ-দুঃখে কম্পিত হয় না– এঅর্থে শমথ বল। আকাশানন্তায়তন সমাপত্তির প্রভাবে চিত্ত রূপসংজ্ঞা, প্রতিঘসংজ্ঞা, নানাত্ব সংজ্ঞায় কম্পিত হয় আকিঞ্চনায়তন সমাপত্তির প্রভাবে চিত্ত বিজ্ঞানানন্তায়তন সংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে শমথ বল। নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তির প্রভাবে চিত্ত আকিঞ্চনায়তন সংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে শমথ বল। চঞ্চলতা, চঞ্চলতাসহগত ক্লেশসমূহে ও পঞ্চস্কন্ধে চিত্ত কম্পিত, আলোড়িত এবং বিচলিত হয় না– এ অর্থে শমথ বল। এটাই শমথ বল।

বিদর্শন বল কিরূপ? অনিত্যানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। দুঃখানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। অনাত্মানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। নির্বেদানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। বিরাগানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। নিরোধানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। প্রতিনিসর্গানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। রূপে অনিত্যানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। রূপে দুঃখানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। রূপে অনাত্মানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। রূপে নির্বেদানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। রূপে বিরাগানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। রূপে নিরোধানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। রূপে প্রতিনিসর্গানুদর্শনই হচ্ছে বিদর্শন বল। বেদনায় ...। সংজ্ঞায় ...। সংস্কার ...। বিজ্ঞানে ...। চক্ষুতে ... জরামরণে ...।

'বিদর্শন বল, বিদর্শন বল' বলা হয়, কি অর্থে বিদর্শন বল? অনিত্যানুদর্শন নিত্যসংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে বিদর্শন বল। দুঃখানুদর্শন সুখ সংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে বিদর্শন বল। অনাত্মানুদর্শন আত্মসংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে বিদর্শন বল। নির্বেদানুদর্শন আনন্দে কম্পিত হয় না– এ অর্থে বিদর্শন বল। বিরাগানুদর্শন আসক্তিতে কম্পিত হয় না– এ অর্থে বিদর্শন বল। নিরোধানুদর্শন উৎপত্তিতে কম্পিত হয় না– এ অর্থে বিদর্শন বল। পরিত্যাগানুদর্শন গ্রহণে কম্পিত হয় না– এ অর্থে বিদর্শন বল। অবিদ্যা, অবিদ্যাসহগত ক্লেশ ও পঞ্চস্কন্ধে কম্পিত, উত্তেজিত এবং বিচলিত হয় না– এ অর্থে বিদর্শন বল। এটাই বিদর্শন বল।

Visit: http://www.buddhistdownload.com

তিন প্রকার সংস্কারে উপশম হয়। সেই তিন প্রকার সংস্কার উপশম কি? দ্বিতীয়ধ্যান লাভীর বিতর্ক-বিচার সংস্কার উপশম হয়। চতুর্থধ্যান লাভীর শ্বাস-প্রশ্বাস কায়-সংস্কার উপশম হয়। সংজ্ঞাবেদয়িত নিরোধ সমাপত্তি লাভীর সংজ্ঞা, বেদনা, চিত্ত সংস্কার উপশম হয়। এই তিন প্রকার সংস্কার উপশম।

৮৪। ষোল প্রকারে জ্ঞানচর্যা বলা হয়; সেই ষোল প্রকার জ্ঞানচর্যা কি? অনিত্যানুদর্শন জ্ঞানচর্যা, দুঃখানুদর্শন জ্ঞানচর্যা, অনাত্মানুদর্শন জ্ঞানচর্যা, নির্বেদানুর্শন জ্ঞানচর্যা, বিরাগানুদর্শন জ্ঞানচর্যা, নিরোধানুদর্শন জ্ঞানচর্যা, পরিত্যাগানুদর্শন জ্ঞানচর্যা, বিবর্তনানুদর্শন জ্ঞানচর্যা, স্রোতাপত্তি মার্গ জ্ঞানচর্যা, স্রোতাপত্তি ফল সমাপত্তি জ্ঞানচর্যা, সকৃদাগামী মার্গ জ্ঞানচর্যা, সকৃদাগামী ফল সমাপত্তি জ্ঞানচর্যা, অনাগামী মার্গ জ্ঞানচর্যা, অনাগামী ফল সমাপত্তি জ্ঞানচর্যা, অর্হত্ব মার্গ জ্ঞানচর্যা, অর্হত্ব ফল সমাপত্তি জ্ঞানচর্যা। এই ষোল প্রকার জ্ঞানচর্যা।

৮৫। নয় প্রকার সমাধি চর্যা বলা হয়; সেই নয় প্রকার সমাধি চর্যা কি? প্রথমধ্যান সমাধি চর্যা, দ্বিতীয়ধ্যান সমাধি চর্যা, তৃতীয়ধ্যান সমাধি চর্যা, চতুর্থধ্যান সমাধি চর্যা, আকাশানন্তায়তন সমাপত্তি সমাধি চর্যা, বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি সমাধি চর্যা, আকিঞ্চনায়তন সমাপত্তি সমাধি চর্যা, নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তি সমাধি চর্যা, উক্ত আট প্রকার ধ্যান প্রতিলাভের জন্য বিতর্ক-বিচার, প্রীতি, সুখ ও চিত্তের একাগ্রতা সমাধি চর্যা। এই নয় প্রকার সমাধি চর্যা।

বশীভাবতা পাঁচ প্রকার। যথা– আবর্জনবশী, সমাপজ্জনবশী, অধিষ্ঠানবশী, উত্থানবশী ও প্রত্যবেক্ষণবশী। প্রথমধ্যান যেখানে ইচ্ছা, যথেচ্ছা এবং যতইচ্ছা উপলব্ধি করে। এই উপলব্ধিতে কোন মূঢ়তা নেই– এটা আবর্জন বশী। প্রথমধ্যান যেখানে ইচ্ছা, যথেচ্ছা এবং যতইচ্ছা সাধনায় নিবিষ্ট হয়। এই নিবিষ্টে কোন মূঢ়তা নেই– এটা সমাপজ্জনবশী। প্রথমধ্যান যেখানে ইচ্ছা, যথেচ্ছা এবং যতইচ্ছা অধিষ্ঠান করে; এই অধিষ্ঠানে কোন মূঢ়তা নেই– এটা অধিষ্ঠানবশী। প্রথমধ্যান যেখানে ইচ্ছা, যথেচ্ছা এবং যতইচ্ছা উত্থান বা উৎপন্ন করে; এই উৎপন্নতে কোন মূঢ়তা

Visit: http://www.buddhistdownload.com

নেই– এটা উত্থানবশী। প্রথমধ্যান যেখানে ইচ্ছা, যথেচ্ছা এবং যতইচ্ছা প্রত্যবেক্ষণ করে; প্রত্যাবেক্ষণে কোন মূঢ়তা নেই– এটা প্রত্যবেক্ষণবশী।

দ্বিতীয়ধ্যান ... (পূর্ববৎ, কেবল প্রথমধ্যান– এর স্থলে দ্বিতীয়ধ্যান পড়তে হবে।)

তৃতীয়ধ্যান ... চতুর্থধ্যান ... আকাশানন্তায়তন সমাপত্তি ... বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি ... আকিঞ্চনায়তন সমাপত্তি ... নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তি ...। এটাই পঞ্চবশীভাবতা।

এটা জ্ঞাতার্থে জ্ঞান,প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "দ্বিবিধ বল সমন্বিত, ত্রিবিধ সংস্কারের উপশম হেতু, ষোল প্রকার জ্ঞানচর্যা ও নয় প্রকার সমাধিচর্যা দ্বারা প্রজ্ঞা নিরোধ সমাপত্তি জ্ঞান।"

নিরোধ সমাপত্তি জ্ঞান বর্ণনা সমাপ্ত

৩৫। পরিনির্বাণ জ্ঞান বর্ণনা

৮৬। সম্প্রজ্ঞানীর প্রবর্তন পরিসমাপ্তিতে প্রজ্ঞা পরিনির্বাণ জ্ঞান কিরূপ? এখানে সম্প্রজ্ঞানী নৈষ্ক্রম্যবশে কামচ্ছন্দের প্রবর্তনকে ধ্বংস করে; অব্যাপাদবশে ব্যাপাদের প্রবর্তনকে ধ্বংস করে; আলোক সংজ্ঞাবশে তন্দ্রালসের প্রবর্তনকে ধ্বংস করে; অবিক্ষেপবশে চঞ্চলতার প্রবর্তনকে ধ্বংস করে; ধর্ম বিশ্লেষণবশে বিচিকিৎসার প্রবর্তনকে ধ্বংস; জ্ঞানবশে অবিদ্যার প্রবর্তনকে ধ্বংস; প্রমোদ্যবশে নিরানন্দের প্রবর্তনকে ধ্বংস; প্রথমধ্যানবশে নীবরণের প্রবর্তনকে ধ্বংস; দ্বিতীয়ধ্যানবশে বিতর্ক-বিচারের প্রবর্তনকে ধ্বংস; তৃতীয়ধ্যান ধ্যানবশে প্রীতির প্রবর্তনকে ধ্বংস; চতুর্থধ্যানবশে সুখ-দুঃখের প্রবর্তনকে ধ্বংস; স্রোতাপত্তি মার্গবশে মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহের প্রবর্তনকে ধ্বংস; সকৃদাগামী মার্গবশে স্থূলে ক্লেশসমূহের প্রবর্তনকে ধ্বংস; অনাগামী মার্গবশে সূক্ষ্ম ক্লেশসমূহের প্রবর্তনকে ধ্বংস; অর্হত্ব মার্গবশে সমস্ত ক্লেশের প্রবর্তনকে ধ্বংস।

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রজ্ঞানীর অনুপাদিশেষ নির্বাণ ধাতুতে পরিনির্বাণকালে এই চক্ষু প্রবর্তন ধ্বংস হয়, অন্য চক্ষু প্রবর্তন উৎপন্ন হয় না; এই শ্রোত্র প্রবর্তন ধ্বংস হয়, অন্য শ্রোত্র প্রবর্তন উৎপন্ন হয় না; এই ঘ্রাণ প্রবর্তন ধ্বংস হয়, অন্য ঘ্রাণ প্রবর্তন উৎপন্ন হয় না; এই জিহ্বা প্রবর্তন ধ্বংস হয়, অন্য জিহ্বা প্রবর্তন উৎপন্ন হয় না; এই কায় প্রবর্তন ধ্বংস হয়, অন্য কায় প্রবর্তন উৎপন্ন হয় না; এই মন প্রবর্তন ধ্বংস হয়, অন্য মন প্রবর্তন উৎপন্ন হয় না। এটা সম্প্রজ্ঞানীর প্রবর্তন পরিসমাপ্তিতে প্রজ্ঞা পরিনির্বাণ জ্ঞান। তা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "সম্প্রজ্ঞানীর প্রবর্তন পরিসমাপ্তিতে প্রজ্ঞাই হচ্ছে পরিনির্বাণ জ্ঞান।"

পরিনির্বাণ জ্ঞান বর্ণনা সমাপ্ত

৩৬। সমশীর্ষার্থ জ্ঞান বর্ণনা

৮৭। সর্বধর্মের সম্যক সমুচ্ছেদে এবং নিরোধে অনুপস্থাপনতা প্রজ্ঞা সমশীষার্থ জ্ঞান কিরূপ? সব ধর্ম হল– পঞ্চস্কন্ধ, দ্বাদশ আয়তন, আটার প্রকার ধাতু, কুশল ধর্ম, অকুশল ধর্ম, অব্যাকৃত ধর্ম, কামাবচর ধর্ম, রূপাবচর ধর্ম, অরূপাবচর ধর্ম ও লোকোত্তর ধর্ম। সম্যক সমুচ্ছেদ হল– নৈষ্ক্রম্য দ্বারা কামাচ্ছন্দ সম্যকভাবে সমুচ্ছিন্ন করা। অব্যাপাদ দ্বারা ব্যাপাদ সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্য সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, অবিক্ষেপ দ্বারা চঞ্চলতা সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, ধর্মবিশ্লেষণ দ্বারা সন্দেহ সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, জ্ঞান দ্বারা অবিদ্যা সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, প্রমোদ্য দ্বারা নিরানন্দ সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহ সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, দ্বিতীয়ধ্যান দ্বারা বিতর্ক-বিচার সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, তৃতীয়ধ্যান দ্বারা প্রীতি সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, চতুর্থধ্যান দ্বারা সুখ-দুঃখ সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, স্রোতাপত্তিমার্গ দ্বারা মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল ক্লেশসমূহ সম্যকভাবে সমুচ্ছিন্ন করা,

Visit: http://www.buddhistdownload.com

অনাগামীমার্গ দ্বারা সূক্ষ্ম ক্লেশসমূহ সম্যকভাবে সমুচ্ছিন্ন করা, অর্হত্বমার্গ দ্বারা সর্বক্লেশ সম্যকভাবে সমুচ্ছিন্ন করা।

নিরোধ হল– নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দ নিরোধ হয়, অব্যাপাদ দ্বারা ব্যাপাদ নিরোধ হয়, আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্য নিরোধ হয়, অবিক্ষেপ দ্বারা চঞ্চলতা নিরোধ হয়, ধর্মবিশ্লেষণ দ্বারা সন্দেহ নিরোধ হয়, জ্ঞান দ্বারা অবিদ্যা নিরোধ হয়, প্রমোদ্য দ্বারা নিরানন্দ নিরোধ হয়, প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহ নিরোধ হয়, দ্বিতীয়ধ্যান দ্বারা বিতর্ক-বিচার নিরোধ হয়, তৃতীয়ধ্যান দ্বারা প্রীতি নিরোধ হয়, চতুর্থধ্যান দ্বারা সুখ-দুঃখ নিরোধ হয়, স্রোতাপত্তিমার্গ দ্বারা মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ নিরোধ হয়, সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল ক্লেশসমূহ নিরোধ হয়, অনাগামীমার্গ সূক্ষ্ম ক্লেশসমূহ নিরোধ হয়, অর্হত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশ নিরোধ হয়।

অনুপস্থাপন হল– নৈষ্ক্রম্য প্রতিলাভীর (নিকট) কামচ্ছন্দ উপস্থিত হয় না, অব্যাপাদ প্রতিলাভীর (নিকট) ব্যাপাদ উপস্থিত হয় না, আলোক সংজ্ঞা প্রতিলাভীর নিকট তন্দ্রালস্য উপস্থিত হয় না, অবিক্ষেপ প্রতিলাভীর (নিকট) চঞ্চলতা উপস্থিত হয় না, ধর্মবিশ্লেষণ প্রতিলাভীর সন্দেহ উপস্থিত হয় না, জ্ঞান প্রতিলাভীর অবিদ্যা উপস্থিত হয় না, প্রমোদ্য প্রতিলাভীর (নিকট) নিরানন্দ উপস্থিত হয় না, প্রথমধ্যান প্রতিলাভীর (নিকট) নীবরণসমূহ উপস্থিত হয় না, দ্বিতীয়ধ্যান প্রতিলাভীর (নিকট) বিতর্ক-বিচার উপস্থিত হয় না, তৃতীয়ধ্যান প্রতিলাভীর নিকট প্রীতি উপস্থিত হয় না, চতুর্থধ্যান প্রতিলাভীর (নিকট) সুখ-দুঃখ উপস্থিত হয় না, স্রোতাপত্তিমার্গ প্রতিলাভীর (নিকট) মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ উপস্থিত হয় না, সকৃদাগামীমার্গ প্রতিলাভীর (নিকট) স্থূল ক্লেশসমূহ উপস্থিত হয় না, অনাগামীমার্গ প্রতিলাভীর (নিকট) সূক্ষ্ম ক্লেশসমূহ উপস্থিত হয় না, অর্হত্বমার্গ প্রতিলাভীর (নিকট) কোন ক্লেশই উপস্থিত হয় না।

সম হল– কামচ্ছন্দ প্রহীন হলে নৈষ্ক্রম্য সম হয়, ব্যাপাদ প্রহীন হলে অব্যাপাদ সম হয়, তন্দ্রালস্য প্রহীন হলে আলোকসংজ্ঞা সম হয়, চঞ্চলতা প্রহীন হলে অবিক্ষেপ সম হয়, সন্দেহ প্রহীন হলে ধর্মবিশ্লেষণ সম হয়, অবিদ্যা প্রহীন হলে জ্ঞান সম হয়, নিরানন্দ প্রহীন হলে প্রমোদ্য সম হয়,

Visit: http://www.buddhistdownload.com

নীবরণসমূহ প্রহীন হলে প্রথমধ্যান সম হয়। বিতর্ক-বিচার প্রহীন হলে দ্বিতীয়ধ্যান সম হয়, প্রীতি প্রহীন হলে তৃতীয়ধ্যান সম হয়, সুখ-দুঃখ প্রহীন হলে চতুর্থধ্যান সম হয়, মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ প্রহীন হলে স্রোতাপত্তিমার্গ সম হয়, স্থূল ক্লেশসমূহ প্রহীন হলে সকৃদাগামীমার্গ সম হয়, সূক্ষ্ম ক্লেশসমূহ প্রহীন হলে অনাগামীমার্গ সম হয়, সর্বক্লেশ প্রহীন হলে অর্হত্বমার্গ সম হয়।

তের প্রকার শীর্ষ, যথা– প্রতিবন্ধক শীর্ষ হল তৃষ্ণা, আবদ্ধ শীর্ষ হল মান, পরামর্শ বা অধীনতা শীর্ষ হল মিথ্যাদৃষ্টি, বিক্ষেপ শীর্ষ হল চঞ্চলতা, সংক্লেশ বা সংশ্লিষ্ট শীর্ষ হল অবিদ্যা, অধিমোক্ষ শীর্ষ হল শ্রদ্ধা, উদ্যম শীর্ষ হল বীর্য, উপস্থাপন শীর্ষ হল স্মৃতি, অবিক্ষেপ শীর্ষ হল সমাধি, দর্শন শীর্ষ হল প্রজ্ঞা, প্রবর্তন শীর্ষ হল জীবিতেন্দ্রিয়, গোচর শীর্ষ হল বিমোক্ষ, সংস্কার শীর্ষ হল নিরোধ। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "সব ধর্মেও সম্যক সমুচ্ছেদে, নিরোধে অনুপ্রস্থাপনতা প্রজ্ঞাই সমশীর্ষার্থ জ্ঞান।"

সমশীর্ষার্থ জ্ঞান বর্ণনা সমাপ্ত

৩৭। সল্লেখার্থ জ্ঞান বর্ণনা

৮৮। নানাত্ব একত্ব বিমুক্ত, তেজ পরিসমাপ্তিতে প্রজ্ঞা সল্লেখার্থ জ্ঞান কি? 'পুথূতি' তথা বিমুক্ত হল– রাগ বিমুক্ত, দ্বেষ বিমুক্ত, মোহ বিমুক্ত, ক্রোধ বিমুক্ত, ঘ্রাণ বিমুক্ত, শত্রুতা বিমুক্ত, আক্রোশ বিমুক্ত, ঈর্ষা বিমুক্ত, মাৎসর্য বিমুক্ত, মায়া বিমুক্ত, শঠতা বিমুক্ত, ভণ্ডামি বিমুক্ত, দেমাক (গর্ব) বিমুক্ত, মান বিমুক্ত, অতিমান বিমুক্ত, মত্ত বিমুক্ত, প্রমত্ত বিমুক্ত, সর্বক্লেশ বিমুক্ত, সর্ব অভিসংস্কার বিমুক্ত, সর্ব ভবগামী কর্ম বিমুক্ত।

নানাত্ব একত্ব হল– কামচ্ছন্দ নানাত্ব, নৈষ্ক্রম্য একত্ব। ব্যাপাদ নানাত্ব, অব্যাপাদ একত্ব। তন্দ্রালস্য নানাত্ব, আলোক সংজ্ঞা একত্ব। অবিদ্যা নানাত্ব, জ্ঞান একত্ব। নিরানন্দ নানাত্ব, প্রমোদ্য একত্ব। নীবরণসমূহ নানাত্ব, প্রথমধ্যান একত্ব। বিতর্ক-বিচার নানাত্ব, দ্বিতীয়ধ্যান

Visit: http://www.buddhistdownload.com

একত্ব। প্রীতি নানাত্ব, তৃতীয়ধ্যান একত্ব। সুখ-দুঃখ নানাত্ব, চতুর্থধ্যান একত্ব। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ নানাত্ব, স্রোতাপত্তিমার্গ একত্ব। স্থূল ক্লেশসমূহ নানাত্ব, সকৃদাগামীমার্গ একত্ব। সূক্ষ্ম ক্লেশসমূহ নানাত্ব, অনাগামীমার্গ একত্ব। সবক্লেশ নানাত্ব, অর্হত্বমার্গ একত্ব।

'তেজ, তেজ' বলা হয়, সেই তেজ পাঁচ প্রকার। যথা– চরণ তেজ, গুন তেজ, প্রজ্ঞা তেজ, পুণ্য তেজ এবং ধর্ম তেজ। চরণ তেজে তেজিত হলে দুঃশীল্য তেজ পরাভূত বা ধ্বংস হয়। গুণ তেজে তেজিত হলে অগুণ তেজ ধ্বংস হয়। প্রজ্ঞা তেজে তেজিত হলে দুষ্প্রাজ্ঞ তেজ ধ্বংস হয়। পুণ্য তেজে তেজিত হলে অপুণ্য তেজ ধ্বংস হয়। ধর্ম তেজে তেজিত হলে অধর্ম তেজ ধ্বংস হয়।

সল্লেখ হল– কামচ্ছন্দ অসল্লেখ, নৈষ্ক্রম্য সল্লেখ। ব্যাপাদ অসল্লেখ, অব্যাপাদ সল্লেখ। তন্দ্রালস্য অসল্লেখ, আলোকসংজ্ঞা সল্লেখ। চঞ্চলতা অসল্লেখ, অবিক্ষেপ সল্লেখ। সন্দেহ অসল্লেখ, ধর্মবিশ্লেষণ সল্লেখ। অবিদ্যা অসল্লেখ, জ্ঞান সল্লেখ। নিরানন্দ অসল্লেখ, প্রমোদ্য সল্লেখ। নীবরণসমূহ অসল্লেখ, প্রথমধ্যান সল্লেখ। বিতর্ক-বিচার অসল্লেখ, দ্বিতীয়ধ্যান সল্লেখ। প্রীতি অসল্লেখ, তৃতীয়ধ্যান সল্লেখ। সুখ-দুঃখ অসল্লেখ, চতুর্থধ্যান সল্লেখ। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ অসল্লেখ, স্রোতাপত্তিমার্গ সল্লেখ। স্থূল ক্লেশসমূহ অসল্লেখ, সকৃদাগামীমার্গ সল্লেখ। সূক্ষ্ম ক্লেশসমূহ অসল্লেখ, অনাগামীমার্গ সল্লেখ। সর্বক্লেশ অসল্লেখ, অর্হত্বমার্গ। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "নানাত্ব একত্ব বিমুক্ত তেজ পরিসমাপ্তিতে প্রজ্ঞাই সল্লেখার্থ জ্ঞান।"

সল্লেখার্থ জ্ঞান বর্ণনা সমাপ্ত

৩৮। বীর্যারম্ভ জ্ঞান বর্ণনা

৮৯। অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা বীর্যারম্ভ জ্ঞান কিরূপ? অনুৎপন্ন অকুশল পাপ ধর্মসমূহ অনুৎপাদনের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও

Visit: http://www.buddhistdownload.com

প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান। উৎপন্ন অকুশল পাপ ধর্মসমূহ প্রহীনের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান। অনুৎপন্ন কুশল ধর্মসমূহ উৎপাদনের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান। উৎপন্ন কুশল ধর্মসমূহ স্থিতি, সুরক্ষা, বৃদ্ধি, বৈপুল্য ও ভাবনা পরিপূরণের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান।

অনুৎপন্ন কামচ্ছন্দ অনুৎপাদনের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান। উৎপন্ন কামচ্ছন্দ প্রহীনের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান। অনুৎপন্ন নৈষ্ক্রম্য উৎপাদনের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান। উৎপন্ন নৈষ্ক্রম্য স্থিতি, সুরক্ষা, বৃদ্ধি ও ভাবনা পরিপূরণের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান।

অনুৎপন্ন সর্বক্লেশ অনুৎপাদনের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান। উৎপন্ন সর্বক্লেশ প্রহীনের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান অনুৎপন্ন অর্হত্ব মার্গ উৎপাদনের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞান উৎপন্ন অর্হত্ব মার্গ স্থিতি, সুরক্ষা, বৃদ্ধি, বৈপুল্য এবং ভাবনা পরিপূরণের জন্য অটল, দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞা-ই বীর্যারম্ভ জ্ঞন। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "অটল , দৃঢ় প্রতিজ্ঞ ও প্রগ্রহার্থে প্রজ্ঞাই বীর্যারম্ভ জ্ঞান।"

বীর্যারম্ভ জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৩৯। অর্থ-সন্দর্শন জ্ঞান বর্ণনা

৯০। নানাধর্ম প্রকাশনা প্রজ্ঞা অর্থ-সন্দর্শন জ্ঞান কিরূপ? নানধর্ম হল– পঞ্চস্কন্ধ, দ্বাদশ আয়তন, আটার প্রকার ধাতু, কুশল ধর্ম, অকুশল ধর্ম, অব্যাকৃত ধর্ম, কামাবচর ধর্ম, রূপাবচর ধর্ম, অরূপাবচর ধর্ম এবং লোকোত্তর ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

'প্রকাশনা, প্রকাশনা' বলা হয়, সেই প্রকাশনা কি? রূপকে অনিত্যরূপে প্রকাশ করে, রূপকে দুঃখরূপে প্রকাশ করে, রূপকে অনাত্মরূপে প্রকাশ করে। বেদনাকে অনিত্যরূপে প্রকাশ করে, বেদনাকে দুঃখরূপে প্রকাশ করে, বেদনাকে অনাত্মরূপে প্রকাশ করে। সংজ্ঞাকে অনিত্যরূপে প্রকাশ করে, সংজ্ঞাকে দুঃখরূপে প্রকাশ করে, সংজ্ঞাকে অনাত্মরূপে প্রকাশ করে। সংস্কারকে অনিত্যরূপে প্রকাশ করে, সংস্কারকে দুঃখরূপে প্রকাশ করে, সংস্কারকে অনাত্মরূপে প্রকাশ করে। বিজ্ঞানকে অনিত্যরূপে প্রকাশ করে, বিজ্ঞানকে দুঃখরূপে প্রকাশ করে, বিজ্ঞানকে অনাত্মরূপে প্রকাশ করে। চক্ষুকে অনিত্যরূপে প্রকাশ করে, চক্ষুকে দুঃখরূপে প্রকাশ করে, চক্ষুকে অনাত্মরূপে প্রকাশ করে। জরামরণকে অনিত্যরূপে প্রকাশ করে, জরামরণকে দুঃখরূপে প্রকাশ করে, জরামরণকে অনাত্মরূপে প্রকাশ করে।

'অর্থ-সন্দর্শন, অর্থ-সন্দর্শন' বলা হয়; সেই অর্থ-সন্দর্শন কি? কামচ্ছন্দ ত্যাগ করলে নৈষ্ক্রম্যার্থ দর্শিত হয় (বা প্রকাশিত হয়), ব্যাপাদ ত্যাগ করলে অব্যাপাদার্থ দর্শিত হয়, তন্দ্রালস্য ত্যাগ করলে আলোক সংজ্ঞার্থ দর্শিত হয়, চঞ্চলতা ত্যাগ কলে অবিক্ষেপার্থ দর্শিত হয়, সন্দেহ ত্যাগ করলে ধর্মবিশ্লেষণার্থ দর্শিত হয়, অবিদ্যা ত্যাগ করলে জ্ঞানার্থ দর্শিত হয়, নিরানন্দ ত্যাগ করলে প্রমোদ্যার্থ দর্শিত হয়, নীবরণসমূহ ত্যাগ করলে প্রথমধ্যানার্থ দর্শিত হয়, বিতর্ক-বিচার ত্যাগ করলে দ্বিতীয়ধ্যানার্থে দর্শিত হয়, প্রীতি ত্যাগ করলে তৃতীয়ধ্যানার্থ দর্শিত হয়, সুখ-দুঃখ ত্যাগ করলে চতুর্থধ্যানার্থ দর্শিত হয়, মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ ত্যাগ করলে স্রোতাপত্তি মার্গার্থ দর্শিত হয়, স্থূল ক্লেশসমূহ ত্যাগ করলে সকৃদাগামী মার্গার্থ দর্শিত হয়, সূক্ষ্ম ক্লেশসমূহ ত্যাগ করলে অনাগামী মার্গার্থ দর্শিত হয়, সর্বক্লেশ ত্যাগ করলে অর্হত্ব মার্গার্থ দর্শিত হয়। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "নানাধর্ম প্রকাশনা প্রজ্ঞাই অর্থ-সন্দর্শন জ্ঞান।"

অর্থ-সন্দর্শন জ্ঞান বর্ণনা সমাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

৪০। দর্শন-বিশুদ্ধি জ্ঞান বর্ণনা

৯১। সর্বধর্ম একভাবে সংগৃহীত নানত্ব একত্ব প্রতিবেধে প্রজ্ঞা দর্শন-বিশুদ্ধি জ্ঞান কিরূপ?

সবধর্ম হল– পঞ্চস্কন্ধ, দ্বাদশ আয়তন, আটার প্রকার ধাতু, কুশল ধর্ম, অকুশল ধর্ম, অব্যাকৃত ধর্ম, কামাবচর ধর্ম, রূপাবচর ধর্ম, অরূপাবচর ধর্ম এবং লোকোত্তর ধর্ম।

একভাবে সংগৃহীত বলতে দ্বাদশ আকারে সর্বধর্ম একভাবে সংগৃহীত হওয়া। যথা– প্রকৃতার্থে, অনাত্মার্থে, সত্যার্থে, প্রতিবেধার্থে, অভিজ্ঞানার্থে, পরিজ্ঞানার্থে ধর্মার্থে, ধাত্বার্থে, জ্ঞাতার্থে, সাক্ষাৎ করণার্থে, স্পর্শনার্থে এবং অভিসময়ার্থে– এই দ্বাদশ আকারে সর্বধর্ম একভাবে সংগৃহীত হয়।

নানাত্ব একত্ব হল– কামাচ্ছন্দ নানাত্ব, নৈষ্ক্রম্য একত্ব। ব্যাপাদ নানাত্ব, অব্যাপাদ একত্ব। তন্দ্রালস্য নানাত্ব, আলোকসংজ্ঞা একত্ব। চঞ্চলতা নানাত্ব, অবিক্ষেপ একত্ব। সন্দেহ নানাত্ব, ধর্মবিশ্লেষণ একত্ব। অবিদ্যা নানাত্ব, জ্ঞান একত্ব। নিরানন্দ নানাত্ব, প্রমোদ্য একত্ব। নিবারণসমূহ নানাত্ব, প্রথমধ্যান একত্ব। বিতর্ক-বিচার নানাত্ব, দ্বিতীয়ধ্যান একত্ব। প্রীতি নানাত্ব, তৃতীয়ধ্যান একত্ব। সুখ-দুঃখ নানাত্ব, চতুর্থধ্যান একত্ব। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ নানাত্ব, স্রোতাপত্তিমার্গ একত্ব। স্থূল ক্লেশসমূহ নানাত্ব, সকৃদাগামীমার্গ একত্ব। সূক্ষ্ম ক্লেশসমূহ নানাত্ব, অনাগামীমার্গ একত্ব। সর্বক্লেশ নানাত্ব, অর্হত্বমার্গ একত্ব।

'প্রতিবেধ, প্রতিবেধ' বলা হয়, সেই প্রতিবেধ কি? দুঃখ সত্যকে পরিজ্ঞান প্রতিবেধে প্রতিবিদ্ধ করে। সমুদয় সত্যকে প্রহীন প্রতিবেধে প্রতিবিদ্ধ করে। নিরোধ সত্যকে সাক্ষাৎকরণ প্রতিবেধে প্রতিবিদ্ধ করে। মার্গসত্যকে ভাবনা প্রতিবেধে প্রতিবিদ্ধ করে।

'দর্শন-বিশুদ্ধি, দর্শন-বিশুদ্ধি' বলা হয়; সেই দর্শন-বিশুদ্ধি কি? স্রোতাপত্তিমার্গক্ষণে দর্শন বিশুদ্ধি হয়; স্রোতাপত্তিফলক্ষণেও দর্শন বিশুদ্ধি হয়। সকৃদাগামীমার্গক্ষণে দর্শন বিশুদ্ধি হয়; সকৃদাগামীফলক্ষণেও দর্শন বিশুদ্ধি হয়। অনাগামীমার্গক্ষণে দর্শন বিশুদ্ধি হয়; অনাগামীফলক্ষণেও

Visit: http://www.buddhistdownload.com

দর্শন বিশুদ্ধি হয়। অর্হত্বমার্গক্ষণে দর্শন বিশুদ্ধি হয়; অর্হত্বফলক্ষণেও দর্শন বিশুদ্ধি হয়। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজ্ঞাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "সবধর্ম একভাবে সংগৃহীত নানাত্ব একত্ব প্রতিবেধে প্রজ্ঞাই দর্শন-বিশুদ্ধি জ্ঞান।"

দর্শন-বিশুদ্ধি জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৪১। ক্ষান্তি জ্ঞান বর্ণনা

৯২। বিদিতার্থে প্রজ্ঞা ক্ষান্তি জ্ঞান কি? রূপ অনিত্যবশে বিদিত বা জ্ঞাত, রূপ দুঃখবশে বিদিত, রূপ অনাত্মবশে বিদিত। যেই যেইটি বিদিত, সেই সেইটিতে সহনশীল হয়। বিদিতের যেই জ্ঞান তাহাই ক্ষান্তি জ্ঞান। বেদনা অনিত্য অনিত্যবশে বিদিত বা জ্ঞাত, বেদনা দুঃখবশে বিদিত, বেদনা অনাত্মবশে বিদিত। যেই যেইটি বিদিত, সেই সেইটিতে সহনশীল হয়। বিদিতের যেই জ্ঞান তাহাই ক্ষান্তি জ্ঞান। সংজ্ঞা অনিত্য অনিত্যবশে বিদিত বা জ্ঞাত, সংজ্ঞা দুঃখবশে বিদিত, সংজ্ঞা অনাত্মবশে বিদিত। যেই যেইটি বিদিত, সেই সেইটিতে সহনশীল হয়। বিদিতের যেই জ্ঞান তাহাই ক্ষান্তি জ্ঞান। সংস্কার অনিত্যবশে বিদিত বা জ্ঞাত, সংস্কার দুঃখবশে বিদিত, সংস্কার অনাত্মবশে বিদিত। যেই যেইটি বিদিত, সেই সেইটিতে সহনশীল হয়। বিদিতের যেই জ্ঞান তাহাই ক্ষান্তি জ্ঞান। বিজ্ঞান অনিত্যবশে বিদিত বা জ্ঞাত, বিজ্ঞান দুঃখবশে বিদিত, বিজ্ঞান অনাত্মবশে বিদিত। যেই যেইটি বিদিত, সেই সেইটিতে সহনশীল হয়। বিদিতের যেই জ্ঞান তাহাই ক্ষান্তি জ্ঞান। চক্ষু অনিত্যবশে বিদিত বা জ্ঞাত, চক্ষু দুঃখবশে বিদিত, চক্ষু অনাত্মবশে বিদিত। যেই যেইটি বিদিত, সেই সেইটিতে সহনশীল হয়। বিদিতের যেই জ্ঞান তাহাই ক্ষান্তি জ্ঞান। জরামরণ অনিত্যবশে বিদিত বা জ্ঞাত, জরামরণ দুঃখবশে বিদিত, জরামরণ অনাত্মবশে বিদিত। যেই যেইটি বিদিত, সেই সেইটিতে সহনশীল হয়। বিদিতের যেই জ্ঞান তাহাই ক্ষান্তি জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "বিদিতার্থে প্রজ্ঞাই ক্ষান্তি জ্ঞান।"

ক্ষান্তি জ্ঞান বর্ণনা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

৪২। পরিয়োগাহন তথা অনুসন্ধান জ্ঞান বর্ণনা

৯৩। স্পর্শার্থে প্রজ্ঞা পরিয়োগাহন জ্ঞান কিরূপ? রূপ অনিত্যবশে স্পর্শিত অনুভূত হয়, রূপ দুঃখবশে স্পর্শিত অনুভূত হয়, রূপ অনাত্মবশে স্পর্শিত অনুভূত হয়। যা স্পর্শিত অনুভূত হয়, তা বোধগম্য হয়– এটা স্পর্শার্থে প্রজ্ঞা পরিয়োগাহন জ্ঞান। বেদনা অনিত্যবশে স্পর্শিত অনুভূত হয়, বেদনা দুঃখবশে স্পর্শিত অনুভূত হয়, বেদনা অনাত্মবশে স্পর্শিত অনুভূত হয়। যা স্পর্শিত অনুভূত হয়, তা বোধগম্য হয়– এটা স্পর্শার্থে প্রজ্ঞা পরিয়োগাহন জ্ঞান। সংজ্ঞাবশে স্পর্শিত অনুভূত হয়, সংজ্ঞা দুঃখবশে স্পর্শিত অনুভূত হয়, সংজ্ঞা অনাত্মবশে স্পর্শিত অনুভূত হয়। যা স্পর্শিত অনুভূত হয়, তা বোধগম্য হয়– এটা স্পর্শার্থে প্রজ্ঞা পরিয়োগাহন জ্ঞান। সংস্কারবশে স্পর্শিত অনুভূত হয়, সংস্কার দুঃখবশে স্পর্শিত অনুভূত হয়, সংস্কার অনাত্মবশে স্পর্শিত অনুভূত হয়। যা স্পর্শিত অনুভূত হয়, তা বোধগম্য হয়– এটা স্পর্শার্থে প্রজ্ঞা পরিয়োগাহন জ্ঞান। বিজ্ঞানবশে স্পর্শিত অনুভূত হয়, বিজ্ঞান দুঃখবশে স্পর্শিত অনুভূত হয়, বিজ্ঞান অনাত্মবশে স্পর্শিত অনুভূত হয়। যা স্পর্শিত অনুভূত হয়, তা বোধগম্য হয়– এটা স্পর্শার্থে প্রজ্ঞা পরিয়োগাহন জ্ঞান। চক্ষু অনিত্যবশে স্পর্শিত অনুভূত হয়, চক্ষু দুঃখবশে স্পর্শিত অনুভূত হয়, চক্ষু অনাত্মবশে স্পর্শিত অনুভূত হয়। যা স্পর্শিত অনুভূত হয়, তা বোধগম্য হয়– এটা স্পর্শার্থে প্রজ্ঞা পরিয়োগাহন জ্ঞান। জরামরণ স্পর্শিত অনুভূত হয়, জরামরণ দুঃখবশে স্পর্শিত অনুভূত হয়, জরামরণ অনাত্মবশে স্পর্শিত অনুভূত হয়। যা স্পর্শিত অনুভূত হয়, তা বোধগম্য হয়– এটা স্পর্শার্থে প্রজ্ঞা পরিয়োগাহন এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "স্পর্শার্থে প্রজ্ঞাই পরিয়োগাহন জ্ঞান।

পরিয়োগাহন জ্ঞান বর্ণনা সমাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

৪৩। প্রদেশ বিহার জ্ঞান বর্ণনা

৯৪। রাশিকরণে প্রজ্ঞা প্রদেশ বিহার জ্ঞান কিরূপ? মিথ্যাদৃষ্টি প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, মিথ্যাদৃষ্টি উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। সম্যকদৃষ্টি প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, সম্যকদৃষ্টি উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। মিথ্যাসংকল্প প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, মিথ্যাসংকল্প উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। সম্যকসংকল্প প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, সম্যকসংকল্প উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। মিথ্যাবাক্য প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, মিথ্যাবাক্য উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। সম্যকবাক্য প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, সম্যকবাক্য উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। মিথ্যাকর্ম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, মিথ্যাকর্ম উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। সম্যককর্ম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, সম্যককর্ম উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। মিথ্যাজীবিকা প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, মিথ্যাজীবিকা উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। সম্যকজীবিকা প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, সম্যকজীবিকা উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। মিথ্যাপ্রচেষ্টা প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, মিথ্যাপ্রচেষ্টা উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। সম্যকপ্রচেষ্টা প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, সম্যকপ্রচেষ্টা উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। মিথ্যাস্মৃতি প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, মিথ্যাস্মৃতি উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। সম্যকস্মৃতি প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, সম্যকস্মৃতি উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। মিথ্যাসমাধি প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, মিথ্যাসমাধি উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। সম্যকসমাধি প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, সম্যকসমাধি উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। মিথ্যাবিমুক্তি প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, মিথ্যাবিমুক্তি উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। সম্যকবিমুক্তি প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, সম্যকবিমুক্তি উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। ছন্দ প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, ছন্দ উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। বিতর্ক প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, বিতর্ক উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি। সংজ্ঞা প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি, সংজ্ঞা উপশম প্রত্যয়ে উৎপন্ন অনুভূতি।

Visit: http://www.buddhistdownload.com

ছন্দ (অনুপশম হলে), বিতর্ক (অনুপশম হলে), সংজ্ঞা অনুপশম হলে অনুভূতিও তৎপ্রত্যয় জাত হয়। ছন্দ উপশম হয়, কিন্তু বিতর্ক (অনুপশম থাকে), সংজ্ঞা অনুপশম থাকে, অনুভূতিও তৎপ্রত্যয় জাত হয়। ছন্দ (উপশম হয়), বিতর্ক উপশম হয়, আর সংজ্ঞা অনুপশম হয়, অনুভূতিও তৎপ্রত্যয় জাত হয়। ছন্দ, বিতর্ক, সংজ্ঞা উপশম হলে অনুভূতিও তৎপ্রত্যয় জাত হয়। অর্হত্ব লাভের অপ্রাপ্তি কারণে আস্রবসমূহ বিদ্যমান থাকে, সে আস্রবের বিদ্যমান হেতুতে বেদনা উৎপন্ন। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "রাশিকরণের প্রজ্ঞাই প্রদেশ বিহার জ্ঞান।"

প্রদেশ বিহার জ্ঞান সমাপ্ত।

৪৪-৪৯। ছয় প্রকার বিবর্তন জ্ঞান বর্ণনা

৯৫। বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা-বিবর্তন জ্ঞান কিরূপ? নৈষ্ক্রম্য বহুল প্রবর্তিত প্রজ্ঞা, কামাচ্ছন্দ-সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। অব্যাপাদ বহুল প্রবর্তিত প্রজ্ঞা, ব্যাপাদ-সংজ্ঞা থেকে বিবর্তিত হয়– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। আলোক সংজ্ঞা প্রবর্তিত প্রজ্ঞা তন্দ্রালস্য সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। অবিক্ষেপ বহুল প্রবর্তিত প্রজ্ঞা, চঞ্চলতা সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। ধর্ম বিশ্লেষণ বহুল প্রবর্তিত প্রজ্ঞা, সন্দেহ সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। জ্ঞান বহুল প্রবর্তিত প্রজ্ঞা, অবিদ্যা সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। প্রমোদ্য বহুল প্রবর্তিত প্রজ্ঞা, নিরানন্দ সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। প্রথমধ্যান বহুল প্রবর্তিত প্রজ্ঞা নীবরণ সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। দ্বিতীয়ধ্যান বহুল প্রবর্তিত প্রজ্ঞা বিতর্ক-বিচার সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। তৃতীয়ধ্যান বহুল

Visit: http://www.buddhistdownload.com

প্রবর্তিত প্রজ্ঞা, প্রীতি সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। চতুর্থধ্যান বহুল প্রবর্তিত প্রজ্ঞা, সুখ-দুঃখ সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। স্রোতাপত্তিমার্গ বহুল প্রবর্তিত প্রজ্ঞা, মিথ্যাদৃষ্টিজাত ক্লেশ সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। সকৃদাগামীমার্গ বহুল প্রবর্তিত প্রজ্ঞা, স্থূলক্লেশ সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। অনাগামীমার্গ বহুল প্রবর্তিত প্রজ্ঞা, সূক্ষ্ম ক্লেশ সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। অর্হত্বমার্গ বহুল প্রবর্তিত প্রজ্ঞা, সর্বক্লেশ সংজ্ঞা থেকে বিবর্তিত– এটা বহুল প্রবর্তিত প্রজ্ঞা সংজ্ঞা বিবর্তন জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "বহুল প্রবর্তিত প্রজ্ঞাই সংজ্ঞা বিবর্তনে জ্ঞান।"

৯৬। নানাত্ব প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান কি? কামচ্ছন্দ নানাত্ব, নৈষ্ক্রম্য একত্ব। নৈষ্ক্রম্য একত্ব উপলব্ধি করলে কামচ্ছন্দ থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্ব প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। ব্যাপাদ নানাত্ব, অব্যাপাদ একত্ব। অব্যাপাদ একত্ব উপলব্ধি করলে ব্যাপাদ থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। তন্দ্রালস্য নানাত্ব, আলোকসংজ্ঞা একত্ব। আলোকসংজ্ঞা একত্ব উপলব্ধি করলে তন্দ্রালস্য থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। চঞ্চলতা নানাত্ব, অবিক্ষেপ একত্ব। অবিক্ষেপ একত্ব উপলব্ধি করলে চঞ্চলতা থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। সন্দেহ নানাত্ব, ধর্মবিশ্লেষণ একত্ব। ধর্মবিশ্লেষণ একত্ব উপলব্ধি করলে সন্দেহ থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। অবিদ্যা নানাত্ব, জ্ঞান একত্ব। জ্ঞান একত্ব উপলব্ধি করলে অবিদ্যা থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। নিরানন্দ নানাত্ব, প্রমোদ্য একত্ব। প্রমোদ্য একত্ব উপলব্ধি করলে নিরানন্দ থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। নীবরণ নানাত্ব প্রথমধ্যান একত্ব। প্রথমধ্যান একত্ব উপলব্ধি করলে নীবরণসমূহ থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা

Visit: http://www.buddhistdownload.com

চেতো বিবর্তনে জ্ঞান। বিতর্ক-বিচার নানাত্ব, দ্বিতীয়ধ্যান একত্ব। দ্বিতীয়ধ্যান একত্ব উপলব্ধি করলে বিতর্ক-বিচার থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। প্রীতি নানাত্ব, তৃতীয়ধ্যান একত্ব। তৃতীয়ধ্যান একত্ব উপলব্ধি করলে প্রীতি থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। সুখ-দুঃখ নানাত্ব, চতুর্থধ্যান একত্ব উপলব্ধি করলে সুখ-দুঃখ থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশ নানাত্ব, স্রোতাপত্তিমার্গ একত্ব। স্রোতাপত্তিমার্গ একত্ব উপলব্ধি করলে মিথ্যাদৃষ্টিজাত ক্লেশ থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। স্থূল ক্লেশ নানাত্ব, সকৃদাগামীমার্গ একত্ব। সকৃদাগামীমার্গ একত্ব উপলব্ধি করলে স্থূল ক্লেশ থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। সূক্ষ্ম ক্লেশ নানাত্ব, অনাগামীমার্গ একত্ব। অনাগামীমার্গ একত্ব উপলব্ধি করলে সূক্ষ্ম ক্লেশ থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। সর্বক্লেশ নানাত্ব, অর্হত্বমার্গ একত্ব। অর্হত্বমার্গ একত্ব উপলব্ধি করলে সর্বক্লেশ থেকে চিত্ত বিবর্তিত হয়– এটা নানাত্বে প্রজ্ঞা চেতো বিবর্তনে জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "নানাত্বে প্রজ্ঞাই চেতো বিবর্তনে জ্ঞান।

৯৭। অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত বিবর্তনে জ্ঞান কি? কামচ্ছন্দ পরিত্যাগকালে নৈষ্ক্রম্যবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। ব্যাপাদ পরিত্যাগকালে অব্যাপাদবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। তন্দ্রালস্য পরিত্যাগকালে আলোকসংজ্ঞাবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। চঞ্চলতা পরিত্যাগকালে অবিক্ষেপ সংজ্ঞাবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। সন্দেহ পরিত্যাগকালে ধর্মবিশ্লেষণ সংজ্ঞাবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। অবিদ্যা পরিত্যাগ জ্ঞান সংজ্ঞাবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। নিরানন্দা পরিত্যাগকালে প্রমোদ্য সংজ্ঞাবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞান। নীবারণসমূহ পরিত্যাগকালে প্রথমধ্যানবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। বিতর্ক-বিচার পরিত্যাগকালে দ্বিতীয়ধ্যানবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। সুখ পরিত্যাগকালে তৃতীয়ধ্যানবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। সুখ-দুঃখ পরিত্যাগকালে চতুর্থধ্যানবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান।মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ পরিত্যাগকালে স্রোপত্তিমার্গবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। স্থূল ক্লেশসমূহ পরিত্যাগকালে সকৃদাগামীমার্গবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। সূক্ষ্ম ক্লেশসমূহ পরিত্যাগকালে অনাগামীমার্গবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। সর্বক্লেশ পরিত্যাগকালে অর্হত্বমার্গবশে চিত্ত অধিষ্ঠিত হয়– এটা অধিষ্ঠানে প্রজ্ঞা চিত্ত-বিবর্তনে জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "অধিষ্ঠানে প্রজ্ঞাই চিত্ত-বিবর্তনে জ্ঞান।"

৯৮। শূন্যতায় প্রজ্ঞা জ্ঞান-বিবর্তনে জ্ঞান কি? "চক্ষু শূন্য, অনাত্ম, অনাত্মস্বভাব, অনিত্য, অধ্রুব, অশাশ্বত ও বিপরিণামধর্মী" এরূপে যথাভূতভাবে জ্ঞাত এবং দর্শিত হলে চক্ষু (আত্মদৃষ্টির) অভিনিবেশ হলে জ্ঞান বিবর্তিত হয়– এটা শূন্যতায় প্রজ্ঞা জ্ঞান বিবর্তনে জ্ঞান। "শ্রোত্র শূন্য, অনাত্ম, অনাত্মস্বভাব, অনিত্য, অধ্রুব, অশাশ্বত ও বিপরিণামধর্মী" এরূপে যথাভূতভাবে জ্ঞাত এবং দর্শিত হলে শ্রোত্র (আত্মদৃষ্টির) অভিনিবেশ হলে জ্ঞান বিবর্তিত হয়– এটা শূন্যতায় প্রজ্ঞা জ্ঞান বিবর্তনে জ্ঞান। ঘ্রাণ শূন্য, অনাত্ম, অনাত্মস্বভাব, অনিত্য, অধ্রুব, অশাশ্বত ও বিপরিণামধর্মী" এরূপে যথাভূতভাবে জ্ঞাত এবং দর্শিত হলে ঘ্রাণ (আত্মদৃষ্টির) অভিনিবেশ হলে জ্ঞান বিবর্তিত হয়– এটা শূন্যতায় প্রজ্ঞা জ্ঞান বিবর্তনে জ্ঞান। জিহ্বা শূন্য, অনাত্ম, অনাত্মস্বভাব, অনিত্য, অধ্রুব, অশাশ্বত ও বিপরিণামধর্মী" এরূপে যথাভূতভাবে জ্ঞাত এবং দর্শিত হলে জিহ্বা (আত্মদৃষ্টির) অভিনিবেশ হলে জ্ঞান বিবর্তিত হয়– এটা শূন্যতায় প্রজ্ঞা জ্ঞান বিবর্তনে জ্ঞান। কায় শূন্য, অনাত্ম, অনাত্মস্বভাব, অনিত্য,

Visit: http://www.buddhistdownload.com

অধ্রুব, অশাশ্বত ও বিপরিণামধর্মী" এরূপে যথাভূতভাবে জ্ঞাত এবং দর্শিত হলে কায় (আত্মদৃষ্টির) অভিনিবেশ হলে জ্ঞান বিবর্তিত হয়– এটা শূন্যতায় প্রজ্ঞা জ্ঞান বিবর্তনে জ্ঞান। মন শূন্য, অনাত্ম, অনাত্মস্বভাব, অনিত্য, অধ্রুব, অশাশ্বত ও বিপরিণামধর্মী" এরূপে যথাভূতভাবে জ্ঞাত এবং দর্শিত হলে মন (আত্মদৃষ্টির) অভিনিবেশ হলে জ্ঞান বিবর্তিত হয়– এটা শূন্যতায় প্রজ্ঞা জ্ঞান বিবর্তনে জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "শূন্যতায় প্রজ্ঞাই জ্ঞান-বিবর্তনে জ্ঞান।"

৯৯। বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান কি? নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দ বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। অব্যাপাদ দ্বারা ব্যাপাদ বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্য বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতা বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। ধর্মবিশ্লেষণ দ্বারা সন্দেহ বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। জ্ঞান দ্বারা অবিদ্যা বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। প্রমোদ্য দ্বারা নিরানন্দ বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। প্রথমধ্যান দ্বারা নীবরণ বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। দ্বিতীয়ধ্যান দ্বারা বিতর্ক-বিচার বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। তৃতীয়ধ্যান দ্বারা প্রীতি বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। চতুর্থধ্যান দ্বারা সুখ-দুঃখ বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। স্রোতাপত্তিমার্গ দ্বারা মিথ্যাদৃষ্টিজাত ক্লেশ বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল ক্লেশ বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। অনাগামীমার্গ দ্বারা সূক্ষ্ম ক্লেশ বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। অর্হত্বমার্গ দ্বারা সর্বক্লেশ বিসর্জিত হয়– এটা বিসর্জনে প্রজ্ঞা বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "বিসর্জনে প্রজ্ঞাই বিমোক্ষ-বিবর্তনে জ্ঞান।"

Visit: http://www.buddhistdownload.com

১০০। প্রকৃতার্থে (বা যথার্থে) প্রজ্ঞা সত্য-বিবর্তনে জ্ঞান কি? দুঃখের পীড়নার্থ, সংস্কারকৃতার্থ, সন্তাপার্থ ও বিপরিণামার্থ প্রকৃষ্টরূপে জ্ঞাত হয়ে বিবর্তিত হয়– এটা যথার্থে প্রজ্ঞা সত্য-বিবর্তনে জ্ঞান। সমুদয়ের আসক্তি অর্থ, নিদানার্থ, সংযোগার্থ ও প্রতিবন্ধকার্থ প্রকৃষ্টরূপে জ্ঞাত হয়ে বিবর্তিত হয়– এটা যথার্থে প্রজ্ঞা সত্য-বিবর্তনে জ্ঞান। নিরোধের নিঃসরণার্থে, বিবেকার্থ, অসংস্কারকৃতার্থ ও অমৃতার্থ সাক্ষাৎ করে বিবর্তিত জ্ঞাত হয়ে বিবর্তিত হয়– এটা যথার্থে প্রজ্ঞা সত্য-বিবর্তনে জ্ঞান। মার্গের নিগমার্থ, হেত্বার্থ, দর্শনার্থ এবং আধিপত্যার্থ ভাবিত হয়ে বিবর্তিত জ্ঞাত হয়ে বিবর্তিত হয়– এটা যথার্থে প্রজ্ঞা সত্য-বিবর্তনে জ্ঞান।

সংজ্ঞা-বিবর্তিত, চেতো-বিবর্তিত, চিত্ত-বিবর্তন, জ্ঞান-বিবর্তন, বিমোক্ষ-বিবর্তন ও সত্য-বিবর্তন কিরূপ? সংজানন হয়ে বিবর্তিত হয়– এটা সংজ্ঞা-বিবর্তন। চেতো বা চিন্তাকালে বিবর্তিত হয়– এটা চিন্তা-বিবর্তন। বিজাননকালে বিবর্তিত হয়– এটা চিত্ত-বিবর্তন। জ্ঞান প্রয়োগকালে বিবর্তিত হয়– এটা জ্ঞান-বিবর্তন। বিসর্জিতকালে বিবর্তিত হয়– এটা বিমোক্ষ-বিবর্তন। যথার্থে বিবর্তিত হয়– এটা সত্য-বিবর্তন।

যেখানে সংজ্ঞা-বিবর্তন, সেখানে চেতো বা চিন্তা-বিবর্তন। যেখানে চিন্তা-বিবর্তন, সেখানে সংজ্ঞা-বিবর্তন। যেখানে সংজ্ঞা-বিবর্তন, চিন্তা-বিবর্তন, সেখানে চিত্ত-বিবর্তন। যেখানে চিত্ত-বিবর্তন সেখানে সংজ্ঞা-বিবর্তন, চিন্তা-বিবর্তন। যেখানে সংজ্ঞা-বিবর্তন, চিন্তা-বিবর্তন, চিত্ত-বিবর্তন, সেখানে জ্ঞান-বিবর্তন। যেখানে জ্ঞান-বিবর্তন, সেখানে সংজ্ঞা-বিবর্তন, চিন্তা-বিবর্তন, চিত্ত-বিবর্তন। যেখানে সংজ্ঞা-বিবর্তন, চিন্তা-বিবর্তন, জ্ঞান-বিবর্তন, সেখানে বিমোক্ষ-বিবর্তন। যেখানে বিমোক্ষ-বিবর্তন, সেখানে সংজ্ঞা-বিবর্তন, চিন্তা-বিবর্তন, চিত্ত-বিবর্তন ও জ্ঞান-বিবর্তন, বিমোক্ষ-বিবর্তন, সেখানে সত্য-বিবর্তন। যেখানে সত্য-বিবর্তন, সেখানে সংজ্ঞা-বিবর্তন, চিন্তা-বিবর্তন, চিত্ত-বিবর্তন, জ্ঞান-বিবর্তন ও বিমোক্ষ-বিবর্তন। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "যথার্থে প্রজ্ঞাই সত্য-বিবর্তনে জ্ঞান।"

ছয় প্রকার বিবর্তন জ্ঞান বর্ণনা সমাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

৫০। বিবিধ ঋদ্ধি জ্ঞান

১০১। কায়-চিত্তকে এক ব্যবস্থাপনায় সুখসংজ্ঞা, লঘুসংজ্ঞা অধিষ্ঠানবশে সমৃদ্ধার্থে প্রজ্ঞা বিবিধ ঋদ্ধি জ্ঞান কিরূপ? এখানে ভিক্ষু ছন্দাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে; বীর্যাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে; চিত্তাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে; মীমাংসাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে। সে এই চারি ঋদ্ধিপাদ দ্বারা চিত্তকে পরিভাবিত করে, দমন করে, মৃদু এবং কর্মক্ষম করে। এভাবে চারি ঋদ্ধিপাদ দ্বারা চিত্তকে পরিভাবিত, দমিত, মৃদু ও কর্মক্ষম করত কায়কে চিত্তে স্থাপন করে, চিত্তকে কায়ে স্থাপন করে; কায়বশে চিত্তকে গ্রহণ করে, চিত্তবশে কায়কে গ্রহণ করে; কায়বশে চিত্তকে অধিষ্ঠান করে, চিত্তবশে কায়কে অধিষ্ঠান করে; কায়বশে চিত্তকে চালিত করে, চিত্তবশে কায়কে চালিত করে এবং কায়বশে চিত্তকে অধিষ্ঠান ও চিত্তবশে কায়কে অধিষ্ঠান করত কায়ে সুখসংজ্ঞা, লঘুসংজ্ঞা অনুভব করে অবস্থান করে। সে তথাভাবিত, পরিশুদ্ধ, নির্মল চিত্ত দ্বারা বিবিধ ঋদ্ধি জ্ঞানে চিত্তকে সুপরিচালিত ও নিয়ন্ত্রিত করে। তখন সে বহু প্রকারে বিবিধ ঋদ্ধি উৎপন্ন করে।

১০২। এক হয়েও বহু হয়, বহু হয়ে পুন এক হয়; হঠাৎ আবির্ভাব হয়, হঠাৎ তিরোধান হয়; মুক্তাকাশে বিচরণের মতো যে কোন প্রাচীর, দুর্গপ্রাকার, পর্বত অনায়াসে ভেদ করে চলে যায়; জলে নিমজ্জিত ও ভেসে ওঠার ন্যায় মৃত্তিকাভ্যন্তরে নিমজ্জিত হয়, আবার ভেসে ওঠে; আকাশচারী পক্ষীর মতো মুক্ত আকাশে পর্যঙ্কাবদ্ধ হয়ে বিচরণ করে; মহাতেজস্বী, মহা বিস্ময়কর চন্দ্র ও সূর্যকে হাত দিয়ে স্পর্শ, ঘর্ষণ করে; ব্রহ্মলোক পর্যন্ত স্বশরীরে উপস্থিত হয়। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "কায়-চিত্তকে এক ব্যবস্থাপনায় সুখসংজ্ঞা, লঘুসংজ্ঞা অধিষ্ঠানবশে সমৃদ্ধার্থে প্রজ্ঞাই বিধি ঋদ্ধি জ্ঞান।

বিবিধ ঋদ্ধি জ্ঞান বর্ণনা সমাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

৫১। শ্রোত্রধাতু বিশুদ্ধি-জ্ঞান বর্ণনা

১০৩। বিতর্ক বিস্তারবশে নানাত্ব একত্ব নিমিত্ত বোধগম্যে প্রজ্ঞা শ্রোত্রধাতু বিশুদ্ধি জ্ঞান কিরূপ? এখানে ভিক্ষু ছন্দাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, বীর্যাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, চিত্তাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, মীমাংসাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে। সে এ চারি প্রকার ঋদ্ধিপাদ দ্বারা চিত্তকে পরিভাবিত, পরিদমিত, মৃদু ও কর্মক্ষম করত দূরবর্তী শব্দের শব্দনিমিত্তে মনোযোগ দেয়, নিকটবর্তী শব্দের শব্দনিমিত্তে মনোযোগ দেয়; বড় শব্দের শব্দনিমিত্তে মনোযোগ দেয়, ছোট (ক্ষুদ্র) শব্দের শব্দনিমিত্তে মনোযোগ দেয়; পূর্ব দিকের শব্দের শব্দনিমিত্তে মনোযোগ দেয়, পশ্চিম দিকের শব্দের শব্দনিমিত্তে মনোযোগ দেয়, উত্তর দিকের শব্দের শব্দনিমিত্তে মনোযোগ দেয়, দক্ষিণ দিকের শব্দের শব্দনিমিত্তে মনোযোগ দেয়, ভূমির নিম্নস্থ শব্দের শব্দনিমিত্তে মনোযোগ দেয়, ভূমির উপরস্থ শব্দের শব্দনিমিত্তে মনোযোগ দেয়। সে তথাভাবিত, পরিশুদ্ধ, নির্মল চিত্ত দ্বারা শ্রোত্রধাতু বিশুদ্ধি জ্ঞানে চিত্তকে সুপরিচালিত ও নিয়ন্ত্রিত করে। সে তখন মনুষ্যতীত বিশুদ্ধ দিব্যশ্রোত্র দ্বারা উভয় শব্দ শুনে– দূরস্থ বা নিকটের দিব্যশব্দ ও মনুষ্যশব্দ। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "বিতর্ক বিস্তারবশে নানাত্ব একত্ব নিমিত্ত বোধগম্যে প্রজ্ঞাই শ্রোত্রধাতু বিশুদ্ধি-জ্ঞান।"

শ্রোত্রধাতু বিশুদ্ধি-জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৫২। চিত্ত-পর্যায় জ্ঞান বর্ণনা

১০৪। চিত্তত্রয়ের বিস্তার হলে ইন্দ্রিয়ের প্রসাদবশে নানাত্ব একত্ব বিজ্ঞানচর্যা বোধগম্যে প্রজ্ঞা, চিত্ত-পর্যায় জ্ঞান কিরূপ? এখানে ভিক্ষু

Visit: http://www.buddhistdownload.com

ছন্দাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, বীর্যাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, চিত্তাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, মীমাংসাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে। সে এ চারি ঋদ্ধিপাদ দ্বারা চিত্তকে পরিভাবিত, পরিদমিত, মৃদু ও কর্মক্ষম করে। আর এরূপ যথার্থ জানে– "এ রূপ সৌমনস্য ইন্দ্রিয় সমুত্থিত।" সে তথাভবিত, পরিশুদ্ধ, নির্মল চিত্ত দ্বারা চিত্তপর্যায় জ্ঞানে চিত্তকে সুপরিচালিত ও নিয়ন্ত্রিত করে। তাই সে অন্য সত্ত্বের বা পুদ্গালের চিত্তকে জ্ঞাত হয়ে বিশেষভাবে জানে– সরাগ চিত্তকে "সরাগ চিত্ত" বলে; বীতরাগ চিত্তকে "বীতরাগ চিত্ত" বলে; সদোষ চিত্তকে "সদোষ চিত্ত" বলে; বীতদোষ চিত্তকে "বীতদোষ চিত্ত" বলে; সমোহ চিত্তকে "সমোহ চিত্ত" বলে; বীতমোহ চিত্তকে "বীতমোহ চিত্ত" বলে; সংক্ষিপ্ত চিত্তকে "সংক্ষিপ্ত চিত্ত" বলে; বিক্ষিপ্ত চিত্তকে "বিক্ষিপ্ত চিত্ত" বলে; মহদ্গত চিত্তকে "মহদ্গত চিত্ত" বলে; অমহদ্গত চিত্তকে "অমহদ্গত চিত্ত" বলে; সউত্তর চিত্তকে "সউত্তর চিত্ত" বলে; অনুত্তর চিত্তকে "অনুত্তর চিত্ত" বলে; সমাহিত চিত্তকে "সমাহিত চিত্ত" বলে; অসমাহিত চিত্তকে "অসমাহিত চিত্ত" বলে; বিমুক্ত চিত্তকে "বিমুক্ত চিত্ত" বলে; অবিমুক্ত চিত্তকে "অবিমুক্ত চিত্ত" বলে। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "চিত্তত্রয়ের বিস্তার হলে ইন্দ্রিয়ের প্রসাদবশে নানাত্ব একত্ব বিজ্ঞানচর্যা বোধগম্যে প্রজ্ঞাই চিত্ত-পর্যায় জ্ঞান।"

চিত্ত-পর্যায় জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৫৩। পূর্বনিবাসানুস্মৃতি জ্ঞান বর্ণনা

১০৫। প্রত্যয় প্রবর্তন ধর্মের নানাত্ব একত্ব কর্ম বিস্তারবশে বোধগম্যে প্রজ্ঞা, পূর্ব নিবাসানুস্মৃতি জ্ঞান কিরূপ? এখানে ভিক্ষু ছন্দাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, বীর্যাধিপত্যে

Visit: http://www.buddhistdownload.com

লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, চিত্তাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, মীমাংসাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে। সে এ চারি ঋদ্ধিপাদ দ্বারা চিত্তকে পরিভাবিত, পরিদমিত, মৃদু ও কর্মক্ষম করে আর এরূপ যথার্থ জানে– "এটা থাকলে এটা হয়, এটার উৎপত্তিতে এটা উৎপন্ন হয়। যেমন– অবিদ্যার কারণে সংস্কার, সংস্কারের কারণে বিজ্ঞান, বিজ্ঞানের কারণে নামরূপ, নামরূপের কারণে ষড়ায়তন, ষড়ায়তনের কারণে স্পর্শ, স্পর্শের কারণে বেদনা, বেদনার কারণে তৃষ্ণা, তৃষ্ণার কারণে উপাদান, উপাদানের কারণে ভব, ভবের কারণে জাতি, জাতির কারণে জরা-মরণ-শোক-পরিদেবন-দুঃখ-দৌর্মনস্য-উপায়াস উৎপন্ন হয়। এভাবে শুধু দুঃখস্কন্ধের উৎপত্তি হয়।

সে তথাভাবিত, পরিশুদ্ধ, নির্মল চিত্ত দ্বারা পূর্বনিবাসানুস্মৃতি জ্ঞানে চিত্তকে সুপরিচালিত ও নিয়ন্ত্রিত করে। আর সে বহুবিধ পূর্বনিবাস অনুস্মরণ করে, যেমন– একজন্ম, দুইজন্ম, তিনজন্ম, চারজন্ম, পাঁচজন্ম, দশজন্ম, বিশজন্ম, ত্রিশজন্ম, চল্লিশজন্ম, পঞ্চাশজন্ম, শতজন্ম, সহস্রজন্ম, লক্ষজন্ম, অনেক সংবর্তকল্প, অনেক বিবর্তকল্প, অনেক সবর্ত-বিবর্তকল্প– "অমুক সময়ে আমার এরূপ নাম, এরূপ গোত্র, এরূপ বর্ণ, এরূপ আহার এবং সুখ–দুঃখ অনুভব আর এরূপ আয়ু ছিল। তথা হতে চ্যুত হয়ে এখানে উৎপন্ন হয়েছি।" এরূপ আকার, বর্ণসহ বিস্তারিত বিবরণ সহকারে বহুবিধ পূর্বনিবাস অনুস্মরণ করে। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "প্রত্যয় প্রবর্তন ধর্মের নানাত্ব একত্ব কর্ম বিস্তারবশে বোধগম্যে প্রজ্ঞাই পূর্বনির্বাসানুস্মৃতি জ্ঞান।"

পূর্বনিবাসানুস্মৃতি জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৫৪। দিব্যচক্ষু জ্ঞান বর্ণনা

১০৬। জ্ঞানালোকবশে নানাত্ব একত্ব রূপনিমিত্ত দর্শনার্থে প্রজ্ঞা দিব্যচক্ষু জ্ঞান কিরূপ? এখানে ভিক্ষু ছন্দাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান

Visit: http://www.buddhistdownload.com

সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, বীর্যাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, চিত্তাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে, মীমাংসাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদ ভাবনা করে। সে এ চারি ঋদ্ধিপাদ দ্বারা চিত্তকে পরিভাবিত, পরিদমিত, মৃদু ও কর্মক্ষম করে। এভাবে চারি ঋদ্ধিপাদে চিত্ত পরিভাবিত, পরিদমিত মৃদু ও কর্মক্ষম করত আলোকসংজ্ঞায় মনোযোগ দেয়, দিবাসংজ্ঞা অধিষ্ঠান করে– "দিনে যেরূপ, রাতেও সেরূপ; রাতে যেরূপ, দিনেও সেরূপ। "এভাবে জাগ্রত ও অসীম চেতনায় সপ্রভচিত্ত ভাবনা করে। আর তথাভাবিত, পরিশুদ্ধ, নির্মল চিত্ত দ্বারা সত্ত্বগণের চ্যুতি-উৎপত্তি জ্ঞানে চিত্তকে সুপরিচালিত ও নিয়ন্ত্রিত করে। সে মনুষ্যাতীত বিশুদ্ধ বিদ্যচক্ষু দিয়ে সত্ত্বগণকে চ্যুত হতে, উৎপন্ন হতে; হীন-উত্তম, সুবর্ণ-দুর্বর্ণ, সুগতি-দুর্গতিপ্রাপ্ত হতে দেখতে পায়। এবং যথাকর্মভোগী সত্ত্বগণকে যথার্থরূপে জানে– "এ সত্ত্বগণ কায় দুশ্চরিত্রসম্পন্ন, বাক্ দুশ্চরিত্রসম্পন্ন, মন দুশ্চরিত্রসম্পন্ন, আর্যনিন্দুক, মিথ্যাদৃষ্টিক, মিথ্যাদৃষ্টিমূলক কর্ম সম্পাদনকারী, কায়ভেদে মরণের পর অপায় দুর্গতি বিনিপাত নিরয়ে উৎপন্ন হয়েছে। আর এসত্ত্বগণ কায় সুচরিতসম্পন্ন, বাক সুচরিতসম্পন্ন, মন সুচরিতসম্পন্ন, আর্য অনিন্দুক, সম্যকদৃষ্টিক, সম্যকদৃষ্টিমূলক কর্ম সম্পাদনকারী, কায়ভেদে মরণের পর সুগতি স্বর্গলোকে উৎপন্ন হয়েছে।" এভাবে মনুষ্যাতীত বিশুদ্ধ দিব্যচক্ষু দিয়ে সত্ত্বগণকে চ্যুত হতে, উৎপন্ন হতে; হীন-উত্তম, সুবর্ণ-দুর্বর্ণ, সুগতি-দুর্গতিপ্রাপ্ত এবং যথাকর্মভোগী হতে দেখে, যথার্থরূপে জানে। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "জ্ঞানালোকবশে নানাত্ব একত্ব রূপনিমিত্ত দর্শনার্থে প্রজ্ঞাই দিব্যচক্ষু জ্ঞান।"

দিব্যচক্ষু জ্ঞান বর্ণনা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

৫৪। আস্রবক্ষয় জ্ঞান বর্ণনা

১০৭। চৌষট্টি প্রকারে ইন্দ্রিয়ত্রয়ের বশীভাবতা প্রজ্ঞা আস্রবক্ষয় জ্ঞান কিরূপ? তিন প্রকার ইন্দ্রিয় কি? অজ্ঞাতকে জ্ঞাত হবো ইন্দ্রিয়, জ্ঞাত ইন্দ্রিয়, অন্তদৃষ্টিসম্পন্ন ইন্দ্রিয়।

অজ্ঞাতকে জ্ঞাত হবো ইন্দ্রিয়, জ্ঞাত ইন্দ্রিয় এবং অন্তর্দৃষ্টিসম্পন্ন ইন্দ্রিয় কয়টি স্থানে সমুদিত হয়? অজ্ঞাতকে জ্ঞাত হবো ইন্দ্রিয় একস্থানে সমুদিত হয়– স্রোতাপত্তিমার্গে। জ্ঞাত ইন্দ্রিয় ছয়স্থানে সমুদিত হয়– স্রোতাপত্তিফলে, সকৃদাগামীমার্গে, সকৃদাগামীফলে, অনাগামীমার্গে, অনাগামীফলে এবং অর্হত্বমার্গে। অন্তর্দৃষ্টিসম্পন্ন ইন্দ্রিয় একস্থানে সমুদিত হয়– অর্হত্বফলে।

স্রোতাপত্তিমার্গক্ষণে অজ্ঞাতকে জ্ঞাত হবো ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় অধিমোক্ষ পরিবারভুক্ত হয়, বীর্যেন্দ্রিয় প্রগ্রহ পরিবারভুক্ত হয়, স্মৃতীন্দ্রিয় উপস্থাপন পরিবারভুক্ত হয়, সমাধীন্দ্রিয় অবিক্ষেপ পরিবারভুক্ত হয়, প্রজ্ঞেন্দ্রিয় দর্শন পরিবারভুক্ত হয়, মনেন্দ্রিয় বিজানন পরিবারভুক্ত হয়, সৌমনস্য ইন্দ্রিয় অভিসন্দন বা অধিক্য পরিবারভুক্ত হয়, জীবিতিন্দ্রিয় প্রবর্তশান্তাধিপত্য পরিবারভুক্ত হয়। স্রোতাপত্তিমার্গক্ষণে জাত ধর্মসমূহ চিত্ত সমুত্থান ও রূপ ব্যতীত সবই কুশল, আস্রবমুক্ত, অনিষ্ট নিবারক, অপচয়মুক্ত বা পুনর্জন্মের বন্ধনমুক্ত, লোকোত্তর, নির্বাণ আরম্মণযুক্ত হয়। অজ্ঞাতকে জ্ঞাত হবো ইন্দ্রিয়ের এ আট ইন্দ্রিয় সহজাত পরিবারভুক্ত হয়, অন্যোন্য পরিবারভুক্ত হয়, নিশ্রয় পরিবারভুক্ত হয়, সম্প্রযুক্ত পরিবারভুক্ত হয় এবং সহগত, সহজাত, সংশ্লিষ্ট ও সম্প্রযুক্ত হয়। এসবই অজ্ঞাতকে জ্ঞাত হবো ইন্দ্রিয়ের আকার ও পরিবারভুক্ত হয়ে থাকে।

স্রোতাপত্তিফলক্ষণে জ্ঞাত ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় অধিমোক্ষ পরিবার ... প্রবর্তনশান্তাধিপত্য পরিবারভুক্ত হয়। আর জাত ধর্মসমূহ চিত্তসমুত্থান ও রূপ ব্যতীত সবই অব্যাকৃত, আস্রবমুক্ত, লোকোত্তর নির্বাণারম্মন যুক্ত হয়। জ্ঞাত ইন্দ্রিয়ের এ আট ইন্দ্রিয় সহজাত পরিবারভুক্ত হয়, অন্যোন্য পরিবারভুক্ত হয়, নিশ্রয় পরিবারভুক্ত হয়, সম্প্রযুক্ত পরিবারভুক্ত হয় এবং

Visit: http://www.buddhistdownload.com

সহগত, সহজাত, সংশ্লিষ্ট ও সম্প্রযুক্ত হয়। এসবই জ্ঞাত ইন্দ্রিয়ের আকার ও পরিবারভুক্ত হয়ে থাকে।

সকৃদাগামী মার্গক্ষণে জ্ঞাত ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় ... আকার ও পরিবারভুক্ত হয়ে থাকে। সকৃদাগামী ফলক্ষণে জ্ঞাত ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় ... আকার ও পরিবারভুক্ত হয়ে থাকে। অনাগামী মার্গক্ষণে জ্ঞাত ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় ... আকার ও পরিবারভুক্ত হয়ে থাকে । অনাগামী ফলক্ষণে জ্ঞাত ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় ... আকার ও পরিবারভুক্ত হয়ে থাকে। অর্হত্বমার্গক্ষণে জ্ঞাত ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় ... আকার ও পরিবারভুক্ত হয়ে থাকে। অর্হত্ব ফলক্ষণে অন্তর্দৃষ্টিসম্পন্ন ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় ... সম্প্রযুক্ত হয়। এসবই অন্তর্দৃষ্টিসম্পন্ন ইন্দ্রিয়ের আকার ও পরিবারভুক্ত হয়ে থাকে। এভাবে এই আট গুণন আট (৮x৮= ৬৮) মোট চৌষট্টি প্রকার হয়।

'আস্রব, আস্রব' বলা হয়, সেই আস্রব কত প্রকার? ... এ আস্রবসমূহ ক্ষয় হয়ে যায়। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "চৌষট্টি প্রকারে ইন্দ্রিয়ত্রয়ের বশীভাবতা প্রজ্ঞাই আস্রবক্ষয় জ্ঞান।"

আস্রবক্ষয় জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৫৬-৬৩। চারি সত্য জ্ঞান বর্ণনা

১০৮। পরিজ্ঞানার্থে প্রজ্ঞা দুঃখে জ্ঞান, পরিত্যাগার্থে প্রজ্ঞা সমুদয়ে জ্ঞান, সাক্ষাৎ করণার্থে প্রজ্ঞা নিরোধে জ্ঞান, ভাবনার্থে প্রজ্ঞা মার্গে জ্ঞান কিরূপ? দুঃখের পীড়নস্বভাব, অভিসংস্কারিক স্বভাব, সন্তাপস্বভাব এবং বিপরিণামস্বভাব, পরিজ্ঞান স্বভাবই হল দুঃখে জ্ঞান। সমুদয়ের আসক্তিস্বভাব, নিদানস্বভাব, সংযোগস্বভাব এবং অন্তরায়করস্বভাব পরিত্যাগ স্বভাবই হল সমুদয়ে জ্ঞান। নিরোধের নিঃসরণস্বভাব, বিবেক বা সর্বদুঃখ হতে পৃথকস্বভাব, অসংস্কাররিকস্বভাব, অমৃত বা দুঃখমুক্তিস্বভাব প্রত্যক্ষকরণই হল নিরোধ জ্ঞান। মার্গের মুক্তিস্বভাব, হেতু (বা নির্বাণ প্রাপ্তির) স্বভাব, নির্বাণ দর্শনস্বভাব এবং (বোধিপক্ষীয় ধর্মের ওপর)

Visit: http://www.buddhistdownload.com

আধিপত্যস্বভাব ভাবিতব্যই হল মার্গ জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "পরিজ্ঞানে প্রজ্ঞা দুঃখে জ্ঞান, পরিত্যাগার্থে প্রজ্ঞা সমুদয়ে জ্ঞান, সাক্ষাৎকরণার্থে প্রজ্ঞা নিরোধে জ্ঞান, ভাবনার্থে প্রজ্ঞাই মার্গে জ্ঞান।"

১০৯। দুঃখে জ্ঞান, দুঃখ সমুদয়ে জ্ঞান, দুঃখ নিরোধে জ্ঞান, দুঃখ নিরোধ গামিনী প্রতিপদায় জ্ঞান কি? মার্গ সম্বন্ধের জ্ঞানই দুঃখে জ্ঞান, দুঃখ সমুদয়ে জ্ঞান, দুঃখ নিরোধে জ্ঞান, দুঃখ নিরোধগামিনী প্রতিপদায় জ্ঞান।

তথায় দুঃখে জ্ঞান কি? দুঃখ সম্বন্ধে যে প্রজানন, বিচার, পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা, ধর্মবিচার, বিবেচনা, প্রভেদ, নির্ণয়, বিদ্যা, জ্ঞান, নৈপুণ্য, দোষ-গুণ বিচার, চিন্তা, অনুসন্ধান, বিচার-বুদ্ধি, মেধাশক্তি, পরিজ্ঞান, বিশেষভাবে দর্শন, সম্প্রজ্ঞান, প্রেরণা, প্রজ্ঞা, প্রজ্ঞেন্দ্রিয়, প্রজ্ঞা-বল, প্রজ্ঞাশাস্ত্র, প্রজ্ঞাপ্রাসাদ, প্রজ্ঞাআলোক, প্রজ্ঞাজ্যোতি, প্রজ্ঞাপ্রদ্যোত, প্রজ্ঞারত্ন এবং অমোহ, ধর্মপরীক্ষা, সম্যকদৃষ্টি– এটাকে বলা হয় দুঃখে জ্ঞান।

দুঃখসমুদয়ে জ্ঞান কি? দুঃখসমুদয় সম্বন্ধে যে প্রজানন ... বলা হয় দুঃখসমুদয় জ্ঞান।

দুঃখ নিরোধে জ্ঞান কি? দুঃখ নিরোধ সম্বন্ধে যে প্রজানন ... বলা হয় দুঃখনিরোধে জ্ঞান।

দুঃখ নিরোধগামিনী প্রতিপদা জ্ঞান কি? দুঃখনিরোধগামিনী প্রতিপদা সম্বন্ধে ... দুঃখনিরোধগামিনী প্রতিপদা জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– তাই বলা হয়– "দুঃখে জ্ঞান, দুঃখসমুদয়ে জ্ঞান, দুঃখনিরোধে জ্ঞান, দুঃনিরোধগামিনী প্রতিপদায় জ্ঞান।"

চারি সত্য জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৬৪-৬৭। শুদ্ধিক প্রতিসম্ভিদা জ্ঞান বর্ণনা

১১০। অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান, নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান এবং প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান কিরূপ? অর্থসমূহে যে

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞান তা অর্থ-প্রতিসম্ভিদা, ধর্মসমূহে যে জ্ঞান তা ধর্ম-প্রতিসম্ভিদা, নিরুক্তি (ভাষাবিদ্য সম্বন্ধীয়)সমূহে যে জ্ঞান তা নিরুক্তি-প্রতিসম্ভিদা এবং প্রতিভান (বা উপস্থিতবুদ্ধি, তীক্ষ্ণবুদ্ধি)সমূহে যে জ্ঞান তা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান। অর্থ নানাত্বে যে প্রজ্ঞা তা অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান। ধর্ম নানাত্বে যে প্রজ্ঞা তা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান। নিরুক্তি নানাত্বে যে প্রজ্ঞা তা নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান। প্রতিভান নানাত্বে যে প্রজ্ঞা তা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান। অর্থ বিশ্লেষণে বা ব্যবস্থাপনে যে প্রজ্ঞা তা অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান। ধর্ম বিশ্লেষণে যে প্রজ্ঞা তা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান। নিরুক্তি বিশ্লেষণে যে প্রজ্ঞা তা নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান। এবং প্রতিভান বিশ্লেষণে যে প্রজ্ঞা তা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান।

অর্থ বিচার বিশ্লেষণ যে প্রজ্ঞা তা অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান; ধর্ম বিচার বিশ্লেষণ যে প্রজ্ঞা তা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান; নিরুক্তি বিচার বিশ্লেষণ যে প্রজ্ঞা তা নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান; প্রতিভান বিচার বিশ্লেষণ যে প্রজ্ঞা তা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান। অর্থ নির্ণয়ে যে প্রজ্ঞা তা অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান; ধর্ম নির্ণয়ে যে প্রজ্ঞা তা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান; নিরুক্তি নির্ণয়ে যে প্রজ্ঞা তা নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান; প্রতিভান নির্ণয়ে যে প্রজ্ঞা তা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান।

অর্থ প্রভেদে যে প্রজ্ঞা তা অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান; ধর্ম প্রভেদে যে প্রজ্ঞা তা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান; নিরুক্তি প্রভেদে যে প্রজ্ঞা তা নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান; প্রতিভান প্রভেদে যে প্রজ্ঞা তা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান। অর্থ প্রভাবনে বা উৎকর্ষে যে প্রজ্ঞা তা অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান; ধর্ম উৎকর্ষে যে প্রজ্ঞা তা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান; নিরুক্তি উৎকর্ষে যে প্রজ্ঞা তা নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান; জ্ঞান প্রতিভান উৎকর্ষে যে প্রজ্ঞা তা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান।

অর্থজ্যোতনে বা ব্যাখ্যায় যে প্রজ্ঞা তা অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান; ধর্ম ব্যাখ্যায় যে প্রজ্ঞা তা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান; নিরুক্তি ব্যাখ্যায় যে প্রজ্ঞা তা নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান; প্রতিভান ব্যাখ্যায় যে প্রজ্ঞা তা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান। অর্থ বিরোচণে বা বিশোধনে যে প্রজ্ঞা তা অর্থ-

Visit: http://www.buddhistdownload.com

প্রতিসম্ভিদা জ্ঞান; ধর্ম বিশোধনে যে প্রজ্ঞা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান; নিরুক্তি বিশোধনে যে প্রজ্ঞা তা, নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান; প্রতিভান বিশোধনে যে প্রজ্ঞা তা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান। অর্থ প্রকাশনে যে প্রজ্ঞা অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান; ধর্ম প্রকাশনে যে প্রজ্ঞা তা ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান; নিরুক্তি প্রকাশনে যে প্রজ্ঞা তা নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান; প্রতিভান প্রকাশনে যে প্রজ্ঞা তা প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান। এটা জ্ঞাতার্থে জ্ঞান, প্রজাননার্থে প্রজ্ঞা। তাই বলা হয়– "অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান, ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান, নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান, প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান।"

শুদ্ধিক প্রতিসম্ভিদা জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৬৮। ইন্দ্রিয়-পরাপরতা জ্ঞান বর্ণনা

১১১। তথাগতের ইন্দ্রিয় পরাপরতা জ্ঞান (বা পরচিত্ত, পর মনোভাব জানবার জ্ঞান) কিরূপ? এখানে তথাগত (জ্ঞানচক্ষু দ্বারা) সত্ত্বগণকে দেখতে পান– কেউ অল্পরজম্রক্ষিত, কেউ বহুরজম্রক্ষিত, কেউ তীক্ষ্ণ-ইন্দ্রিয়সম্পন্ন, কেউ মৃদু-ইন্দ্রিয়সম্পন্ন; কেউ সুন্দর আকারবিশিষ্ট, কেউ কদাকারবিশিষ্ট; কেউ সুবিনীত, কেউ দুর্বিণীত; কেউ পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, কেউ পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে।

'অল্পরজম্রক্ষিত ও বহুরজম্রক্ষিত' বলা হয়, সেগুলো কিরূপ? শ্রদ্ধাবান পুদগল অল্পরজম্রক্ষিত, অশ্রদ্ধাবান পুদগল বহুরজম্রক্ষিত। আরদ্ধবীর্য পুদগল অল্পরজম্রক্ষিত, হীনবীর্য অলস পুদগল বহুরজম্রক্ষিত। স্মৃতিমান পুদগল অল্পরজম্রক্ষিত,বিস্মৃতিপরায়ণ পুদগল বহুরজম্রক্ষিত। সমাহিত পুদগল অল্পরজম্রক্ষিত, অসমাহিত পুদ্গল বহুরজম্রক্ষিত। প্রজ্ঞাবান পুদগল অল্পরজম্রক্ষিত, দুষ্প্রাজ্ঞ পুদগল বহুরজম্রক্ষিত।

'তীক্ষ্ণ-ইন্দ্রিয় ও মৃদু-ইন্দ্রিয়' বলা হয়, সেগুলো কিরূপ? শ্রদ্ধাবান পুদগল তীক্ষ্ণ-ইন্দ্রিয়সম্পন্ন, অশ্রদ্ধাবান পুদগল মৃদু-ইন্দ্রিয়সম্পন্ন। আরদ্ধবীর্য পুদগল তীক্ষ্ণ-ইন্দ্রিয়সম্পন্ন, হীনবীর্য অলস পুদগল মৃদু-

Visit: http://www.buddhistdownload.com

ইন্দ্রিয়সম্পন্ন। স্মৃতিমান পুদগল তীক্ষ্ণ-ইন্দ্রিয়সম্পন্ন, বিস্মৃতিপরায়ণ পুদগল মৃদু-ইন্দ্রিয়সম্পন্ন। সমাহিত পুদগল তীক্ষ্ণ-ইন্দ্রিয়সম্পন্ন, অসমাহিত পুদগল মৃদু-ইন্দ্রিয়সম্পন্ন। প্রজ্ঞাবান পুদগল তীক্ষ্ণ-ইন্দ্রিয়সম্পন্ন, দুষ্প্রাজ্ঞ পুদগল মৃদু-ইন্দ্রিয়সম্পন্ন।

'সুন্দরকার বিশিষ্ট' ও কদাকার বিশিষ্ট বলা হয়, সেগুলো কিরূপ? শ্রদ্ধাবান পুদগল সুন্দরাকার বিশিষ্ট, অশ্রদ্ধবান পুদগল কদাকার বিশিষ্ট। আরব্ধবীর্য পুদগল সুন্দরাকার বিশিষ্ট, হীনবীর্য অলস পুদগল কদাকার বিশিষ্ট। স্মৃতিমান পুদগল সুন্দরাকার বিশিষ্ট, বিস্মৃতিপরায়ণ পুদগল কদাকার বিশিষ্ট। সমাহিত পুদগল সুন্দরাকার বিশিষ্ট, অসমাহিত পুদগল কদাকার বিশিষ্ট। প্রজ্ঞাবান পুদগল সুন্দরাকার বিশিষ্ট, দুষ্প্রাজ্ঞ পুদগল কদাকার বিশিষ্ট।

'সুবিনীত ও দুর্বিনীত' বলা হয়, সেগুলো কিরূপ? শ্রদ্ধাবন পুদগল সুবিনীত, অশ্রদ্ধাবান পুদগল দুর্বিনীত। আরদ্ধবীর্য পুদগল সুবিনীত, হীনবীর্য অলস পুদগল দুর্বিনীত। স্মৃতিমান পুদগল সুবিনীত, বিস্মৃতিপরায়ণ পুদগল দুর্বিনীত। সমাহিত পুদগল সুবিনীত, অসমাহিত পুদগল দুর্বিনীত। প্রজ্ঞাবান পুদগল সুবিনীত, দুষ্প্রাজ্ঞ পুদগল দুর্বিনীত।

'কেউ পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী' এবং 'কেউ পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে' বলা হয়, সেগুলো কিরূপ? শ্রদ্ধাবান পুদগল পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, অশ্রদ্ধাবান পুদগল পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে। আরবদ্ধবীর্য পুদগল পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, হীনবীর্য অলস পুদগল পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে। স্মৃতিমান পুদগল পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, বিস্মৃতিপরায়ণ পুদগল পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে। সমাহিত পুদগল পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, অসমাহিত পুদগল পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে। প্রজ্ঞাবান পুদগল পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, দুষ্প্রাজ্ঞ পুদগল পরলোক ও বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে।

১১২। 'লোক, লোক' বলা হয়, সেই লোক কি? খন্ধলোক, ধাতুলোক আয়তনলোক, বিপত্তিভবলোক, বিপত্তিসম্ভবলোক, সম্পত্তিভবলোক ও

Visit: http://www.buddhistdownload.com

সম্পত্তিসম্ভবলোক।।

এক লোক কি? সব সত্ত্ব আহার দ্বারা জীবিত। দুই লোক কি? নাম এবং রূপ . তিন লোক কি? তিন প্রকার বেদনা। চার লোক কি? চার প্রকার বেদনা। পাঁচ লোক কি? পঞ্চ উপাদান স্কন্ধ। ছয় লোক কি? ছয় প্রকার আধ্যাত্ম আয়তন। সাত লোক কি? সপ্ত বিজ্ঞানস্থিতি। আট লোক কি? অষ্ট লোকধর্ম। নয় লোক কি? নয় সত্ত্বাবাস। দশ লোক কি? দশ আয়তন। দ্বাদশ লোক কি? দ্বাদশ আয়তন। অষ্টাদশ লোক কি? অষ্টাদশ রস ধাতু।

'বর্জন, বর্জন' বলা হয়, সেই বর্জন কি? সমস্ত ক্লেশ বর্জন, সমস্ত দুশ্চরিত্র বর্জন, সমস্ত অভিসংস্কার বর্জন, সমস্ত ভবগামীকর্ম বর্জন। এরূপে ইহলোক বর্জনীয় বিষয়ে তীব্র ভয়সংজ্ঞা উৎপন্ন হয়, যেমন উত্তোলিত অসিধারী ঘাতক ছুটে আসছে। এই পঞ্চাশ প্রকারে এ পঞ্চইন্দ্রিয়কে জানেন, দর্শন করেন এবং উপলব্ধি করেন। এটা তথাগতের ইন্দ্রিয় পরাপরতা জ্ঞান।

ইন্দ্রিয় পরাপরতা জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৬৯। আশয়ানুশয় জ্ঞান বর্ণনা

১১৩। সত্ত্বগণের প্রতি তথাগতের আশয়ানুশয় জ্ঞান কিরূপ? এখানে তথাগত সত্ত্বগণের আশয়ানুশয় (বা অভিলাষ-অনভিলাষ), চরিত (বা কুশলাকুশল), অধিমুক্তি (কুশলাকুশল কর্মে উৎসর্গীত চিত্ত), অসাধ্য-সাধ্য (কুশল পথে আত্মনিয়োগ করার যোগ্যতা) সম্বন্ধে জানেন।

সত্ত্বগণের আশয় কিরূপ? 'লোক শাশ্বত', 'লোক অশাশ্বত', 'লোক অন্ত', 'লোক অনন্ত', 'যা জীব তা শরীর', 'জীব অন্য শরীরও অন্য', 'মৃত্যুর পর তথাগত বিদ্যমান থাকেন', 'মৃত্যুর পর তথাগত বিদ্যমান থাকেন না', 'মৃত্যুর পর তথাগত বিদ্যমান থাকেন এবং থাকেন না', 'মৃত্যুর পর তথাগত বিদ্যমান থাকেন না আবার থাকেন না তাও নয়' এরূপ বলে সত্ত্বগণ ভবদৃষ্টি এবং বিভবদৃষ্টি আসক্ত হয়। এই উভয়অন্তে অনুগমন না করে বরং এই প্রত্যয় সংযোগে প্রতীত্যসমুৎপাদ ধর্মসমূহের

Visit: http://www.buddhistdownload.com

মধ্যে যথাভূত জ্ঞান দ্বারা অনুলোমিক খন্তি তথা সহনশীলতা প্রতিলাভ হয়। তিনি কাম সেবনেরত বা কামসেবীকে এভাবে জানেন– "এপুদগল কামাসক্ত, কামানুরক্ত কামেচ্ছুক।" আরো এভাবে জানেন– "এপুদগল নৈষ্ক্রম্যাসক্ত, নৈষ্ক্রম্যানুরক্ত, নৈষ্ক্রম্যেচ্ছুক।" নৈষ্ক্রম্যসেবীকে এভাবে জানেন– "এপুদগল নৈষ্ক্রম্যাসক্ত, নৈষ্ক্রম্যানুরক্ত, নৈষ্ক্রম্যেচ্ছুক।" আরো এভাবে জানেন– "এপুদগল কামাসক্ত, কামানুরক্ত, কামেচ্ছুক।" ব্যাপাদসেবীকে এভাবে জানেন– "এপুদগল ব্যাপাদাসক্ত, ব্যাপদানুরক্ত, ব্যাপাদেচ্ছুক।" আরো এভাবে জানেন– "এপুদগল অব্যাপাদাসক্ত, অব্যাপাদানুরক্ত, অব্যাপাদেচ্ছুক।" অব্যাপাদসেবীকে এভাবে জানেন– "এপুদগল অব্যাপাদাসক্ত, অব্যাপাদানুরক্ত, অব্যাপাদেচ্ছুক।" আরো এভাবে জানেন– "এপুদগল ব্যাপাদাসক্ত, ব্যাপাদানুরক্ত, ব্যাপাদেচ্ছুক।" তন্দ্রালস্যসেবীবে এভাবে জানেন– "এপুদগল তন্দ্রালস্য আসক্ত, তন্দ্রালস্যানুরক্ত, তন্দ্রালস্যেচ্ছুক।" আরো এভাবে জানেন– "এপুদগল আলোক-সংজ্ঞাসক্ত, আলোক-সংজ্ঞানুরক্ত, আলোক-সংজ্ঞেচ্ছুক।" আলোক-সংজ্ঞাসেবীকে এভাবে জানেন– "আলোক সংজ্ঞানুসক্ত, আলোক সংজ্ঞানুরক্ত, আলোক-সংজ্ঞেচ্ছুক।" আরো এভাবে জানেন– "এপুদগল তন্দ্রালস্য আসক্ত, তন্দ্রালস্যানুরক্ত, তন্দ্রালস্যেচ্ছুক।" এটা সত্ত্বগণের আশয়।

১১৪। সত্ত্বগণের অনুশয় কি? অনুশয় সাত প্রকার, যথা– কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যানুশয়। লোকে যা প্রিয়রূপ, সাতরূপ; তথায় সত্ত্বগণের কামরাগানুশয় অন্তর্নিহিত থাকে। এবং লোকে যা অপ্রিয়রূপ, অসাতরূপ; তথায় সত্ত্বগণের প্রতিঘানুশয় অন্তর্নিহিত থাকে। এভাবে এদুই প্রকার ধর্মে অবিদ্যা সংঘটিত হয়। মানানুশয়, মিথ্যাদৃষ্টি অনুশয়, বিচিকিৎসা অনুশয় সম্বন্ধেও একই কথা প্রযোজ্য। এটা সত্ত্বগণের অনুশয়।

সত্ত্বগণের চরিত কি? অল্প ধনসম্পন্ন ও মহা বিভবসম্পন্নের পুণ্যাভিসংস্কার, অপুণ্যাভিসংস্কার, আনেঞ্জাভিসংস্কার– এটা সত্ত্বগণের চরিত।

Visit: http://www.buddhistdownload.com

১১৫। সত্ত্বগণের অধিমুক্ত বা অভিপ্রায় কি? সত্ত্বগণ হীনাভিপ্রায় সম্পন্নও হয়, উত্তমাভিপ্রায়সম্পন্নও হয়। তন্মধ্যে হীনাভিপ্রায়সম্পন্ন সত্ত্ব অন্য হীনাভিপ্রায়সম্পন্ন সত্ত্বকে সেবা করে, পূজা করে এবং সম্মান করে। উত্তমাভিপ্রায়সম্পন্ন সত্ত্ব অন্য উত্তমাভিপ্রায়সম্পন্ন সত্ত্বকে সেবা করে আসছে, পূজা করে আসছে এবং সম্মান করে। অতীতের দীর্ঘসময় ধরেও হীনাভিপ্রায়সম্পন্ন সত্ত্ব অন্য হীনাভিপ্রায়সম্পন্ন সত্ত্বকে সেবা করে আসছে, পূজা করে আসছে এবং সম্মান করে আসছে। উত্তমাভিপ্রায়সম্পন্ন সত্ত্ব অন্য উত্তমাভিপ্রায়সম্পন্ন সত্ত্বকে সেবা করে, পূজা করে এবং সম্মান করে। অনাগতের দীর্ঘসময় ধরেও হীনাভিপ্রায়সম্পন্ন সত্ত্ব অন্য হীনাভিপ্রায়সম্পন্ন সত্ত্বকে সেবা করবে, পূজা করবে এবং সম্মান করবে। উত্তমাভিপ্রায়সম্পন্ন সত্ত্ব অন্য উত্তমাভিপ্রায়সম্পন্ন সত্ত্বকে সেবা করবে, পূজা করবে এবং সম্মান করবে– এটাই সত্ত্বগণের অভিপ্রায়।

সত্ত্বগণের অসাধ্য কি? যে সব সত্ত্ব কর্মাবরণে সমন্নাগত বা আবিষ্ট, ক্লেশাবরণে আবিষ্ট, বিপাকাবরণে আবিষ্ট; অশ্রদ্ধাসম্পন্ন, কুশলকর্ম সম্পাদনে অনিচ্ছুক ও দুষ্প্রাজ্ঞ তাদের পক্ষে সম্যকপথে অগ্রসর হয়ে কুশলধর্মে আত্মনিয়োগ করা অসম্ভব– এটাই সেসব সত্ত্বগণের অসাধ্য।

সত্ত্বগণের সাধ্য কি? যেসব সত্ত্ব কর্মবরণে, ক্লেশাবরণে, বিপাকাবরণে আবিষ্ট নয়; শ্রদ্ধাসম্পন্ন, কুশলকর্ম সম্পাদনে ইচ্ছুক ও প্রজ্ঞাবান তাদের পক্ষে সম্যকপথে অগ্রসর হয়ে কুশলধর্মে আত্মনিয়োগ করা সম্ভব– এটাই সেসব সত্ত্বগণের সাধ্য। এসবই তথাগতের সত্ত্বগণের প্রতি আশয়ানুশয় জ্ঞান।

আশয়ানুশয় জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৭০। যমক প্রতিহার্য জ্ঞান বর্ণনা

১১৬। তথাগতের যমক প্রতিহার্য জ্ঞান কিরূপ? এখানে তথাগত শ্রাবকগণের দ্বারা যা অসাধ্য সেই অসাধারণ যমক প্রতিহার্য (ঋদ্ধি) প্রদর্শন করেন। শরীরের উপরিভাগ থেকে অগ্নিস্কন্ধ আর নিম্নভাগ থেকে জলধারা

Visit: http://www.buddhistdownload.com

নির্গত করেন, নিম্নভাগ থেকে অগ্নিস্কন্ধ আর উপরিভাগ থেকে জলাধারা নির্গত করেন; পূর্বকায় (বা কায়ের পূর্বপার্শ্বস্থ) হতে অগ্নিস্কন্ধ আর পশ্চিমকায় হতে জলধারা নির্গত করেন, পশ্চিমকায় হতে অগ্নিস্কন্ধ আর পূর্বকায় হতে জলধারা নির্গত করে; ডানচক্ষু হতে অগ্নিস্কন্ধ আর বামচক্ষু হতে জলধারা নির্গত করেন, বামচক্ষু হতে অগ্নিস্কন্ধ আর ডানচক্ষু হতে জলধারা নির্গত করেন; ডানকর্ণ (ছিদ্র) হতে অগ্নিস্কন্ধ আর বামকর্ণ হতে জলধারা নির্গত করেন, বামকর্ণ হতে অগ্নিস্কন্ধ আর ডানকর্ণ হতে জলধারা নির্গত করেন; ডাননাসিকা হতে অগ্নিস্কন্ধ আর বামনাসিকা হতে জলধারা নির্গত করেন, বামনাসিকা হতে অগ্নিস্কন্ধ আর ডাননাসিকা হতে জলধারা নির্গত করেন; ডানকাঁধ হতে অগ্নিস্কন্ধ আর বামকাঁধ হতে জলধারা নির্গত করেন, বামকাঁধ হতে অগ্নিস্কন্ধ আর ডানকাঁধ হতে জলধারা নির্গত করেন; ডানহাত হতে অগ্নিস্কন্ধ আর বামহাত হতে জলধারা নির্গত করেন, বামহাত হতে অগ্নিস্কন্ধ আর ডানহাত হতে জলধারা নির্গত করেন; ডানপার্শ্ব হতে অগ্নিস্কন্ধ আর বামপার্শ্ব হতে জলধারা নির্গত করেন, বামপার্শ্ব হতে অগ্নিস্কন্ধ আর ডানপার্শ্ব হতে জলধারা নির্গত করেন; ডানপা হতে অগ্নিস্কন্ধ আর বামপা হতে জলধারা নির্গত করেন, বামপা হতে অগ্নিস্কন্ধ আর ডানপা হতে জলধারা নির্গত করেন: আঙ্গুলাদি হতে অগ্নিস্কন্ধ আর দুই আঙ্গুলের মধ্যবর্তী ফাঁক হতে জলধারা নির্গত করেন, দুই আঙ্গুলের ফাঁক হতে অগ্নিস্কন্ধ আর আঙ্গুলাদি হতে জলধারা নির্গত করেন; প্রত্যেকটি লোম হতে একসাথে অগ্নিস্কন্ধ ও জলধারা নির্গত করেন, প্রত্যেকটি লোমকূপ হতে একসাথে অগ্নিস্কন্ধ ও জলধারা নির্গত করেন।

নীল, হলদে, লাল, সাদা, কমলা, প্রভাস্বর এই ষড়বর্ণে আলোকিত ভগবান বুদ্ধ চংক্রমণ করেন, অন্যদিকে বুদ্ধ কর্তৃক নির্মিতবুদ্ধ তখন হয় দাঁড়িয়ে থাকেন, না হয় উপবেশন করেন কিংবা শয়ন করেন। ভগবান বুদ্ধ দাঁড়িয়ে থাকেন, আর নির্মিতবুদ্ধ তখন হয় চংক্রমণ করেন, না হয় উপবেশন করেন কিংবা শয়ন করেন। ভগবান বুদ্ধ উপবেশন করেন, আর নির্মিতবুদ্ধ তখন হয় চংক্রমণ করেন, না হয় দাঁড়িয়ে থাকেন কিংবা শয়ন করেন। ভগবান বুদ্ধ শয়ন করেন, আর নির্মিতবুদ্ধ তখন হয় চংক্রমণ

Visit: http://www.buddhistdownload.com

করেন, না হয় দাঁড়িয়ে থাকেন কিংবা উপবেশন করেন। নির্মিতবুদ্ধ চংক্রমণ করেন, আর ভগবান বুদ্ধ তখন হয় দাঁড়িয়ে থাকেন, না হয় উপবেশ করেন কিংবা শয়ন করেন। নির্মিতবুদ্ধ দাঁড়িয়ে থাকেন আর ভগবান বুদ্ধ তখন হয় চংক্রমণ করেন, না হয় উপবেশ করেন কিংবা শয়ন করেন। নির্মিতবুদ্ধ উপবেশ করেন, আর ভগবান বুদ্ধ তখন হয় চংক্রমণ করেন, না হয় দাঁড়িয়ে থাকেন কিংবা শয়ন করেন। নির্মিতবুদ্ধ শয়ন করেন, আর ভগবান বুদ্ধ তখন হয় চংক্রমণ করেন, না হয় দাঁড়িয়ে থাকেন কিংবা উপবেশন করেন। এটাই তথাগতের যমক প্রতিহার্য জ্ঞান।

যমক প্রতিহার্য জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৭১। মহাকরুণা জ্ঞান বর্ণনা

১১৭। তথাগতের মহাকরুণা সমাপত্তি জ্ঞান কিরূপ? সত্ত্বগণকে বহু প্রকারে দর্শন করে তাদের প্রতি ভগবান বুদ্ধগণের মহাকরুণার সঞ্চার হয়। জীবজগত লোভ-দ্বেষ-মোহের দাহনে উত্তপ্ত– এরূপে সত্ত্বগণকে দর্শন করে তাদের প্রতি ভগবান বুদ্ধগণের মহাকরুণার সঞ্চার হয়। জীবজগত বিবাদপূর্ণ ... হয়। জীবজগত প্রমত্ত ... হয়। জীবজগত কুমার্গে প্রতিপন্ন ... হয়। জীবজগত বন্ধনযুক্ত ... হয়। জীবজগত ত্রাণহীন, আশ্রয়হীন ... হয়। জীবজগত নিঃস্ব, এখান থেকে সবকিছু ত্যাগ করে চলে যেতে হয়– ... হয়। জীবজগতের সবাই তৃষ্ণার দাস, অল্পই তৃষ্ণামুক্ত হয়ে থাকে ... হয়। জীবজগত অরক্ষিত ... হয়। জীবজগত নিরাপত্তাহীন ... হয়। জীবজগত শরণহীন ... হয়। জীবজগত সহায়হীন ... হয়।

জীবজগত অস্থির, অশান্ত ... হয়। জীবজগত শল্য, অধিক শল্য দ্বারা বিদ্ধ, এ শল্যের উপদ্রব ন্যায় অন্য কোথাও নেই ... হয়। জীবজগত অবিদ্যান্ধকারে আবৃত, অন্ধভূত ও ক্লেশপিঞ্জরাবদ্ধ, একে আলোক প্রদানকারী অন্য কেউ নেই ... হয়। জীবজগত অবিদ্যাগত, অন্ধভূত, আচ্ছাদিত, বিজড়িত তন্তু-জটীভূত সূত্রপিণ্ড ও মুঞ্জতৃণ তুল্য অপায় দুর্গতি

Visit: http://www.buddhistdownload.com

ভোগের অধীন এবং সংসার দুঃখ হতে অনুত্তীর্ণ ... হয়। জীবজগত অবিদ্যা বিষদোষে সংশ্লিষ্ট, ক্লেশ পঙ্কভূত ... হয়। জীবজগত রাগ-দ্বেষ-মোহ জটায় জড়িত, সেই জট খুলে দিতে পারে এমন ব্যক্তি অন্য কেউ কোথাও নেই ... হয়। জীবজগত তৃষ্ণাজটে আবদ্ধ ... হয়। জীবজগত তৃষ্ণাজালে আবৃত ... হয়। জীবজগত তৃষ্ণাস্রোতে ভাসমান ... হয়। জীবজগত তৃষ্ণাসংযোজনে সংযুক্ত ... হয়। জীবজগত তৃষ্ণানুশয় দ্বারা অনুস্রত ... হয়। জীবজগত তৃষ্ণাসন্তাপে সন্তাপিত ... হয়। জীবজগত তৃষ্ণাপরিদাহে পরিদহিত ... হয়।

জীবজগত (মিথ্যা) দৃষ্টিজটে আবদ্ধ ... হয়। জীবজগত দৃষ্টিজালে আবৃত ... হয়। জীবজগত দৃষ্টিস্রোতে ভাসমান ... হয়। জীবজগত দৃষ্টিসংযোজনে সংযুক্ত ... হয়। জীবজগত দৃষ্টানুশয় দ্বারা অনুস্রত ... হয়। জীবজগত দৃষ্টিসন্তাপে সন্তাপিত ... হয়। জীবজগত মিথ্যাদৃষ্টি পরিদাহে পরিদহিত ... হয়।

জীবজগত জাতি দ্বারা অনুগত ... হয়। জীবজগত জরা দ্বারা অনুস্রত ... হয়। জীবজগত ব্যাধি দ্বারা অভিভূত ... হয়। জীবজগত মরণ দ্বারা উৎপীড়িত ... হয়। জীবজগত দুঃখে প্রতিষ্ঠিত ...- হয়।

জীবজগত তৃষ্ণায় আবদ্ধ ... হয়। জীবজগত জরা বেষ্টনীতে পরিবেষ্টিত ... হয়। জীবজগত মৃত্যুপাশে পরিবেষ্টিত ... হয়। জীবজগত রাগ, দ্বেষ, মোহ, মান, দৃষ্টি, ক্লেশ, দুশ্চরিত্র এসব মহাবন্ধনে আবদ্ধ; এই বন্ধনের মতো অন্য কোন দৃঢ়বন্ধন নেই ... হয়।

জীবজগত মহাক্লেশ বন্ধনে আবদ্ধ, সে বন্ধন ছিন্ন বা ভেদ করে দেওয়ার অন্য কেউ কোথাও নেই ... হয়। জীবজগত মহাঅন্তরায় দ্বারা আবদ্ধ, সে অন্তরায় মুক্ত করে দেওয়ার অন্য কেউ কোথাও নেই ... হয়। জীবজগত মহাপাপ প্রপাতে পতিত; সে প্রপাত হতে উদ্ধারকারী অন্য কেউ কোথাও নেই ... হয়। জীবজগত মহা ভয়াবহ, সে ভয়াবহ অবস্থা হতে ত্রাণকর্তা অন্য কেউ কোথাও নেই ... হয়। জীবজগত পুনর্জন্মে আবদ্ধ, সে পুনর্জন্ম আবদ্ধ হতে মুক্ত করার অন্য কেউ কোথাও নেই ... হয়। জীবজগত মহা দুর্দশা পরিবৃত, সে দুর্দশা হতে উদ্ধার করার অন্য কেউ

Visit: http://www.buddhistdownload.com

কোথাও নেই ... হয়। জীবজগত মহা পাপপঙ্কে নিমজ্জিত, সে পাপপঙ্ক হতে উদ্ধার করার অন্য কেউ কোথাও নেই।

জীবজগত মনস্তাপে উৎপীড়িত ... হয়। জীবজগত রাগ, দ্বেষ, মোহ, জরা, মরণ, শোক, পরিদেবন, দুঃখ, দৌর্মনস্য, উপায়াসাদি অগ্নি দ্বারা সদা প্রজ্বলিত, সে অগ্নি নির্বাপণ করে দেওয়ার অন্য কেউ কোথাও নেই ... হয়। জীবজগত উপদ্রুত; নিত্য দণ্ড প্রহারাদি দ্বারা হত্যা করে, মৃতপ্রায় করে ও নিষ্পেষণ করে ... হয়। জীবজগত পাপবন্ধনে আবদ্ধ, বিনাশকরণে সদা প্রস্তুত, সে বন্ধন হতে মুক্ত করার অন্য কেউ কোথাও নেই ... হয়। জীবজগত অসহায় বা করুণারপাত্র শূন্য, এখানে আশ্রয় দেওয়ার অন্য কেউ কোথাও নেই ... হয়। জীবজগত দুঃখে জর্জরিত, সুদীর্ঘকাল ধরে উৎপীড়িত হয়ে আসতেছে ... হয়। জীবজগত অনুরক্ত, সদা তৃষ্ণার্থ ... হয়।

জীবজগত অন্ধ, জ্ঞানচক্ষুহীন ... হয়। জীবজগত হতনেত্র, পথ প্রদর্শকহীন ... হয়। জীবজগত কুপথমুখী, সরল পথভ্রষ্ট; আর্যপথে চালিত করার অন্য কেউ কোথাও নেই ... হয়। জীবজগত মহা ওঘে ধাবমান, সে ওঘ হতে উদ্ধার করার অন্য কেউ কোথাও নেই ... হয়।

১১৮। জীবজগত দুই প্রকার মিথ্যাদৃষ্টিতে অভিভূত ... হয়। জীবজগত তিন প্রকার দুশ্চরিত্রে বিপ্রতিপন্ন ... হয়। জীবজগত চার প্রকার যোগ দ্বারা যোজিত ... হয়। জীবজগত চার প্রকার গ্রন্থি দ্বারা গ্রথিত ... হয়। জীবজগত চার প্রকার উপাদান দ্বারা অনুরক্ত ... হয়। জীবজগত পঞ্চগতিতে প্রবিষ্ট ... হয়। জীবজগত পঞ্চকামগুণে রঞ্জিত ... হয়।

জীবজগত পঞ্চ নীবরণ দ্বারা আবৃত ... হয়। জীবজগত ছয় প্রকার বিবাদেরমূল দ্বারা বিবাদপূর্ণ ... হয়। জীবজগত ছয় প্রকার তৃষ্ণা (কায়) দ্বারা অনুরক্ত ... হয়। জীবজগত ছয় প্রকার দৃষ্টিগত দ্বারা অভিভূত ... হয়। জীবজগত সাত প্রকার অনুশয় দ্বারা অনুস্রত ... হয়। জীবজগত সাত প্রকার সংযোজন দ্বারা সংযুক্ত ... হয়। জীবজগত সাত প্রকার মান দ্বারা স্ফীত ... হয়। জীবজগত আট প্রকার লোকধর্ম দ্বারা আবর্তিত ... হয়। জীবজগত আট প্রকার ভ্রান্তধারণা দ্বারা সমর্পিত ... হয়। জীবজগত আট

Visit: http://www.buddhistdownload.com

প্রকার পুরুষদোষে দূষিত ... হয়। জীবজগত নয় প্রকার শত্রুতার কারণে উত্তেজিত ... হয়। জীবজগত নয় প্রকার অহংকার দ্বারা স্ফীত ... হয়। জীবজগত নয় প্রকার তৃষ্ণামূল ধর্ম দ্বারা অনুরক্ত ... হয়। জীবজগত দশ প্রকার ক্লেশ বিষয় দ্বারা ক্লেদযুক্ত ... হয়। জীবজগত দশ প্রকার বিদ্বেষের কারণে উত্তেজিত ... হয়। জীবজগত দশ প্রকার অকুশল কর্মপথে সমন্বিত ... হয়। জীবজগত দশ প্রকার সংযোজন দ্বারা আবদ্ধ ... হয়। জীবজগত দশ প্রকার ভ্রান্ত ধারণায় নিযুক্ত ... হয়। জীবজগত দশ প্রকার মিথ্যাদৃষ্টি দ্বারা সমন্বিত ... হয়। জীবজগত দশ প্রকার কায়-হেতু সদ্ধর্ম বিরোধী মিথ্যাদৃষ্টি দ্বারা সমন্বিত ... হয়। জীবজগত ৮শত তৃষ্ণা ও ১শত প্রপঞ্চে প্রপঞ্চিত ... হয়। জীবজগত ৬২ প্রকার মিথ্যাদৃষ্টি দ্বারা অধিকৃত ... হয়।

আমি 'আমি' হতে উত্তীর্ণ, লোক (জগত) অনুত্তীর্ণ এবং আমি 'আমি' হতে মুক্ত, লোক অমুক্ত। আমি 'আমি' হতে দমিত, লোক অদমিত। আমি 'আমি' থেকে শান্ত, লোক অশান্ত। আমি 'আমি' থেকে বিমুক্ত, লোক অবিমুক্ত। আমি 'আমি' থেকে পরিনির্বাপিত, লোক পরিনির্বাপিত নয়। আমি উত্তীর্ণকে উদ্ধার করতে, মুক্তকে মুক্ত করতে, দমিতকে দমন করতে, শান্তকে শান্ত করতে, বিমুক্তকে বিমুক্ত করতে, পরিনির্বাপিতকে পরিনির্বাপিত করতে সমর্থ ... হয়। এটাই তথাগতের মহাকরুণা-সমাপত্তি জ্ঞান।

মহাকরুণা জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৭২-৭৩। সর্বজ্ঞতা জ্ঞান বর্ণনা

১১৯। তথাগতের সর্বজ্ঞতা-জ্ঞান কিরূপ? তথাগত সংস্কৃত ও অসংস্কৃত সমস্ত ধর্ম সম্পূর্ণরূপে জানেন– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে (বা সে জানার মধ্যে) কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা অনাবরণ জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

১২০। তথাগত অতীতের সবকিছুই জানেন– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান। তথাগত অনাগতের সবকিছুই জানেন– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান। তথাগত বর্তমানের সবকিছুই জানেন– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান।

চক্ষু এবং রূপ, এরূপে তথাগত তা সবই জানেন– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের জ্ঞান। শ্রোত্র এবং শব্দ, এরূপে ... জ্ঞান। ঘ্রাণ এবং গন্ধ, এরূপে ... জ্ঞান। জিহ্বা এবং রস, এরূপে ... জ্ঞান। কায় এবং স্পর্শ, এরূপে ... জ্ঞান। মন এবং ধর্ম (মনো গোচর বিষয়), এরূপে ... জ্ঞান।

যেসব অনিত্য-স্বভাব, দুঃখ-স্বভাব, অনাত্ম-স্বভাব তথাগত সেসব জানেন– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান। রূপের যে অনিত্য-স্বভাব, দুঃখ-স্বভাব, অনাত্ম-স্বভাব তথাগত ... জ্ঞান। বেদনা যে অনিত্য-স্বভাব ... জ্ঞান। সংজ্ঞার যে অনিত্য-স্বভাব ... জ্ঞান। সংস্কারের যে অনিত্য-স্বভাব ... জ্ঞান। বিজ্ঞানের যে অনিত্য-স্বভাব ... জ্ঞান। চক্ষুর যে অনিত্য-স্বভাব ... জ্ঞান। জরা-মরণের যে অনিত্য-স্বভাব ... জ্ঞান।

যেসব অভিজ্ঞার্থ, সেসব তথাগত জানেন– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান। যেসব পরিজ্ঞানের পরিজ্ঞার্থ, সেসব তথাগত ... জ্ঞান। যেসব প্রহীনের প্রহানার্থ, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব ভাবনার ভাবনার্থ, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব সাক্ষাৎ করণের সাক্ষাৎকরণার্থ, সেসবই তথাগত ... জ্ঞান।

যেসব স্কন্ধের স্কন্ধার্থ, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব ধাতুর ধাতুার্থ, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব আয়তনের আয়তনার্থ, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব সংস্কৃতের সংস্কৃতার্থ, সেসবই তথাগত ... জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

যেসব অসংস্কৃতের অসংস্কৃতার্থ, সেসবই তথাগত ... জ্ঞান।

যেসব ধর্ম কুশল, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব ধর্ম অকুশল, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব ধর্ম অব্যাকৃত, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব ধর্ম কামাবচর, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব ধর্ম রূপাবচর, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব ধর্ম অরূপাবচর, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব ধর্ম লোকোত্তর, সেসব তথাগত ... জ্ঞান।

যেসব দুঃখের দুঃখ-স্বভাব, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব সমুদয়ের সমুদয়-স্বভাব, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব নিরোধের নিরোধ-স্বভাব, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব মার্গের মার্গ-স্বভাব, সেসব তথাগত ... জ্ঞান।

যেসব অর্থপ্রতিসম্ভিদার অর্থপ্রতিসম্ভিদা-স্বভাব, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব ধর্মপ্রতিসম্ভিদার ধর্মপ্রতিসম্ভিদা-স্বভাব, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব নিরুক্তি প্রতিসম্ভিদার নিরুক্তি প্রতিসম্ভিদা-স্বভাব, সেসবই তথাগত ... জ্ঞান। যেসব প্রতিভান প্রতিসম্ভিদার নিরুক্তিপ্রতিসম্ভিদা-স্বভাব, সেসবই তথাগত ... জ্ঞান।

যেসব ইন্দ্রিয় পরোপরতা যেসব জ্ঞান রয়েছে সেসবই তথাগত ... জ্ঞান। যেসব আশয়ানুশয় যেসব জ্ঞান রয়েছে, সেসবই তথাগত ... জ্ঞান। যমক প্রতিহার্য যেসব জ্ঞান, সেসবই তথাগত ... জ্ঞান। মহাকরুণা সমাপত্তি যেসব জ্ঞান রয়েছে, সেসবই তথাগত ... জ্ঞান। দেবলোক, ব্রহ্মলোক, মারভূবনসহ এজগতে শ্রমণ-ব্রাহ্মণ, দেব-মনুষ্যগণের যেসব দৃষ্ট, শ্রুত, অনুমিত, জ্ঞান, প্রাপ্ত; মন দ্বারা নির্ণীত, বিবেচিত, সেসবই তথাগত জানেন– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান।

১২১।

এজগতে অদৃষ্ট, অজ্ঞাত কিছু নেই আমার,
জ্ঞাতব্যে অভিজ্ঞেয় আমি বিধি অনুসার;
সামন্ত চক্ষুষ্মান, তাই তথাগত সার।

Visit: http://www.buddhistdownload.com

'সামন্তচক্ষু, সামন্তচক্ষু' বলা হয়, কোন অর্থে সামন্তচক্ষু? চৌদ্দ প্রকার বুদ্ধজ্ঞানই হল সামন্তচক্ষু (বা সর্বজ্ঞ)। যথা– দুঃখে জ্ঞান, দুঃখসমুদয়ে জ্ঞান, দুঃখনিরোধে জ্ঞান, দুঃখ নিরোধগামিনী প্রতিপদায় জ্ঞান, অর্থ-প্রতিসম্ভিদা জ্ঞান, ধর্ম-প্রতিসম্ভিদা জ্ঞান, নিরুক্তি-প্রতিসম্ভিদা জ্ঞান, প্রতিভান-প্রতিসম্ভিদা জ্ঞান, ইন্দ্রিয় পরোপরতা (বা পরচিত্ত বিজানন) জ্ঞান, সত্ত্বগণের আশয়ানুশয় জ্ঞান, যমক প্রতিহার্য জ্ঞান, মহাকরুণা সমাপত্তি জ্ঞান, সর্বজ্ঞতা জ্ঞান এবং অনাবরণ জ্ঞান– এগুলো চৌদ্দ প্রকার বুদ্ধজ্ঞান। এই চৌদ্দ প্রকার বুদ্ধ জ্ঞানের মধ্যে প্রথমদিকের আট প্রকার জ্ঞান সাধারণ অর্থাৎ শ্রাবকগণের লভ্য আর শেষের ছয় প্রকার জ্ঞান অসাধারণ অর্থাৎ কেবলমাত্র বুদ্ধগণের লভ্য।

যেসব দুঃখের দুঃখ-স্বভাব, সেসব তথাগতের জ্ঞাত; কোন দুঃখ-স্বভাব অজ্ঞাত নেই– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান। যেসব দুঃখের দুঃখ-স্বভাব, সেসব তথাগতের জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত এবং প্রজ্ঞা দ্বারা স্পর্শিত; প্রজ্ঞা দ্বারা অস্পর্শিত কোন দুঃখ-স্বভাব নেই– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান। যেসব দুঃখ সমুদয়ের সমুদয়-স্বভাব, সেসব ... জ্ঞান। যেসব দুঃখনিরোধের নিরোধ-স্বভাব, সেসব ... জ্ঞান। যেসব মার্গের মার্গ-স্বভাব, সেসব ... জ্ঞান।

যেসব অর্থ-প্রতিসম্ভিদার অর্থ-প্রতিসম্ভিদা-স্বভাব, সেসব তথাগতের জ্ঞাত; কোন অর্থ-প্রতিসম্ভিদা-স্বভাব অজ্ঞাত নেই– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান। যেসব অর্থ-প্রতিসম্ভিদার অর্থ-প্রতিসম্ভিদা-স্বভাব, সেসব তথাগতের জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত এবং প্রজ্ঞা দ্বারা স্পর্শিত; প্রজ্ঞা দ্বারা অস্পর্শিত কোন অর্থ-প্রতিসম্ভিদা-স্বভাব নেই– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান। যেসব ধর্ম-প্রতিসম্ভিদার ধর্ম-প্রতিসম্ভিদা-স্বভাব, সেসব ... জ্ঞান। যেসব নিরুক্তি-প্রতিসম্ভিদার নিরুক্তি-প্রতিসম্ভিদা-

Visit: http://www.buddhistdownload.com

স্বভাব, সেসব ... জ্ঞান। যেসব প্রতিভান-প্রতিসম্ভিদার প্রতিভান-প্রতিসম্ভিদা-স্বভাব, সেসব ... জ্ঞান।

যেসব ইন্দ্রিয় পরোপরতা জ্ঞান, সেসব তথাগতের জ্ঞাত; কোন ইন্দ্রিয় পরোপরতা জ্ঞান অজ্ঞাত নেই– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান। যেসব ইন্দ্রিয় পরোপরতা জ্ঞান, সেসব তথাগতের জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত এবং প্রজ্ঞা দ্বারা স্পর্শিত; প্রজ্ঞা দ্বারা অস্পর্শিত কোন ইন্দ্রিয় পরোপরতা জ্ঞান নেই– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান। যেসব সত্ত্বগণের আশয়ানুশয়ে জ্ঞান, ... জ্ঞান। যেসব যমক প্রতিহার্য জ্ঞান, ... জ্ঞান। যেসব মহাকরুণা সমাপত্তি জ্ঞান, ... জ্ঞান।

দেবলোক, ব্রহ্মলোক, মারভুবণসহ এজগতে শ্রমণ-ব্রহ্মণ, দেব-মনুষ্যগণের যেসব দৃষ্ট, শ্রুত, অনুমিত, জ্ঞাত, প্রাপ্ত, মন দ্বারা নির্ণীত, বিবেচিত; সেসবই তথাগতের জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত এবং প্রজ্ঞা দ্বারা স্পর্শিত; প্রজ্ঞা দ্বারা অস্পর্শিত কিছু নেই– এটা তথাগতের সর্বজ্ঞতা জ্ঞান। তাতে কোন প্রকার আবরণ বিদ্যমান নেই– এটা তথাগতের অনাবরণ জ্ঞান।

এজগতে অদৃষ্ট, অজ্ঞাত কিছু নেই আমার;
জ্ঞাতব্য অভিজ্ঞেয় আমি বিধি অনুসার;
সামন্ত-চক্ষুষ্মান তাই তথাগত সার।

সর্বজ্ঞতা জ্ঞান বর্ণনা সমাপ্ত।

জ্ঞানকথা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

২। দৃষ্টিকথা

১২২। (১) দৃষ্টি কি? অভিনিবেশ পরামর্শই দৃষ্টি, (২) দৃষ্টিস্থান কয় প্রকার? দৃষ্টিস্থান আট প্রকার, (৩) দৃষ্টিপ্রবণতা কয় প্রকার? দৃষ্টিপ্রবণতা আটার প্রকার, (৪) দৃষ্টি কয় প্রকার? দৃষ্টি ষোল প্রকার, (৫) দৃষ্টি অভিনিবেশ কয় প্রকার? দৃষ্টি অভিনিবেশ তিন শত প্রকার (৬) দৃষ্টিস্থান উচ্ছেদ কি? স্রোতাপত্তিমার্গই দৃষ্টিস্থান উচ্ছেদ।

১২৩। অভিনিবেশ পরামর্শ দৃষ্টি কি? 'রূপ' এটা আমার, এতে আমি, এটা আমার আত্মা– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। 'বেদনা' এটা আমার ...। 'সংজ্ঞা' এটা আমার ... 'সংস্কার' এটা আমার ...। 'বিজ্ঞান' এটা আমার ... । 'চক্ষু' এটা আমার ...। 'শ্রোত্র' এটা আমার ...। 'ঘ্রাণ' এটা আমার ...। 'জিহ্বা' এটা আমার ...। 'কায়' এটা আমার ...। 'মন' এটা আমার ...। 'রূপ' এটা আমার ...। 'শব্দ' এটা আমার ... । 'গন্ধ' এটা আমার ...। 'রস' এটা আমার ...। 'স্পর্শ' এটা আমার ...। 'ধর্ম' এটা আমার ...। 'চক্ষু-বিজ্ঞান' এটা আমার ... 'শ্রোত্র-বিজ্ঞান' এটা আমার ... 'ঘ্রাণ-বিজ্ঞান' ... জিহ্বা-বিজ্ঞান ... কায়-বিজ্ঞান ... মন-বিজ্ঞান ... চক্ষু-সংস্পর্শজ ... শ্রোত্রসংস্পর্শজ ... ঘ্রাণসংস্পর্শজ ... জিহ্বাসংস্পর্শজ ... কায়সংস্পর্শজ ... মনসংস্পর্শজ ... চক্ষুসংস্পর্শজ বেদনা ... শ্রোত্রসংস্পর্শজ বেদনা ... ঘ্রাণসংস্পর্শজ বেদনা ... জিহ্বাসংস্পর্শজ বেদনা ... কায়সংস্পর্শজ বেদনা ... মনসংস্পর্শজ বেদনা ...।

'রূপসংজ্ঞা' এটা আমার, এতে আমি, এটা আমার আত্মা– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। 'শব্দসংজ্ঞা' ... 'গন্ধসংজ্ঞা' ... 'রসসংজ্ঞা' ... 'স্পর্শসংজ্ঞা' ... 'ধর্মসংজ্ঞা' ... 'রূপসঞ্চেতন'... 'শব্দসঞ্চেতন' ... গন্ধসঞ্চেতন ... রসসঞ্চেতন ... স্পর্শসঞ্চেতন ... ধর্মসঞ্চেতন ... রূপতৃষ্ণা ... শব্দতৃষ্ণা ... গন্ধতৃষ্ণা ... রসতৃষ্ণা ... স্পর্শতৃষ্ণা ... ধর্মতৃষ্ণা ... স্পর্শ-বিতর্ক ... শব্দ-বিতর্ক ... গন্ধ-বিতর্ক ... রস-বিতর্ক ... স্পর্শ বিতর্ক ... ধর্ম-বিতর্ক ... রূপ-বিচার ...- শব্দ-বিচার ... গন্ধ-বিচার ... রস-বিচার ... স্পর্শ-বিচার ... ধর্ম-বিচার ...।

Visit: http://www.buddhistdownload.com

'পৃথিবীধাতু' এটা আমার, এতে আমি, এটা আমার আত্মা– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। আপধাতু ... তেজধাতু ... বায়ুধাতু ... আকাশধাতু ... বিজ্ঞানধাতু ... পৃথিবীকৃৎস্ন ... আপ্‌কৃৎস্ন ... তেজকৃৎস্ন ... বায়ুকৃৎস্ন ... নীলকৃৎস্ন ... পীতকৃৎস্ন ... লোহিতকৃৎস্ন ... ওদাতকৃৎস্ন ... আকাশকৃৎস্ন ... বিজ্ঞানকৃৎস্ন ...।

'কেশ' (বা চুল) এটা আমার, এতে আমি, এটা আমার আত্মা– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। লোম ... নখ ... দন্ত ... ত্বক ... মাংস ... স্নায়ু ... অস্থি ... অস্থিমজ্জা ... বৃক্ক ... হৃদয় ... যকৃৎ ... ক্লোম ... প্লীহা ... মফুসফুস ... অন্ত্র ... ক্ষুদ্রঅন্ত্র ... উদর ... মল ... পিত্ত ... শ্লেষ্মা ... পূঁষ ... রক্ত ... স্বেদ ... মেদ ... অশ্রু ... বসা ... লালা ... সিকনি ... লসিকা ... মূত্র ... মস্তিষ্ক ...।

'চক্ষু আয়তন' এটা আমার, এতে আমি, এটা আমার আত্মা– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। রূপ আয়তন ... শ্রোত্র আয়তন ... শব্দ আয়তন ... ঘ্রাণ আয়তন ... গন্ধ আয়তন ... জিহ্বা আয়তন ... রস আয়তন ... কায় আয়তন ... স্পর্শ আয়তন ... মন আয়তন ... ধর্ম আয়তন ...।

'চক্ষুধাতু' এটা আমার, এতে আমি, এটা আমার আত্মা – এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। রূপধাতু ... চক্ষু-বিজ্ঞান ধাতু ... শ্রোত্র ধাতু ... শব্দ ধাতু ... শ্রোত্র-বিজ্ঞান ধাতু ... ঘ্রাণধাতু ... গন্ধধাতু ... ঘ্রাণ-বিজ্ঞান ধাতু ... জিহ্বা ধাতু ... রস ধাতু ... জিহ্বা-বিজ্ঞান ধাতু ... কায় ধাতু ... স্পর্শ ধাতু ... কায়-বিজ্ঞান ধাতু ... মনোধাতু ... ধর্মধাতু ... মনো-বিজ্ঞান ধাতু ...।

'চক্ষু ইন্দ্রিয়' এটা আমার, এতে আমি, এটা আমার আত্মা– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। শ্রোত্র ইন্দ্রিয় ... ঘ্রাণ ইন্দ্রিয় ... জিহ্বা ইন্দ্রিয় ... কায় ইন্দ্রিয় ... জীবিতেন্দ্রিয় ... স্ত্রী ইন্দ্রিয় ... পুরুষ ইন্দ্রিয় ...- সুখ ইন্দ্রিয় ... দুঃখ ইন্দ্রিয় ... সৌমনস্য ইন্দ্রিয় ... দৌমনস্য ইন্দ্রিয় ... উপেক্ষা ইন্দ্রিয় ...- শ্রদ্ধা ইন্দ্রিয় ... বীর্য ইন্দ্রিয় ... স্মৃতি ইন্দ্রিয় ... সমাধি ইন্দ্রিয় ... প্রজ্ঞা ইন্দ্রিয় ...।

Visit: http://www.buddhistdownload.com

'কাম ধাতু' এটা আমার, এতে আমি , এটা আমার আত্মা– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। রূপধাতু ... অরূপধাতু ... কামভব ... রূপভব ... অরূপভব ... সংজ্ঞভব ... অসংজ্ঞাভব ... নৈবসংজ্ঞা নাসংজ্ঞাভব ... একবোকারভব ... চতুবোকারভব ... পঞ্চবোকারভব ... প্রথমধ্যান ... দ্বিতীয়ধ্যান ... তৃতীয়ধ্যান ... চতুর্থধ্যান ... মৈত্রী চিত্ত বিমুক্ত ... করুণা চিত্ত বিমুক্ত ... মুদিতা চিত্ত বিমুক্ত ... উপেক্ষা চিত্ত বিমুক্ত ... আকাশানন্তায়তন সমাপত্তি ... বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি ... আকিঞ্চনায়তন সমাপত্তি ... নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তি ...।

'অবিদ্যা' এটা আমার, এতে আমি, এটা আমার আত্মা– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। সংস্কারে ... বিজ্ঞান ... নারূপ ... ষড়ায়তন ... স্পর্শ ... বেদনা ... তৃষ্ণা ... উপদান ... ভব ... জাতি ... জরামরণ ...।

১২৪। আট প্রকার দৃষ্টিস্থান কি কি? পঞ্চস্কন্ধ দৃষ্টিস্থান, অবিদ্যা দৃষ্টিস্থান, স্পর্শ দৃষ্টিস্থান, সংজ্ঞা দৃষ্টিস্থান, বিতর্ক দৃষ্টিস্থান, বিশৃঙ্খলা মনোনিবেশ দৃষ্টিস্থান, পাপমিত্র দৃষ্টিস্থান ও পরমত দৃষ্টিস্থান।

সমুত্থানের অবস্থান দ্বারা স্কন্ধ হেতুতে এবং স্কন্ধের কারণে দৃষ্টি উৎপন্ন হয়ে থাকে। এভাবে পঞ্চস্কন্ধের দৃষ্টিস্থান হয়। ... অবিদ্যা হেতুতে এবং অবিদ্যা কারণে ... অবিদ্যার দৃষ্টিস্থান হয়। ... স্পর্শ হেতুতে এবং স্পর্শের কারণে ... স্পর্শের দৃষ্টিস্থান হয়। ... সংজ্ঞা হেতুতে এবং সংজ্ঞার কারণে ... সংজ্ঞার দৃষ্টিস্থান হয়। ... বিতর্ক হেতুতে এবং বিতর্কের কারণে ... বিতর্কের দৃষ্টিস্থান। বিশৃঙ্খল মনোনিবেশ হেতুতে এবং বিশৃঙ্খল মনোনিবেশের কারণে ... বিশৃঙ্খল মনোনিবেশের দৃষ্টিস্থান হয়। ... পাপমিত্র হেতুতে এবং পাপমিত্রের কারণে ... পাপমিত্রের দৃষ্টিস্থান হয়। পরমত হেতুতে এবং পরমতের কারণে ... পরমত দৃষ্টিস্থান হয়। এগুলোই আট প্রকার দৃষ্টিস্থান।

১২৫। আঠার প্রকার দৃষ্টি পর্যুত্থান (অধিকৃত) কি? যেসব দৃষ্টি দৃষ্টিগত, দৃষ্টিগম্ভীর, দৃষ্টিকান্তার, (অনাতক্রম্য দৃষ্টি) দৃষ্টিভেদ, দৃষ্টিবিস্ফন্দিত, দৃষ্টি সংযোজন, দৃষ্টিশল্য, দৃষ্টিসংকীর্ণ, দৃষ্টিপ্রতিবন্ধক, দৃষ্টিবন্ধন, দৃষ্টিপ্রপাত, দৃষ্টিঅনুশয়, দৃষ্টিসন্তাপ, দৃষ্টিদহন, দৃষ্টিগ্রন্থি, দৃষ্টি

Visit: http://www.buddhistdownload.com

উপাদান, দৃষ্টি অভিনিবেশ, দৃষ্টি পরামর্শ– এগুলোই আঠার প্রকার দৃষ্টি পর্যুত্থান।

১২৬। ষোল প্রকার দৃষ্টি কি? আস্বাদ দৃষ্টি, আত্মানুদৃষ্টি, মিথ্যাদৃষ্টি, সৎকায়দৃষ্টি, সৎকায় বিষয়ক শাশ্বত দৃষ্টি, সৎকায় বিষয়ক উচ্ছেদদৃষ্টি, অন্তগ্রাহিকা দৃষ্টি, পূর্বান্তানু দৃষ্টি, অপরন্তানু দৃষ্টি, সংযোজনিক দৃষ্টি, 'আমি' মানবদ্ধ দৃষ্টি, 'আমার' মানবদ্ধ দৃষ্টি, আত্মবাদ সংযুক্ত দৃষ্টি, লোকবাদ সংযুক্ত দৃষ্টি, ভব দৃষ্টি, বিভব দৃষ্টি– এ ষোল প্রকার দৃষ্টি।

১২৭। তিনশত দৃষ্টি অভিনিবেশ কি? কত প্রকারে আস্বাদ দৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে আত্মানুদৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে মিথ্যাদৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে সৎকায়দৃষ্টি অভিনিবেশ হয়? কত সৎকায়বস্তুক শাশ্বতদৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে সৎকায় বিষয়ক উচ্ছেদ দৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে অন্তগ্রাহিকা দৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে পূর্বান্তানুদৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে অপরন্তানুদৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে সংযোজনিক দৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে 'আমি' মানবদ্ধ দৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে 'আমার' মানবদ্ধ দৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে আত্মবাদ সংযুক্ত দৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে লোক সংযুক্ত দৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে ভবদৃষ্টি অভিনিবেশ হয়? কত প্রকারে বিভব দৃষ্টি অভিনিবেশ হয়?

আস্বাদদৃষ্টি ৩৫ প্রকারে অভিনিবেশ হয়। আত্মানুদৃষ্টি ২০ প্রকারে ...। মিথ্যাদৃষ্টি ১০ প্রকারে ...। সৎকায়দৃষ্টি ২০ প্রকারে ...। সৎকায় বিষয়ক শাশ্বতদৃষ্টি ১৫ ... । সৎকায় বিষয়ক উচ্ছেদদৃষ্টি ৫ প্রকারে ...। অন্তগ্রাহিকাদৃষ্টি ৫০ প্রকারে ...। পূর্বান্তানুদৃষ্টি ১৮ প্রকারে ...। অপরন্তানুদৃষ্টি ৪৪ প্রকারে ...। সংযোজনিকদৃষ্টি ১৮ প্রকারে ...। 'আমি' মানবদ্ধ দৃষ্টি ১৮ প্রকারে ...। 'আমার' মানবদ্দ দৃষ্টি ১৮ প্রকারে ... আত্মবাদ সংযুক্ত দৃষ্টি ২০ প্রকারে ...। লোকবাদ সংযুক্ত দৃষ্টি ৮ প্রকারে ...। ভবদৃষ্টি ১ প্রকারে ... ।

Visit: http://www.buddhistdownload.com

১। আস্বাদদৃষ্টি বর্ণনা

১২৮। আস্বাদদৃষ্টি কিরূপে ৩৫ প্রকারে অভিনিবেশ হয়? রূপের প্রত্যয়ে যে সুখ ও সৌমনস্য উৎপন্ন হয়, এটি রূপের আস্বাদ– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি আস্বাদ নয়, আস্বাদও দৃষ্টি নয়; দৃষ্টি অন্য, আস্বাদও অন্য। যে দৃষ্টি এবং যে আস্বাদ– এটাকে বলা হয় আস্বাদ দৃষ্টি।

আস্বাদদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টি বিপত্তি। সেই দৃষ্টি বিপত্তিতে সমন্বিত পুদগল দৃষ্টিবিপন্ন হয়। দৃষ্টিবিপন্ন পুদগলকে সেবা, ভজনা, পূজা করা অনুচিত। তার কারণ কি? যেহেতু তার দৃষ্টি পাপজনক। দৃষ্টি দ্বারা বা দৃষ্টির কারণে যে রাগ তা দৃষ্টি নয়; দৃষ্টিও রাগ নয়। দৃষ্টি অন্য, রাগও অন্য। যা দৃষ্টি এবং যা রাগ– এটাকে বলা হয় দৃষ্টিরাগ। সেই দৃষ্টি ও রাগ (দ্বারা) সমন্বিত পুদগল দৃষ্টিরাগযুক্ত হয়। দৃষ্টিরাগযুক্ত পুদগলকে দান দিলে মহাফল, মহাপুণ্য হয় না। তার কারণ কি? যেহেতু তার দৃষ্টি পাপজনক, আস্বাদদৃষ্টি, মিথ্যাদৃষ্টি।

মিথ্যাদৃষ্টিক পুদগলের দুই গতিই হয়– নিরয়গতি অথবা তির্যকগতি। তাদের যেই কায়কর্ম, তা যথাদৃষ্টিতে (বা মিথ্যাদৃষ্টিতে) সম্পাদিত হয়, গৃহীত হয়; যেই বাক্ কর্ম তাও যথাদৃষ্টিতে সম্পদিত হয়, গৃহীত হয় এবং যেসব মনোকর্ম তাও যথাদৃষ্টিতে সম্পাদিত হয়, গৃহীত হয়। আর তাদের যেই চেতনা, যেই প্রার্থনা, যেই অধিষ্ঠান হোক না কেন সেই সমস্ত ধর্ম অনিষ্ট, অকান্ত (অপ্রীতিকর), অমনাপ, অহিত ও দুঃখের জন্য সংবর্তিত হয়। তা কি কারণে? পাপজনক দৃষ্টির কারণে। যেমন– নিম্ববীজ, কোশাতকীবীজ (ঝিঙ্গাবীজ) বা তিক্ত শসাবীজ আর্দ্র মাটিতে রোপন করলে যে মাটির রস ও জল গ্রহণ করুক না কেন সে সবই (অথাৎ উল্লেখিত বীজের সব ফলই) তিক্ত, কটু (তীব্র তিতা) ও বিস্বাদযুক্ত হয়। তা কি কারণে? তিক্ত জাতীয় বীজের কারণে। অনুরূপভাবে মিথ্যাদৃষ্টিক পুদগলের যে কায়কর্য, বাক্কর্ম, মনোকর্ম তাও যথাদৃষ্টিতে সম্পাদিত, গৃহীত হয়। আর যেই চেতনা, যেই ইচ্ছা, যেই প্রার্থনা এবং যেই অধিষ্ঠান হোক না কেন সেই ধর্ম সমস্ত অনিষ্ট, অকান্ত, অমনাপ, অহিত ও দুঃখের জন্য

Visit: http://www.buddhistdownload.com

সংবর্তিত হয়। তা কি কারণে? পাপজনক দৃষ্টি, আস্বাদদৃষ্টি ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি দৃষ্টিগত, দৃষ্টিগম্ভীর, দৃষ্টিকান্তার (অনতিক্রম দৃষ্টি), দৃষ্টিভেদ, দৃষ্টিবিস্ফন্দিত, দৃষ্টিসংযোজন, দৃষ্টিশল্য, দৃষ্টিসংকীর্ণ, দৃষ্টিপ্রতিবন্ধন, দৃষ্টিপ্রপাত, দৃষ্টিঅনুশয়, দৃষ্টিসন্তাপ, দৃষ্টিপরিদাহ, দৃষ্টিগ্রন্থি, দৃষ্টি উপাদান, দৃষ্টি অভিনিবেশ ও দৃষ্টিপরামর্শ– এই আটার প্রকারে অভিভূত বা পর্যুদস্ত চিত্তের সংযোগ হয়।

১২৯। কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত আর কিছু কিছু অন্তর্ভুক্ত নয়। কোন সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত? সৎকায়দৃষ্টি ও শীলব্রত পরামর্শ– এই সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভূক্ত। কোন সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়? কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, মান সংযোজন, বিচিকিৎসা সংযোজন, ভবরাগ সংযোজন, ঈর্ষা সংযোজন, মাৎসর্য সংযোজন, অনুনয় সংযোজন, অবিদ্যা সংযোজন– এই সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়।

বেদনা প্রত্যয়ে যে সুখ ও সৌমনস্য উৎপন্ন হয়, তা বেদনার আস্বাদ– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। সংজ্ঞা প্রত্যয়ে যে ...। সংস্কার প্রত্যয়ে যে ...। বিজ্ঞান প্রত্যয়ে যে ...। চক্ষু প্রত্যয়ে যে ...। শ্রোত্র প্রত্যয়ে যে ... । ঘ্রাণ প্রত্যয়ে যে ...। জিহ্বা প্রত্যয়ে যে ...। কায় প্রত্যয়ে যে ...। মন প্রত্যয়ে যে ...। রূপ প্রত্যয়ে যে ...। শব্দ প্রত্যয়ে যে ...। গন্ধ প্রত্যয়ে যে ...। রস প্রত্যয়ে যে ...। স্পর্শ প্রত্যয়ে যে ...। ধর্ম প্রত্যয়ে যে ...। চক্ষু-বিজ্ঞান প্রত্যয়ে যে ...। শ্রোত্র-বিজ্ঞান প্রত্যয়ে যে ...। ঘ্রাণ-বিজ্ঞান প্রত্যয়ে যে ...। জিহ্বা-বিজ্ঞান প্রত্যয়ে যে ...। কায়-বিজ্ঞান প্রত্যয়ে যে ...। মনো-বিজ্ঞান প্রত্যয়ে যে ...। চক্ষু সংসংস্পর্শ প্রত্যয়ে যে ...। শ্রোত্র সংস্পর্শ প্রত্যয়ে যে ...। ঘ্রাণ সংস্পর্শ প্রত্যয়ে যে ...। জিহ্বা সংস্পর্শ প্রত্যয়ে যে ...। কায় সংস্পর্শ প্রত্যয়ে যে ...। মন সংস্পর্শ প্রত্যয়ে যে ...। চক্ষুসংস্পর্শজ বেদনা প্রত্যয়ে যে ...। শ্রোত্রসংস্পর্শজ বেদনা প্রত্যয়ে যে ...। ঘ্রাণসংস্পর্শজ বেদনা প্রত্যয়ে যে ...। জিহ্বাসংস্পর্শজ বেদনা প্রত্যয়ে যে ...। মনসংস্পর্শজ বেদনা প্রত্যয়ে যে ...। দৃষ্টি আস্বাদ নয়,

Visit: http://www.buddhistdownload.com

আস্বাদও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, আস্বাদও অন্য। যে দৃষ্টি এবং যে রাগ– একেই বলা হয় আস্বাদদৃষ্টি।

আস্বাদদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে সমন্বিত পুদগল দৃষ্টিবিপন্ন হয়। দৃষ্টিবিপন্ন পুদগলকে সেবা, ভজনা, পূজা করা অনুচিত। তা কি কারণে? তার পাপজনক দৃষ্টির কারণে। দৃষ্টির কারণে যে রাগ তা দৃষ্টি নয়, দৃষ্টিও রাগ নয়। দৃষ্টি অন্য, রাগও অন্য। যে দৃষ্টি এবং যে রাগ– একেই বলা হয় দৃষ্টিরাগ। সেই দৃষ্টি ও রাগে সমন্বিত পুদগল দৃষ্টিরাগযুক্ত হয়। দৃষ্টিরাগযুক্ত পুদগলকে দান দিলে মহাফল, মহাপুণ্য হয় না। তা কি কারণে? তার দৃষ্টি পাপজনক, আস্বাদদৃষ্টি ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের দুই গতিই হয়– নিরয়গতি অথবা তির্যকগতি। মিথ্যাদৃষ্টি পুদগলের যেসব কায়কর্ম তা ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি দৃষ্টিগত, দৃষ্টিগম্ভীর ... – এই আটার প্রকারে অভিভূত বা পর্যুদস্ত চিত্তের সংযোগ হয়।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত আর কিছু কিছু অন্তর্ভুক্ত নয়। কোন সংযোজনসমূহ ... – এই সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়। আস্বাদ দৃষ্টি এই পঁয়ত্রিশ প্রকারে অভিনিবেশ হয়।

আস্বাদ দৃষ্টি বর্ণনা সমাপ্ত।

২। আত্মানুদৃষ্টি বর্ণনা

১৩০। কোন বিশ প্রকারে আত্মানুদৃষ্টির অভিনিবেশ হয়? এখানে অশ্রুতবান পৃথগজন আর্যগণের অদর্শী, আর্যধর্মে অকোবিদ, আর্যধর্মে অবিনীত এবং সৎপুরুষগণের অদর্শী, সৎপুরুষধর্মে অকোবিদ, সৎপুরুষধর্মে অবিনীত হয়ে রূপকে আত্মারূপে দর্শন করে, রূপবন্তে আত্মা দর্শন করে, আত্মাতে রূপ দর্শন করে এবং রূপে আত্মা দর্শন করে। বেদনাকে আত্মারূপে দর্শন করে, বেদনাবন্তে আত্মা দর্শন করে, আত্মাতে

Visit: http://www.buddhistdownload.com

বেদনা দর্শন করে এবং বেদনায় আত্মা দর্শন করে। সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে, সংজ্ঞাবন্তে আত্মা দর্শন করে, আত্মাতে সংজ্ঞা দর্শন করে এবং সংজ্ঞায় আত্মা দর্শন করে। সংস্কারকে আত্মারূপে দর্শন করে, সংস্কারবন্তে আত্মা দর্শন করে, আত্মাতে সংস্কার দর্শন করে এবং সংস্কারে আত্মা দর্শন করে। বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে, বিজ্ঞানবন্তে আত্মা দর্শন করে, আত্মাতে বিজ্ঞান দর্শন করে এবং বিজ্ঞানে আত্মা দর্শন করে।

১৩১। কিরূপে রূপকে আত্মারূপে দর্শন করে? এখানে কোন কোন পুদগল পৃথিবীকৃৎস্নকে (আস্তমাটিকে) আত্মারূপে দর্শন করে– "যা পৃথিবীকৃৎস্ন তা আমি; যা আমি তা পৃথিবীকৃৎস্ন।" এভাবে পৃথিবীকৃৎস্ন এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। যেমন, তৈল প্রদীপ প্রজ্বলনকালে "যা অগ্নিশিখা তা প্রভা, যা প্রভা তা অগ্নিশিখা। এভাবে অগ্নিশিখা এবং প্রভা অভিন্নরূপে দর্শিত হয়। অনুরূপভাবে এখানে কোন কোন পুদগল পৃথিবীকৃৎস্নকে আত্মারূপে দর্শন করে– "যা পৃথিবীকৃৎস্ন তা আমি, যা আমি তা পৃথিবীকৃৎস্ন।" এভাবে পৃথিবীকৃৎস্ন এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা রূপ বিষয়ক প্রথম আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে সমন্বিত পুদগল দৃষ্টিবিপন্ন হয়। দৃষ্টিবিপন্ন পুদগলকে সেবা, ভজনা, পূজা করা অনুচিত। তা কি কারণে? তার পাপজনক দৃষ্টির কারণে। দৃষ্টির কারণে যে রাগ (আসক্তি) তা দৃষ্টি নয়, দৃষ্টিও রাগ নয়। দৃষ্টি অন্য, রাগও অন্য। যে দৃষ্টি এবং যে রাগ– একেই বলা হয় দৃষ্টিরাগ। সেই দৃষ্টি ও রাগে সমন্বিত পুদগল দৃষ্টিরাগযুক্ত হয়। দৃষ্টিরাগযুক্ত পুদগলকে দান দিলে মহাফল, মহাপুণ্য হয় না। তা কি কারণে? তার দৃষ্টি পাপজনক, আত্মানুদৃষ্টি ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের দুই গতিই হয়– নিরয়গতি অথবা তির্যকগতি। তাদের যেসব কায়, বাক্, মনকর্ম তা মিথ্যাদৃষ্টিতে সম্পাদিত হয়, গৃহীত হয়। আর তাদের যেই চেতনা, যেই ইচ্ছা, যেই প্রার্থনা, যেই অধিষ্ঠান

Visit: http://www.buddhistdownload.com

হোক না কেন সেই সমস্ত ধর্ম অনিষ্ট, অপ্রীতিকর, অমনোজ্ঞ, অহিত ও দুঃখের জন্য সংবর্তিত হয়। তা কি কারণে? পাপজনক দৃষ্টির কারণে। যেমন নিম্ববীজ, কোশতকীবীজ বা তিক্তশসাবীজ আর্দ্র মাটিতে রোপন করলে যে মাটির রস ও জলরস গ্রহণ করুক না কেন সেসব ফল তিক্ত, কটু (তীব্র তিতা) ও বিস্বাদযুক্ত হয়। তা কি কারণে? তিক্তজাতীয় বীজের কারণে। অনুরূপভাবে মিথ্যাদৃষ্টি পুদগলের যেসব কায়, বাক, মনোকর্ম তা মিথ্যাদৃষ্টিতে সম্পাদিত হয়, গৃহীত হয়। আর তাদের যেই চেতনা, যেই ইচ্ছা, যেই প্রার্থনা যেই অধিষ্ঠান হোক না কেন সেই সমস্ত ধর্ম অনিষ্ট, অপ্রীতিকর, অমনোজ্ঞ, অহিত ও দুঃখের জন্য সংবর্তিত হয়। তা কি কারণে? পাপজনকদৃষ্টি, আত্মানুদৃষ্টি ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত আর কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়। কোন সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত? সৎকায়দৃষ্টি ও শীলব্রত পরামর্শ– এই সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত। কোন সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়? কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, মাৎসর্য সংযোজন, অনুনয় সংযোজন, অবিদ্যা সংযোজন– এই সংযোজনসমূহ মিথ্যাদষ্টির অন্তর্ভুক্ত নয়।

এখানে কোন কোন পুদগল আপ্‌কৃৎস্নকে ... তেজকৃৎস্নকে ... বায়ুকৃৎস্নকে ... নীলকৃৎস্নকে ... পীতকৃৎস্নকে ... লোহিতকৃৎস্নকে ... ওদাতকৃৎস্নকে ... এই সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টি অন্তর্ভুক্ত নয়। এরূপে রূপকে আত্মারূপে দর্শন করে।

কিরূপে রূপবন্তে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এআত্মা এরূপ দ্বারা রূপবন্ত।" এভাবে সেই পুদগল রূপবন্তে আত্মা দর্শন করে। যেমন– বৃক্ষ ছায়াসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা বৃক্ষ, এটা ছায়া। বৃক্ষ অন্য, ছায়াও অন্য। এ বৃক্ষ এই ছায়ায় ছায়াসম্পন্ন।" এভাবে ছায়াসম্পন্ন বৃক্ষ দর্শিত হয়। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে

Visit: http://www.buddhistdownload.com

দর্শন করে। তার এরূপ ধারণা হয়– 'এটা আমার আত্মা। আমার এ আত্মা এই রূপ দ্বারা রূপবদ্ধ।' এভাবে সে রূপবন্তে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্ট বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা রূপ বিষয়ক দ্বিতীয় আত্মানুদৃষ্টি।

আত্মাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে সমন্বিত পুদগল ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের দুই গতিই হয়– ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত ... অন্তর্ভুক্ত নয়। এরূপে রূপবন্তে আত্মা দর্শন করে।

কিরূপে আত্মায় রূপ দর্শন করে? এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এ আত্মায় এই রূপ।" এভাবে সেই পুদগল আত্মায় রূপ দর্শন করে। যেমন– পুষ্প গন্ধসম্পন্ন (সুগন্ধযুক্ত) হলে কোন ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা পুষ্প, এটা গন্ধ। পুষ্প অন্য, গন্ধও অন্য। এই পুষ্পে এ গন্ধ।" এভাবে পুষ্পে গন্ধ দর্শন করে। অনুরূপভাবে এখানে কোন কোন পুদ্গল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এ আত্মায় এই রূপ।" এভাবে সে আত্মায় বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা রূপ বিষয়ক তৃতীয় আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টিক পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টি ... অন্তর্ভুক্ত নয়। এরূপে আত্মায় রূপ দর্শন করে।

কিরূপে রূপে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ

Visit: http://www.buddhistdownload.com

ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এ আত্মা এই রূপে বিদ্যমান।" এভাবে সে রূপে আত্মা দর্শন করে। যেমন– মঞ্জুসায় মণি রাখা হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা মণি, এটা মঞ্জুসা। মণি অন্য, মঞ্জুসায়ও অন্য। এই মণি এই মঞ্জুসায়।" এভাবে মঞ্জুসায় মণি দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এ আত্মা এই রূপে বিদ্যমান।" এভাবে রূপে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তুও নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা রূপ বিষয়ক চতুর্থ আত্মানুদৃষ্টি।

আত্মাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির ... অন্তর্ভুক্ত নয়। এভাবে রূপে আত্মা দর্শন করে।

১৩২। কিরূপে বেদনাকে আত্মারূপে দর্শন করে? এখানে কোন কোন পুদগল চক্ষুসংস্পর্শজ বেদনা, শ্রোত্রসংস্পর্শজ বেদনা, ঘ্রাণসংস্পর্শজ বেদনা, জিহ্বাসংস্পর্শজ বেদনা, কায়সংস্পর্শজ বেদনা ও মনসংস্পর্শজ বেদনাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "যা মনসংস্পর্শজ বেদনা সে-ই আমি, যে আমি তা মনসংস্পর্শজ বেদনা।" এভাবে মনসংস্পর্শজ বেদনা এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। যেমন তৈল প্রদীপ প্রজ্বলনের সময়ে যা অগ্নিশিখা তা প্রভা, যা প্রভা তা অগ্নিশিখা। এভাবে অগ্নিশিখা ও প্রভা অভিন্নরূপে দর্শিত হয়। অনুরূপভাবে এখানে কোন কোন পুদগল মনসংস্পর্শজ বেদনাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–" যা মনসংস্পর্শ বেদনা সে-ই আমি, যেই আমি তা-ই মনসংস্পর্শজ বেদনা"– এভাবে সে মনসংস্পর্শজ বেদনা এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা

Visit: http://www.buddhistdownload.com

বেদনা বিষয়ক প্রথম আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এরূপে বেদনাকে আত্মারূপে দর্শন করে।

কিরূপে বেদনাবন্তে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান ... রূপকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এআত্মা এই বেদনায় বেদনাবন্ত।" এভাবে বেদনাবন্তে আত্মা দর্শন করে। যেমন, বৃক্ষ ছায়াসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা বৃক্ষ, এটা ছায়া। বৃক্ষ অন্য, ছায়াও অন্য। এই বৃক্ষ এছায়ায় ছায়াসম্পন্ন।" এভাবে ছায়াসম্পন্ন বৃক্ষ দর্শিত হয়। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান ... রূপকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এআত্মা এই বেদনায় বেদনাবন্ত।" এভাবে সে বেদনাবন্তে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা বেদনা বিষয়ক দ্বিতীয় আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে বেদনাবন্তে আত্মা দর্শন করে।

কিরূপে আত্মায় বেদনা দর্শন কি? এখানে কোন কোন পুদগল সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান ... রূপকে সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এ আত্মায় এই বেদনা বিদ্যমান।" এভাবে আত্মায় বেদনা দর্শন করে। যেমন– পুষ্প গন্ধসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা পুষ্প, এটা

Visit: http://www.buddhistdownload.com

গন্ধ। পুষ্প অন্য, গন্ধও অন্য। এই পুষ্পে এগন্ধ।" এভাবে পুষ্পে গন্ধ দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান ... রূপকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এআত্মায় এই বেদনা বিদ্যমান।" এভাবে সে আত্মায় বেদনা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা বেদনা বিষয়ক তৃতীয় আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে আত্মায় বেদনা দর্শন করে।

কিরূপে বেদনায় আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান ... রূপকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এআত্মা এই বেদনায় বিদ্যমান।" এভাবে সে বেদনায় আত্মা দর্শন করে। যেমন– মণি মঞ্জুসায় রাখা হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা মণি, এটা মঞ্জুসা। মণি অন্য, মঞ্জুসাও অন্য। এই মঞ্জুসায় এই মণি।" এভাবে মঞ্জুসার ভেতর মণি দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান ... রূপকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এআত্মা এই বেদনায় বিদ্যমান।" এভাবে সে বেদনায় আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা বেদনা বিষয়ক চতুর্থ আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে বেদনায় আত্মা দর্শন করে।

Visit: http://www.buddhistdownload.com

১৩৩। কিরূপে সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে? এখানে কোন কোন পুদগল চক্ষুসংস্পর্শজ সংজ্ঞা ... শ্রোত্রসংস্পর্শজ সংজ্ঞা ... ঘ্রাণসংস্পর্শজ সংজ্ঞা ... জিহ্বাসংস্পর্শজ সংজ্ঞা ... কায়সংস্পর্শজ সংজ্ঞা ... মনসংস্পর্শজ সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "যা মনসংস্পর্শজ সংজ্ঞা তা আমি, যেই আমি তাই মনসংস্পর্শজ সংজ্ঞা।" এভাবে সে মনসংস্পর্শজ সংজ্ঞা এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। যেমন– তৈলপ্রদীপ প্রজ্বলনের সময়ে যা অগ্নিশিখা, তা প্রভা; যা প্রভা, তা অগ্নিশিখা। এভাবে অগ্নিশিখা এবং প্রভা অভিন্নরূপে দর্শিত হয়। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল চক্ষুসংস্পর্শজ সংজ্ঞা ... শ্রোত্রসংস্পর্শজ সংজ্ঞা ... ঘ্রাণসংস্পর্শজ সংজ্ঞা ... জিহ্বাসংস্পর্শজ সংজ্ঞা ... কায়সংস্পর্শজ সংজ্ঞা ... মনসংস্পর্শজ সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"যা মনসংস্পর্শজ সংজ্ঞা তা আমি, যা আমি তা মনসংস্পর্শজ সংজ্ঞা।" এভাবে সে মনসংস্পর্শজ সংজ্ঞা এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্ট এবং যা বস্তু– এটা সংজ্ঞা বিষয়ক প্রথম আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে।

কিরূপে সংজ্ঞাবন্তে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল সংস্কার ... বিজ্ঞান ... রূপ ... বেদনাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এআত্মা এই সংজ্ঞায় সংজ্ঞাবন্ত।" এভাবে সংজ্ঞাবন্তে আত্মা দর্শন করে। যেমন– বৃক্ষ ছায়াসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা বৃক্ষ, এটা ছায়া। বৃক্ষ অন্য, ছায়াও অন্য। এবৃক্ষ এই ছায়ায় ছায়াসম্পন্ন।" এভাবে ছায়াসম্পন্ন বৃক্ষ দর্শিত হয়। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল সংস্কার ... বিজ্ঞান ... রূপ ... বেদনাকে আত্মারূপে

Visit: http://www.buddhistdownload.com

দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এআত্মা এই সংজ্ঞায় সংজ্ঞাবন্ত।" এভাবে সে সংজ্ঞাবন্তে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়; দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সংজ্ঞা বিষয়ক দ্বিতীয় আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে সংজ্ঞাবন্তে আত্মা দর্শন করে।

কিরূপে আত্মায় সংজ্ঞা দর্শন করে? এখানে কোন কোন পুদগল সংস্কার ... বিজ্ঞান ... রূপ ... বেদনাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– এটা আমার আত্মা। আমার এআত্মায় এই সংজ্ঞা। এভাবে আত্মায় সংজ্ঞা দর্শন করে। যেমন, পুষ্প গন্ধসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা পুষ্প, এটা গন্ধ। পুষ্প অন্য, গন্ধও অন্য। এগন্ধ এই পুষ্পে।" এভাবে সে পুষ্পে গন্ধ দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল সংস্কার ... বিজ্ঞান ... রূপ ... বেদনাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এআত্মায় এই সংজ্ঞা। এভাবে আত্মায় সংজ্ঞা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়; দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সংজ্ঞা বিষয়ক তৃতীয় আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে আত্মায় সংজ্ঞা দর্শন করে।

কিরূপে সংজ্ঞায় আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল সংস্কার ... বিজ্ঞান ... রূপ ... বেদনাকে আত্মা দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এ আত্মা এই সংজ্ঞায়। এভাবে সে সংজ্ঞায় আত্মা দর্শন করে। যেমন, মণি মঞ্জুসায় রাখা হলে কোন

Visit: http://www.buddhistdownload.com

চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা মণি, এটা মঞ্জুসা; মণি অন্য, মঞ্জুসা অন্য। এই মণি এই মঞ্জুসায়।" এভাবে মঞ্জুসার ভেতর মণি দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল সংস্কার ... বিজ্ঞান ... রূপ ... বেদনাকে আত্মা দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এই আত্মা এ সংজ্ঞায়।" এভাবে সে সংজ্ঞায় আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সংজ্ঞা বিষয়ক চতুর্থ আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে সংজ্ঞায় আত্মা দর্শন করে।

১৩৪। কিরূপে সংস্কারে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল চক্ষুসংস্পর্শজ চেতনা, শ্রোত্রসংস্পর্শজ চেতনা, ঘ্রাণসংস্পর্শজ চেতনা, জিহ্বাসংস্পর্শজ চেতনা, কায়সংস্পর্শজ চেতনা ও মনসংস্পর্শজ চেতনাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "যা মনসংস্পর্শজ চেতনা সে-ই আমি; যেই আমি, তা-ই মনসংস্পর্শজ চেতনা।" এভাবে মনসংস্পর্শজ চেতনা ও আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। যেমন, তৈল প্রদীপ প্রজ্বলনের সময়ে "যা অগ্নিশিখা, তা প্রভা; যা প্রভা, তা অগ্নিশিখা।" এভাবে অগ্নিশিখা এবং প্রভা অভিন্নরূপে দর্শিত হয়। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল মনসংস্পর্শজ চেতনাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "যা মনসংস্পর্শজ চেতনা সে-ই আমি; যেই আমি, তা মনসংস্পর্শজ চেতনা।" এভাবে মনসংস্পর্শজ চেতনা এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সংস্কার বিষয়ক প্রথম আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

Visit: http://www.buddhistdownload.com

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে সংস্কার আত্মা দর্শন করে।

কিরূপে সংস্কারবন্তে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল বিজ্ঞান ... রূপ ... বেদনা ... সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এআত্মা এই সংস্কারে সংস্কারবন্ত।" এভাবে সংস্কারবন্তে আত্মা দর্শন করে। যেমন– বৃক্ষ ছায়াসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা বৃক্ষ, এটা ছায়া। বৃক্ষ অন্য, ছায়াও অন্য। এবৃক্ষ এই ছায়ায় ছায়াসম্পন্ন।" এভাবে ছায়াসম্পন্ন বৃক্ষ দর্শিত হয়। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল বিজ্ঞান ... রূপ ... বেদনা ... সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এআত্মা এই সংস্কারে সংস্কারবন্ত।" এভাবে সে সংস্কারবন্তে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়; দৃষ্টি অন্য, বস্তুও অন্য যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সংস্কার বিষয়ক দ্বিতীয় আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে সংস্কারবন্তে আত্মা দর্শন করে।

কিরূপে আত্মায় সংস্কার দর্শন করে? এখানে কোন কোন পুদগল বিজ্ঞান ... রূপ ... বেদনা ... সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এই আত্মায় এই সংস্কার। এভাবে আত্মায় সংস্কার দর্শন করে। যেমন, পুষ্প গন্ধসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা পুষ্প, এটা গন্ধ; পুষ্প অন্য, গন্ধও অন্য। এগন্ধ এই পুষ্পে।" এভাবে পুষ্পে গন্ধ দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল বিজ্ঞান ... রূপ ... বেদনা...সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এআত্মায় এই সংস্কার। এভাবে সে আত্মায়

Visit: http://www.buddhistdownload.com

সংস্কার দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়; দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সংস্কার বিষয়ক তৃতীয় আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে সংস্কারে আত্মা দর্শন করে।

কিরূপে সংস্কারে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল বিজ্ঞান ... রূপ ... বেদনা ... সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এআত্মা এই সংস্কারে।" এভাবে সংস্কারে আত্মা দর্শন করে। যেমন, মণি মঞ্জুসায় রাখা হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা মণি, এটা মঞ্জুসা; মণি অন্য, মঞ্জুসা অন্য। এমণি এই মঞ্জুসায়।" এভাবে মঞ্জুসার ভেতরে মণি দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল বিজ্ঞান ... রূপ ... বেদনা ... সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এ আত্মা এই সংস্কারে।" এভাবে সে সংস্কারে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সংস্কার বিষয়ক চতুর্থ আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে সংস্কারে আত্মা দর্শন করে।

১৩৫। কিরূপে বিজ্ঞানে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল চক্ষু-বিজ্ঞান ... শ্রোত্র-বিজ্ঞান ... ঘ্রাণ-বিজ্ঞান ... জিহ্বা-বিজ্ঞান ... কায়-বিজ্ঞান ... মন-বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "যা চক্ষু-বিজ্ঞান সে-ই আমি; যেই আমি, তা চক্ষু-বিজ্ঞান।" এভাবে সে চক্ষু-বিজ্ঞান ও আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। যেমন, তৈল প্রদীপ

Visit: http://www.buddhistdownload.com

প্রজ্বলনের সময়ে "যা অগ্নিশিখা, তা প্রভা; যা প্রভা, তা অগ্নিশিখা।" এভাবে অগ্নিশিখা এবং প্রভা অভিন্নরূপে দর্শিত হয়। অনুরূপভাবে এখানে কোন কোন পুদগল চক্ষু-বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "যা চক্ষু-বিজ্ঞান সে-ই আমি; যে আমি, তা চক্ষু-বিজ্ঞান।" এভাবে চক্ষু-বিজ্ঞান ও আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা বিজ্ঞান বিষয়ক প্রথম আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে বিজ্ঞানে আত্মা দর্শন করে।

কিরূপে বিজ্ঞানবন্তে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল রূপ ... বেদনা ... সংজ্ঞা ... সংস্কারকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এ আত্মা এই বিজ্ঞানে বিজ্ঞানবন্ত।" এভাবে সে বিজ্ঞানবন্তে আত্মা দর্শন করে। যেমন– বৃক্ষ ছায়াসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা বৃক্ষ, এটা ছায়া। বৃক্ষ অন্য, ছায়াও অন্য। এবৃক্ষ এই ছায়ায় ছায়াসম্পন্ন।" এভাবে ছায়াসম্পন্ন বৃক্ষ দর্শিত হয়। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল রূপ ... বেদনা ... সংজ্ঞা ... সংস্কারকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এআত্মা এই বিজ্ঞানে বিজ্ঞানবন্ত।" এভাবে সে বিজ্ঞানবন্তে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়; দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা বিজ্ঞান বিষয়ক দ্বিতীয় আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে বিজ্ঞানবন্তে আত্মা দর্শন করে।

Visit: http://www.buddhistdownload.com

কিরূপে আত্মায় বিজ্ঞান দর্শন করে? এখানে কোন কোন পুদগল রূপ ... বেদনা ... সংজ্ঞা ... সংস্কারকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এআত্মায় এই বিজ্ঞান (বিদ্যমান)। এভাবে সে আত্মায় বিজ্ঞান দর্শন করে। যেমন, পুষ্প গন্ধসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা পুষ্প, এটা গন্ধ। পুষ্প অন্য, গন্ধও অন্য। এগন্ধ এই পুষ্পে। এভাবে পুষ্পে গন্ধ দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কেতান পুদগল রূপ ... বেদনা ... সংজ্ঞা ... সংস্কারকে আত্মারূপে দর্শন করে। তা এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এআত্মায় এই বিজ্ঞান। এভাবে সে আত্মায় বিজ্ঞান দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু- এটা বিজ্ঞান বিষয়ক তৃতীয় আত্মানুদৃষ্টি।

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে আত্মায় বিজ্ঞান দর্শন করে।

কিরূপে বিজ্ঞানে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল রূপ ... বেদনা ... সংজ্ঞা ... সংস্কারকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এআত্মা এই বিজ্ঞানে।" এভাবে বিজ্ঞানে আত্মা দর্শন করে। যেমন, মণি মঞ্জুসায় রাখা হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা মণি, এটা মঞ্জুসা; মণি অন্য, মঞ্জুসা অন্য। এমণি এই মঞ্জুসায় ভেতরে বিদ্যমান। এভাবে মঞ্জুসায় মণি দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল রূপ ... বেদনা ... সংজ্ঞা ... সংস্কারকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এ আত্মা এই বিজ্ঞানে।" এভাবে বিজ্ঞানে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা বিজ্ঞান বিষয়ক চতুর্থ আত্মানুদৃষ্টি।

Visit: http://www.buddhistdownload.com

আত্মানুদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়। এভাবে বিজ্ঞানে আত্মা দর্শন করে।

আত্মানুদৃষ্টি এই বিশ প্রকারে অভিনিবেশ হয়।

আত্মানুদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

৩। মিথ্যাদৃষ্টি বর্ণনা

১৩৬। কোন দশ প্রকারে মিথ্যাদৃষ্টির অভিনিবেশ হয়? "দান দিলে কোন ফল হয় না"– এটা মিথ্যাদৃষ্টিগত ধারণা। এই মতবাদ হচ্ছে মিথ্যাদৃষ্টি অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা মিথ্যা বিষয়ক প্রথম মিথ্যাদৃষ্টি।

মিথ্যাদৃষ্টি হল দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টিকে পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়।

"যজ্ঞে কোন ফল হয় না"– এটা মিথ্যাদৃষ্টিগত ধারণা। এই মতবাদ হচ্ছে মিথ্যাদৃষ্টি অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা মিথ্যা বিষয়ক দ্বিতীয় মিথ্যাদৃষ্টি।

মিথ্যাদৃষ্টি হল দৃষ্টিবিপত্তি। ... অন্তর্ভুক্ত নয়।

"হূত বা পূজা-নৈবেদ্যে কোন ফল হয় না"– এটা মিথ্যাদৃষ্টিগত ধারণা। ... তৃতীয় মিথ্যাদৃষ্টি।

মিথ্যাদৃষ্টি হল দৃষ্টিবিপত্তি। ... অন্তর্ভুক্ত নয়।

"সুকৃত-দুষ্কৃত কর্মের ফল হয় না"– এটা মিথ্যাদৃষ্টিগত ধারণা। ... চতুর্থ মিথ্যাদৃষ্টি।

Visit: http://www.buddhistdownload.com

মিথ্যাদৃষ্টি হল দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

"ইহলোক নেই"– এটা মিথ্যাদৃষ্টিগত ধারণা। ... পঞ্চম মিথ্যাদৃষ্টি।

মিথ্যাদৃষ্টি হল দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

"পরলোক নেই"– এটা মিথ্যাদৃষ্টিগত ধারণা। ... ষষ্ঠ মিথ্যাদৃষ্টি।

মিথ্যাদৃষ্টি হল দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

"মাতার প্রতি সুব্যবহার কিংবা দুর্ব্যবহারে কোন ফল হয় না"– এটা মিথ্যাদৃষ্টিগত ধারণা। ... সপ্তম মিথ্যাদৃষ্টি।

মিথ্যাদৃষ্টি হল দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

"পিতার প্রতি সুব্যবহার কিংবা দুর্ব্যবহারে কোন ফল হয় না"– এটা মিথ্যাদৃষ্টিগত ধারণা। ... অষ্টম মিথ্যাদৃষ্টি।

মিথ্যাদৃষ্টি হল দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

"উপপাতিক সত্ত্ব নেই"– এটা মিথ্যাদৃষ্টিগত ধারণা বিষয়। ... নবম মিথ্যাদৃষ্টি।

মিথ্যাদৃষ্টি হল দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

"জগতে সম্যক মার্গপ্রাপ্ত, সম্যক প্রতিপন্ন এমন কোন শ্রমণ-ব্রাহ্মণ নেই যাঁরা স্বয়ং অভিজ্ঞা বলে ইহলোক ও পরলোক প্রত্যক্ষ করে অন্যদেরকে নিশ্চিত করে বলতে পারেন যে, এটা সুকর্ম-দুষ্কর্মের বিষয়"– এটা মিথ্যাদৃষ্টিগত ধারণা। ... দশম মিথ্যাদৃষ্টি।

মিথ্যাদৃষ্টি হল দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়। এই দশ প্রকারে মিথ্যাদৃষ্টি অভিনিবেশ হয়।

মিথ্যাদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

৪। সৎকায়দৃষ্টি বর্ণনা

১৩৭। কোন বিশ প্রকারে সৎকায়দৃষ্টি অভিনিবেশ হয়? এখানে অশ্রুতবান পৃথগ্‌জন আর্যগণের অদর্শী, আর্যধর্ম অকোবিদ (বা অদক্ষ), আর্যধর্মে অবিনীত এবং সৎপুরুষগণের অদর্শী, সৎপুরুষধর্মে অদক্ষ, সৎপুরুষধর্মে অবিনীত হয়ে রূপকে আত্মারূপে দর্শন করে; রূপবন্তে আত্মা

Visit: http://www.buddhistdownload.com

দর্শন করে; আত্মায় রূপ দর্শন করে; রূপে আত্মা দর্শন করে; বেদনাকে আত্মারূপে দর্শন করে; বেদনাবন্তে আত্মা দর্শন করে; আত্মায় বেদনা দর্শন করে; বেদনায় আত্মা দর্শন করে; সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে; সংজ্ঞাবন্তে আত্মা দর্শন করে; আত্মায় সংজ্ঞা দর্শন করে; সংজ্ঞায় আত্মা দর্শন করে; সংস্কারকে আত্মারূপে দর্শন করে; সংস্কারবন্তে আত্মা দর্শন করে; আত্মায় সংস্কার দর্শন করে; সংস্কারে আত্মা দর্শন করে; বিজ্ঞানে আত্মারূপে দর্শন করে; বিজ্ঞানবন্তে আত্মা দর্শন করে; আত্মায় বিজ্ঞান দর্শন করে; বিজ্ঞানে আত্মা দর্শন করে।

কিরূপে রূপকে আত্মারূপে দর্শন করে? (আত্মানুদৃষ্টিতে বর্ণিত বিষয়-ই অবিকল বলা হয়েছে। কেবলমাত্র আত্মানুদৃষ্টি স্থলে সৎকায়দৃষ্টি পড়লেই হবে।)

কিরূপে রূপবন্তে আত্মা দর্শন করে? ... (ঐ)

কিরূপে আত্মায় রূপ দর্শন করে? ... (ঐ)

কিরূপে রূপে আত্মা দর্শন করে? ... (ঐ)

বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান বিষয়েও একই কথা প্রযোজ্য। এই বিশ প্রকার সৎকায়দৃষ্টি অভিনিবেশ হয়।

সৎকায়দৃষ্টি বর্ণনা সমাপ্ত।

৫। শাশ্বতদৃষ্টি বর্ণনা

১৩৮। কোন পনের প্রকারে শাশ্বতদৃষ্টি অভিনিবেশ হয়? এখানে অশ্রুতবান পৃথগ্‌জন আর্যগণের অদর্শী, আর্যধর্মে অকোবিদ, আর্যধর্মে অবিনীত এবং সৎপুষগণের অদর্শী, সৎপুরুষধর্মে অকোবিদ, সৎপুরুষধর্মে অবিনীত হয়ে রূপবন্তে আত্মা দর্শন করে; আত্মায় রূপ দর্শন করে; রূপে আত্মা দর্শন করে; বেদনাবন্তে আত্মা দর্শন করে; আত্মায় বেদনা দর্শন করে; বেদনায় আত্মা দর্শন করে; সংজ্ঞাবন্তে আত্মা দর্শন করে; আত্মায় সংজ্ঞা দর্শন করে; সংজ্ঞায় আত্মা দর্শন করে; সংস্কারবন্তে আত্মা দর্শন

Visit: http://www.buddhistdownload.com

করে; আত্মায় সংস্কার দর্শন করে; সংস্কারে আত্মা দর্শন করে; বিজ্ঞানবন্তে আত্মা দর্শন করে; আত্মায় বিজ্ঞান দর্শন করে; বিজ্ঞানে আত্মা দর্শন করে।

কিরূপে রূপবন্তে আত্মা দর্শন করে? (আত্মানুদৃষ্টি বর্ণিত বিষয়-ই অবিকলভাবে বলা হয়েছে। কেবলমাত্র আত্মানুদৃষ্টি স্থলে শাশ্বতদৃষ্টি পড়লেই হবে।)

কিরূপে আত্মায় রূপ দর্শন করে? ... (ঐ)

কিরূপে রূপে আত্মা দর্শন করে? ... (ঐ)

বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান সম্বন্ধেও একই কথা প্রযোজ্য। এই পনের প্রকারে শাশ্বতদৃষ্টি অভিনিবেশ হয়।

শাশ্বতদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

৬। উচ্ছেদদৃষ্টি বর্ণনা

১৩৯। কোন পাঁচ প্রকারে উচ্ছেদদৃষ্টি অভিনিবেশ হয়? এখানে অশ্রুতবান পৃথগ্‌জন আর্যগণের অদর্শী, আর্যধর্মে অদক্ষ, আর্যধর্মে অবিনীত এবং সৎপুরুষগণের অদর্শী, সৎপুরুষধর্মে অদক্ষ, আর্যধর্মে অবিনীত হয়ে রূপকে আত্মারূপে দর্শন করে, বেদনাকে আত্মারূপে দর্শন করে, সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে, সংস্কারকে আত্মারূপে দর্শন করে, বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে।

কিরূপে রূপকে আত্মারূপে দর্শন করে? এখানে কোন পুদ্গল পৃথিবীকৃৎস্নকে (আস্তমাটিকে) আত্মারূপে দর্শন করে– "যা পৃথিবীকৃৎস্ন তা আমি; যা আমি তা পৃথিবীকৃৎস্ন।" এভাবে পৃথিবীকৃৎস্ন এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। যেমন, তৈল প্রদীপ প্রজ্বলনকালে "যা অগ্নিশিখা তা প্রভা, যা প্রভা তা অগ্নিশিখা। এভাবে অগ্নিশিখা এবং প্রভা অভিন্নরূপে দর্শিত হয়। অনুরূপভাবে এখানে কোন কোন পুদগল পৃথিবীকৃৎস্নকে আত্মারূপে দর্শন করে– "যা পৃথিবীকৃৎস্ন তা আমি, যা আমি তা পৃথিবীকৃৎস্ন।" এভাবে পৃথিবীকৃৎস্ন এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে।

Visit: http://www.buddhistdownload.com

এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সৎকায়দৃষ্টি বিষয়ক প্রথম উচ্ছেদদৃষ্টি।

উচ্ছেদদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে সমন্বিত পুদগল দৃষ্টিবিপন্ন হয়। দৃষ্টিবিপন্ন পুদগলকে সেবা, ভজনা, পূজা করা অনুচিত। তা কি কারণে? তার পাপজনক দৃষ্টির কারণে। দৃষ্টির কারণে যে রাগ (আসক্তি) তা দৃষ্টি নয়, দৃষ্টিও রাগ নয়। দৃষ্টি অন্য, রাগও অন্য। যে দৃষ্টি এবং যে রাগ– একেই বলা হয় দৃষ্টিরাগ। সেই দৃষ্টি ও রাগে সমন্বিত পুদগল দৃষ্টিরাগযুক্ত হয়। দৃষ্টিরাগযুক্ত পুদগলকে দান দিলে মহাফল, মহাপুণ্য হয় না। তা কি কারণে? তার দৃষ্টি পাপজনক, উচ্ছেদদৃষ্টি ও মিথ্যাদৃষ্টির কারণে।

উচ্ছেদদৃষ্টি পুদগলের দুই গতিই হয়– নিরয়গতি অথবা তির্যকগতি। তাদের যেসব কায়, বাক্, মনকর্ম তা উচ্ছেদদৃষ্টিতে সম্পাদিত হয়, গৃহীত হয়। আর তাদের যেই চেতনা, যেই ইচ্ছা, যেই প্রার্থনা, যেই অধিষ্ঠান হোক না কেন সেই সমস্ত ধর্ম অনিষ্ট, অপ্রীতিকর, অমনোজ্ঞ, অহিত ও দুঃখের জন্য সংবর্তিত হয়। তা কি কারণে? পাপজনক দৃষ্টির কারণে। যেমন নিম্ববীজ, কোশতকীবীজ বা তিক্তশসাবীজ আর্দ্র মাটিতে রোপন করলে যে মাটির রস ও জলরস গ্রহণ করুক না কেন সেসব ফল তিক্ত, কটু (তীব্র তিতা) ও বিস্বাদযুক্ত হয়। তা কি কারণে? তিক্তজাতীয় বীজের কারণে। অনুরূপভাবে মিথ্যাদৃষ্টি পুদগলের যেসব কায়, বাক্, মনোকর্ম তা উচ্ছেদদৃষ্টিতে সম্পাদিত হয়, গৃহীত হয়। আর তাদের যেই চেতনা, যেই ইচ্ছা, যেই প্রার্থনা যেই অধিষ্ঠান হোক না কেন সেই সমস্ত ধর্ম অনিষ্ট, অপ্রীতিকর, অমনোজ্ঞ, অহিত ও দুঃখের জন্য সংবর্তিত হয়। তা কি কারণে? পাপজনকদৃষ্টি, উচ্ছেদদৃষ্টি ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত আর কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়। কোন সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত? সৎকায়দৃষ্টি ও শীলব্রত পরামর্শ– এই সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত। কোন সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়? কামরাগ সংযোজন, প্রতিঘ

Visit: http://www.buddhistdownload.com

সংযোজন, মাৎসর্য সংযোজন, অনুনয় সংযোজন, অবিদ্যা সংযোজন– এই সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়।

কিরূপে রূপবন্তে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এআত্মা এরূপ দ্বারা রূপবন্ত।" এভাবে সেই পুদগল রূপবন্তে আত্মা দর্শন করে। যেমন– বৃক্ষ ছায়াসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা বৃক্ষ, এটা ছায়া। বৃক্ষ অন্য, ছায়াও অন্য। এ বৃক্ষ এই ছায়ায় ছায়াসম্পন্ন।" এভাবে ছায়াসম্পন্ন বৃক্ষ দর্শিত হয়। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– 'এটা আমার আত্মা। আমার এ আত্মা এই রূপ দ্বারা রূপবদ্ধ।' এভাবে সে রূপবন্তে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্ট বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সৎকায় বিষয়ক দ্বিতীয় উচ্ছেদদৃষ্টি।

উচ্ছেদদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে সমন্বিত পুদগল ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের দুই গতিই হয়– ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত ... অন্তর্ভুক্ত নয়। এরূপে রূপবন্তে আত্মা দর্শন করে।

কিরূপে আত্মায় রূপ দর্শন করে? এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এ আত্মায় এই রূপ।" এভাবে সেই পুদগল আত্মায় রূপ দর্শন করে। যেমন– পুষ্প গন্ধসম্পন্ন (সুগন্ধযুক্ত) হলে কোন ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা পুষ্প, এটা গন্ধ। পুষ্প অন্য, গন্ধও অন্য। এই পুষ্পে এ গন্ধ।" এভাবে পুষ্পে গন্ধ দর্শন করে। অনুরূপভাবে এখানে কোন কোন পুদ্গল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–

Visit: http://www.buddhistdownload.com

"এটা আমার আত্মা। আমার এ আত্মায় এই রূপ।" এভাবে সে আত্মায় বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সৎকায় বিষয়ক তৃতীয় উচ্ছেদদৃষ্টি।

উচ্ছেদদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টিক পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টি ... অন্তর্ভুক্ত নয়। এরূপে আত্মায় রূপ দর্শন করে।

কিরূপে রূপে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এ আত্মা এই রূপে বিদ্যমান।" এভাবে সে রূপে আত্মা দর্শন করে। যেমন– মঞ্জুসায় মণি রাখা হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা মণি, এটা মঞ্জুসা। মণি অন্য, মঞ্জুসায়ও অন্য। এই মণি এই মঞ্জুসায়।" এভাবে মঞ্জুসায় মণি দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এ আত্মা এই রূপে বিদ্যমান।" এভাবে রূপে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তুও নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সৎকায় বিষয়ক চতুর্থ উচ্ছেদদৃষ্টি।

উচ্ছেদদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির ... অন্তর্ভুক্ত নয়। এভাবে রূপে আত্মা দর্শন করে।

কিরূপে বেদনাকে আত্মারূপে দর্শন করে? ... (রূপের স্থলে বেদনা পড়তে হবে)

Visit: http://www.buddhistdownload.com

কিরূপে সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে? ... (রূপের স্থলে সংজ্ঞা পড়তে হবে)

কিরূপে সংস্কারকে আত্মারূপে দর্শন করে? ... (রূপের স্থলে সংস্কার পড়তে হবে)

কিরূপে বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে? ... (রূপের স্থলে বিজ্ঞান পড়তে হবে)। এই পাঁচ প্রকারে উচ্ছেদদৃষ্টি অভিনিবেশ হয়।

উচ্ছেদদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

৭। অন্তগ্রাহিকা দৃষ্টি বর্ণনা

১৪০। কোন পঞ্চাশ প্রকারে অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়? "লোক শাশ্বত"– এরূপে অন্তগ্রাহিকাদৃষ্টি কত প্রকারে অভিনিবেশ হয়? "লোক অশাশ্বত"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি কত প্রকারে অভিনিবেশ হয়? "লোক অন্তবা বা সসীম"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি কত প্রকারে অভিনিবেশ হয়? "লোক অনন্তবা বা অসীম"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি কত প্রকারে অভিনিবেশ হয়? "যেই জীব সেই শরীর"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি কত প্রকারে অভিনিবেশ হয়? "জীব এক, শরীর অন্য"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি কত প্রকারে অভিনিবেশ হয়? "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি কত প্রকারে অভিনিবেশ হয়? "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি কত প্রকারে অভিনিবেশ হয়? "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে এবং থাকে না"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি কত প্রকারে অভিনিবেশ হয়? "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না, আবার থাকে না তাও নয়"– এরূপে অন্তগ্রাহিকাদৃষ্টি কত প্রকারে অভিনিবেশ হয়?

"লোক শাশ্বত"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়। "লোক অশাশ্বত"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়। "লোক সমীম"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ

Visit: http://www.buddhistdownload.com

হয়। "লোক অসীম"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়। "যেই জীব সেই শরীর"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়। "জীব এক, শরীর অন্য"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়। "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়। "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়। "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে এবং থাকে না"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়। "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না আবার থাকে না তাও নয়"– এরূপ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়।

[ক] "লোক শাশ্বত"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি কোন পাঁচ প্রকারে অভিনিবেশ হয়? রূপ এবং লোক শাশ্বত– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। সে দৃষ্টিতে সেটা অন্তগৃহীত হয়, তাই অন্তগ্রাহিকাদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "লোক শাশ্বত" অন্তগ্রাহিকাদৃষ্টি।

অন্তগ্রাহিকাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়।

"বেদনা এবং লোক শাশ্বত" ... এটা দ্বিতীয় "লোক শাশ্বত" অনতগ্রাহিকাদৃষ্টি।

"লোক শাশ্বত"– অন্তগ্রাহিকাদৃষ্টি। ... অন্তর্ভুক্ত নয়।

"সংজ্ঞা এবং লোক শাশ্বত"– ... এটা তৃতীয় "লোক শাশ্বত"– অন্তগ্রাহিকাদৃষ্টি। ... অন্তর্ভুক্ত নয়।

"সংস্কার এং লোক শাশ্বত"– ... এটা চতুর্থ "লোক শাশ্বত" অন্তগ্রাহিকাদৃষ্টি। ... অন্তর্ভুক্ত নয়।

"বিজ্ঞান এবং লোক শাশ্বত"– ... এটা পঞ্চম "লোক শাশ্বত" অন্তগ্রাহিকাদৃষ্টি। ... অন্তর্ভুক্ত নয়। এই পাঁচ প্রকারে অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়।

Visit: http://www.buddhistdownload.com

[খ] "লোক অশাশ্বত"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি কোন পাঁচ প্রকারে অভিনিবেশ হয়? রূপ এবং লোক অশাশ্বত– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। সে দৃষ্টিতে সেটা অন্তগৃহীত হয়, তাই অন্তগ্রাহিকাদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "লোক অশাশ্বত" অন্তগ্রাহিকাদৃষ্টি।

অন্তগ্রাহিকাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি। ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের -- ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন ... অন্তর্ভুক্ত নয়।

"বেদনা এবং লোক অশাশ্বত" ... এটা দ্বিতীয় "লোক অশাশ্বত"– অন্তগ্রাহিকাদৃষ্টি। ... অন্তর্ভুক্ত নয়।

"সংজ্ঞা এবং লোক অশাশ্বত"– ... এটা তৃতীয় "লোক অশাশ্বত"– অন্তগ্রাহিকাদৃষ্টি। ... অন্তর্ভুক্ত নয়।

"সংস্কার এং লোক অশাশ্বত"– ... এটা চতুর্থ "লোক অশাশ্বত" অন্তগ্রাহিকাদৃষ্টি। ... অন্তর্ভুক্ত নয়।

"বিজ্ঞান এবং লোক অশাশ্বত"– ... এটা পঞ্চম "লোক অশাশ্বত" অন্তগ্রাহিকাদৃষ্টি। ... অন্তর্ভুক্ত নয়। এই পাঁচ প্রকারে অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়।

[গ] "লোক সসীম"– এ অন্তগ্রহিকাদৃষ্টি কোন পাঁচ প্রকারে অভিনিবেশ হয়? এখানে কেউ কেউ ক্ষুদ্র পরিমাণ স্থান বা ভাবনামণ্ডল নীলবর্ণ বা 'নীল' বলে আলম্বন গ্রহণ করে। তার এরূপ ধারণা হয়– "এই লোক সসীম, গোলাকার"। এভাবে সে অন্তসংজ্ঞী বা অন্ত সংজ্ঞাসম্পন্ন হয়। যা আলম্বণ গ্রহণ করে, তা বস্তুও বটে, লোকও বটে। যা দ্বারা আলম্বণ গৃহীত হয়, তা আত্মাও বটে এবং লোকও বটে– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। এই দৃষ্টি দ্বারা সে ব্যক্তি অন্তগৃহীত হয়। তজ্জন্য এটা অন্তগ্রাহিকাদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "লোক সসীম" অন্তগ্রাহিকাদৃষ্টি।

আন্তগ্রাহিকাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

Visit: http://www.buddhistdownload.com

(পীতবর্ণ, লোহিতবর্ণ, শ্বেতবর্ণ এবং আলোক সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাদাভাবে উল্লেখ করা হল না। নীল–এর স্থলে পীত, লোহিত, শ্বেত বা ওদাত, আলোক পড়লেই হবে।) এই পাঁচ প্রকারে "লোক সসীম"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়।

[ঘ] "লোক অসীম"– এ অন্তগ্রহিকাদৃষ্টি কোন পাঁচ প্রকারে অভিনিবেশ হয়? এখানে কেউ কেউ বিপুল পরিমাণ স্থান 'নীল' বলে আলম্বণ গ্রহণ করে। তার এরূপ ধারণা হয়– "এই লোক অসীম, অনন্ত"। এভাবে সে অন্তসংজ্ঞী বা অন্ত সংজ্ঞাসম্পন্ন হয়। যা আলম্বণ গ্রহণ করে তা বস্তুও বটে, লোকও বটে। যা দ্বারা আলম্বণ গৃহীত হয়, তা আত্মাও বটে এবং লোকও বটে– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। এই দৃষ্টি দ্বারা সে ব্যক্তি অন্তগৃহীত হয়। তজ্জন্য এটা অন্তগ্রাহিকাদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "লোক অসীম" অন্তগ্রাহিকাদৃষ্টি।

আন্তগ্রাহিকাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

(পীত, লোহিত, ওদাত এবং আলোক সম্বন্ধেও একইকথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাদাভাবে উল্লেখ করা হল না। নীল–এর স্থলে পীত, লোহিত, ওদাত, আলোক পড়লেই হবে।) এই পাঁচ প্রকারে এ অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়।

[ঙ] "যেই জীব, সেই শরীর"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি কোন পাঁচ প্রকারে অভিনিবেশ হয়? 'রূপ' জীব ও শরীর বটে। যা জীব তা শরীর, যা শরীর তা জীব– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। এই দৃষ্টি দ্বারা সে ব্যক্তি অন্তগৃহীত হয়। তজ্জন্য এটা অন্তগ্রাহিকাদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "যেই জীব, সেই শরীর"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি।

অন্তগ্রাহিকাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

(বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাদাভাবে উল্লেখ করা হল না। রূপ– এর স্থান বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান পড়লেই হবে।) এই পাঁচ প্রকারে "যেই

Visit: http://www.buddhistdownload.com

জীব, সেই শরীর" অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়।

[চ] "জীব এক, শরীর অন্য"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি কোন পাঁচ প্রকারে অভিনিবেশ হয়? 'রূপ' শরীরও নয়, জীবও নয়। জীব শরীর নয়; জীব অন্য, শরীরও অন্য– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। এই দৃষ্টি দ্বারা সে ব্যক্তি অন্তগৃহীত হয়। তজ্জন্য এটা অন্তগ্রাহিকাদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "জীব এক শরীর অন্য)" অন্তগ্রাহিকাদৃষ্টি।

আন্তগ্রাহিকাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

(বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাদাভাবে উল্লেখ করা হল না। রূপের স্থলে বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান পড়তে হবে।) এই পাঁচ প্রকারে "জীব এক শরীর অন্য"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়।

[ছ] "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি কোন পাঁচ প্রকারে অভিনিবেশ হয়? এজগতে রূপ নশ্বর, কিন্তু তথাগত মরণের পর আবার কোথাও অবস্থান করেন, স্থিত থাকেন, উৎপন্ন হন, পুনর্জন্ম গ্রহণ করেন– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। এ দৃষ্টি দ্বারা সে ব্যক্তি অন্তগৃহীত হয়। তজ্জন্য এটা অন্তগ্রাহিকাদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে" এ অন্তগ্রাহিকাদৃষ্টি।

অন্তগ্রাহিকাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

(বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাদাভাবে উল্লেখ করা হল না। রূপের স্থলে বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান পড়তে হবে।) এই পাঁচ প্রকারে "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়।

[জ] "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি কোন পাঁচ প্রকারে অভিনিবেশ হয়? এজগতে রূপ নশ্বর। তাই মরণের পর তথাগত নির্মূল হন, বিনাশ হন; "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না"– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। এ দৃষ্টি দ্বারা সে ব্যক্তি অন্তগৃহীত

Visit: http://www.buddhistdownload.com

হয়। তজ্জন্য এটা অন্তগ্রাহিকাদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না" এ অন্তগ্রাহিকাদৃষ্টি।

অন্তগ্রাহিকাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

(বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাদাভাবে উল্লেখ করা হল না। রূপ– এর স্থলে বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান পড়তে হবে।) এই পাঁচ প্রকারে "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়।

[ঝ] "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে এবং থাকে না"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি কোন পাঁচ প্রকারে অভিনিবেশ হয়? এজগতে রূপ নশ্বর। তাই মরণের পর তথাগতে অস্তিত্ব থাকে এবং থাকে না– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। এ দৃষ্টি দ্বারা সে ব্যক্তি অন্তগৃহীত হয়। তজ্জন্য এটা অন্তগ্রাহিকাদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে এবং থাকে না"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি।

অন্তগ্রাহিকাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

(বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাদাভাবে উল্লেখ করা হল না। রূপ– এর স্থলে বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান পড়তে হবে।) এই পাঁচ প্রকার "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে এবং থাকে না"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়।

[ঞ] "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না, আবার থাকে না তাও নয়"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি কোন পাঁচ প্রকারে অভিনিবেশ হয়? এজগতে রূপ নশ্বর। তাই মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না, আবার থাকে না তাও নয়– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। এ দৃষ্টি দ্বারা সে ব্যক্তি অন্তগৃহীত হয়। তজ্জন্য এটা অন্তগ্রাহিকাদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না, আবার থাকে না তাও নয়"– এ

Visit: http://www.buddhistdownload.com

অন্তগ্রাহিকাদৃষ্টি।

অন্তগ্রাহিকাদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

(বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাদাভাবে উল্লেখ করা হল না। রূপ– এর স্থলে বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান পড়তে হবে।) এই পাঁচ প্রকার "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না আবার থাকে না তাও নয়"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি অভিনিবেশ হয়।

অন্তগ্রাহিকাদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

৮। পূর্বান্তানুদৃষ্টি বর্ণনা

১৪১। কোন আটার প্রকারে পূর্বান্তানুদৃষ্টি অভিনিবেশ হয়? চার প্রকার শাশ্বতবাদ, চার প্রকার একাংশ শাশ্বতবাদ, চার প্রকার অন্তানন্তিক (সান্ত-অনন্ত) বাদ, চার প্রকার অমরাবিক্ষেপবাদ, দুই প্রকার অধীত্য সমুৎপাদ– এই আটার প্রকারে পূর্বান্তানুদৃষ্টি অভিনিবেশ হয়।

পূর্বান্তানুদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

৯। অপরন্তানুদৃষ্টি বর্ণনা

১৪২। কোন চুয়াল্লিশ প্রকারে অপরন্তানুদৃষ্টি অভিনিবেশ হয়? ষোল প্রকার সংজ্ঞীবাদ, আট প্রকার অসংজ্ঞীবাদ, আট প্রকার নৈবসংজ্ঞা নাসংজ্ঞাবাদ, সাত প্রকার উচ্ছেদবাদ এবং পাঁচ প্রকার দৃষ্টধর্ম নির্বাণবাদ– এই চুয়াল্লিশ প্রকারে অপরন্তানুদৃষ্টি অভিনিবেশ হয়।

অপরন্তানুদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

১০-১২। সংযোজনিকদৃষ্টি বর্ণনা

১৪৩। কোন আটার প্রকারে সংযোজনিকদৃষ্টি অভিনিবেশ হয়? যেই দৃষ্টি দৃষ্টিগত, দৃষ্টিগম্ভীর, দৃষ্টিকান্তার, দৃষ্টিভেদ, দৃষ্টি বিষ্ফন্দিত, দৃষ্টি সংযোজন, দৃষ্টিশল্য, দৃষ্টিসংকীর্ণ, দৃষ্টি প্রতিবন্ধক, দৃষ্টি বন্ধন, দৃষ্টি প্রপাত, দৃষ্টি অনুশয়, দৃষ্টি সন্তাপ, দৃষ্টি পরিদাহ, দৃষ্টিগ্রন্থি, দৃষ্টি উপাদান, দৃষ্টি অভিনিবেশ এবং দৃষ্টি পরামর্শ– এই আটার প্রকারে সংযোজনিকদৃষ্টি অভিনিবেশ হয়।

১৪৪। "আমি"– এ মানাবদ্ধদৃষ্টি কোন আটার প্রকারে অভিনিবেশ হয়? 'চক্ষু' আমি– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। 'আমি'– এটা মানাবদ্ধদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "আমি" মানাবদ্ধদৃষ্টি।

মানাবদ্ধ দৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

(শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, মন, রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ, ধর্ম, চক্ষু-বিজ্ঞান, শ্রোত্র-বিজ্ঞান, ঘ্রাণ-বিজ্ঞান, জিহ্বা-বিজ্ঞান, কায়-বিজ্ঞান, মন-বিজ্ঞান সম্বন্ধে একই কথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাদাভাবে উল্লেখ করা হল না। চক্ষু– এর স্থলে সেগুলোর নামোল্লেখ করে পড়তে হবে।) এই আটার প্রকারে "আমি" মানাবদ্ধ দৃষ্টি অভিনিবেশ হয়।

১৪৫। "আমার"– এ মানাবদ্ধদৃষ্টি কোন আটার প্রকারে অভিনিবেশ হয়? 'চক্ষু' আমার– এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। 'আমার'– এটা মানাবদ্ধদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম "আমার" মানাবদ্ধদৃষ্টি।

মানাবদ্ধদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

(শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, মন, রূপ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ, ধর্ম, চক্ষু-বিজ্ঞান, শ্রোত্র-বিজ্ঞান, ঘ্রাণ-বিজ্ঞান, জিহ্বা-বিজ্ঞান, কায়-বিজ্ঞান, মন-বিজ্ঞান সম্বন্ধে একই কথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাদাভাবে উল্লেখ করা হল না। চক্ষু– এর স্থলে সেগুলোর নামোল্লেখ

Visit: http://www.buddhistdownload.com

করে পড়তে হবে।) এই আটার প্রকারে "আমার" মানাবদ্ধদৃষ্টি অভিনিবেশ হয়।

সংযোজনিকদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

১৩। আত্মবাদ সংযুক্তদৃষ্টি বর্ণনা

১৪৬। কোন বিশ প্রকারে আত্মবাদ সংযুক্তদৃষ্টি অভিনিবেশ হয়? এখানে অশ্রুতবান পৃথগ্‌জন আর্যগণের অদর্শী, আর্যধর্মে অদক্ষ, আর্যধর্মে অবিনীত এবং সৎপুরুষগণের অদর্শী, সৎপুরুষধর্মে অদক্ষ, সৎপুরুষধর্মে অবিনীত হয়ে রূপকে আত্মারূপে দর্শন করে, রূপবন্তে আত্মা দর্শন করে, আত্মায় রূপ দর্শন করে, রূপে আত্মা দর্শন করে; বেদনাকে আত্মারূপে দর্শন করে, বেদনাবন্তে আত্মা দর্শন করে, আত্মায় বেদনা দর্শন করে, বেদনায় আত্মা দর্শন করে; সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে, সংজ্ঞাবন্তে আত্মা দর্শন করে, আত্মায় সংজ্ঞা দর্শন করে, সংজ্ঞায় আত্মা দর্শন করে; সংস্কারকে আত্মারূপে দর্শন করে, সংস্কারবন্তে আত্মা দর্শন করে, আত্মায় সংস্কার দর্শন করে, সংস্কারে আত্মা দর্শন করে; বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে, বিজ্ঞানবন্তে আত্মা দর্শন করে, আত্মায় বিজ্ঞান দর্শন করে এবং বিজ্ঞানে আত্মা দর্শন করে।

কিরূপে রূপকে আত্মারূপে দর্শন করে? এখানে কোন পুদ্গল পৃথিবীকৃৎস্নকে (আস্তমাটিকে) আত্মারূপে দর্শন করে– "যা পৃথিবীকৃৎস্ন তা আমি; যা আমি তা পৃথিবীকৃৎস্ন।" এভাবে পৃথিবীকৃৎস্ন এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। যেমন, তৈল প্রদীপ প্রজ্বলনকালে "যা অগ্নিশিখা তা প্রভা, যা প্রভা তা অগ্নিশিখা। এভাবে অগ্নিশিখা এবং প্রভা অভিন্নরূপে দর্শিত হয়। অনুরূপভাবে এখানে কোন কোন পুদগল পৃথিবীকৃৎস্নকে আত্মারূপে দর্শন করে– "যা পৃথিবীকৃৎস্ন তা আমি, যা আমি তা পৃথিবীকৃৎস্ন।" এভাবে পৃথিবীকৃৎস্ন এবং আত্মাকে অভিন্নরূপে দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা রূপ বিষয়ক প্রথম আত্মবাদ

Visit: http://www.buddhistdownload.com

সংযুক্তদৃষ্টি।

আত্মবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে সমন্বিত পুদগল দৃষ্টিবিপন্ন হয়। দৃষ্টিবিপন্ন পুদগলকে সেবা, ভজনা, পূজা করা অনুচিত। তা কি কারণে? তার পাপজনক দৃষ্টির কারণে। দৃষ্টির কারণে যে রাগ (আসক্তি) তা দৃষ্টি নয়, দৃষ্টিও রাগ নয়। দৃষ্টি অন্য, রাগও অন্য। যে দৃষ্টি এবং যে রাগ– একেই বলা হয় দৃষ্টিরাগ। সেই দৃষ্টি ও রাগে সমন্বিত পুদগল দৃষ্টিরাগযুক্ত হয়। দৃষ্টিরাগযুক্ত পুদগলকে দান দিলে মহাফল, মহাপুণ্য হয় না। তা কি কারণে? তার দৃষ্টি পাপজনক, আত্মবাদ সংযুক্তদৃষ্টি ও মিথ্যাদৃষ্টির কারণে।

আত্মবাদ সংযুক্তদৃষ্টি পুদগলের দুই গতিই হয়– নিরয়গতি অথবা তির্যকগতি। তাদের যেসব কায়, বাক্, মনকর্ম তা আত্মবাদ সংযুক্তদৃষ্টিতে সম্পাদিত হয়, গৃহীত হয়। আর তাদের যেই চেতনা, যেই ইচ্ছা, যেই প্রার্থনা, যেই অধিষ্ঠান হোক না কেন সেই সমস্ত ধর্ম অনিষ্ট, অপ্রীতিকর, অমনোজ্ঞ, অহিত ও দুঃখের জন্য সংবর্তিত হয়। তা কি কারণে? পাপজনক দৃষ্টির কারণে। যেমন নিম্ববীজ, কোশতকীবীজ বা তিক্তশসাবীজ আর্দ্র মাটিতে রোপন করলে যে মাটির রস ও জলরস গ্রহণ করুক না কেন সেসব ফল তিক্ত, কটু (তীব্র তিতা) ও বিস্বাদযুক্ত হয়। তা কি কারণে? তিক্তজাতীয় বীজের কারণে। অনুরূপভাবে মিথ্যাদৃষ্টি পুদগলের যেসব কায়, বাক্, মনোকর্ম তা আত্মবাদ সংযুক্তদৃষ্টিতে সম্পাদিত হয়, গৃহীত হয়। আর তাদের যেই চেতনা, যেই ইচ্ছা, যেই প্রার্থনা যেই অধিষ্ঠান হোক না কেন সেই সমস্ত ধর্ম অনিষ্ট, অপ্রীতিকর, অমনোজ্ঞ, অহিত ও দুঃখের জন্য সংবর্তিত হয়। তা কি কারণে? পাপজনকদৃষ্টি, আত্মবাদ সংযুক্তদৃষ্টি ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত আর কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়। কোন সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত? সৎকায়দৃষ্টি ও শীলব্রত পরামর্শ– এই সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত। কোন সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়? কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, মাৎসর্য সংযোজন, অনুনয় সংযোজন, অবিদ্যা সংযোজন– এই

Visit: http://www.buddhistdownload.com

সংযোজনসমূহ মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত নয়।

কিরূপে রূপবন্তে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এআত্মা এরূপ দ্বারা রূপবন্ত।" এভাবে সেই পুদগল রূপবন্তে আত্মা দর্শন করে। যেমন– বৃক্ষ ছায়াসম্পন্ন হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা বৃক্ষ, এটা ছায়া। বৃক্ষ অন্য, ছায়াও অন্য। এ বৃক্ষ এই ছায়ায় ছায়াসম্পন্ন।" এভাবে ছায়াসম্পন্ন বৃক্ষ দর্শিত হয়। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– 'এটা আমার আত্মা। আমার এ আত্মা এই রূপ দ্বারা রূপবদ্ধ।' এভাবে সে রূপবন্তে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্ট বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা রূপ বিষয়ক দ্বিতীয় আত্মবাদ সংযুক্তদৃষ্টি।

আত্মবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে সমন্বিত পুদগল ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের দুই গতিই হয়– ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির অন্তর্ভুক্ত ... অন্তর্ভুক্ত নয়। এরূপে রূপবন্তে আত্মা দর্শন করে।

কিরূপে আত্মায় রূপ দর্শন করে? এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এ আত্মায় এই রূপ।" এভাবে সেই পুদগল আত্মায় রূপ দর্শন করে। যেমন– পুষ্প গন্ধসম্পন্ন (সুগন্ধযুক্ত) হলে কোন ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা পুষ্প, এটা গন্ধ। পুষ্প অন্য, গন্ধও অন্য। এই পুষ্পে এ গন্ধ।" এভাবে পুষ্পে গন্ধ দর্শন করে। অনুরূপভাবে এখানে কোন কোন পুদ্গল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এ আত্মায় এই রূপ।" এভাবে সে আত্মায়

Visit: http://www.buddhistdownload.com

বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞান দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা রূপ বিষয়ক তৃতীয় আত্মবাদ সংযুক্তদৃষ্টি।

উচ্ছেদদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টিক পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টি ... অন্তর্ভুক্ত নয়। এরূপে আত্মায় রূপ দর্শন করে।

কিরূপে রূপে আত্মা দর্শন করে? এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়– "এটা আমার আত্মা। আমার এ আত্মা এই রূপে বিদ্যমান।" এভাবে সে রূপে আত্মা দর্শন করে। যেমন– মঞ্জুসায় মণি রাখা হলে কোন চক্ষুষ্মান ব্যক্তি তা দেখামাত্র এরূপ বলবে– "এটা মণি, এটা মঞ্জুসা। মণি অন্য, মঞ্জুসায়ও অন্য। এই মণি এই মঞ্জুসায়।" এভাবে মঞ্জুসায় মণি দর্শন করে। অনুরূপভাবে, এখানে কোন কোন পুদগল বেদনা ... সংজ্ঞা ... সংস্কার ... বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে। তার এরূপ ধারণা হয়–"এটা আমার আত্মা। আমার এ আত্মা এই রূপে বিদ্যমান।" এভাবে রূপে আত্মা দর্শন করে। এটা অভিনিবেশ পরামর্শ দৃষ্টি। দৃষ্টি বস্তুও নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা রূপ বিষয়ক চতুর্থ আত্মবাদ সংযুক্তদৃষ্টি।

আত্মবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি। সে দৃষ্টিবিপত্তিতে ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

মিথ্যাদৃষ্টি পুদগলের ... ও মিথ্যাদৃষ্টির কারণে।

কিছু কিছু সংযোজন মিথ্যাদৃষ্টির ... অন্তর্ভুক্ত নয়। এভাবে রূপে আত্মা দর্শন করে।

কিরূপে বেদনাকে আত্মারূপে দর্শন করে? ... (রূপের স্থলে বেদনা পড়তে হবে)

Visit: http://www.buddhistdownload.com

কিরূপে সংজ্ঞাকে আত্মারূপে দর্শন করে? ... (রূপের স্থলে সংজ্ঞা পড়তে হবে)

কিরূপে সংস্কারকে আত্মারূপে দর্শন করে? ... (রূপের স্থলে সংস্কার পড়তে হবে)

কিরূপে বিজ্ঞানকে আত্মারূপে দর্শন করে? ... (রূপের স্থলে বিজ্ঞান পড়তে হবে)। এই বিশ প্রকারে আত্মবাদ সংযুক্তদৃষ্টি অভিনিবেশ হয়।

আত্মবাদ সংযুক্তদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

১৪। লোকবাদ সংযুক্তদৃষ্টি বর্ণনা

১৪৭। কোন আট প্রকারে লোকবাদ সংযুক্তদৃষ্টি অভিনিবেশ হয়? আত্মা ও লোক শাশ্বত– এটা অভিনিবেশ পরামর্শ লোকবাদ সংযুক্তদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা প্রথম লোকবাদ সংযুক্তদৃষ্টি।

লোকবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

আত্মা ও লোক অশাশ্বত– এটা অভিনিবেশ পরামর্শ লোকবাদ সংযুক্তদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা দ্বিতীয় লোকবাদ সংযুক্তদৃষ্টি।

লোকবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

আত্মা ও লোক শাশ্বত এবং অশাশ্বত– এটা অভিনিবেশ পরামর্শ লোকবাদ সংযুক্তদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা তৃতীয় লোকবাদ সংযুক্তদৃষ্টি।

লোকবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

আত্মা ও লোক শাশ্বতও নহে, অশাশ্বতও নহে– এটা অভিনিবেশ পরামর্শ লোকবাদ সংযুক্তদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা চতুর্থ লোকবাদ সংযুক্তদৃষ্টি।

Visit: http://www.buddhistdownload.com

লোকবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

আত্মা ও লোক সসীম– এটা অভিনিবেশ পরামর্শ লোকবাদ সংযুক্ত দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা পঞ্চম লোকবাদ সংযুক্তদৃষ্টি।

লোকবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

আত্মা ও লোক অসীম– এটা অভিনিবেশ পরামর্শ লোকবাদ সংযুক্তদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা ষষ্ঠ লোকবাদ সংযুক্তদৃষ্টি।

লোকবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

আত্মা ও লোক সসীম এবং অসীম– এটা অভিনিবেশ পরামর্শ লোকবাদ সংযুক্তদৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা সপ্তম লোকবাদ সংযুক্তদৃষ্টি।

লোকবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়।

আত্মা ও লোক সসীমও নহে, অসীমও নহে– এটা অভিনিবেশ পরামর্শ লোকবাদ সংযুক্ত দৃষ্টি। দৃষ্টি বস্তু নয়, বস্তুও দৃষ্টি নয়। দৃষ্টি অন্য, বস্তুও অন্য। যা দৃষ্টি এবং যা বস্তু– এটা অষ্টম লোকবাদ সংযুক্তদৃষ্টি।

লোকবাদ সংযুক্তদৃষ্টি হল মিথ্যাদৃষ্টি, দৃষ্টিবিপত্তি ... অন্তর্ভুক্ত নয়। এই আট প্রকারে লোকবাদ সংযুক্তদৃষ্টি অভিনিবেশ হয়।

লোকবাদ সংযুক্তদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

১৫-১৬। ভব-বিভদৃষ্টি বর্ণনা

১৪৮। অনুরাগাভিনিবেশ বা ভবে বিমুগ্ধ হয়ে থাকাই হল ভবদৃষ্টি। অতিধাবনাভিনিবেশ বা ভব অতিক্রম করে যাওয়াই হল বিভবদৃষ্টি। আস্বাদদৃষ্টি পঁয়ত্রিশ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভবদৃষ্টি কত প্রকার? আত্মানুদৃষ্টি বিশ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভবদৃষ্টি কত প্রকার? মিথ্যাদৃষ্টি দশ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও

Visit: http://www.buddhistdownload.com

বিভবদৃষ্টি কত প্রকার? সৎকায়দৃষ্টি বিশ প্রকারে অভিবিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভবদৃষ্টি কত প্রকার? সৎকায় বিষয়ক শাশ্বতদৃষ্টি পনের প্রকারে অভিনিবেশ হয় তন্মধ্যে ভব ও বিভব দৃষ্টি কত প্রকার? সৎকায় বিষয়ক উচ্ছেদদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভবদৃষ্টি কত প্রকার? অন্তগ্রাহিকাদৃষ্টি পঞ্চাশ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভব দৃষ্টি কত প্রকার? পূর্বান্তানুদৃষ্টি আঠার প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভবদৃষ্টি কত প্রকার? অপরন্তারনুদৃষ্টি চুয়াল্লিশ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভবদৃষ্টি কত প্রকার? সংযোজনিকদৃষ্টি আঠার প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভবদৃষ্টি কত প্রকার? 'আমি'– মানাবদ্ধদৃষ্টি আঠার প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভব কত প্রকার? 'আমার'– মানাবদ্ধদৃষ্টি আঠার প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভবদৃষ্টি কত প্রকার? আত্মবাদ সংযুক্তদৃষ্টি বিশ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভবদৃষ্টি কত প্রকার? লোকবাদ সংযুক্তদৃষ্টি আট প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভব ও বিভবদৃষ্টি কত প্রকার?

আস্বাদদৃষ্টি পঁয়ত্রিশ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভবদৃষ্টি এবং বিভবদৃষ্টি রয়েছে। আত্মানুদৃষ্টি বিশ প্রকার অভিনিবেশ হয়, তন্মধ্যে পনের প্রকার ভবদৃষ্টি এবং পাঁচ প্রকার বিভবদৃষ্টি রয়েছে। মিথ্যাদৃষ্টি দশ প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই বিভবদৃষ্টি। সৎকায়দৃষ্টি বিশ প্রকারে অভিনিবেশ হয় তন্মধ্যে পনের প্রকার ভবদৃষ্টি এবং পাঁচ প্রকার বিভবদৃষ্টি। সৎকায় বিষয়ক শাশ্বতদৃষ্টি পনের প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই ভবদৃষ্টি। সৎকায় বিষয়ক উচ্ছেদদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই বিভবদৃষ্টি।

"লোক শাশ্বত"– এঅন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই ভবদৃষ্টি। "লোক অশাশ্বত"– এঅন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই বিভবদৃষ্টি। "লোক সসীম"– এঅন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভবদৃষ্টি এবং বিভবদৃষ্টি রয়েছে। "লোক অসীম"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে

Visit: http://www.buddhistdownload.com

অভিনিবেশ হয়, তন্মধ্যে ভবদৃষ্টি এবং বিভবদৃষ্টি রয়েছে। "যেই জীব সেই শরীর"– এঅন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই বিভবদৃষ্টি। "জীব এক, শরীর অন্য"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই ভবদৃষ্টি। "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই ভবদৃষ্টি। "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই বিভবদৃষ্টি। "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে এবং থাকে না"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভবদৃষ্টি এবং বিভবদৃষ্টি রয়েছে। "মরণের পর তথাগতের অস্তিত্ব থাকে না, আবার থাকে না তাও নয়"– এ অন্তগ্রাহিকাদৃষ্টি পাঁচ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভবদৃষ্টি এবং বিভবদৃষ্টি রয়েছে।

পূর্বান্তানুদৃষ্টি আঠার প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভবদৃষ্টি এবং বিভবদৃষ্টি রয়েছে। অপরন্তানুদৃষ্টি চুয়াল্লিশ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভবদৃষ্টি এবং বিভবদৃষ্টি রয়েছে। সংযোজনিকদৃষ্টি আঠার প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভবদৃষ্টি এবং বিভবদৃষ্টি রয়েছে। 'আমি'– এ মানাবদ্ধদৃষ্টি আঠার প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই বিভবদৃষ্টি। 'আমার'– এ মানাবদ্ধদৃষ্টি আঠার প্রকারে অভিনিবেশ হয়, সেগুলো সবই ভবদৃষ্টি। আত্মবাদ সংযুক্তদৃষ্টি বিশ প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে পনের প্রকার ভবদৃষ্টি এবং পাঁচ প্রকার বিভবদৃষ্টি। লোকবাদ সংযুক্তদৃষ্টি আট প্রকারে অভিনিবেশ হয়, তন্মধ্যে ভবদৃষ্টি এবং বিভবদৃষ্টি রয়েছে।

উপরোক্ত দৃষ্টিসমূহই আস্বাদদৃষ্টি, আত্মানুদৃষ্টি, মিথ্যাদৃষ্টি, সৎকায়দৃষ্টি, অন্তগ্রাহিকাদৃষ্টি, সংযোজনিকদৃষ্টি এবং আত্মবাদ সংযুক্তদৃষ্টি।

ভব আর বিভব দুই মিথ্যাদৃষ্টি আশ্রিত,
সেসব নিরোধে জান জ্ঞান উৎপন্ন;
ইহলোকে যাহা বিপরীত সংজ্ঞা ॥

১৪৯। হে ভিক্ষুগণ! দুই দৃষ্টিতে অভিভূত দেব-মনুষ্যগণের মধ্যে কেউ কেউ ভবে অনুরক্ত, কেউ কেউ বিভবে অনুরক্ত; কিন্তু চক্ষুষ্মানেরা ভব

Visit: http://www.buddhistdownload.com

বিভবকে অন্যভাবে দর্শন করে। কিভাবে কেউ কেউ ভবে অনুরক্ত হয়? ভিক্ষুগণ, দেব-মনুষ্যগণের মধ্যে কেউ কেউ ভবারাম, ভবরত এবং ভব সন্তুষ্ট হয়ে থাকে। তাই ভব নিরোধের জন্য ধর্মদেশনা করলেও তাদের চিত্ত তৃপ্ত, প্রসাদিত, অধিমুক্ত হয় না। এভাবে কেউ কেউ ভবে অনুরক্ত হয়।

কিভাবে কেউ কেউ বিভবে অনুরক্ত হয়? অনেক সত্ত্ব ভবে বিরক্ত, উৎপীড়িত, অসন্তুষ্ট হয়ে বিভবকে অভিনন্দিত করে বলে– "মহাশয়গণ, এআত্মা মরণের পর উচ্ছেদ, বিনাশপ্রাপ্ত হয়; পুন উৎপন্ন হয় না। এটাই সত্য, এটাই উৎকৃষ্ট, এটাই যথার্থ। এভাবে কেউ কেউ বিভবে অনুরক্ত হয়।

কিভাবে চক্ষুষ্মানেরা (ভব-বিভবকে অন্যভাবে) দর্শন করেন? এখানে ভিক্ষু ভূতকে ভূতরূপে দর্শন করে। ভূতরূপে দর্শন করে ভূতের নির্বেদ, বিরাগ, নিরোধার্থে প্রতিপন্ন হয়ে থাকেন। এভাবে চক্ষুষ্মানেরা দর্শন করেন।

যেজন[১] ভূতকে ভূতরূপে দেখে-
করেন ভূতকে অতিক্রমণ,
যথাভূত হতে অপসারিত তিনি-
করেন ভবতৃষ্ণা পরিক্ষীণ।
সেই ভূত পরিজ্ঞাতজনে-
বীততৃষ্ণা হন ভব-ভবান্তরে,
ভূতের বিভব সেই ভিক্ষু-
অতীত হন, পুনর্ভব আগমনে।

১৫০। তিন প্রকার পুদগল বিপন্নদৃষ্টিক, তিন প্রকার পুদগল সম্পন্নদৃষ্টিক। কোন তিন প্রকার পুদগল বিপন্নদৃষ্টিক? তীর্থিয়, তীর্থিয়-শ্রাবক এবং যেজন মিথ্যাদৃষ্টিসম্পন্ন– এই তিন প্রকার পুদগল বিপন্নদৃষ্টিক। কোন তিন প্রকার পুদগল সম্পন্নদৃষ্টিক? তথাগত, তথাগত-শ্রাবক এবং যেজন সম্যকদৃষ্টিসম্পন্ন– এই তিন প্রকার পুদগল সম্পন্নদৃষ্টিক।

---

[১] এ গাথাটি 'ইতিবুত্তক' এ ৪৯নং দৃষ্টিগত সূত্রে পুনরাবৃত্তি পরিদৃষ্ট হয়।

Visit: http://www.buddhistdownload.com

ক্রোধী[১], হিংসুক আর পাপম্রক্ষী যে নর,
দৃষ্টিবিপন্ন, মায়াবী সে, জানহ বৃষল।
অক্রোধী, অহিংসুক হয়ে বিশুদ্ধ চিত্তাচারী,
সম্যকদৃষ্টিক, আর্য তারা জানিবে মেধাবী।

বিপন্নদৃষ্টি (বা মিথ্যাদৃষ্টি) তিন প্রকার, সম্পন্নদৃষ্টি বা সম্যকদৃষ্টিও তিন প্রকার। তিন প্রকার বিপন্নদৃষ্টি কি? এটা আমার মনে করা– বিপন্নদৃষ্টি। এতে আমি মনে করা– বিপন্নদৃষ্টি। এটা আমার আত্মা মনে করা– বিপন্নদৃষ্টি। এটাই তিন প্রকার বিপন্নদৃষ্টি। তিন প্রকার সম্পন্নদৃষ্টি কি? এটা আমার নয় মনে করা– সম্পন্নদৃষ্টি। এতে আমি নই মনে করা– সম্পন্নদৃষ্টি। এটা আমার আত্মা নয় মনে করা– সম্পন্নদৃষ্টি। এটাই তিন প্রকার সম্পন্নদৃষ্টি।

এটা আমার– কোন দৃষ্টি? কত প্রকার দৃষ্টি? কোন আত্মানুগৃহীত দৃষ্টি? এতে আমি– কোন দৃষ্টি? কত প্রকার দৃষ্টি? কোন আত্মানুগৃহীত দৃষ্টি? এটা আমার আত্মা– কোন দৃষ্টি? কত প্রকার দৃষ্টি? কোন আত্মানুগৃহীত দৃষ্টি?

এটা আমার– ইহা পূর্বান্তানুদৃষ্টি (এ দৃষ্টি পূর্বজন্ম সম্পর্কিত)। এই দৃষ্টি আঠার প্রকার। এটা পূর্বন্তানুগৃহীত দৃষ্টি। এতে আমি মনে করা– এটা অপরন্তানুদৃষ্টি (এ দৃষ্টি অনাগত সম্পর্কিত)। এই দৃষ্টি চুয়াল্লিশ প্রকার। এটা অপরন্তানুদৃষ্টি। এটা আমার আত্মা মনে করা– এটা বিশবস্তুক আত্মানুদৃষ্টি; বিশবস্তুক সৎকায়দৃষ্টি। সৎকাদৃষ্টিপ্রমূখ মিথ্যাদৃষ্টি সর্বমোট বাষট্টী প্রকার। এটা পূর্বন্তাপরন্তানুগৃহীত দৃষ্টি।

১৫১। হে ভিক্ষুগণ! যারা আমার প্রতি পূর্ণশ্রদ্ধাশীল তারা সবাই সম্যকদৃষ্টিসম্পন্ন। তাদের মধ্যে পাঁচ প্রকার পুদগল ইহলোকে পরিনির্বাণ লাভ কারনে, পাঁচ প্রকার পুদগল পরলোকে পরিনির্বাণ লাভ করেন। কোন পাঁচ প্রকার পুদগল ইহলোকে পরিনির্বাণ লাভ করেন? সাতজন্ম পরিগ্রাহক স্রোতাপন্ন, কোলংকোল স্রোতাপন্ন, (স্রোতাপত্তি ফল লাভ হতে ছয়জন্মের মধ্যে পরিনির্বাণলাভী) সকৃদাগামী, দৃষ্টধর্মে অর্হৎ– এই পাঁচ প্রকার পুদগল ইহলোকে পরিনির্বাণ লাভ করেন।

---

[১] এ গাথাটি 'সুত্তনিপাত' গ্রন্থে বৃষল সূত্রে পুনরাবৃত্তি পরিদৃষ্ট হয়।

Visit: http://www.buddhistdownload.com

কোন পাঁচ প্রকার পুদগল পরলোক পরিনির্বাণ লাভ করেন? অন্তর[১]-পরিনির্বাণলাভী, উপহচ্চ[২]-পরিনির্বাণলাভী, অসংস্কারিক[৩]-পরিনির্বাণলাভী, সংস্কারিক[৪]-পরিনির্বাণলাভী এবং উর্দ্ধস্রোতা অকনিষ্ঠগামী–এই পাঁচ প্রকার পুদগল পরলোকে (অর্থাৎ ইহলোক ত্যাগ করে শুদ্ধাবাস ব্রহ্মলোকে) পরিনির্বাণ লাভ করেন।

ভিক্ষুগণ! যারা আমার প্রতি পূর্ণশ্রদ্ধাশীল তাঁরা সবাই সম্যকদৃষ্টিসম্পন্ন। তাঁদের মধ্যে পাঁচ প্রকার পুদগল ইহলোকে পরিনির্বাণ লাভ করেন আর অন্য পাঁচ প্রকার পুদগল পরলোকে পরিনির্বাণ লাভ করেন।

কোন পাঁচ প্রকার পুদগল ইহলোকে পরিনির্বাণ লাভ করেন? সাতজন্ম পরিগ্রাহক স্রোতাপন্ন, কোলংকোল স্রোতাপন্ন, একবীজ স্রোতাপন্ন, সকৃদাগামী এবং ইহলোকে অর্হৎ– এই পাঁচ প্রকারে পুদগল ইহলোকে পরিনির্বাণ লাভ করেন।

কোন পাঁচ প্রকার পুদগল পরলোকে পরিনির্বাণ লাভ করেন? অন্তর-পরিনির্বাণলাভী, উপহচ্ছ-পরিনির্বাণলাভী, অসংস্কারিক-পরিনির্বাণলাভী, সংস্কারিক-পরিনির্বাণলাভী এবং উর্দ্ধস্রোতা অকনিষ্ঠগামী– এই পাঁচ প্রকার

---

[১] যে অনাগামী পুদগল পঞ্চ অধোভাগীয় সংযোজন ছিন্ন করে 'শুদ্ধাবাস' ব্রহ্মলোকে উৎপন্ন হন। সেখানকার আয়ুষ্কালের সমার্দ্ধে উপনীত হয়ে অথবা না হয়ে উর্দ্ধভাগীয় সংযোজন ধ্বংস করতে অবশিষ্ট আর্যমার্গ উৎপন্ন করেন, তথা হতে পুন আগমন করে না, তথায় পরিনির্বাণ লাভ করেন। – পুগ্গল পঞ্ঞত্তি– স্থবির জ্যোতিঃপাল (পৃষ্ঠা-৩৫)।

[২]। যে অনাগামী পুদগল পঞ্চ অধোভাগীয় সংযোজন ছিন্ন করে 'শুদ্ধাবাস' ব্রহ্মলোকে উৎপন্ন হন। তথাকার আয়ুষ্কালের সমার্দ্ধ অতিক্রম করে আয়ুক্ষয়ের আগে উর্ধভাগীয় সংযোজন ধ্বংস করতে অবশিষ্ট আর্যমার্গ উৎপন্ন করেন। তথায় পরিনির্বাণ লাভ করেন। – পুগ্গল পঞ্ঞত্তি– স্থবির জ্যোতিঃপাল ।

[৩]। যে অনাগামী পুদগল 'শুদ্ধাবাস' ব্রহ্মলোকে গমন করে খুব চেষ্টা না করে বিনা ক্লেশ পরিনির্বাণ লাভ করেন।– পুগ্গল পঞ্ঞত্তি– স্থবির জ্যোতিঃপাল ।

[৪]। যে অনাগামী পুদগল 'শুদ্ধাবাস' ব্রহ্মলোকে গমণ করে খুব বেশী চেষ্টা করে, বেশ ক্লেশের সাথে পরিনির্বাণ লাভ করেন।

Visit: http://www.buddhistdownload.com

পুদগল পরলোকে পরিনির্বাণ লাভ করেন।

ভিক্ষুগণ! যারা আমার প্রতি অচলা শ্রদ্ধাসম্পন্ন তারা সবাই স্রোতাপন্ন। তাঁদের মধ্যে পাঁচ প্রকার পুদগল ইহলোকে পরিনির্বাণ লাভ করেন আর অন্য পাঁচ প্রকার পুদগল পরলোকে পরিনির্বাণ লাভ করেন।

ভব-বিভবদৃষ্টি বর্ণনা সমাপ্ত।

দৃষ্টি কথা সমাপ্ত।

৩। আনাপান স্মৃতি কথা

১। গণনা পরিচ্ছেদ

১৫২। আনাপানস্মৃতি সমাধি ১৬টি উপায়ে ভাবনা করলে ২০০ (নাকি ২২০?) প্রকার সমাধি জ্ঞান উৎপন্ন হয়। যেমন পরিপন্থী জ্ঞান ৮ প্রকার, উপকারক জ্ঞান ৮ প্রকার, উপক্লেশ জ্ঞান ১৮ প্রকার, পরিশুদ্ধ জ্ঞান ১৩ প্রকার, স্মৃতিকারীর জ্ঞান ৩২ প্রকার, সমাধিবশে জ্ঞান ২৪ প্রকার, বিদর্শনবশে ৭২ প্রকার, নির্বেদ জ্ঞান ৮ প্রকার, নির্বেদানুলোম জ্ঞান ৮ প্রকার, নির্বেদ প্রতিপ্রশ্রদ্ধি জ্ঞান ৮ প্রকার এবং বিমুক্তি সুখ জ্ঞান ২১ প্রকার।

আট প্রকার পরিপন্থী জ্ঞান এবং আট প্রকার উপকারক জ্ঞান কি? কামচ্ছন্দ সমাধির পরিপন্থী, নৈষ্ক্রম্য সমাধির উপকারক। ব্যাপাদ সমাধির পরিপন্থী, অব্যাপাদ সমাধির উপকারক। তন্দ্রালস্য সমাধির পরিপন্থী, আলোক সংজ্ঞা সমাধির উপকারক। চঞ্চলতা সমাধির পরিপন্থী, অবিক্ষেপ (একাগ্রতা) সমাধির উপকারক। সন্দেহ সমাধির পরিপন্থী, ধর্মমিমাংসা (ধম্মবখানং) সমাধির উপকারক। অবিদ্যা বা অজ্ঞান সমাধির পরিপন্থী, বিদ্যা বা জ্ঞান সমাধির উপকারক। উদ্বেগ বা অনুৎসাহ সমাধির পরিপন্থী, প্রমোদ্য বা উৎসাহ সমাধির উপকারক। সর্ব অকুশল সমাধির পরিপন্থী, সর্ব কুশল সমাধির উপকারক। এভাবেই আট প্রকার পরিপন্থী জ্ঞান এবং আট প্রকার উপকারক জ্ঞান।

গণনা পরিচ্ছেদ সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

২। ষোল প্রকার জ্ঞান বর্ণনা

১৫৩। ষোল প্রকারে ঋজুচিত্ত, মৃদুচিত্ত একত্বে স্থিত হয়, নীবরণমুক্ত হয়। সেই একত্ব কি? নৈষ্ক্রম্য একত্ব, অব্যাপাদ একত্ব, আলোকসংজ্ঞা একত্ব, একাগ্রতা একত্ব, ধর্মমিমাংসা একত্ব, জ্ঞান একত্ব, প্রমোদ্য একত্ব এবং সর্ব কুশল ধর্মমিমাংসা একত্ব।

'নীবরণ, নীবরণ' বলা হয়, সেই নীবরণ কি? কামচ্ছন্দ নীবরণ, ব্যাপাদ নীবরণ, তন্দ্রালস্য নীবরণ, চঞ্চলতা-অনুশোচনা নীবরণ, বিচিকিৎসা বা সন্দেহ নীবরণ, অবিদ্যা নীবরণ, উদ্বেগ (অরতি) নীবরণ এবং সর্ব অকুশল নীবরণ।

কোন অর্থে নীবরণ? মুক্তির আবরণ অর্থে নীবরণ। সেই মুক্তি কি? নৈষ্ক্রম্য আর্যদের মুক্তি। সেই নৈষ্ক্রম্য দ্বারা আর্যগণ মুক্তি লাভ করেন। কামচ্ছন্দ মুক্তির আবরণ। এ কামচ্ছন্দ দ্বারা আবৃত হলে নৈষ্ক্রম্য যে আর্যদের মুক্তি সেটা জানা যায় না– তদ্ধেতু কামচ্ছন্দ মুক্তির আবরণ। অব্যাপাদ আর্যদের মুক্তি। সেই অব্যাপাদ দ্বারা আর্যগণ মুক্তি লাভ করেন। ব্যাপাদ মুক্তির আবরণ। এ ব্যাপাদ দ্বারা আবৃত হলে অব্যাপাদ যে আর্যদের মুক্তি সেটা জানা যায় না– তদ্ধেতু ব্যাপাদ মুক্তির আবরণ। আলোকসংজ্ঞা আর্যদের মুক্তি। সেই আলোকসংজ্ঞা দ্বারা আর্যগণ মুক্তি লাভ করেন। তন্দ্রালস্য মুক্তির আবরণ। এ তন্দ্রালস্য দ্বারা আবৃত হলে আলোকসংজ্ঞা যে আর্যদের মুক্তি সেটা জানা যায় না– তদ্ধেতু তন্দ্রালস্য মুক্তির আবরণ। অবিক্ষেপ বা একাগ্রতা আর্যদের মুক্তি। সেই অবিক্ষেপ দ্বারা আর্যগণ মুক্তি লাভ করেন। চঞ্চলতা মুক্তির আবরণ। এ চঞ্চলতা দ্বারা আবৃত হলে অবিক্ষেপ যে আর্যদের মুক্তি সেটা জানা যায় না– তদ্ধেতু চঞ্চলতা মুক্তির আবরণ। ধর্মমিমাংসা আর্যদের মুক্তি। সে ধর্মমিমাংসা দ্বারা আর্যগণ মুক্তি লাভ করেন। সন্দেহ মুক্তির আবরণ। এ সন্দেহ দ্বারা আবৃত হলে ধর্মমিমাংসা যে আর্যদের মুক্তি সেটা জানা যায় না– তদ্ধেতু সন্দেহ মুক্তির আবরণ। জ্ঞান আর্যদের মুক্তি। সে জ্ঞান দ্বারা আর্যগণ মুক্তি লাভ করেন। অবিদ্যা বা অজ্ঞান মুক্তির আবরণ। এ অজ্ঞান দ্বারা আবৃত হলে

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞান যে আর্যদের মুক্তি সেটা জানা যায় না– তদ্ধেতু অজ্ঞান মুক্তির আবরণ। প্রমোদ্য আর্যদের মুক্তি। সে প্রমোদ্য দ্বারা আর্যগণ মুক্তি লাভ করেন। উদ্বেগ বা নিরুৎসাহ মুক্তির আবরণ। এ উদ্বেগ দ্বারা আবৃত হলে প্রমোদ্য যে আর্যদের মুক্তি সেটা জানা যায় না– তদ্ধেতু উদ্বেগ বা নিরুৎসাহ মুক্তির আবরণ। সর্ব কুশল ধর্ম আর্যদের মুক্তি। সে কুশল ধর্ম দ্বারা আর্যগণ মুক্তি লাভ করেন। সর্ব অকুশলধর্ম মুক্তির আবরণ। এ অকুশলধর্ম দ্বারা আবৃত হলে কুশলধর্ম যে আর্যদের মুক্তি সেটা জানা যায় না– তদ্ধেতু সর্ব অকুশলধর্ম মুক্তির আবরণ। এই নীবরণের দ্বারা ষোল উপায়ে আনাপানস্মৃতি-সমাধি ভাবনাকালে বিশুদ্ধচিত্তের ক্ষণিক একাগ্রতা লাভ হয়।

ষোল প্রকার জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৩। উপক্লেশ জ্ঞান বর্ণনা

প্রথম ষষ্ঠক

১৫৪। এই নীবরণ দ্বারা ষোল উপায়ে আনাপানস্মৃতি-সমাধি ভাবনাকালে বিশুদ্ধ চিত্তের ক্ষণিক একাগ্রতায় কোন আঠারো প্রকার উপক্লেশ উৎপন্ন হয়? শ্বাসের আদি, মধ্য ও অন্ত স্মৃতি দ্বারা অনুগমনকালে আধ্যাত্ম-বিক্ষেপগত (ধৈর্যচ্যুত) চিত্ত সমাধির পরিপন্থী হয়। প্রশ্বাসের আদি, মধ্য ও অন্ত স্মৃতি দ্বারা অনুগমনকালে বাহ্যিক-বিক্ষেপগত চিত্ত সমাধির পরিপন্থী হয়। শ্বাস আকাঙ্ক্ষা, ইচ্ছা ও তৃষ্ণা ইত্যাদি স্বভাব সমাধির পরিপন্থী হয়। শ্বাসে রত বা অভিভূত তবে প্রশ্বাস প্রতিলাভে উদগ্রীব হলে সমাধির পরিপন্থী হয়। প্রশ্বাসে রত বা অভিভূত, তবে শ্বাস প্রতিলাভে উদ্‌গ্রীব হলে সমাধির পরিপন্থী নয়।

আশ্বাসের অনুগমন, প্রশ্বাসেরও তাই;
অভ্যন্তরে স্মৃতির বিক্ষেপ।
বাইরেও কাম্য নহে তায়;

Visit: http://www.buddhistdownload.com

আশ্বাসে অভিভূত জনের,
প্রশ্বাসের অনুভব যেন হয়।
প্রশ্বাসের অভিভূত জনের;
আশ্বাসের অনুভব যেন রয়।
আনাপান সমাধির এই, ছয় উপক্লেশ;
বিক্ষিপ্ত মানসজনের চিত্তমুক্তি নাহি হয় শেষ।
বিমোক্ষকে জানে যে অল্প;
হয়রে তারা অধীনস্থ।

দ্বিতীয় ষষ্ঠক

১৫৫। শ্বাসে মনোযোগকালে নিমিত্ত (স্পর্শস্থান) চিত্তকে বিচলিত করে– এটা সমাধির পরিপন্থী। নিমিত্তে মনোযোগকালে শ্বাস চিত্তকে বিচলিত করে– এটা সমাধির পরিপন্থী। প্রশ্বাসে মনোযোগকালে নিমিত্ত চিত্তকে বিচলিত করে– এটা সমাধির পরিপন্থী। নিমিত্তে মনোযোগকালে প্রশ্বাস চিত্তকে বিচলিত করে– এটা সমাধির পরিপন্থী। প্রশ্বাসে মনোযোগকালে শ্বাস চিত্তকে বিচলিত করে– এটা সমাধির পরিপন্থী। শ্বাস মনোযোগকালে প্রশ্বাস চিত্তকে বিচলিত করে– এটা সমাধির পরিপন্থী।

নিমিত্তে মনযোগীর আশ্বাসে হয় চিত্ত বিকম্পিত;
আশ্বাসে মনযোগীর নিমিত্তে বিকম্পিত চিত্ত।
নিমিত্তে মনযোগীর প্রশ্বাসে হয় চিত্ত বিকম্পিত;
প্রশ্বাসে মনযোগীর নিমিত্তে বিকম্পিত চিত্ত।
আশ্বাসে মনযোগীর প্রশ্বাসে বিকম্পিত মন;
প্রশ্বাসে মনযোগীর চিত্ত, আশ্বাসে হয়রে কম্পন।
আনাপানস্মৃতি সমাধির উপক্লেশ এই ছয়;
বিক্ষিপ্ত মানস যার চিত্ত কভুমুক্ত নাহি হয়।
বিমোক্ষকে অজ্ঞাত যে, সেজন অধীনস্থ হয়॥

Visit: http://www.buddhistdownload.com

তৃতীয় ষষ্ঠক

১৫৬। অতীত অনুসরণ চিত্ত বিক্ষেপানুগত হয়– এটা সমাধির পরিপন্থী। অনাগত প্রত্যাশী চিত্ত বিচলিত হয়– এটা সমাধির পরিপন্থী। লীন (অলস) চিত্ত উৎসাহহীন হয়– এটা সমাধির পরিপন্থী। অতি উদ্যমী চিত্ত চঞ্চলতানুগত হয়– এটা সমাধির পরিপন্থী। মৃদু চিত্ত কামরাগানুগত হয়– এটা সমাধির পরিপন্থী। কুটিল (বক্র) চিত্ত ব্যাপাদানুগত হয়– এটা সমাধির পরিপন্থী।

অতীতে অনুধাবিত চিত্ত, লীন হয় ভাবি আকাঙ্ক্ষায়;
অতিব প্রগ্রহীতে নত, বা অনত চিত্তে সমাধি না হয়।
আনাপানস্মৃতি সমাধির উপক্লেশ এ ছয়;
উপক্লিষ্ট সংকল্পে অধিচিত্ত অজ্ঞাত রয়।

১৫৭। শ্বাসের আদি, মধ্য, অন্ত স্মৃতিতে অনুগমনকালে আধ্যাত্ম-বিক্ষেপগত চিত্ত দ্বারা কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। প্রশ্বাসের আদি, মধ্য, অন্ত স্মৃতিতে অনুগমণকালে বাহ্যিক-বিক্ষেপগত চিত্ত দ্বারা কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। শ্বাস গ্রহণের আকাঙ্ক্ষা, ইচ্ছা, তৃষ্ণা দ্বারা কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। প্রশ্বাস ত্যাগের আকাঙ্ক্ষা, ইচ্ছা, তৃষ্ণা দ্বারা কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। শ্বাসে রত বা অভিভূত, তবে প্রশ্বাস প্রতিলাভে ব্যাকুল হলে কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। প্রশ্বাসে রত বা অভিভূত, তবে শ্বাস প্রতিলাভে ব্যাকুল হলে কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। নিমিত্তে মনোযোগকালে শ্বাস গ্রহণ চিত্তকে বিকম্পিত করলে কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। শ্বাস গ্রহণে মনোযোগকালে নিমিত্ত চিত্তকে বিকম্পিত করলে কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। নিমিত্তে মনোযোগকালে প্রশ্বাস ত্যাগ চিত্তকে বিকম্পিত করলে কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। প্রশ্বাস ত্যাগে মনোযোগকালে নিমিত্ত চিত্তকে বিকম্পিত করলে কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। শ্বাস গ্রহণে

Visit: http://www.buddhistdownload.com

মনোযোগকালে প্রশ্বাস ত্যাগ চিত্তকে বিকম্পিত করলে কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। প্রশ্বাস ত্যাগে মনোযোগকালে শ্বাস গ্রহণ চিত্তকে বিকম্পিত করলে কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। অতীতানুসরণ ও বিক্ষেপানুগত চিত্ত দ্বারা কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। অনাগত প্রত্যাশী ও অস্থির চিত্ত দ্বারা কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। লীন বা জড়তা ও উৎসাহহীন চিত্ত দ্বারা কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। অতি উদ্যম ও চঞ্চলতানুগত চিত্ত দ্বারা কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। মৃদু ও কামরাগানুগত চিত্ত দ্বারা কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়। কুটিল ও ব্যাপাদানুগত চিত্ত দ্বারা কায় ও চিত্ত উত্তেজিত, বিচলিত এবং কম্পিত হয়।

আনাপানস্মৃতি যার পরিপূর্ণ অভাবিত,
কায় অসংযম তার চিত্ত বিচলিত;
কায় কম্পিত আর চিত্ত স্পন্দিত।
আনাপানস্মৃতি যার পরিপূর্ণ সুভাবিত,
কায় সুসংযত তার চিত্ত অবিচলিত;
কায় অকম্পিত আর চিত্ত অকম্পিত।

এই নীরবণাদি দ্বারা ষোল উপায়ে আনাপানস্মৃতি-সমাধি ভাবনা করলে বিশুদ্ধচিত্তের ক্ষণিক একাগ্রতায় এই আঠারো প্রকারে উপক্লেশ জ্ঞান উৎপন্ন হয়।

উপক্লেশ জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৪। পরিশুদ্ধ জ্ঞান বর্ণনা

১৫৮। তের প্রকার পরিশুদ্ধ জ্ঞান কি? অতীতানুসরণকারী চিত্ত বিক্ষেপে পতিত হয়; সেই বিক্ষেপভাব পরিত্যাগ করলে (চিত্ত) একালম্বনে স্থির হয়– এভাবে চিত্ত বিক্ষিপ্ত হয় না। অনাগত আকাঙ্ক্ষায় চিত্ত বিকম্পিত হয়; তা পরিত্যাগ করলে তাতে (চিত্ত) নমিত হয়– এভাবে চিত্ত বিক্ষিপ্ত

Visit: http://www.buddhistdownload.com

হয় না। লীন বা নিস্তেজ চিত্ত উৎসাহশূন্য হয়; তা পরিহার করলে অনুৎসাহভাব পরিত্যক্ত হয়– এভাবে চিত্ত বিক্ষিপ্ত হয় না। অতি উদ্যমে চিত্ত চাঞ্চল্যে পতিত হয়; তা নিগ্রহ করলে চঞ্চলতা পরিত্যক্ত হয়– এভাবে চিত্ত বিক্ষিপ্ত হয় না। মৃদু চিত্ত কামরাগানুগত হয়; তাতে সম্প্রজ্ঞানী হলে কামরাগ পরিত্যক্ত হয়– এভাবে চিত্ত বিক্ষিপ্ত হয় না। কুটিল (বক্র) চিত্ত ব্যাপাদে পতিত হয়; তাতে সম্প্রজ্ঞানী হলে ব্যাপাদ পরিত্যক্ত হয়– এভাবে চিত্ত বিক্ষিপ্ত হয় না। এই ছয় বিষয়ে পরিশুদ্ধ চিত্ত পরিশোধিত ও একত্ব হয়।

সেই একত্ব কি? দান-ত্যাগ কর্ম একত্ব, শমথ-নিমিত্ত কর্ম একত্ব, ব্যয়-লক্ষণ কর্ম একত্ব, নিরোধ কর্ম একত্ব। ত্যাগাধিমুক্তের দান-ত্যাগ কর্ম একত্ব, অধিচিত্ত বা একাগ্রযুক্ত চিত্তের শমথ-নিমিত্ত কর্ম একত্ব, বিদর্শক বা বিদর্শন ভাবনাকারীর ব্যয়-লক্ষণ কর্ম একত্ব এবং আর্যপুদগলের নিরোধ কর্ম একত্ব। এই চার বিষয়ে একত্বগত চিত্ত প্রতিপদা-বিশুদ্ধি হেতু আনন্দিত হয়, উপেক্ষায় বর্ধিত হয় ও জ্ঞান দ্বারা প্রফুল্ল হয়।

প্রথমধ্যানের আদি, মধ্য ও অন্ত কি? প্রথমধ্যানের আদি হচ্ছে প্রতিপদা-বিশুদ্ধি, উপেক্ষা-বর্ধিত হচ্ছে মধ্য এবং অন্ত হচ্ছে আনন্দানুভূতি। প্রথমধ্যানের আদি যে প্রতিপদা-বিশুদ্ধি, তার লক্ষণ কয়টি? আদির লক্ষণ তিনটি। যা তার পরিপন্থী তা হতে চিত্ত বিশুদ্ধ হয়, বিশুদ্ধ চিত্ত হচ্ছে মধ্য যা শমথ-নিমিত্ত প্রাপ্ত হয়; নিমিত্ত প্রাপ্ত হয়ে (তাতে) চিত্ত আনন্দিত হয়। যেই পরিপন্থী চিত্ত বিশুদ্ধ হয়, সেই মধ্যস্থ চিত্ত শমথ-নিমিত্ত প্রাপ্ত হয় এবং প্রাপ্ত হয়ে যেই চিত্ত তাতে আনন্দিত হয়– এটা প্রথমধ্যানের আদি প্রতিপদা-বিশুদ্ধি। আদির এই তিনটি লক্ষণ। তাই বলা হয়– "প্রথমধ্যানে আদিকল্যাণ ও লক্ষণসম্পন্ন হয়।"

প্রথমধ্যানের মধ্য হচ্ছে উপেক্ষা বর্ধিত। এ মধ্য– এর লক্ষণ কয়টি? মধ্যের লক্ষণ তিনটি। যথা- বিশুদ্ধ চিত্তকে দর্শন করে, শমথ-প্রতিপন্নকে দর্শন করে, একত্ব উপস্থাপনকে দর্শন করে। যা বিশুদ্ধ চিত্ত দর্শন করে, যা শমথ প্রতিপন্ন দর্শন করে এবং যা একত্ব উপস্থাপন দর্শন করে– এটা প্রথমধ্যানের মধ্য 'উপেক্ষা বর্ধিত'। মধ্য– এর এই তিন লক্ষণ। তাই বলা

Visit: http://www.buddhistdownload.com

হয়– "প্রথমধ্যান মধ্যকল্যাণ ও লক্ষণসম্পন্ন হয়।"

প্রথমধ্যানের অন্ত হচ্ছে আনন্দানুভূতি। অন্তের লক্ষণ কয়টি? অন্তের লক্ষণ চারটি। তথায় জাত ধর্মসমূহ অনতিক্রমার্থে আনন্দানুভূতি, ইন্দ্রিয়সমূহের একরসার্থে আনন্দানুভূতি, তৎমুহূর্তে বীর্যবাহনার্থে আনন্দানুভূতি এবং আসেবনার্থে আনন্দানুভূতি। প্রথম ধ্যানের অন্তই আনন্দানুভূতি। অন্তের এই চারটি লক্ষণ। তাই বলা হয়– "প্রথমধ্যান অন্তকল্যাণ ও লক্ষণসম্পন্ন হয়।" এরূপ ত্রিব্রতগত, ত্রিকল্যাণগত চিত্ত দশলক্ষণসম্পন্ন হয়। যথা– বিতর্কসম্পন্ন, বিচারসম্পন্ন, প্রীতিসম্পন্ন, সুখসম্পন্ন, চিত্তের অধিষ্ঠানসম্পন্ন, শ্রদ্ধাসম্পন্ন, বীর্যসম্পন্ন, স্মৃতিসম্পন্ন, সমাধিসম্পন্ন এবং প্রজ্ঞাসম্পন্ন।

দ্বিতীয়ধ্যানের আদি, মধ্য ও অন্ত কি? দ্বিতীয়ধ্যানের আদি হচ্ছে প্রতিপদা– বিশুদ্ধি, মধ্য হচ্ছে উপেক্ষা-বর্ধন এবং অন্ত হচ্ছে আনন্দানুভূতি। দ্বিতীয়ধ্যানের ... এবং প্রজ্ঞাসম্পন্ন।

তৃতীয়ধ্যানের আদি, মধ্য ও অন্ত কি? তৃতীয়ধ্যানের আদি হচ্ছে প্রতিপদা-বিশুদ্ধি, মধ্য হচ্ছে উপেক্ষা-বর্ধিত এবং অন্ত হচ্ছে আনন্দানুভূতি ... এবং প্রজ্ঞাসম্পন্ন।

চতুর্থধ্যানের আদি, মধ্য ও অন্ত কি? চতুর্থধ্যানের আদি হচ্ছে প্রতিপদা-বিশুদ্ধি, মধ্য হচ্ছে উপেক্ষা-বর্ধিত এবং অন্ত হচ্ছে আনন্দানুভূতি ... এবং প্রজ্ঞাসম্পন্ন।

আকাশানন্তায়তন সমাপত্তির আদি, মধ্য ও অন্ত কি? আকাশনন্তায়তন সমাপত্তির আদি হচ্ছে প্রতিপদা–বিশুদ্ধি, মধ্য হচ্ছে উপেক্ষা-বর্ধিত এবং অন্ত হচ্ছে আনন্দানুভূতি ... এবং প্রজ্ঞাসম্পন্ন।

বিজ্ঞানানন্তায়তন সমাপত্তির আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।

আকিঞ্চনায়তন সমাপত্তির আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।

নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তির আদি, মধ্য ও অন্ত কি?... এবং প্রজ্ঞাসম্পন্ন।

Visit: http://www.buddhistdownload.com

অনিত্যানুদর্শনের সমাপত্তির আদি, মধ্য ও অন্ত কি?... এবং প্রজ্ঞাসম্পন্ন।

দুঃখানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
আত্মানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
নির্বেদানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
বিরাগানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
নিরোধানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
পরিত্যাগানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
ক্ষয়ানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
ব্যয়ানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
বিপরিণামানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
অনিমিত্তানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
অপ্রণিহিতানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
শূন্যতানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
যথাভূত জ্ঞান দর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
আদীনবানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
মনোযোগানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
বিবর্তনানুদর্শনের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
স্রোতাপত্তিমার্গের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
সকৃদাগামীমার্গের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
অনাগামীমার্গের আদি, মধ্য ও অন্ত কি? ... এবং প্রজ্ঞাসম্পন্ন।
অর্হৎমার্গের আদি, মধ্য ও অন্ত কি?... এবং প্রজ্ঞাসম্পন্ন।

১৫৯।

আশ্বাস-প্রশ্বাসে নিমিত্তে এক চিত্তের আরম্মণ;
তিনধর্ম না জনাতে, ভাবনায় লাভ নহে তখন।
আশ্বাস-প্রশ্বাস নিমিত্তে এক চিত্তের আরম্মণ;
তিনধর্মে জানাতে হয়, ভাবনায় লাভ হয় তখন।

Visit: http://www.buddhistdownload.com

কিভাবে এই তিনধর্ম একচিত্তের আরম্মণ হয় না, এই তিনধর্ম অবিদিত হয় না, চিত্ত বিক্ষেপে গমন বা বিক্ষিপ্ত হয় না; প্রধান প্রজ্ঞাপ্ত হয়, প্রয়োগ সাধিত হয়, বিশেষাধিগত হয়? যেমন, সমান ভূমিতে পতিত বৃক্ষকে কোন সূত্রধর করাত দিয়ে ছেদনকালে বৃক্ষে স্পর্শিত করাত কাঁটায় তার মনসংযোগ বিদ্যমান থাকে। গত বা আগত করাত কাঁটায় মনসংযোগ বিদ্যমান থাকে না। কিন্তু গত বা আগত করাত কাঁটাও তার অবিদিত নয়। এভাবে প্রধান প্রজ্ঞাপ্ত হয়, প্রয়োগ সাধিত হয়। সমান ভূমিতে পতিত বৃক্ষের ন্যায় সম্মুখ নিমিত্ত। করাতকাঁটার ন্যায় শ্বাস-প্রশ্বাস। যেরূপে বৃক্ষের স্পর্শিত করাতকাটায় সূত্রধরের মনসংযোগ বিদ্যমান থাকে, গত বা আগত করাতকাঁটায় মনসংযোগ থাকে বিদ্যমান না, কিন্তু গত বা আগত করাতকাঁটা তার অবিদিতও নয়। এভাবে তার প্রধান প্রজ্ঞাপ্ত হয়, প্রয়োগ সাধিত হয়। ঠিক অনুরূপভাবে ভিক্ষু নাসিকাগ্রে বা মুখ নিমিত্তে স্মৃতি উপস্থাপিত করে উপবিষ্ট হয়। গত বা আগত শ্বাস-প্রশ্বাসে মনসংযোগ করে না, কিন্তু গত বা আগত শ্বাস-প্রশ্বাস তার অবিদিতও নয়। এভাবে তার প্রধান প্রজ্ঞাপ্ত হয়, প্রয়োগ সাধিত হয়, বিশেষাধিগত হয়।

প্রধান কি? আরদ্ধবীর্যের ফলে কায় ও চিত্ত তৎপর হয়– এটা প্রধান। প্রয়োগ কি? আরদ্ধ বীর্যের ফলে উপক্লেশ প্রহীন হয়, বিতর্ক উপশম হয়– এটা প্রয়োগ। বিশেষ কি? আরদ্ধবীর্যের ফলে সংযোজন প্রহীন হয়, অনুশয়সমূহ ধ্বংস হয়– এটা বিশেষ। এভাবে এই তিনধর্ম একচিত্তের আরম্মণ হয় না, এই তিনধর্ম অবিদিত হয় না, চিত্ত বিক্ষিপ্ত হয় না; প্রধান প্রজ্ঞাপ্ত হয়, প্রয়োগ সাধিত হয়, বিশেষাধিগত হয়।

১৬০।

আনাপানস্মৃতি যার, পরিপূর্ণ সুভাবিত,
আনুপূর্বিক পরিচিত, যাহা বুদ্ধদেশিত।
এই জীবলোক উদ্ভাসিত করে সে জন;
আলোয় উদ্ভাসিত করে, মেঘমুক্ত চন্দ্র যেমন।

Visit: http://www.buddhistdownload.com

'আনন্তি' বলতে শ্বাস, প্রশ্বাস নয়। 'আপানন্তি' বলতে প্রশ্বাস, শ্বাস নয়। শ্বাসবশে স্মৃতি উপস্থাপন, প্রশ্বাসবশে স্মৃতি উপস্থাপন। যেই শ্বাস গ্রহণ করে তাতে স্মৃতি উপস্থাপন করা হয়, যেই প্রশ্বাস ত্যাগ করে তাতে স্মৃতি উপস্থাপন করা হয়। 'পরিপুন্নাতি' বলতে পরিগ্রহার্থে পরিপূর্ণ, পরিবারার্থে পরিপূর্ণ, পরিপূরণার্থে পরিপূর্ণ। 'সুভাবিতাতি' বলতে চার প্রকার ভাবনা– তথায় জাত ধর্মসমূহের অনতিক্রমার্থে ভাবনা, ইন্দ্রিয়সমূহের একরসার্থে ভাবনা, সে'ক্ষণে প্রাপ্ত বীর্যবাহনার্থে ভাবনা, আসেবনার্থে ভাবনা। তার এই চার ভাবনা অভ্যস্ত, আয়ত্ত, অভিনিবিষ্ট, পরিচিত এবং সুগৃহীত হয়।

'যানীকতাতি' বলতে যেখানে ইচ্ছা করে সেখানে বশীপ্রাপ্ত, বলপ্রাপ্ত, বৈশারদ্যপ্রাপ্ত হয়। তার সমস্ত ধর্মসমূহ আবর্জনা প্রতিবদ্ধ, আকাঙ্ক্ষা প্রতিবদ্ধ, মনসংযোগ প্রতিবদ্ধ, চিত্তুৎপাদ প্রতিবদ্ধ হয়। তাই বলা হয়– 'অভ্যস্ত'। 'বত্থুকতাতি' বলতে যেই যেই বিষয়ে চিত্ত সুঅধিষ্ঠিত হয়, সেই সেই বিষয়ে স্মৃতি সুপ্রতিষ্ঠিত হয়। যেই যেই বিষয়ে স্মৃতি সুপ্রতিষ্ঠিত হয়, সেই সেই বিষয়ে চিত্ত সুঅধিষ্ঠিত হয়। তাই বলা হয়– 'আয়ত্ত'। 'অনুট্ঠিতাতি' বলতে যেই যেই বিষয়ে স্মৃতি নিবদ্ধ হয় সেই সেই বিষয়ে চিত্ত দৃঢ়সংকল্পবদ্ধ হয়। তাই বলা হয়– 'অভিনিবিষ্ট'। 'পরিচিতাতি' বলতে পরিগ্রহার্থে পরিচিত, পরিবারার্থে পরিচিত, পরিপূরণার্থে পরিচিত। স্মৃতিতে পরিগ্রহণকালে পাপ অকুশল ধর্মসমূহকে জয় করে। তাই বলা হয়– 'পরিচিত'। 'সুসমারদ্ধতি' বলতে চার প্রকার সুগৃহীত– তথায় জাত ধর্মসমূহের অনতিক্রমার্থে সুগৃহীত, ইন্দ্রিয়সমূহের একরসার্থে সুগৃহীত, সেক্ষণে প্রাপ্ত বীর্যবাহনার্থে সুগৃহীত, তৎপ্রতিকুল ক্লেশসমূহের সমূলে অপসারণ বলে সুগৃহীত।

১৬১। 'সুসমুন্তি' বলতে সমান এবং সুসমান। সমান কি? তথায় যেসব অনবদ্য কুশল বোধিপক্ষীয় ধর্ম– এটা সমান। সুসমান কি? সেই সেই ধর্মসমূহের যে আরম্মণ, নিরোধ, নির্বাণ– এটা সুসমান। এভাবে প্রজ্ঞা দ্বারা এটা সমান, এটা সুসমান বলে জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও গৃহীত হয়। দৃঢ় বীর্য আরদ্ধ হয়, অমূঢ় বা নির্ভুল স্মৃতি উপস্থাপিত হয়,

Visit: http://www.buddhistdownload.com

কায় শান্ত-প্রশান্ত হয়, চিত্ত একাগ্র– সমাহিত হয়। তাই বলা হয়– "সুগৃহীত"।

'অনুপুব্বং পরিচিতাতি' বলতে দীর্ঘ শ্বাসবশে পূর্বে পরিচিত এবং পরে অনুপরিচিত। দীর্ঘ প্রশ্বাসবশে ...। হ্রস্বশ্বাসবশে ...। হ্রস্ব প্রশ্বাসবশে ... পে ... পরিত্যাগানুদর্শী হয়ে শ্বাসবশে ...। পরিত্যাগানুদর্শী হয়ে প্রশ্বাসবশে ... সব ষোল উপায়ে আনাপানস্মৃতি পরস্পরের পরিচিত এবং অনুপরিচিত হয়। তাই বলা হয়– "আনুপূর্বিকভাবে পরিচিত"।

'যথার্থ' বলতে দশ প্রকার যথার্থকে বুঝায়। যেমন আত্ম দমন অর্থ যথার্থ, আত্ম উপশম অর্থ যথার্থ, আত্ম পরিনির্বাপণ অর্থ যথার্থ, অভিজ্ঞা অর্থ যথার্থ, পরিজ্ঞান অর্থ যথার্থ, প্রহান অর্থ যথার্থ, ভাবনা অর্থ যথার্থ, সাক্ষাৎকরণ অর্থ যথার্থ, সত্যাবিসময় বা সত্য উপলব্ধি অর্থ যথার্থ এবং নিরোধ প্রতিষ্ঠাপক অর্থ যথার্থ।

'বুদ্ধ, বুদ্ধ' বলা হয়, বুদ্ধ কি? যিনি আচার্য ছাড়াই স্বয়ম্ভু, ভগবান, যিনি অশ্রুতপূর্ব ধর্মে চারি আর্যসত্য জ্ঞাত হয়েছেন, সর্বজ্ঞতা জ্ঞানপ্রাপ্ত হয়েছেন এবং দশবলে শ্রেষ্ঠত্ব লাভ করেছেন। 'বুদ্ধ, বুদ্ধ' বলা হয়, কোন অর্থে বুদ্ধ? চারি আর্যসত্য জ্ঞাত হয়েছেন। এঅর্থে বুদ্ধ। দেব-মনুষ্যগণকে জ্ঞান প্রদান করেন এঅর্থে বুদ্ধ। সর্বজ্ঞতা জ্ঞানপ্রাপ্ত এঅর্থে বুদ্ধ। সর্ব দর্শনসম্পন্ন এঅর্থে বুদ্ধ। জগতে অদ্বিতীয় ... । শিষ্টাচার সম্পন্ন ...। ক্ষীণাস্রব সম্বন্ধে জ্ঞাত ...। উপক্লেশহীন ...। একান্ত বীতরাগ ...। একান্ত বীতদ্বেষ ...। একান্ত বীতমোহ ... । একায়নমার্গ নির্বাণে গত ...। একাকী অনুত্তর সম্যক সম্বোধিতে অভিসম্বুদ্ধ...-। অজ্ঞান ধ্বংস করে জ্ঞান লাভ করেছেন ...। 'বুদ্ধ' এই নামটি মাতা-পিতা, ভ্রাতা-ভগ্নি, মিত্র-আমাত্য, জ্ঞাতি-স্বজন, শ্রমণ-ব্রাহ্মণ এবং দেবতা কর্তৃক দেয়া হয়নি। ইহা ভগবান বুদ্ধগণের বোধিমূলে সর্বজ্ঞতা জ্ঞান প্রতিলাভের সঙ্গে সঙ্গে যথার্থ উপাধি– বুদ্ধ।

'দেসিতাতি' বলতে বুদ্ধ কর্তৃক দেশিত– যা আত্ম দমনার্থ যথার্থ। বুদ্ধ কর্তৃক দেশিত– যা আত্ম পরিনির্বাপণার্থ যথার্থ। বুদ্ধ কর্তৃক দেশিত– যা অভিজ্ঞার্থ যথার্থ। বুদ্ধ কর্তৃক দেশিত– যা পরিজ্ঞানার্থ যথার্থ। বুদ্ধ কর্তৃক

Visit: http://www.buddhistdownload.com

দেশিত– যা পহানার্থ যথার্থ। বুদ্ধ কর্তৃক দেশিত– যা ভাবনার্থ যথার্থ। বুদ্ধ কর্তৃক দেশিত– যা সাক্ষাৎকরণার্থে যথার্থ। বুদ্ধ কর্তৃক দেশিত– যা সত্য উপলব্ধি অর্থ যথার্থ। বুদ্ধ কর্তৃক দেশিত– নিরোধ প্রতিষ্ঠাপকার্থ যথার্থ।

'সোতি' বলতে গৃহস্থ বা প্রব্রজিতকে বুঝায়। 'লোকোতি' বলতে স্কন্ধলোক, ধাতুলোক, আয়তনলোক, বিপত্তিভবলোক, বিপত্তিসম্ভবলোক সম্পত্তিভবলোক, সম্পত্তিসম্ভবলোক। এক লোক কি?– সবসত্ত্ব আহারে স্থিত ... অষ্টাদশ লোক– অষ্টাদশ ধাতু।

'পভাসেতীতি' বলতে আত্মদমনার্থে যথার্থ বুদ্ধজ্ঞান লাভ করে তিনি এই লোক উজ্বল, সমুজ্বল এবং আলোকিত করেন। আত্ম উপশমার্থে যথার্থ বুদ্ধজ্ঞান লাভ করে তিনি এই লোক উজ্বল, সমুজ্বল এবং আলোকিত করেন। আত্ম পরিনির্বাপণার্থে যথার্থ বুদ্ধজ্ঞান ...। অভিজ্ঞার্থ যথার্থ বুদ্ধজ্ঞান ...। পরিজ্ঞানার্থে যথার্থ বুদ্ধজ্ঞান ...। সাক্ষাৎকরণার্থে যথার্থ বুদ্ধজ্ঞান ...। সত্য উপলব্ধি অর্থে যথার্থ বুদ্ধজ্ঞান ...। 'অব্‌ভা মুত্তোব চন্দিমাতি' বলতে মেঘের ন্যায় ক্লেশ। চন্দ্রিমার ন্যায় আর্যজ্ঞান। চন্দ্রিমা দেবপুত্রের ন্যায় ভিক্ষু। চন্দ্রিমা যেমন মেঘমুক্ত, তুষারমুক্ত, ধূম্রমলমুক্ত এবং রাহুমুক্ত হয়ে উজ্বল, সমুজ্বল ও আলোকিত হয়; অনুরূপভাবে ভিক্ষুও সর্বক্লেশমুক্ত হয়ে উজ্বল, সমুজ্বল ও আলোকিত হয়। তাই বলা হয়– মেঘমুক্ত চন্দ্রিমার ন্যায়।এটাই তের প্রকার পরিশুদ্ধ জ্ঞান।

পরিশুদ্ধ জ্ঞান বর্ণনা সমাপ্ত।
পরিচ্ছেদ সমাপ্ত।

৫। স্মৃতি জ্ঞান বর্ণনা

১৬৩। বত্রিশ প্রকার স্মৃতিজ্ঞান কি? এখানে ভিক্ষু অরণ্যে, বৃক্ষমূলে অথবা নির্জনস্থানে গিয়ে পদ্মাসনে উপবেশন করে দেহ সোজা রেখে নির্বাণ অভিমুখে স্মৃতি উপস্থাপিত করে। তখন সে স্মৃতিমান হয়ে শ্বাস গ্রহণ করে এবং প্রশ্বাস ত্যাগ করে। দীর্ঘশ্বাস গ্রহণকালে "দীর্ঘ শ্বাস গ্রহণ করছি"

Visit: http://www.buddhistdownload.com

বলে যথার্থরূপে জানে। দীর্ঘপ্রশ্বাস ত্যাগকালে "দীর্ঘ প্রশ্বাস ত্যাগ করছি" বলে যথার্থরূপে জানে। হ্রস্বশ্বাস গ্রহণকালে "হ্রস্বশ্বাস গ্রহণ করছি" বলে যথার্থরূপে জানে। হ্রস্বপ্রশ্বাস ত্যাগকালে "হ্রস্বপ্রশ্বাস ত্যাগ করছি" বলে যথার্থরূপে জানে। "সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাস গ্রহণ করছি" বলে এরূপে শিক্ষা করে। "সর্বকায় স্পন্দন অনুভব করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে এরূপে শিক্ষা করে। "সর্ব কায়সংস্কার উপশম করে শ্বাস গ্রহণ করছি" বলে এরূপ শিক্ষা করে। "সর্ব কায়সংস্কার উপশম করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে এরূপে শিক্ষা করে। "প্রীতি অনুভব করে শ্বাস গ্রহণ করছি" বলে এরূপে শিক্ষা করে। "প্রীতি অনুভব প্রশ্বাস ত্যাগ ...। "সুখ অনুভব করে শ্বাস গ্রহণ ...। "সুখ অনুভব করে প্রশ্বাস ত্যাগ ...। "চিত্তসংস্কার অনুভব করে শ্বাস গ্রহণ ...। "চিত্তসংস্কার প্রশ্বাস ত্যাগ ...। "চিত্ত সংস্কার উপশান্ত করে শ্বাস গ্রহণ ...। "চিত্তসংস্কার উপশান্ত করে প্রশ্বাস ত্যাগ ...। "(নীবরণমুক্ত) চিত্ত অনুভব করে শ্বাস গ্রহণ ...। "(নীরবণমুক্ত) চিত্ত অনুভব করে প্রশ্বাস ত্যাগ ...। "উৎফুল্ল চিত্তকে জেনে শ্বাস গ্রহণ ...। "উৎফুল্ল চিত্তকে জেনে প্রশ্বাস ত্যাগ ... । "সমাহিত চিত্তকে জেনে শ্বাস গ্রহণ ...। "সমাহিত চিত্তকে জেনে ত্যাগ ...।

"বিমুক্ত চিত্তকে জেনে (অথবা চিত্তকে বিমুক্ত করার সংকল্প নিয়ে) শ্বাস গ্রহণ ... । "বিমুক্ত চিত্তকে জেনে প্রশ্বাস ত্যাগ ... । "অনিত্যানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ ...। "অনিত্যানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ ... । "বিরাগানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ ...--। "বিরাগানুদর্শী ... হয়ে প্রশ্বাস ত্যাগ ... । "নিরোধানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ ...। "নিরোধানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ ... । "পরিত্যাগানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ ...। "পরিত্যাগানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ ...।

১৬৪। 'ইধাতি' বলতে এই দৃষ্টিতে, এই ইচ্ছাতে, এই অভিলাষে, এই প্রাপ্তিতে, এই ধর্মে, এই বিনয়ে, এই ধর্মবিনয়ে, এই প্রবচনে, এই ব্রহ্মচর্যায় এবং এই শাস্তা শাসনে। তাই বলা হয়– "ইধা"তি। 'ভিক্খূতি' বলতে কল্যাণপৃথগজন, শৈক্ষ্য, অর্হৎ অথবা আর্যবিমোক্ষে অবিনাশধর্মী ভিক্ষু। 'অরঞ্ঞন্তি' বলতে নগর সীমার বাইরে সব অরণ্য। 'রুক্খমূলন্তি'

Visit: http://www.buddhistdownload.com

বলতে যেথায় ভিক্ষুর আসন প্রজ্ঞাপ্ত হয়, যেমন– মঞ্চ, পিঁড়ি, পাটি, ছোট মাদুর, চর্মখণ্ড, তৃণ আচ্ছাদন, পত্র আচ্ছাদন, তুষ বা ভূমি আচ্ছাদন ইত্যাদি; তথায় ভিক্ষু চংক্রমণ করে, দাঁড়িয়ে থাকে, উপবেশন করে এবং শয্যা গ্রহণ করে। 'সুঞ্ঞন্তি' বলতে গৃহস্থ বা প্রব্রজিত কারোর দ্বারা বেষ্টিত নয়। 'অগারন্তি' বলতে বিহার, অর্ধের্ক ছাদযুক্ত প্রসাদ, প্রসাদ, হর্ম (উচ্চ চূড়া বিশিষ্ট বৃহৎ অট্টালিকা), গুহা। 'নিসীদতি পল্লঙ্কং আভুজিত্বাতি' বলতে পদ্মাসনে উপবিষ্ট হওয়া। 'উজং কাযং পনিধাযতি' বলতে দেহ ঋজু, দৃঢ় রেখে সুসমাহিত হওয়া। পরিমুখং সতিং উপট্ঠপেত্বাতি। 'পরীতি' বলতে পরিগ্রহণার্থে বা পরিগ্রহণ করার জন্য। 'মুখন্তি' বলতে মুক্তি অর্থে। সতীতি বলতে উপস্থাপনার্থে। তাই বলা হয়– "মুক্তি পরিগ্রহণে স্মৃতি উপস্থাপিত করে।"

১৬৫। 'সতোব অস্সসতি, সতো পস্সসতীতি' বলতে বত্রিশ প্রকারে স্মৃতিকারী হয়। দীর্ঘ শ্বাসবশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ যথার্থ জানলে স্মৃতি উপস্থাপিত হয়। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা স্মৃতিকারী হয়। দীর্ঘপ্রশ্বাস বশে ...। হ্রস্ব শ্বাস বশে ...। হ্রস্ব প্রশ্বাস বশে ...। সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাস বশে ... পে ... পরিত্যাগানুদর্শী হয়ে প্রশ্বাসবশে ...।

প্রথম চতুষ্ক বর্ণনা

১৬৬। কিভাবে দীর্ঘ শ্বাস গ্রহণকালে "দীর্ঘ শ্বাস গ্রহণ করছি", দীর্ঘ প্রশ্বাস ত্যাগকালে "দীর্ঘ প্রশ্বাস ত্যাগ করছি" বলে যথার্থরূপে জানে? দীর্ঘ শ্বাসকে দীর্ঘ শ্বাস জেনে গ্রহণ করে; দীর্ঘ প্রশ্বাসকে দীর্ঘ প্রশ্বাস জেনে ত্যাগ করে; দীর্ঘ শ্বাস-প্রশ্বাসকে দীর্ঘ শ্বাস-প্রশ্বাস জেনে গ্রহণ ও ত্যাগ করে। দীর্ঘ শ্বাস-প্রশ্বাসকে দীর্ঘ শ্বাস-প্রশ্বাস জেনে গ্রহণ ও ত্যাগ করতে ইচ্ছা উৎপন্ন হয়। তখন হতে ইচ্ছাবশে অতিসূক্ষ্ম দীর্ঘ শ্বাসকে দীর্ঘ শ্বাস জেনে গ্রহণ করে, ইচ্ছাবশে অতিসূক্ষ্ম দীর্ঘ প্রশ্বাসকে দীর্ঘ প্রশ্বাস জেনে ত্যাগ করে; ইচ্ছাবশে অতিসূক্ষ্ম দীর্ঘ শ্বাস-প্রশ্বাসকে দীর্ঘ শ্বাস-প্রশ্বাস জেনে গ্রহণ ও ত্যাগ করে; ইচ্ছাবশে অতিসূক্ষ্ম দীর্ঘ শ্বাস-প্রশ্বাস দীর্ঘ শ্বাস-প্রশ্বাস

Visit: http://www.buddhistdownload.com

জেনে গ্রহণ ও ত্যাগ করতে আনন্দ উৎপন্ন হয়। তখন হতে আনন্দবশে অতিসূক্ষ্ম দীর্ঘ শ্বাসকে দীর্ঘ শ্বাস জেনে গ্রহণ করে, আনন্দবশে অতিসূক্ষ্ম দীর্ঘ প্রশ্বাসকে দীর্ঘ প্রশ্বাস জেনে ত্যাগ করে, আনন্দবশে অতিসূক্ষ্ম দীর্ঘ শ্বাস-প্রশ্বাসকে দীর্ঘ শ্বাস-প্রশ্বাস জেনে গ্রহণ ও ত্যাগ করতে চিত্তকে বিবর্তন এবং উপেক্ষায় প্রতিষ্ঠিত করে। এই নয় প্রকারে কায়ে দীর্ঘ শ্বাস-প্রশ্বাস চালিত হয়। স্মৃতি অনুদর্শনই উপস্থাপন জ্ঞান। কায় উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপন (বা স্মৃতিতে মনোযোগ)-ই স্মৃতি। এ স্মৃতি ও জ্ঞান দ্বারা সেই কায়কে অনুদর্শন করে। তাই বলা হয়– "কায়ে কায়ানুদর্শনই স্মৃতিপ্রস্থান ভাবনা।"

১৬৭। 'অনুদর্শন করে, অনুদর্শন করে' বলে বলা হয়; কিরূপে কায় অনুদর্শন করে? অনিত্যরূপে দর্শন করে, নিত্যরূপে নয়। দুঃখরূপে দর্শন করে, সুখরূপে নয়। অনাত্মারূপে দর্শন করে, আত্মারূপে নয়। বিরক্ত হয়, আনন্দিত হয় না। অনাসক্ত হয় আসক্ত হয় না। নিরোধ করে, উৎপন্ন করে না। ত্যাগ করে, গ্রহণ করে না। অনিত্যরূপে দর্শনকালে নিত্য সংজ্ঞা ত্যাগ করে। দুঃখরূপে দর্শনকালে সুখসংজ্ঞা ত্যাগ করে। অনাত্মারূপে দর্শনকালে আত্মাসংজ্ঞা ত্যাগ করে। বিরক্তকালে আনন্দ পরিত্যাগ করে। অনাসক্তকালে আসক্তি পরিত্যাগ করে। নিরোধকালে উৎপন্ন পরিত্যাগ করে। ত্যাগকালে গ্রহণ পরিত্যাগ করে। এভাবে কায়কে অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা হয়, সেই ভাবনা চার প্রকার। যথা– তথায় জাত ধর্মসমূহের অনতিক্রমার্থে ভাবনা, ইন্দ্রিয়সমূহের একরসার্থে ভাবনা, সেক্ষণে প্রাপ্ত বীর্যবাহনার্থে ভাবনা, আসেবন অভ্যাসার্থে ভাবনা। দীর্ঘ শ্বাস-প্রশ্বাসবশে চিত্তের একাগ্রতা ও অবিক্ষেপ যথার্থরূপে জানলে বিদিত বেদনা উৎপন্ন হয়, উপস্থিত হয়, অন্তর্হিত হয়। বিদিত সংজ্ঞা উৎপন্ন হয়, উপস্থিত হয়, অন্তর্হিত হয়। বিদিত সংজ্ঞা উৎপন্ন হয়, উপস্থিত হয়, অন্তর্হিত হয়। বিদিত বিতর্ক উৎপন্ন হয়, উপস্থিত হয়, অন্তর্হিত হয়।

কিরূপে বিদিত বেদনা উৎপন্ন, উপস্থিত ও অন্তর্হিত হয়? কিরূপে বেদনার উদয় বিদিত হয়? অবিদ্যা সমুদয় হতে বেদনা সমুদয় হয়– এপ্রত্যয় সমুদয়ার্থে বেদনার উদয় বিদিত হয়। তৃষ্ণাসমুদয় হতে ...।

Visit: http://www.buddhistdownload.com

কর্মসমুদয় হতে ... । স্পর্শসমুদয় হতে ... । পুনর্জন্ম-লক্ষণ দর্শন হলেও বেদনার উদয় বিদিত হয়। এরূপে বেদনার উদয় বিদিত হয়।

কিরূপে বেদনার উপস্থিতি বিদিত হয়? অনিত্যে মননিবিষ্ট করলে ক্ষয় উপস্থিতি বিদিত হয়। দুঃখে মননিবিষ্ট করলে ভয় উপস্থিতি বিদিত হয়। অনাত্মে মননিবিষ্ট করলে শূন্যতা উপস্থিতি বিদিত হয়। এরূপে বেদনার উপস্থিত বিদিত হয়।

কিরূপে বেদনার অন্তর্হিত বিদিত হয়? অবিদ্যানিরোধ হতে বেদনা নিরোধ হয়– এপ্রত্যয়ে নিরোধার্থে বেদনার অন্তর্হিত বিদিত হয়। তৃষ্ণা নিরোধ হতে ... । কর্মনিরোধ হতে ... । স্পর্শনিরোধ হতে ... । বিপরিণাম লক্ষণ দর্শন হলেও বেদনার অন্তর্হিত বিদিত হয়। এরূপে বেদনার অন্তর্হিত বিদিত হয়। এভাবেই বিদিত বেদনা উৎপন্ন হয়, উপস্থিত হয় ও অন্তর্হিত হয়।

কিরূপে বিদিত সংজ্ঞা উৎপন্ন, উপস্থিত ও অন্তর্হিত হয়? কিরূপে সংজ্ঞার উদয় বিদিত হয়? ... পূর্ববৎ ...- (কেবল বেদনার স্থলে সংজ্ঞা পড়তে হবে। পার্থক্য এটুকুমাত্র।)

কিরূপে বিদিত বিতর্ক উৎপন্ন, উপস্থিত ও অন্তর্হিত হয়? কিরূপে বিতর্কের উদয় বিদিত হয়? ... পূর্ববৎ ... (কেবল বেদনার স্থলে বিতর্ক পড়তে হবে। পার্থক্য এটুকুমাত্র।)

১৬৮। দীর্ঘ শ্বাস-প্রশ্বাসবশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ যথার্থরূপে জানলে ইন্দ্রিয়সমূহ সংযুক্ত (বা দমন) হয়, গোচর (বা ইন্দ্রিয়জ্ঞানের বিষয়) যথার্থরূপে জানে এবং সমর্থকে প্রতিবিদ্ধ (বা হৃদয়ঙ্গম) করে। হ্রস্ব শ্বাস-প্রশ্বাসবশে চিত্তের ... করে। সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাস-প্রশ্বাসবশে চিত্তের ... করে। সর্ব কায়সংস্কার উপশম করে শ্বাস-প্রশ্বাসবশে চিত্তের ... করে ... পে ... পরিত্যাগানুদর্শী হয়ে শ্বাস-প্রশ্বাসবশে চিত্তের ... করে। এভাবে মার্গ সংযুক্ত হয়, ধর্ম সংযুক্ত হয়, গোচর যথার্থরূপে জানে এবং সমর্থকে প্রতিবিদ্ধ করে।

'ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়, ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়' বলা হয়; কিরূপে ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়? অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় সংযুক্ত হয়, প্রগ্রহণার্থে

Visit: http://www.buddhistdownload.com

বীর্যেন্দ্রিয় সংযুক্ত হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় সংযুক্ত হয়, অবিক্ষেপার্থে সামধীন্দ্রিয় সংযুক্ত হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় সংযুক্ত হয়। এই ইন্দ্রিয়সমূহ এআরম্মণে, এধর্মে সংযুক্ত হয়। তাই বলা হয়– "ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়।"

'গোচরঞ্চ পজানাতীতি' বলতে যা তার আরম্মণ, তা তার গোচর। যা তার গোচর, তা তার আরম্মণ। 'পজানাতীতি' বলতে পুদগলের প্রজানন প্রজ্ঞা।

'সমন্তি' বলতে আরম্মণের উপস্থাপন শান্ত, চিত্তের অবিক্ষেপ শান্ত, চিত্তের অধিষ্ঠান শান্ত, চিত্তের পরিশুদ্ধি শান্ত। 'অত্থোতি' বলতে অনবদ্যার্থ, ক্লেশহীনার্থ, পরিশুদ্ধার্থ ও পরমার্থ। 'পটিবিজ্ঝতীতি' বলতে আরম্মণের উপস্থাপনকে প্রতিবিদ্ধ করে, চিত্তের অবিক্ষেপকে প্রতিবিদ্ধ করে, চিত্তের অধিষ্ঠানকে প্রতিবিদ্ধ করে, চিত্তের পরিশুদ্ধকে প্রতিবিদ্ধ করে। তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে।"

'বলসমূহ সংযুক্ত হয়, বলসমূহ সংযুক্ত হয়' বলা হয়; কিরূপে বলসমূহ সংযুক্ত হয়? অশ্রদ্ধায় অকম্পিতার্থে শ্রদ্ধাবল সংযুক্ত হয়, আলস্যে অকম্পিতার্থে বীর্যবল সংযুক্ত হয়, প্রমাদে অকম্পিতার্থে স্মৃতিবল সংযুক্ত হয়, চঞ্চলতায় অকম্পিতার্থে সমাধিবল সংযুক্ত হয় এবং অবিদ্যায় অকম্পিতার্থে প্রজ্ঞাবল সংযুক্ত হয়। এই পুদগল ও বলসমূহ এআরম্মণে সংযুক্ত হয়। তাই বলা হয়– "বলসমূহ সংযুক্ত হয়"।

'গোচরঞ্চ পজানাতীতি' বলতে যার তার ... পরিশুদ্ধকে প্রতিবিদ্ধ করে। তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে।"

'বোধ্যঙ্গ সংযুক্ত হয়, বোধ্যঙ্গ সংযুক্ত হয়' বলা হয়; কিরূপে বোধ্যঙ্গ সংযুক্ত হয়? উপস্থাপনার্থে স্মৃতি সম্বোধ্যঙ্গ সংযুক্ত হয়, পরীক্ষার্থে ধর্মবিচার সম্বোধ্যঙ্গ সংযুক্ত হয়, উদ্যমার্থে বীর্য সম্বোধ্যঙ্গ সংযুক্ত হয়, স্ফুরণার্থে প্রীতি সম্বোধ্যঙ্গ সংযুক্ত হয়, উপশমার্থে প্রশান্তি সম্বোধ্যঙ্গ সংযুক্ত হয়, অবিক্ষেপার্থে সমাধি সম্বোধ্যঙ্গ সংযুক্ত হয়, মনোযোগার্থে উপেক্ষা সম্বোধ্যঙ্গ সংযুক্ত হয়। এই পুদগল এ বোধ্যঙ্গ এই আরম্মণে সংযুক্ত হয়। তাই বলা হয়– "বোধ্যঙ্গে সংযুক্ত হয়।"

Visit: http://www.buddhistdownload.com

'গোচরঞ্চ পজানাতীতি' বলতে যার তার ... পরিশুদ্ধকে প্রতিবিদ্ধ করে। তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে।"

'মার্গে সংযুক্ত হয়, মার্গে সংযুক্ত হয়' বলা হয়; কিরূপে মার্গে সংযুক্ত হয়? দর্শনার্থে সম্যকদৃষ্টি সংযুক্ত হয়, মনোনিবেশার্থে সম্যকসংকল্প সংযুক্ত হয়, পরিগ্রহণার্থে সম্যকবাক্য সংযুক্ত হয়, সমুত্থান বা কার্যরম্ভার্থে সম্যককর্ম সংযুক্ত হয়, পরিশুদ্ধার্থে সম্যকজীবিকা সংযুক্ত হয়, উদ্যমার্থে সম্যকপ্রচেষ্টা সংযুক্ত হয়, উপস্থাপনার্থে সম্যকস্মৃতি সংযুক্ত হয়, অবিক্ষেপার্থে সম্যকসমাধি সংযুক্ত হয়। এই পুদগল এ মার্গ এ আরম্মণে সংযুক্ত হয়। তাই বলা হয়– "মার্গে সংযুক্ত হয়"।

'গোচরঞ্চ পজানাতীতি' বলতে যার তার ... পরিশুদ্ধকে প্রতিবিদ্ধ করে। তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে।"

'ধর্মে সংযুক্ত হয়, ধর্মে সংযুক্ত হয়' বলা হয়; কিরূপে ধর্মে সংযুক্ত হয়? আধিপত্যার্থে ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়, অকম্পিতার্থে বলসমূহ সংযুক্ত হয়, মুক্তি অর্থে বোধ্যঙ্গে সংযুক্ত হয়, হেত্বার্থে মার্গে সংযুক্ত হয়, উপস্থাপনার্থে স্মৃতিপ্রস্থান সংযুক্ত হয়, শ্রেষ্ঠার্থে সম্যকপ্রধান সংযুক্ত হয়, সমৃদ্ধার্থে ঋদ্ধিপাদ সংযুক্ত হয়, প্রকৃতার্থে সত্য সংযুক্ত হয়, অবিক্ষেপার্থে শমথ সংযুক্ত হয়, অনুদর্শনার্থে বিদর্শন সংযুক্ত হয়, একরসার্থে শমথ-বিদর্শন সংযুক্ত হয়, অনতিক্রমার্থে যুগনদ্ধ (যুগপদ) সংযুক্ত হয়, সংবরার্থে শীল-বিশুদ্ধি সংযুক্ত হয়, অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধি সংযুক্ত হয়, দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি সংযুক্ত হয়, বিমুক্তার্থে বিমোক্ষ সংযুক্ত হয়, প্রতিবেধার্থে বিদ্যা সংযুক্ত হয়, পরিত্যাগার্থে বিমুক্তি সংযুক্ত হয়, সমুচ্ছেদার্থে ক্ষয়জ্ঞান সংযুক্ত হয়, প্রতিপ্রশ্রদ্ধি অর্থে অনুৎপাদ জ্ঞান সংযুক্ত হয়, মূলার্থে ছন্দ সংযুক্ত হয়, সমুত্থানার্থে মনসংযোগ সংযুক্ত হয়, সংযোগার্থে স্পর্শ সংযুক্ত হয়, আধিপত্যার্থে স্মৃতি সংযুক্ত হয়, শ্রেষ্ঠ হতে শ্রেষ্ঠতরার্থে প্রজ্ঞা সংযুক্ত হয়, সারার্থে মুক্তি সংযুক্ত হয়, পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ সংযুক্ত হয়। এপুদগল এধর্ম এআরম্মণে সংযুক্ত হয়। তাই বলা হয়– "ধর্মে সংযুক্ত হয়"।

Visit: http://www.buddhistdownload.com

'গোচরঞ্চ পজানাতীতি' বলতে যার তার ... পরিশুদ্ধকে প্রতিবিদ্ধ করে। তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে।"

১৬৯। কিরূপে হ্রস্ব শ্বাস গ্রহণকালে "হ্রস্ব শ্বাস গ্রহণ করছি" এবং হ্রস্ব প্রশ্বাস ত্যাগকালে "হ্রস্ব প্রশ্বাস ত্যাগ করছি" বলে যথার্থরূপে জানে? হ্রস্ব শ্বাসকে হ্রস্ব শ্বাস জেনে গ্রহণ করে, হ্রস্বপ্রশ্বাসকে হ্রস্ব প্রশ্বাস জেনে ত্যাগ করে, হ্রস্ব শ্বাস-প্রশ্বাসকে হ্রস্ব শ্বাস-প্রশ্বাস জেনে গ্রহণ এবং ত্যাগ করে। হ্রস্ব শ্বাস-প্রশ্বাসকে হ্রস্ব শ্বাস-প্রশ্বাস জেনে গ্রহণ ও ত্যাগ করার ইচ্ছা উৎপন্ন হয়। তখন হতে ইচ্ছাবশে অতিসূক্ষ্ম হ্রস্ব শ্বাসকে হ্রস্ব শ্বাস-প্রশ্বাস জেনে গ্রহণ করে, ইচ্ছাবশে অতিসূক্ষ্ম হ্রস্ব-প্রশ্বাসকে হ্রস্ব শ্বাস-প্রশ্বাস জেনে ত্যাগ করে, ইচ্ছাবশে অতিসূক্ষ্ম শ্বাস-প্রশ্বাসকে হ্রস্ব শ্বাস-প্রশ্বাস জেনে ত্যাগ করে। ইচ্ছাবশে অতিসূক্ষ্ম শ্বাস-প্রশ্বাসকে হ্রস্ব শ্বাস-প্রশ্বাস জেনে গ্রহণ এবং ত্যাগ করার আনন্দ উৎপন্ন হয়। তখন হতে আনন্দবশে অতিসূক্ষ্ম হ্রস্বশ্বাসকে হ্রস্ব শ্বাস জেনে গ্রহণ করে, আনন্দবশে অতিসূক্ষ্ম হ্রস্ব প্রশ্বাসকে হ্রস্ব প্রশ্বাস জেনে ত্যাগ করে, আনন্দবশে অতিসূক্ষ্ম হ্রস্ব শ্বাস-প্রশ্বাসকে হ্রস্ব শ্বাস-প্রশ্বাস জেনে গ্রহণ এবং ত্যাগ করতে চিত্তকে বিবর্তন ও উপেক্ষায় প্রতিষ্ঠিত করে। এই নয় প্রকারে কায়ে হ্রস্ব শ্বাস-প্রশ্বাস চালিত হয়। স্মৃতি অনুদর্শনই উপস্থপান জ্ঞান। কায় উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। এই স্মৃতি এবং জ্ঞান দ্বারা সেই কায় অনুদর্শন করে। তাই বলা হয়– "কায়ে কায়ানুদর্শন স্মৃতিপ্রস্থান ভাবনা।

'অনুদর্শন করে, অনুদর্শন করে' বলা হয়, কিরূপে কায় অনুদর্শন করে? অনিত্যরূপে ...। তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে।"

১৭০। কিরূপে "সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাস গ্রহণ করছি" এবং "সর্বকায় স্পন্দন অনুভব করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? কায় বলতে দুই প্রকার কায়। যথা- নামকায় ও রূপকায়। নামকায় কি? বেদনা, সংজ্ঞা, চেতনা, স্পর্শ, মনসংযোগ, নাম, নামকায় ও যেসব চিত্তসংস্কার– তাই নামকায়। রূপকায় কি? চার মহাভূত, চার মহাভূতের সৃষ্টরূপ, নিঃশ্বাস, প্রশ্বাস, সম্মুখ নিমিত্ত ও যেসব কায়সংস্কার – তাই রূপকায়।

Visit: http://www.buddhistdownload.com

কিভাবে সেই কায়সমূহ প্রতিবিদিত হয়? দীর্ঘ শ্বাসবশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ যথার্থভাবে জানলে স্মৃতি উপস্থিত হয়। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা কায়সমূহ প্রতিবিদিত হয়। দীর্ঘ প্রশ্বাসবশে ... কায়সমূহ প্রতিবিদিত হয়। হ্রস্ব শ্বাসবশে ... কায়সমূহ প্রতিবিদিত হয়। হ্রস্ব প্রশ্বাসবশে ... কায়সমূহ প্রতিবিদিত হয়।

আবর্জিত হলে সেই কায়সমূহ প্রতিবিদিত হয়, যথার্থভাবে জ্ঞাত হলে সেই কায়সমূহ প্রতিবিদিত হয়, দর্শিত হলে সেই কায়সমূহ প্রতিবিদিত হয়, প্রত্যবেক্ষিত হলে সেই কায়সমূহ প্রতিবিদিত হয়, চিত্ত অধিষ্ঠিত হলে সেই কায়সমূহ প্রতিবিদিত হয়, শ্রদ্ধায় অভিনমিত হলে কায়সমূহ প্রতিবিদিত হয়, বীর্য প্রগ্রহ হলে কায়সমূহ প্রতিবিদিত হয়, স্মৃতি উপস্থাপিত করলে কায়সমূহ প্রতিবিদিত হয়, চিত্ত সন্নিকৃষ্ট হলে কায়সমূহ প্রতিবিদিত হয়, প্রজ্ঞা দ্বারা যথার্থরূপে জ্ঞাত হলে কায়সমূহ প্রতিবিদিত হয়, অভিজ্ঞেয় অভিজ্ঞাত হলে কায়সমূহ প্রতিবিদিত হয়, পরিজ্ঞেয় পরিজ্ঞাত হলে কায়সমূহ প্রতিবিদিত হয়, পরিহারতব্য পরিত্যক্ত হলে কায়সমূহ প্রতিবিদিত হয়, ভাবিতব্য ভাবিত হলে কায়সমূহ প্রতিবিদিত হয়, সাক্ষাৎতব্য সাক্ষাৎ হলে কায়সমূহ প্রতিবিদিত হয়। এভাবে সেই কায়সমূহ প্রতিবিদিত হয়। সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাস-প্রশ্বাসবশে কায় অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। কায় উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা সেই কায়কে অনুদর্শন করে। তাই বলা হয়– "কায়ে কায়ানুদর্শন স্মৃতিপ্রস্থান ভাবনা"।

'অনুদর্শন করে, অনুদর্শন করে বলা হয়', কিরূপে কায় অনুদর্শন করে? অনিত্যরূপে ... আসেবন বা অভ্যাসার্থে ভাবনা।

সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাস-প্রশ্বাসের সংযমার্থে শীল-বিশুদ্ধি, অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধি, দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি। তন্মধ্যে যা সংবরার্থ তা অধিশীল শিক্ষা, যা অবিক্ষেপার্থ তা অধিচিত্ত শিক্ষা, যা দর্শনার্থ তা অধিপ্রজ্ঞা শিক্ষা। এই তিন প্রকার শিক্ষা মনোযোগ দিয়ে শিক্ষা করতে হয়, জ্ঞান দিয়ে শিক্ষা করতে হয়, দর্শন করে শিক্ষা করতে হয়, প্রত্যবেক্ষণ করে শিক্ষা করতে হয়, চিত্তে অধিষ্ঠান করে শিক্ষা করতে হয়, শ্রদ্ধায়

Visit: http://www.buddhistdownload.com

অবনত হয়ে শিক্ষা করতে হয়, বীর্য প্রয়োগ করে শিক্ষা করতে হয়, স্মৃতি উপস্থাপিত করে শিক্ষা করতে হয়, চিত্তকে স্থির করে শিক্ষা করতে হয়, প্রজ্ঞা দ্বারা জ্ঞাত হয়ে শিক্ষা করতে হয়, অভিজ্ঞেয় অভিজ্ঞাত হয়ে শিক্ষা করতে হয়, পরিজ্ঞেয় পরিজ্ঞাত হয়ে শিক্ষা করতে হয়, পরিহারতব্য পরিহার করে শিক্ষা করতে হয়, ভাবিতব্য ভাবনা করে শিক্ষা করতে হয় এবং সাক্ষাৎতব্য সাক্ষাৎ করে শিক্ষা করতে হয়।

সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাস-প্রশ্বাসবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ যথার্থরূপে জানলে বিদিত বেদনা উৎপন্ন হয়, উপস্থিত হয়, অন্তর্হিত হয়। ... কিরূপে বেদনা উপস্থিত বিদিত ... দীর্ঘ শ্বাস-প্রশ্বাসবশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ যথার্থরূপে জানলে ইন্দ্রিয়সমূহ ... 'ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়' ... তাই বলা হয় "সমর্থকে প্রতিবিদ্ধ করে।"

১৭১। কিরূপে "কায়সংস্কার উপশম করে শ্বাস গ্রহণ করছি" এবং "কায়সংস্কার উপশম করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? কায়সংস্কার কি? দীর্ঘ শ্বাস কায়িক। এতে কায়প্রতিবদ্ধ (কায়সংস্কারিক) ধর্মসমূহ কায়সংস্কার। এসব কায়সংস্কার উপশম, নিরোধ ও শান্ত করতে শিক্ষা করে। দীর্ঘ প্রশ্বাস কায়িক। এতে কায় প্রতিবদ্ধ ধর্মসমূহ কায়সংস্কার। এসব কায়সংস্কার উপশম, নিরোধ ও শান্ত করতে শিক্ষা করে। সর্বকায় স্পন্দন অনুভব শ্বাস ও সর্বকায় স্পন্দন অনুভব প্রশ্বাস কায়িক। এতে কায় প্রতিবিদ্ধ ধর্মসমূহ কায়সংস্কার। এসব কায়সংস্কার উপশম, নিরোধ ও শান্ত করতে শিক্ষা করে।

যথারূপ কায়সংস্কার দ্বারা যা কায়ের নত, বিনীত, অবসন্ন, অবনত, আলোড়ন, স্পন্দন, কম্পন ও প্রকম্পন– এসব কায়সংস্কার উপশম করে শ্বাস গ্রহণ করছি এবং প্রশ্বাস ত্যাগ করছি বলে শিক্ষা করে। যথারূপ কায়সংস্কার দ্বারা যা কায়ের নত, বিনীত, অবসন্ন, অবনত, আলোড়ন, স্পন্দন, কম্পন ও প্রকম্পন নয় বরং শান্ত, সূক্ষ্ম কায়সংস্কার উপশম করে শ্বাস গ্রহণ করছি এবং প্রশ্বাস ত্যাগ করছি বলে শিক্ষা করে।

এরূপে "কায়সংস্কার উপশম করে শ্বাস গ্রহণ করছি" এবং "কায়সংস্কার উপশম করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে। এরূপ

Visit: http://www.buddhistdownload.com

(শ্বাস-প্রশ্বাস) হলে বায়ু উপলব্ধি পরিপুষ্ট হয় না, শ্বাস-প্রশ্বাস পরিপুষ্ট হয় না, আনাপানস্মৃতি সমাধিও পরিপুষ্ট হয় না। সেই সমাপত্তিতে অভিজ্ঞ হয়ে তার সমাধি লাভ হয় না, সমাধি উৎপন্ন হয় না।

এরূপে "কায়সংস্কার উপশম করে শ্বাস গ্রহণ করছি" এবং "কায়সংস্কার উপশম করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে। এরূপ হলে বায়ু উপলব্ধি পরিপুষ্ট হয়, শ্বাস-প্রশ্বাস পরিপুষ্ট হয়, আনাপানস্মৃতি সমাধিও পরিপুষ্ট হয়। এই সমাপত্তিতে অভিজ্ঞ হয়ে তার সমাধি লাভ হয়, সমাধি উৎপন্ন হয়। কিরূপে? যেমন, কাংশপাত্রে আঘাত করলে প্রথমে স্থূল শব্দ প্রকাশিত হতে থাকে। স্থূল শব্দের নিমিত্ত সুগৃহীত, সুঅভিনিবিষ্ট, সুপরিজ্ঞাত হয়ে স্থূল শব্দ নিরুদ্ধ হয়। পরে সূক্ষ্মশব্দ প্রকাশিত হতে থাকে। সূক্ষ্ম শব্দের নিমিত্ত সুগৃহীত, নিমিত্তারম্মণাদি চিত্তে প্রবর্তিত হয়। অনুপপভাবে প্রথমে স্থূল শ্বাস-প্রশ্বাস নির্গত হতে থাকে। স্থূল শ্বাস-প্রশ্বাসের নিমিত্ত সুগৃহীত, সুঅভিনিবিষ্ট, সুপরিজ্ঞাত হয়ে স্থূল শ্বাস-প্রশ্বাসে নিরুদ্ধ হয়। পরে সূক্ষ্ম শ্বাস-প্রশ্বাস নির্গত হতে থাকে। সূক্ষ্ম শ্বাস-প্রশ্বাসের নিমিত্ত সুগৃহীত, সুঅভিনিবিষ্ট, সুপরিজ্ঞাত হয়ে সূক্ষ্ম শ্বাস-প্রশ্বাসে নিরুদ্ধ হয়। অতঃপর সূক্ষ্ম শ্বাস-প্রশ্বাসের নিমিত্তারম্মণাদি চিত্তকে বিক্ষিপ্ত করে না।

এরূপ হলে বায়ু উপলব্ধি পরিপুষ্ট হয়, শ্বাস-প্রশ্বাস পরিপুষ্ট হয়, আনাপানস্মৃতি সমাধিও পরিপুষ্ট হয়। এই সমাপত্তিতে অভিজ্ঞ হয়ে তার সমাধি লাভ হয়, সমাধি উৎপন্ন হয়। কায়সংস্কার উপশম করে শ্বাস-প্রশ্বাসবশে কায় অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। কায় উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা সেই কায়কে অনুদর্শন করে। তাই বলা হয়– "কায়ে কায়ানুদর্শন স্মৃতিপ্রস্থান ভাবনা।"

'অনুদর্শন করে, অনুদর্শন করে' বলা হয়, কিরূপে কায় অনুদর্শন করে? অনিত্যরূপে ... এভাবে কায়কে অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা হয়, সেই ভাবনা চার প্রকার ... আসেবন বা অভ্যাসার্থে ভাবনা। কায়সংস্কার উপশম করে শ্বাস-প্রশ্বাসের সংবরার্থে শীল-বিশুদ্ধি, অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধি, দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি। তন্মধ্যে যা

Visit: http://www.buddhistdownload.com

সংবরার্থে তা অধিশীল শিক্ষা, যা অবিক্ষেপার্থ তা অধিচিত্ত শিক্ষা, যা দর্শনার্থ তা অধিপ্রজ্ঞা শিক্ষা। এ তিন প্রকার শিক্ষা মনোযোগ দিয়ে শিক্ষা করতে হয়, জ্ঞান দিয়ে শিক্ষা করতে হয়, দর্শন করে শিক্ষা করতে হয়, প্রত্যবেক্ষণ করে শিক্ষা করতে হয়, চিত্তে অধিষ্ঠান করে শিক্ষা করতে হয়, শ্রদ্ধায় অবনত হয়ে শিক্ষা করতে হয়, বীর্য প্রয়োগ করে শিক্ষা করতে হয়, স্মৃতি উপস্থাপিত করে শিক্ষা করতে হয়, চিত্তকে স্থির করে শিক্ষা করতে হয়, প্রজ্ঞা দ্বারা জ্ঞাত হয়ে শিক্ষা করতে হয়, অভিজ্ঞেয় অভিজ্ঞাত হয়ে শিক্ষা করতে হয়, পরিজ্ঞেয় পরিজ্ঞাত হয়ে শিক্ষা করতে হয়, পরিহারতব্য পরিহার করে শিক্ষা করতে হয়, ভাবিতব্য ভাবনা করে শিক্ষা করতে হয়, এবং সাক্ষাততব্য সাক্ষাৎ করে শিক্ষা করতে হয়।

কায়সংস্কার উপশম করে শ্বাস-প্রশ্বাসবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ যথার্থরূপে জানলে বিদিত বেদনা উৎপন্ন হয়, উপস্থিত হয়, অন্তর্হিত হয়। বিদিত সংজ্ঞা উৎপন্ন ... বিদিত বিতর্ক উৎপন্ন ...।

কিরূপে বিদিত বেদনা উৎপন্ন , উপস্থিত ও অন্তহিত হয়? ... তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে।"

আট প্রকার অনুদর্শন জ্ঞান, আট প্রকার উপস্থাপনানুস্মৃতি এবং চার সূত্রান্তিকবস্তু বা চার সূত্রানুসারে বর্ণিত স্মৃতি-ই কায়ে কায়ানুদর্শন।

প্রথম পরিচ্ছেদ সমাপ্ত।

দ্বিতীয় চতুষ্ক বর্ণনা

১৭২। কিরূপে "প্রীতি অনুভব শ্বাস গ্রহণ করছি", "প্রীতি অনুভব করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? প্রীতি কি? দীর্ঘ শ্বাস বশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ যথার্থরূপে জানলে প্রীতি, প্রমোদ্য উৎপন্ন হয়। যা আমোদ, প্রমোদ, হাস্য, উল্লাস, আহ্লাদ, পরমাহ্লাদ, হর্ষ তা-ই প্রীতি, প্রমোদ্য। দীর্ঘ প্রশ্বাসবশে ... প্রমোদ্য। হ্রস্ব শ্বাস-প্রশ্বাসবশে ... সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাস-প্রশ্বাস বশে ... কায়সংস্কার উপশম করে শ্বাস-

Visit: http://www.buddhistdownload.com

প্রশ্বাসবশে ... চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ যথার্থরূপে জানলে প্রীতি, প্রমোদ্য উৎপন্ন হয়। যা আমোদ, প্রমোদ, হাস্য, উল্লাস, আহ্লাদ, পরমাহ্লাদ, হর্ষ তা-ই প্রীতি, প্রমোদ্য। এটাই প্রীতি।

কিরূপে সেই প্রীতি প্রতিবিদিত হয়? দীর্ঘ শ্বাস বশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ যথার্থরূপে জানলে স্মৃতি উপস্থিত হয়। সেই স্মৃতি ও জ্ঞান দ্বারা প্রীতি প্রতিবিদিত হয়। দীর্ঘ প্রশ্বাসবশে ...। হ্রস্ব শ্বাসবশে ...। হ্রস্ব প্রশ্বাসবশে ...। সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাসবশে ...। সর্বকায় স্পন্দন অনুভব করে প্রশ্বাসবশে ... কায় সংস্কার উপশম করে শ্বাসবশে ... কায়সংস্কার উপশম করে প্রশ্বাসবশে ...।

আবর্জিত হলে সেই প্রীতি প্রতিবিদিত হয়, যথার্থরূপে জ্ঞাত হলে সেই প্রীতি প্রতিবিদিত হয়, দর্শিত হলে সেই প্রীতি প্রতিবিদিত হয়, প্রত্যবেক্ষিত হলে সেই প্রীতি প্রতিবিদিত হয়, চিত্ত অধিষ্ঠিত হলে সেই প্রীতি প্রতিবিদিত হয়, শ্রদ্ধায় অভিনমিত হলে সেই প্রীতি প্রতিবিদিত হয়, বীর্য প্রগ্রহ হলে ..., স্মৃতি উপস্থাপিত হলে ..., চিত্ত সন্নিকৃষ্ট হলে ..., প্রজ্ঞার দ্বারা যথার্থরূপে জ্ঞাত হলে ..., অভিজ্ঞেয় দ্বারা অভিজ্ঞাত হলে ..., পরিজ্ঞেয় দ্বারা পরিজ্ঞাত হলে ..., ভাবিতব্য ভাবিত হলে ..., সাক্ষাৎতব্য সাক্ষাৎ হলে ...। এভাবে প্রীতি প্রতিবিদিত হয়।

প্রীতি অনুভব করে শ্বাস-প্রশ্বাসবশে বেদনা অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। বেদনা উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা বেদনাকে অনুদর্শন করে। তাই বলা হয়– "বেদনায় বেদনানুদর্শন স্মৃতিপ্রস্থান ভাবনা"।

'অনুদর্শন করে অনুদর্শন করে' বলা হয়, কিরূপে বেদনা অনুদর্শন করে? অনিত্যরূপে অনুদর্শন করে, নিত্যরূপে নয় ...। এভাবে বেদনাকে অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা হয়, সেই ভাবনা চার প্রকার। যথা ... অভ্যাসার্থে ভাবনা। প্রীতি অনুভব করে শ্বাস-প্রশ্বাসের সংবরার্থে শীল-বিশুদ্ধি, অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধি, দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি। তন্মধ্যে ... সাক্ষাৎকরে শিক্ষা করতে হয়।

Visit: http://www.buddhistdownload.com

প্রীতি অনুভব করে শ্বাস-প্রশ্বাসবশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ যথার্থরূপে জানলে বিদিত বেদনা উৎপন্ন হয়, উপস্থিত ...। তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে।"

১৭৩। কিরূপে "সুখ অনুভব করে শ্বাস গ্রহণ করছি", "সুখ অনুভব করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? সুখ দুই প্রকার। যথা– কায়িক সুখ ও চৈতসিক সুখ। কায়িক সুখ কিরূপ? যা শারীরিক স্বাচ্ছন্দ্য; শারীরিক সুখ; কায়সংস্পর্শজ বেদয়িত স্বাচ্ছন্দ্য, সুখ এবং কায়সংস্পর্শজনিত স্বাচ্ছন্দতা ও সুখ বেদনা– এটাই কায়িক সুখ। চৈতসিক সুখ কিরূপ? যা চৈতসিক স্বাচ্ছন্দ্য, চৈতসিক সুখ। চেতনাসংস্পর্শজনিত বেদয়িত স্বাচ্ছন্দ্য ও সুখ, চেতনাসংস্পর্শজনিত স্বাচ্ছন্দতা ও সুখ বেদনা– এটাই চৈতসিক সুখ।

কিরূপে সেই সুখ প্রতিবিদিত হয়? দীর্ঘ শ্বাসবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ যথাথরূপে জানলে স্মৃতি উপস্থিত হয়। সেই স্মৃতি ও জ্ঞানের দ্বারা সুখ প্রতিবিদিত হয়। দীর্ঘ প্রশ্বাসবশে ...। হ্রস্ব শ্বাসবশে ... । হ্রস্ব প্রশ্বাসবশে ... সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাসবশে ...। সর্বকায় স্পন্দন অনুভব করে প্রশ্বাসবশে ...। কায়সংসস্কার উপশম করে শ্বাসবশে ...। কায়সংস্কার উপশম করে প্রশ্বাসবশে ...।

আবর্জিত হলে সেই সুখ প্রতিবিদিত হয়, যথার্থরূপে জ্ঞাত হলে সেই সুখ প্রতিবিদিত হয়, দর্শিত হলে সেই ... এভাবে সেই সুখ প্রতিবিদিত হয়।

সুখ অনুভব করে শ্বাস-প্রশ্বাসবশে বেদনা অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। বেদনা উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি ... স্মৃতিপ্রস্থান ভাবনা।

'অনুদর্শন করে, অনুদর্শন করে' বলা হয়, কিরূপে বেদনা অনুদর্শন করে? অনিত্যরূপে ...।

'ভাবনা, ভাবনা' বলা হয়; সেই ভাবনা চার প্রকার। যথা– তথায় জাত ধর্মসমূহের অনতিক্রমার্থে ভাবনা, ইন্দ্রিয়সমূহের একরসার্থে ... তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে"।

Visit: http://www.buddhistdownload.com

১৭৪। কিরূপে "চিত্ত সংস্কার অনুভব করে শ্বাস গ্রহণ করছি," "চিত্ত সংস্কার অনুভব করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? চিত্ত সংস্কার কিরূপ? দীর্ঘ শ্বাসবশে সংজ্ঞা, বেদনা ও চৈতসিক– এ ধর্মসমূহ চিত্ত প্রতিবদ্ধ, চিত্ত সংস্কার। দীর্ঘ প্রশ্বাসবশে ...। হ্রস্ব শ্বাসবশে ... হ্রস্ব প্রশ্বাসবশে ...। হ্রস্ব শ্বাসবশে ... স্পন্দন অনুভব করে শ্বাসবশে ... সর্বকায় স্পন্দন অনুভব করে প্রশ্বাসবশে ... কায়সংস্কার উপশম করে প্রশ্বাসবশে ... প্রীতি অনুভব করে শ্বাসবশে ... প্রীতি অনুভব করে প্রশ্বাসবশে ... সুখ অনুভব করে শ্বাসবশে ... সুখ অনুভব করে প্রশ্বাসবশে ...। এটাই চিত্ত সংস্কার।

কিরূপে সেই চিত্তসংস্কার প্রতিবিদিত হয়? দীর্ঘ শ্বাসবশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ যথার্থরূপে জানলে স্মৃতি উপস্থিত হয়। সেই স্মৃতি ও দ্বারা চিত্তসংস্কার প্রতিবিদিত হয়। দীর্ঘ প্রশ্বাসবশে ... হ্রস্বশ্বাসবশে ... হ্রস্বপ্রশ্বাসবশে ... সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাসবশে ... সর্বকায় স্পন্দন অনুভব করে প্রশ্বাসবশে ...। কায়সংস্কার উপশম করে প্রশ্বাসবশে ...।

আবর্জিত হলে সেই চিত্তসংস্কার প্রতিবিদিত হয়, যথার্থভাবে ...। এভাবেই সেই চিত্তসংস্কার প্রতিবিদিত হয়।

চিত্তসংস্কার অনুভব করে শ্বাস-প্রশ্বাসবশে বেদনা অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। বেদনা উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই ... স্মৃতিপ্রস্থান ভাবনা।

'অনুদর্শন করে, অনুদর্শন করে' বলা হয়; কিরূপে বেদনা অনুদর্শন করে? ... এভাবে অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা হয়; সেই ভাবনা চার প্রকার। যথা– ... তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে"।

১৭৫। কিরূপে "চিত্তসংস্কার উপশম করে শ্বাস গ্রহণ করছি, চিত্ত সংস্কার উপশম করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? চিত্তসংস্কার কিরূপ? দীর্ঘশ্বাসবশে সংজ্ঞা, বেদনা ও চৈতসিক এধর্মসমূহ চিত্ত প্রতিবদ্ধ, চিত্ত সংস্কার। সেই চিত্তসংস্কারসমূহ উপশান্ত, নিরোধ ও উপশম করতে

Visit: http://www.buddhistdownload.com

শিক্ষা করে। দীর্ঘ প্রশ্বাসবশে ... পে ... চিত্তসংস্কার অনুভব করে শ্বাসবশে ... চিত্তসংস্কার অনুভব করে প্রশ্বাসবশে ...। চিত্তসংস্কার উপশম করে শ্বাস-প্রশ্বাসবশে বেদনা অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। বেদনা উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা বেদনাকে অনুদর্শন করে। তাই বলা হয়– "বেদনায় বেদনানুদর্শন স্মৃতিপ্রস্থান ভাবনা"।

'অনুদর্শন করে, অনুদর্শন করে' বলা হয়, কিরূপে বেদনাকে অনুদর্শন করে? ... এভাবে অনুদর্শন করে।

'ভাবনা', 'ভাবনা' বলা হয়, সে ভাবনা চার প্রকার। যথা– ... তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে"।

বেদনায় বেদনানুদর্শনে আট প্রকার অনুদর্শন জ্ঞান, আট প্রকার উপস্থাপনানুস্মৃতি এবং চার সূত্রান্তিক বিষয়।

তৃতীয় চতুষ্ক বর্ণনা

১৭৬। কিরূপে "(নীবরণমুক্ত) চিত্ত অনুভব করে শ্বাস গ্রহণ করছি, চিত্ত অনুভব করে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? চিত্ত কি? দীর্ঘ শ্বাসবশে উৎপন্ন বিজ্ঞানই চিত্ত। চিত্ত বলতে মন-মানস (বা মানসিক কার্য) হৃদয়-পণ্ডর মন, মনায়তন, মনেন্দ্রিয়, বিজ্ঞান, বিজ্ঞানস্কন্ধ এবং মনোবিজ্ঞান ধাতু যা হতে জাত– এটাই চিত্ত। দীর্ঘ প্রশ্বাসবশে উৎপন্ন বিজ্ঞানই ... ।হ্রস্ব শ্বাসবশে উৎপন্ন বিজ্ঞানই ... হ্রস্ব প্রশ্বাসবশে উৎপন্ন বিজ্ঞানই ... সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাসবশে উৎপন্ন ... সর্বকায় স্পন্দন অনুভব করে প্রশ্বাসবশে উৎপন্ন ... কায়সংস্কার উপশম করে শ্বাসবশে উৎপন্ন ... কায়সংস্কার উপশম করে প্রশ্বাসবশে উৎপন্ন ... চিত্ত সংস্কার উপশম করে শ্বাসবশে উৎপন্ন ... চিত্তসংস্কার উপশম করে প্রশ্বাসবশে উৎপন্ন ...।

কিরূপে সেই চিত্ত প্রতিবিদিত হয়? দীর্ঘ শ্বাসবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ যথার্থরূপে জানলে স্মৃতি উপস্থিত হয়। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

চিত্ত প্রতিবিদিত হয়। দীর্ঘ প্রশ্বাসবশে চিত্তের ... হ্রস্বশ্বাসবশে ... হ্রস্বপ্রশ্বাসবশে ... সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাসবশে ... সর্বকায় স্পন্দন অনুভব করে প্রশ্বাসবশে ... কায়সংস্কার উপশম করে শ্বাসবশে ... কায়সংস্কার উপশম করে প্রশ্বাসবশে ...।

আবর্জিত হলে সেই চিত্ত প্রতিবিদিত হয়, যথার্থভাবে ... সাক্ষাৎ হলে সেই চিত্ত প্রতিবিদিত হয়। এভাবে সেই চিত্ত প্রতিবিদিত হয়।

চিত্ত অনুভব করে শ্বাস-প্রশ্বাসবশে বিজ্ঞান চিত্ত অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। চিত্ত উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। ... "বেদনা অনুদর্শনই স্মৃতিপ্রস্থান ভাবনা"।

"অনুদর্শন করে, অনুদর্শন করে" বলা হয়: কিরূপে চিত্তকে অনুদর্শন করে? অনিত্যরূপে ... তাই বলা হয়– "সমর্থক প্রতিবিদ্ধ করে"।

১৭৭। কিরূপে "উৎফল্ল চিত্তকে জেনে শ্বাস গ্রহণ করছি, উৎফুল্ল চিত্ত জেনে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? চিত্তের উৎফুল্ল কি? দীর্ঘ শ্বাসবশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ যথার্থরূপে জানলে চিত্তে উৎফুল্লভাব উৎপন্ন হয়। যা আমোদ, প্রমোদ, হাস্য, উল্লাস আহ্লাদ, পরমাহ্লাদ, হর্ষ তা-ই চিত্তের উৎফুল্ল। দীর্ঘ প্রশ্বাসবশে ...।হ্রস্ব শ্বাসবশে ...হ্রস্বপ্রশ্বাবশে ... সর্বকায় স্পন্দন অনুভব করে শ্বাসবশে ... পে ... চিত্ত অনুভব করে প্রশ্বাসবশে ... চিত্তের উৎফুল্ল। এটাই চিত্তের উৎফুল্ল।

উৎফুল্ল চিত্ত অনুভব করে শ্বাস-প্রশ্বাসবশে বিজ্ঞান চিত্ত অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। চিত্ত উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা সেই চিত্তকে অনুদর্শন করে। তাই বলা হয়– "চিত্তে চিত্তানুদর্শন স্মৃতিপ্রস্থান ভাবনা"।

'অনুদর্শন করে, অনুদর্শন করে' বলা হয়, কিরূপে চিত্তকে অনুদর্শন করে? ...। এভাবে চিত্তকে অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা ... অভ্যাসার্থে ভাবনা। উৎফুল্ল চিত্তে অনুভব করে শ্বাস-প্রশ্বাসের সংবরার্থে ... তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে"।

১৭৮। কিরূপে "সমাহিত চিত্তে শ্বাস গ্রহণ করছি, সমাহিত চিত্তে

Visit: http://www.buddhistdownload.com

প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? সমাধি কিরূপ? দীর্ঘ শ্বাসবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি– যা চিত্তের স্থিতি, স্থায়িত্ব, সমাবস্থা, শান্ত প্রবৃত্তি, শমথ, সমাধীন্দ্রিয়, সমাধিবল, সম্যক সমাধি। দীর্ঘ প্রশ্বাসবশে ... পে ... সমাহিত চিত্তে প্রশ্বাসবশে ... সমাধি। এটাই সমাধি।

সমাহিত চিত্তে শ্বাস-প্রশ্বাসবশে বিজ্ঞান চিত্ত অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। চিত্ত উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা চিত্তকে অনুদর্শন করে। তাই বলা হয়– "চিত্তে চিত্তানুদর্শন স্মৃতিপ্রস্থান ভাবনা"।

'অনুদর্শন করে, অনুদর্শন করে' বলা হয়, কিরূপে সেই চিত্তকে অনুদর্শন করে ...। এভাবে চিত্তকে অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা হয়; সে ভাবনা ... অভ্যাসার্থে ভাবনা। সমাহিত চিত্তে শ্বাস-প্রশ্বাসের সংবরার্থে শীল-বিশুদ্ধি ... তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে"।

১৭৯। কিরূপে "বিমুক্ত চিত্তে শ্বাস গ্রহণ করছি, বিমুক্ত চিত্তে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? রাগ হতে বিমুক্ত চিত্তে শ্বাস গ্রহণ করছি" বলে শিক্ষা করে। রাগ হতে বিমুক্ত চিত্তে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে। দ্বেষ হতে ... মোহ হতে ... মান হতে ... মিথ্যাদৃষ্টি হতে ... সন্দেহ হতে আলস্য হতে ... চঞ্চলতা হতে ... পাপে লজ্জাহীন হতে ... পাপে ভয়হীন হতে ...।

বিমুক্ত চিত্তে শ্বাস-প্রশ্বাসবশে বিজ্ঞান চিত্ত অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। চিত্ত উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি ... স্মৃতিপ্রস্থান ভাবনা।"

'অনুদর্শন করে', 'অনুদর্শন' করে বলা হয়; কিরূপে চিত্ত অনুদর্শন করে? ...। এভাবে চিত্ত অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা হয়, অভ্যাসার্থে ভাবনা। বিমুক্ত চিত্তে শ্বাস-প্রশ্বাসের সংবরার্থে ... তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে"।

চিত্তে চিত্তানুদর্শনে আট প্রকার অনুদর্শন জ্ঞান, চার প্রকার উপস্থাপনানুস্মৃতি এবং চার প্রকার সূত্রান্তিক বিষয়।

Visit: http://www.buddhistdownload.com

চতুর্থ চতুষ্ক বর্ণনা

১৮০। কিরূপে "অনিত্যানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ করছি, অনিত্যানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? 'অনিত্য, অনিত্য' বলা হয়, সেই অনিত্য কি? পঞ্চস্কন্ধ অনিত্য। কি কারণে অনিত্য? উদয়-ব্যয়ার্থে অনিত্য। পঞ্চস্কন্ধের উদয় দর্শনকালে কত প্রকার লক্ষণ দেখা যায়? ব্যয় দর্শনকালে কত প্রকার লক্ষণ দেখা যায়? উদয়-ব্যয় দর্শনকালে কত প্রকার লক্ষণ দেখা যায়? পঞ্চস্কন্ধের উদয় দর্শনকালে পঁচিশ প্রকার লক্ষণ দেখা যায়। ব্যয় দর্শনকালে পঁচিশ প্রকার লক্ষণ দেখা যায়। উদয়-ব্যয় দর্শনকালে পঞ্চাশ প্রকার লক্ষণ দেখা যায়।

"রূপে অনিত্যানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ করছি" বলে শিক্ষা করে। "রূপে অনিত্যানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে। "বেদনায় অনিত্যানুদর্শী ... সংজ্ঞায় ... সংস্কারে ... বিজ্ঞানে ... চক্ষুতে জরামরণে ...।

অনিত্যানুদর্শী হয়ে শ্বাস-প্রশ্বাসবশে ধর্ম অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। ধর্ম উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা সে ধর্মকে অনুদর্শন করে। তাই বলা হয়– "ধর্মে ধর্মানুদর্শন স্মৃতিপ্রস্থান ভাবনা।"

'অনুদর্শন করে' 'অনুদর্শন করে' বলা হয়: কিরূপে চিত্ত অনুদর্শন করে? অনিত্যরূপে ...। এরূপে চিত্ত অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা হয় ... অভ্যাসার্থে ভাবনা। অনিত্যানুদর্শী হয়ে শ্বাস-প্রশ্বাসের সংবরার্থে ... তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে"।

কিরূপে "বিরাগানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ করছি, বিরাগানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? রূপে আদীনব দর্শনকালে রূপে বিরাগ ছন্দজাত হয়ে শ্রদ্ধাধিমুক্ত চিত্ত সুঅধিষ্ঠিত হয়। এভাবে রূপে বিরাগানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ করছি" এবং "রূপে বিরাগানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে। বেদনায় ... সংজ্ঞায় ... সংস্কারে ... বিজ্ঞানে ... চক্ষুতে ... জরামরণে ...।

Visit: http://www.buddhistdownload.com

বিরাগানুদর্শী হয়ে শ্বাস-প্রশ্বাসবশে ধর্ম অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। ধর্ম উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা সে ধর্মকে অনুদর্শন করে। তাই বলা হয়– "ধর্মে ধর্মানুদশন স্মৃতিপ্রস্থান ভাবনা"।

'অনুদর্শন করে অনুদর্শন করে' বলা হয়; কিরূপে ধর্ম অনুদর্শন করে? অনিত্যরূপে ... । এভাবে ধর্ম অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা হয়; সেই ভাবনা চার প্রকার। যথা– তথায় ... অভ্যাসার্থে ভাবনা। বিরাগানুদর্শী হয়ে শ্বাস-প্রশ্বাসের সংবরার্থে ... তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে"।

কিরূপে "নিরোধানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ করছি, নিরোধানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? রূপে আদীনব দর্শনকালে রূপে নিরোধ ছন্দজাত হয়ে শ্রদ্ধাধিমুক্ত চিত্ত সুঅধিষ্ঠিত হয়। এভাবে রূপে নিরোধানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ করছি" এবং "রূপে নিরোধানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে। বেদনায় ... সংজ্ঞায় ... সংস্কারে ... বিজ্ঞানে ... চক্ষুতে ... জরামরণে ... ।

১৮১। কত প্রকারে অবিদ্যার আদীনব হয়? কত প্রকারে অবিদ্যা নিরোধ হয়? পাঁচ প্রকারে অবিদ্যার আদীনব হয়। আট প্রকারে অবিদ্যা নিরোধ হয়।

কোন পাঁচ প্রকারে অবিদ্যার আদীনব হয়? অনিত্যার্থে অবিদ্যার আদীনব হয়, দুঃখার্থে অবিদ্যার আদীনব হয়, অনাত্মার্থে অবিদ্যার আদীনব হয়, সন্তাপার্থে অবিদ্যার আদীনব হয় এবং বিপরিণামার্থে অবিদ্যার আদীনব হয়– এপাঁচ প্রকারে অবিদ্যার আদীনব হয়।

কোন আট প্রকারে অবিদ্যা নিরোধ হয়? নিদান নিরোধে অবিদ্যার নিরোধ হয়, সমুদয় নিরোধে অবিদ্যা নিরোধ হয়, জাতি নিরোধে অবিদ্যা নিরোধ হয়, আহার নিরোধে অবিদ্যা নিরোধ হয়, হেতু নিরোধে অবিদ্যা নিরোধ হয়, প্রত্যয় নিরোধে অবিদ্যা নিরোধ হয়, জ্ঞান উৎপাদনে অবিদ্যা নিরোধ হয়, নিরোধ উপস্থাপনে অবিদ্যা নিরোধ হয়। এই আট প্রকারে অবিদ্যা নিরোধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

এই পাঁচ প্রকারে অবিদ্যার আদীনব দর্শন করে, এই আট প্রকারে অবিদ্যার নিরোধে ছন্দজাত হয়ে শ্রদ্ধাধিমুক্ত চিত্ত সুঅধিষ্ঠিত হয়। এভাবে "অবিদ্যার নিরোধানুদর্শী হয়ে গ্রহণ করছি" এবং "অবিদ্যার নিরোধানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে।

সংস্কার, বিজ্ঞান, নাম-রূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদনা, তৃষ্ণা, উপাদান, জাতি, জরামরণ সম্বন্ধেও একই কথা বলা হয়েছে। তাই সেগুলো আলাদা আলাভাবে দেখানো হল না। অবিদ্যার স্থলে এগুলোর নামোল্লেখ করে পড়তে হবে।

নিরোধানুদর্শী হয়ে শ্বাস-প্রশ্বাসবশে ধর্ম অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। ধর্ম উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি, জ্ঞান দ্বারা সে ধর্মকে অনুদর্শন করে। তাই বলা হয়– "ধর্মে ধর্মানুদর্শন স্মৃতিপ্রস্থান ভাবনা"।

'অনুদর্শন করে, অনুদর্শন করে' বলা হয়; কিভাবে ধর্ম অনুদর্শন করে? অনিত্যরূপে ... । এভাবে ধর্ম অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা হয়; সেই ভাবনা চার প্রকার। যথা– তথায় ... অভ্যাসার্থে ভাবনা। বিরাগানুদর্শী হয়ে শ্বাস-প্রশ্বাসের সংবরার্থে ...। তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে"।

১৮২। কিরূপে "পরিত্যাগানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ করছি, পরিত্যাগানুদর্শী হয়ে প্রশ্বাস ত্যাগ করছি" বলে শিক্ষা করে? 'পরিত্যাগ, পরিত্যাগ' বলা হয়, সেই পরিত্যাগ দুই প্রকার। যথা– প্রত্যাখান পরিত্যাগ ও অনুসরণ পরিত্যাগ। রূপ পরিত্যাগ– এটা প্রত্যাখান পরিত্যাগ। রূপ নিরোধে চিত্ত নির্বাণপ্রাপ্ত হয়– এটা অনুসরণ পরিত্যাগ। "রূপে পরিত্যাগানুদর্শী হয়ে শ্বাস গ্রহণ করছি" এবং "রূপে পরিত্যাগানুদর্শী হয়ে প্রশ্বাস করছি" বলে শিক্ষা করে।

বেদনায় ... সংজ্ঞায় ... সংস্কারে ... বিজ্ঞানে ... চক্ষে ... জরামরণে ...।

পরিত্যাগানুদর্শী হয়ে শ্বাস-প্রশ্বাসবশে ধর্ম অনুদর্শনই স্মৃতি উপস্থাপন জ্ঞান। ধর্ম উপস্থাপন স্মৃতি নয়, স্মৃতি উপস্থাপনই স্মৃতি। সেই স্মৃতি, জ্ঞান

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা সে ধর্মকে অনুদর্শন করে। তাই বলা হয়– "ধর্মে ধর্মানুদর্শন স্মৃতিপ্রস্থান ভাবনা"।

'অনুদর্শন করে, অনুদর্শন করে' বলা হয়; কিরূপে অনুদর্শন করে? অনিত্যরূপে ... । এভাবে ধর্ম অনুদর্শন করে।

'ভাবনা, ভাবনা' বলা হয়; সেই ভাবনা চার প্রকার। যথা– তথায় ... অভ্যাসার্থে ভাবনা। বিরাগানুদর্শী হয়ে শ্বাস-প্রশ্বাসের সংবরার্থে ... তাই বলা হয়– "সমর্থকে প্রতিবিদ্ধ করে"।

ধর্মে ধর্মানুদর্শনে আট প্রকার অনুদর্শন জ্ঞান, আট প্রকার উপস্থাপনানুস্মৃতি ও চার সূত্রান্তিক বিষয়। এগুলো স্মৃতিকারীর (যোগীর) বত্রিশ প্রকার জ্ঞান।

স্মৃতিকারী জ্ঞান বর্ণনা সমাপ্ত।

৬। জ্ঞানরাশি ষষ্ঠক বর্ণনা

১৮৩। কোনগুলো ছব্বিশ প্রকার সমাধিবশে জ্ঞান? দীর্ঘ শ্বাসবশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ সমাধি। দীর্ঘ প্রশ্বাসবশে ... পে ... বিমুক্ত চিত্তে প্রশ্বাসবশে চিত্তের একাগ্রতা, অবিক্ষেপ সমাধি। এগুলো ছব্বিশ প্রকার সমাধিবশে জ্ঞান।

কোনগুলো বাহাত্তর প্রকার বিদর্শন বশে জ্ঞান? দীর্ঘ শ্বাস গ্রহণকে অনিত্যরূপে অনুদর্শনার্থে বিদর্শন জ্ঞান, দুঃখরূপে অনুদর্শনার্থে বিদর্শন জ্ঞান, অনাত্মরূপে অনুদর্শনার্থে বিদর্শন জ্ঞান। দীর্ঘ প্রশ্বাসকে ...পে ... বিমুক্ত চিত্তে দীর্ঘ প্রশ্বাস ত্যাগকে অনিত্যরূপে অনুদর্শনার্থে বিদর্শন জ্ঞান, দুঃখরূপে অনুদর্শনার্থে বিদর্শন জ্ঞান, অনাত্মরূপে অনুদর্শনার্থে বিদর্শন জ্ঞান। এগুলো বাহাত্তর প্রকার বিদর্শনবশে জ্ঞান।

কোনগুলো আট প্রকার নির্বেদ জ্ঞান? অনিত্যানুদর্শী হয়ে শ্বাসকে (বা শ্বাস গ্রহণকে) যথাভূতভাবে জানে, দর্শন করে– এটা নির্বেদ জ্ঞান। অনিত্যানুদর্শী হয়ে প্রশ্বাসকে যথাভূতভাবে জানে, দর্শন করে– এটা নির্বেদ জ্ঞান। দুঃখানুদর্শী হয়ে ... অনাত্মানুদর্শী হয়ে ... পরিত্যাগানুদর্শী হয়ে

Visit: http://www.buddhistdownload.com

...। এগুলো আট প্রকার নির্বেদ জ্ঞান।

কোনগুলো আট প্রকার নির্বেদানুলোম জ্ঞান? অনিত্যানুদর্শী হয়ে শ্বাসকে ভয়রূপে জানার প্রজ্ঞাই নির্বেদানুলোম জ্ঞান। অনিত্যানুদর্শী হয়ে প্রশ্বাসকে ভয়রূপে জানার প্রজ্ঞাই নির্বেদানুলোম। দুঃখানুদর্শী পরিত্যাগানুদর্শী হয়ে ...। এগুলো আট প্রকার নির্বেদানুলোম জ্ঞান।

কোনগুলো আট প্রকার নির্বেদ-প্রতিপ্রশ্রদ্ধি জ্ঞান? অনিত্যানুদর্শী হয়ে শ্বাসকে অভিনিবিষ্ট, শান্তরূপে জানার প্রজ্ঞাই নির্বেদ-প্রতিপ্রশ্রদ্ধি জ্ঞান। অনিত্যানুদর্শী হয়ে প্রশ্বাসকে অভিনিবিষ্ট, শান্তরূপে জানার প্রজ্ঞাই নির্বেদ-প্রতিপ্রশ্রদ্ধি জ্ঞান। দুঃখানুদর্শী হয়ে ... অনাত্মানুদর্শী হয়ে ... পরিত্যাগানুদর্শী হয়ে ...। এগুলো আট প্রকার নির্বেদ-প্রতিপ্রশ্রদ্ধি জ্ঞান।

কোনগুলো একুশ প্রকার বিমুক্তি সুখ জ্ঞান? স্রোতাপত্তিমার্গ দ্বারা সৎকায়দৃষ্টি প্রহীন ও সমুচ্ছিন্ন হলে বিমুক্তি সুখ জ্ঞান উৎপন্ন হয়। বিচিকিৎসা প্রহীন ও সমুচ্ছিন্ন ...। শীলব্রত পরামর্শ প্রহীন ও সমুচ্ছিন্ন ...। মিথ্যাদৃষ্টানুশয় এবং বিচিকিৎসানুশয় প্রহীন ও সমুচ্ছিন্ন ...। সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল কামরাগ সংযোজন প্রহীন ও সমুচ্ছিন্ন ...। প্রতিঘ সংযোজন প্রহীন ও সমুচ্ছিন্ন ...। স্থূল কামরাগানুশয় এবং প্রতিঘানুশয় প্রহীন ও সমুচ্ছিন্ন ... । অনাগামীমার্গ দ্বারা সূক্ষ্ম কামরাগ সংযোজন প্রহীন ও সমুচ্ছিন্ন ...। প্রতিঘ সংযোজন প্রহীন সমুচ্ছিন্ন ...। সূক্ষ্ম কামারাগানুশয় এবং প্রতিঘানুশয় প্রহীন ও সমুচ্ছিন্ন ...। অরহত্বমার্গ দ্বারা রূপরাগ প্রহীন ও সমুচ্ছিন্ন ...। অরূপরাগ, মান, চঞ্চলতা, অবিদ্যা এবং মানানুশয়, ভবরাগানুশয়, অবিদ্যানুশয় প্রহীন ও সমুচ্ছিন্ন হলে বিমুক্তি সুখ জ্ঞান উৎপন্ন হয়। এগুলো একুশ প্রকার বিমুক্তি জ্ঞান। ষোল প্রকার উপায়ে আনাপানস্মৃতিসমাধি ভাবনা করলে এই দুই শত (নাকি দুইশত বিশ?) জ্ঞান উৎপন্ন হয়।

জ্ঞানরাশি ষষ্ঠক বর্ণনা সমাপ্ত।

আনাপানস্মৃতি কথা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

৪। ইন্দ্রিয় কথা

১। প্রথম সূত্রান্ত বর্ণনা

১৮৪। আমি এরূপ শুনেছি একসময় ভগবান শ্রাবস্তীর জেতবনে অনাথপিণ্ডিকের নির্মিত আরামে অবস্থান করছিলেন। তথায় ভগবান ভিক্ষুগণকে আহ্বান করলেন– "হে ভিক্ষুগণ"। "হ্যাঁ ভদন্ত" বলে সেই ভিক্ষুগণ ভগবানের প্রত্যুত্তর প্রদান করলেন। তখন ভগবান এরূপ বললেন–

হে ভিক্ষুগণ! ইন্দ্রিয়সমূহ পাঁচ প্রকার। সেই পাঁচ প্রকার কি কি? যথা– শ্রদ্ধেন্দ্রিয়, বীর্যেন্দ্রিয়, স্মৃতীন্দ্রিয়, সমাধীন্দ্রিয় এবং প্রজ্ঞেন্দ্রিয়– এগুলোই পাঁচ প্রকার ইন্দ্রিয়।

১৮৫। এই পঞ্চেন্দ্রিয় কত প্রকারে পরিশুদ্ধ হয়? পনের প্রকারে এই পঞ্চেন্দ্রিয় পরিশুদ্ধ হয়। অশ্রদ্ধাবান পুদগলকে পরিত্যাগ করলে, শ্রদ্ধাবান পুদগলকে সেবা, পূজা, সম্মান প্রদর্শন করলে এবং শ্রদ্ধাচিত্তে ধর্মীয় গ্রন্থ আলোচনা-পর্যলোচনা করলে– এই তিন প্রকারের শ্রদ্ধেন্দ্রিয় পরিশুদ্ধ হয়। হীনবীর্য পুদগলকে পরিত্যাগ করলে, আরদ্ধবীর্য পুদগলকে সেবা, পূজা, সম্মান, প্রদর্শন করলে এবং সম্যক প্রধান প্রত্যবেক্ষণ করলে– এই তিন প্রকারে বীর্যেন্দ্রিয় পরিশুদ্ধ হয়। স্মৃতিবিহীন পুদগলকে পরিত্যাগ করলে, স্মৃতিমান পুদগলকে সেবা, পূজা, সম্মান প্রদর্শন করলে এবং স্মৃতিপ্রস্থান ভাবনা করলে– এই তিন প্রকারে স্মৃতীন্দ্রিয় পরিশুদ্ধ হয়। অসমাহিত পুদগলকে পরিত্যাগ করলে, সমাহিত পুদগলকে সেবা, পূজা, সম্মান প্রদর্শন করলে এবং ধ্যান বিমোক্ষে মনোনিবেশ করলে– এই তিন প্রকারে সমাধীন্দ্রিয় পরিশুদ্ধ হয়। দুষ্প্রাজ্ঞ পুদগলকে পরিত্যাগ করলে, প্রজ্ঞাবান পুদগলকে সেবা, পূজা, সম্মান প্রদর্শন করলে এবং গম্ভীর জ্ঞানচর্যায় নিরত থাকলে– এই তিন প্রকারে প্রজ্ঞেন্দ্রিয় পরিশুদ্ধ হয়। এই পনের প্রকারে এই পঞ্চেন্দ্রিয় পরিশুদ্ধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

কত প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত হয়? কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের ভাবনা হয়? দশ প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত হয় এবং দশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের ভাবনা হয়। অশ্রদ্ধা পরিত্যাগ করলে শ্রদ্ধেন্দ্রিয় ভাবিত হয়, শ্রদ্ধেন্দ্রিয় ভাবনাকালে অশ্রদ্ধেন্দ্রিয় পরিত্যক্ত হয়; আলস্য পরিত্যাগ করলে বীর্যেন্দ্রিয় ভাবিত হয়, বীর্যেন্দ্রিয় ভাবনাকালে আলস্য পরিত্যক্ত হয়; প্রমাদ পরিত্যাগ করলে স্মৃতীন্দ্রিয় ভাবিত হয়, স্মৃতীন্দ্রিয় ভাবনাকালে প্রমাদ পরিত্যক্ত হয়; চঞ্চলতা পরিত্যাগ করলে সমাধীন্দ্রিয় ভাবিত হয়, সমাধীন্দ্রিয় ভাবনাকালে চঞ্চলতা পরিত্যক্ত হয়; অবিদ্যা পরিত্যাগ করলে প্রজ্ঞেন্দ্রিয় ভাবিত হয়, প্রজ্ঞেন্দ্রিয় ভাবনাকালে অবিদ্যা পরিত্যক্ত হয়। এই দশ প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত হয়, এবং এই দশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের ভাবনা হয়।

কত প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত, সুভাবিত হয়? দশ প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত, সুভাবিত হয়। অশ্রদ্ধা প্রহীন, সুপ্রহীন হলে শ্রদ্ধেন্দ্রিয় ভাবিত, সুভাবিত হয়; শ্রদ্ধেন্দ্রিয় ভাবিত, সুভাবিত হলে অশ্রদ্ধা প্রহীন, সুপ্রহীন হয়। আলস্য প্রহীন, সুপ্রহীন হলে বীর্যেন্দ্রিয় ভাবিত, সুভাবিত হয়; বীর্যেন্দ্রিয় ভাবিত, সুভাবিত হলে আলস্য প্রহীন, সুপ্রহীন হয়। প্রমাদ প্রহীন, সুপ্রহীন হলে স্মৃতীন্দ্রিয় ভাবিত, সুভাবিত হয়; স্মৃতীন্দ্রিয় ভাবিত, সুভাবিত হলে প্রমাদ প্রহীন, সুপ্রহীন হয়। চঞ্চলতা প্রহীন, সুপ্রহীন হলে সমাধীন্দ্রিয় ভাবিত, সুভাবিত হয়; সমাধীন্দ্রিয় ভাবিত, সুভাবিত হলে চঞ্চলতা প্রহীন, সুপ্রহীন হয়। অবিদ্যা প্রহীন, সুপ্রহীন হলে প্রজ্ঞেন্দ্রিয় ভাবিত, সুভাবিত হয়; প্রজ্ঞেন্দ্রিয় ভাবিত, সুভাবিত হলে অবিদ্যা প্রহীন, সুপ্রহীন হয়। এই দশ প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত, সুভাবিত হয়।

১৮৬। কত প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত হয়? কত প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত, সুভাবিত এবং উপশম, সুউপশম হয়? চার প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত, সুভাবিত এবং উপশম, সুউপশম হয়। স্রোতাপত্তি মার্গক্ষণে পঞ্চেন্দ্রিয় ভাবিত হয়; স্রোতাপত্তি ফলক্ষণে পঞ্চেন্দ্রিয় ভাবিত, সুভাবিত এবং উপশম, সুউপশম হয়। সকৃদাগামী মার্গক্ষণে পঞ্চেন্দ্রিয় ভাবিত হয়; সকৃদাগামী ফলক্ষণে পঞ্চেন্দ্রিয় ভাবিত, সুভাবিত এবং উপশম, সুউপশম হয়। অনাগামী মার্গক্ষণে পঞ্চেন্দ্রিয় ভাবিত হয়; অনাগামী ফলক্ষণে

Visit: http://www.buddhistdownload.com

পঞ্চেন্দ্রিয় ভাবিত, সুভাবিত এবং উপশম, সুউপশম হয়। অরহত মার্গক্ষণে পঞ্চেন্দ্রিয় ভাবিত হয়; অরহত ফলক্ষণে পঞ্চেন্দ্রিয় ভাবিত, সুভাবিত এবং উপশম, সুউপশম হয়। এরূপে চার প্রকার মার্গ বিশুদ্ধি, চার প্রকার ফল বিশুদ্ধি, চার প্রকার সমুচ্ছেদ বিশুদ্ধি এবং চার প্রকার প্রতিপ্রশ্রদ্ধি বিশুদ্ধি হয়। এই চার প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত হয়; এই চার প্রকারে পঞ্চেন্দ্রিয় ভাবিত, সুভাবিত এবং উপশম, সুউপশম হয়।

ইন্দ্রিয়ভাবনা কত প্রকার পুদগলের? কত প্রকার পুদগল ভাবিত ইন্দ্রিয়সম্পন্ন? ইন্দ্রিয়ভাবনা আট প্রকার পুদগলের। তিন প্রকার পুদগল ভাবিত ইন্দ্রিয়সম্পন্ন। ইন্দ্রিয়ভাবনা কোন আট প্রকার পুদগলের? সপ্ত শৈক্ষ্য এবং কল্যাণপৃথগজনের– ইন্দ্রিয়ভাবনা এই আট প্রকার পুদগলের। কোন তিন প্রকার পুদগল ভাবিত ইন্দ্রিয়সম্পন্ন? তথাগতের ধর্মদেশনা শ্রবণের মাধ্যমে ক্ষীণাস্রব শ্রাবকবুদ্ধ ভাবিত ইন্দ্রিয়সম্পন্ন, স্বয়ং জ্ঞাতার্থে পচ্চেকবুদ্ধ ভাবিত ইন্দ্রিয়সম্পন্ন, অপ্রমেয়ার্থে তথাগত অর্হৎ সম্যক সম্বুদ্ধ ভাবিত ইন্দ্রিয়সম্পন্ন– এই তিন প্রকার পুদগল ভাবিত ইন্দ্রিয়সম্পন্ন। এরূপে ইন্দ্রিয়ভাবনা এই আট প্রকার পুদগলের, এই তিন প্রকার ভাবিত ইন্দ্রিয়সম্পন্ন।

সূত্রান্ত বর্ণনা সমাপ্ত।

২। দ্বিতীয় সূত্রান্ত বর্ণনা
শ্রাবস্তী নিদানঃ

১৮৭। "হে ভিক্ষুগণ! ইন্দ্রিয় পাঁচ প্রকার। সেই পাঁচ প্রকার কি কি? শ্রদ্ধেন্দ্রিয়, বীর্যেন্দ্রিয়, স্মৃতীন্দ্রিয়, সমাধীন্দ্রিয় ও প্রজ্ঞেন্দ্রিয়। যেসব শ্রমণ-ব্রাহ্মণ এপঞ্চেন্দ্রিয়ের সমুদয়, নিরোধ, আস্বাদ, আদীনব, নিঃসরণ যথাযথভাবে জানে না, তারা শ্রমণের মধ্যে শ্রমণসম্মত ও ব্রাহ্মণের মধ্যে ব্রাহ্মণসম্মত নয় এবং এআয়ুষ্মানগণ শ্রমণত্ব, ব্রাহ্মণত্ব দৃষ্টধর্মে (ইহলোকে) স্বয়ং সাক্ষাৎ লাভ করে অবস্থান করে না। আর যেসব শ্রমণ-ব্রাহ্মণ পঞ্চেন্দ্রিয়ের সমুদয়, নিরোধ, আস্বাদ, আদীনব, নিঃসরণ যথাযথভাবে

Visit: http://www.buddhistdownload.com

জানে, তারা শ্রমণের মধ্যে শ্রমণসম্মত ও ব্রাহ্মণের মধ্যে ব্রাহ্মণসম্মত এবং এ আয়ুষ্মানগণ শ্রমণত্ব, ব্রাহ্মণত্ব দৃষ্টধর্মে স্বয়ং সাক্ষাৎ লাভ করে অবস্থান করেন।"

১৮৮। কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের সমুদয় হয়? কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের সমুদয় যথার্থভাবে জানে? কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিরোধ হয়? কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিরোধ যথার্থভাবে জানে? কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আস্বাদ হয়? কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আস্বাদ যথার্থভাবে জানে? কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আদীনব হয়? কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আদীনব যথার্থভাবে জানে? কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিঃসরণ হয়? কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিঃসরণ যথার্থভাবে জানে?

চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের সমুদয় হয়, চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের সমুদয় যথার্থভাবে জানে। চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিরোধ হয়, চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিরোধ যথার্থভাবে জানে। পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আস্বাদ হয়, পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আস্বাদ যথার্থভাবে জানে। পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আদীনব হয়, পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আদীনব যথার্থভাবে জানে। একশত আশি প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিঃসরণ হয়, একশত আশি প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিঃসরণ যথার্থভাবে জানে।

কোন চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের সমুদয় হয়? কোন চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের সমুদয় যথার্থভাবে জানে? অধিমোক্ষার্থে আবর্জনের সমুদয় শ্রদ্ধেন্দ্রিয়ের সমুদয় হয়; অধিমোক্ষবশে ছন্দের সমুদয় শ্রদ্ধেন্দ্রিয়ের সমুদয় হয়; অধিমোক্ষবশে মনসংযোগের সমুদয় শ্রদ্ধেন্দ্রিয়ের সমুদয় হয়; শ্রদ্ধেন্দ্রিয়বশে একত্বে উপস্থাপন শ্রদ্ধেন্দ্রিয়ের সমুদয় হয়। উদ্যমার্থে আবর্জনের সমুদয় বীর্যেন্দ্রিয় সমুদয় হয়; উদ্যমবশে ছন্দের সমুদয় বীর্যেন্দ্রিয়ের সমুদয় হয়; উদ্যমবশে মনসংযোগের সমুদয় বীর্যেন্দ্রিয়ের সমুদয় হয়; বীর্যেন্দ্রিয়বশে একত্বে উপস্থাপন বীর্যেন্দ্রিয়ের সমুদয়। উপস্থাপনার্থে আবর্জনের সমুদয় স্মৃতীন্দ্রিয়ের সমুদয় হয়; উপস্থাপনবশে ছন্দের সমুদয় স্মৃতীন্দ্রিয়ের সমুদয় হয়; উপস্থাপনবশে মনসংযোগের সমুদয় স্মৃতীন্দ্রিয়ের সমুদয় হয় স্মৃতীন্দ্রিয়বশে একত্বে উপস্থাপন

Visit: http://www.buddhistdownload.com

স্মৃতীন্দ্রিয়ের সমুদয় হয়। অবিক্ষেপার্থে আবর্জনের সমুদয় সমাধীন্দ্রিয়ের সমুদয় হয়; অবিক্ষেপবশে ছন্দের সমুদয় সমাধীন্দ্রিয়ের সমুদয় হয়; অবিক্ষেপবশে মনসংযোগের সমুদয় সমাধীন্দ্রিয়ের সমুদয় হয়; সমাধীন্দ্রিয়বশে একত্বে উপস্থাপন সমাধীন্দ্রিয়ের সমুদয় হয়। দর্শনার্থে আবর্জনের সমুদয় প্রজ্ঞেন্দ্রিয়ের সমুদয় হয়; দর্শনবশে ছন্দের সমুদয় প্রজ্ঞেন্দ্রিয় সমুদয় হয়; দর্শনবশে মনসংযোগের সমুদয়, প্রজ্ঞেন্দ্রিয়ের সমুদয় হয়; প্রজ্ঞেন্দ্রিয়বশে একত্বে উপস্থাপন প্রজ্ঞেন্দ্রিয়ের সমুদয় হয়।

অধিমোক্ষার্থে আবর্জনের সমুদয় প্রাজ্ঞেন্দ্রিয়ের সমুদয় হয়; উদ্যমার্থে আবর্জনের সমুদয়, বীর্যেন্দ্রিয়ের সমুদয় হয়; উপস্থাপনার্থে আবর্জনের সমুদয় স্মৃতীন্দ্রিয়ের সমুদয় হয়। অবিক্ষেপার্থে আবর্জনের সমুদয় সমাধীন্দ্রিয়ের সমুদয় হয়। দর্শনার্থে আবর্জনের সমুদয় প্রজ্ঞেন্দ্রিয়ের সমুদয় হয়। অধিমোক্ষবশে ছন্দের সমুদয় শ্রদ্ধেন্দ্রিয়ের সমুদয় হয়। উদ্যমবশে ছন্দের সমুদয় বীর্যেন্দ্রিয়ের সমুদয় হয়। উপস্থাপনবশে ছন্দের সমুদয় স্মৃতীন্দ্রিয়ের সমুদয় হয়। অবিক্ষেপবশে ছন্দের সমুদয় সমাধীন্দ্রিয়ের সমুদয় হয়। দর্শনবশে ছন্দের সমুদয় প্রজ্ঞেন্দ্রিয়ের সমুদয় হয়। অধিমোক্ষবশে মনসংযোগের সমুদয় শ্রদ্ধেন্দ্রিয়ের সমুদয় হয়। উদ্যমবশে মনসংযোগের সমুদয় বীর্যেন্দ্রিয়ের সমুদয় হয়। উপস্থাপনবশে মনসংযোগের সমুদয় স্মৃতীন্দ্রিয়ের সমুদয় হয়। অবিক্ষেপবশে মনসংযোগের সমুদয় সমাধীন্দ্রিয়ের সমুদয় হয়। দর্শনবশে মনসংযোগের সমুদয় প্রজ্ঞেন্দ্রিয়ের সমুদয় হয়। শ্রদ্ধেন্দ্রিয়বশে একত্ব উপস্থাপন শ্রদ্ধেন্দ্রিয়ের সমুদয়। বীর্যেন্দ্রিয়বশে একত্ব উপস্থাপন বীর্যেন্দ্রিয়ের সমুদয় হয়। স্মৃতীন্দ্রিয়বশে একত্ব উপস্থাপন স্মৃতীন্দ্রিয়ের সমুদয় হয়। সমাধীন্দ্রিয়বশে একত্ব উপস্থাপন সমাধীন্দ্রিয়ের সমুদয় হয়। প্রজ্ঞেন্দ্রিয়েবশে একত্ব উপস্থাপন প্রজ্ঞেন্দ্রিয়ের সমুদয় হয়। এই চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের সমুদয় হয়, পঞ্চেন্দ্রিয়ের সমুদয় যথার্থভাবে জানে।

কোন চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিরোধ হয়? কোন চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিরোধ যথার্থভাবে জানে? অধিমোক্ষার্থে আবর্জনের নিরোধ শ্রদ্ধেন্দ্রিয়ের নিরোধ হয়; অধিমোক্ষবশে ছন্দের নিরোধ শ্রদ্ধেন্দ্রিয়ের

Visit: http://www.buddhistdownload.com

নিরোধ হয়; অধিমোক্ষবশে মনসংযোগ নিরোধ শ্রদ্ধেন্দ্রিয়ের নিরোধ হয়; শ্রদ্ধেন্দ্রিয়বশে একত্ব অনুপস্থান শ্রদ্ধেন্দ্রিয়ের নিরোধ হয়। উদ্যমার্থে আবর্জনের নিরোধ বীর্যেন্দ্রিয়ের নিরোধ হয়; উদ্যমবশে ছন্দের নিরোধ বীর্যেন্দ্রিয়ের নিরোধ হয়; উদ্যমবশে মনসংযোগের নিরোধ বীর্যেন্দ্রিয়ের নিরোধ হয়; বীর্যেন্দ্রিয়বশে একত্ব অনুপস্থান বীর্যেন্দ্রিয়ের নিরোধ হয়। উপস্থাপনার্থে আবর্জনের নিরোধ স্মৃতীন্দ্রিয়ের নিরোধ হয়; উপস্থাপনবশে মনসংযোগের নিরোধ, স্মৃতীন্দ্রিয়ের নিরোধ হয়; স্মৃতীন্দ্রিয়বশে একত্ব অনুপস্থান স্মৃতীন্দ্রিয়ের নিরোধ হয়। অবিক্ষেপার্থে আবর্জনের নিরোধ সমাধীন্দ্রিয়ের নিরোধ হয়; অবিক্ষেপবশে ছন্দের নিরোধ সমাধীন্দ্রিয়ের নিরোধ হয়; অবিক্ষেপবশে মনসংযোগের নিরোধ সমাধীন্দ্রিয়ের নিরোধ হয়; সমাধীন্দ্রিয়বশে একত্ব অনুপস্থান সমাধীন্দ্রিয়ের নিরোধ হয়। দর্শনার্থে আবর্জনের নিরোধ প্রজ্ঞেন্দ্রিয়ের নিরোধ হয়; দর্শনবশে ছন্দের নিরোধ প্রজ্ঞেন্দ্রিয়ের নিরোধ হয়; দর্শনবশে মনসংযোগের নিরোধ প্রজ্ঞেন্দ্রিয়ের নিরোধ হয়; প্রজ্ঞেন্দ্রিয়বশে একত্ব অনুপস্থান প্রজ্ঞেন্দ্রিয়ের নিরোধ হয়।

অধিমোক্ষার্থে আবর্জনের নিরোধ শ্রদ্ধেন্দ্রিয়ের নিরোধ হয়। উদ্যমার্থে আবর্জনের নিরোধ বীর্যেন্দ্রিয়ের নিরোধ হয়। উপস্থাপনার্থে আবর্জনের নিরোধ স্মৃতীন্দ্রিয়ের নিরোধ হয়। অবিক্ষেপার্থে আবর্জনের নিরোধ সমাধীন্দ্রিয়ের নিরোধ হয়। দর্শনার্থে আবর্জনের নিরোধ প্রজ্ঞেন্দ্রিয়ের নিরোধ হয়। অধিমোক্ষবশে ছন্দের নিরোধ শ্রদ্ধেন্দ্রিয়ের নিরোধ হয়। উদ্যমবশে ছন্দের নিরোধ বীর্যেন্দ্রিয়ের নিরোধ হয়। উপস্থাপনবশে ছন্দের নিরোধ স্মৃতীন্দ্রিয়ের নিরোধ হয়। অবিক্ষেপবশে ছন্দের নিরোধ সমাধীন্দ্রিয়ের নিরোধ হয়। দর্শনবশে ছন্দের নিরোধ প্রজ্ঞেন্দ্রিয়ের নিরোধ হয়। অধিমোক্ষবশে মনসংযোগের নিরোধ শ্রদ্ধেন্দ্রিয়ের নিরোধ হয়। উদ্যমবশে মনসংযোগের নিরোধ স্মৃতীন্দ্রিয়ের নিরোধ হয়। অবিক্ষেপবশে মনসংযোগের নিরোধ সমাধীন্দ্রিয়ের নিরোধ হয়। দর্শনবশে মনসংযোগের নিরোধ প্রজ্ঞেন্দ্রিয়ের নিরোধ হয়। শ্রদ্ধেন্দ্রিয়বশে একত্ব অনুপস্থান শ্রদ্ধেন্দ্রিয়ের নিরোধ হয়। বীর্যেন্দ্রিয়বশে একত্ব অনুপস্থান বীর্যেন্দ্রিয়ের নিরোধ হয়। স্মৃতীন্দ্রিয়বশে একত্ব অনুপস্থান স্মৃতীন্দ্রিয়ের নিরোধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

সমাধীন্দ্রিয়বশে একত্ব অনুপস্থান সমাধীন্দ্রিয়ের নিরোধ হয়। প্রজ্ঞেন্দ্রিয়বশে একত্ব অনুপস্থান প্রজ্ঞেন্দ্রিয়ের নিরোধ হয়।

এই চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় নিরোধ হয়, এই চল্লিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিরোধ যথার্থভাবে জানে।

(ক) আস্বাদ বর্ণনা

১৮৯। কোন পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আস্বাদ হয়? এবং কোন পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আস্বাদ যথার্থরূপে জানে? অশ্রদ্ধার অনুৎপত্তিতে শ্রদ্ধেন্দ্রিয়ের আস্বাদ হয়, অশ্রদ্ধা পরিদাহের অনুৎপত্তিতে শ্রদ্ধেন্দ্রিয়ের আস্বাদ হয়, অধিমোক্ষচর্যার বৈশারদ্যে শ্রদ্ধেন্দ্রিয়ের আস্বাদ হয়, শান্ত বিহারাধিগমে শ্রদ্ধেন্দ্রিয়ের আস্বাদ হয়, শ্রদ্ধেন্দ্রিয় প্রত্যয়ে যে সুখ, সৌমনস্য উৎপন্ন হয়, তা শ্রদ্ধেন্দ্রিয়ের আস্বাদ।

আলস্যের অনুৎপত্তিতে বীর্যেন্দ্রিয়ের আস্বাদ হয়, আলস্য পরিদাহের অনুৎপত্তিতে বীর্যেন্দ্রিয়ের আস্বাদ হয়, উদ্যমচর্যার বৈশারদ্যে বীর্যেন্দ্রিয়ের আস্বাদ হয়, শান্ত বিহারাধিগমে বীর্যেন্দ্রিয়ের আস্বাদ হয়, বীর্যেন্দ্রিয়ের প্রত্যয়ে যে সুখ, সৌমনস্য উৎপন্ন হয়, তা বীর্যেন্দ্রিয়ের আস্বাদ।

প্রমাদের অনুৎপত্তিতে স্মৃতীন্দ্রিয়ের আস্বাদ হয়, প্রমাদ পরিদাহের অনুৎপত্তিতে স্মৃতীন্দ্রিয়ের আস্বাদ হয়, উপস্থাপন চর্যার বৈশারাদ্যে স্মৃতীন্দ্রিয়ের আস্বাদ হয়, শান্ত বিহারাধিগমে স্মৃতীন্দ্রিয়ের আস্বাদ হয়, স্মৃতীন্দ্রিয়ের প্রত্যয়ে যে সুখ, সৌমনস্য উৎপন্ন হয়, তা স্মৃতীন্দ্রিয়ের আস্বাদ।

চঞ্চলতার অনুৎপত্তিতে সমাধীন্দ্রিয়ের আস্বাদ হয়, চঞ্চলতা পরিদাহের অনুৎপত্তিতে সমাধীন্দ্রিয়ের আস্বাদ হয়, অবিক্ষেপ চর্যার বৈশারদ্যে সমাধীন্দ্রিয়ের আস্বাদ হয়, শান্ত বিহারাধিগমে সমাধীন্দ্রিয়ের আস্বাদ হয়, সমাধীন্দ্রিয়ের প্রত্যয়ে যে সুখ, সৌমনস্য উৎপন্ন হয়, তা সমাধীন্দ্রিয়ের আস্বাদ।

Visit: http://www.buddhistdownload.com

অবিদ্যার অনুৎপত্তিতে প্রজ্ঞেন্দ্রিয়ের আস্বাদ হয়, অবিদ্যা পরিদাহের অনুৎপত্তিতে প্রজ্ঞেন্দ্রিয়ের আস্বাদ হয়, দর্শনচর্যার বৈশারদ্যে প্রজ্ঞেন্দ্রিয়ের আস্বাদ হয়, শান্ত বিহারাধিগমে প্রজ্ঞেন্দ্রিয়ের আস্বাদ হয়, প্রজ্ঞেন্দ্রিয়ের প্রত্যয়ে যে সুখ, সৌমনস্য উৎপন্ন হয়, তা প্রজ্ঞেন্দ্রিয়ের আস্বাদ হয়।

এই পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আস্বাদ হয়, এই পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আস্বাদ যথার্থভাবে জানে।

(খ) আদীনব বর্ণনা

১৯০। কোন পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আদীনব হয়? কোন পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আদীনব যথার্থভাবে জানে? অশ্রদ্ধার উৎপত্তিতে শ্রদ্ধেন্দ্রিয়ের আদীনব হয়, অশ্রদ্ধা পরিদাহের উৎপত্তিতে শ্রদ্ধেন্দ্রিয়ের আদীনব হয়, অনিত্যার্থে শ্রদ্ধেন্দ্রিয়ের আদীনব হয়, দুঃখার্থে শ্রদ্ধেন্দ্রিয়ের আদীনব হয়, অনাত্মার্থে শ্রদ্ধেন্দ্রিয়ের আদীনব হয়।

আলস্যের উৎপত্তিতে বীর্যেন্দ্রিয়ের আদীনব হয়, আলস্য পরিদাহের উৎপত্তিতে বীর্যেন্দ্রিয়ের আদীনব হয়, অনিত্যার্থে বীর্যেন্দ্রিয়ের আদীনব হয়, দুঃখার্থে বীর্যেন্দ্রিয়ের আদীনব হয়, অনাত্মার্থে বীর্যেন্দ্রিয়ের আদীনব হয়।

প্রমাদের উৎপত্তিতে স্মৃতীন্দ্রিয়ের আদীনব হয়, প্রমাদ পরিদাহের উৎপত্তিতে স্মৃতীন্দ্রিয়ের আদীনব হয়, অনিত্যার্থে স্মৃতীন্দ্রিয়ের আদীনব হয়, দুঃখার্থে স্মৃতীন্দ্রিয়ের আদীনব হয়, অনাত্মার্থে স্মৃতীন্দ্রিয়ের আদীনব হয়।

চঞ্চলতার উৎপত্তিতে সমাধীন্দ্রিয়ের আদীনব হয়, চঞ্চলতা পরিদাহের উৎপত্তিতে সমাধীন্দ্রিয়ের আদীনব হয়, অনিত্যার্থে সমাধীন্দ্রিয়ের আদীনব হয়, দুঃখার্থে সমাধীন্দ্রিয়ের আদীনব হয়, অনাত্মার্থে সমাধীন্দ্রিয়ের আদীনব হয়।

অবিদ্যার উৎপত্তিতে প্রজ্ঞেন্দ্রিয়ের আদীনব হয়, অবিদ্যা পরিদাহের উৎপত্তিতে প্রজ্ঞেন্দ্রিয়ের আদীনব হয়, অনিত্যার্থে সমাধীন্দ্রিয়ের আদীনব হয়, দুঃখার্থে প্রজ্ঞেন্দ্রিয়ের আদীনব হয়, অনাত্মার্থে প্রজ্ঞেন্দ্রিয়ের আদীনব

Visit: http://www.buddhistdownload.com

হয়।

এই পঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আদীনব হয়, এপঁচিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের আদীনব যথার্থ ভাবে জানে।

(গ) নিঃসরণ বর্ণনা

১৯১। কোন একশত আশি প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিঃসরণ হয় এবং কোন একশত আট প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিঃসরণ যথার্থভাবে জানে? অমোক্ষার্থ দ্বারা শ্রদ্ধেন্দ্রিয় অশ্রদ্ধা হতে নিঃসরণ বা মুক্ত হয়, অশ্রদ্ধা পরিদাহ হতে মুক্ত হয়, তদনুসরণকারী ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয়, বাহ্যিক সব নিমিত্ত হতে মুক্ত হয়, তা হতে শ্রেষ্টতর শ্রদ্ধেন্দ্রিয়ের প্রতিলাভ হলে পূর্বের বা আগেকার শ্রদ্ধেন্দ্রিয় হতে মুক্ত হয়। উদ্যমার্থ দ্বারা বীর্যেন্দ্রিয় আলস্য হতে মুক্ত হয়, আলস্য পরিদাহ হতে মুক্ত হয়, তদনুসরণকারী ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয়, বাহ্যিক সব নিমিত্ত হতে মুক্ত হয়, তা হতে শ্রেষ্ঠতর বীর্যেন্দ্রিয়ের প্রতিলাভ হলে আগেকার বীর্যেন্দ্রিয় হতে মুক্ত হয়। উপস্থাপনার্থ দ্বার স্মৃতীন্দ্রিয় প্রমাদ হতে মুক্ত হয়, প্রমাদ পরিদাহ হতে মুক্ত হয়, তদনুসরণকারী ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয়, বাহ্যিক সব নিমিত্ত হতে মুক্ত হয়, তা হতে শ্রেষ্ঠতর স্মৃতীন্দ্রিয়ের প্রতিলাভ হলে আগেকার স্মৃতীন্দ্রিয় হতে মুক্ত হয়। অবিক্ষেপার্থ দ্বারা সমাধীন্দ্রিয় চঞ্চলতা হতে মুক্ত হয়, চঞ্চলতা পরিদাহ হতে মুক্ত হয়, তদনুসরণকারী ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয়, বাহ্যিক সব নিমিত্ত হতে মুক্ত হয়, তা হতে শ্রেষ্ঠতর সমাধীন্দ্রিয়ের প্রতিলাভ হলে আগেকার সমাধীন্দ্রিয় হতে মুক্ত হয়। দর্শনার্থ দ্বারা প্রজ্ঞেন্দ্রিয় অবিদ্যা হতে মুক্ত হয়, অবিদ্যা পরিদাহ হতে মুক্ত হয়, তদনুসরণকারী ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয়, বাহ্যিক সব নিমিত্ত হতে মুক্ত হয়, তা হতে শ্রেষ্ঠতর প্রজ্ঞেন্দ্রিয়ের প্রতিলাভ হলে আগেকার প্রজ্ঞেন্দ্রিয় হতে মুক্ত হয়।

১৯২। আগেকার (পূর্বের) পঞ্চেন্দ্রিয় দ্বারা প্রথম ধ্যানবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। প্রথমধ্যানের পঞ্চেন্দ্রিয় দ্বারা দ্বিতীয়ধ্যানবশে

Visit: http://www.buddhistdownload.com

পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। দ্বিতীয় ধ্যানের পঞ্চেন্দ্রিয় দ্বারা তৃতীয়ধ্যানবশে পঞ্চেন্দ্রিয়েসমূহ মুক্ত হয়। তৃতীয়ধ্যানের পঞ্চেন্দ্রিয় দ্বারা চতুর্থধ্যানবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। চতুর্থধ্যানে পঞ্চেন্দ্রিয় দ্বারা আকাশানন্তায়তন সমাপত্তিবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। আকাশানন্তায়তন সমাপত্তির পঞ্চেন্দ্রিয় দ্বারা বিজ্ঞানানন্তায়তন সমাপত্তিবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। বিজ্ঞানানন্তায়তন সমাপত্তির পঞ্চেন্দ্রিয় দ্বারা আকিঞ্চনায়তন সমাপত্তিবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। আকিঞ্চনায়তন সমাপত্তির পঞ্চেন্দ্রিয় দ্বারা নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তিবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তির পঞ্চেন্দ্রিয় দ্বারা অনিত্যানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়।

অনিত্যানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা দুঃখানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। অনাত্মানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা নির্বেদানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। নির্বেদানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা বিরাগানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। বিরাগানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা নিরোধানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। নিরোধানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা পরিত্যাগানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। পরিত্যাগানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা ক্ষয়ানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। ক্ষয়ানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা ব্যয়ানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। ব্যয়ানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা বিপরিণামানুদর্শবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত। বিপরিণামানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা অনিমিত্তানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। অনিমিত্তানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা অপ্রণিহিতানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। অপ্রণিহিতানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা শূন্যতানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। শূন্যতানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা যথাভূত জ্ঞানদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। যথাভূত জ্ঞানদর্শন পঞ্চেন্দ্রিয় দ্বারা প্রতিসংখ্যানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। প্রতিসংখ্যানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা বিবর্তনানুদর্শনবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। বিবর্তনানুদর্শনের পঞ্চেন্দ্রিয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

স্রোতাপত্তিমার্গবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়।

স্রোতাপত্তিমার্গে পঞ্চেন্দ্রিয় দ্বারা স্রোতাপত্তি ফলসমাপত্তিবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। স্রোতাপত্তি ফলসমাপত্তির পঞ্চেন্দ্রিয় দ্বারা সকৃদাগামীমার্গবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। সকৃদাগামীমার্গের পঞ্চেন্দ্রিয় দ্বারা সকৃদাগামী ফলসমাপত্তিবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। সকৃদাগামী ফলসমাপত্তির পঞ্চেন্দ্রিয় দ্বারা অনাগামীমার্গবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। অনাগামীমার্গের পঞ্চেন্দ্রিয় দ্বারা অনাগামী ফলসমাপত্তিবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। অনাগামী ফলসমাপত্তির পঞ্চেন্দ্রিয় দ্বারা অরহতমার্গবশে পঞ্চেন্দ্রিয়সমূহ মুক্ত হয়। অরহতমার্গের পঞ্চেন্দ্রিয় দ্বারা অরহত ফলসাপত্তিবশে পঞ্চেন্দ্রিয় মুক্ত হয়।

নৈষ্ক্রম্যে পঞ্চেন্দ্রিয়সমূহ কামচ্ছন্দ হাতে মুক্ত হয়, অব্যাপদে পঞ্চেন্দ্রিয়সমূহ ব্যাপাদ হতে মুক্ত হয়, আলোক সংজ্ঞায় পঞ্চেন্দ্রিয়সমূহ তন্দ্রালস্য হতে মুক্ত হয়, অবিক্ষেপে পঞ্চেন্দ্রিয়সমূহ চঞ্চলতা হতে মুক্ত হয়, ধর্মমিমাংসায় পঞ্চেন্দ্রিয়সমূহ সন্দেহ হতে মুক্ত হয়, জ্ঞানে পঞ্চেন্দ্রিয়সমূহ অবিদ্যা হতে মুক্ত হয়, প্রমোদ্যে পঞ্চেন্দ্রিয়সমূহ নিরানন্দ হতে মুক্ত হয়।

১৯৩। প্রথমধ্যানে পঞ্চেন্দ্রিয়সমূহ নীবরণ হতে মুক্ত হয়, দ্বিতীয়ধ্যানে পঞ্চেন্দ্রিয়সমূহ বিতর্ক-বিচার হতে মুক্ত হয়, তৃতীয়ধ্যানে পঞ্চেন্দ্রিয়সমূহ প্রীতি হতে মুক্ত হয়, চতুর্থধ্যানে পঞ্চেন্দ্রিয়সমূহ সুখ-দুঃখ হতে মুক্ত হয়, আকাশানন্তায়তন সমাপত্তিতে পঞ্চেন্দ্রিয়সমূহ রূপসংজ্ঞা-প্রতিঘসংজ্ঞা-নানাত্বসংজ্ঞা হতে মুক্ত হয়, বিজ্ঞাননান্তায়তন সমাপত্তিতে পঞ্চেন্দ্রিয়সমূহ আকাশানন্তায়তন সংজ্ঞা মুক্ত হয়, আকিঞ্চনায়তন সমাপত্তিতে পঞ্চেন্দ্রিয়সমূহ বিজ্ঞানানন্তায়তন সংজ্ঞা হতে হয়, নৈবসংজ্ঞা নাসংজ্ঞায়তন সমাপত্তিতে পঞ্চেন্দ্রিয়সমূহ আকিঞ্চনায়তন সংজ্ঞা হতে মুক্ত হয়।

অনিত্যানাদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ নিত্যসংজ্ঞা হতে মুক্ত হয়, দুঃখানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ সুখসংজ্ঞা হতে মুক্ত হয়, অনাত্মানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ আত্মাসংজ্ঞা হতে মুক্ত হয়, নির্বেদানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ আনন্দ বা পরিতৃপ্তিসংজ্ঞা হতে মুক্ত হয়, বিরাগানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ

Visit: http://www.buddhistdownload.com

আসক্তিসংজ্ঞা হতে মুক্ত হয়, নিরোধানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ সমুদয় হতে মুক্ত হয়, পরিত্যাগানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ গ্রহণসংজ্ঞা হতে মুক্ত হয়, ক্ষয়ানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ স্থায়ীসংজ্ঞা হতে মুক্ত হয়, ব্যয়ানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ বৃদ্ধিসংজ্ঞা হতে মুক্ত হয়, বিপরিণামানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ ধ্রুব সংজ্ঞা হতে মুক্ত হয়, অনিমিত্তানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ নিমিত্ত হতে মুক্ত হয়, অপ্রণিহিতানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ প্রণিধি হতে মুক্ত হয়, শূন্যতানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ অভিবিবেশ হতে মুক্ত হয়, অধিপ্রজ্ঞাধর্ম বিদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ সারগ্রহণাভিনিবেশ হতে মুক্ত হয়, যথাভূতজ্ঞান দর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ সম্মোহাভিনিবেশ হতে মুক্ত হয়, আদীনবানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ আলয়াভিনিবেশ হতে মুক্ত হয়, মনোযোগানুদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ অমনোযোগ হতে মুক্ত হয় এবং বিবর্তনানদর্শনে পঞ্চেন্দ্রিয়সমূহ সংযোগাভিনিবেশ হতে মুক্ত হয়।

স্রোতাপত্তিমার্গে পঞ্চেন্দ্রিয়সমূহ মিথ্যাদৃষ্টিজাত ক্লেশ হতে মুক্ত হয়, সকৃদাগামীমার্গে পঞ্চেন্দ্রিয়সমূহ স্থূল ক্লেশ হতে মুক্ত হয়, অনাগামীমার্গে পঞ্চেন্দ্রিয়সমূহ সূক্ষ্ম ক্লেশ হতে মুক্ত হয়, অরহতমার্গে পঞ্চেন্দ্রিয়সমূহ সর্বক্লেশ হতে মুক্ত হয়, ক্ষীণাস্রবগণের পঞ্চেন্দ্রিয়সমূহ সর্বসংজ্ঞা হতে মুক্ত হয়, সুসমাপ্ত হয়, উপশম হয় এবং সুউপশম হয়। এই আশি প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিঃসরণ হয় এবং এই আশি প্রকারে পঞ্চেন্দ্রিয়ের নিঃসরণ যথার্থভাবে জানে।

সূত্রন্ত বর্ণনা সমাপ্ত।

প্রথম পরিচ্ছেদ সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

৩। তৃতীয় সূত্রান্ত বর্ণনা
শ্রাবস্তী নিদানঃ

১৯৪। "হে ভিক্ষুগণ! ইন্দ্রিয় পাঁচ প্রকার। সেই পাঁচ প্রকার ইন্দ্রিয় কি কি? যথা– শ্রদ্ধেন্দ্রিয়, বীর্যেন্দ্রিয়, স্মৃতীন্দ্রিয়, সমাধীন্দ্রিয় ও প্রজ্ঞেন্দ্রিয়।

ভিক্ষুগণ! শ্রদ্ধেন্দ্রিয় কিভাবে দৃষ্ট হয়? স্রোতাপত্তির চার অঙ্গে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়। বীর্যেন্দ্রিয় কিভাবে দৃষ্ট হয়? চারি সম্যকপ্রধানে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়। স্মৃতীন্দ্রিয় কিভাবে দৃষ্ট হয়? চারি স্মৃতিপ্রস্থানে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়। সমাধীন্দ্রিয় কিভাবে দৃষ্ট হয়? চার প্রকার ধ্যানে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়। প্রজ্ঞেন্দ্রিয় কিভাবে দৃষ্ট হয়? চারি আর্যসত্যে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়। স্রোতাপত্তির চারি অঙ্গে শ্রদ্ধেন্দ্রিয়বশে কত প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়? চারি সম্যকপ্রধানে বীর্যেন্দ্রিয়বশে কত প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়? চারি স্মৃতিপ্রস্থানে স্মৃতীন্দ্রিয়বশে কত প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়? চার প্রকার ধ্যানে সমাধীন্দ্রিয়বশে কত প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়? চারি আর্যসত্যে প্রজ্ঞেন্দ্রিয়বশে কত প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়?

স্রোতাপত্তির চারি অঙ্গে শ্রদ্ধেন্দ্রিয়বশে বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়। চারি সম্যকপ্রধানে বীর্যেন্দ্রিয়বশে বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়। চারি স্মৃতিপ্রস্থানে স্মৃতীন্দ্রিয়বশে বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়। চার প্রকার ধ্যানে সমাধীন্দ্রিয়বশে বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়। চারি আর্যসত্যে প্রজ্ঞেন্দ্রিয়বশে বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়।

(ক) প্রভেদ গণনা বর্ণনা

১৯৫। স্রোতাপত্তির চার অঙ্গে শ্রদ্ধেন্দ্রিয়বশে কোন বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়? স্রোতাপত্তির অঙ্গ সৎপুরুষের সংস্রবে অধিমোক্ষাধিপত্যার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়. শ্রদ্ধেন্দ্রিয়বশে উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়। স্রোতাপত্তির অঙ্গ সদ্ধর্ম শ্রবণে অধিমোক্ষাধিপত্যার্থে ...।

Visit: http://www.buddhistdownload.com

স্রোতাপত্তির অঙ্গ ধর্মানুধর্ম প্রতিপন্নে অধিমোক্ষাধিপত্যার্থে ...। স্রোতাপত্তির অঙ্গ সম্যক মনোযোগ অধিমোক্ষাধিপত্যার্থে ...। স্রোতাপত্তির চার অঙ্গে শ্রদ্ধেন্দ্রিয়বশে এ বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়।

চারি সম্যকপ্রধানে বীর্যেন্দ্রিয়বশে কোন বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়? অনুৎপন্ন অকুশল পাপধর্মের অনুৎপাদন সম্যকপ্রধানে উদ্যমাধিপত্যার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, বীর্যেন্দ্রিয়বশে উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়। উৎপন্ন অকুশল পাপধর্মের পরিত্যাগে সম্যকপ্রধান ...।

অনুৎপন্ন কুশলধর্মের উৎপাদন সম্যকপ্রধানে ...। উৎপন্ন কুশল ধর্মের স্থিতি, সুরক্ষা, বৃদ্ধি, বৈপুল্য ও ভাবনায় পরিপূরণ সম্যকপ্রধানে ...। চারি সম্যকপ্রধানে বীর্যেন্দ্রিয় বশে এ বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়।

চারি স্মৃতিপ্রস্থানে স্মৃতীন্দ্রিয়বশে কোন বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়? কায়ে কায়ানুদর্শন স্মৃতিপ্রস্থান উপস্থাপনাধিত্যার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়, স্মৃতীন্দ্রিয়বশে অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়। বেদনায় বেদনানুদর্শন স্মৃতিপ্রস্থান ...। চিত্তে চিত্তানুদর্শন স্মৃতিপ্রস্থানে ...। ধর্মে ধর্মানুদর্শন স্মৃতিপ্রস্থানে ...। চারি স্মৃতিপ্রস্থানে স্মৃতীন্দ্রিয়বশে এ বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়।

চারি ধ্যানে সমাধীন্দ্রিয়বশে কোন বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়? প্রথমধ্যানে অবিক্ষেপাধিপত্যার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, সমাধীন্দ্রিয়বশে দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেয়ন্দ্রিয় দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়। দ্বিতীয়ধ্যানে ...। তৃতীয়ধ্যানে ...। চতুর্থধ্যানে ...। চারি ধ্যানে সমাধীন্দ্রিয়বশে এ বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়।

চারি আর্যসত্যে প্রজ্ঞেন্দ্রিয়বশে কোন বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়? দুঃখ আর্যসত্যে দর্শনাধিপত্যার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, প্রজ্ঞেন্দ্রিয়বশে অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়। দুঃখ

Visit: http://www.buddhistdownload.com

সমুদয় আর্যসত্যে দর্শনাধিপত্যার্থে ...। দুঃখনিরোধ আর্যসত্যে দর্শনাধিপত্যার্থে ...। দুঃখনিরোধগামিনী প্রতিপদা আর্যসত্যে দর্শনাধিপত্যার্থে ...। চারি আর্যসত্যে প্রজ্ঞেন্দ্রিয়বশে এ বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয় দৃষ্ট হয়।

(খ) চর্যা পরিচ্ছেদ

১৯৬। স্রোতাপত্তির চারি অঙ্গে শ্রদ্ধেন্দ্রিয়বশে কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়? চারি সম্যকপ্রধানে বীর্যেন্দ্রিয়বশে কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়? চারি স্মৃতিপ্রস্থানে স্মৃতীন্দ্রিয়বশে কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়? চারি ধ্যানে সমাধীন্দ্রিয়বশে কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়? চারি আর্যসত্যে প্রজ্ঞেন্দ্রিয়বশে কত প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়?

স্রোতাপত্তির চারি অঙ্গে শ্রদ্ধেন্দ্রিয়বশে বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়। চারি সম্যকপ্রধানে বীর্যেন্দ্রিয়বশে বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়। চারি স্মৃতিপ্রস্থান স্মৃতীন্দ্রিয়বশে বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়। চারি ধ্যানে সমাধীন্দ্রিয়বশে বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়। চারি আর্যসত্যে প্রজ্ঞেন্দ্রিয়বশে বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়।

স্রোতাপত্তির চারি অঙ্গে শ্রদ্ধেন্দ্রিয়বশে কোন বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়? স্রোতাপত্তির সৎপুরুষ সংস্রব এ অঙ্গে অধিমোক্ষাধিপত্যয়ার্থে শ্রদ্ধেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, শ্রদ্ধেন্দ্রিয়বশে উদ্যমার্থে বীর্যেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়। স্রোতাপত্তির সদ্ধর্ম শ্রবণ এ অঙ্গে ...। স্রোতাপত্তি অঙ্গে জ্ঞানযোগে মনোনিবেশ এ অঙ্গে ...। স্রোতাপত্তির ধর্মানুধর্ম প্রতিপন্ন এ অঙ্গে ...। স্রোতাপত্তির চারি অঙ্গে শ্রদ্ধেন্দ্রিয়বশে এই বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়।

চারি সম্যকপ্রধানে বীর্যেন্দ্রিয়বশে কোন বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়? অনুৎপন্ন অকুশল পাপধর্মের অনুৎপাদন সম্যকপ্রধানে

Visit: http://www.buddhistdownload.com

উদ্যমাধিপত্যয়ার্থে বীর্যেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, বীর্যেন্দ্রিয়বশে উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়। উৎপন্ন অকুশল পাপধর্মের পরিত্যাগে সম্যকপ্রধানে ...। অনুৎপন্ন কুশল ধর্মের উৎপাদন সম্যকপ্রধানে ...। উৎপন্ন কুশলধর্মের স্থিতি, সুরক্ষা, বৃদ্ধি, বৈপুল্য, ভাবনায় পরিপূরণ সম্যকপ্রধানে ...। চারি সম্যকপ্রধানে বীর্যেন্দ্রিয়বশে এ বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়।

চারি স্মৃতিপ্রস্থানে স্মৃতীন্দ্রিয়বশে কোন বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়? কায়ে কায়ানুদর্শন স্মৃতিপ্রস্থান উপস্থাপনাধিপত্যার্থে স্মৃতীন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, স্মৃতীন্দ্রিয়বশে অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়। বেদনায় বেদনানুদর্শন স্মৃতিপ্রস্থান ...। চিত্তে চিত্তানুদর্শন স্মৃতিপ্রস্থান ...। ধর্মে ধর্মানুদর্শন স্মৃতিপ্রস্থান ...। চারি স্মৃতিপ্রস্থান স্মৃতীন্দ্রিয়বশে এ বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়।

চারিধ্যানে সমাধীন্দ্রিয়বশে কোন বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়? প্রথমধ্যানে অবিক্ষেপাধিপত্যার্থে সমাধীন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, সমাধীন্দ্রিয়বশে দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়। উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, দ্বিতীয়ধ্যানে ...। তৃতীয়ধ্যানে ...। চতুর্থধ্যানে ...। চারি ধ্যানে সমাধীন্দ্রিয়বশে এ বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়।

চারি আর্যসত্যে প্রজ্ঞেন্দ্রিয়বশে কোন বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়? দুঃখ আর্যসত্যে দর্শনাধিপত্যার্থে প্রজ্ঞেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, প্রজ্ঞেন্দ্রিয়বশে অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়। দুঃখ সমুদয় আর্যসত্যে দর্শনাধিপত্যার্থে ...। দুঃখনিরোধ আর্যসত্যে দর্শনাধিপত্যার্থে ...।

Visit: http://www.buddhistdownload.com

দুঃখনিরোধগামিনী প্রতিপদা আর্যসত্যে দর্শনাধিপত্যার্থে ...। চারি আর্যসত্যে প্রজ্ঞেন্দ্রিয়বশে এ বিশ প্রকারে পঞ্চেন্দ্রিয়ের চর্যা দৃষ্ট হয়।

(গ) চার বিহার বর্ণনা

১৯৭। চার বিহার অভিজ্ঞাত, উপলব্ধ হয়ে বিজ্ঞ ব্রহ্মচারী যথাচরণ, যথাবিহারকালে গম্ভীর বিষয়ে মনস্থির করে– "অবশ্যই, আয়ুষ্মান ইহা প্রাপ্ত হবে বা ইহা লাভ করবে"।

'চর্যা, চর্যা' বলা হয়; সেই চর্যা আট প্রকার। যথা– ঈর্যাপথ চর্যা, আয়তন চর্যা, স্মৃতি চর্যা, সমাধি চর্যা, জ্ঞান চর্যা, মার্গ চর্যা, প্রাপ্তি চর্যা ও লোকোত্তর চর্যা। ঈর্যাপথ চর্যা বলতে চারি ঈর্যাপথ। আয়তন চর্যা বলতে ছয় প্রকার আধ্যাত্মিক ও ছয় প্রকার বাহ্যিক আয়তন। স্মৃতি চর্যা বলতে চারি স্মৃতিপ্রস্থান। সমাধি চর্যা বলতে চারি প্রকার ধ্যান। জ্ঞান চর্যা বলতে চারি আর্যসত্য। মার্গ চর্যা বলতে চারি প্রকার আর্যমার্গ। প্রাপ্ত চর্যা বলতে চারি প্রকার শ্রামণ্যফল। লোকোত্তর চর্যা বলতে তথাগত অরহত সম্যক সম্বুদ্ধের, কোন কোন পচ্চেকবুদ্ধের, কোন কোন শ্রাবকগণের লোকোত্তর জ্ঞান। দৃঢ়সংকল্পীদের ঈর্যাপথ চর্যা, ইন্দ্রিয় গুপ্তদ্বারগণের আয়তন চর্যা; অপ্রমাদবিহারীদের স্মৃতি চর্যা; অধিচিত্তে অভিনিবিষ্টগণের সমাধি চর্যা; বুদ্ধিসম্পন্নদের জ্ঞান চর্যা; সম্যক প্রতিপন্নদের মার্গ চর্যা; ফল অধিগতদের প্রাপ্ত চর্যা এবং তথাগত অরহত সম্যক সম্বুদ্ধের, কোন কোন পচ্চেকবুদ্ধের আর কোন কোন শ্রাবকগণের লোকোত্তর চর্যা। এই আট প্রকার চর্যা।

আবার, চর্যা আট প্রকার। যথা– বিশ্বাসকালে শ্রদ্ধায় চালিত হয়, উদ্যমকালে বীর্যের দ্বারা চালিত হয়, উপস্থাপনকালে স্মৃতিমান হয়ে অবস্থান করে, অবিক্ষেপকালে সমাধি দ্বারা চালিত হয়, যথার্থভাবে জানাকালে প্রজ্ঞায় অবস্থান করে এরূপ প্রতিপন্নে কুশলধর্মসমূহে সমীপবর্তী হয়ে আয়তন চর্যায় চালিত হয়, এরূপ প্রতিপন্নের বিশেষাধিগমে বিশেষ চর্যায় চালিত হয়– এ আট প্রকার চর্যা।

Visit: http://www.buddhistdownload.com

চর্যা আরো আট প্রকার। যথা– সম্যকদৃষ্টির দর্শন চর্যা, সম্যক সংকল্পের অধ্যবসায় চর্যা, সম্যকবাক্যের সংযম চর্যা, সম্যক কর্মের সমুত্থান চর্যা, সম্যক জীবিকার বিশুদ্ধ চর্যা, সম্যক প্রচেষ্টার উদ্যম চর্যা, সম্যক স্মৃতির উপস্থাপন চর্যা, সম্যক সমাধি অবিক্ষেপ চর্যা– এই আট প্রকার চর্যা। 'বিহার করা' বলতে বিশ্বাসকালে শ্রদ্ধায় অটল থাকে, উদ্যমকালে বীর্যে চালিত হয়, উপস্থাপনকালে স্মৃতিতে অবস্থান করে, অবিক্ষেপকালে সমাধিতে মগ্ন থাকে, যথার্থভাবে জানাকালে প্রজ্ঞায় অবস্থান করে।

'অনুজ্ঞাত বা অভিজ্ঞাত হয়' বলতে অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় অভিজ্ঞাত হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় অভিজ্ঞাত হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় অভিজ্ঞাত হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় অভিজ্ঞাত হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় অভিজ্ঞাত হয়।

'প্রতিবিদ্ধ বা উপলব্ধি হয়' বলতে অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় উপলব্ধি হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় উপলব্ধি হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় উপলব্ধি হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় উপলব্ধি হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় উপলব্ধি হয়। 'যথা বিচরণ করা' বলতে এরূপে শ্রদ্ধা, বীর্য, স্মৃতি, সমাধি এবং প্রজ্ঞা দ্বারা বিচরণ করা। "যথা অবস্থান করা" বলতে এরূপ শ্রদ্ধা, বীর্য, স্মৃতি, সমাধি এবং প্রজ্ঞা দ্বারা অবস্থান করা। 'বিঞ্ঞূ' বলতে বিজ্ঞ, অভিজ্ঞ, মেধাবী, পণ্ডিত, জ্ঞানসম্পন্ন। 'ব্রহ্মচারী' বলতে এক কর্ম এক উদ্দেশ্য, সমশিক্ষাকামী। 'গম্ভীর বিষয়সমূহ' বলতে ধ্যান, বিমোক্ষ, সমাধি, সমাপত্তি, মার্গ, ফল, অভিজ্ঞা এবং প্রতিসম্ভিদা এই গম্ভীর বিষয়সমূহ। 'বিশ্বাস করা' বলতে শ্রদ্ধা, সহজে বিশ্বাস করা। 'নিশ্চয়' বলতে নির্ভরযোগ্য কথা, সংশয়শূন্য কথা, নির্ভীক কথা, সঙ্গতিপূর্ণ কথা, অবিপরীত কথা, সুশৃঙ্খল কথা, নির্দোষ কথা, অব্যর্থ কথা। 'আয়স্মাতি' বলতে প্রিয়বচন, গুরুবচন, গৌরবযুক্ত বিনয়ীর অধিবচন– এটাই 'আয়স্মাতি'। 'পত্তো বাতি' বলতে অধিগত। 'পাপুনিস্সতি বাতি' বলতে লাভ করবে।

সূত্রান্ত বর্ণনা সমাপ্ত

Visit: http://www.buddhistdownload.com

৪। চতুর্থ সূত্রান্ত বর্ণনা

পূর্ববৎ নিদান

১৯৮। "হে ভিক্ষুগণ! ইন্দ্রিয় পাঁচ প্রকার। সেই পাঁচ প্রকার কি কি? শ্রদ্ধেন্দ্রিয়, বীর্যেন্দ্রিয়, স্মৃতীন্দ্রিয়, সমাধীন্দ্রিয়, প্রজ্ঞেন্দ্রিয়– এই পাঁচ প্রকার ইন্দ্রিয়। এই পাঁচ প্রকার ইন্দ্রিয় কত প্রকারে ও কোন অর্থে দৃষ্ট হয়? এই পাঁচ প্রকার ইন্দ্রিয় ছয় প্রকারে এবং সেই অর্থে দৃষ্ট হয়। যথা– আধিপত্যার্থে, আদিবিশোধনার্থে, অতিমাত্রার্থে, অধিষ্ঠানার্থে, অভিপ্রায়ার্থে এবং প্রতিষ্ঠাপকার্থে।

(ক) আধিপত্যার্থ বর্ণনা

১৯৯। আধিপত্যার্থে ইন্দ্রিয়সমূহ কিরূপে দৃষ্ট হয়? অশ্রদ্ধা পরিত্যাগ করে অধিমোক্ষাধিপত্যার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়, শ্রদ্ধেন্দ্রিয়বশে উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়। আলস্য পরিত্যাগ করে উদ্যমাধিপত্যার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, বীর্যেন্দ্রিয়বশে উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়। প্রমাদ পরিত্যাগ করে উপস্থাপনাধিপত্যার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়, স্মৃতীন্দ্রিয়বশে অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়। চঞ্চলতা পরিত্যাগ করে অবিক্ষেপাধিপত্যার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, সমাধীন্দ্রিয়বশে দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়। অবিদ্যা পরিত্যাগ করে দর্শনাধিপত্যার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, প্রজ্ঞেন্দ্রিয়বশে অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়,

Visit: http://www.buddhistdownload.com

অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়।

কামচ্ছন্দ পরিত্যাগ করে নৈষ্ক্রম্যবশে অধিমোক্ষাধিপত্যার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়, শ্রদ্ধেন্দ্রিয়বশে উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়। কামচ্ছন্দ পরিত্যাগ করে নৈষ্ক্রম্যবশে উদ্যমাধিপত্যার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, বীর্যেন্দ্রিয়বশে উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়। কামচ্ছন্দ পরিত্যাগ করে নৈষ্ক্রম্যবশে উপস্থাপনাধিপত্যার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়, স্মৃতীন্দ্রিয়বশে অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়। কামচ্ছন্দ পরিত্যাগ করে নৈষ্ক্রম্যবশে অবিক্ষেপাধিপত্যার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়, সমাধীন্দ্রিয়বশে দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয়। কামচ্ছন্দ পরিত্যাগ করে নৈষ্ক্রম্যবশে দর্শনাধিপত্যার্থে প্রজ্ঞেন্দ্রিয় দৃষ্ট হয়, প্রজ্ঞেন্দ্রিয়বশে অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় দৃষ্ট হয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় দৃষ্ট হয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় দৃষ্ট হয় এবং অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় দৃষ্ট হয়।

ব্যাপদ পরিত্যাগ করে অব্যাপাদবশে অধিমোক্ষাধিপত্যার্থে ... দৃষ্ট হয়।

তন্দ্রালস্য পরিত্যাগ করে আলোকসংজ্ঞাবশে অধিমোক্ষাধিপত্যার্থে ... দৃষ্ট হয়। চঞ্চলতা পরিহার করে অবিক্ষেপসংজ্ঞাবশে অধিমোক্ষাধিপত্যার্থে ... দৃষ্ট হয়। সন্দেহ পরিত্যাগ করে ধর্ম বিশ্লেষণসংজ্ঞাবশে অধিমোক্ষাধিপত্যার্থে ... দৃষ্ট হয়। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ পরিত্যাগ করে স্রোতাপত্তি মার্গবশে অধিমোক্ষাধিপত্যার্থে ... দৃষ্ট হয়। স্থূল ক্লেশসমূহ পরিত্যাগ করে সকৃদাগামী মার্গবশে অধিমোক্ষাধিপত্যার্থে ... দৃষ্ট হয়। সূক্ষ্ম ক্লেশসমূহ পরিত্যাগ করে অনাগামী মার্গবশে অধিমোক্ষাধিপত্যার্থে ... দৃষ্ট হয়। সর্বক্লেশ পরিত্যাগ করে অহরতমার্গবশে অধিমোক্ষাধিপত্যার্থে ... দৃষ্ট হয়। এভাবে আধিপত্যয়ার্থে দ্বারা ইন্দ্রিয়সমূহ দৃষ্ট হয়।

Visit: http://www.buddhistdownload.com

(খ) আদি বিশোধনার্থ বর্ণনা

২০০। আদি বিশোধনার্থ ইন্দ্রিয়সমূহ কিরূপে দৃষ্ট হয়? অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয়, অশ্রদ্ধা সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা শ্রদ্ধেন্দ্রিয়ের আদিবিশোধন। উদ্যমার্থে বীর্যেন্দ্রিয়, আলস্য সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা বীর্যেন্দ্রিয়ের আদিবিশোধন। উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয়, প্রমাদ সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা স্মৃতীন্দ্রিয়ের আদিবিশোধন। অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়, চঞ্চলতা সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা সমাধীন্দ্রিয়ের আদিবিশোধন। দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয়, অবিদ্যা সংবরার্থে শীল-বিশুদ্ধি– ইহা প্রজ্ঞেন্দ্রিয়ের আদিবিশোধন। নৈষ্ক্রম্যে পঞ্চেন্দ্রিয়, কামচ্ছন্দ সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা পঞ্চেন্দ্রিয়ের আদিবিশোধন। অব্যাপাদে পঞ্চেন্দ্রিয়, হিংসা সংবরার্থে শীল-বিশুদ্ধি– ইহা পঞ্চেন্দ্রিয়ের আদিবিশোধন। আলোক সংজ্ঞায় পঞ্চেন্দ্রিয়, তন্দ্রালস্য সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা পঞ্চেন্দ্রিয় আদিবিশোধন। অবিক্ষেপে পঞ্চেন্দ্রিয়, চঞ্চলতা সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা পঞ্চেন্দ্রিয় আদিবিশোধন। ধর্মবিশ্লেষণে বা মিমাংসায় পঞ্চেন্দ্রিয়, সন্দেহ সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা পঞ্চেন্দ্রিয় আদিবিশোধন। জ্ঞানে পঞ্চেন্দ্রিয়, অবিদ্যা সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা পঞ্চেন্দ্রিয় আদিবিশোধন। প্রমোদ্যে পঞ্চেন্দ্রিয়, নিরানন্দ (উদ্বেগ) সংবরার্থে শীল-বিশুদ্ধি – এটা পঞ্চেন্দ্রিয় আদিবিশোধন।

স্রোতাপত্তিমার্গে পঞ্চেন্দ্রিয়, মিথ্যাদৃষ্টিজাত ক্লেশ সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা পঞ্চেন্দ্রিয় আদিবিশোধন। সকৃদাগামীমার্গে পঞ্চেন্দ্রিয়, স্থূল ক্লেশসমূহ সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা পঞ্চেন্দ্রিয় আদিবিশোধন। অনাগামীমার্গে পঞ্চেন্দ্রিয়, সূক্ষ্ম ক্লেশসমূহ সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা পঞ্চেন্দ্রিয় আদিবিশোধন। অরহত্তমার্গে পঞ্চেন্দ্রিয়, সর্বক্লেশ সংবরার্থে শীল-বিশুদ্ধি– এটা পঞ্চেন্দ্রিয় আদিবিশোধন। এভাবে আদিবিশোধানার্থে ইন্দ্রিয়সমূহ দৃষ্ট হয়।

Visit: http://www.buddhistdownload.com

(গ) অভিবৃদ্ধি অর্থে (অধিমত্তট্ঠ) বর্ণনা

২০১। অভিবৃদ্ধিতে ইন্দ্রিয়সমূহ কিরূপে দৃষ্ট হয়? শ্রদ্ধেন্দ্রিয়ের ভাবনায় ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। ছন্দবশে আনন্দ উৎপন্ন হয়– সেই আনন্দ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। আনন্দবশে প্রীতি উৎপন্ন হয়– সেই প্রীতি, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। প্রীতিবশে প্রশান্তি উৎপন্ন হয়– সেই প্রশান্তি, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সুখবশে আলোক উৎপন্ন হয়– সেই আলোক, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। আলোকবশে সংবেগ উৎপন্ন হয়– সেই সংবেগ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সংবেগ প্রাপ্ত হয়ে চিত্ত সমাধিস্থ হয়– সেই সমাধি, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। তথা সমাহিত চিত্ত উত্তমরূপে সুস্থির (দমন) হয়– সেই দমন, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। তথাদমিত চিত্ত উত্তমরূপে নিরপেক্ষ হয়– সেই উপেক্ষা, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। উপেক্ষাবশে নানাত্বক্লেশ হতে চিত্ত বিমুক্ত হয়– সেই বিমোক্ষ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। বিমুক্ত হলে সেই ধর্মসমূহ একরস হয়– সেই একরস ভাবনা, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। ভাবিত হলে তা হতে শ্রেষ্ঠতরে বিবর্তিত হয়– সেই বিবর্তিত, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। বিবর্তিত হলে তা হতে পরিত্যক্ত হয়– সেই পরিত্যক্ত, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। পরিত্যক্ত হলে তখন হতে নিরোধ হয়– সেই নিরোধ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। নিরোধবশে পরিত্যাগ দুই প্রকার। যথা– বিসর্জন পরিত্যাগ, অনুসরণ পরিত্যাগ। ক্লেশ, স্কন্ধসমূহ পরিত্যক্ত হয়– এটা বিসর্জন পরিত্যাগ। চিত্ত নিরোধ নির্বাণধাতুতে প্রাপ্ত হয়– এটা অনুসরণ পরিত্যাগ। নিরোধবশে এই দুই প্রকার পরিত্যাগ।

অশ্রদ্ধা পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। অশ্রদ্ধা পরিদাহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। স্থূল

Visit: http://www.buddhistdownload.com

ক্লেশসমূহের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সূক্ষ্ম ক্লেশসমূহের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সর্বক্লেশের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি করে।

বীর্যেন্দ্রিয়ের ভাবনায় ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উদ্যমবশে বীর্যেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। ছন্দবশে আনন্দ উৎপন্ন হয়– সেই আনন্দ, উদ্যমবশে বীর্যেন্দ্রিয়ের ... দুই প্রকার পরিত্যাগ।

আলস্য পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উদ্যমবশে বীর্যেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। আলস্য পরিদাহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উদ্যমবশে বীর্যেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উদ্যমবশে বীর্যেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সূক্ষ্ম ক্লেশমূহের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উদ্যমবশে বীর্যেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সর্বক্লেশের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উদ্যমবশে বীর্যেন্দ্রিয় অভিবৃদ্ধি করে।

স্মৃতীন্দ্রিয়ের ভাবনায় ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উপস্থাপনবশে স্মৃতীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। ছন্দবশে আনন্দ উৎপন্ন হয়– সেই আনন্দ, উপস্থাপনবশে স্মৃতীন্দ্রিয় ... এই দুই প্রকার পরিত্যাগ।

প্রমাদে পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উপস্থাপনবশে স্মৃতীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। প্রমাদ পরিদাহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উপস্থাপনবশে স্মৃতীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উপস্থাপনবশে স্মৃতীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। স্থূল ক্লেশসমূহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উপস্থাপনবশে স্মৃতীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সূক্ষ্ম ক্লেশসমূহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উপস্থাপনবশে স্মৃতীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সর্বক্লেশের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, উপস্থাপনবশে স্মৃতীন্দ্রিয় অভিবৃদ্ধি করে।

সমাধীন্দ্রিয়ের ভাবনায় ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, অবিক্ষেপবশে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। ছন্দবশে আনন্দ উৎপন্ন হয়– সেই আনন্দ,

Visit: http://www.buddhistdownload.com

অবিক্ষেপবশে সমাধীন্দ্রিয় ... এই দুই প্রকার পরিত্যাগ।

চঞ্চলতার পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, অবিক্ষেপবশে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। চঞ্চলতা পরিদাহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, অবিক্ষেপবশে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, অবিক্ষেপবশে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। স্থূল ক্লেশসমূহের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, অবিক্ষেপবশে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সূক্ষ্ম ক্লেশসমূহের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, অবিক্ষেপবশে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সর্বক্লেশের পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, অবিক্ষেপবশে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি করে।

প্রজ্ঞেন্দ্রিয়ের ভাবনায় ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, জ্ঞাবশে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। ছন্দবশে আনন্দ উৎপন্ন হয়– সেই আনন্দ, জ্ঞানবশে প্রজ্ঞেন্দ্রিয় ... এই দুই প্রকার পরিত্যাগ।

অবিদ্যার পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, জ্ঞানবশে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। অবিদ্যা পরিদাহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, জ্ঞানবশে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, জ্ঞানবশে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। স্থূল ক্লেশসমূহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, জ্ঞানবশে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সূক্ষ্ম ক্লেশসমূহ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, জ্ঞানবশে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। সর্বক্লেশ পরিত্যাগে ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, জ্ঞানবশে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি করে।

ছন্দবশে আনন্দ উৎপন্ন হয়– সেই আনন্দ, প্রজ্ঞাবশে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি করে। আনন্দবশে প্রীতি উৎপন্ন হয়– সেই প্রীতি, প্রজ্ঞাবশে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধ করে। প্রীতিবশে প্রশ্রদ্ধি উৎপন্ন হয়– সেই প্রশ্রদ্ধি, প্রজ্ঞাবশে ...। প্রশ্রদ্ধিবশে সুখ উৎপন্ন হয়– সেই সুখ, প্রজ্ঞাবশে ...। সুখবশে জ্ঞানালোক উৎপন্ন হয়– সেই জ্ঞানালোক, প্রজ্ঞাবশে ...। জ্ঞানালোকবশে সংবেগ উৎপন্ন হয়– সেই সংবেগ, প্রজ্ঞাবশে ...। সংবেগপ্রাপ্ত হলে চিত্ত সমাহিত হয়– সেই সমাধি, প্রজ্ঞাবশে ...। তথা

Visit: http://www.buddhistdownload.com

সমাহিত চিত্ত উত্তমরূপে সুস্থির হয়– সেই সুস্থির প্রজ্ঞাবশে ...। তদাদমিত চিত্ত উত্তমরূপে নিরপেক্ষ হয়– সেই উপেক্ষা, প্রজ্ঞাবশে ...। উপেক্ষাবশে নানাত্ব ক্লেশ হতে চিত্ত বিমুক্ত হয়– সেই বিমোক্ষ, প্রজ্ঞাবশে ...। বিমুক্ত হলে সেই ধর্মসমূহ একরস হয়– সেই ভাবনা, প্রজ্ঞাবশে ...। ভাবিত হলে তা হতে শ্রেষ্ঠতরে বিবর্তিত হয়– সেই বিবর্তিত, প্রজ্ঞাবশে ...। বিবর্তিত হলে তা হতে পরিত্যক্ত হয়– সেই পরিত্যাগ, প্রজ্ঞাবশে ...। পরিত্যক্ত হলে তখন হতে নিরুদ্ধ হয়– সেই নিরোধ, প্রজ্ঞাবশে ...। নিরোধশে পরিত্যাগ দুই প্রকার। যথা– বিসর্জন পরিত্যাগ ও অনসরণ পরিত্যাগ। ক্লেশ এবং স্কন্ধসমূহ পরিত্যাগ হয়– এটা বিসর্জন পরিত্যাগ। চিত্ত নিরোধ নির্বাণধাতুতে প্রাপ্ত হয়– এটা অনুসরণ পরিত্যাগ। এগুলোই নিরোধবশে দুই প্রকার পরিত্যাগ। এভাবে অভিবৃদ্ধিতে ইন্দ্রিয়সমূহ দৃষ্ট হয়।

(ঘ) অধিষ্ঠানার্থ বর্ণনা

২০২। কিরূপে অধিষ্ঠানার্থে ইন্দ্রিয়সমূহ দৃষ্ট হয়? শ্রদ্ধেন্দ্রিয়ের ভাবনায় ছন্দ উৎপন্ন হয়– সেই ছন্দ, শ্রদ্ধবশে শ্রদ্ধেন্দ্রিয় অধিষ্ঠিত হয়। ছন্দবশে প্রমোদ্য উৎপন্ন হয়– সেই প্রমোদ্য, শ্রদ্ধাবশে শ্রদ্ধেন্দ্রিয় অধিষ্ঠিত হয়। ... পে ...। (অভিবৃদ্ধিতে বর্ণনায় যা বলা হয়েছে, এখানেও স্ববহু তা-ই বলা হয়েছে। শুধুমাত্র 'অভিবৃদ্ধি হয়'– এর স্থলে এখানে 'অধিষ্ঠিত হয়' পড়তে হবে।) এভাবে অধিষ্ঠানার্থে ইন্দ্রিয়সমূহ দৃষ্ট হয়।

(ঙ) পরিসমাপ্তির অর্থ বর্ণনা

কিরূপে পরিসমাপ্তি অর্থে ইন্দ্রিয়সমূহ দৃষ্ট হয়? অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় অশ্রদ্ধা ধ্বংস করে, অশ্রদ্ধা পরিদাহ ধ্বংস করে। উদ্যমার্থে বীর্যেন্দ্রিয় আলস্য ধ্বংস করে, আলস্য পরিদাহ ধ্বংস করে। উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় প্রমাদ ধ্বংস করে, প্রমাদ পরিদাহ ধ্বংস করে। অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয় চঞ্চলতা ধ্বংস করে, চঞ্চলতা পরিদাহ ধ্বংস করে। দর্শনার্থে

Visit: http://www.buddhistdownload.com

প্রজ্ঞেন্দ্রিয় অবিদ্যা ধ্বংস করে, অবিদ্যা পরিদাহ ধ্বংস করে। নৈষ্ক্রম্যে পঞ্চেন্দ্রিয় কামচ্ছন্দকে ধ্বংস করে। অব্যাপাদে পঞ্চেন্দ্রিয় ব্যাপাদকে ধ্বংস করে। আলোকসংজ্ঞায় পঞ্চেন্দ্রিয় তন্দ্রালস্যকে ধ্বংস করে। অবিক্ষেপে পঞ্চেন্দ্রিয় চঞ্চলতাকে ধ্বংস করে। জ্ঞানে পঞ্চেন্দ্রিয় অবিদ্যাকে ধ্বংস করে। স্রোতাপত্তিমার্গে পঞ্চেন্দ্রিয় মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে ধ্বংস করে। সকৃদাগামীমার্গে পঞ্চেন্দ্রিয় স্থূল ক্লেশসমূহকে ধ্বংস করে। অনাগামীমার্গে পঞ্চেন্দ্রিয় সূক্ষ্ম ক্লেশসমূহকে ধ্বংস করে। অরহত্বমার্গে পঞ্চেন্দ্রিয় সর্বক্লেশকে ধ্বংস করে। এভাবে পরিসমাপ্তির অর্থে ইন্দ্রিয়সমূহ দৃষ্ট হয়।

(চ) প্রতিষ্ঠাপকার্থ বর্ণনা

২০৩। কিরূপে প্রতিষ্ঠাপকার্থে ইন্দ্রিয়সমূহ দৃষ্ট হয়? শ্রদ্ধাবান শ্রদ্ধেন্দ্রিয়কে অধিমোক্ষে প্রতিষ্ঠাপিত করে, শ্রদ্ধাবানের শ্রদ্ধেন্দ্রিয় অধিমোক্ষে প্রতিষ্ঠাপিত হয়। বীর্যবান বীর্যেন্দ্রিয়কে উদ্যমে প্রতিষ্ঠাপিত করে, বীর্যবানের বীর্যেন্দ্রিয় উদ্যমে প্রতিষ্ঠাপিত হয়। স্মৃতিমান স্মৃতীন্দ্রিয়কে উপস্থানে প্রতিষ্ঠাপিত করে, স্মৃতিমানের স্মৃতীন্দ্রিয় উপস্থানে প্রতিষ্ঠাপিত হয়। যোগী (বা সমাধিস্থ পুদগল) সমাধীন্দ্রিয়কে অবিক্ষেপে প্রতিষ্ঠাপিত করে, যোগীর সমাধীন্দ্রিয় অবিক্ষেপে প্রতিষ্ঠাপিত হয়। প্রজ্ঞাবান প্রজ্ঞেন্দ্রিয়কে দর্শনে প্রতিষ্ঠাপিত করে, প্রজ্ঞাবানের প্রজ্ঞেন্দ্রিয় দর্শনে প্রতিষ্ঠাপিত হয়।

যোগীচারী পঞ্চেন্দ্রিয়কে নৈষ্ক্রম্যে প্রতিষ্ঠাপিত করে, যোগাচারীর পঞ্চেন্দ্রিয় নৈষ্ক্রম্যে প্রতিষ্ঠাপিত হয়। যোগাচারী পঞ্চেন্দ্রিয়কে অব্যাপাদে প্রতিষ্ঠাপিত করে, যোগাচারীর পঞ্চেন্দ্রিয় অব্যাপাদে প্রতিষ্ঠাপিত হয়। যোগাচারী পঞ্চেন্দ্রিয়কে আলোকসংজ্ঞায় প্রতিষ্ঠাপিত করে, যোগাচারীর পঞ্চেন্দ্রিয় আলোকসংজ্ঞা প্রতিষ্ঠাপিত হয়। যোগাচারী পঞ্চেন্দ্রিয়কে অবিক্ষেপে প্রতিষ্ঠাপিত করে, যোগাচারীর পঞ্চেন্দ্রিয় অবিক্ষেপে প্রতিষ্ঠাপিত হয়। যোগাচারী পঞ্চেন্দ্রিয়কে উপস্থানে প্রতিষ্ঠাপিত করে, যোগাচারীর পঞ্চেন্দ্রিয় উপস্থানে প্রতিষ্ঠাপিত হয়। যোগাচারী পঞ্চেন্দ্রিয়কে

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞানে প্রতিষ্ঠাপিত করে, যোগাচারীর পঞ্চেন্দ্রিয় জ্ঞানে প্রতিষ্ঠাপিত হয়। যোগাচারী পঞ্চেন্দ্রিয়কে স্রোতাপতিমার্গে প্রতিষ্ঠাপিত করে, যোগাচারীর পঞ্চেন্দ্রিয় স্রোতাপত্তিমার্গে প্রতিষ্ঠাপিত হয়। যোগাচারী পঞ্চেন্দ্রিয়কে সকৃদাগামীমার্গে প্রতিষ্ঠাপিত করে, যোগাচারীর পঞ্চেন্দ্রিয় সকৃদাগামীমার্গে প্রতিষ্ঠাপিত হয়। যোগাচারী পঞ্চেন্দ্রিয়কে অনাগামীমার্গে প্রতিষ্ঠাপিত করে, যোগাচারীর পঞ্চেন্দ্রিয় অনাগামীমার্গে প্রতিষ্ঠাপিত হয়। যোগাচারী পঞ্চেন্দ্রিয়কে অরহত্বমার্গে প্রতিষ্ঠাপিত করে, যোগাচারীর পঞ্চেন্দ্রিয় অরহত্বমার্গে প্রতিষ্ঠাপিত হয়। এভাবে প্রতিষ্ঠাপকার্থে ইন্দ্রিয়সমূহ দৃষ্ট হয়।

সূত্রন্ত বর্ণনা সমাপ্ত।

৫। ইন্দ্রিয় সংযুক্ত

২০৪। পৃথগ্‌জন সমাধি ভাবনাকালে কয় প্রকারে উপস্থাপন দক্ষ হয়? শৈক্ষ্য সমাধি ভাবনা ভাবনাকালে কয় প্রকারে উপস্থাপন দক্ষ হয়? বীতরাগী সমাধি ভাবনাকালে কয় প্রকারে উপস্থাপন দক্ষ হয়?

পৃথগ্‌জন সমাধি ভাবনাকালে সাত প্রকারে উপস্থাপন দক্ষ হয়। শৈক্ষ্য সমাধি ভাবনাকালে আট প্রকারে উপস্থাপন দক্ষ হয়। বীতরাগী সমাধি ভাবনাকালে দশ প্রকারে উপস্থাপন দক্ষ হয়।

পৃথগ্‌জন সমাধি ভাবনাকালে কোন্ সাত প্রকারে উপস্থাপন দক্ষ হয়?

মনোযোগকালে আরম্মণে উপস্থাপন দক্ষ হয়, শমথ নিমিত্তে উপস্থাপন দক্ষ হয়, উদ্যম নিমিত্তে উপস্থাপন দক্ষ হয়, অবিক্ষেপে উপস্থাপন দক্ষ হয়, আলোতে উপস্থাপন দক্ষ হয়, আনন্দে উপস্থাপন দক্ষ হয় এবং উপেক্ষায় উপস্থাপন দক্ষ হয়। পৃথগ্‌জন সমাধি ভাবনাকালে এ সাত প্রকারে উপস্থাপন দক্ষ হয়।

শৈক্ষ্য সমাধি ভাবনাকালে কোন্ আট প্রকারে উপস্থাপন দক্ষ হয়?

Visit: http://www.buddhistdownload.com

মনোযোগকালে আরম্মণে উপস্থাপন দক্ষ হয়, শমথ নিমিত্তে উপস্থাপন দক্ষ হয়, উদ্যম নিমিত্তে উপস্থাপন দক্ষ হয়, অবিক্ষেপে উপস্থাপন দক্ষ হয়, আলোতে উপস্থাপন দক্ষ হয়, আনন্দে উপস্থাপন দক্ষ হয় এবং উপেক্ষায় উপস্থাপন দক্ষ হয় এবং একত্বে উপস্থাপন দক্ষ হয়। শৈক্ষ্য সমাধি ভাবনাকালে এই আট প্রকারে উপস্থাপন দক্ষ হয়।

বীতরাগী সমাধি ভাবনাকালে কোন্ দশ প্রকারে উপস্থাপন দক্ষ হয়?

মনোযোগ কালে আরম্মণে উপস্থাপন দক্ষ হয়, শমথ নিমিত্তে উপস্থাপন দক্ষ হয়, উদ্যম নিমিত্তে উপস্থাপন দক্ষ হয়, অবিক্ষেপে উপস্থাপন দক্ষ হয়, আলোতে উপস্থাপন দক্ষ হয়, আনন্দে উপস্থাপন দক্ষ হয় এবং উপেক্ষায় উপস্থাপন দক্ষ হয়, জ্ঞান উপস্থাপন দক্ষ হয় এবং বিমুক্ত উপস্থাপন দক্ষ হয়। বীতরাগ সমাধি ভাবনাকালে এই দশ প্রকারে উপস্থাপন দক্ষ হয়।

২০৫। পৃথগ্জন বিদর্শন ভাবনাকালে কয় প্রকারে উপস্থাপন দক্ষ ও অনুপস্থাপন দক্ষ হয়? শৈক্ষ্য বিদর্শন ভাবনাকালে কয় প্রকারে উপস্থাপন দক্ষ ও অনুপস্থাপন দক্ষ হয়? বীতরাগী বিদর্শন ভাবনাকালে কয় প্রকারে উপস্থাপন দক্ষ ও অনুপস্থাপ দক্ষ হয়?

পৃথগ্জন বিদর্শন ভাবনাকালে নয় প্রকারে উপস্থাপন দক্ষ হয় ও অনুপস্থাপন দক্ষ হয়। শৈক্ষ্য বিদর্শন ভাবনাকালে দশ প্রকারে উপস্থাপন দক্ষ ও অনুপস্থাপন দক্ষ হয়। বীতরাগী বিদর্শন ভাবনাকালে দ্বাদশ প্রকারে উপস্থাপন দক্ষ ও অনুপস্থাপন দক্ষ হয়।

পৃথগ্জন বিদর্শন ভাবনাকালে কোন্ নয় প্রকারে উপস্থাপন দক্ষ ও অনুপস্থাপন দক্ষ হয়? অনিত্যে উপস্থাপন দক্ষ হয়, নিত্যে অনুপস্থাপন দক্ষ হয়। দুঃখে উপস্থাপন দক্ষ হয়, সুখে অনুপস্থাপন দক্ষ হয়। অনাত্মে উপস্থাপন দক্ষ হয়, আত্মায় অনুপস্থাপন দক্ষ হয়। ক্ষয়ে উপস্থাপন দক্ষ হয়, শাশ্বতে অনুপস্থাপন দক্ষ হয়। ব্যয়ে উপস্থাপন দক্ষ হয়, বৃদ্ধি কারণে অনুপস্থাপন দক্ষ হয়। বিপরিণামে উপস্থাপন দক্ষ হয়, স্থায়ীতে অনুপস্থাপন দক্ষ হয়। অনিমিত্তে উপস্থাপন দক্ষ হয়, নিমিত্তে অনুপস্থাপন দক্ষ হয়।

Visit: http://www.buddhistdownload.com

অপ্রণিহিতে উপস্থাপন দক্ষ হয়, প্রণিধিতে[১] অনুপস্থাপন দক্ষ হয়। শূন্যতায় উপস্থাপন দক্ষ হয়, অভিনিবেশে অনুপস্থাপন দক্ষ হয়। পৃথগ্‌জন বিদর্শন ভাবনাকালে এই নয় প্রকারে উপস্থাপন দক্ষ ও অনুপস্থাপন দক্ষ হয়।

২০৬। শৈক্ষ্য বিদর্শন ভাবনাকালে কোন্ দশ প্রকারে উপস্থাপন কুশল ও অনুপস্থাপন দক্ষ হয়? অনিত্যে উপস্থাপন দক্ষ হয়, নিত্যে অনুপস্থাপন দক্ষ হয়, ---পে--- শূন্যতায় উপস্থাপন দক্ষ হয়, অভিনিবেশে উপস্থাপন দক্ষ হয়। জ্ঞানে উপস্থাপন দক্ষ হয়, অজ্ঞানে অনুপস্থাপন দক্ষ হয়– শৈক্ষ্য বিদর্শন ভাবনাকালে এই দশ প্রকারে উপস্থাপন দক্ষ ও অনুপস্থাপন দক্ষ হয়।

বীতরাগী বিদর্শন ভাবনাকালে কোন্ দ্বাদশ প্রকারে উপস্থাপন দক্ষ ও অনুপস্থান দক্ষ হয়? অনিত্যে উপস্থাপন দক্ষ হয়, নিত্যে অনুপস্থাপন দক্ষ হয় ---পে--- জ্ঞানে উপস্থাপন দক্ষ হয়, অজ্ঞানে অনুপস্থাপন দক্ষ হয়। বিসংযোগে উপস্থাপন দক্ষ হয়, সংযোগে অনুপস্থাপন দক্ষ হয়। নিরোধে উপস্থাপন দক্ষ হয়, সংস্কারে অনুপস্থাপন দক্ষ হয়– বীতরাগী বিদর্শন ভাবনাকালে এই দ্বাদশ প্রকারে উপস্থাপন দক্ষ ও অনুপস্থাপন দক্ষ হয়।

মনোযোগকালে আরম্মণে উপস্থাপন দক্ষতাবশে ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়, গোচরকে যথাযথভাবে জানে, সমর্থকে প্রতিবিদ্ধ করে, ...পে... ধর্মে সংযুক্ত হয়, গোচরকে যথাযথভাবে জানে, সমর্থকে প্রতিবিদ্ধ করে।

'ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়, ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়' বলা হয়; কিভাবে ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়? অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয় সংযুক্ত হয়, ... পে... শমথ নিমিত্তে উপস্থাপন দক্ষতাবশে, উদ্যম নিমিত্তে উপস্থাপন দক্ষতাবশে, অবিক্ষেপে উপস্থাপন দক্ষতাবশে, আলোতে উপস্থাপন দক্ষতাবশে, আনন্দে উপস্থাপন দক্ষতাবশে, উপেক্ষায় উপস্থাপন দক্ষতাবশে, একত্বে উপস্থাপন দক্ষতাবশে, জ্ঞানে উপস্থাপন দক্ষতাবশে ও বিমুক্ততে উপস্থাপন দক্ষতাবশে।

---

[১]। শ্যাম বা থাইল্যান্ড গ্রন্থে প্রণিধান উপস্থাপন কুশল।

Visit: http://www.buddhistdownload.com

অনিত্যে উপস্থাপন দক্ষতাবশে, নিত্যে অনুপস্থাপন দক্ষতাবশে; দুঃখে উপস্থাপন দক্ষতাবশে, সুখে অনুপস্থাপন দক্ষতাবশে; অনাত্মে উপস্থাপন দক্ষতাবশে, আত্মায় অনুপস্থাপন দক্ষতাবশে; ক্ষয়ে উপস্থাপন দক্ষতাবশে, শাশ্বতে অনুপস্থাপন দক্ষতাবশে; ব্যয়ে উপস্থাপন দক্ষতাবশে, বৃদ্ধিকরণে অনুপস্থাপন দক্ষতাবশে; বিপরিণামে উপস্থাপন দক্ষতাবশে, স্থায়ীতে অনুপস্থাপন দক্ষতাবশে; অনিমিত্তে উপস্থাপন দক্ষতাবশে, নিমিত্তে অনুপস্থাপন দক্ষতাবশে; অপ্রণিহিতে উপস্থাপন দক্ষতাবশে, প্রণিধিতে অনুপস্থাপন দক্ষতাবশে; শূন্যতা উপস্থাপন দক্ষতাবশে, অভিনিবেশে অনুপস্থাপন দক্ষতাবশে; জ্ঞানে উপস্থাপন দক্ষতাবশে, অজ্ঞানে অনুপস্থাপন দক্ষতাবশে; বিসংযোগে উপস্থাপন দক্ষতাবশে, সংযোগে অনুপস্থাপন দক্ষতাবশে; নিরোধে উপস্থাপন দক্ষতাবশে ও সংস্কারে অনুপস্থাপন দক্ষতাবশে, ইন্দ্রিয়সমূহ সংযুক্ত হয়, গোচরকে যথাযথভাবে জানে, সমর্থকে প্রতিবিদ্ধ করে।

২০৭। ৬৪ প্রকারে ইন্দ্রিয়ত্রয়ের বশীভাবতা প্রজ্ঞা আসবক্ষয় জ্ঞান হয়। সেই তিন প্রকার ইন্দ্রিয় কি? যথা- অজ্ঞাতকে জ্ঞাত হবো ইন্দ্রিয়, জ্ঞাত ইন্দ্রিয় এবং অন্তর্দৃষ্টিসম্পন্ন[১] ইন্দ্রিয়।

অজ্ঞাতকে জ্ঞাত হবো ইন্দ্রিয় কয়স্থানে সমুদিত হয়? জ্ঞাত ইন্দ্রিয় কয়স্থানে সমুদিত হয়? অন্তর্দৃষ্টিসম্পন্ন ইন্দ্রিয় কয়স্থানে সমুদিত হয়? অজ্ঞাতকে জ্ঞাত হবো ইন্দ্রিয় একস্থানে সমুদিত হয়- স্রোতাপত্তিমার্গে। জ্ঞাত ইন্দ্রিয় ছয়স্থানে সমুদিত হয়- স্রোতাপত্তিফলে, সকৃদাগামীমার্গে, সকৃদাগামীফলে, অনাগামীমার্গে, অনাগামীফলে, অর্হত্বমার্গে। অন্তর্দৃষ্টিসম্পন্ন ইন্দ্রিয় একস্থানে সমুদিত হয়- অর্হত্বফলে।

স্রোতাপত্তি মার্গক্ষণে অজ্ঞাতকে জ্ঞাত ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় অধিমোক্ষ-পরিবারভূক্ত হয়, বীর্যেন্দ্রিয় উদ্যম-পরিবারভুক্ত হয়, স্মৃতীন্দ্রিয় উপস্থাপন-পরিবারভুক্ত হয়, সমাধীন্দ্রিয় অবিক্ষেপ-পরিবারভুক্ত হয়, প্রজ্ঞেন্দ্রিয় দর্শন-

---

[১]। এই ত্রিবিধ ইন্দ্রিয় সংযুক্ত নিকায় মহাবর্গে পুনরাবৃত্তি করা হয়েছে। – দেখুন, পৃ. ১৯৩ (অখন্ড), (দ্বিতীয় খণ্ড)।

Visit: http://www.buddhistdownload.com

পরিবারভুক্ত হয়, মনন্দ্রিয় বিজানন-পরিবারভুক্ত হয়, সৌমনস্য ইন্দ্রিয় অভিসন্দন-পরিবারভুক্ত হয়, জীবিতেন্দ্রিয় মানব্যাপ্ত আধিপত্য-পরিবারভুক্ত হয়। স্রোতাপত্তি মার্গক্ষণে উৎপন্ন ধর্মসমূহ চিত্ত সমুত্থান রূপ ব্যতীত সবই কুশল, অনাস্রব, নিয়্যানিক বা পরিশুদ্ধ, অপচয়গামী (ক্রমে ক্ষয়প্রাপ্ত), লোকোত্তর, নির্বাণ আরম্মণ হয়। স্রোতাপত্তি মার্গক্ষণে অজ্ঞাতকে জ্ঞাত হবো ইন্দ্রিয়ের এ আট প্রকার ইন্দ্রিয় সহজাত পরিবারভুক্ত, পারস্পরিক পরিবারভুক্ত, নিশ্রয় পরিবারভুক্ত, সম্প্রযুক্ত পরিবারভুক্ত এবং সহগত, সহজাত, সংশ্লিষ্ট, সম্প্রযুক্ত হয়। এগুলো আলোচ্য ইন্দ্রিয়ের আকার ও পরিবারভুক্ত।

স্রোতাপত্তি ফলক্ষণে, সকৃদাগামী মার্গ-ফলক্ষণে, অনাগামী মার্গ-ফলক্ষণে ও অরহত্ব মার্গক্ষণে জ্ঞাত ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় অধিমোক্ষ-পরিবারভুক্ত হয়, ... জীবিতেন্দ্রিয় মানব্যাপ্ত আধিপত্য-পরিবারভুক্ত হয়। স্রোতাপত্তি ফলক্ষণে, সকৃদাগামী মার্গ-ফলক্ষণে, অনাগামী মার্গ-ফলক্ষণে ও অরহত্ব মার্গক্ষণে উৎপন্ন ধর্মসমূহ ... নির্বাণ আরম্মণ হয়। স্রোতাপত্তি ফলক্ষণে, সকৃদাগামী মার্গ-ফলক্ষণে, অনাগামী মার্গ-ফলক্ষণে ও অরহত্ব মার্গক্ষণে জ্ঞাত ইন্দ্রিয়ের এ আট ইন্দ্রিয় ... সম্প্রযুক্ত হয়। এগুলো আলোচ্য ইন্দ্রিয়ের আকার ও পরিবারভুক্ত।

অরহত্ব ফলক্ষণে অন্তর্দৃষ্টিসম্পন্ন ইন্দ্রিয়ের শ্রদ্ধেন্দ্রিয় অধিমোক্ষ-পরিবারভুক্ত হয়, ... জীবিতেন্দ্রিয় মানব্যাপ্ত আধিপত্য-পরিবারভুক্ত হয়। অরহত্ব ফলক্ষণে উৎপন্ন ধর্মসমূহ সবই অব্যাকৃত হয় এবং চিত্ত সমুত্থান রূপ ব্যতীত সবই অনাস্রব, লোকেত্তর ও নির্বাণারম্মণ হয়। অরহত্ব ফলক্ষণে অন্তর্দৃষ্টিসম্পন্ন ইন্দ্রিয়ের এই আট প্রকার ইন্দ্রিয় সহজাত পরিবারভুক্ত হয়। এগুলো আলোচ্য ইন্দ্রিয়ের আকার ও পরিবারভুক্ত। এরূপে আলোচ্য ইন্দ্রিয়ত্রয় আট গুণন আট, মোট চৌষট্টি প্রকার হয়।

'আস্রব, আস্রব' বলা হয়; সেই আস্রব কত প্রকার? কামাস্রব, ভবাস্রব, দৃষ্টি আস্রব, অবিদ্যা আস্রব। কিভাবে আস্রবসমূহ ক্ষয় হয়? স্রোতাপত্তিমার্গ দ্বারা দৃষ্টি আস্রব সম্পূর্ণরূপে ক্ষয় হয় এবং অপায়গমনীয় কামাস্রব, ভবাস্রব, অবিদ্যা আস্রব ক্ষয় হয়। এ অবস্থায় এই আস্রবসমূহ

Visit: http://www.buddhistdownload.com

ক্ষয় হয়ে যায়। সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল কামাস্রব ক্ষয় হয় এবং ভবাস্রব ও অবিদ্যাস্রব অর্ধাংশ ক্ষয় হয়। এ অবস্থায় এই আস্রবসমূহ ক্ষয় হয়ে যায়। অনাগামীমার্গ দ্বারা কামাস্রব সম্পূর্ণরূপে ক্ষয় হয় এবং ভবাস্রব ও অবিদ্যাস্রব অর্ধাংশ ক্ষয় হয়। এ অবস্থায় এই আস্রবসমূহ ক্ষয় হয়ে যায়। অরহত্বমার্গ দ্বারা ভবাস্রব, অবিদ্যাস্রব সম্পূর্ণরূপে ক্ষয় হয়। এ অবস্থায় এই আস্রবসমূহ ক্ষয় হয়ে যায়।

২০৮।

নেই তাঁর অদৃষ্ট অবিজ্ঞাত অজানিত জগতে কিছু,
জানবার সব জেনেছেন, তদ্ধেতু তথাগত সামন্তচক্ষু।

'সামন্তচক্ষু, সামন্তচক্ষু' বলা হয়; কোন্ অর্থে সামন্তচক্ষু? বুদ্ধজ্ঞান ১৪ প্রকার। যথা- দুঃখে জ্ঞান, দুঃখ সমুদয়ে জ্ঞান, দুঃখ নিরোধে জ্ঞান, দুঃখ নিরোধের উপায়ে জ্ঞান, অর্থ-প্রতিসম্ভিদায় জ্ঞান, ধর্ম-প্রতিসম্ভিদায় জ্ঞান, নিরুক্তি-প্রতিসম্ভিদায় জ্ঞান, প্রতিভান-প্রতিসম্ভিদায় জ্ঞান, ইন্দ্রিয় পরোপরতা (পরচিত্ত জ্ঞানে দক্ষতা) জ্ঞান, সত্ত্বগণের আশয়ানুশয়ে জ্ঞান, যমক প্রতিহার্যে জ্ঞান, মহাকরুণাসমাপত্তিতে জ্ঞান, সর্বজ্ঞতায় জ্ঞান ও অনাবরণে জ্ঞান। এই ১৪ প্রকার বুদ্ধজ্ঞানের মধ্যে প্রথম ৮ প্রকার সাধারণ অর্থাৎ শ্রাবকগণের লভ্য এবং অবশিষ্ট ৬ প্রকার জ্ঞান অসাধারণ অর্থাৎ কেবলমাত্র সম্যক সম্বুদ্ধের লভ্য।

দুঃখের দুঃখার্থ যতদূর, ততদূরই তাঁর জ্ঞাত; অজ্ঞাত দুঃখার্থ নেই— এই অর্থে সামন্তচক্ষু। যা সামন্তচক্ষু তাই প্রজ্ঞেন্দ্রিয়। প্রজ্ঞেন্দ্রিয়বশে অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয়, অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়। দুঃখের দুঃখার্থ যতদূর, ততদূরই প্রজ্ঞা দ্বারা দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত; প্রজ্ঞা দ্বারা অস্পর্শিত দুঃখার্থ নেই- এই অর্থে সামন্তচক্ষু। যা সামন্তচক্ষু তা প্রজ্ঞেন্দ্রিয়। প্রজ্ঞেন্দ্রিয়বশে অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয়, ... সমাধীন্দ্রিয়, (দুঃখ) সমুদয়ের সমুদয়ার্থ যতদূর, ততদূরই প্রজ্ঞা দ্বারা দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত; প্রজ্ঞা দ্বার অসস্পর্শিত ... সমাধীন্দ্রিয়। দুঃখ নিরোধের নিরোধার্থ যতদূর, ততদূরই ... সমাধীন্দ্রিয়। মার্গের মার্গার্থ যতদূর, ততদূরই ... অবিক্ষেপার্থে

Visit: http://www.buddhistdownload.com

সমাধীন্দ্রিয়। অর্থ-প্রতিসম্ভিদার অর্থ প্রতিসম্ভিদার্থ যতদূর, ততদূরই ... অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়। ধর্ম-প্রতিসম্ভিদার ধর্ম প্রতিসম্ভিদার্থ যতদূর, ততদূরই ... অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়। নিরুক্তি-প্রতিসম্ভিদার নিরুক্তিপ্রতিসম্ভিদার্থ যতদূর, ততদূরই ... অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়। প্রতিভান-প্রতিসম্ভিদার প্রতিভান প্রতিসম্ভিদার্থ যতদূর, ততদূরই ... অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়। ইন্দ্রিয় পরপরিয়ত্তি জ্ঞান যতদূর, ততদূরই প্রজ্ঞা দ্বারা দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত; প্রজ্ঞা দ্বারা অস্পর্শিত ইন্দ্রিয় পরপরিয়ত্তি জ্ঞান নেই- এই অর্থে সামন্তচক্ষু। যা সামন্তচক্ষু তা ... অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়। সত্ত্বগণের আশয়ানুশয় জ্ঞান যতদূর, ততদূরই ... অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়। যমক প্রতিহার্য জ্ঞান যতদূর, ততদূরই .... অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়। মহাকরুণা সমাপত্তি জ্ঞান যতদূর, ততদূরই ... অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়। সদেবলোক, সমারলোক, সব্রহ্মলোক, শ্রমণ-ব্রাহ্মণ, সদেব-মনুষ্যের যতদূর দৃষ্ট, শ্রুত, জ্ঞাত, বিজ্ঞাত, অধিগত, পরীক্ষিত ও মন দ্বারা বিবেচিত; তা প্রজ্ঞা দ্বারা জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও সস্পর্শিত। প্রজ্ঞা দ্বারা অস্পর্শিত নেই- এই অর্থে সামন্তচক্ষু। যা সামন্তচক্ষু তা-ই প্রজ্ঞেন্দ্রিয়। প্রজ্ঞেন্দ্রিয়বশে অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয়, উদ্যমার্থে বীর্যেন্দ্রিয়, উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয় এবং অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়।

শ্রদ্ধা দৃঢ়ভাবে গ্রহণ করায়, আবার দৃঢ়ভাবে গ্রহণে শ্রদ্ধা উৎপন্ন হয়। শ্রদ্ধা স্মৃতি উপস্থাপন করায়, আবার স্মৃতি উপস্থাপনে শ্রদ্ধা উৎপন্ন হয়। শ্রদ্ধা চিত্তকে কেন্দ্রীভূত করে, চিত্ত কেন্দ্রীভূত করলে শ্রদ্ধা উৎপন্ন হয়। শ্রদ্ধা উৎপন্ন হলে যথার্থরূপে জ্ঞাত হয়, যথার্থরূপে জ্ঞাত হলে শ্রদ্ধা উৎপন্ন হয়। দৃঢ়ভাবে গ্রহণে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। দৃঢ়ভাবে গৃহীত হলে চিত্ত কেন্দ্রীভূত হয়। চিত্তকে কেন্দ্রীভূত করলে দৃঢ়ভাবে গৃহীত হয়। দৃঢ়ভাবে গৃহীত হলে যথার্থরূপে জ্ঞাত হয়, যথার্থরূপে জ্ঞাত হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। দৃঢ়ভাবে গৃহীত হলে শ্রদ্ধা উৎপন্ন হয়। শ্রদ্ধা উৎপন্ন হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। স্মৃতি উপস্থাপিত হলে চিত্তকে কেন্দ্রীভূত করে। চিত্তকে কেন্দ্রীভূত করলে যথার্থরূপে জ্ঞাত

Visit: http://www.buddhistdownload.com

হয়। যথার্থরূপে জ্ঞাত হলে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে দৃঢ়ভাবে গ্রহণ করায়। দৃঢ়ভাবে গ্রহণ করালে স্মৃতি উপস্থাপিত হয়। চিত্তকে কেন্দ্রিভূত করলে যথার্থরূপে জ্ঞাত হয়। যথার্থরূপে জ্ঞাত হলে চিত্ত কেন্দ্রীভূত হয়। চিত্তকে কেন্দ্রিভূত করলে শ্রদ্ধা উৎপন্ন হয়। শ্রদ্ধা চিত্তকে কেন্দ্রিভূত করে। দৃঢ়ভাবে গ্রহণ করালে চিত্ত কেন্দ্রীভূত হয়। চিত্তকে কেন্দ্রীভূত করলে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে চিত্তকে কেন্দ্রীভূত করে। যথার্থরূপে জ্ঞাত হলে শ্রদ্ধা উৎপন্ন হয়। শ্রদ্ধা উৎপন্ন হলে যথার্থরূপে জ্ঞাত হয়। যথার্থরূপে জ্ঞাত হলে দৃঢ়ভাবে গ্রহণ করায়। দৃঢ়ভাবে গ্রহণে যথার্থরূপে জ্ঞাত হয়। যথার্থরূপে জ্ঞাত হলে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে যথার্থরূপে জ্ঞাত হয়। যথার্থরূপে জ্ঞাত হলে চিত্তকে কেন্দ্রীভূত করে। চিত্ত কেন্দ্রীভূত হলে যথার্থরূপে জ্ঞাত হয়।

শ্রদ্ধার অনুকূল হলে দৃঢ়ভাবে গৃহীত হয়, দৃঢ়ভাবে গৃহীত হলে শ্রদ্ধার অনুকূল হয়। শ্রদ্ধার অনুকূল হলে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে শ্রদ্ধার অনুকূল হয়। শ্রদ্ধার অনুকূল হলে চিত্তকে কেন্দ্রীভূত করে। চিত্ত কেন্দ্রীভূত হলে শ্রদ্ধার অনুকূল হয়। শ্রদ্ধার অনুকূল হলে বিশেষভাবে জ্ঞাত হয়। বিশেষভাবে জ্ঞাত হলে শ্রদ্ধার অনুকূল হয়। দৃঢ়ভাবে গৃহীত হলে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। দৃঢ়ভাবে গৃহীত হলে চিত্ত কেন্দ্রীভূত হয়। কেন্দ্রীভূত হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। দৃঢ়ভাবে গৃহীত হলে বিশেষভাবে জ্ঞাত হয়। বিশেষভাবে জ্ঞাত হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। দৃঢ়ভাবে গৃহীত হলে শ্রদ্ধার অনুকূল হয়। শ্রদ্ধার অনুকূল হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। স্মৃতি উপস্থাপিত হলে চিত্তকে কেন্দ্রীভূত করে। চিত্ত কেন্দ্রীভূত হলে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে বিশেষভাবে জ্ঞাত হয়। বিশেষভাবে জ্ঞাত হলে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে শ্রদ্ধার অনুকূল হয়। শ্রদ্ধার অনুকূল হলে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। দৃঢ়ভাবে গৃহীত হলে স্মৃতি উপস্থাপিত হয়। চিত্তকে কেন্দ্রিভূত করলে বিশেষভাবে জ্ঞাত হয়। বিশেষভাবে জ্ঞাত হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। চিত্ত কেন্দ্রীভূত

Visit: http://www.buddhistdownload.com

হলে শ্রদ্ধার অনুকূল হয়। শ্রদ্ধার অনুকূল হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। চিত্ত কেন্দ্রীভূত হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। দৃঢ়ভাবে গৃহীত হলে চিত্ত কেন্দ্রীভূত হয়। চিত্ত কেন্দ্রীভূত হলে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে চিত্ত কেন্দ্রীভূত হয়। বিশেষভাবে জ্ঞাত হলে শ্রদ্ধার অনুকূল হয়। শ্রদ্ধার অনুকূল হলে বিশেষভাবে জ্ঞাত হয়। বিশেষভাবে জ্ঞাত হলে দৃঢ়ভাবে গৃহীত হয়। দৃঢ়ভাবে গৃহীত হলে বিশেষভাবে জ্ঞাত হয়। বিশেষভাবে জ্ঞাত হলে স্মৃতি উপস্থাপিত হয়। স্মৃতি উপস্থাপিত হলে বিশেভাবে জ্ঞাত হয়। বিশেষভাবে জ্ঞাত হলে চিত্ত কেন্দ্রীভূত হয়। চিত্ত কেন্দ্রীভূত হলে বিশেষভাবে জ্ঞাত হয়।

যা বুদ্ধচক্ষু তাই বুদ্ধজ্ঞান, যা বুদ্ধজ্ঞান তা-ই বুদ্ধচক্ষু। যে চক্ষু দ্বারা তথাগত সত্ত্বগণকে দর্শন করেন- কেউ অল্পরজম্রক্ষিত,, কেউ বহুরজম্রক্ষিত, কেউ তীক্ষ্ণেন্দ্রিয়, কেউ মৃদু-ইন্দ্রিয় বা মৃদু দৃষ্টিসম্পন্ন, কেউ সুআকারবিশিষ্ট, কেই কদাকারবিশিষ্ট, কেউ সুবিনীত, কেউ দুর্বিনীত, কেউ পরলোক-বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, কেউ বা পরলোক-বর্জনীয় বিষয়ে অভয়দর্শী। এটাকে বুদ্ধচক্ষু বলা হয়।

'অল্পরজক্খে মহারজক্খেতি' বলতে, শ্রদ্ধাবান পুদ্গল অল্পরজম্রক্ষিত, অশ্রদ্ধাবান পুদ্গল বহুরজম্রক্ষিত। আরব্ধবীর্য পুদ্গল অল্পরজম্রক্ষিত, অলস হীনবীর্য পুদ্গল বহুরজম্রক্ষিত। স্মৃতিমান পুদ্গল অল্পরজম্রক্ষিত, বিস্মৃতিপরায়ণ পুদ্গল বহুরজম্রক্ষিত। সমাহিত পুদ্গল অল্পরজম্রক্ষিত, অসমাহিত পুদ্গল বহুরজম্রক্ষিত। প্রজ্ঞাবান পুদ্গল অল্পরজম্রক্ষিত ও দুষ্প্রাজ্ঞ পুদ্গল বহুরজম্রক্ষিত।

'তিক্খিন্দ্রিযে মুদিন্দ্রিযেতি' বলতে শ্রদ্ধাবান পুদ্গল তীক্ষ্ণেন্দ্রিয়, অশ্রদ্ধাবান পুদ্গল মৃদু-ইন্দ্রিয়। আরব্ধবীর্য পুদ্গল তীক্ষ্ণেন্দ্রিয়, অলস হীনবীর্য পুদ্গল মৃদু-ইন্দ্রিয়। স্মৃতিমান পুদ্গল তীক্ষ্ণেন্দ্রিয়, বিস্মৃতিপরায়ণ পুদ্গল মৃদু-ইন্দ্রিয়। সমাহিত পুদ্গল তীক্ষ্ণেন্দ্রিয়, অসমাহিত পুদ্গল মৃদু-ইন্দ্রিয়। প্রজ্ঞাবান পুদ্গল তীক্ষ্ণেন্দ্রিয়, দুষ্প্রাজ্ঞ পুদ্গল মৃদু-ইন্দ্রিয়।

'স্বাকারে দ্বাকারেতি' বলতে শ্রদ্ধাবান পুদ্গল সু-আকারবিশিষ্ট, অশ্রদ্ধাবান পুদ্গল কদাকারবিশিষ্ট। আরব্ধবীর্য পুদ্গল সু-আকারবিশিষ্ট,

Visit: http://www.buddhistdownload.com

অলস হীনবীর্য পুদ্গল কদাকারবিশিষ্ট। স্মৃতিমান পুদ্গল সু-আকারবিশিষ্ট, বিস্মৃতিপরায়ণ পুদ্গল কদাকারবিশিষ্ট। সমাহিত পুদ্গল সু-আকারবিশিষ্ট, অসমাহিত পুদ্গল কদাকারবিশিষ্ট, প্রজ্ঞাবান পুদ্গল সু-আকারবিশিষ্ট, দুষ্প্রাজ্ঞ পুদ্গল কদাকারবিশিষ্ট।

'সুবিঞ্ঞাপযে দুবিঞ্ঞাপযেতি' বলতে শ্রদ্ধাবান পুদ্গল সুবিনীত, অশ্রদ্ধাবান পুদ্গল দুর্বিনীত। আরব্ধবীর্য পুদ্গল সুবিনীত, অলস হীনবীর্য পুদ্গল দুর্বিনীত। স্মৃতিমান পুদ্গল সুবিনীত, বিস্মৃতিপরায়ণ পুদ্গল দুর্বিনীত। সমাহিত পুদ্গল সুবিনীত, অসমাহিত পুদ্গল দুর্বিনীত। প্রজ্ঞাবান পুদ্গল সুবিনীত, দুষ্প্রাজ্ঞ পুদ্গল দুর্বিনীত।

'অপ্পেকচ্চে পরলোকবজ্জভযদসসাবিনো, অপ্পেকচ্চে ন পরলোক বজ্জভযদস্সাবিনোতি' বলতে শ্রদ্ধাবান পুদ্গল পরলোক বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, অশ্রদ্ধাবান পুদ্গল পরলোক-বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে। আরব্ধবীর্য পুদ্গল পরলোক-বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, অলস হীনবীর্য পুদ্গল পরলোক-বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে। স্মৃতিমান পুদ্গল পরলোক-বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, বিস্মৃতিপরায়ণ পুদ্গল পরলোক বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে। সমাহিত পুদ্গল পরলোক-বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, অসমাহিত পুদ্গল পরলোক-বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে। প্রজ্ঞাবান পুদ্গল পরলোক-বর্জনীয় বিষয়ে ভয়দর্শী, দুষ্প্রাজ্ঞ পুদ্গল পরলোক বর্জনীয় বিষয়ে ভয়দর্শী নহে।

'লোকোতি' বলতে স্কন্ধ লোক, ধাতুলোক, আয়তন লোক, বিপত্তিভব লোক, বিপত্তি-সম্ভব লোক, সম্পত্তিভব লোক এবং সম্পত্তি সম্ভব লোক।

এক লোক কি? সব সত্ত্ব আহারে স্থিত। দুই লোক কি? নাম ও রূপ। ত্রিলোক কি? তিন প্রকার বেদনা। চারি লোক কি? চতুর্বিধ আহার। পঞ্চ লোক কি? পঞ্চ উপাদান স্কন্ধ। ছয় লোক কি? ছয় অধ্যাত্মায়তন। সাত লোক কি? সাত বিজ্ঞান স্থিতি। আট লোক কি? অষ্ট লোক ধর্ম। নয় লোক কি? নব সত্ত্বাবাস। দশ লোক কি? দশায়তন। দ্বাদশ লোক কি? দ্বাদশায়তন। অষ্টাদশ লোক কি? অষ্টাদশ ধাতু।

Visit: http://www.buddhistdownload.com

'বজ্জন্তি' বলতে সর্ব ক্লেশ, সর্ব দুশ্চরিত, সর্ব অভিসংস্কার এবং সর্ব ভবগামী কর্ম বর্জন। এরূপে ইহলোকে উৎক্ষিপ্ত অসিধারী ঘাতককে ভয় করার ন্যায় এই বর্জনীয় বিষয়ে তীব্র ভয়-সংজ্ঞা উৎপন্ন হয়। এই ৫০ প্রকারে এই পঞ্চেন্দ্রিয়সমূহ জানে, দর্শন করে, জ্ঞাত হয় এবং উপলব্ধি করে।

ইন্দ্রিয় সংযুক্ত সমাপ্ত।
তৃতীয় পরিচ্ছেদ সমাপ্ত।
ইন্দ্রিয় কথা সমাপ্ত।

৫। বিমোক্ষ কথা

১। বর্ণনা

২০৯। পূর্ববৎ নিদান। "হে ভিক্ষুগণ! তিন প্রকার বিমোক্ষ রয়েছে। সেই তিন প্রকার কি কি? যথা- শূন্যতা বিমোক্ষ, অনিমিত্ত বিমোক্ষ এবং অপ্রণিহিত বিমোক্ষ। এগুলোই তিন প্রকার বিমোক্ষ।

"আরও ৬৮ প্রকার বিমোক্ষ রয়েছে, যথা শূন্যতা বিমোক্ষ, অনিমিত্ত বিমোক্ষ, অপ্রণিহিত বিমোক্ষ, অধ্যাত্ম-উত্থানে বিমোক্ষ, বাহ্যিক-উত্থানে বিমোক্ষ, উভয় হতে উত্থানে বিমোক্ষ। অধ্যাত্ম হতে উত্থানে চারি বিমোক্ষ, বাহ্যিক হতে উত্থানে চারি বিমোক্ষ, উভয় হতে উত্থানে চারি বিমোক্ষ। অধ্যাত্ম হতে উত্থানের অনুলোমে চারি বিমোক্ষ; বাহ্যিক হতে উত্থানের অনুলোমে চারি বিমোক্ষ; উভয় হতে উত্থানের অনুলোমে চারি বিমোক্ষ। অধ্যাত্ম হতে উত্থান প্রতিপ্রশ্রদ্ধির চারি বিমোক্ষ; বাহ্যিক হতে উত্থান প্রতিপ্রশ্রদ্ধির চারি বিমোক্ষ; উভয় হতে উত্থান প্রতিপ্রশ্রদ্ধির চারি বিমোক্ষ। রূপ-রূপাদি দর্শনেও বিমোক্ষ; অধ্যাত্ম অরূপসংজ্ঞী হয়ে বাহ্যিক রূপসমূহ দর্শনেও বিমোক্ষ। শুভ অধিমুক্তিতেও বিমোক্ষ; আকাশানন্ত্যায়তন-সমাপত্তিতেও বিমোক্ষ; বিজ্ঞানানন্ত্যায়তন-সমাপত্তিতেও বিমোক্ষ; আকিঞ্চণ্যায়তন-সমাপত্তিতেও বিমোক্ষ; নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন-সমাপত্তিতেও বিমোক্ষ; সংজ্ঞাবেদয়িত-নিরোধ-সমাপত্তিতেও বিমোক্ষ।

Visit: http://www.buddhistdownload.com

সময় বিমোক্ষ, অসময় বিমোক্ষ; সাময়িক বিমোক্ষ, অসাময়িক বিমোক্ষ; কূপ্য (অস্থির) বিমোক্ষ, অকূপ্য (স্থির) বিমোক্ষ; লৌকিক বিমোক্ষ, লোকোত্তর বিমোক্ষ; আস্রাবযুক্ত বিমোক্ষ, অনাস্রব বিমোক্ষ; সামিষ বিমোক্ষ, নিরামিষ বিমোক্ষ; নিরামিষ হতে নিরামিষতর বিমোক্ষ। প্রণিহিত বিমোক্ষ, অপ্রণিহিত বিমোক্ষ; প্রণিহিত প্রতিপ্রশ্রদ্ধি বিমোক্ষ, সংযুক্ত বিমোক্ষ, বিসংযুক্ত বিমোক্ষ, একত্ব বিমোক্ষ, নানাত্ব বিমোক্ষ, সংজ্ঞা বিমোক্ষ, জ্ঞান বিমোক্ষ, শীতল বা শান্তভাব বিমোক্ষ, ধ্যান বিমোক্ষ এবং অনুপাদা বা অনাসক্ত চিত্তের বিমোক্ষ।"

২। নিরূপন

২১০। শূন্যতা বিমোক্ষ কি? এখানে ভিক্ষু অরণ্যে বা বৃক্ষমূলে বা শূন্যগৃহে গিয়ে এরূপে মনযোগের সাথে চিন্তা করেন- "এই শরীর আত্মা বা আত্মাস্বভাব শূন্য।" তাই তিনি শূন্যতা-মুক্ততাবশে তথায় (আত্মায়) মনকে অভিনিবিষ্ট করেন না। এটাই শূন্যতা বিমোক্ষ।

অনিমিত্ত বিমোক্ষ কি? এখানে ভিক্ষু .... আত্মাস্বভাব শূন্য।" তাই তিনি অনিমিত্ত-মুক্ততাবশে তথায় আত্মা দর্শন করেন না। এটাই অনিমিত্ত বিমোক্ষ।

অপ্রণিহিত বিমোক্ষ কি? এখানে ভিক্ষু ... আত্মাস্বভাব শূন্য।" তাই তিনি অপ্রণিহিত-মুক্ততাবশে তথায় আত্মাবশে মনযোগ দেন না। এটাই অপ্রণিহিত বিমোক্ষ।

অধ্যাত্ম হতে উত্থান বিমোক্ষ কি? চারি ধ্যান– এটাই অধ্যাত্ম হতে উত্থান বিমোক্ষ। বাহ্যিক হতে উত্থনে বিমোক্ষ কি? চারি অরূপ সমাপত্তি– এটাই বাহ্যিক হতে উত্থান বিমোক্ষ। উভয় হতে উত্থান বিমোক্ষ কি? চারি আর্যমার্গ– এটাই উভয় হতে উত্থান বিমোক্ষ।

অধ্যাত্ম হতে উত্থান চারি বিমোক্ষ কি? প্রথমধ্যান নীবরণসমূহ হতে উত্থিত হয়। দ্বিতীয়ধ্যান বির্তক-বিচার হতে উত্থিত হয়। তৃতীয়ধ্যান প্রীতি হতে উত্থিত হয়। চতুর্থধ্যান সুখ-দুঃখ হতে উত্থিত হয়। এটাই অধ্যাত্ম

Visit: http://www.buddhistdownload.com

হতে উত্থান চারি বিমোক্ষ।

বাহ্যিক হতে উত্থান চারি বিমোক্ষ কি? আকাশানন্তায়তন-সমাপত্তি রূপসংজ্ঞা, প্রতিঘসংজ্ঞা ও নানাত্বসংজ্ঞা হতে উত্থিত হয়। বিজ্ঞানানন্তায়তন-সমাপত্তি আকাশানন্তায়তন-সমাপত্তি হতে উত্থিত হয়। আকিঞ্চনায়তন-সমাপত্তি বিজ্ঞানানন্তায়তন-সমাপত্তি হতে উত্থিত হয়। নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন-সমাপত্তি আকিঞ্চনায়তন-সমাপত্তি হতে উত্থিত হয়। এটাই বাহ্যিক হতে উত্থান চারি বিমোক্ষ।

উভয় হতে উত্থান চারি বিমোক্ষ কি? স্রোতাপত্তিমার্গ সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা, শীলব্রত পরামর্শ, দৃষ্টি অনুশয় ও বিচিকিৎসানুশয় হতে উত্থিত হয়; তদনুসরণকারী ক্লেশ, স্কন্ধ এবং বাহ্যিক সব নিমিত্ত হতে উত্থিত হয়। সকৃদাগামীমার্গ স্থূল কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, কামরাগানুশয় ও প্রতিঘানুশয় হতে উত্থিত হয়। তদনুসরণকারী ক্লেশ, স্কন্ধ এবং বাহ্যিক সব নিমিত্ত হতে উত্থিত হয়। অনাগামীমার্গ অনুসহগত কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, কামরাগানুশয় ও প্রতিঘানুশয় হতে উত্থিত হয়। তদনুসরণকারী ক্লেশ, স্কন্ধ এবং বাহ্যিক সব নিমিত্ত হতে উত্থিত হয়। অরহত্বমার্গ রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা, মান অনুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয় হতে উত্থিত হয়। তদনুসরণকারী ক্লেশ, স্কন্ধ এবং বাহ্যিক সব নিমিত্ত হতে উত্থিত হয়। এটাই উভয় হতে উত্থান চারি বিমোক্ষ।

২১১। অধ্যাত্ম হতে উত্থানের অনুলোম চারি বিমোক্ষ কি? প্রথমধ্যান প্রতিলাভের জন্য বিতর্ক, বিচার, প্রীতি, সুখ ও চিত্তের একাগ্রতা, দ্বিতীয়ধ্যান প্রতিলাভের জন্য বিতর্ক, বিচার ..., তৃতীয়ধ্যান প্রতিলাভের জন্য বিতর্ক-বিচার ..., চতুর্থধ্যান প্রতিলাভের জন্য বিতর্ক, বিচার, প্রীতি, সুখ, চিত্তের একাগ্রতা - এটাই অধ্যাত্ম উত্থানের অনুলোম চারি বিমোক্ষ।

বাহ্যিক হতে উত্থানের অনুলোম চারি বিমোক্ষ কি? আকাশানন্তায়তন-সমাপত্তি প্রতিলাভের জন্য বিতর্ক, বিচার, প্রীতি, সুখ ও চিত্তের একাগ্রতা। বিজ্ঞানানন্তায়তন-সমাপত্তি প্রতিলাভের ... । আকিঞ্চনায়তন-সমাপত্তি প্রতিলাভের... নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন-সমাপত্তি প্রতিলাভের ... ও চিত্তের

Visit: http://www.buddhistdownload.com

একাগ্রতা – এটাই বাহ্যিক উত্থানের অনুলোম চারি বিমোক্ষ।

উভয় হতে উত্থানের অনুলোম চারি বিমোক্ষ কি? স্রোতাপত্তিমার্গ প্রতিলাভের জন্য অনিত্যানুদর্শন, দুঃখানুদর্শন ও অনাত্মানুদর্শন। সকৃদাগামীমার্গ প্রতিলাভের জন্য ... । অনাগামীমার্গ প্রতিলাভের ...। অরহত্বমার্গ প্রতিলাভের ... ও অনাত্মানুদর্শন– এটাই উভয় হতে উত্থানের অনুলোম চারি বিমোক্ষ।

অধ্যাত্ম হতে উত্থান প্রতিপ্রশ্রদ্ধি চারি বিমোক্ষ কি? প্রথমধ্যানের প্রতিলাভ বা বিপাক, দ্বিতীয়ধ্যানের প্রতিলাভ বা বিপাক, তৃতীয়ধ্যানের প্রতিলাভ বা বিপাক এবং চতুর্থধ্যানের প্রতিলাভ বা বিপাক– এটাই অধ্যাত্ম উত্থান প্রতিপ্রশ্রদ্ধি চারি বিমোক্ষ।

বাহ্যিক হতে উত্থান প্রতিপ্রশ্রদ্ধি চারি বিমোক্ষ কি? আকাশানন্ত্যায়তন-সমাপত্তির প্রতিলাভ বা বিপাক, বিজ্ঞানানন্ত্যায়তন-সমাপত্তির প্রতিলাভ বা বিপাক, আকিঞ্চনায়তন-সমাপত্তির প্রতিলাভ বা বিপাক এবং নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন-সমাপত্তির প্রতিলাভ বা বিপাক– এটাই বাহ্যিক হতে উত্থান প্রপ্রিশ্রদ্ধি চারি বিমোক্ষ।

উভয় হতে উত্থান প্রতিপ্রশ্রদ্ধি চারি বিমোক্ষ কি? স্রোতাপত্তিমার্গের স্রোতাপত্তিফল, সকৃদাগামীমার্গের সকৃদাগামীফল, অনাগামীমার্গের অনাগামীফল, অরহত্বমার্গের অরহত্বফল– এটাই উভয় হতে উত্থান প্রতিপ্রশ্রদ্ধি চারি বিমোক্ষ।

২১২। রূপ- রূপাদি দর্শনে বিমোক্ষ কি? এখানে কেউ কেউ নিজের মধ্যে (অধ্যাত্ম) অবিভক্ত নীল নিমিত্তে মনোনিবেশ করত নীলসংজ্ঞা লাভ করে। সে সেই নিমিত্তকে সুগৃহীত করে, সুষ্ঠুভাবে উপধারণ করে, ধারিতকে উপধারণ করে। সেই অনিমিত্তকে নিক্ষিপ্ত করে সুষ্ঠুভাবে ধারিতকে উপধারণ করত বাহ্যিক নীলনিমিত্তে চিত্তকে কেন্দ্রীভূত করে এবং নীলসংজ্ঞা লাভ করে। সেই নিমিত্তকে সুগৃহীত করে, সুষ্ঠুভাবে উপধারণ করে, ধারিতকে উপধারণ করে। সেই নিমিত্ত সুগৃহীত, সুষ্ঠুভাবে উপধারণ এবং ধারিতকে উপধারণ করত অভ্যাস করে, ভাবিত করে, বর্ধিত করে। তার এরূপ ধারণা হয়– "এটা আধ্যাত্মিক ও বাহ্যিক উভয় রূপ।" এভাবে

Visit: http://www.buddhistdownload.com

রূপ সংজ্ঞী হয়।

এখানে কেউ কেউ অধ্যাত্ম অবিভক্ত পীত নিমিত্তে .... [নীল এর স্থলে পীত পড়তে হবে].... এভাবে রূপসংজ্ঞী হয়।

এখানে কেউ কেউ অধ্যাত্ম অবিভক্ত লোহিত নিমিত্তে ... পূর্ববৎ ... এভাবে রূপসংজ্ঞী হয়।

এখানে কেউ কেউ অধ্যাত্ম অবিভক্ত ওদাত (শুভ্র) নিমিত্তে .... পূর্ববৎ .... এভাবে রূপসংজ্ঞী হয়। এটাই রূপ-রূপাদি দর্শনে বিমোক্ষ।

অধ্যাত্ম অরূপসংজ্ঞী বাহ্যিক রূপসমূহ দর্শনে বিমোক্ষ কি? এখানে কেউ কেউ অধ্যাত্ম অবিভক্ত নীল নিমিত্তে মনোনিবেশ করে না, ফলে নীলসংজ্ঞাও লাভ করে না। বাহ্যিক নীল নিমিত্তে চিত্তকে কেন্দ্রীভূত করে ও নীলসংজ্ঞা লাভ করে। সেই নিমিত্তকে সুগৃহীত করে, সুষ্ঠুভাবে উপধারণ করে, ধারিতকে উপধারণ করে। সেই নিমিত্ত সুগৃহীত, সুষ্ঠুভাবে উপধারণ এবং ধারিতকে উপধারণ করত অভ্যাস করে, ভাবিত করে, বর্ধিত করে। তার এরূপ ধারণা হয়– "এটা অধ্যাত্ম অরূপ, বাহ্যিক রূপ।" এভাবে রূপসংজ্ঞী হয়।

এখানে কেউ কেউ অধ্যাত্ম অবিভক্ত পীত নিমিত্তে ... এভাবে রূপসংজ্ঞী হয়।

এখানে কেউ কেউ অধ্যাত্ম অবিভক্ত লোহিত নিমিত্তে ... এভাবে রূপসংজ্ঞী হয়।

এখানে কেউ কেউ অধ্যাত্ম অবিভক্ত ওদাত (শুভ্র) নিমিত্তে ... এভাবে রূপসংজ্ঞী হয়। এটাই অধ্যাত্ম অরূপসংজ্ঞী বাহ্যিক রূপসমূহ দর্শনে বিমোক্ষ।

"শুভ" অধিমুক্ততে বিমোক্ষ কি? এখানে ভিক্ষু এক দিক্ পরিব্যপ্ত করে মৈত্রীসহগত চিত্তে অবস্থান করে। অনুরূপভাবে মৈত্রীসহগত চিত্তে দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ দিক্ পরিব্যপ্ত করে অবস্থান করে। এভাবে উপরে, নিচে, আড়াআড়িভাবে, সর্বত্র, সর্বস্থানে, সর্ব লোকের প্রতি বিপুল, মহদ্গত, অপ্রমাণ পরিব্যপ্ত করে মৈত্রীসহগত চিত্তে অবৈরী ও দয়ালু হয়ে অবস্থান করে। মৈত্রীতে ভাবিত সত্ত্বগণ অপ্রতিকূল হয়। করুণাসহগত

Visit: http://www.buddhistdownload.com

চিত্তে এক দিক্ ... অপ্রতিকূল হয়। মুদিতাসহগত চিত্তে এক দিক্ ... অপ্রতিকূল হয়। উপেক্ষাসহগত চিত্তে এক দিক ... উপেক্ষায় ভাবিত সত্ত্বগণ অপ্রতিকূল হয়। এটা-ই "শুভ" অধিমুক্ততে বিমোক্ষ।

২১৩। আকাশানন্তায়তন সমাপত্তি বিমোক্ষ কি? এখানে ভিক্ষু রূপসংজ্ঞাকে সর্ব প্রকারে অতিক্রম করে প্রতিঘসংজ্ঞা অস্তমিত করত নানাত্ব সংজ্ঞায় মনোনিবেশ করে "অনন্ত আকাশ" বলে আকাশানন্তায়তন ধ্যানপ্রাপ্ত হয়ে অবস্থান করে। এটা-ই আকাশানন্তায়তন সমাপত্তি বিমোক্ষ।

বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি বিমোক্ষ কি? এখানে ভিক্ষু আকাশানন্তায়তনকে সর্বপ্রকারে অতিক্রম করে "অনন্ত বিজ্ঞান" বলে বিজ্ঞানানন্তায়তন ধ্যানপ্রাপ্ত হয়ে অবস্থান করে। এটা-ই বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি বিমোক্ষ।

আকিঞ্চনায়তন সমাপত্তি বিমোক্ষ কি? এখানে ভিক্ষু বিজ্ঞানানন্তায়তনকে সর্বপ্রকারে অতিক্রম করে "কিছু নেই" বলে আকিঞ্চনায়তন ধ্যানপ্রাপ্ত হয়ে অবস্থান করে। এটা ই আকিঞ্চনায়তন সমাপত্তি বিমোক্ষ।

নৈবসংজ্ঞা- নাসংজ্ঞায়তন সমাপত্তি বিমোক্ষ কি? এজগতে ভিক্ষু আকিঞ্চনায়তনকে সর্বপ্রকারে অতিক্রম করে নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন ধ্যানপ্রাপ্ত হয়ে অবস্থান করে। এটা-ই নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন সমাপত্তি বিমোক্ষ।

সংজ্ঞা-বেদয়িত-নিরোধ সমাপত্তি বিমোক্ষ কি? এখানে ভিক্ষু নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তনকে সর্বপ্রকারে অতিক্রম করে সংজ্ঞা-বেদয়িত-নিরোধ ধ্যানপ্রাপ্ত হয়ে অবস্থান করে। এটা-ই সংজ্ঞা-বেদয়িত-নিরোধ সমাপত্তি বিমোক্ষ।

সময় বিমোক্ষ কি? চারি রূপধ্যান ও চারি অরূপ সমাপত্তি – এটা সময় বিমোক্ষ।

অসময় বিমোক্ষ কি? চারি আর্যমার্গ, চারি শ্রামণ্যফল এবং নির্বাণ– এটা অসময় বিমোক্ষ।

Visit: http://www.buddhistdownload.com

সাময়িক বিমোক্ষ কি? চারি রূপধ্যান ও চারি অরূপ সমাপত্তি – এটা সাময়িক বিমোক্ষ।

অসাময়িক (স্থায়ী) বিমোক্ষ কি? চারি আর্যমার্গ, চারি শ্রামণ্যফল এবং নির্বাণ – এটা অসাময়িক বিমোক্ষ।

কূপ্য বা অস্থির বিমোক্ষ কি? চারি রূপধ্যান ও চারি অরূপ সমাপত্তি – এটা কূপ্য বিমোক্ষ।

অকূপ্য (স্থির) বিমোক্ষ কি? চারি আর্যমার্গ, চারি শ্রামণ্যফল এবং নির্বাণ – এটা অকূপ্য বিমোক্ষ।

লৌকিক বিমোক্ষ কি? চারি রূপধ্যান ও চারি অরূপ সমাপত্তি – এটা লৌকিক বিমোক্ষ।

লোকোত্তর বিমোক্ষ কি? চারি আর্যমার্গ, চারি শ্রামণ্যফল এবং নির্বাণ – এটা লোকোত্তর বিমোক্ষ।

সাস্রব বিমোক্ষ কি? চারি রূপধ্যান ও চারি অরূপ সমাপত্তি – এটা সাস্রব বিমোক্ষ।

অনাস্রব বিমোক্ষ কি? চারি আর্যমার্গ, চারি শ্রামণ্যফল এবং নির্বাণ – এটা অনাস্রব বিমোক্ষ।

সামিষ বিমোক্ষ কি? রূপ প্রতিসংযুক্ত বিমোক্ষ – এটা সামিষ বিমোক্ষ।

নিরামিষ বিমোক্ষ কি? অরূপ প্রতিসংযুক্ত বিমোক্ষ – এটা নিরামিষ বিমোক্ষ।

নিরামিষ হতে নিরামিষতর বিমোক্ষ কি? চারি আর্যমার্গ, চারি শ্রামণ্যফল এবং নির্বাণ – এটা-ই নিরামিষ হতে নিরামিষতর বিমোক্ষ।

প্রণিহিত বিমোক্ষ কি? চারি রূপধ্যান ও চারি অরূপ সমাপত্তি – এটা প্রণিহিত বিমোক্ষ।

অপ্রণিহিত বিমোক্ষ কি? চারি আর্যমার্গ, চারি শ্রামণ্যফল এবং নির্বাণ – এটা অপ্রণিহিত বিমোক্ষ।

প্রণিহিত প্রতিপ্রশ্রদ্ধি বিমোক্ষ কি? প্রথমধ্যানের প্রতিলাভ বা বিপাক, দ্বিতীয়ধ্যানের .... তৃতীয়ধ্যানের .... চতুর্থধ্যানের .... আকাশানন্ত্যায়তন

Visit: http://www.buddhistdownload.com

সমাপত্তির ...বিজ্ঞানানন্তায়তন সমাপত্তির ... আকিঞ্চনায়তন সমাপত্তির ... এবং নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন সমাপত্তির প্রতিলাভ বা বিপাক – এটা হ প্রণিহিত প্রতিপ্রশ্রদ্ধি বিমোক্ষ।

সংযুক্ত বিমোক্ষ কি? চারি রূপধ্যান ও চারি অরূপ সমাপত্তি – এটা সংযুক্ত বিমোক্ষ।

বিসংযুক্ত বিমোক্ষ কি ? চারি আর্যমাগ, চারি শ্রামণ্যফল এবং নির্বাণ – এটা বিসংযুক্ত বিমোক্ষ।

একত্ব বিমোক্ষ কি? চারি আর্যমার্গ, চারি শ্রামণ্যফল এবং নির্বাণ – এটা একত্ব বিমোক্ষ।

নানাত্ব বিমোক্ষ কি? চারি রূপধ্যান ও চারি অরূপ সমাপত্তি – এটা নানাত্ব বিমোক্ষ।

২১৪। সংজ্ঞা বিমোক্ষ কি? বস্তু ও পর্যায়বশে এক সংজ্ঞাবিমোক্ষ দশ সংজ্ঞা বিমোক্ষ হয়, দশ সংজ্ঞাবিমোক্ষ এক সংজ্ঞাবিমোক্ষ হয়। কিভাবে হয়? অনিত্যানুদর্শন জ্ঞান নিত্যসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। দুঃখানুদর্শন জ্ঞান সুখসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। অনাত্মানুদর্শন জ্ঞান আত্মাসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। নির্বেদানুদর্শন জ্ঞান আনন্দসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। বিরাগানুদর্শন জ্ঞান আসক্তিসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। নিরোধানুদর্শন জ্ঞান সমুদয়সংজ্ঞা থেকে মুক্ত হয়। এটি সংজ্ঞা বিমোক্ষ। পরিত্যাগানুদর্শন জ্ঞান গ্রহণসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। অনিমিতানুদর্শন জ্ঞান নিমিত্তসংজ্ঞা থেকে মুক্ত হয়- এটি সংজ্ঞা বিমোক্ষ। অপ্রণিহিতানুদর্শন জ্ঞান প্রণিধিসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা-বিমোক্ষ। শূন্যতানুদর্শন জ্ঞান অভিনিবেশসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটাও সংজ্ঞা বিমোক্ষ। এরূপে বস্তু ও পর্যায়বশে এক সংজ্ঞা বিমোক্ষ দশ সংজ্ঞা বিমোক্ষ হয় এবং দশ সংজ্ঞা বিমোক্ষ এক সংজ্ঞা বিমোক্ষ হয়।

রূপে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য সংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। রূপে দুঃখানুদর্শন জ্ঞান .. দশ সংজ্ঞা বিমোক্ষ এক সংজ্ঞা বিমোক্ষ হয়।

Visit: http://www.buddhistdownload.com

বেদনায় অনিত্যানুদর্শন জ্ঞান নিত্যসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। বেদনায় দুঃখানুদর্শন জ্ঞান ... দশ সংজ্ঞা বিমোক্ষ এক সংজ্ঞা বিমোক্ষ হয়।

সংজ্ঞায় অনিত্যানুদর্শন জ্ঞান নিত্যসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। সংজ্ঞায় দুঃখানুদর্শন জ্ঞান .... এক সংজ্ঞা বিমোক্ষ হয়।

সংস্কারে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্যসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। সংস্কারে দুঃখানুদর্শন জ্ঞান ... এক সংজ্ঞা বিমোক্ষ হয়।

বিজ্ঞানে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্যসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। বিজ্ঞানে দুঃখানুদর্শন জ্ঞান .... এক সংজ্ঞা বিমোক্ষ হয়।

চক্ষুতে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্যসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। চক্ষুতে দুঃখানুদর্শন জ্ঞান ... এক সংজ্ঞা বিমোক্ষ হয়।

জরা-মরণে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্যসংজ্ঞা থেকে মুক্ত হয়– এটা সংজ্ঞা বিমোক্ষ। জরা-মৃত্যুতে দুঃখানুদর্শন জ্ঞান .... এক সংজ্ঞা বিমোক্ষ হয়। এটা-ই সংজ্ঞা বিমোক্ষ।

২১৫। জ্ঞান বিমোক্ষ কি? বস্তু ও পর্যায়বশে এক জ্ঞান বিমোক্ষ দশ জ্ঞান বিমোক্ষ হয় এবং দশ জ্ঞান বিমোক্ষ এক জ্ঞান বিমোক্ষ হয়। কিভাবে হয়? অনিত্যানুদর্শন যথাভূতজ্ঞান নিত্য, হতবুদ্ধি (সম্মোহ) ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। দুঃখানুদর্শন যথাভূতজ্ঞান সুখ, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। অনাত্মানুদর্শন যথাভূতজ্ঞান আত্মা, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। নির্বেদানুদর্শন যথাভূতজ্ঞান নন্দি (আনন্দ), হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। বিরাগানুদর্শন যথাভূতজ্ঞান আসক্তি, সম্মোহ ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। নিরোধানুদর্শন যথাভুত জ্ঞান সমুদয়, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয় মুক্ত হয়- এটা জ্ঞান বিমোক্ষ। পরিত্যাগানুদর্শন যথাভূতজ্ঞান গ্রহণ, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। অনিমিত্তানুদর্শন যথাভূতজ্ঞান নিমিত্ত, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। অপ্রণিহিতানুদর্শন যথাভূতজ্ঞান প্রণিধি হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান

Visit: http://www.buddhistdownload.com

বিমোক্ষ। শূন্যতানুদর্শন যথাভূতজ্ঞান অভিনিবেশ, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। এরূপে বস্তু ও পর্যায়বশে এক জ্ঞান বিমোক্ষ দশ জ্ঞান বিমোক্ষ হয় এবং দশ জ্ঞান বিমোক্ষ এক জ্ঞান বিমোক্ষ হয়।

রূপে অনিত্যানুদর্শন যথাভূতজ্ঞান নিত্য, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। রূপে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন যথাভূতজ্ঞান ... এক জ্ঞান বিমোক্ষ হয়।

বেদনায় অনিত্যানুদর্শন যথাভূতজ্ঞান নিত্য, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। বেদনায় দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন যথাভূতজ্ঞান ... এক জ্ঞান বিমোক্ষ হয়।

সংজ্ঞায় অনিত্যানুদর্শন যথাভূতজ্ঞান নিত্য, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। সংজ্ঞায় দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন যথাভূতজ্ঞান ... এক জ্ঞান বিমোক্ষ হয়। সংস্কারে অনিত্যানুদর্শন যথাভূত জ্ঞান নিত্য, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। সংস্কারে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন যথাভূত জ্ঞান ... দশ জ্ঞান বিমোক্ষ এক জ্ঞান বিমোক্ষ হয়।

বিজ্ঞানে অনিত্যানুদর্শন যথাভূত জ্ঞান নিত্য, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। বিজ্ঞানে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন যথাভূতজ্ঞান ... এক জ্ঞান বিমোক্ষ হয়

চক্ষুতে অনিত্যানুদর্শন যথাভূত জ্ঞান নিত্য, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। চক্ষুতে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন যথাভূতজ্ঞান ... এক জ্ঞান বিমোক্ষ হয়।

জরা-মরণে অনিত্যানুদর্শন যথাভূত জ্ঞান নিত্য, হতবুদ্ধি ও অজ্ঞান হতে মুক্ত হয়– এটা জ্ঞান বিমোক্ষ। জরা-মৃত্যুতে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন যথাভূতজ্ঞান ... এভাবে বস্তু ও পর্যায়বশে এক জ্ঞান বিমোক্ষ দশ জ্ঞান বিমোক্ষ হয় এবং দশ জ্ঞান বিমোক্ষ এক জ্ঞান বিমোক্ষ হয়। এটা-ই জ্ঞান বিমোক্ষ।

Visit: http://www.buddhistdownload.com

২১৬। শীতল বা শান্তভাব বিমোক্ষ কি? বস্তু ও পর্যায়বশে এক শান্তভাব (শীতলীভাব) বিমোক্ষ দশ শান্তভাব বিমোক্ষ হয় এবং দশ শান্তভাব বিমোক্ষ এক শান্তভাব বিমোক্ষ হয়। কিভাবে হয়? অনিত্যানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান নিত্য, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। দুঃখানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান সুখ, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। অনাত্মানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান আত্মা, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। নির্বেদানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান নন্দি, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। বিরাগানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান আসক্তি, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। নিরোধানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান সমুদয়, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। পরিত্যাগানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান গ্রহণ, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়- এটা শান্তভাব বিমোক্ষ। অনিমিত্তানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান নিমিত্ত, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। অপ্রণিহিতানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান প্রণিধি, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। শূন্যতানুদর্শন অনুত্তর শান্তভাবজ্ঞান অভিনিবেশ, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা ও শান্তভাব বিমোক্ষ। এরূপে বস্তু ও পর্যায়বশে এক শান্তভাব বিমোক্ষ দশ শান্তভাব বিমোক্ষ হয় এবং দশ শান্তভাব বিমোক্ষ এক শান্তভাব বিমোক্ষ হয়।

রূপে অনিত্যানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান নিত্য, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। রূপে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান সুখ ... দশ শান্তভাব বিমোক্ষ এক শান্তভাব বিমোক্ষ হয়।

বেদনায় অনিত্যানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান নিত্য, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়- এটা শান্তভাব বিমোক্ষ। বেদনায় দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান ... দশ শান্তভাব বিমোক্ষ

Visit: http://www.buddhistdownload.com

এক শান্তভাব বিমোক্ষ হয়।

সংজ্ঞায় অনিত্যানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান নিত্য, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত ময়– শান্তভাব বিমোক্ষ। সংজ্ঞায় দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন অনুত্তর শান্তভাবজ্ঞান ... দশ শান্তভাব বিমোক্ষ এক শান্তভাব বিমোক্ষ হয়।

সংস্কারে অনিত্যানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান নিত্য, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাববিমোক্ষ। সংস্কারে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান ... দশ শান্তভাব বিমোক্ষ এক শান্তভাব বিমোক্ষ হয়।

বিজ্ঞানে অনিত্যানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান নিত্য, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। বিজ্ঞানে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান ... দশ শান্তভাব বিমোক্ষ এক শান্তভাব বিমোক্ষ হয়।

চক্ষুতে অনিত্যানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান নিত্য, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। চক্ষুতে দুঃখানুদর্শন...পে... শূন্যতানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান ... দশ শান্তভাব বিমোক্ষ এক শান্তভাব বিমোক্ষ হয়।

জরা-মরণে অনিত্যানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান নিত্য, সন্তাপ, পরিদাহ ও উদ্বেগ হতে মুক্ত হয়– এটা শান্তভাব বিমোক্ষ। জরা-মরণে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন অনুত্তর শান্তভাব জ্ঞান ... দশ শান্তভাব বিমোক্ষ এক শান্তভাব বিমোক্ষ হয়- এটা-ই শান্তভাব বিমোক্ষ।

২১৭। ধ্যান-বিমোক্ষ কি? নৈষ্ক্রম্য অনুশীলন করে অর্থে ধ্যান। কামচ্ছন্দকে দগ্ধ করে বলে ধ্যান। ধ্যান করলে দুঃখ থেকে মুক্ত হয় অর্থে ধ্যান বিমোক্ষ। কামচ্ছন্দকে দগ্ধ করে দুঃখ থেকে মুক্ত হয় বলে ধ্যান-বিমোক্ষ। কুশল ধর্মসমূহকে ধ্যান করে এবং ক্লেশসমূহকে দগ্ধ করে অর্থে ধ্যান। উদ্দীপন এবং দহন উভয়কে জানে অর্থে ধ্যান-বিমোক্ষ। অব্যাপাদ অনুশীলন করে অর্থে ধ্যান। ব্যাপাদকে দগ্ধ করে বলে ধ্যান। ধ্যান করলে ... জানে অর্থে ধ্যান-বিমোক্ষ। আলোক সংজ্ঞা অনুশীলন করে অর্থে ধ্যান।

Visit: http://www.buddhistdownload.com

তন্দ্রালস্যকে দগ্ধ করে বলে ধ্যান। ধ্যান করলে পে ... অবিক্ষেপ অনুশীলন করে অর্থে ধ্যান। চঞ্চলতাকে দগ্ধ করে বলে ধ্যান। ধর্ম বিশ্লেষণ অনুশীলন করে অর্থে ধ্যান। বিচিকিৎসাকে দগ্ধ করে বলে ধ্যান। জ্ঞান অনুশীলন করে অর্থে ধ্যান। অবিদ্যাকে দগ্ধ করে বলে ধ্যান। প্রামোদ্য (আনন্দ) অনুশীলন করে অর্থে ধ্যান। অরতিকে দগ্ধ করে বলে ধ্যান। প্রথমধ্যান অনুশীলন করে অর্থে ধ্যান। নীবরণসমূহকে দগ্ধ করে বলে ধ্যান। দ্বিতীয়ধ্যান অনুশীলন করে অর্থে ধ্যান। বিতর্ক, বিচারকে দগ্ধ করে বলে ধ্যান। তৃতীয়ধ্যান অনুশীলন করে অর্থে ধ্যান। প্রীতিকে দগ্ধ করে বলে ধ্যান। চতুর্থধ্যান অনুশীলন করে অর্থে ধ্যান। সুখ-দুঃখকে দগ্ধ করে বলে ধ্যান। স্রোতাপত্তিমার্গ অনুশীলন করে অর্থে ধ্যান। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ দগ্ধ করে বলে ধ্যান। সকৃদাগামীমার্গ অনুশীলন করে অর্থে ধ্যান। স্থূল ক্লেশসমূহ দগ্ধ করে বলে ধ্যান। অনাগামীমার্গ অনুশীলন করে অর্থে ধ্যান। সূক্ষ্ম ক্লেশসমূহ দগ্ধ করে বলে ধ্যান। অরহত্বমার্গ অনুশীলন করে অর্থে ধ্যান। সর্ব ক্লেশকে দগ্ধ করে বলে ধ্যান। ধ্যান করলে মুক্ত হয় অর্থে ধ্যান-বিমোক্ষ। সর্ব ক্লেশ দগ্ধ করে দুঃখ থেকে মুক্ত হয় বলে ধ্যান-বিমোক্ষ। কুশল ধর্মসমূহকে ধ্যান করে এবং ক্লেশসমূহকে দগ্ধ করে অর্থে ধ্যান। উদ্দীপন এবং দহন উভয়কে জানে অর্থে ধ্যান বিমোক্ষ। এটা-ই ধ্যান বিমোক্ষ।

২১৮। উপাদান বিহীন বা অনাসক্ত চিত্তের বিমোক্ষ কি? বস্তু ও পর্যায়বশে এক অনাসক্ত চিত্তের বিমোক্ষ দশ অনাসক্ত চিত্তের বিমোক্ষ হয় এবং দশ অনাসক্ত চিত্তের বিমোক্ষ এক অনাসক্ত চিত্তের বিমোক্ষ হয় কিভাবে? অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য উপাদান (আসক্তি) হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। দুঃখানুদর্শন জ্ঞান সুখ উপাদান হতে মুক্ত হয়- এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। অনাত্মানুদর্শন জ্ঞান আত্মা উপাদান হতে মুক্ত হয়- এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। নির্বেদানুদর্শন জ্ঞান নন্দি (আনন্দ) উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। বিরাগানুদর্শন জ্ঞান আসক্তি উপাদান হতে মুক্ত হয়- এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। নিরোধানুদর্শন জ্ঞান সমুদয় উপাদান হতে মুক্ত হয়– এটা

Visit: http://www.buddhistdownload.com

অনাসক্ত চিত্তের বিমোক্ষ। পরিত্যাগানুদর্শন জ্ঞান গ্রহণ উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। অনিমিত্তানুদর্শন জ্ঞান নিমিত্ত উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। অপ্রণিহিতানুদর্শন জ্ঞান প্রণিধি উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। শূন্যতানুদর্শন জ্ঞান অভিনিবেশ উপাদান হতে মুক্ত হয়- এটাও অনাসক্ত চিত্তের বিমোক্ষ। এরূপে বস্তু ও পর্যায়বশে এক অনাসক্ত চিত্তের বিমোক্ষ দশ অনাসক্ত চিত্তের বিমোক্ষ হয় এবং দশ অনাসক্ত চিত্তের বিমোক্ষ এক অনাসক্ত চিত্তের বিমোক্ষ হয়।

রূপে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। রূপে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন জ্ঞান সুখ উপাদান .... এক অনাসক্ত চিত্তের বিমোক্ষ হয়।

বেদনায় অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। বেদনায় দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন জ্ঞান সুখ উপাদান .... অনাসক্ত চিত্তের বিমোক্ষ।

সংজ্ঞায় অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। সংজ্ঞায় দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন জ্ঞান সুখ উপাদান .... এক অনাসক্ত চিত্তের বিমোক্ষ হয়।

সংস্কারে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। সংস্কারে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন জ্ঞান সুখ উপাদান .... এক অনাসক্ত চিত্তের বিমোক্ষ হয়।

বিজ্ঞানে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। বিজ্ঞানে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন জ্ঞান সুখ উপাদান .... এক অনাসক্ত চিত্তের বিমোক্ষ হয়।

চক্ষুতে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। চক্ষুতে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন জ্ঞান সুখ উপাদান .... এক অনাসক্ত চিত্তের বিমোক্ষ হয়।

জরা-মরণে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য উপাদান হতে মুক্ত হয়– এটা অনাসক্ত চিত্তের বিমোক্ষ। জরা-মরণে দুঃখানুদর্শন ...পে... শূন্যতানুদর্শন

Visit: http://www.buddhistdownload.com

জ্ঞান সুখ উপাদান .... এক অনাসক্ত চিত্তের বিমোক্ষ হয়।

অনিত্যানুদর্শন জ্ঞান কয়টি উপাদান হতে মুক্ত হয়? দুঃখানুদর্শন জ্ঞান কয়টি উপাদান হতে মুক্ত হয়? অনাত্মানুদর্শন জ্ঞান কয়টি উপাদান হতে মুক্ত হয়? নির্বেদানুদর্শন জ্ঞান কয়টি উপাদান হতে মুক্ত হয়? বিরাগানুদর্শন জ্ঞান কয়টি উপাদান হতে মুক্ত হয়? নিরোধানুদর্শন জ্ঞান কয়টি উপাদান হতে মুক্ত হয়? পরিত্যাগানুদর্শন জ্ঞান কয়টি উপাদান হতে মুক্ত হয়? অনিমিত্তানুদর্শন জ্ঞান কয়টি উপাদান হতে মুক্ত হয়? অপ্রণিহিতানুদর্শন জ্ঞান কয়টি উপাদান হতে মুক্ত হয়? শূন্যতানুদর্শন জ্ঞান কয়টি উপাদান হতে মুক্ত হয়?

অনিত্যানুদর্শন জ্ঞান ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়। দুঃখানুদর্শন জ্ঞান এক উপাদান হতে মুক্ত হয়। অনাত্মানুদর্শন জ্ঞান ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়। নির্বেদানুদর্শন জ্ঞান এক উপাদান হতে মুক্ত হয়। বিরাগানুদর্শন এক উপাদান হতে মুক্ত হয়। নিরোধানুদর্শন জ্ঞান চারি উপাদান হতে মুক্ত হয়। পরিত্যাগানুদর্শন জ্ঞান চারি উপাদান হতে মুক্ত হয়। অনিমিত্তানুদর্শন জ্ঞান ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়। অপ্রণিহিতানুদর্শন জ্ঞান একুপাদান হতে মুক্ত হয়। শূন্যতানুদর্শন জ্ঞান ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়।

অনিত্যানুদর্শন জ্ঞান কোন্ তিন প্রকার উপাদান হতে মুক্ত হয়? দৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান, আত্মবাদ উপাদান- অনিত্যানুদর্শন জ্ঞান এই ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়। দুঃখানুদর্শন জ্ঞান কোন্ একুপাদান হতে মুক্ত হয়? কাম উপাদান– দুঃখানুদর্শন জ্ঞান এই একুপাদান হতে মুক্ত হয়। অনাত্মানুদর্শন জ্ঞান কোন্ ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়? দৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান, আত্মবাদ উপাদান– অনাত্মানুদর্শন জ্ঞান এই ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়। নির্বেদানুদর্শন জ্ঞান কোন্ একুপাদান হতে মুক্ত হয়? কাম উপাদান– নির্বেদানুদর্শন জ্ঞান এই একুপাদান হতে মুক্ত হয়। বিরাগানুদর্শন জ্ঞান কোন্ একুপাদান হতে মুক্ত হয়? কাম উপাদান– বিরাগানুদর্শন জ্ঞান এই একুপাদান হতে মুক্ত হয়। নিরোধানুদর্শন জ্ঞান কোন্ চারি উপাদান হতে মুক্ত হয়? কাম উপাদান, দৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান, আত্মবাদ উপাদান– নিরোধানুদর্শন জ্ঞান এই চারি উপাদান হতে

Visit: http://www.buddhistdownload.com

মুক্ত হয়। পরিত্যাগানুদর্শন জ্ঞান কোন্ চারি উপাদান হতে মুক্ত হয়? কাম উপাদান, দৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান, আত্মবাদ উপাদান– পরিত্যাগানুদর্শন জ্ঞান এই চারি উপাদান হতে মুক্ত হয়। অনিমিত্তানুদর্শন জ্ঞান কোন্ ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়? দৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান, আত্মবাদ উপাদান– অনিমিত্তানুদর্শন জ্ঞান এই ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়। অপ্রণিহিতানুদর্শন জ্ঞান কোন্ একুপাদান হতে মুক্ত হয়? কামোপাদান– অপ্রণিহিতানুদর্শন জ্ঞান এই একটি উপাদান হতে মুক্ত হয়? শূন্যতানুদর্শন জ্ঞান কোন্ ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়? দৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান, আত্মবাদ উপাদান- শূন্যতানুদর্শন জ্ঞান এই ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়।

অনিত্যানুদর্শন জ্ঞান, অনাত্মানুদর্শন জ্ঞান, অনিমিত্তানুদর্শন জ্ঞান, শূন্যতানুদর্শন জ্ঞান- এই চারি জ্ঞান ত্রিবিধ উপাদান হতে মুক্ত হয়, যথা- দৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান, আত্মবাদ উপাদান। দুঃখানুদর্শন জ্ঞান, নির্বেধানুদর্শন জ্ঞান, বিরাগানুদর্শন জ্ঞান ও অপ্রণিহিতানুদর্শন জ্ঞান- এই চতুর্বিধ জ্ঞান একটি উপাদান হতে মুক্ত হয়, যথা- কামোপাদান। নিরোধানুদর্শন জ্ঞান, পরিত্যাগানুদর্শন জ্ঞান-এই দ্বিবিধ জ্ঞান চারি উপাদান হতে মুক্ত হয়, যথা– কাম উপাদান, দৃষ্টি উপাদান, শীলব্রত উপাদান ও আত্মবাদ উপাদান। এটা-ই অনাসক্ত চিত্তের বিমোক্ষ।

বিমোক্ষ কথার প্রথম পরিচ্ছেদ সমাপ্ত।

২১৯। এই তিন প্রকার বিমোক্ষ-মুখ; যা লোক-মুক্তির জন্য সংবর্তিত হয়। সব সংস্কারে সীমাবদ্ধ পরিচ্ছেদ দ্বারা আকারে পর্যবেক্ষণ দ্বারা এবং অনিমিত্ত, ধাতুর জন্যে চিত্তের উচ্চাকাঙ্ক্ষা দ্বারা, সর্ব সংস্কারে মনকে সমুত্তেজিত করতে, অপ্রণিহিত ধাতু এবং চিত্তের উচ্চাকাঙ্ক্ষার দ্বারা, সর্ব ধর্মে অধিকতর পর্যবেক্ষণ শূন্যতা ধাতুর জন্যে চিত্তের উচ্চ আকাঙ্ক্ষার দ্বারা; এই ত্রিবিধ আকারে বিমোক্ষ-মুখ; যা লোক-মুক্তির জন্য সংবর্তিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

অনিত্যরূপে মনোনিবেশকালে কিরূপে সংস্কারসমূহ উপস্থিত হয়? দুঃখরূপে মনোনিবেশকালে কিরূপে সংস্কারসমূহ উপস্থিত হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে কিরূপে সংস্কারসমূহ উপস্থিত হয়? অনিত্যরূপে মনোনিবেশকালে ক্ষয়রূপে সংস্কারসমূহ উপস্থিত হয়, দুঃখরূপে মনোনিবেশকালে ভয়রূপে সংস্কারসমূহ উপস্থিত হয় এবং অনাত্মরূপে মনোনিবেশকালে শূন্যরূপে সংস্কারসমূহ উপস্থিত হয়।

অনিত্যরূপে মনোনিবেশকালে চিত্ত কি বহুল হয়? দুঃখরূপে মনোনিবেশকালে চিত্ত কি বহুল হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে চিত্ত কি বহুল হয়? অনিত্যরূপে মনোনিবেশকালে চিত্ত অধিমোক্ষ-বহুল হয়। দুঃখরূপে মনোনিবেশকালে চিত্ত প্রশ্রদ্ধি-বহুল হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে চিত্ত বেদ-বহুল হয়।

অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুল কি ইন্দ্রিয় প্রতিলাভ হয়? দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুল কি ইন্দ্রিয় প্রতিলাভ হয়? অনাত্মারূপে মনোনিবেশকালে বেদ-বহুল কি ইন্দ্রিয় প্রতিলাভ হয়? অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুল শ্রদ্ধেন্দ্রিয় প্রতিলাভ হয়। দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুল সমাধীন্দ্রিয় প্রতিলাভ হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে বেদ-বহুল প্রজ্ঞেন্দ্রিয় প্রতিলাভ হয়।

অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহলের কি ইন্দ্রিয় আধিপত্য হয়? ভাবনায় কয়টি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয় এক রস হয়? কোন্ অর্থে ভাবনা? এবং কে ভাবনা করে? দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুলের কি ইন্দ্রিয় আধিপত্য হয়, ...? এবং কে ভাবনা করে? অনাত্মরূপে মনোনিবেশকালে বেদ-বহুলের কি ইন্দ্রিয় আধিপত্য হয় ... ? এবং কে ভাবনা করে? অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুলের শ্রদ্ধেন্দ্রিয় আধিপত্য হয়। ভাবনায় চারি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয় একরস হয়। এক রসার্থে ভাবনা। যে সম্যক প্রতিপন্ন সে ভাবনা করে; মিথ্যায় প্রতিপন্নের ইন্দ্রিয় ভাবনা নেই। দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুলের

Visit: http://www.buddhistdownload.com

সমাধীন্দ্রিয় আধিপত্য হয়। ভাবনায় ... ইন্দ্রিয় ভাবনা নেই। অনাত্মরূপে মনোনিবেশকালে বেদ-বহুলের প্রজ্ঞেন্দ্রিয় আধিপত্য হয়। ভাবনায় ... ইন্দ্রিয় ভাবনা নেই।

২২০। অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুলের কি ইন্দ্রিয় আধিপত্য হয়? ভাবনায় কয়টি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়? প্রতিবেধকালে কি ইন্দ্রিয় আধিপত্য হয়? প্রতিবেধে কয়টি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয় ও একরস হয়? কোন্ অর্থে ভাবনা? কোন্ অর্থে প্রতিবেধ? দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুলের কি ইন্দ্রিয় আধিপত্য হয়? ভাবনায় ... কোন্ অর্থে প্রতিবেধ? অনাত্মরূপে মনোনিবেশকালে বেদ-বহুলের কি ইন্দ্রিয় আধিপত্য হয়? ভাবনায় ... কোন্ অর্থে প্রতিবেধ?

অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুলের শ্রদ্ধেন্দ্রিয় আধিপত্য হয়। ভাবনায় চারি ইন্দ্রিয় তদসাদৃশ্য বা তদনুরূপ সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিবেধকালে প্রজ্ঞেন্দ্রিয় আধিপত্য হয়। প্রতিবেধে চারি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয় ও একরস হয়। একরসার্থে ভাবনা। দর্শনার্থে প্রতিবেধ। এরূপে প্রতিবিদ্ধকালে ভাষিত হয়, ভাবিতকালে প্রতিবিদ্ধ হয়। দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুলের সমাধীন্দ্রিয় আধিপত্য হয়। ভাবনায় চারি ইন্দ্রিয় .... ভাবিতকালে প্রতিবিদ্ধ হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে বেদবহুলীর প্রজ্ঞেন্দ্রিয় আধিপত্য হয়। ভাবনায় চারি ইন্দ্রিয় ... ভাবিতকালে প্রতিবিদ্ধ হয়।

২২১। অনিত্যরূপে মনোনিবেশকালে কোন্ ইন্দ্রিয় অভিবৃদ্ধি হয়? কোন্ ইন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে শ্রদ্ধাবিমুক্ত হয়? দুঃখরূপে মনোনিবেশকালে কোন্ ইন্দ্রিয় অভিবৃদ্ধি কোন্ ইন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে কায়সাক্ষী (বা কায় প্রত্যক্ষকারী) হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে কোন্ ইন্দ্রিয় অভিবৃদ্ধি হয়? কোন্ ইন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে দৃষ্টিপ্রাপ্ত হয়? অনিত্যরূপে

Visit: http://www.buddhistdownload.com

মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে শ্রদ্ধাবিমুক্ত হয়। দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। সমাধি ইন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে কায়সাক্ষী হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে দৃষ্টিপ্রাপ্ত হয়।

শ্রদ্ধাকালে বিমুক্ত হয়- এটা শ্রদ্ধাবিমুক্ত। স্পর্শকালে অনুভূতি হয়– এটা কায়সাক্ষী। দৃষ্টকালে চক্ষু ইন্দ্রিয় পথে প্রাপ্ত (বা দৃষ্টিগোচর) হয়- এটা দৃষ্টিপ্রাপ্ত। শ্রদ্ধাকালে বিমুক্ত হয়– এটা শ্রদ্ধাবিমুক্ত। প্রথমে ধ্যানস্পর্শ স্পর্শিত হয়, পরে নিরোধ নির্বাণ সাক্ষাৎ করে– এটা কায়সাক্ষী। "সংস্কারসমূহ দুঃখ, তা নিরোধই সুখ" এটা জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত, স্পর্শিত ও উপলব্ধি হয়– এটা দৃষ্টিপ্রাপ্ত। শ্রদ্ধাবিমুক্ত কায়সাক্ষী ও দৃষ্টিপ্রাপ্ত এই তিন প্রকার পুদগল এরূপ বস্তু এবং পর্যায়বশে শ্রদ্ধাবিমুক্ত, কায়সাক্ষী ও দৃষ্টিপ্রাপ্ত হয়ে থাকে। কিরূপে হয়ে থাকে? অনিত্যরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে শ্রদ্ধাবিমুক্ত হয়। দুঃখরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে শ্রদ্ধাবিমুক্ত হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে শ্রদ্ধাবিমুক্ত হয়। এভাবে এই ত্রিবিধ পুদ্গল শ্রদ্ধেন্দ্রিয়বশে শ্রদ্ধাবিমুক্ত হয়।

দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে কায়সাক্ষী হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে কায়সাক্ষী হয়। অনিত্যরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে কায়সাক্ষী হয়। এভাবে এই ত্রিবিধ পুদ্গল সমাধীন্দ্রিয়বশে কায়সাক্ষী হয়।

অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে দৃষ্টিপ্রাপ্ত হয়। অনিত্যরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে দৃষ্টিপ্রাপ্ত হয়। দুঃখরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধিতে দৃষ্টিপ্রাপ্ত হয়। এভাবে এই ত্রিবিধ পুদ্গল প্রজ্ঞেন্দ্রিয়বশে দৃষ্টিপ্রাপ্ত হয়।

Visit: http://www.buddhistdownload.com

যেই পুদ্গল শ্রদ্ধাবিমুক্ত, কায়সাক্ষী ও দৃষ্টিপ্রাপ্ত এই তিন প্রকার পুদগল এরূপে বস্তু ও পর্যায়বশে শ্রদ্ধাবিমুক্ত, কায়সাক্ষী এবং দৃষ্টিপ্রাপ্ত হয়ে থাকে। শ্রদ্ধাবিমুক্ত ভিন্ন, কায়সাক্ষী ভিন্ন আর দৃষ্টিপ্রাপ্তও ভিন্ন। কিরূপ ভিন্ন? অনিত্যরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে শ্রদ্ধাবিমুক্ত হয়। দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে কায়সাক্ষী হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়। প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে দৃষ্টিপ্রাপ্ত হয়। শ্রদ্ধাবিমুক্ত, কায়সাক্ষী ও দৃষ্টিপ্রাপ্ত এই ত্রিবিধ পুদগল এরূপে বস্তু ও পর্যায়বশে এই শ্রদ্ধাবিমুক্ত, কায়সাক্ষী ও দৃষ্টিপ্রাপ্ত হয়ে থাকে। শ্রদ্ধাবিমুক্ত ভিন্ন, কায়সাক্ষী ভিন্ন এবং দৃষ্টিপ্রাপ্তও ভিন্ন।

অনিত্যরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে স্রোতাপত্তিমার্গ প্রতিলাভ হয়, সেজন্য বলা হয়, "শ্রদ্ধানুসারী"। চারি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। শ্রদ্ধেন্দ্রিয়বশে চতুর্বিধ ইন্দ্রিয়ের ভাবনা হয়। কেউ যদি শ্রদ্ধেন্দ্রিয়বশে স্রোতাপত্তিমার্গ প্রতিলাভ করে থাকেন, তাঁরা সবে শ্রদ্ধানুসারী।

অনিত্যরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে স্রোতাপত্তিফল সাক্ষাৎ হয়, সেজন্য বলা হয়, "শ্রদ্ধাবিমুক্ত"। চারি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পকি প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। শ্রদ্ধেন্দ্রিয়বশে চতুর্বিধ ইন্দ্রিয় ভাবিত ও সুভাবিত হয়। কেউ যদি শ্রদ্ধেন্দ্রিয়বশে স্রোতাপত্তিফল সাক্ষাৎ করে থাকেন, তাঁরা সবে শ্রদ্ধাবিমুক্ত।

অনিত্যরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে সকৃদাগামীমার্গ প্রতিলাভ হয়, ... তাঁরা সবে শ্রদ্ধানুসারী।

অনিত্যরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে সকৃদাগামীফল সাক্ষাৎ হয়, ... তাঁরা সবে শ্রদ্ধাবিমুক্ত।

অনিত্যরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অনাগামীমার্গ প্রতিলাভ হয়,.... তাঁরা সবে শ্রদ্ধানুসারী।

Visit: http://www.buddhistdownload.com

অনিত্যরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অনাগামীফল সাক্ষাৎ হয়, ... তাঁরা সবে শ্রদ্ধাবিমুক্ত।

অনিত্যরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অরহত্বমার্গ প্রতিলাভ হয়, ... তাঁরা সবে শ্রদ্ধানুসারী।

অনিত্যরূপে মনোনিবেশকালে শ্রদ্ধেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, শ্রদ্ধেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অরহত্বফল সাক্ষাৎ হয়, ... তাঁরা সবে শ্রদ্ধাবিমুক্ত।

দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে স্রোতাপত্তিমার্গ প্রতিলাভ হয়, সেজন্য বলা হয়, "কায়সাক্ষী"। চারি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয়, প্রত্যয় ও সম্পযুক্ত প্রত্যয় হয়। সমাধীন্দ্রিয়বশে চতুর্বিধ ইন্দ্রিয়ের ভাবনা হয়। কেউ যদি সমাধীন্দ্রিয়বশে স্রোতাপত্তিমার্গ প্রতিলাভ করে থাকেন, তাঁরা সবে কায়সাক্ষী।

দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে স্রোতাপত্তিফল সাক্ষাৎ হয়, সেজন্য বলা হয়, "কায়সাক্ষী"। চারি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয়, প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। সমাধীন্দ্রিয়বশে চতুর্বিধ ইন্দ্রিয় ভাবিত ও সুভাবিত হয়। কেউ যদি সমাধীন্দ্রিয়বেশ স্রোতাপত্তিফল সাক্ষাৎ করে থাকেন, তাঁরা সবে কায়সাক্ষী।

দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে সকৃদাগামীমার্গ প্রতিলাভ হয়, ... তাঁরা সবে কায়সাক্ষী।

দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে সকৃদাগামীফল সাক্ষাৎ হয়, ... তাঁরা সবে কায়সাক্ষী।

দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অনাগামীমার্গ প্রতিলাভ হয়, ... তাঁরা সবে কায়সাক্ষী।

দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অনাগামীফল সাক্ষাৎ হয়, ... তাঁরা সবে কায়সাক্ষী।

দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অরহত্বমার্গ প্রতিলাভ হয়, ... তাঁরা সবে কায়সাক্ষী।

Visit: http://www.buddhistdownload.com

দুঃখরূপে মনোনিবেশকালে সমাধীন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, সমাধীন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অরহত্বফল সাক্ষাৎ হয়, ... তাঁরা সবে কায়সাক্ষী।

অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে স্রোতাপত্তিমার্গ প্রতিলাভ হয়, সেজন্য বলা হয়, "ধর্মানুসারী"। চারি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রজ্ঞেন্দ্রিয়বশে চতুর্বিধ ইন্দ্রিয়ের ভাবনা হয়। কেউ যদি প্রজ্ঞেন্দ্রিয়বশে স্রোতাপত্তিমার্গ প্রতিলাভ করে থাকেন, তাঁরা সবে ধর্মানুসারী।

অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে স্রোতাপত্তিফল সাক্ষাৎ হয়, সেজন্য বলা হয়, "দৃষ্টিপ্রাপ্ত"। চারি ইন্দ্রিয় তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রজ্ঞেন্দ্রিয়বশে চতুর্বিধ ইন্দ্রিয় ভাবিত ও সুভাষিত হয়। কেউ যদি প্রজ্ঞেন্দ্রিয়বশে স্রোতাপত্তিফল সাক্ষাৎ করে থাকেন, তাঁরা সবে দৃষ্টিপ্রাপ্ত।

অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে সকৃদাগামীমার্গ প্রতিলাভ হয়, ... তাঁরা সবে ধর্মানুসারী।

অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে সকৃদাগামীফল সাক্ষাৎ হয়, ... তাঁরা সবে দৃষ্টিপ্রাপ্ত।

অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অনাগামীমার্গ প্রতিলাভ হয়, ... তাঁরা সবে ধর্মানুসারী।

অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অনাগামীফল সাক্ষাৎ হয়, ... তাঁরা সবে দৃষ্টিপ্রাপ্ত।

অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অরহত্বমার্গ প্রতিলাভ হয়, ... তাঁরা সবে ধর্মানুসারী।

অনাত্মরূপে মনোনিবেশকালে প্রজ্ঞেন্দ্রিয় অভিবৃদ্ধি হয়, প্রজ্ঞেন্দ্রিয়ের অভিবৃদ্ধি হলে অরহত্বফল সাক্ষাৎ হয়, ... তাঁরা সবে দৃষ্টিপ্রাপ্ত।

২২২। যাদের নৈষ্ক্রম্য ভাবিত হয়েছে বা ভাবিত হচ্ছে বা ভাবিত হবে; অধিগত হয়েছে বা অধিগত হচ্ছে বা অধিগত হবে; অর্জিত হয়েছে

Visit: http://www.buddhistdownload.com

বা অর্জিত হচ্ছে বা অর্জিত হবে; প্রতিলাভ হয়েছে বা প্রতিলাভ হচ্ছে বা প্রতিলাভ হবে; প্রতিবিদ্ধ হয়েছে বা প্রতিবিদ্ধ হচ্ছে বা প্রতিবিদ্ধ হবে; সাক্ষাৎ হয়েছে বা সাক্ষাৎ হচ্ছে বা সাক্ষাৎ হবে; স্পর্শ হয়েছে বা স্পর্শ হচ্ছে বা স্পর্শ হবে; বশীপ্রাপ্ত হয়েছে বা বশীপ্রাপ্ত হচ্ছে বা বশীপ্রাপ্ত হবে; পূর্ণতা লাভ হয়েছে বা পূর্ণতা লাভ হচ্ছে বা পূর্ণতা লাভ হবে এবং বৈশারদ্য লাভ হয়েছে বা বৈশারদ্য লাভ হচ্ছে বা বৈশারদ্য লাভ হবে, তাঁরা সবে শ্রদ্ধেন্দ্রিয়বশে শ্রদ্ধাবিমুক্ত, সমাধীন্দ্রিয়বশে কায়সাক্ষী ও প্রজ্ঞেন্দ্রিয়বশে দৃষ্টিপ্রাপ্ত।

যাদের অব্যাপাদ ভাবিত হয়েছে বা ... পে ... আলোকসংজ্ঞা ...অবিক্ষেপ ... ধর্মবিশ্লেষণ .... জ্ঞান ... প্রামোদ্য বা আনন্দ ... প্রথমধ্যান .... দ্বিতীয়ধ্যান ... তৃতীয়ধ্যান ... চতুর্থধ্যান ... আকাশায়তন সমাপত্তি ... বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি ...আকিঞ্চনায়তন সমাপত্তি ... নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন সমাপত্তি ... অনিত্যানুদর্শন ... দুঃখানুদর্শন ... অনাত্মানুদর্শন ... নির্বেদানুদর্শন ... বিরাগানুদর্শন ... নিরোধানুদর্শন ... পরিত্যাগানুদর্শন ...ক্ষয়ানুদর্শন ... ব্যয়ানুদর্শন ... বিপরিণামানুদর্শন ... অনিমিত্তানুদর্শন ... অপ্রণিহিতানুদর্শন .... শূন্যতানুদর্শন ... অধিপ্রজ্ঞা-ধর্মবিদর্শন যথাভূত জ্ঞানদর্শন ... আদীনবানুদর্শন ... মনোযোগানুদর্শন ... বিবর্তনানুদর্শন ... স্রোতাপত্তিমার্গ ... সকৃদাগমাগীমার্গ ...অনাগামীমার্গ ... অরহত্বমার্গ ... প্রজ্ঞেন্দ্রিয়বশে দৃষ্টিপ্রাপ্ত।

যাদের চারি স্মৃতিপ্রস্থান ... চারি সম্যকপ্রধান ... চারি ঋদ্ধিপাদ ... পঞ্চেন্দ্রিয় ... পঞ্চবল ... সপ্তবোধ্যঙ্গ ... আর্য অষ্টাঙ্গিকে মার্গ ... অষ্ট বিমোক্ষ ভাবিত হয়েছে বা ... তাঁরা সবে শ্রদ্ধেন্দ্রিয়বশে শ্রদ্ধাবিমুক্ত, সমাধীন্দ্রিয়বেশ কায়সাক্ষী ও প্রজ্ঞেন্দ্রিয়বশে দৃষ্টিপ্রাপ্ত।

যাদের চারি প্রতিসম্ভিদা অর্জিত হয়েছে বা অর্জিত হচ্ছে বা অর্জিত হবে ... ও প্রজ্ঞেন্দ্রিয়বশে দৃষ্টিপ্রাপ্ত।

যাদের ত্রিবিদ্যা প্রতিবিদ্ধ হয়েছে বা প্রতিবিদ্ধ হচ্ছে বা প্রতিবিদ্ধ হবে ... সমাধীন্দ্রিয়বশে কায়সাক্ষী ও প্রজ্ঞেন্দ্রিয়বশে দৃষ্টিপ্রাপ্ত।

যারা ত্রিবিধ শিক্ষা, শিক্ষা করেছে বা শিক্ষা করছে বা শিক্ষা করবে;

Visit: http://www.buddhistdownload.com

সাক্ষাৎ করেছে বা সাক্ষাৎ করছে বা সাক্ষাৎ করবে; স্পর্শ করেছে বা স্পর্শ করছে বা স্পর্শ করবে; বশীপ্রাপ্ত করেছে বা বশীপ্রাপ্ত করছে বা বশীপ্রাপ্ত করবে; পূর্ণতা লাভ করেছে বা পূর্ণতা লাভ করছে বা পূর্ণতা লাভ করবে এবং বৈশারদ্য লাভ করেছে বা বৈশারদ্য লাভ করছে বা বৈশারদ্য লাভ করবে, তাঁরা সবে শ্রদ্ধেন্দ্রিয়বশে শ্রদ্ধাবিমুক্ত, সমাধীন্দ্রিয়বশে কায়সাক্ষী ও প্রজ্ঞেন্দ্রিয়বশে দৃষ্টিপ্রাপ্ত।

যারা দুঃখকে পরিজ্ঞাত করছে, সমুদয়কে পরিত্যাগ করছে, নিরোধকে সাক্ষাৎ করছে এবং মার্গকে ভাবনা করছে, তাঁরা সবে শ্রদ্ধেন্দ্রিয়বশে শ্রদ্ধাবিমুক্ত, সমাধীন্দ্রিয়বশে কায়সাক্ষী ও প্রজ্ঞেন্দ্রিয়বশে দৃষ্টিপ্রাপ্ত।

কয় প্রকারে সত্য প্রতিবেধ হয়? কয় প্রকারে সত্যসমূহ প্রতিবিদ্ধ করে? চার প্রকারে সত্য প্রতিবেধ হয়। চার প্রকারে সত্যসমূহ প্রতিবিদ্ধ করে। দুঃখসত্য পরিজ্ঞান-প্রতিবেধকে প্রতিবিদ্ধ করে, সমুদয় সত্য প্রহান-প্রতিবেধকে প্রতিবিদ্ধ করে, নিরোধ সত্য সাক্ষাৎকরণ-প্রতিবেধকে প্রতিবিদ্ধ করে এবং মার্গ সত্য ভাবনা প্রতিবেধকে প্রতিবিদ্ধ করে। এই চার প্রকারে সত্য প্রতিবেধ হয়। এ চার প্রকারে সত্যসমূহ প্রতিবিদ্ধ করলে শ্রদ্ধেন্দ্রিয়বশে শ্রদ্ধাবিমুক্ত, সমাধীন্দ্রিয়বশে কায়সাক্ষী এবং প্রজ্ঞেন্দ্রিয়বশে দৃষ্টিপ্রাপ্ত হয়।

কয় প্রকারে সত্য প্রতিবেধ হয়? কয় প্রকারে সত্যসমূহ প্রতিবিদ্ধ করে? নয় প্রকারে সত্য প্রতিবেধ হয় এবং নয় প্রকারে সত্যসমূহ প্রতিবিদ্ধ করে। দুঃখসত্য পরিজ্ঞান-প্রতিবেধকে প্রতিবিদ্ধ করে, সমুদয়সত্য প্রহান-প্রতিবেধকে প্রতিবিদ্ধ করে, নিরোধসত্য সাক্ষাৎকরণ-প্রতিবেধকে প্রতিবিদ্ধ করে, মার্গসত্য ভাবনা-প্রতিবেধকে প্রতিবিদ্ধ করে। সব ধর্মের অভিজ্ঞা-প্রতিবেধ, সব সংস্কারের পরিজ্ঞান-প্রতিবেধ, সব কুশলের প্রহান-প্রতিবেধ, চারি মার্গের ভাবনা-প্রতিবেধ, নিরোধের সাক্ষাৎকরণ-প্রতিবেধ। এই নয় প্রকারে সত্য প্রতিবেধ হয়। এই নয় প্রকারে সত্যসমূহ প্রতিবিদ্ধকালে শ্রদ্ধেন্দ্রিয়বশে শ্রদ্ধাবিমুক্ত, সমাধীন্দ্রিয়বশে কায়সাক্ষী এবং প্রজ্ঞেন্দ্রিয়বশে দৃষ্টিপ্রাপ্ত হয়।

দ্বিতীয় পরিচ্ছেদ সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

২২৩। অনিত্যরূপে মনোনিবেশকালে কিভাবে সংস্কারসমূহ উপস্থিত হয়? দুঃখরূপে মনোনিবেশকালে কিভাবে সংস্কারসমূহ উপস্থিত হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে কিভাবে সংস্কারসমূহ উপস্থিত হয়? অনিত্যরূপে মনোনিবেশকালে ক্ষয়রূপে সংস্কারসমূহ উপস্থিত হয়। দুঃখরূপে মনোনিবেশকালে ভয়রূপে সংস্কারসমূহ উপস্থিত হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে শূন্যরূপে সংস্কারসমূহ উপস্থিত হয়।

অনিত্যরূপে মনোনিবেশকালে চিত্ত কি বহুল হয়? দুঃখরূপে মনোনিবেশকালে চিত্ত কি বহুল হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে চিত্ত কি বহুল হয়? অনিত্যরূপে মনোনিবেশকালে চিত্ত অধিমোক্ষ-বহুল হয়। দুঃখরূপে মনোনিবেশকালে চিত্ত প্রশ্রদ্ধি-বহুল হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে চিত্ত বেদ-বহুল হয়।

অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুল কোন্ বিমোক্ষ প্রতিলাভ হয়? দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুল কোন্ বিমোক্ষ প্রতিলাভ হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে বেদ-বহুল কোন্ বিমোক্ষ প্রতিলাভ হয়? অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুল অনিমিত্ত বিমোক্ষ প্রতিলাভ হয়। দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুল অপ্রণিহিত বিমোক্ষ প্রতিলাভ হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে বেদ-বহুল শূন্যতা বিমোক্ষ প্রতিলাভ হয়।

২২৪। অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুলের কোন্ বিমোক্ষ আধিপত্য হয়? ভাবনায় কয়টি বিমোক্ষ তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয়, প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয় ও একরস হয়? কোন্ অর্থে ভাবনা? এবং কে ভাবনা করে? দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুলের কোন্ বিমোক্ষ আধিপত্য হয়, ...? এবং কে ভাবনা করে? অনাত্মরূপে মনোনিবেশকালে বেদ-বহুলের কোন্ বিমোক্ষ আধিপত্য হয়, ... এবং কে ভাবনা করে?

অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুলের অনিমিত্ত বিমোক্ষ আধিপত্য হয়। ভাবনায় দ্বিবিধ বিমোক্ষ তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয় ও একরস হয়।

Visit: http://www.buddhistdownload.com

একরসার্থে ভাবনা। যে সম্যক প্রতিপন্ন সে ভাবনা করে, মিথ্যায় প্রতিপন্নের বিমোক্ষ ভাবনা নেই। দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুলের অপ্রণিহিত বিমোক্ষ আধিপত্য হয়। .... বিমোক্ষ ভাবনা নেই। অনাত্মরূপে মনোনিবেশকালে বেদ-বহুলের শূন্যতা বিমোক্ষ আধিপত্য হয়। .... বিমোক্ষ ভাবনা নেই।

অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুলের কোন্ বিমোক্ষ আধিপত্য হয়? ভাবনায় কয়টি বিমোক্ষ তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয় ও একরস হয়? প্রতিবেধকালে কোন্ বিমোক্ষ আধিপত্য হয়? প্রতিবেধ কয়টি বিমোক্ষ তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয় ও একরস হয়? কোন্ অর্থে ভাবনা? কোন্ অর্থে প্রতিবেধ? দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুলের কোন্ বিমোক্ষ আধিপত্য হয়? ভাবনায় কয়টি বিমোক্ষ .... কোন্ অর্থে প্রতিবেধ? অনাত্মরূপে মনোনিবেশকালে বেদ-বহুলের কোন্ বিমোক্ষ আধিপত্য হয়? ভাবনায় কয়টি বিমোক্ষ .... কোন্ অর্থে প্রতিবেধ?

২২৫। অনিত্যরূপে মনোনিবেশকালে অধিমোক্ষ-বহুলের অনিমিত্ত বিমোক্ষ আধিপত্য হয়। ভাবনায় দ্বিবিধ বিমোক্ষ তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয় ও একরস হয়। প্রতিবেধকালেও অনিমিত্ত বিমোক্ষ আধিপত্য হয়। প্রতিবেধে দ্বিবিধ বিমোক্ষ তদনুরূপ, সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয়, সম্প্রযুক্ত প্রত্যয় ও একরস হয়। একরসার্থে ভাবনা। দর্শনার্থে প্রতিবেধ। এভাবে প্রতিবিদ্ধকালে ভাবিত হয়, ভাবিতকালে প্রতিবিদ্ধ হয়। দুঃখরূপে মনোনিবেশকালে প্রশ্রদ্ধি-বহুলের অপ্রণিহিত বিমোক্ষ আধিপত্য হয়। ভাবনায় দ্বিবিধ ... প্রতিবেধকালেও অপ্রণিহিত বিমোক্ষ ... প্রতিবিদ্ধ হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে বেদ-বহুলের শূন্যতা বিমোক্ষ আধিপত্য হয়। ভাবনায় দ্বিবিধ ... প্রতিবেধকালেও শূন্যতা বিমোক্ষ .... এভাবে প্রতিবিদ্ধকালে ভাবিত হয়, ভাবিতকালে প্রতিবিদ্ধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

২২৬। অনিত্যরূপে মনোনিবেশকালে কোন্ বিমোক্ষ অভিবৃদ্ধি হয়? কোন্ বিমোক্ষের অভিবৃদ্ধিতে শ্রদ্ধাবিমুক্ত হয়? দুঃখরূপে মনোনিবেশকালে কোন্ বিমোক্ষ অভিবৃদ্ধি হয়? কোন্ বিমোক্ষের অভিবৃদ্ধিতে কায়সাক্ষী হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে কোন্ বিমোক্ষ অভিবৃদ্ধি হয়? কোন্ বিমোক্ষের অভিবৃদ্ধিতে দৃষ্টিপ্রাপ্ত হয়?

অনিত্যরূপে মনোনিবেশকালে অনিমিত্ত বিমোক্ষ অভিবৃদ্ধি হয়। অনিমিত্ত বিমোক্ষের অভিবৃদ্ধিতে শ্রদ্ধাবিমুক্ত হয়। দুঃখরূপে মনোনিবেশকালে অপ্রণিহিত বিমোক্ষ অভিবৃদ্ধি হয়। অপ্রণিহিত বিমোক্ষের অভিবৃদ্ধিতে কায়সাক্ষী হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে শূন্যতা বিমোক্ষ অভিবৃদ্ধি হয়। শূন্যতা বিমোক্ষের অভিবৃদ্ধিতে দৃষ্টিপ্রাপ্ত হয়।

শ্রদ্ধাকালে বিমুক্ত হয়– এটা শ্রদ্ধাবিমুক্ত। স্পর্শকালে অনুভূতি হয়- এটা কায়সাক্ষী। দৃষ্টকালে (চক্ষু) ইন্দ্রিয় পথে প্রাপ্ত (বা দৃষ্টিগোচর) হয়- এটা দৃষ্টিপ্রাপ্ত। শ্রদ্ধাকালে বিমুক্ত হয়– এটা শ্রদ্ধামুক্ত। প্রথমে ধ্যানস্পর্শ স্পর্শিত হয়, পরে নিরোধ নির্বাণ সাক্ষাৎ করে- এটা কায়সাক্ষী। "সংস্কারসমূহ দুঃখ, তা নিরোধই সুখ" এই বিজ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত স্পর্শিত ও উপলব্ধ হয়- এটা দৃষ্টিপ্রাপ্ত।

শ্রদ্ধাবিমোক্ষ, কায়সাক্ষী ও দৃষ্টিপ্রাপ্ত এই তিন প্রকার পুদ্গল এরূপ বস্তু এবং পর্যায়বশে শ্রদ্ধাবিমোক্ষ, কায়সাক্ষী ও দৃষ্টিপ্রাপ্ত হয়ে থাকে। কিরূপে হয়ে থাকে? ...পে... তারা সবে দৃষ্টিপ্রাপ্ত।

যাদের নৈষ্ক্রম্য ভাবিত হয়েছে বা ভাবিত হচ্ছে বা ভাবিত হবে; ... শূন্যতাবিমোক্ষবশে দৃষ্টিপ্রাপ্ত। যাদের অব্যাপাদ ভাবিত ... শূন্যতাবিমোক্ষবশে দৃষ্টিপ্রাপ্ত।

যারা ত্রিবিধ শিক্ষা শিক্ষা করেছে বা শিক্ষা করছে বা শিক্ষা করবে; সাক্ষাৎ করেছে বা সাক্ষাৎ করছে বা সাক্ষাৎ করবে; স্পর্শ করেছে বা স্পর্শ করছে বা স্পর্শ করবে; বশীপ্রাপ্ত করেছে বা বশীপ্রাপ্ত করছে বা বশীপ্রাপ্ত করবে ... দৃষ্টিপ্রাপ্ত।

কয় প্রকারে সত্য প্রতিবেধ হয়? কয় প্রকারে সত্যসমূহ প্রতিবিদ্ধ করে? নয় প্রকারে সত্য প্রতিবেধ হয় এবং নয় প্রকারে সত্যসমূহ প্রতিবিদ্ধ

Visit: http://www.buddhistdownload.com

করে। দুঃখসত্য পরিজ্ঞান-প্রতিবেধকে প্রতিবিদ্ধ করে, সমুদয়সত্য প্রহান-প্রতিবেধকে প্রতিবিদ্ধ করে, নিরোধসত্য ... দৃষ্টিপ্রাপ্ত হয়।

২২৭। অনিত্যরূপে মনোনিবেশকালে কোন্ ধর্মসমূহ যথাভূতভাবে জানে ও দর্শন করে? কিভাবে সম্যক দর্শন হয়? কিভাবে তদনুরূপে সব সংস্কার অনিত্যরূপে সুদৃষ্ট হয়? কিসে শঙ্কা প্রহীন হয়? দুঃখরূপে মনোনিবেশকালে কোন্ ধর্মসমূহ যথাভূতভাবে জানে ও দর্শন করে? কিভাবে সম্যক দর্শন হয়? কিভাবে তদনুরূপে সব সংস্কার দুঃখরূপে সুদৃষ্ট হয়? কিসে শঙ্কা প্রহীন হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে কোন্ ধর্মসমূহ যথাভূতভাবে জানে ও দর্শন করে? কিভাবে সম্যক দর্শন হয়? কিভাবে তদনুরূপে সব সংস্কার অনাত্মরূপে সুদৃষ্ট হয়? কিসে শঙ্কা প্রহীন হয়? অনিত্যরূপে মনোনিবেশকালে নিমিত্ত যথাভূতভাবে জানে ও দর্শন করে। তাই বলা হয়- সম্যক দর্শন। এভাবে তদনুরূপে সব সংস্কার অনিত্যরূপে সুদৃষ্ট হয়। এবিষয়ে শঙ্কা প্রহীন হয়। দুঃখরূপে মনোনিবেশকালে প্রবর্তন যথাভূতভাবে জানে ও দর্শন করে। তাই বলা হয়- সম্যক দর্শন। এভাবে তদনুরূপে সব সংস্কার দুঃখরূপে সুদৃষ্ট হয়। এ বিষয়ে শঙ্কা প্রহীন হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে নিমিত্ত ও প্রবর্তন যথাভূতভাবে জানে এবং দর্শন করে। তাই বলা হয়– সম্যক দর্শন। এভাবে তদনুরূপে সর্ব সংস্কার অনাত্মরূপে সুদৃষ্ট হয়। এ বিষয়ে শঙ্কা প্রহীন হয়।

যথাভূতজ্ঞান, সম্যক দর্শন ও সন্দেহ উত্তরণে এধর্মসমূহ নানার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ নাকি ধর্মসমূহ একার্থ ও ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়? যথাভূতজ্ঞান, সম্যক দর্শন ও সন্দেহ উত্তরণে এধর্মসমূহ একার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়।

অনিত্যরূপে মনোনিবেশকালে কি ভয়রূপে উপস্থিত হয়? দুঃখরূপে মনোনিবেশকালে কি ভয়রূপে উপস্থিত হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে কি ভয়রূপে উপস্থিত হয়? অনিত্যরূপে মনোনিবেশকালে নিমিত্ত ভয়রূপে উপস্থিত হয়। দুঃখরূপে মনোনিবেশকালে প্রবর্তন ভয়রূপে উপস্থিত হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে নিমিত্ত ও প্রবর্তন ভয়রূপে উপস্থিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

ভয় উপস্থাপনে প্রজ্ঞা, আদীনব জ্ঞান, নির্বেদ জ্ঞান এধর্মসমূহ নানার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ নাকি ধর্মসমূহ একার্থ ও ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়? ভয় উপস্থাপনে প্রজ্ঞা, আদীনব জ্ঞান, নির্বেদ জ্ঞান এধর্মসমূহ একার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়। অনাত্মানুদর্শন, শূন্যতানুদর্শন এধর্মসমূহ নানার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ নাকি ধর্মসমূহ একার্থ ও ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়? অনাত্মানুদর্শন, শূন্যতানুদর্শন, এধর্মসমূহ একার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়। অনিত্যরূপে মনোনিবেশকালে কি প্রতিসংখ্যা (গভীর চিন্তা) জ্ঞান উৎপন্ন হয়? দুঃখরূপে মনোনিবেশকালে কি প্রতিসংখ্যা জ্ঞান উৎপন্ন হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে কি প্রতিসংখ্যা জ্ঞান উৎপন্ন হয়? অনিত্যরূপে মনোযোগকালে নিমিত্ত প্রতিসংখ্যা জ্ঞান উৎপন্ন হয়। দুঃখরূপে মনোনিবেশকালে প্রর্বতন প্রতিসংখ্যা জ্ঞান উৎপন্ন হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে নিমিত্ত ও প্রর্বতন প্রতিসংখ্যা জ্ঞান উৎপন্ন হয়। মুমুক্ষা বা মুক্তিকাম্যতা, প্রতিসংখ্যানুদর্শন ও সংস্কারোপেক্ষা এধর্মসমূহ নানার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়, কিংবা ধর্মসমূহ একার্থ ও ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়? মুমুক্ষা, প্রতিসংখ্যানুদর্শন ও সংস্কারোপেক্ষা এধর্মসমূহ একার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়।

অনিত্যরূপে মনোনিবেশকালে চিত্ত কোথা হতে উত্থিত হয়? চিত্ত কোথায় প্রাপ্ত হয়? দুঃখরূপে মনোনিবেশকালে চিত্ত কোথা হতে উত্থিত হয়? চিত্ত কোথায় প্রাপ্ত হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে চিত্ত কোথা হতে উত্থিত হয়? চিত্ত কোথায় প্রাপ্ত হয়? অনিত্যরূপে মনোনিবেশকালে চিত্ত নিমিত্ত হতে উত্থিত হয়; চিত্ত অনিমিত্তে প্রাপ্ত হয়। দুঃখরূপে মনোনিবেশকালে প্রর্বতন হতে চিত্ত উত্থিত হয়; চিত্ত অপ্রর্বতনে প্রাপ্ত হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে চিত্ত নিমিত্ত ও প্রর্বতন হতে উত্থিত হয়; এবং চিত্ত অনিমিত্ত, অপ্রর্বতন, নিরোধ ও নির্বাণ ধাতুতে প্রাপ্ত হয়।

বাহ্যিক উত্থান বিবর্তনে প্রজ্ঞা ও গোত্রভূ ধর্ম এধর্মসমূহ নানার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ নাকি ধর্মসমূহ একার্থ ও ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়? বাহ্যিক উত্থান বিবর্তনে প্রজ্ঞা ও গোত্রভূ ধর্ম এধর্মসমূহ একার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়।

Visit: http://www.buddhistdownload.com

অনিত্যরূপে মনোনিবেশকালে কোন্ বিমোক্ষ দ্বারা বিমুক্ত হয়? দুঃখরূপে মনোনিবেশকালে কোন্ বিমোক্ষ দ্বারা বিমুক্ত হয়? অনাত্মরূপে মনোনিবেশকালে কোন্ বিমোক্ষ দ্বারা বিমুক্ত হয়? অনিত্যরূপে মনোনিবেশকালে অনিমিত্ত বিমোক্ষ দ্বারা বিমুক্ত হয়। দুঃখরূপে মনোনিবেশকালে অপ্রণিহিত বিমোক্ষ দ্বারা বিমুক্ত হয়। অনাত্মরূপে মনোনিবেশকালে শূন্যতা বিমোক্ষ দ্বারা বিমুক্ত হয়। উভয় উত্থান বিবর্তনে প্রজ্ঞা ও মার্গে জ্ঞান এধর্মসমূহ নানার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ নাকি ধর্মসমূহ একার্থ ও ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়? উভয় উত্থান বিবর্তনে প্রজ্ঞা ও মার্গে জ্ঞান এধর্মসমূহ একার্থ এবং ব্যঞ্জনসমূহ নানাবিধ হয়।

২২৮। কয় প্রকারে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়? কয় প্রকারে ত্রিবিধ বিমোক্ষ একক্ষণ হয়? চার প্রকারে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়। সাত প্রকারে ত্রিবিধ বিমোক্ষ একক্ষণ হয়।

কোন্ চার প্রকারে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়? যথা– আধিপত্যার্থে, অধিষ্ঠানার্থে, দৃঢ়সঙ্কল্পার্থে ও নির্মূলার্থে। কিরূপে আধিপত্যার্থে বিমোক্ষত্রয় নানাক্ষণ হয়? অনিত্যরূপে মনোনিবিষ্টকালে অনিমিত্ত বিমোক্ষ আধিপত্য বিস্তার করে। দুঃখরূপে মনোনিবিষ্টকালে অপ্রণিহিত বিমোক্ষ আধিপত্য বিস্তার করে। অনাত্মরূপে মনোনিবিষ্টকালে শূন্যতা বিমোক্ষ আধিপত্য বিস্তার করে। এরূপে আধিপত্যার্থে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়। কিরূপে অধিষ্ঠানার্থে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়? অনিত্যরূপে মনোনিবিষ্টকালে অনিমিত্ত বিমোক্ষবশে চিত্ত অধিষ্ঠিত হয়। দুঃখরূপে মনে নিবিষ্টকালে অপ্রণিহিত বিমোক্ষবশে চিত্ত অধিষ্ঠিত হয়। অনাত্মরূপে মনোনিবিষ্টকালে শূন্যতা বিমোক্ষাশে চিত্ত অধিষ্ঠিত হয়। এভাবে অধিষ্ঠানার্থে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়।

কিরূপে দৃঢ়সঙ্কল্পার্থে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়? অনিত্যরূপে মনোনিবিষ্টকালে অনিমিত্ত বিমোক্ষবশে চিত্ত দৃঢ়সঙ্কল্পিত হয়। দুঃখরূপে মনোনিবিষ্টকালে অপ্রণিহিত বিমোক্ষবশে চিত্ত দৃঢ়সঙ্কল্পিত হয়। অনাত্মরূপে মনোনিবিষ্টকালে শূন্যতা বিমোক্ষবশে চিত্ত দৃঢ়সঙ্কল্পিত হয়। এভাবে দৃঢ়সঙ্কল্পার্থে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়।

Visit: http://www.buddhistdownload.com

কিরূপে নির্মূলার্থে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়? অনিত্যরূপে মনোনিবিষ্টকালে অনিমিত্ত বিমোক্ষবশে (চিত্ত) নিরোধ, নির্বাণ ও নির্মূল হয়। দুঃখরূপে মনোনিবিষ্টকালে অপ্রণিহিত বিমোক্ষবশে নিরোধ, নির্বাণ ও নির্মূল হয়। অনাত্মরূপে মনোনিবিষ্টকালে শূন্যতা বিমোক্ষবশে (চিত্ত) নিরোধ, নির্বাণ ও নির্মূল হয়। এভাবে– নির্মূলার্থে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়। এই চার প্রকারে ত্রিবিধ বিমোক্ষ নানাক্ষণ হয়।

কোন্ সাত প্রকারে ত্রিবিধ বিমোক্ষ একক্ষণ হয়? যথা- সমোধানার্থে, অধিগমনার্থে, প্রতিলাভার্থে, প্রতিবেধার্থে, সাক্ষাৎকরণার্থে, স্পর্শনার্থে ও অভিসময়ার্থে। কিরূপে সমোধানার্থে, অধিগমনার্থে, প্রতিলাভার্থে, প্রতিবেধার্থে, সাক্ষাৎকরণার্থে, স্পর্শনার্থে ও অভিসময়ার্থে ত্রিবিধ বিমোক্ষ একক্ষণ হয়? অনিত্যরূপে মনোনিবিষ্টকালে নিমিত্ত হতে মুক্ত হয়- এটা অনিমিত্ত বিমোক্ষ। যেই বিষয় হতে মুক্ত হয়, সেই বিষয়ে আর তৃষ্ণা উৎপন্ন হয় না- এটা অপ্রণিহিত বিমোক্ষ। কোন বিষয়ে তৃষ্ণা উৎপন্ন হয় না বিধায় শূন্য নামে অভিহিত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। শূন্য নিমিত্ত দ্বারা অনিমিত্ত হয়- এটা অনিমিত্ত বিমোক্ষ। এরূপে সমোধানার্থে, অধিগমনার্থে, প্রতিলাভার্থে, প্রতিবেধার্থে, সাক্ষাৎকরণার্থে, স্পর্শনার্থে ও অভিসময়ার্থে, ত্রিবিধ বিমোক্ষ একক্ষণ হয়।

দুঃখরূপে মনোনিবিষ্টকালে প্রণিধি হতে মুক্ত হয়- এটা অপ্রণিহিত বিমোক্ষ। কোন বিষয়ে তৃষ্ণা উৎপন্ন হয় না বিধায় শূন্য নামে অভিহিত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। শূন্য নিমিত্ত দ্বারা অনিমিত্ত হয়- এটা অনিমিত্ত বিমোক্ষ। যেই নিমিত্ত দ্বারা অনিমিত্ত হয়, সেই বিষয়ে আর তৃষ্ণা উৎপন্ন হয় না- এটা অপ্রণিহিত বিমোক্ষ। এরূপে সমোধানার্থে, অধিগমনার্থে, প্রতিলাভার্থে, প্রতিবেধার্থে, সাক্ষাৎকরণার্থে, স্পর্শনার্থে ও অভিসময়ার্থে ত্রিবিধ বিমোক্ষ একক্ষণ হয়।

অনাত্মরূপে মনোনিবিষ্টকালে অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। শূন্য নিমিত্ত দ্বারা অনিমিত্ত হয়- এটা অনিমিত্ত বিমোক্ষ। যেই নিমিত্ত দ্বারা অনিমিত্ত হয়, সেই বিষয়ে আর তৃষ্ণা উৎপন্ন হয় না- এটা অপ্রণিহিত বিমোক্ষ। কোন বিষয়ে তৃষ্ণা উৎপন্ন হয় না বিধায় শূন্য নামে

Visit: http://www.buddhistdownload.com

অভিহিত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। এরূপে-ই সমোধানার্থে, অধিগমনার্থে, প্রতিলাভার্থে, প্রতিবেধার্থে, সাক্ষাৎকরণার্থে, স্পর্শনার্থে ও অভিসময়ার্থে ত্রিবিধ বিমোক্ষ একক্ষণ হয়। এই সাত প্রকারে ত্রিবিধ বিমোক্ষ একক্ষণ হয়।

২২৯। বিমোক্ষ, মুখ, বিমোক্ষমুখ, বিমোক্ষ প্রতিলোম, বিমোক্ষানুলোম, বিমোক্ষ-বিবর্তন, বিমোক্ষ ভাবনা ও বিমোক্ষ প্রতিপ্রশ্রদ্ধি বিদ্যমান।

বিমোক্ষ কি? শূন্যতা বিমোক্ষ, অনিমিত্ত বিমোক্ষ ও অপ্রণিহিত বিমোক্ষ। শূন্যতা বিমোক্ষ কি? অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। দুঃখানুদর্শন জ্ঞান সুখ অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। অনাত্মানুদর্শন জ্ঞান আত্মা অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। নির্বেদানুদর্শন জ্ঞান নন্দি (আনন্দ) অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। বিরাগানুদর্শন জ্ঞান রাগ বা আসক্তি অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। নিরোধানুদর্শন জ্ঞান সমুদয় অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। পরিত্যাগানুদর্শন জ্ঞান গ্রহণ অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। অনিমিত্তানুদর্শন জ্ঞান নিমিত্ত অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ। অপ্রণিহিতানুদর্শন জ্ঞান প্রণিধি অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। শূন্যতানুদর্শন জ্ঞান সর্ব অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ।

রূপে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ। ... রূপে শূন্যতানুদর্শন জ্ঞান সর্ব অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ।

বেদনায় অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। ... বেদনায় শূন্যতানুদর্শন জ্ঞান সর্ব অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ।

সংজ্ঞায় অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ। ... সংজ্ঞায় শূন্যতানুদর্শন জ্ঞান সর্ব অভিনিবেশ হতে

Visit: http://www.buddhistdownload.com

মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ।

সংস্কারে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য অভিনিবেশ হতে মুক্ত হয়- এটা শূন্যতা বিমোক্ষ। ... সংস্কারে শূন্যতানুদর্শন জ্ঞান সর্ব অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ।

বিজ্ঞানে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ। ... বিজ্ঞানে শূন্যতানুদর্শন জ্ঞান সর্ব অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ।

চক্ষুতে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ। ... চক্ষুতে শূন্যতানুদর্শন জ্ঞান সর্ব অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ।

জরা-মরণে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ। ... শূন্যতানুদর্শন জ্ঞান সর্ব অভিনিবেশ হতে মুক্ত হয়– এটা শূন্যতা বিমোক্ষ। এটা-ই শূন্যতা বিমোক্ষ।

অনিমিত্ত বিমোক্ষ কি? অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ। দুঃখানুদর্শন জ্ঞান সুখ নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ। অনাত্মানুদর্শন জ্ঞান আত্মা নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ। নির্বেদানুদর্শন জ্ঞান নন্দি বা আনন্দ নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ। বিরাগানুদর্শন জ্ঞান রাগ বা আসক্তি নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ। নিরোধানুদর্শন জ্ঞান সমুদয় নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ। পরিত্যাগানুদর্শন জ্ঞান গ্রহণ নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ। অনিমিত্তানুদর্শন জ্ঞান সর্ব নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ। অপ্রণিহিতানুদর্শন জ্ঞান প্রণিধি নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ। শূন্যতানুদর্শন জ্ঞান অভিনিবেশ নিমিত্ত হতে মুক্ত হয়– অনিমিত্ত বিমোক্ষ।

রূপে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য নিমিত্ত হতে মুক্ত হয় ... শূন্যতানুদর্শন জ্ঞান অভিনিবেশ নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ।

Visit: http://www.buddhistdownload.com

বেদনায় অনিত্যানুদর্শন জ্ঞান ... সংজ্ঞায় অনিত্যানুদর্শন জ্ঞান .... সংস্কারে অনিত্যানুদর্শন জ্ঞান ... বিজ্ঞানে অনিত্যানুদর্শন জ্ঞান ... চক্ষুতে অনিত্যানুদর্শন জ্ঞান ... জরা-মরণে অনিত্যানুদর্শন জ্ঞান ... শূন্যতানুদর্শন জ্ঞান অভিনিবেশ নিমিত্ত হতে মুক্ত হয়– এটা অনিমিত্ত বিমোক্ষ। এটা-ই অনিমিত্ত বিমোক্ষ।

অপ্রণিহিত বিমোক্ষ কি? অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য প্রণিধি হতে মুক্ত হয়– এটা অপ্রণিহিত বিমোক্ষ। দুঃখানুদর্শন জ্ঞান সুখ প্রণিধি হতে মুক্ত হয়- এটা প্রণিহিত বিমোক্ষ। অনাত্মানুদর্শন জ্ঞান আত্মা প্রণিধি হতে মুক্ত হয়– এটা অপ্রণিহিত বিমোক্ষ। নির্বেদানুদর্শন জ্ঞান নন্দি বা আনন্দ প্রণিধি হতে মুক্ত হয়– এটা অপ্রণিহিত বিমোক্ষ। বিরাগানুদর্শন জ্ঞান আসক্তি প্রণিধি হতে মুক্ত হয়– এটা অপ্রণিহিত বিমোক্ষ। নিরোধানুদর্শন জ্ঞান সমুদয় প্রণিধি হতে মুক্ত হয়– এটা অপ্রণিহিত বিমোক্ষ। পরিত্যাগানুদর্শন জ্ঞান গ্রহণ প্রণিধি হতে মুক্ত হয়– এটা অপ্রণিহিত বিমোক্ষ। অনিমিত্তানুদর্শন জ্ঞান নিমিত্ত প্রণিধি হতে মুক্ত হয়– এটা অপ্রণিহিত বিমোক্ষ। অপ্রণিহিতানুদর্শন জ্ঞান সর্ব প্রণিধি হতে মুক্ত হয়– এটা অপ্রণিহিত বিমোক্ষ। শূন্যতানুদর্শন জ্ঞান অভিনিবেশ প্রণিধি হতে মুক্ত হয়– এটা অপ্রণিহিত বিমোক্ষ।

রূপে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য প্রণিধি হতে মুক্ত হয় ... শূন্যতানুদর্শন জ্ঞান অভিনিবেশ প্রণিধি হতে মুক্ত হয়– এটা অপ্রণিহিত বিমোক্ষ।

বেদনায় অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য প্রণিধি ... সংজ্ঞায় অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য প্রণিধি ... সংস্কারে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য প্রণিধি ... বিজ্ঞানে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য প্রণিধি ... চক্ষুতে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য প্রণিধি ... জরা-মরণে অনিত্যানুদর্শন জ্ঞান নিত্য প্রণিধি .... শূন্যতানুদর্শন জ্ঞান অভিনিবেশ প্রণিধি হতে মুক্ত হয়- এটা অপ্রণিহিত বিমোক্ষ। এটা অপ্রণিহিত বিমোক্ষ। এটা-ই বিমোক্ষ।

২৩০। মুখ (প্রবেশদ্বার) কি? যা তথায় জাত অনবদ্য কুশল বোধিপক্ষীয় ধর্ম, তাই মুখ।

Visit: http://www.buddhistdownload.com

বিমোক্ষ মুখ কি? যা সেই ধর্মসমূহের (বোধিপক্ষীয় ধর্মের) আরম্মণ, নিরোধ ও নির্বাণ, তাই বিমোক্ষ মুখ। বিমোক্ষ এবং মুখই বিমোক্ষমুখ– এটা বিমোক্ষ মুখ।

বিমোক্ষ প্রতিলোম কি? ত্রিবিধ অকুশলমূল, ত্রিবিধ দুশ্চরিত এবং সর্ব অকুশল ধর্মই বিমোক্ষ প্রতিলোম– এটা-ই বিমোক্ষ প্রতিলোম।

বিমোক্ষানুলোম কি? ত্রিবিধ কুশলমূল, ত্রিবিধ সুচরিত এবং সর্ব কুশল ধর্মই বিমোক্ষানুলোম– এটা-ই বিমোক্ষানুলোম।

বিমোক্ষ-বিবর্তন কি? যথা- সংজ্ঞা-বিবর্তন, চেতো বিবর্তন, চিত্ত-বিবর্তন, জ্ঞান-বিবর্তন, বিমোক্ষ-বিবর্তন ও সত্য-বিবর্তন। সংজাননকালে বিবর্তিত হয়- এটা সংজ্ঞা-বিবর্তন। চিন্তাকালে বিবর্তিত হয়– এটা চেতো-বিবর্তন। বিজাননকালে বিবর্তিত হয়– এটা চিত্ত-বিবর্তন। জ্ঞান উৎপাদনকালে বিবর্তিত হয়– এটা জ্ঞান-বিবর্তন। পরিত্যাগকালে বিবর্তিত হয়– এটা বিমোক্ষ-বিবর্তন। সত্যার্থে বিবর্তিত হয়– এটা সত্য-বিবর্তন।

যেখানে সংজ্ঞা-বিবর্তন সেখানে চেতো-বিবর্তন; যেখানে চেতো-বিবর্তন সেখানে সংজ্ঞা-বিবর্তন; যেখানে সংজ্ঞা-বিবর্তন ও চেতো-বিবর্তন সেখানে চিত্ত-বিবর্তন; যেখানে চিত্ত-বিবর্তন সেখানে সংজ্ঞা-বিবর্তন ও চেতো-বিবর্তন; যেখানে সংজ্ঞা-বিবর্তন, চেতো-বিবর্তন ও চিত্ত-বিবর্তন; সেখানে জ্ঞান-বিবর্তন। যেখানে জ্ঞান-বিবর্তন সেখানে সংজ্ঞা-বিবর্তন, চেতো-বিবর্তন, ও চিত্ত-বিবর্তন। যেখানে সংজ্ঞা-বিবর্তন, চেতো-বিবর্তন, চিত্ত-বিবর্তন ও জ্ঞান-বিবর্তন সেখানে বিমোক্ষ-বিবর্তন। যেখানে বিমোক্ষ-বিবর্তন, সেখানে সংজ্ঞা-বিবর্তন, চেতো-বিবর্তন, চিত্ত-বিবর্তন ও জ্ঞান-বিবর্তন। যেখানে সংজ্ঞা-বিবর্তন, চেতো-বিবর্তন, চিত্ত-বিবর্তন, জ্ঞান-বিবর্তন ও বিমোক্ষ-বিবর্তন সেখানে সত্য-বিবর্তন, যেখানে সত্য-বিবর্তন সেখানে সংজ্ঞা-বিবর্তন, চেতো-বিবর্তন, চিত্ত-বিবর্তন, জ্ঞান-বিবর্তন ও বিমোক্ষ-বিবর্তন। এটা-ই বিমোক্ষ-বিবর্তন।

বিমোক্ষ ভাবনা কি? প্রথমধ্যানের অভ্যাস, ভাবনা, বহুলীকর্ম; দ্বিতীয়ধ্যানের অভ্যাস, ভাবনা, বহুলীকর্ম; তৃতীয়ধ্যানের ... চতুর্থধ্যানের ... আকাশানন্তায়তন সমাপত্তির ... বিজ্ঞানানন্তায়তন সমাপত্তির ...

Visit: http://www.buddhistdownload.com

আকিঞ্চনায়তন সমাপত্তির ... নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন সমাপত্তির ... স্রোতাপত্তিমার্গের ... সকৃদাগামীমার্গের ... অনাগামীমার্গের ... এবং অরহত্বমার্গের অভ্যাস, ভাবনা, বহুলীকর্ম– এটা-ই বিমোক্ষ ভাবনা।

বিমোক্ষ প্রতিপ্রশ্রদ্ধি কি? প্রথমধ্যানের প্রতিলাভ বা বিপাক, দ্বিতীয়ধ্যানের প্রতিলাভ বা বিপাক, তৃতীয়ধ্যানের ... চতুর্থধ্যানের .... আকাশানন্তায়তন সমাপত্তির ... বিজ্ঞানানন্তায়তন সমাপত্তির ... আকিঞ্চনায়তন সমাপত্তির ... নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন সমাপত্তির প্রতিলাভ বা বিপাক, স্রোতাপত্তিমার্গের স্রোতাপত্তিফল, সকৃদাগামীমার্গের সকৃদাগামীফল, অনাগামীমার্গের অনাগামীফল এবং অরহত্বমার্গের অরহত্বফল– এটা-ই বিমোক্ষ প্রতিপ্রশ্রদ্ধি।

তৃতীয় পরিচ্ছেদ সমাপ্ত
বিমোক্ষ কথা সমাপ্ত।

৬। গতি কথা[১]

২৩১। গতি-সম্পত্তির জ্ঞান সম্প্রযুক্তে কত প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? সম্ভ্রান্ত ক্ষত্রিয়, সম্ভ্রান্ত ব্রাহ্মণ, সম্ভ্রান্ত গৃহপতি ও কামাবচর দেবগণের জ্ঞান সম্প্রযুক্তে কত প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? রূপাবচর দেবগণের কত প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? অরূপাবচর দেবগণের কত প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? অরূপাবচর দেবগণের কত প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়?

গতি-সম্পত্তির জ্ঞান সম্প্রযুক্তে আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়। সম্ভ্রান্ত ক্ষত্রিয়, সম্ভ্রান্ত ব্রাহ্মণ, সম্ভ্রান্ত গৃহপতি ও কামাবচর দেবগণের জ্ঞান

---

[১]। গতি বলতে বুঝায় সত্ত্বগণের গমন, জন্মগ্রহণ, উৎপত্তি এবং প্রাদুর্ভাবস্থান। গতি ৫ প্রকার, যথা- নরক, তীর্যক, প্রেত, মনুষ্য এবং দেবগতি। এখানে মনুষ্য এবং দেব এই দুই গতি সম্পত্তির কথা আলোচিত হয়েছে। –বৌদ্ধ দর্শনে প্রজ্ঞাতত্ত্ব ও নির্মুক্তিমার্গ, ভিক্ষু ডঃ জিনবোধি পৃ. ১০৭।

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্তে আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়। রূপাবচর দেবগণের আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়। অরূপাবচর দেবগণের আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়।

২৩২। গতি-সম্পত্তির জ্ঞান সম্প্রযুক্তে কোন আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? কুশলকর্মের জবনক্ষণে ত্রিবিধ হেতু কুশল[১]। সেক্ষণে জাত চেতনার সহজাত প্রত্যয় হয়। সেজন্য বলা হয়- "কুশলমূল প্রত্যয়ই সংস্কার"। মৃত্যুর পূর্বক্ষণে দ্বিবিধ হেতু অকুশল[২]। সেক্ষণে জাত চেতনার সহজাত প্রত্যয় হয়। সেজন্য বলা হয়– "অকুশলমূল প্রত্যয়ই সংস্কার"। প্রতিসন্ধিক্ষণে ত্রিবিধ হেতু অব্যাকৃত[৩]। সেক্ষণে জাত চেতনার সহজাত প্রত্যয় হয়। সেজন্য বলা হয়– "নাম-রূপ প্রত্যয়ই বিজ্ঞান; বিজ্ঞান প্রত্যয়ই নাম-রূপ"।

প্রতিসন্ধিক্ষণে পঞ্চস্কন্ধ সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও বিপ্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চারি মহাভূত সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয় ও নিশ্রয় প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ত্রিবিধ জীবন সংস্কার সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও বিপ্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে নাম-রূপ সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং বিপ্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে এই চৌদ্দ প্রকার ধর্ম সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও বিপ্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অরূপীর চারি স্কন্ধ[৪] (নামস্কন্ধ) সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে পঞ্চেন্দ্রিয় সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ত্রিবিধ হেতু সহজাত ... প্রতিসন্ধিক্ষণে নাম ও বিজ্ঞান সহজাত ... প্রতিসন্ধিক্ষণে এই চৌদ্দ প্রকার ধর্ম সহজাত প্রত্যয়, ... প্রতিসন্ধিক্ষণে এই ২৮ প্রকার ধর্ম সহজাত প্রত্যয়,

---

[১]। অলোভ, অদ্বেষ এবং অমোহ।

[২]। লোভ ও দ্বেষ।

[৩]। অলোভ, অদ্বেষ এবং অমোহ।

[৪]। বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান (প্রতিসন্ধি চিত্ত)।

Visit: http://www.buddhistdownload.com

পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং বিপ্রযুক্ত প্রত্যয় হয়। গতি-সম্পত্তির জ্ঞান সম্প্রযুক্তে এই আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়।

সম্ভ্রান্ত ক্ষত্রিয়, সম্ভ্রান্ত ব্রাহ্মণ, সম্ভ্রান্ত গৃহপতি ও কামাবচর দেবগণের জ্ঞান সম্প্রযুক্তে কোন্ আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? কুশল কর্মের জবনক্ষণে ত্রিবিধ হেতু কুশল। সেক্ষণে ... পূর্ববৎ ... সেজন্য বলা হয়- "নাম-রূপ প্রত্যয়ই বিজ্ঞান; বিজ্ঞান প্রত্যয়ই নাম-রূপ"।

প্রতিসন্ধিক্ষণে পঞ্চস্কন্ধ সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয় ... পূর্ববৎ ... প্রতিসন্ধিক্ষণে এই ২৮ প্রকার ধর্ম সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং বিপ্রযুক্ত প্রত্যয় হয়। সম্ভ্রান্ত ক্ষত্রিয়, সম্ভ্রান্ত ব্রাহ্মণ, সম্ভ্রান্ত গৃহপতি ও কামাবচর দেবগণের জ্ঞান সম্প্রযুক্তে এই আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়।

রূপাবচর দেবগণের কোন্ আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? কুশলকর্মের জবনক্ষণে ত্রিবিধ হেতু কুশল। সেক্ষণে জাত চেতনার সহজাত প্রত্যয় হয়। সেজন্য বলা হয়- "কুশলমূল প্রত্যয়ই সংস্কার"। নিকন্তি বা মৃত্যুর পূর্বক্ষণে দ্বিবিধ হেতু কুশল। ... পূর্ববৎ ... সেজন্য বলা হয়– "নাম-রূপ প্রত্যয়ই বিজ্ঞান; বিজ্ঞান প্রত্যয়ই নাম-রূপ"।

প্রতিসন্ধিক্ষণে পঞ্চস্কন্ধ সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয় ... পূর্ববৎ ... প্রতিসন্ধিক্ষণে এই ২৮ প্রকার ধর্ম সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং বিপ্রযুক্ত প্রত্যয় হয়। রূপাবচর দেবগণের এই আট প্রকার হেতুর প্রতয় উৎপন্ন হয়।

অরূপাবচর দেবগণের কোন্ আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? কুশলকর্মের জবনক্ষণে ত্রিবিধ হেতু কুশল। সেই ক্ষণে জাত চেতনার ... পূর্ববৎ ... সেজন্য বলা হয়– "নাম-রূপ প্রত্যয়ই বিজ্ঞান; বিজ্ঞান প্রত্যয়ই নাম-রূপ"।

প্রতিসন্ধিক্ষণে অরূপীর চারি স্বন্ধ (নামস্কন্ধ) সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে পঞ্চেন্দ্রিয় সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ত্রিবিধ হেতু সহজাত প্রত্যয়,

Visit: http://www.buddhistdownload.com

পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে নাম বা বিজ্ঞান সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে এই চৌদ্দ প্রকার ধর্ম সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং সম্প্রযুক্ত প্রত্যয় হয়। অরূপাবচর দেবগণের এই আট প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়।

২৩৩। গতি-সম্পত্তির জ্ঞান বিপ্রযুক্তে কয়টি হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? সম্ভ্রান্ত ক্ষত্রিয়, সম্ভ্রান্ত ব্রাহ্মণ, সম্ভ্রান্ত গৃহপতি ও কামাবচর দেবগণের জ্ঞান বিপ্রযুক্তে কয়টি হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? গতি-সম্পত্তির জ্ঞান বিপ্রযুক্তে ছয় প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়। সম্ভ্রান্ত ক্ষত্রিয়, সম্ভ্রান্ত ব্রাহ্মণ, সম্ভ্রান্ত গৃহপতি ও কামাবচর দেবগণের জ্ঞান বিপ্রযুক্তে ছয় প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়।

গতি-সম্পত্তির জ্ঞান বিপ্রযুক্তে কোন্ ছয় প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? কুশলকর্মের জবনক্ষণে দ্বিবিধ হেতু কুশল। সেক্ষণে জাত চেতনার সহজাত প্রত্যয় হয়। তাই বলা হয়- "কুশলমূল প্রত্যয়ই সংস্কার"। নিকন্তি বা মৃত্যুর পূর্বক্ষণে দ্বিবিধ হেতু অকুশল। সেক্ষণে জাত চেতনার সহজাত প্রত্যয় হয়। তাই বলা হয়- "অকুশলমূল প্রত্যয়ই সংস্কার"। প্রতিসন্ধিক্ষণে দ্বিবিধ হেতু অব্যাকৃত। সেক্ষণে জাত চেতনার সহজাত প্রত্যয় হয়। তাই বলা হয়- "নাম-রূপ প্রত্যয়ই বিজ্ঞান; বিজ্ঞান প্রত্যয়ই নাম-রূপ"।

প্রতিসন্ধিক্ষণে পঞ্চস্কন্ধ সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও বিপ্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চারি মহাভূত সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয় এবং নিশ্রয় প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে ত্রিবিধ জীবন সংস্কার সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও বিপ্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে নাম-রূপ সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং বিপ্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে এই চৌদ্দ প্রকার ধর্ম সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও বিপ্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অরূপীর চারি স্কন্ধ (নামস্কন্ধ) সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চারি ইন্দ্রিয় সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয়

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে দ্বিবিধ হেতু সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে নাম ও বিজ্ঞান সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে এই দ্বাদশ প্রকার ধর্ম সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় এবং সম্প্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে এই ছাব্বিশ প্রকার ধর্ম সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও বিপ্রযুক্ত প্রত্যয় হয়। গতি-সম্পত্তির জ্ঞান বিপ্রযুক্তে এই ছয় প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়।

সম্ভ্রান্ত ক্ষত্রিয়, সম্ভ্রান্ত ব্রাহ্মণ, সম্ভ্রান্ত গৃহপতি এবং কামাবচর দেবগণের জ্ঞান বিপ্রযুক্তে কোন্ ছয় প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়? কুশলকর্মের জবনক্ষণে দ্বিবিধ হেতু কুশল। সেক্ষণে জাত চেতনার সহজাত প্রত্যয় হয়। তাই বলা হয়- "কুশলমূল প্রত্যয়ই সংস্কার"। নিকন্তি বা মৃত্যুর পূর্বক্ষণে ... পূর্ববৎ ... তাই বলা হয়- "নাম-রূপ প্রত্যয়ই বিজ্ঞান, বিজ্ঞান প্রত্যয়ই নাম-রূপ"। প্রতিসন্ধিক্ষণে পঞ্চস্কন্ধ সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও বিপ্রযুক্ত প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে চারি মহাভূত ... পূর্ববৎ ... প্রতিসন্ধিক্ষণে এই ছাব্বিশ প্রকার ধর্ম সহজাত প্রত্যয়, পারস্পরিক প্রত্যয়, নিশ্রয় প্রত্যয় ও বিপ্রযুক্ত প্রত্যয় হয়। সম্ভ্রান্ত ক্ষত্রিয়, সম্ভ্রান্ত ব্রাহ্মণ, সম্ভ্রান্ত গৃহপতি এবং কামাবচর দেবগণের জ্ঞান বিপ্রযুক্তে এই ছয় প্রকার হেতুর প্রত্যয় উৎপন্ন হয়।

গতি কথা সমাপ্ত।

৭। কর্ম কথা

২৩৪। নিষ্ক্রিয় কর্ম এবং নিষ্ক্রিয় কর্ম বিপাক। নিষ্ক্রিয় কর্ম কিন্তু সক্রিয় কর্ম বিপাক। নিষ্ক্রিয় কর্ম ছিল না, কিন্তু সক্রিয় কর্ম বিপাক আছে। নিষ্ক্রিয় কর্ম ছিল কিন্তু সক্রিয় কর্ম বিপাক নেই। নিষ্ক্রিয় কর্ম ছিল এবং সক্রিয় কর্ম বিপাক হবে। সক্রিয় কর্ম ছিল কিন্তু সক্রিয় কর্ম বিপাক হবে না। (অতীতের ক্ষেত্রে)।

Visit: http://www.buddhistdownload.com

কর্ম আছে এবং কর্ম বিপাকও আছে। কর্ম আছে কিন্তু কর্ম বিপাক নেই। বর্তমানে কর্ম আছে, কর্ম বিপাক হবে। বর্তমানে কর্ম আছে, কিন্তু কর্ম বিপাক হবে না। কর্ম থাকবে এবং কর্ম বিপাক হবে। (বর্তমানের ক্ষেত্রে)।

ভবিষ্যতে কর্ম থাকবে এবং কর্ম বিপাক হবে। ভবিষ্যতে কর্ম থাকবে কিন্তু কর্ম বিপাক হবে না। (ভবিষ্যতের ক্ষেত্রে)।

২৩৫। অতীতে কুশল কর্ম ছিল, কুশল কর্মের বিপাকও ছিল। অতীতে কুশল কর্ম ছিল, কিন্তু কুশল কর্মের বিপাক ছিল না। অতীতে কুশল কর্ম ছিল, বর্তমানে সেই কুশল কর্মের বিপাক আছে। অতীতে কুশল কর্ম ছিল, কিন্তু বর্তমানে সেই কুশল কর্মের বিপাক নেই। অতীতে কুশল কর্ম ছিল, ভবিষ্যতে সেই কুশল কর্মের বিপাক হবে। অতীতে কুশল কর্ম ছিল, কিন্তু ভবিষ্যতে কুশল কর্মের বিপাক হবে না।

বর্তমানে কুশল কর্ম আছে, কুশল কর্মের বিপাকও আছে। বর্তমানে কুশল কর্ম আছে, কিন্তু কুশল কর্মের বিপাক নেই। বর্তমানে কুশল কর্ম আছে, সেই কুশল কর্মের বিপাক হবে। বর্তমানে কুশল কর্ম আছে, কিন্তু সেই কুশল কর্মের বিপাক হবে না।

ভবিষ্যতে কুশল কর্ম হবে, সেই কুশল কর্মের বিপাকও হবে। ভবিষ্যতে কুশল কর্ম হবে, কিন্তু সেই কুশল কর্মের বিপাক হবে না।

অতীতে অকুশল কর্ম ছিল, অকুশল কর্মের বিপাকও ছিল। অতীতে অকুশল কর্ম ছিল, কিন্তু অকুশল কর্মের বিপাক ছিল না। অতীতে অকুশল কর্ম ছিল, বর্তমানে সেই অকুশল কর্মের বিপাক আছে। অতীতে অকুশল কর্ম ছিল, কিন্তু বর্তমানে সেই অকুশল কর্মের বিপাক নেই। অতীতে অকুশল কর্ম ছিল, ভবিষ্যতে সেই অকুশল কর্মের বিপাক হবে। অতীতে অকুশল কর্ম ছিল, কিন্তু ভবিষ্যতে অকুশল কর্মের বিপাক হবে না।

বর্তমানে অকুশল কর্ম আছে, অকুশল কর্মের বিপাকও আছে। বর্তমানে অকুশল কর্ম আছে, কিন্তু অকুশল কর্মের বিপাক নেই। বর্তমানে অকুশল কর্ম আছে, সেই অকুশল কর্মের বিপাক হবে। বর্তমানে অকুশল কর্ম আছে, কিন্তু সেই অকুশল কর্মের বিপাক হবে না।

Visit: http://www.buddhistdownload.com

ভবিষ্যতে অকুশল কর্ম হবে, সেই অকুশল কর্মের বিপাকও হবে। ভবিষ্যতে অকুশল কর্ম হবে, কিন্তু সেই অকুশল কর্মের বিপাক হবে না।

অতীতে বর্জনীয় (পাপ) কর্ম ছিল, বর্জনীয় কর্মের বিপাকও ছিল। অতীতে বর্জনীয় কর্ম ছিল, কিন্তু বর্জনীয় কর্মের বিপাক ছিল না। অতীতে বর্জনীয় কর্ম ছিল, বর্তমানে সেই বর্জনীয় কর্মের বিপাক আছে। অতীতে বর্জনীয় কর্ম ছিল, কিন্তু বর্তমানে সেই বর্জনীয় কর্মের বিপাক নেই। অতীতে বর্জনীয় কর্ম ছিল, ভবিষ্যতে সেই বর্জনীয় কর্মের বিপাক হবে। অতীতে বর্জনীয় কর্ম ছিল, কিন্তু ভবিষ্যতে বর্জনীয় কর্মের বিপাক হবে না।

বর্তমানে বর্জনীয় কর্ম আছে, বর্জনীয় কর্মের বিপাকও আছে। বর্তমানে বর্জনীয় কর্ম আছে, কিন্তু বর্জনীয় কর্মের বিপাক নেই। বর্তমানে বর্জনীয় কর্ম আছে, সেই বর্জনীয় কর্মের বিপাক হবে। বর্তমানে বর্জনীয় কর্ম আছে, কিন্তু সেই বর্জনীয় কর্মের বিপাক হবে না।

ভবিষ্যতে বর্জনীয় কর্ম হবে, সেই বর্জনীয় কর্মের বিপাকও হবে। ভবিষ্যতে বর্জনীয় কর্ম হবে, কিন্তু সেই বর্জনীয় কর্মের বিপাক হবে না।

অতীতে অবর্জনীয় (নিষ্পাপ) কর্ম ছিল, অবর্জনীয় কর্মের বিপাকও ছিল। অতীতে অবর্জনীয় কর্ম ছিল, কিন্তু অবর্জনীয় কর্মের বিপাক ছিল না। অতীতে অবর্জনীয় কর্ম ছিল, বর্তমানে সেই অবর্জনীয় কর্মের বিপাক আছে। অতীতে অবর্জনীয় কর্ম ছিল, কিন্তু বর্তমানে সেই অবর্জনীয় কর্মের বিপাক নেই। অতীতে অবর্জনীয় কর্ম ছিল, ভবিষ্যতে সেই অবর্জনীয় কর্মের বিপাক হবে। অতীতে অবর্জনীয় কর্ম ছিল, কিন্তু ভবিষ্যতে অবর্জনীয় কর্মের বিপাক হবে না।

বর্তমানে অবর্জনীয় কর্ম আছে, অবর্জনীয় কর্মের বিপাকও আছে। বর্তমানে অবর্জনীয় কর্ম আছে, কিন্তু অবর্জনীয় কর্মের বিপাক নেই। বর্তমানে অবর্জনীয় কর্ম আছে, সেই অবর্জনীয় কর্মের বিপাক হবে। বর্তমানে অবর্জনীয় কর্ম আছে, কিন্তু সেই অবর্জনীয় কর্মের বিপাক হবে না।

ভবিষ্যতে অবর্জনীয় কর্ম হবে, সেই অবর্জনীয় কর্মের বিপাকও হবে। ভবিষ্যতে অবর্জনীয় কর্ম হবে, কিন্তু সেই অবর্জনীয় কর্মের বিপাক হবে

Visit: http://www.buddhistdownload.com

না।

অতীতে কৃষ্ণকর্ম ছিল, কৃষ্ণকর্মের বিপাকও ছিল। অতীতে কৃষ্ণকর্ম ছিল, কিন্তু কৃষ্ণকর্মের বিপাক ছিল না। অতীতে কৃষ্ণকর্ম ছিল, বর্তমানে সেই কৃষ্ণকর্মের বিপাক আছে। অতীতে কৃষ্ণকর্ম ছিল, কিন্তু বর্তমানে সেই কৃষ্ণকর্মের বিপাক নেই। অতীতে কৃষ্ণকর্ম ছিল, ভবিষ্যতে সেই কৃষ্ণকর্মের বিপাক হবে। অতীতে কৃষ্ণকর্ম ছিল, কিন্তু ভবিষ্যতে কৃষ্ণকর্মের বিপাক হবে না।

বর্তমানে কৃষ্ণকর্ম আছে, কৃষ্ণকর্মের বিপাকও আছে। বর্তমানে কৃষ্ণকর্ম আছে, কিন্তু কৃষ্ণকর্মের বিপাক নেই। বর্তমানে কৃষ্ণকর্ম আছে, সেই কৃষ্ণকর্মের বিপাক হবে। বর্তমানে কৃষ্ণকর্ম আছে, কিন্তু সেই কৃষ্ণকর্মের বিপাক হবে না।

ভবিষ্যতে কৃষ্ণকর্ম হবে, সেই কৃষ্ণকর্মের বিপাকও হবে। ভবিষ্যতে কৃষ্ণকর্ম হবে, কিন্তু সেই কৃষ্ণকর্মের বিপাক হবে না।

অতীতে শুক্লকর্ম ছিল, শুক্লকর্মের বিপাকও ছিল। অতীতে শুক্লকর্ম ছিল, কিন্তু শুক্লকর্মের বিপাক ছিল না। অতীতে শুক্লকর্ম ছিল, বর্তমানে সেই শুক্লকর্মের বিপাক আছে। অতীতে শুক্লকর্ম ছিল, কিন্তু বর্তমানে সেই শুক্লকর্মের বিপাক নেই। অতীতে শুক্লকর্ম ছিল, ভবিষ্যতে সেই শুক্লকর্মের বিপাক হবে। অতীতে শুক্লকর্ম ছিল, কিন্তু ভবিষ্যতে শুক্লকর্মের বিপাক হবে না।

বর্তমানে শুক্লকর্ম আছে, শুক্লকর্মের বিপাকও আছে। বর্তমানে শুক্লকর্ম আছে, কিন্তু শুক্লকর্মের বিপাক নেই। বর্তমানে শুক্লকর্ম আছে, সেই শুক্লকর্মের বিপাক হবে। বর্তমানে শুক্লকর্ম আছে, কিন্তু সেই শুক্লকর্মের বিপাক হবে না।

ভবিষ্যতে শুক্লকর্ম হবে, সেই শুক্লকর্মের বিপাকও হবে। ভবিষ্যতে শুক্লকর্ম হবে, কিন্তু সেই শুক্লকর্মের বিপাক হবে না।

অতীতে সুখ উদ্রেককর্ম ছিল, সুখ উদ্রেককর্মের বিপাকও ছিল। অতীতে সুখ উদ্রেককর্ম ছিল, কিন্তু সুখ উদ্রেককর্মের বিপাক ছিল না। অতীতে সুখ উদ্রেককর্ম ছিল, বর্তমানে সেই সুখ উদ্রেককর্মের বিপাক

Visit: http://www.buddhistdownload.com

আছে। অতীতে সুখ উদ্রেককর্ম ছিল, কিন্তু বর্তমানে সেই সুখ উদ্রেককর্মের বিপাক নেই। অতীতে সুখ উদ্রেককর্ম ছিল, ভবিষ্যতে সেই সুখ উদ্রেককর্মের বিপাক হবে। অতীতে সুখ উদ্রেককর্ম ছিল, কিন্তু ভবিষ্যতে সুখ উদ্রেককর্মের বিপাক হবে না।

বর্তমানে সুখ উদ্রেককর্ম আছে, সুখ উদ্রেককর্মের বিপাকও আছে। বর্তমানে সুখ উদ্রেককর্ম আছে, কিন্তু সুখ উদ্রেককর্মের বিপাক নেই। বর্তমানে সুখ উদ্রেককর্ম আছে, সেই সুখ উদ্রেককর্মের বিপাক হবে। বর্তমানে সুখ উদ্রেককর্ম আছে, কিন্তু সেই সুখ উদ্রেক কর্মের বিপাক হবে না।

ভবিষ্যতে সুখ উদ্রেককর্ম হবে, সেই সুখ উদ্রেককর্মের বিপাকও হবে। ভবিষ্যতে সুখ উদ্রেককর্ম হবে, কিন্তু সেই সুখ উদ্রেককর্মের বিপাক হবে না।

অতীতে দুঃখ উদ্রেককর্ম ছিল, দুঃখ উদ্রেককর্মের বিপাকও ছিল। অতীতে দুঃখ উদ্রেককর্ম ছিল, কিন্তু দুঃখ উদ্রেককর্মের বিপাক ছিল না। অতীতে দুঃখ উদ্রেককর্ম ছিল, বর্তমানে সেই দুঃখ উদ্রেককর্মের বিপাক আছে। অতীতে দুঃখ উদ্রেককর্ম ছিল, কিন্তু বর্তমানে সেই দুঃখ উদ্রেককর্মের বিপাক নেই। অতীতে দুঃখ উদ্রেককর্ম ছিল, ভবিষ্যতে সেই দুঃখ উদ্রেককর্মের বিপাক হবে। অতীতে দুঃখ উদ্রেককর্ম ছিল, কিন্তু ভবিষ্যতে দুঃখ উদ্রেককর্মের বিপাক হবে না।

বর্তমানে দুঃখ উদ্রেককর্ম আছে, দুঃখ উদ্রেককর্মের বিপাকও আছে। বর্তমানে দুঃখ উদ্রেককর্ম আছে, কিন্তু দুঃখ উদ্রেককর্মের বিপাক নেই। বর্তমানে দুঃখ উদ্রেককর্ম আছে, সেই দুঃখ উদ্রেককর্মের বিপাক হবে। বর্তমানে দুঃখ উদ্রেককর্ম আছে, কিন্তু সেই দুঃখ উদ্রেককর্মের বিপাক হবে না।

ভবিষ্যতে দুঃখ উদ্রেককর্ম হবে, সেই দুঃখ উদ্রেককর্মের বিপাকও হবে। ভবিষ্যতে দুঃখ উদ্রেককর্ম হবে, কিন্তু সেই দুঃখ উদ্রেককর্মের বিপাক হবে না।

Visit: http://www.buddhistdownload.com

অতীতে সুখ বিপাক কর্ম ছিল, সুখ বিপাক কর্মের বিপাকও ছিল। অতীতে সুখ বিপাক কর্ম ছিল, কিন্তু সুখ বিপাক কর্মের বিপাক ছিল না। অতীতে সুখ বিপাক কর্ম ছিল, বর্তমানে সেই সুখ বিপাক কর্মের বিপাক আছে। অতীতে সুখ বিপাক কর্ম ছিল, কিন্তু বর্তমানে সেই সুখ বিপাক কর্মের বিপাক নেই। অতীতে সুখ বিপাক কর্ম ছিল, ভবিষ্যতে সেই সুখ বিপাক কর্মের বিপাক হবে। অতীতে সুখ বিপাক কর্ম ছিল, কিন্তু ভবিষ্যতে সুখ বিপাক কর্মের বিপাক হবে না।

বর্তমানে সুখ বিপাক কর্ম আছে, সুখ বিপাক কর্মের বিপাকও আছে। বর্তমানে সুখ বিপাক কর্ম আছে, কিন্তু সুখ বিপাক কর্মের বিপাক নেই। বর্তমানে সুখ বিপাক কর্ম আছে, সেই সুখ বিপাক কর্মের বিপাক হবে। বর্তমানে সুখ বিপাক কর্ম আছে, কিন্তু সেই সুখ বিপাক কর্মের বিপাক হবে না।

ভবিষ্যতে সুখ বিপাক কর্ম হবে, সেই সুখ বিপাক কর্মের বিপাকও হবে। ভবিষ্যতে সুখ বিপাক কর্ম হবে, কিন্তু সেই সুখ বিপাক কর্মের বিপাক হবে না।

অতীতে দুঃখ বিপাক কর্ম ছিল, দুঃখ বিপাক কর্মের বিপাকও ছিল। অতীতে দুঃখ বিপাক কর্ম ছিল, কিন্তু দুঃখ বিপাক কর্মের বিপাক ছিল না। অতীতে দুঃখ বিপাক কর্ম ছিল, বর্তমানে সেই দুঃখ বিপাক কর্মের বিপাক আছে। অতীতে দুঃখ বিপাক কর্ম ছিল, কিন্তু বর্তমানে সেই দুঃখ বিপাক কর্মের বিপাক নেই। অতীতে দুঃখ বিপাক কর্ম ছিল, ভবিষ্যতে সেই দুঃখ বিপাক কর্মের বিপাক হবে। অতীতে দুঃখ বিপাক কর্ম ছিল, কিন্তু ভবিষ্যতে দুঃখ বিপাক কর্মের বিপাক হবে না।

বর্তমানে দুঃখ বিপাক কর্ম আছে, দুঃখ বিপাক কর্মের বিপাকও আছে। বর্তমানে দুঃখ বিপাক কর্ম আছে, কিন্তু দুঃখ বিপাক কর্মের বিপাক নেই। বর্তমানে দুঃখ বিপাক কর্ম আছে, সেই দুঃখ বিপাক কর্মের বিপাক হবে। বর্তমানে দুঃখ বিপাক কর্ম আছে, কিন্তু সেই দুঃখ বিপাক কর্মের বিপাক হবে না।

Visit: http://www.buddhistdownload.com

ভবিষ্যতে দুঃখ বিপাক কর্ম হবে, সেই দুঃখ বিপাক কর্মের বিপাকও হবে। ভবিষ্যতে দুঃখ বিপাক কর্ম হবে, কিন্তু সেই দুঃখ বিপাক কর্মের বিপাক হবে না।

কর্ম কথা সমাপ্ত।

৮। বিপর্যয় কথা

২৩৬। পূর্ববৎ নিদান। "হে ভিক্ষুগণ! সংজ্ঞা বিপর্যয়, চিত্ত বিপর্যয় ও দৃষ্টি বিপর্যয় চার প্রকার। সেই চার প্রকার কি কি? অনিত্যে নিত্য ধারণাই হচ্ছে সংজ্ঞা বিপর্যয় ও চিত্ত বিপর্যয়, দৃষ্টি বিপর্যয়। দুঃখে সুখ ধারণাই হচ্ছে সংজ্ঞা বিপর্যয়, চিত্ত বিপর্যয় ও দৃষ্টি বিপর্যয়। অনাত্মে আত্মা ধারণাই হচ্ছে সংজ্ঞা বিপর্যয়, চিত্ত বিপর্যয় ও দৃষ্টি বিপর্যয়। অশুভে শুভ ধারণাই হচ্ছে সংজ্ঞা বিপর্যয়, চিত্ত বিপর্যয় ও দৃষ্টি বিপর্যয়। ভিক্ষুগণ! এগুলিই চার প্রকার সংজ্ঞা বিপর্যয়, চিত্ত বিপর্যয় এবং দৃষ্টি বিপর্যয়"।

"ভিক্ষুগণ! সংজ্ঞা অবিপর্যয়, চিত্ত অবিপর্যয় ও দৃষ্টি অবিপর্যয়ও চার প্রকার। সেই চার প্রকার কি কি? অনিত্যে অনিত্য ধারণাই হচ্ছে সংজ্ঞা অবিপর্যয়, চিত্ত অবিপর্যয় ও দৃষ্টি অবিপর্যয়। দুঃখে দুঃখ ধারণাই হচ্ছে সংজ্ঞা অবিপর্যয়, চিত্ত অবিপর্যয় ও দৃষ্টি অবিপর্যয়। অনাত্মে আত্মা ধারণাই হচ্ছে সংজ্ঞা অবিপর্যয়, চিত্ত অবিপর্যয় ও দৃষ্টি অবিপর্যয় হয়। অশুভে অশুভ ধারণাই হচ্ছে সংজ্ঞা অবিপর্যয়, চিত্ত অবিপর্যয় ও দৃষ্টি অবিপর্যয়। ভিক্ষুগণ! এগুলিই চার প্রকার সংজ্ঞা অবিপর্যয়, চিত্ত অবিপর্যয় এবং দৃষ্টি অবিপর্যয়"।

"অনিত্যে নিত্য, দুঃখে সুখ চিন্তনে,
অনাত্মে আত্মা, অশুভে শুভ ধারণে।
সেজন মিথ্যাদৃষ্টি পরায়ণ জানবে সকলে,
চিত্ত তার বিপর্যয়, সত্য-মিথ্যা বিকলে।
যেজন নহি মুক্ত, শৃঙ্খলিত মারের বন্ধনে,
অবিরমে পরিভ্রমণ তার, জন্ম-মৃত্যু অধীনে।

Visit: http://www.buddhistdownload.com

ধরাতলে উৎপন্নে মহাজ্ঞানী বুদ্ধ ভগবান,
তখনি প্রকাশেন, দুঃখোপশম ধর্ম মহান।
সচিত্তে লব্ধ এধর্ম, মহাপ্রাজ্ঞ যাঁরা,
অনিত্যে অনিত্য, দুঃখে দুঃখ জ্ঞাত তাঁরা।
অনাত্মে অনাত্ম, অশুভে অশুভ দর্শনে,
সম্যকদৃষ্টি সম্পন্ন তাঁরা, সর্ব দুঃখ অতিক্রমে"[১]।

এই চারি বিপর্যয় দৃষ্টিসম্পন্ন পুদ্গলের (কিছু বিষয়) প্রহীন হয় এবং (কিছু বিষয়) অপ্রহীন হয়। কোন্ বিষয় প্রহীন হয় আর কোন্ বিষয় অপ্রহীন হয়? অনিত্যে নিত্য ধারণায় সংজ্ঞা বিপর্যয়, চিত্ত বিপর্যয় ও দৃষ্টি বিপর্যয় প্রহীন হয়। দুঃখে সুখ ধারণায় সংজ্ঞা ও চিত্ত উৎপন্ন হয়; দৃষ্টি বিপর্যয় প্রহীন হয়। অনাত্মে আত্মা ধারণায় সংজ্ঞা বিপর্যয়, চিত্ত বিপর্যয় এবং দৃষ্টি বিপর্যয় প্রহীন হয়। অশুভে শুভ ধারণায় সংজ্ঞা ও চিত্ত উৎপন্ন হয়; দৃষ্টি বিপর্যয় প্রহীন হয়। দ্বিবিধ বস্তু বা বিষয়ে ছয় প্রকার বিপর্যয় প্রহীন হয়। দ্বিবিধ বিষয়ে দুই প্রকার বিপর্যয় প্রহীন হয় ও চার প্রকার বিপর্যয় অপ্রহীন হয়। চারি বস্তু বা বিষয়ে আট প্রকার বিপর্যয় প্রহীন হয় এবং চার প্রকার বিপর্যয় অপ্রহীন হয়।

বিপর্যয় কথা সমাপ্ত।

৯। মার্গ কথা

২৩৭। 'মাগ, মার্গ' বলা হয়; কোন্ অর্থে মার্গ? স্রোতাপত্তি মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি, মিথ্যাদৃষ্টি প্রহীনের জন্য মার্গ এবং হেতু; সহজাত ধর্মসমূহ উপশমের জন্য মার্গ এবং হেতু; ক্লেশসমূহ ধ্বংসের জন্য মার্গ এবং হেতু; প্রতিবেধাদি বিশোধনের জন্য মার্গ এবং হেতু; চিত্ত অধিষ্ঠানের জন্য মার্গ এবং হেতু; চিত্ত পরিশুদ্ধির জন্য মার্গ এবং হেতু;

---

[১]। বিপর্যয় কথার এই অংশ পর্যন্ত অঙ্গুত্তর নিকায় দ্বিতীয় খণ্ড বা চতুর্থ নিপাতে ৪৯ নং সূত্রে পুনরাবৃত্তি পরিদৃষ্ট হয়।

Visit: http://www.buddhistdownload.com

বিশেষাধিগমের জন্য মার্গ এবং হেতু; সম্পূর্ণরূপে প্রতিবেধের জন্য মার্গ এবং হেতু; সত্যাভিসময়ের জন্য মার্গ এবং হেতু ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

অভিনিরোপনার্থে সম্যকসংকল্প, মিথ্যাসংকল্প প্রহীনের জন্য মার্গ এবং হেতু, সহজাত ধর্মসমূহ ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

পরিগ্রহার্থে সম্যকবাক্য, মিথ্যাবাক্য প্রহীনের জন্য মার্গ এবং হেতু, সহজাত ধর্মসমূহ ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

সমুত্থানার্থে সম্যককর্ম, মিথ্যাকর্ম প্রহীনের জন্য মার্গ এবং হেতু, সহজাত ধর্মসমূহ ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

পরিশুদ্ধার্থে সম্যকজীবিকা, মিথ্যাজীবিকা প্রহীনের জন্য মার্গ এবং হেতু, সহজাত ধর্মসমূহ ... পূর্ববৎ ...ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

প্রগ্রহ বা উদ্যমার্থে সম্যকপ্রচেষ্টা, মিথ্যাপ্রচেষ্টা প্রহীনের জন্য মার্গ এবং হেতু, সহজাত ধর্মসমূহ ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

উপস্থাপনার্থে সম্যকস্মৃতি, মিথ্যাস্মৃতি প্রহীনের জন্য মার্গ এবং হেতু, সহজাত ধর্মসমূহ .... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

অবিক্ষেপার্থে সম্যকসমাধি, মিথ্যাসমাধি প্রহীনের জন্য মার্গ এবং হেতু, সহজাত ধর্মসমূহ ... পূর্ববৎ ...ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

সকৃদাগামী মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি স্থূল কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, স্থূল কামরাগনুশয় ও প্রতিঘানুশয় প্রহীনের জন্য মার্গ এবং হেতু; সহজাত ধর্মসমূহ উপশমের জন্য মার্গ এবং হেতু; ক্লেশসমূহ ধ্বংসের জন্য মার্গ এবং হেতু; প্রতিবেধাদি বিশোধনের জন্য এবং হেতু;

Visit: http://www.buddhistdownload.com

চিত্ত অধিষ্ঠানের জন্য মার্গ এবং হেতু; চিত্ত পরিশুদ্ধির জন্য মার্গ এবং হেতু; বিশেষাধিগমের জন্য মার্গ হেতু; সম্পূর্ণরূপে প্রতিবেধের জন্য মার্গ এবং হেতু; সত্যাভিসময়ের জন্য মার্গ এবং হেতু; নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

অভিনিরোপনার্থে সম্যকসংকল্প স্থূল কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, স্থূল কামরাগানুশয় ও ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

পরিগ্রহার্থে সম্যকবাক্য স্থূল কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, স্থূল কামরাগানুশয় ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

সমুত্থানার্থে সম্যককর্ম স্থূল কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, স্থূল কামরাগানুশয় ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

পরিশুদ্ধার্থে সম্যকজীবিকা স্থূল কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

প্রগ্রহ বা উদ্যমার্থে সম্যকপ্রচেষ্টা স্থূল কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, স্থূল কামরাগনুশয় ও ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ হেতু।

উপস্থাপনার্থে সম্যকস্মৃতি স্থূল কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, স্থূল কামরাগানুশয় ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

অবিক্ষেপার্থে সম্যকসমাধি স্থূল কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, স্থূল কামরাগানুশয় ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

অনাগামী মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি অনুসহগত কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, অনুসহগত কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীনের জন্য মার্গ এবং হেতু, সহজাত ধর্মসমূহ উপশমের জন্য ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

Visit: http://www.buddhistdownload.com

অভিনিরোপনার্থে সম্যকসংকল্প অনুসহগত কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, অনুসহগত কামরাগানুশয় ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

পরিগ্রহার্থে সম্যকবাক্য অনুসহগত কামরাগ সংযোজন ও প্রতিঘ সংগোজন, অনুসহগত কামরাগানুশয় ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

সমুত্থানার্থে সম্যককর্ম অনুসহগত কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, অনুসহগত কামরাগানুশয় ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু। পরিশুদ্ধার্থে সম্যকজীবিকা অনুসহগত কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

প্রগ্রহ বা উদ্যমার্থে সম্যকপ্রচেষ্টা অনুসহগত কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, অনুসহগত কামরাগানুশয় ও প্রতিঘানুশয় .... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

উপস্থাপনার্থে সম্যকস্মৃতি অনুসহগত কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, অনুসহগত কামরাগানুশয় ...পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

অবিক্ষেপার্থে সম্যকসমাধি অনুসহগত কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন, অনুসহগত কামরাগানুশয় ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

অরহত্ব মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা, মানানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয় প্রহীনের জন্য মার্গ এবং হেতু, সহজাত ধর্মসমূহ উপশমের জন্য ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

অভিনিরোপনার্থে সম্যকসংকল্প রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা, মানানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয় প্রহীনের জন্য ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

Visit: http://www.buddhistdownload.com

পরিগ্রহার্থে সম্যকবাক্য রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা, মানানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয় প্রহীনের .. পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

সমুত্থানার্থে সম্যককর্ম রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা, মানানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয় প্রহীনের ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

পরিশুদ্ধার্থে সম্যকজীবিকা রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

প্রগ্রহ বা উদ্যমার্থে সম্যকপ্রচেষ্টা রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা, মানানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয় প্রহীনের জন্য ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

উপস্থাপনার্থে সম্যকস্মৃতি রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা, মানানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয়, ... পূর্ববৎ ... ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

অবিক্ষেপার্থে সম্যকসমাধি রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা, মানানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয় প্রহীনের জন্য .. পূর্ববৎ .. ও নিরোধে প্রতিষ্ঠাপনের জন্য মার্গ এবং হেতু।

দর্শন মার্গ হল সম্যকদৃষ্টি, অভিনিরোপন মার্গ হল সম্যকসংকল্প, পরিগ্রহ মার্গ হল সম্যকবাক্য, সমুত্থান মার্গ হল সম্যককর্ম, পরিশুদ্ধ মার্গ হল সম্যকজীবিকা, প্রগ্রহ বা উদ্যম মার্গ হল সম্যকপ্রচেষ্টা, উপস্থান মার্গ হল সম্যকস্মৃতি, অবিক্ষেপ মার্গ হল সম্যকসমাধি। উপস্থাপন মার্গ হল স্মৃতিসম্বোধ্যঙ্গ, প্রবিচয় মার্গ হল ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ, প্রগ্রহ মার্গ হল বীর্য সম্বোধ্যঙ্গ, স্ফুরণ মার্গ হল প্রীতি সম্বোধ্যঙ্গ, উপশম মার্গ হল প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ, অবিক্ষেপ মার্গ হল সমাধি সম্বোধ্যঙ্গ ও প্রতিসংখ্যান বা বিবেচন মার্গ হল উপেক্ষা সম্বোধ্যঙ্গ।

অশ্রদ্ধায় অকম্পিত মার্গ হল শ্রদ্ধাবল, আলস্যে অকম্পিত মার্গ হল বীর্যবল, প্রমাদে অকম্পিত মার্গ হল স্মৃতিবল, ঔদ্ধত্যে অকম্পিত মার্গ হল সমাধিবল, অবিদ্যায় অকম্পিত মার্গ হল প্রজ্ঞাবল। অধিমোক্ষ মার্গ হল

Visit: http://www.buddhistdownload.com

প্রদ্ধেন্দ্রিয়, প্রগ্রহ বা উদ্যম মার্গ হল বীর্যেন্দ্রিয়, উপস্থাপন মার্গ হল স্মৃতীন্দ্রিয়, অবিক্ষেপ মার্গ হল সমাধি ইন্দ্রিয় ও দর্শন মার্গ হল প্রজ্ঞেন্দ্রিয়।

আধিপত্যার্থে ইন্দ্রিয় মার্গ, অকম্পিতার্থে বল মার্গ, মোক্ষার্থে বোধ্যঙ্গ মার্গ, হেত্বার্থে মার্গাঙ্গ মার্গ, উপস্থাপনার্থে স্মৃতিপ্রস্থান মার্গ, প্রধানার্থে সম্যকপ্রধান মার্গ, সমৃদ্ধার্থে ঋদ্ধিপাদ মার্গ, সত্যার্থে সত্য মার্গ, অবিক্ষেপার্থে শমথ মার্গ, অনুদর্শনার্থে বিদর্শন মার্গ, একরসার্থে শমথ-বিদর্শন মার্গ, অনতিক্রমার্থে যুগনদ্ধ মার্গ, সংবরার্থে শীল-বিশুদ্ধি মার্গ, অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধি মার্গ, দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি মার্গ, মুক্তার্থে বিমোক্ষ মার্গ, প্রতিবেধার্থে বিদ্যা মার্গ, পরিত্যাগার্থে বিমুক্তি মার্গ, সমুচ্ছেদার্থে ক্ষয়জ্ঞান মার্গ, মূলার্থে ছন্দ মার্গ, সমুত্থানার্থে মনযোগ মার্গ, সমোধানার্থে স্পর্শ মার্গ, সমোসরণার্থে বেদনা মার্গ, প্রমুখার্থে সমাধি মার্গ, আধিপত্যার্থে স্মৃতি মার্গ, সর্বোত্তমার্থে প্রজ্ঞা মার্গ, সারার্থে বিমুক্তি মার্গ এবং পর্যাবসাণার্থে অমৃতময় নির্বাণ মার্গ[১]।

মার্গ কথা সমাপ্ত।

১০। মণ্ডপেয়্য[২] কথা।

২৩৮। "হে ভিক্ষুগণ! এখানে মণ্ডপেয়্য হচ্ছে ব্রহ্মচর্য। ত্রিবিধ মণ্ড শাস্তার সম্মুখীভূত। শাস্তার সম্মুখীভূত সেই ত্রিবিধ মণ্ড কি কি? যথা– দেশনামণ্ড, প্রতিগ্রহমণ্ড ও ব্রহ্মচর্যমণ্ড"।

---

[১]। নির্বাণকে কোন মার্গ বলা হয়েছে, তার উত্তর হচ্ছে এই সংসার দুঃখাভিভূত দুঃখ নিঃসরণার্থিক সৎপুরুষগণের দ্বারা নির্বাণগামীমার্গ অনুসৃত হয় বলে নির্বাণমার্গ বলা হয়েছে। - বৌদ্ধদর্শনে প্রজ্ঞাতত্ত্ব ও বিমুক্তিমার্গ, পৃ, ১০৯, ডঃ ভিক্ষু জিনবোধি।

[২]। মণ্ডপেয়্য হচ্ছে দুধের সবের ন্যায় এক প্রকার উত্তম পানীয়। কিন্তু এখানে মণ্ডপেয়্য বলতে বুদ্ধশাসনে ব্রহ্মচর্যকে বুঝানো হয়েছে। যাঁদের শিক্ষাত্রয় সংগৃহীত হয়েছে, বুদ্ধ শাসনে ব্রহ্মচর্য সম্পন্ন, নির্মল এবং বিশুদ্ধ হয়েছে, তাঁদের হিতসুখকর মণ্ডপেয়্য ধর্ম দেশনা করা হয়েছে। - বৌদ্ধদর্শনে প্রজ্ঞাতত্ত্ব ও বিমুক্তিমার্গ, পৃ, ১০৯, ডঃ ভিক্ষু জিনবোধি।

Visit: http://www.buddhistdownload.com

দেশনামণ্ড কি? চারি আর্যসত্য, চারি স্মৃতিপ্রস্থান, চারি সম্যকপ্রধান, চারি ঋদ্ধিপাদ, পঞ্চইন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ ও আর্য অষ্টাঙ্গিক মার্গের কথন, দেশনা, প্রজ্ঞাপন, প্রতিষ্ঠাপন, বিবরণ, বিভাজন এবং ব্যাখ্যাকরণ– এটাই দেশনামণ্ড।

প্রতিগ্রহমণ্ড কি? ভিক্ষু-ভিক্ষুণী, উপাসক-উপাসিকা, দেব-মনুষ্য এবং অন্যান্য যাঁরা (দেশনামণ্ডের) বিজ্ঞ– এটাই প্রতিগ্রহমণ্ড।

ব্রহ্মচর্যমণ্ড কি? ইহা আর্য অষ্টাঙ্গিক মার্গ, যথা– সম্যকদৃষ্টি, সম্যকসংকল্প, সম্যকবাক্য, সম্যককর্ম, সম্যকজীবিকা, সম্যকপ্রচেষ্টা, সম্যকস্মৃতি ও সম্যকসমাধি– এটাই ব্রহ্মচর্যমণ্ড।

২৩৯। শ্রদ্ধেন্দ্রিয় হচ্ছে অধিমোক্ষমণ্ড, অশ্রদ্ধা হচ্ছে মালিন্য; অশ্রদ্ধারূপ মালিন্য বিদূরিত করে শ্রদ্ধেন্দ্রিয়ের অধিমোক্ষমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। বীর্যেন্দ্রিয় হচ্ছে প্রগ্রহমণ্ড, আলস্য হচ্ছে মালিন্য; আলস্যরূপ মালিন্য বিদূরিত করে বীর্যেন্দ্রিয়ের প্রগ্রহমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। স্মৃতীন্দ্রিয় হচ্ছে উপস্থাপনমণ্ড, প্রমাদ হচ্ছে মালিন্য; প্রমাদরূপ মালিন্য বিদূরিত করে স্মৃতীন্দ্রিয়ের উপস্থাপনমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। সমাধীন্দ্রিয় হচ্ছে অবিক্ষেপমণ্ড, চঞ্চলতা হচ্ছে মালিন্য; চঞ্চলতারূপ মালিন্য বিদূরিত করে সমাধীন্দ্রিয়ের অবিক্ষেপমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। প্রজ্ঞেন্দ্রিয় হচ্ছে দর্শনমণ্ড, অবিদ্যা হচ্ছে মালিন্য; অবিদ্যারূপ মালিন্য বিদূরিত করে প্রজ্ঞেন্দ্রিয়ের দর্শনমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য।

অশ্রদ্ধায় অকম্পিতমণ্ড হচ্ছে শ্রদ্ধাবল, অশ্রদ্ধা হচ্ছে মালিন্য; অশ্রদ্ধারূপ মালিন্য বিদূরিত করে শ্রদ্ধাবলের অশ্রদ্ধায় অকম্পিতমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। আলস্যে অকম্পিতমণ্ড হচ্ছে বীর্যবল, আলস্য হচ্ছে মালিন্য; আলস্যরূপ মালিন্য বিদূরিত করে বীর্যবলের আলস্যে অকম্পিতমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। প্রমাদে অকম্পিতমণ্ড হচ্ছে স্মৃতিবল, প্রমাদ হচ্ছে মালিন্য; প্রমাদরূপ মালিন্য বিদূরিত করে স্মৃতিবলের প্রমাদে অকম্পিতমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। চঞ্চলতায় অকম্পিতমণ্ড হচ্ছে সমাধিবল, চঞ্চলতা হচ্ছে মালিন্য; চঞ্চলতারূপ মালিন্য

Visit: http://www.buddhistdownload.com

বিদূরিত করে সমাধিবলের চঞ্চলতায় অকম্পিতমণ্ড পান করে– অর্থে মণ্ডপেয়্য। অবিদ্যায় অকম্পিতমণ্ড হচ্ছে প্রজ্ঞাবল, অবিদ্যা হচ্ছে মালিন্য; অবিদ্যারূপ মালিন্য বিদূরিত করে প্রজ্ঞাবলের অবিদ্যায় অকম্পিতমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য।

স্মৃতি সম্বোধ্যঙ্গ হচ্ছে উপস্থাপনমণ্ড, প্রমাদ হচ্ছে মালিন্য; প্রমাদরূপ মালিন্য বিদূরিত করে স্মৃতি সম্বোধ্যঙ্গের উপস্থাপনমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। ধর্মবিচয় হচ্ছে সম্বোধ্যঙ্গ প্রবিচয়মণ্ড, অবিদ্যা হচ্ছে মালিন্য; অবিদ্যারূপ মালিন্য বিদূরিত করে ধর্মবিচয় সম্বোধ্যঙ্গের প্রবিচয়মণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। বীর্য সম্বোধ্যঙ্গ হচ্ছে প্রগ্রহমণ্ড, আলস্য হচ্ছে মালিন্য; আলস্যরূপ মালিন্য বিদূরিত করে বীর্য সম্বোধ্যঙ্গের প্রগ্রহমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। প্রীতি সম্বোধ্যঙ্গ হচ্ছে স্ফুরণমণ্ড, পরিদাহ হচ্ছে মালিন্য; পরিদাহরূপ মালিন্য বিদূরিত করে প্রীতি সম্বোধ্যঙ্গের স্ফুরণমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। প্রশ্রব্ধি সম্বোধ্যঙ্গ হচ্ছে উপশমমণ্ড, পাপচার হচ্ছে মালিন্য; পাপাচাররূপ মালিন্য বিদূরিত করে প্রশ্রব্ধি সম্বোধ্যঙ্গের উপশমমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। সমাধি সম্বোধ্যঙ্গ অবিক্ষেপমণ্ড, চঞ্চলতা হচ্ছে মালিন্য; চঞ্চলতারূপ মালিন্য বিদূরিত করে সমাধি সম্বোধ্যঙ্গের হচ্ছে অবিক্ষেপমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। উপেক্ষা সম্বোধ্যঙ্গ হচ্ছে প্রতিসংখ্যা বা বিবেচনমণ্ড, অবিবেচন হচ্ছে মালিন্য; অবিবেচনরূপ মালিন্য বিদূরিত করে উপেক্ষা সম্বোধ্যঙ্গের বিবেচনমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য।

সম্যকদৃষ্টি হচ্ছে দর্শনমণ্ড, মিথ্যাদৃষ্টি হচ্ছে মালিন্য; মিথ্যাদৃষ্টিরূপ মালিন্য বিদূরিত করে সম্যকদৃষ্টির দর্শনমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। সম্যকসংকল্প অভিনিরোপনমণ্ড, মিথ্যাসংকল্প হচ্ছে মালিন্য; মিথ্যাসংকল্পরূপ মালিন্য বিদূরিত করে সম্যকসংকল্পের অভিনিরোপনমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। সম্যকবাক্য হচ্ছে পরিগ্রহমণ্ড, মিথ্যাবাক্য হচ্ছে মালিন্য; মিথ্যাবাক্যরূপ মালিন্য বিদূরিত করে সম্যকবাক্যের পরিগ্রহমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। সম্যককর্ম সমুত্থানমণ্ড, মিথ্যাকর্ম হচ্ছে মালিন্য; মিথ্যাকর্মরূপ মালিন্য বিদূরিত করে সম্যককর্মের

Visit: http://www.buddhistdownload.com

সমুত্থানমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। সম্যকজীবিকা পরিশুদ্ধমণ্ড, মিথ্যাজীবিকা হচ্ছে মালিন্য; মিথ্যাজীবিকারূপ মালিন্য বিদূরিত করে সম্যকজীবিকার পরিশুদ্ধমণ্ড পান করে- এই অর্থে মণ্ডপেয়্য। সম্যকপ্রচেষ্টা হচ্ছে প্রগ্রহমণ্ড, মিথ্যাপ্রচেষ্টারূপ হচ্ছে মালিন্য; মিথ্যাপ্রচেষ্টা মালিন্য বিদূরিত করে সম্যকপ্রচেষ্টার প্রগ্রহমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। সম্যকস্মৃতি হচ্ছে উপস্থাপনমণ্ড, মিথ্যাস্মৃতি মালিন্য, মিথ্যাস্মৃতিরূপ মালিন্য বিদূরিত করে সম্যকস্মৃতির উপস্থাপনমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য। সম্যকসমাধি হচ্ছে অবিক্ষেপমণ্ড, মিথ্যাসমাধি মালিন্য; মিথ্যাসমাধিরূপ মালিন্য বিদূরিত করে সম্যক সমাধির অবিক্ষেপমণ্ড পান করে– এই অর্থে মণ্ডপেয়্য।

২৪০। মণ্ড আছে, পেয়্য আছে এবং মালিন্যও আছে। শ্রদ্ধেন্দ্রিয় হচ্ছে অধিমোক্ষমণ্ড, অশ্রদ্ধা হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা অর্থরস, ধর্মরস ও বিমুক্তিরস তা-ই পেয়্য। বীর্যেন্দ্রিয় হচ্ছে প্রগ্রহমণ্ড, আলস্য হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা অর্থরস, ধর্মরস ও বিমুক্তিরস– তা-ই পেয়্য। স্মৃতীন্দ্রিয় হচ্ছে উপস্থাপনমণ্ড, প্রমাদ হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা অর্থরস, ধর্মরস ও বিমুক্তিরস– তা-ই পেয়্য। সমাধীন্দ্রিয় হচ্ছে অবিক্ষেপমণ্ড, চঞ্চলতা হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা অর্থরস, ধর্মরস ও বিমুক্তিরস– তা-ই পেয়্য। প্রজ্ঞেন্দ্রিয় হচ্ছে দর্শনমণ্ড, অবিদ্যা হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা অর্থরস, ধর্মরস ও বিমুক্তিরস– তা-ই পেয়্য।

শ্রদ্ধাবল হচ্ছে অশ্রদ্ধায় অকম্পিতমণ্ড, অশ্রদ্ধা হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা অর্থরস, ধর্মরস ও বিমুক্তিরস– তা-ই পেয়্য। বীর্যবল হচ্ছে আলস্যে অকম্পিতমণ্ড, আলস্য হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা ...। স্মৃতিবল হচ্ছে প্রমাদে অকম্পিতমণ্ড, প্রমাদ হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা ...। সমাধিবল হচ্ছে চঞ্চলতায় অকম্পিতমণ্ড, চঞ্চলতা হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা ...। প্রজ্ঞাবল হচ্ছে অবিদ্যায় অকম্পিতমণ্ড, অবিদ্যা হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা অর্থরস ধর্মরস ও বিমুক্তিরস– তা-ই পেয়্য।

স্মৃতি সম্বোধ্যঙ্গ হচ্ছে উপস্থাপনমণ্ড, প্রমাদ হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা ...। ধর্মবিচয় হচ্ছে সম্বোধ্যঙ্গ প্রবিচয় (পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা) মণ্ড,

Visit: http://www.buddhistdownload.com

অবিদ্যা হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা ...। বীর্য সম্বোধ্যঙ্গ হচ্ছে প্রগ্রহ বা উদ্যমমণ্ড, আলস্য হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা ...। প্রীতি সম্বোধ্যঙ্গ হচ্ছে স্ফুরণমণ্ড, পরিদাহ (মনকষ্ট) হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা ...। প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ হচ্ছে উপশমমণ্ড, পাপাচার হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা ...। সমাধি সম্বোধ্যঙ্গ হচ্ছে অবিক্ষেপমণ্ড, চঞ্চলতা হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা ...। উপেক্ষা সম্বোধ্যঙ্গ হচ্ছে প্রতিসংখ্যান বা বিবেচনমণ্ড, অবিবেচন হচ্ছে মালিন্য; তন্মধ্যে যা অর্থরস, ধর্মরস ও বিমুক্তিরস– তা-ই পেয়্য।

সম্যকদৃষ্টি হচ্ছে দর্শনমণ্ড, মিথ্যাদৃষ্টি হচ্ছে মালিন্য, তন্মধ্যে যা ...। সম্যকসংকল্প হচ্ছে অভিনিরোপনমণ্ড, মিথ্যাসংকল্প হচ্ছে মালিন্য, তন্মধ্যে যা ...। সম্যকবাক্য হচ্ছে পরিগ্রহ বা সংযমমণ্ড, মিথ্যাবাক্য হচ্ছে মালিন্য, তন্মধ্যে যা ...। সম্যককর্ম হচ্ছে সমুত্থান (কার্যারম্ভ) মণ্ড, মিথ্যাকর্ম হচ্ছে মালিন্য, তন্মধ্যে যা ...। সম্যকজীবিকা হচ্ছে পরিশুদ্ধমণ্ড, মিথ্যাজীবিকা হচ্ছে মালিন্য, তন্মধ্যে যা ...। সম্যকপ্রচেষ্টা হচ্ছে প্রগ্রহমণ্ড, মিথ্যাপ্রচেষ্টা হচ্ছে মালিন্য, তন্মদ্যে যা ...। সম্যকস্মৃতি হচ্ছে উপস্থাপনমণ্ড, মিথ্যাস্মৃতি হচ্ছে মালিন্য, তন্মধ্যে যা ...। সম্যকসমাধি হচ্ছে অবিক্ষেপমণ্ড, মিথ্যাসমাধি হচ্ছে মালিন্য, তন্মধ্যে যা অথরস, ধর্মরস ও বিমুক্তিরস– তা-ই পেয়্য।

দর্শনমণ্ড হচ্ছে সম্যকদৃষ্টি, অভিনিরোপনমণ্ড হচ্ছে সম্যকসংকল্প, পরিগ্রহমণ্ড হচ্ছে সম্যকবাক্য, সমুত্থানমণ্ড হচ্ছে সম্যককর্ম, পরিশুদ্ধমণ্ড হচ্ছে সম্যকজীবিকা, প্রগ্রহমণ্ড হচ্ছে সম্যকপ্রচেষ্টা, উপস্থাপনমণ্ড হচ্ছে সম্যকস্মৃতি ও অবিক্ষেপমণ্ড হচ্ছে সম্যকসমাধি।

উপস্থাপনমণ্ড হচ্ছে স্মৃতি সম্বোধ্যঙ্গ, প্রবিচয়মণ্ড হচ্ছে ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ, প্রগ্রহমণ্ড হচ্ছে বীর্য সম্বোধ্যঙ্গ, স্ফুরণমণ্ড হচ্ছে প্রীতি সম্বোধ্যঙ্গ, উপশমমণ্ড হচ্ছে প্রশ্রদ্ধিসম্বোধ্যঙ্গ, অবিক্ষেপমণ্ড হচ্ছে সমাধি সম্বোধ্যঙ্গ ও প্রতিসংখ্যান বা বিবেচনমণ্ড হচ্ছে উপেক্ষা সম্বোধ্যঙ্গ। শ্রদ্ধাবল হচ্ছে অশ্রদ্ধায় অকম্পিতমণ্ড, বীর্যবল হচ্ছে আলস্যে অকম্পিতমণ্ড, স্মৃতিবল হচ্ছে প্রমাদে অকম্পিতমণ্ড, সমাধিবল হচ্ছে চঞ্চলতায় অকম্পিতমণ্ড ও প্রজ্ঞাবল হচ্ছে অবিদ্যায় অকম্পিতমণ্ড।

Visit: http://www.buddhistdownload.com

শ্রদ্ধেন্দ্রিয় হচ্ছে অধিমোক্ষমণ্ড, বীর্যেন্দ্রিয় হচ্ছে প্রগ্রহ বা উদ্যমমণ্ড, স্মৃতীন্দ্রিয় হচ্ছে উপস্থাপনমণ্ড, সমাধীন্দ্রিয় হচ্ছে অবিক্ষেপমণ্ড এবং প্রজ্ঞেন্দ্রিয় হচ্ছে দর্শনমণ্ড।

আধিপত্যার্থে ইন্দ্রিয়মণ্ড, অকম্পিতার্থে বলমণ্ড, মোক্ষার্থে বোধ্যঙ্গমণ্ড, হেত্বার্থে মার্গমণ্ড, উপস্থাপনার্থে স্মৃতিপ্রস্থানমণ্ড, প্রধানার্থে সম্যকপ্রধানমণ্ড, সমৃদ্ধার্থে ঋদ্ধিপাদমণ্ড, সত্যার্থে সত্যমণ্ড, অবিক্ষেপার্থে শমথমণ্ড, অনুদর্শনার্থে বিদর্শন মণ্ড, একরসার্থে শমথ-বিদর্শন মণ্ড, অনতিক্রমার্থে যুগনদ্ধমণ্ড, সংবরার্থে শীল-বিশুদ্ধিমণ্ড, অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধিমণ্ড, দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধিমণ্ড, মুক্তার্থে বিমোক্ষমণ্ড, প্রতিবেধার্থে বিদ্যামণ্ড, পরিত্যাগার্থে বিমুক্তিমণ্ড, সমুচ্ছেদার্থে ক্ষয়জ্ঞানমণ্ড, প্রতিপ্রশ্রদ্ধার্থে অনুৎপত্তি-জ্ঞানমণ্ড,[১] মূলার্থে ছন্দমণ্ড, সমুত্থানার্থে মনযোগমণ্ড, সমোধানার্থে স্পর্শমণ্ড, সমোসরণার্থে বেদনামণ্ড, প্রমূখার্থে সমাধিমণ্ড, আধিপত্যার্থে স্মৃতিমণ্ড, সর্বোত্তমার্থে প্রজ্ঞামণ্ড, সারার্থে বিমুক্তিমণ্ড এবং পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণমণ্ড[২]

চতুর্থ পরিচ্ছেদ সমাপ্ত।
মণ্ডপেয়্য কথা সমাপ্ত।
মহাবর্গ প্রথম সমাপ্ত।

স্মারক গাথা-

জ্ঞান দৃষ্টি নিঃশ্বাস, ইন্দ্রিয় বিমোক্ষ পঞ্চম,
গতি কর্ম বিপর্যয়, মার্গ মণ্ডে হয় দশম,
নিকায় ধরগণে রক্ষিত, অসম প্রবর বরবর্গ প্রথম।

১। অনুপ্পাদে ঞাণং = উৎপন্ন বা জন্ম না হওয়া সম্বন্ধে জ্ঞান অর্থাৎ অরহত্ব ফলজ্ঞান।

২। নির্বাণকে কেন মণ্ড বলা হয়েছে, তাঁর উত্তর হচ্ছে এই সংসার দুঃখাভিভূত দুঃখ নিঃসরণার্থিক সৎপুরুষগণের দ্বারা নির্বাণগামীমার্গ অনুসৃত হয় বলে নির্বাণকে মণ্ড বলা হয়েছে। - বৌদ্ধদর্শনে প্রজ্ঞাতত্ত্ব ও বিমুক্তিমার্গ, পৃ, ১১০, ডঃ ভিক্ষু জিনবোধি।

Visit: http://www.buddhistdownload.com

২। যুগনদ্ধ বর্গ

যুগনদ্ধ[১] কথা।

১। আমি এরূপ শুনেছি- একসময় আয়ুষ্মান আনন্দ কৌশাম্বীর ঘোষিতারামে[২] অবস্থান করছিলেন। তথায় আয়ুষ্মান আনন্দ "হে আবুসে, ভিক্ষুগণ!" বলে ভিক্ষুগণকে আহ্বান করলেন। সেই ভিক্ষুগণও "হ্যাঁ আবুসো" বলে আয়ুষ্মান আনন্দের আহ্বানে সাড়া দিলেন। তখন আয়ুষ্মান আনন্দ এরূপ বললেন–

"হে আবুসোগণ! যে ভিক্ষু বা ভিক্ষুণী আমার কাছে অরহত্ব প্রাপ্তির কথা বলে থাকেন, সর্বতোভাবে তিনি চারি মার্গের মধ্যে যে কোন এক মার্গের দ্বারা অরহত্ব প্রাপ্ত হয়েছেন বলে প্রকাশ করেন। সেই চার প্রকার মার্গগুলো কি কি? "আবুসোগণ! এখানে ভিক্ষু শমথের পরে বিদর্শন ভাবনা করেন। শমথের পরে বিদর্শন ভাবনা করার ফলে তাঁর মার্গ উৎপন্ন হয়। তিনি সেই মার্গকে পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করেন। সেই মার্গকে পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করার ফলে তাঁর সংযোজনসমূহ প্রহীন এবং অনুশয়সমূহ ধ্বংস হয়। "পুনশ্চ, আবুসোগণ! ভিক্ষু বিদর্শনের পরে শমথ ভাবনা করেন। বিদর্শনের পরে শমথ ভাবনা করার ফলে তাঁর মার্গ উৎপন্ন হয়। তিনি ... এবং অনুশয়সমূহ ধ্বংস হয়।"

"পুনশ্চ, আবুসোগণ! ভিক্ষু শমথ ও বিদর্শন উভয়ই একসাথে ভাবনা করেন। শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করার ফলে তাঁর মার্গ উৎপন্ন হয়। তিনি ... এবং অনুশয়সমূহ ধ্বংস হয়।"

---

[১]। যুগনদ্ধ শব্দের অর্থ সংযুক্ত, যৌথ (coupling) অর্থাৎ দুয়ের সমন্বয় জোড়া।

[২]। কৌশাম্বী উত্তর ভারতীয় (বর্তমান উত্তর প্রদেশস্থ) এক প্রাচীন রাজধানীর নাম। ঘোষিতারাম এই কৌশাম্বীর অন্তর্গত ভিক্ষুনিবাস। এটা ঘোষিত (বা ঘোষক) শ্রেষ্ঠী কর্তৃক বুদ্ধপ্রমূখ ভিক্ষু সংঘের উদ্দেশ্যে প্রদত্ত পয়েছিল। এজন্য এর নামও হয়েছিল 'ঘোষিতারাম'।

Visit: http://www.buddhistdownload.com

"পুনশ্চ, আবুসোগণ! ভিক্ষুর মন ধর্মৌদ্ধত্য বিগৃহীত হয়। সে সময় তাঁর চিত্ত আধ্যাত্মিকভাবে শান্ত, প্রশান্ত, একীভূত ও সমাধিস্থ হয়। তাঁর মার্গ উৎপন্ন হয়। তিনি সেই মার্গকে ... এবং অনুশয়সমূহ ধ্বংস হয়।"

"আবুসোগণ! যে ভিক্ষু বা ভিক্ষুণী আমার কাছে অরহত্ব প্রাপ্তির কথা বলে থাকেন, সর্বতোভাবে তিনি এই চারি মার্গের মধ্যে যে কোন এক মার্গের দ্বারা অরহত্ব প্রাপ্ত হয়ে থাকেন।"[১]

১। সূত্রান্ত বর্ণনা

২। কিরূপে শমথের পরে বিদর্শন ভাবনা করেন? নৈষ্ক্রম্যবশে চিত্তের একগ্রতা অবিক্ষেপ সমাধি। তথায় জাত ধর্মে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে অনুদর্শনার্থে বিদর্শন। এরূপে প্রথমে শমথ এবং পরে বিদর্শন। সেজন্য বলা হয়- "শমথের পরে বিদর্শন ভাবনা করেন"।

'ভাবনা করেন, ভাবনা করেন' বলা হয়, সেই ভাবনা চার প্রকার, যথা– তথায় জাত ধর্মসমূহের অনতিক্রমার্থে ভাবনা, ইন্দ্রিয়সমূহের একরসার্থে ভাবনা, প্রাপ্ত বীর্যবহনার্থে ভাবনা ও অভ্যাসার্থে ভাবনা।

'মার্গ উৎপন্ন হয়, মার্গ উৎপন্ন হয়' বলা হয়; কিরূপে মার্গ উৎপন্ন হয়? দশনার্থে সম্যকদৃষ্টি মার্গ (হিসেবে) উৎপন্ন হয়, অভিনিরোপনার্থে সম্যকসংকল্প মার্গ উৎপন্ন হয়, পরিগ্রহার্থে সম্যকবাক্য মার্গ উৎপন্ন হয়, সমুত্থানার্থে সম্যককর্ম মার্গ উৎপন্ন হয়, পরিশুদ্ধার্থে সম্যকজীবিকা মার্গ উৎপন্ন হয়, প্রগ্রহার্থে সম্যকপ্রচেষ্টা মার্গ উৎপন্ন হয়, উপস্থাপনার্থে সম্যকস্মৃতি মার্গ উৎপন্ন হয় এবং অবিক্ষেপার্থে সম্যকসমাধি মার্গ উৎপন্ন হয়– এরূপে-ই মার্গ উৎপন্ন হয়।

'তিনি (সেই ভিক্ষু বা ভিক্ষুণী) সেই মার্গকে পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করেন' বলা হয়। কিরূপে পুন পুন অভ্যাস করেন? মনোযোগকালে, জ্ঞাতকালে, দর্শনকালে, প্রত্যবেক্ষণকালে, চিত্তকে

---

[১]। যুগনদ্ধ কথার এই পর্যন্ত অঙ্গুত্তর নিকায় চতুর্থ নিপাত বা দ্বিতীয় খণ্ডের ১৭০ নং (যুগনদ্ধ) সূত্রে পুনরাবৃত্তি হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

অধিষ্ঠানকালে, শ্রদ্ধায় অধিমুক্তকালে, বীর্য প্রয়োগকালে, স্মৃতি উপস্থাপনকালে, চিত্ত একীভূতকালে, প্রজ্ঞা দ্বারা প্রজাননকালে, অভিজ্ঞেয়কে অভিজ্ঞাতকালে, পরিজ্ঞেয়কে পরিজ্ঞাতকালে, পরিহারতব্য বিষয়কে পরিত্যাগকালে, ভাবিতব্য বিষয়কে ভাবনাকালে এবং সাক্ষৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে পুন পুন অভ্যাস করেন– এরূপেই পুন পুন অভ্যাস করেন।

'ভাবনা করেন, ভাবনা করেন' বলা হয়: কিরূপে ভাবনা করেন? মনোযোগকালে, জ্ঞাতকালে, দর্শনকালে, প্রত্যবেক্ষণকালে, চিত্তকে অধিষ্ঠানকালে, শ্রদ্ধায় অধিমুক্তকালে, বীর্য প্রয়োগকালে, স্মৃতি উপস্থাপনকালে, চিত্ত একীভূতকালে, প্রজ্ঞা দ্বারা প্রজাননকালে, অভিজ্ঞেয়কে অভিজ্ঞাতকালে, পরিজ্ঞেয়কে পরিজ্ঞাতকালে, পরিহারতব্য বিষয়কে পরিত্যাগকালে, ভাবিতব্য বিষয়কে ভাবনাকালে এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে ভাবনা করেন– এভাবেই ভাবনা করেন।

'বর্ধিত করেন, বর্ধিত করেন' বলা হয়; কিরূপে বর্ধিত করেন? মনোযোগকালে, জ্ঞাতকালে, দর্শনকালে, প্রত্যবেক্ষণকালে, চিত্তকে অধিষ্ঠানকালে, শ্রদ্ধায় অধিমুক্তকালে, বীর্য প্রয়োগকালে, স্মৃতি উপস্থাপনকালে, চিত্ত একীভূতকালে, প্রজ্ঞা দ্বারা প্রজাননকালে, অভিজ্ঞেয়কে অভিজ্ঞাতকালে, পরিজ্ঞেয়কে পরিজ্ঞাতকালে, পরিহারতব্য বিষয়কে পরিত্যাগকালে, ভাবিতব্য বিষয়কে ভাবনাকালে এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে বর্ধিত করেন– এভাবেই বর্ধিত করেন।

'সেই মার্গ পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করার ফলে তাঁর সংযোজনসমূহ প্রহীন এবং অনুশয়সমূহ ধ্বংস হয়' বলা হয়। কিরূপে সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়? স্রোতাপত্তি মার্গ দ্বারা সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা, শীলব্রত পরামর্শ- এই ত্রিবিধ সংযোজন প্রহীন হয়। দৃষ্টি অনুশয় ও বিচিকিৎসানুশয়– এই দ্বিবিধ অনুশয় ধ্বংস হয়। সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন– এই

Visit: http://www.buddhistdownload.com

দ্বিবিধ সংযোজন প্রহীন হয়। স্থূল কামরাগানুশয় ও প্রতিঘানুশয়– এই দ্বিবিধ অনুশয় ধ্বংস হয়। অনাগামীমার্গ দ্বারা অনুশয়গত কামরাগ সংযোজন ও প্রতিঘ সংযোজন– এই দ্বিবিধ সংযোজন প্রহীন হয়। অনুসহগত কামরাগানুশয় ও প্রতিঘনুশয়– এই দ্বিবিধ অনুশয় ধ্বংস হয়। অরহত্বমার্গ দ্বারা রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য ও অবিদ্যা– এই পঞ্চ সংযোজন প্রহীন হয়। মানানুশয়, ভবরাগানুশয় এবং অবিদ্যানুশয়– এই ত্রিবিধ অনুশয় ধ্বংস হয়। এভাবেই সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়।

৩। অব্যাপাদবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি ... পে .. আলোকসংজ্ঞাবশে চিত্তের একগ্রতা অবিক্ষেপ সমাধি .. পে ... পরিত্যাগানুশ্বাস-প্রশ্বাসবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি। তথায় জাত ধর্মে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে অনুদর্শনার্থে বিদর্শন। এরূপে প্রথমে শমথ এবং পরে বিদর্শন। সেজন্য বলা হয়– "শমথে পরে বিদর্শন ভাবনা করেন"।

'ভাবনা করেন, ভাবনা করেন' বলা হয়; সেই ভাবনা চার প্রকার, যথা– তথায় জাত ধর্মসমূহের ... ও অভ্যাসার্থে ভাবনা।

'মার্গ উৎপন্ন হয়, মার্গ উৎপন্ন হয়' বলা হয়; কিরূপে মার্গ উৎপন্ন হয়? দর্শনার্থে সম্যকদৃষ্টি মার্গ উৎপন্ন হয়, ... পূর্ববৎ ... এরূপেই মার্গ উৎপন্ন হয়।

'তিনি সেই মার্গকে পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করেন' বলা হয়; কিরূপে পুন পুন অভ্যাস করেন? মনোযোগকালে, জ্ঞাতকালে, ... পূর্ববৎ ... সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে পুন পুন অভ্যাস করেন– এরূপেই পুন পুন অভ্যাস করেন।

'ভাবনা করেন, ভাবনা করেন' বলা হয়; কিরূপে ভাবনা করেন? মনোযোগকালে, ... পূর্ববৎ ... এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে ভাবনা করেন– এভাবে-ই ভাবনা করেন।

'বর্ধিত করেন, বর্ধিত করেন' বলা হয়; কিরূপে বর্ধিত করেন? মনোযোগকালে ... পূর্ববৎ ... এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে

Visit: http://www.buddhistdownload.com

বর্ধিত করেন– এভাবেই বর্ধিত করেন।

'সেই মার্গ পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করার ফলে তাঁর সংযোজনসমূহ প্রহীন এবং অনুশয়সমূহ ধ্বংস হয়' বলা হয়; কিরূপে সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়? স্রোতাপত্তিমার্গ দ্বারা সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা,.... পূর্ববৎ ... এবং অবিদ্যানুশয়– এই ত্রিবিধ অনুশয় ধ্বংস হয়। এভাবে সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়। এরূপে-ই শমথের পরে বিদর্শন ভাবনা করেন।

৪। কিরূপে বিদর্শনের পরে শমথ ভাবনা করেন? অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে অনুদর্শনার্থে বিদর্শন। তথায় জাত ধর্মসমূহের পরিত্যাগারম্মণতা চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি। এরূপে প্রথমে বিদর্শন এবং পরে শমথ। সেজন্য বলা হয়– "বিদর্শনের পরে শমথ ভাবনা করেন"।

'ভাবনা করেন, ভবনা করেন' বলা হয়; সেই ভাবনা চার প্রকার, যথা– তথায় জাত ধর্মসমূহের ... ও অভ্যাসার্থে ভাবনা।

'মার্গ উৎপন্ন হয়, মার্গ উৎপন্ন হয়' বলা হয়; কিরূপে মার্গ উৎপন্ন হয়? দর্শনার্থে সম্যকদৃষ্টি মার্গ উৎপন্ন হয়,... পূর্ববৎ ... এবং অবিক্ষেপার্থে সমাধি মার্গ উৎপন্ন হয়– এরূপে-ই মার্গ উৎপন্ন হয়।

['তিনি সেই মার্গকে পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করেন' বলা হয়; কিরূপে পুন পুন অভ্যাস করেন? মনোযোগকালে, ... পূর্ববৎ ... এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে পুন পুন অভ্যাস করেন– এরূপে-ই পুন পুন অভ্যাস করেন।

'ভাবনা করেন, ভাবনা করেন' বলা হয়; কিরূপে ভাবনা করেন? মনোযোগকালে, জ্ঞাতকালে, ... পূর্ববৎ ... এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে, ভাবনা করেন– এভাবেই ভাবনা করেন।

'বর্ধিত করেন, বর্ধিত করেন' বলা হয়; কিরূপে বর্ধিত করেন? মনোযোগকালে, .. পূর্ববৎ ... এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে বর্ধিত করেন– এভাবেই বর্ধিত করেন।

Visit: http://www.buddhistdownload.com

"সেই মার্গ পুন পুন অভ্যাস ভাবনা ও বর্ধিত করার ফলে তাঁর সংযোজনসমূহ প্রহীন এবং অনুশয়সমূহ ধ্বংস হয়' বলা হয়; কিরূপে সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়? স্রোতাপত্তিমার্গ দ্বারা সৎকায়দৃষ্টি ... পূর্ববৎ এবং অবিদ্যানুশয়– এই ত্রিবিধ অনুশয় ধ্বংস হয়।] এভাবে-ই সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়।

রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান, চক্ষু ও জরা-মরণকে অনিত্য, দুঃখ এবং অনাত্মরূপে অনুদর্শনার্থে বিদর্শন। তথায় জাত ধর্মসমূহের পরিত্যাগারম্মণতা চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি। এরূপে প্রথমে বিদর্শন এবং পরে শমথ। সেজন্য বলা হয়– "বিদর্শনের পরে শমথ ভাবনা করেন"।

'ভাবনা করেন, ভাবনা করেন' বলা হয়। সেই ভাবনা চার প্রকার, যথা– তথায় জাত ধর্মসমূহের .... ও অভ্যাসার্থে ভাবনা।

'মার্গ উৎপন্ন হয়, মার্গ উৎপন্ন হয়' বলা হয়; কিরূপে মার্গ উৎপন্ন হয়? দর্শনার্থে সম্যকদৃষ্টি মার্গ উৎপন্ন হয়, ... পূর্ববৎ ... এবং অবিক্ষেপার্থে সমাধি মার্গ উৎপন্ন হয়– এরূপেই মার্গ উৎপন্ন হয়।

['তিনি সেই মার্গকে পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করেন' বলা হয়; কিরূপে পুন পুন অভ্যাস করেন? মনোযোগকালে, জ্ঞাতকালে, ... পূর্ববৎ ... এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে পুন পুন অভ্যাস করেন– এরূপেই পুন পুন অভ্যাস করেন।

'ভাবনা করেন, ভাবনা করেন' বলা হয়; কিরূপে ভাবনা করেন? মনোযোগ কালে, পূর্ববৎ ... এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে ভাবনা করেন– এভাবেই ভাবনা করেন।

'বর্ধিত করেন, বর্ধিত করেন' বলা হয়; কিরূপে বর্ধিত করেন? মনোযোগকালে, ... পূর্ববৎ .. এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে বর্ধিত করেন– এভাবেই বর্ধিত করেন।

'সেই মার্গ পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করার ফলে তাঁর সংযোজনসমূহ প্রহীন এবং অনুশয়সমূহ ধ্বংস হয়' বলা হয়; কিরূপে সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়? স্রোতাপত্তিমার্গ দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

সৎকায়দৃষ্টি, ... পূর্ববৎ ... এবং অবিদ্যানুশয়– এই ত্রিবিধ অনুশয় ধ্বংস হয়। এভাবে সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়। এরূপে-ই বিদর্শনের পরে শমথ ভাবনা করেন।

৫। কিভাবে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? ষোল প্রকারে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন। যথা- আরম্মণার্থে, গোচরার্থে, প্রহীনার্থে, পরিত্যাগার্থে, উত্থানার্থে, বিবর্তনার্থে, শান্তার্থে, প্রণীতার্থে, বিমুক্তার্থে, অনাস্রবার্থে, তরণ বা অতিক্রমনার্থে, অনিমিত্তার্থে, অপ্রণিহিতার্থে, শূন্যতার্থে, একরসার্থে ও অনতিক্রমার্থে একসাথে ভাবনা করেন।

কিভাবে আরম্মণার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতা পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি নিরোধারম্মণ হয় এবং অবিদ্যা পরিত্যাগ করে অনুদর্শনার্থে বিদর্শন নিরোধারম্মণ হয়। এরূপে আরম্মণার্থে শমথ-বিদর্শন একরস ও যুগপৎ হয় এবং একে অপরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "আরম্মণার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

'ভাবনা করেন, ভাবনা করেন' বলা হয়; সেই ভাবনা চার প্রকার, যথা– তথায় জাত ধর্মসমূহের ... পূর্ববৎ ... ও অভ্যাসার্থে ভাবনা।

'মার্গ উৎপন্ন হয়, মার্গ উৎপন্ন হয়' বলা হয়; কিরূপে মার্গ উৎপন্ন হয়? দর্শনার্থে সম্যকদৃষ্টি মার্গ উৎপন্ন হয়, ... পূর্ববৎ ... এবং অবিক্ষেপার্থে সমাধি মার্গ উৎপন্ন হয়– এরূপে-ই মার্গ উৎপন্ন হয়।

'(তিনি) সেই মার্গকে পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করেন' বলা হয়; কিরূপে পুন পুন অভ্যাস, ভাবনা এবং বর্ধিত করেন? মনোযোগকালে, জ্ঞাতকালে, ... পূর্ববৎ ... এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে পুন পুন অভ্যাস, ভাবনা এবং বর্ধিত করেন– এভাবে-ই পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করেন।

'সেই মার্গ পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করার ফলে তাঁর সংযোজনসমূহ প্রহীন এবং অনুশয়সমূহ ধ্বংস হয়' বলা হয়; কিরূপে সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়? স্রোতাপত্তিমার্গ দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

সৎকায়দৃষ্টি, ... পূর্ববৎ ... এবং অবিদ্যানুশয়– এই ত্রিবিধ অনুশয় ধ্বংস হয়। এভাবে সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়। এরূপেই আরম্মণার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন।

কিরূপে গোচরার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতা পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি নিরোধ-গোচর হয় এবং অবিদ্যা পরিত্যাগ করে অনুদর্শনার্থে বিদর্শন বিরোধ-গোচর হয়। এরূপে গোচরার্থে শমথ-বিদর্শন একরস ও যুগপৎ হয়, একে অপরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "গোচরার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে প্রহীনার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতাসহগত ক্লেশ ও স্কন্ধ পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি নিরোধ-গোচর হয় এবং অবিদ্যাসহগত ক্লেশ ও স্কন্ধ পরিত্যাগ করে অনুদর্শনার্থে বিদর্শন নিরোধ-গোচর হয়। এরূপে প্রহীনার্থে শমথ-বিদর্শন একরস ও যুগপৎ হয়, একে অপরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "প্রহানার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে পরিত্যাগার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতাসহগত ক্লেশ ও স্কন্ধ পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি নিরোধ-গোচর হয় এবং অবিদ্যাসহগত ক্লেশ ও স্কন্ধ পরিত্যাগ করে অনুদর্শনার্থে বিদর্শন নিরোধ-গোচর হয়। এরূপে পরিত্যাগার্থে শমথ-বিদর্শন একরস ও যুগপৎ হয়, একে অপরকে অতিক্রম করেন। সেজন্য বলা হয়– "পরিত্যাগার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে উত্থানার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতাসহগত ক্লেশ ও স্কন্ধ হতে উত্থিত হয়ে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি নিরোধ-গোচর হয় এবং অবিদ্যাসহগত ক্লেশ ও স্কন্ধ হতে উত্থিত হয়ে অনুদর্শনার্থে বিদর্শন নিরোধ-গোচর হয়। এরূপে উত্থানার্থে শমথ-বিদর্শন একরস ও যুগপৎ হয়, একে অপরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "উত্থানার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে বিবর্তনার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন?

Visit: http://www.buddhistdownload.com

চঞ্চলতাসহগত ক্লেশ ও স্কন্ধ হতে বিবর্তিত হয়ে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি নিরোধ-গোচর হয় এবং অবিদ্যাসহগত ক্লেশ ও স্কন্ধ হতে বিবর্তিত হয়ে অনুদর্শনার্থে বিদর্শন নিরোধ-গোচর হয়। এরূপে বিবর্তনার্থে শমথ-বিদর্শন একরস ও যুগপৎ হয় এবং একে অপরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "বিবর্তনার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে শান্তার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতা পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি শান্ত ও নিরোধ-গোচর হয় অবিদ্যা পরিত্যাগ করে অনুদর্শনার্থে বিদর্শন শান্ত ও নিরোধ-গোচর হয়। এরূপে শান্তার্থে শমথ-বিদর্শন একরস ও যুগপৎ হয় এবং একে অপরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "শান্তার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে প্রণীতার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতা পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি প্রহীত ও নিরোধ-গোচর হয় এবং অবিদ্যা পরিত্যাগ করে অনুদর্শনার্থে বিদর্শন প্রণীত ও নিরোধ-গোচর হয়। এরূপে প্রণীতার্থে শমথ-বিদর্শন একরস ও যুগ্ম হয় এবং পরস্পরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "প্রণীতার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে বিমুক্তার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতা পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি কামাস্রব হতে বিমুক্ত ও নিরোধ-গোচর হয় এবং অবিদ্যা পরিত্যাগ করে অনুদর্শনার্থে বিদর্শন অবিদ্যাস্রব হতে বিমুক্ত ও নিরোধ-গোচর হয়। এরূপে রাগ-বিরাগ হতে চিত্তবিমুক্তি ও অবিদ্যা-বিরাগ হতে প্রজ্ঞা বিমুক্তার্থে শমথ-বিদর্শন একরস ও যুগ্ম হয় এবং পরস্পরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "বিমুক্তার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে অনাস্রবার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতা পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি কামাস্রবে অনাস্রব ও নিরোধ-গোচর হয় এবং অবিদ্যা পরিত্যাগ করে অনুদর্শনার্থে

Visit: http://www.buddhistdownload.com

বিদর্শন অবিদ্যাস্রবে অনাস্রব ও নিরোধ-গোচর হয়। এরূপে অনাস্রবার্থে শমথ-বিদর্শন একরস ও যুগ্ম হয় এবং পরস্পরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "অনাস্রবার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে তরণার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতাসহগত ক্লেশ ও স্কন্ধ অতিক্রম করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি নিরোধ-গোচর হয় এবং অবিদ্যাসহগত ক্লেশ ও স্কন্ধ অতিক্রম করে অনুদর্শনার্থে বিদর্শন নিরোধ-গোচর হয়। এরূপে তরণার্থে শমথ-বিদর্শন একরস ও যুগ্ম হয় এবং পরস্পরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "তরণার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে অনিমিত্তার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতা পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি সর্ব নিমিত্ত হতে অনিমিত্ত ও নিরোধ-গোচর হয় এবং অবিদ্যা পরিত্যাগ করে অনুদর্শনার্থে বিদর্শন সর্ব নিমিত্ত হতে অনিমিত্ত ও নিরোধ-গোচর হয়। এরূপে অনিমিত্তার্থে শমথ-বিদর্শন একরস ও যুগ্ম হয় এবং পরস্পরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "অনিমিত্তার্থে শমথ ও নিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে অপ্রণিহিতার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতা পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি সর্ব প্রণিধি হতে অপ্রণিহিত ও নিরোধ-গোচর হয় এবং অবিদ্যা পরিত্যাগ করে অনুদর্শনার্থে বিদর্শন সর্ব প্রণিধি হতে অপ্রণিহিত ও নিরোধ-গোচর হয়। এরূপে অপ্রণিহিতার্থে শমথ-বিদর্শন একরস ও যুগ্ম হয় এবং পরস্পরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "অপ্রণিহিতার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।

কিরূপে শূন্যতার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন? চঞ্চলতা পরিত্যাগ করে চিত্তের একাগ্রতা অবিক্ষেপ সমাধি সর্ব অভিনিবেশ হতে শূন্য ও নিরোধ-গোচর হয় এবং অবিদ্যা পরিত্যাগ করে অনুদর্শনার্থে বিদর্শন সর্ব অভিনিবেশ হতে শূন্য ও নিরোধ-গোচর হয়। এরূপে

Visit: http://www.buddhistdownload.com

শূন্যতার্থে শমথ-বিদর্শন একরস ও যুগ্ম হয় পরস্পরকে অতিক্রম করে না। সেজন্য বলা হয়– "শূন্যতার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন"।[১]

'ভাবনা করেন, ভাবনা করেন' বলা হয়; সেই ভাবনা চার প্রকার, যথা– তথায় জাত ধর্মসমূহের ... ও অভ্যাসার্থে ভাবনা।

'মার্গ উৎপন্ন হয়, মার্গ উৎপন্ন হয়' বলা হয়; কিরূপে মার্গ উৎপন্ন হয়? দর্শনার্থে সম্যকদৃষ্টি মার্গ উৎপন্ন হয় ... পূর্ববৎ এবং অবিক্ষেপার্থে সমাধি মার্গ উৎপন্ন হয়– এরূপে-ই মার্গ উৎপন্ন হয়।

'(তিনি) সেই মার্গকে পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করেন' বলা হয়; কিরূপে পুন পুন অভ্যাস, ভাবনা এবং বর্ধিত করেন? মনোযোগকালে, জ্ঞাতকালে ... পূর্ববৎ ... এবং সাক্ষাৎকরণীয় বিষয়কে সাক্ষাৎকালে পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করেন- এরূপেই পুন পুন অভ্যাস, ভাবনা এবং বর্ধিত করেন।

'সেই মার্গ পুন পুন অভ্যাস, ভাবনা ও বর্ধিত করার ফলে তাঁর সংযোজনসমূহ প্রহীন এবং অনুশয়সমূহ ধ্বংস হয়' বলা হয়; কিরূপে সংযোজনসমূহ প্রহীণ ও অনুশয়সমূহ ধ্বংস হয়? স্রোতাপত্তিমার্গ দ্বারা সৎকায়দৃষ্টি, ... পূর্ববৎ ... এবং অবিদ্যানুশয়- এই ত্রিবিধ অনুশয় ধ্বংস হয়। এরূপে সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়। এরূপে-ই শূন্যতার্থে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন। এই ষোল প্রকারে শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন। এভাবে-ই শমথ ও বিদর্শন একসাথে ভাবনা করেন।

সূত্রান্ত বর্ণনা সমাপ্ত।

---

[১]। এখানে একটি বিষয় লক্ষণীয়, উপরোক্ত আরম্মণার্থে হতে এই শূন্যতার্থে পর্যন্ত পর্যায়ক্রমে ব্যাখ্যা করা হয়েছে, কিন্তু অবশিষ্ট 'একরসার্থে অনতিক্রমার্থে' এই দু'টির ব্যাখ্যা করা হয়নি। উপরোক্ত ১৪ প্রকার ব্যাখ্যায় প্রত্যেকের ক্ষেত্রে দেখা যায় 'শমথ-বিদর্শন একরস ও যুগ্ম হয় এবং পরস্পরকে অতিক্রম করে না'। অবশিষ্ট দু'টির অর্থ কি এখান থেকে বুঝে নিতে হবে কিংবা একারণেই কি আলাদাভাবে এদের ব্যাখ্যা করা হয়নি?

Visit: http://www.buddhistdownload.com

২। ধর্মৌদ্ধত্য পর্যায় বর্ণনা

৬। কিরূপে মন ধর্মৌদ্ধত্য বিগৃহীত হয়? অনিত্যরূপে মনোনিবেশ করলে আলো উৎপন্ন হয়, সে আলোকে আলোধর্ম মনে করে তা হতে বিক্ষেপ ও চঞ্চলতা উৎপন্ন হয়। সেই চঞ্চলতা দ্বারা বিগৃহীত মন উপস্থাপনকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে যথাযথভাবে জানে না। তাই বলা হয়– "সেসময় মন ধর্মৌদ্ধত্য বিগৃহীত হয়; যা সেই চিত্তকে অধ্যাত্মভাবে শান্ত, প্রশান্ত, একীভূত ও সমাহিত করে।

'মার্গ উৎপন্ন হয়, মার্গ উৎপন্ন হয়' বলা হয়; কিরূপে মার্গ উৎপন্ন হয়? দর্শনার্থে সম্যকদৃষ্টি মার্গ উৎপন্ন হয়, ... পূর্ববৎ ... এরূপে-ই সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়।

অনিত্যরূপে মনোনিবেশ করলে জ্ঞান, প্রীতি, প্রশ্রদ্ধি, সুখ, অধিমোক্ষ, প্রগ্রহ (উদ্যম), উপস্থাপন, উপেক্ষা, নিকন্তি উৎপন্ন হয় এবং নিকন্তিকে 'নিকন্তিধর্ম' বলে মনে করে। তা হতে বিক্ষেপ ও চঞ্চলতা উৎপন্ন হয়। সেই চঞ্চলতা দ্বারা বিগৃহীত মন উপস্থাপনকে অনিত্য, দুঃখ ও অনাত্মরূপে যথাযথভাবে জানে না। তাই বলা হয়– "সেসময় মন ধর্মৌদ্ধত্য বিগৃহীত হয়; যা সেই চিত্তকে অধ্যাত্মভাবে শান্ত, প্রশান্ত, একীভূত ও সমাহিত করে।

'মার্গ উৎপন্ন হয়, মার্গ উৎপন্ন হয়' বলা হয়েছে, কিরূপে মার্গ উৎপন্ন হয়? দর্শনার্থে সম্যকদৃষ্টি মার্গ উৎপন্ন হয়, ... [পূর্ববৎ] ... এরূপে-ই সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়।

দুঃখরূপে মনোনিবেশ করলে ... অনাত্মরূপে মনোনিবেশ করলে, আলো, জ্ঞান, প্রীতি, ... পূর্ববৎ ... ও অনুশয়সমূহ ধ্বংস হয়।

রূপকে অনিত্যরূপে মনোনিবেশ করলে ... রূপকে দুঃখরূপে ... রূপকে অনাত্মরূপে মনোনিবেশ করলে আলো, জ্ঞান, ... বেদনাকে ... পূর্ববৎ ... সংজ্ঞাকে ... পূর্ববৎ ... সংস্কারকে ... পূর্ববৎ ... চক্ষুকে ... পূর্ববৎ ... জরা-মরণকে ... [পূর্ববৎ] ... এরূপে সংযোজনসমূহ প্রহীন ও অনুশয়সমূহ ধ্বংস হয়। আর এভাবে-ই মন ধর্মৌদ্ধত্য বিগৃহীত হয়।

Visit: http://www.buddhistdownload.com

৭। আলোতে জ্ঞানে, প্রীতি হয় বিকম্পিত,
প্রশ্রদ্ধি ও সুখে হয় চিত্ত শঙ্কিত।
অধিমোক্ষ প্রগ্রহে কম্পিত হয় উপস্থাপনে,
উপেক্ষা ও আবর্জনে, উপেক্ষায় মৃত্যুক্ষণে।
এই দশ বিষয়, প্রজ্ঞা যার পরিচিত,
ধর্মৌদ্ধত্য কুশল হয়, হয় না সম্মোহ।
বিক্ষিপ্ত দূষিত হয়, চ্যুত হয় চিত্তভাবনা,
হয় না বিক্ষিপ্ত দূষিত, ক্ষয় হয় ভাবনা।
বিক্ষিপ্ত দূষিত ক্ষয় হয় না ভাবনা,
হয় না চিত্ত বিক্ষিপ্ত দূষিত চ্যুত চিত্তভাবনা।

এই চার প্রকার বিষয় দ্বারা চিত্তের সংক্ষেপ, বিক্ষেপ ও বিগৃহীত দশবিধ বিষয়ে সম্প্রজ্ঞানে জ্ঞাত হন।

যুগনদ্ধ কথা সমাপ্ত।

২। সত্য কথা

৮। পূর্ববৎ নিদান। "হে ভিক্ষুগণ! সত্য, অভ্রান্ত এবং নির্ভুল চার প্রকার। সেই চার প্রকার কি কি? যথা- 'এটা দুঃখ,' 'এটা দুঃখ সমুদয়,' 'এটা দুঃখ নিরোধ' ও 'এটা দুঃখ নিরোধের উপায়'– এগুলো সত্য, অভ্রান্ত এবং নির্ভুল। এই চার প্রকারই সত্য, অভ্রান্ত এবং নির্ভুল[১] "।

---

[১]। সংযুক্ত নিকায় মহাবর্গে সত্য সংযুক্তে অন্তর্ভুক্ত 'সত্য সূত্র' দ্রষ্টব্য, পৃ, ৪০০ (অখণ্ড), দ্বিতীয় খণ্ডে 'তথ সূত্র' পৃ, ৪৯৩।

Visit: http://www.buddhistdownload.com

১। প্রথম সূত্রান্ত বর্ণনা

সত্যার্থে দুঃখসত্য কিরূপ? চতুর্বিধ দুঃখের দুঃখার্থ সত্য, অভ্রান্ত ও নির্ভুল। দুঃখের পীড়নার্থ, সঙ্খতার্থ, সন্তাপার্থ, বিপরিণামার্থ- এই চার প্রকার দুঃখের দুঃখার্থ সত্য, অভ্রান্ত ও নির্ভুল। সত্যার্থে দুঃখসত্য এরূপ।

সত্যার্থে সমুদয়সত্য কিরূপ? চতুর্বিধ সমুদয়ের সমুদয়ার্থ সত্য, অভ্রান্ত ও নির্ভুল। সমুদয়ের সংগ্রহার্থ, নিদানার্থ, সংযোগার্থ, প্রতিবন্ধকার্থ– এই চার প্রকার সমুদয়ের সমুদয়ার্থ সত্য, অভ্রান্ত ও নির্ভুল। সত্যার্থে সমুদয়সত্য এরূপ।

সত্যার্থে নিরোধসত্য কিরূপ? চতুর্বিধ নিরোধের নিরোধার্থ সত্য, অভ্রান্ত ও নির্ভুল। নিরোধের নিঃসরণার্থ, বিবেকার্থ, অসংস্কৃতার্থ, অমৃতার্থ– এই চার প্রকার নিরোধের নিরোধার্থ সত্য, অভ্রান্ত ও নির্ভুল। সত্যার্থে নিরোধসত্য এরূপ।

সত্যার্থে মার্গসত্য কিরূপ? চারি মার্গের মার্গার্থ সত্য, অভ্রান্ত ও নির্ভুল। মার্গের নির্গমনার্থ, হেতুার্থ, দর্শনার্থ, আধিপত্যার্থ– এই চার প্রকার মার্গের মার্গার্থ সত্য, অভ্রান্ত ও নির্ভুল। সত্যার্থে মার্গসত্য এরূপ।

৯। কয় প্রকারে চারি সত্য একে প্রতিবেধ (উপলব্ধি) হয়? চার প্রকারে চারি সত্য একে প্রতিবেধ হয়। যথা– তথার্থে, অনাত্মার্থে, সত্যার্থে, প্রতিবেধার্থে– এই চার প্রকারে চারি সত্য একে অন্তর্গত হয়। যা একে অন্তর্গত তা একত্ব। একত্ব একটি মাত্র জ্ঞান দ্বারা প্রতিবিদ্ধ বা বোধগম্য হয়- এটা চারি সত্য একে প্রতিবেধ।

কিরূপে সত্যার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়? চার প্রকারে সত্যার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়। দুঃখের দুঃখার্থ সত্যার্থে, সমুদয়ের সমুদয়ার্থ সত্যার্থ, নিরোধের নিরোধর্থে সত্যার্থে, মার্গের মার্গার্থ সত্যার্থ- এই চার প্রকারে সত্যার্থে চতুর্বিধ সত্য একে অন্তর্গত হয়। যা একে অন্তর্গত তা একত্ব। একত্ব একটি মাত্র জ্ঞান দ্বারা প্রতিবদ্ধি হয়– এটা চারি সত্য একে প্রতিবেধ।

Visit: http://www.buddhistdownload.com

কিরূপে অনাত্মার্থে চতুর্বিধ সত্য একে প্রতিবেধ হয়? চার প্রকারে অনাত্মার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়। দুঃখের দুঃখার্থ অনাত্মার্থে, সমুদয়ের সমুয়ার্থ অনাত্মার্থে, নিরোধের নিরোধার্থ অনাত্মার্থে, মার্গের মার্গার্থ অনাত্মার্থে- এই চার প্রকারে অনাত্মার্থে চারি সত্য একে অন্তর্গত হয়। যা একে অন্তর্গত তা একত্ব। একত্ব একটি মাত্র জ্ঞান দ্বারা প্রতিবিদ্ধ হয়– এটা চারি সত্য একে প্রতিবেধ।

কিরূপে সত্যার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়? চার প্রকারে সত্যার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়। দুঃখের দুঃখার্থ সত্যার্থে, সমুদয়ের সমুদয়ার্থ সত্যার্থে, নিরোধের নিরোধার্থ সত্যার্থে, মার্গের মার্গার্থ সত্যার্থে – এই চার প্রকারে সত্যার্থে চারি সত্য একে অন্তর্গত হয়। যা একে অন্তর্গত তা একত্ব। একত্ব একটি মাত্র জ্ঞান দ্বারা প্রতিবিদ্ধ হয়– এটা চারি সত্য একে প্রতিবেধ।

কিরূপে প্রতিবেধার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়? চার প্রকারে প্রতিবেধার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়। দুঃখের দুঃখার্থ প্রতিবেধার্থে, সমুদয়ের সমুদয়ার্থ প্রতিবেধার্থে, নিরোধের নিরোধার্থ প্রতিবেধার্থে, মার্গের মার্গার্থ প্রতিবেধার্থে - এই চার প্রকারে প্রতিবেধার্থে চতুর্বিধ সত্য একে অন্তর্গত হয়। যা একে অন্তর্গত তা একত্ব। একত্ব একটি মাত্র জ্ঞান দ্বারা প্রতিবিদ্ধ হয়– এটা চারি সত্য একে প্রতিবেধ।

১০। কয় প্রকারে চারি সত্য একে প্রতিবেধ হয়? যা অনিত্য তা দুঃখ, যা দুঃখ তা অনিত্য, যা অনিত্য ও দুঃখ তা অনাত্ম। যা অনিত্য, দুঃখ এবং অনাত্ম তা যথার্থ। যা অনিত্য, দুঃখ, অনাত্ম ও যথার্থ তা সত্য। যা অনিত্য, দুঃখ, অনাত্ম, যথার্থ এবং সত্য তা একে অন্তর্গত। যা একে অন্তর্গত তা একত্ব। একত্ব একটি মাত্র জ্ঞান দ্বারা প্রতিবিদ্ধ হয়– এটা চারি সত্য একে প্রতিবেধ।

কয় প্রকারে চারি সত্য একে প্রতিবেধ হয়? নয় প্রকারে চারি সত্য একে প্রতিবেধ হয়। তথার্থ (যথার্থ অর্থে), অনাত্মার্থ, সত্যার্থ, প্রতিবেধার্থ, অভিজ্ঞার্থ, পরিজ্ঞার্থ, প্রহানার্থ, ভাবনার্থ ও সাক্ষাৎকরণার্থ– এই নয় প্রকারে চারি সত্য একে অন্তর্গত হয়। যা একে অন্তর্গত তা

Visit: http://www.buddhistdownload.com

একত্ব। একত্ব একটি মাত্র জ্ঞান দ্বারা প্রতিবিদ্ধ হয়– এটা চারি সত্য একে প্রতিবেধ।

কিরূপে তথার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়? নয় প্রকারে তথার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়। দুঃখের দুঃখার্থ তথার্থে, সমুদয়ের সমুদয়ার্থ তথার্থে, নিরোধের নিরোধার্থ তথার্থে, মার্গের মার্গার্থ তথার্থে, অভিজ্ঞার অভিজ্ঞার্থ তথার্থে, পরিজ্ঞার পরিজ্ঞার্থ তথার্থে, প্রহীনের প্রহীনার্থ তথার্থে, ভাবনার ভাবনার্থ তথার্থে, সাক্ষাৎকরণের সাক্ষাৎকরণার্থ তথার্থে– এই নয় প্রকারে তথার্থে চারি সত্য একে অন্তর্গত হয়। যা একে অন্তর্গত তা একত্ব। একত্ব একটি মাত্র জ্ঞান দ্বারা প্রতিবিদ্ধ হয়– এটা চারি সত্য একে প্রতিবেধ।

কিরূপে অনাত্মার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়? নয় প্রকারে অনাত্মার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়। দুঃখে দুঃখার্থ অনাত্মার্থে ... পূর্ববৎ ... (উপরোক্ত 'তথার্থ' এর স্থলে 'অনাত্মার্থ' পড়তে হবে)– এটা চারি সত্য একে প্রতিবেধ।

কিরূপে সত্যার্থে চারি সত্য ... পূর্ববৎ .. ('তথার্থ' এর স্থলে 'সত্যার্থ' পড়তে হবে)।

কিরূপে প্রতিবেধার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়? নয় প্রকারে ... পূর্ববৎ ... ('তথার্থ' এর স্থলে 'প্রতিবেধার্থ' পড়তে হবে)।– এটা চারি সত্য একে প্রতিবেধ।

১১। কত প্রকারে চারি সত্য একে প্রতিবেধ হয়? দ্বাদশ প্রকারে চারি সত্য একে প্রতিবেধ হয়। তথার্থে, অনাত্মার্থে, সত্যার্থে, প্রতিবেধার্থে, অভিজাননার্থে, পরিজাননার্থে, ধর্মার্থে, যথার্থার্থে, জ্ঞাতার্থে, সাক্ষাৎকরণার্থে, স্পর্শনার্থে ও অভিসময়ার্থে– এই দ্বাদশ প্রকারে চারি সত্য একে অন্তর্গত হয়। যা একে অন্তর্গত তা একত্ব। একত্ব একটি মাত্র জ্ঞান দ্বারা প্রতিবিদ্ধ হয়– এটা চারি সত্য একে প্রতিবেধ।

কিরূপে তথার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়? ষোল প্রকারে তথার্থে চারি সত্য একে প্রতিবেধ হয়। দুঃখের পীড়নার্থে, সঙ্খতার্থে, সন্তাপার্থে ও বিপরিণামার্থে, তথার্থ। সমুদয়ের সংগ্রহার্থে, নিদানার্থে, সংযোগার্থে ও

Visit: http://www.buddhistdownload.com

প্রতিবন্ধকার্থে তথার্থ। নিরোধের নিঃসরণার্থে, বিবেকার্থে, অসঙ্খতার্থে ও অমৃতার্থে, তথার্থ। মার্গের নিগমনার্থে, হেত্বার্থে, দর্শনার্থে এবং আধিপত্যার্থে তথার্থ– এই ষোল প্রকারে তথার্থে চারি সত্য একে অন্তর্গত হয়। যা ... প্রতিবেধ।

কিরূপে অনাত্মার্থে ... সত্যার্থে .. প্রতিবেধার্থে ... অভিজাননার্থে .. পরিজাননার্থে ... ধর্মার্থে ... যথার্থার্থে ... জ্ঞাতার্থে ... সাক্ষাৎকরণার্থে, ... স্পর্শনার্থে ... অভিসময়ার্থে .. [উপরোক্ত 'তথার্থ' এর স্থলে 'অনাত্মার্থ, সত্যার্থ .. ইত্যাদি' পড়তে হবে]– এটা চারি সত্য একে প্রতিবেধ।

১২। সত্যের কত প্রকার লক্ষণ? সত্যের দুই প্রকার লক্ষণ। যথা– সঙ্খত লক্ষণ ও অসঙ্খত লক্ষণ– সত্যের এই দুই প্রকার লক্ষণ।

সত্যের লক্ষণ কত প্রকার? সত্যের লক্ষণ ছয় প্রকার। সঙ্খত সত্যের উদয়, ব্যয় ও স্থিতির পরিবর্তন উত্তমরূপে জ্ঞাত হয়; অসঙ্খত সত্যের উদয়, ব্যয় ও স্থিতির পরিবর্তন জ্ঞাত হয় না। এগুলো সত্যের ছয় প্রকার লক্ষণ।

সত্যের কত প্রকার লক্ষণ? সত্যের লক্ষণ দ্বাদশ প্রকার। দুঃখসত্যের উদয়, ব্যয় ও স্থিতির পরিবর্তন উত্তমরূপে জ্ঞাত হয়; সমুদয়সত্যের উদয়, ব্যয় ও স্থিতির পরিবর্তন উত্তমরূপে জ্ঞাত হয়; মার্গসত্যের উদয়, ব্যয় ও স্থিতির পরিবর্তন উত্তমরূপে জ্ঞাত হয়; কিন্তু নিরোধসত্যের উদয়, ব্যয় ও স্থিতির পরিবর্তন জ্ঞাত হয় না। এগুলো সত্যের দ্বাদশ প্রকার লক্ষণ।

চারি সত্যের কোনটি কুশল, কোনটি অকুশল ও কোনটি অব্যাকৃত? সমুদয়সত্য অকুশল, মার্গসত্য কুশল, নিরোধসত্য অব্যাকৃত। কিন্তু দুঃখসত্য কুশল, অকুশল ও অব্যাকৃত হয়।

কিভাবে ত্রিবিধ সত্য এক সত্যে ও এক সত্য ত্রিবিধ সত্যে অন্তর্ভুক্ত হয়? বস্তু ও পর্যায়বশে হয়। তা কিরূপ? যা দুঃখসত্য অকুশল ও সমুদয়সত্য অকুশল– এভাবে অকুশলার্থে দ্বিবিধ সত্য এক সত্যে এবং এক সত্য দ্বিবিধ সত্যে অন্তর্ভুক্ত হয়। যা দুঃখসত্য কুশল ও মার্গসত্য কুশল– এভাবে কুশলার্থে দ্বিবিধ সত্য এক সত্যে এবং এক সত্য দ্বিবিধ সত্যে অন্তর্ভুক্ত হয়। যা দুঃখসত্য অব্যাকৃত ও নিরোধসত্য অব্যাকৃত– এভাবে

Visit: http://www.buddhistdownload.com

অব্যাকৃতার্থে দ্বিবিধ সত্য এক সত্যে এবং এক সত্য দ্বিবিধ সত্যে অন্তর্ভুক্ত হয়। এভাবে বস্তু ও পর্যায়বশে ত্রিবিধ সত্য এক সত্যে এবং এক সত্য ত্রিবিধ সত্যে অন্তর্ভুক্ত হয়।

২। দ্বিতীয় সূত্রান্ত

১৩। "হে ভিক্ষুগণ! সম্বোধি জ্ঞান লাভের পূর্বে বোধিসত্ত্ব থাকাকালীন সময়ে আমার বহুবার এরূপ চিন্তা উদয় হয়েছিল– 'রূপের আস্বাদ, আদীনব ও নিঃসরণ কি? বেদনার আস্বাদ, আদীনব ও নিঃসরণ কি? সংজ্ঞার আস্বাদ আদীনব ও নিঃসরণ কি? সংস্কারের আস্বাদ, আদীনব ও নিঃসরণ কি? এবং বিজ্ঞানের আস্বাদ, আদীনব ও নিঃসরণ কি?' তখন আমার এরূপ ধারণা হয়েছিল– 'রূপের কারণে যে সুখ ও সৌমনস্য উৎপন্ন হয়'– এটা রূপের আস্বাদ। যে রূপ অনিত্য, তা দুঃখ ও বিপরিণামধর্মী– এটা রূপের আদীনব। রূপে যে ছন্দরাগ বিনাশ ও ছন্দরাগ প্রহীন– এটা রূপের নিঃসরণ। বেদনার কারণে ... পূর্ববৎ ... সংজ্ঞার কারণে ... পূর্ববৎ ... সংস্কারের কারণে ... পূর্ববৎ ... বিজ্ঞানের কারণে ... পূর্ববৎ .. (উপরোক্ত 'রূপ' এর স্থলে 'বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান' পড়তে হবে)– এটা বিজ্ঞানের নিঃসরণ"।

"ভিক্ষুগণ! যাবত আমি এভাবে এই পঞ্চ উপাদানস্কন্ধের আস্বাদকে আস্বাদরূপে, আদীনবকে আদীনবরূপে এবং নিঃসরণকে নিঃসরণরূপে যথাযথভাবে জানতে পারিনি, তাবত আমি সদেবলোক, সমারলোক, সব্রহ্মলোক, শ্রমণ-ব্রাহ্মণ ও দেব-মনুষ্যের মধ্যে 'অনুত্তর সম্যক সম্বোধি এবং অভিসম্বুদ্ধত্ব' লাভ করেছি বলে প্রকাশ করেনি। আর, ভিক্ষুগণ! যখন আমি এভাবে এই পঞ্চ উপাদানস্কন্ধের আস্বাদকে অস্বাদরূপে, আদীনবকে আদীনবরূপে এবং নিঃসরণকে নিঃসরণরূপে যথাযথভাবে জানতে পেরেছি, তখন আমি 'সদেব-লোক, সমারলোক, সব্রহ্মলোক, সশ্রমণব্রাহ্মণ এবং দেব-মনুষ্যগণের মধ্যে অনুত্তর সম্যক সম্বোধি ও অভিসম্বুদ্ধত্ব লাভ করেছি'। আমার জ্ঞানদর্শন উৎপন্ন হয়েছে– 'আমার বিমুক্তিতে অটল,

Visit: http://www.buddhistdownload.com

এটাই আমার অন্তিম জন্ম, আমার আর পুনর্জন্ম হবে না বলে প্রকাশ করছি।"

৩। দ্বিতীয় সূত্রান্ত বর্ণনা

১৪। রূপের কারণে যে সুখ ও সৌমনস্য উৎপন্ন হয়, তা রূপের আস্বাদ– এটা প্রহীন প্রতিবেধ সমুদয়সত্য। যে রূপ অনিত্য, তা দুঃখ ও বিপরিণামধর্মী, ইহা রূপের আদীনব– এটা পরিজ্ঞা প্রতিবেধ দুঃখসত্য। রূপে যে ছন্দরাগ বিনাশ (ছন্দরাগ দমন) ও ছন্দরাগ প্রহীন, তা রূপের নিঃসরণ– এটা সাক্ষাৎকরণ প্রতিবেধ নিরোধসত্য। এই ত্রিবিধ বিষয়ে যে দৃষ্টি, সংকল্প, বাক্য, কর্ম, জীবিকা, প্রচেষ্টা, স্মৃতি এবং সমাধি– এটা ভাবনা প্রতিবেধ মার্গসত্য।

বেদনার কারণে যে .. পূর্ববৎ ... সংজ্ঞার কারণে যে ... পূর্ববৎ ...সংস্কারের কারণে যে ... পূর্ববৎ ... বিজ্ঞানের কারণে যে ... পূর্ববৎ ... (উপরোক্ত 'রূপ' এর স্থলে 'বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান' পড়তে হবে) –এটা ভাবনা প্রতিবেধ মার্গসত্য।

১৫। 'সত্য, সত্য' বলা হয়; কয় প্রকারে সেই সত্য? এষণার্থে, পরিগ্রহার্থে ও প্রতিবেধার্থে সত্য। এষণার্থে সত্য কিরূপ? জরা-মরণের নিদান, সমুদয়, জাতিক (বংশোদ্ভব) এবং প্রভব (উৎপত্তি) কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য স্বরূপ। জরা-মরণের নিদান, সমুদয়, জাতিক ও প্রভব হচ্ছে জন্ম– এটা পরিগ্রহার্থে সত্য। জরা-মরণ, জরা-মরণের সমুদয়, জরা-মরণের নিরোধ ও জরা-মরণ নিরোধের উপায় বিশেষভাবে জ্ঞাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য এরূপ।

জন্মের নিদান, সমুদয়, জাতিক ও প্রভব কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য। জন্মের নিদান, সমুদয়, জাতিক এবং প্রভব হচ্ছে ভব– এটা পরিগ্রহার্থে সত্য। জন্ম, জন্ম-সমুদয়, জন্ম-নিরোধ ও জন্ম-নিরোধের উপায় বিশেষভাবে জাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য।

Visit: http://www.buddhistdownload.com

ভবের নিদান, সমুদয়, জাতিক ও প্রভব কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য। ভবের নিদান, সমুদয়, জাতিক এবং প্রভব হচ্ছে উপাদান– এটা পরিগ্রহার্থে সত্য। ভব, ভব-সমুদয়, ভব-নিরোধ ও ভব-নিরোধের উপায় বিশেষভাবে জ্ঞাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য।

উপাদানের নিদান, সমুদয়, জাতিক ও প্রভব কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য। উপাদানের নিদান, সমুদয়, জাতিক এবং প্রভব হচ্ছে তৃষ্ণা– এটা পরিগ্রহার্থে সত্য। উপাদান, উপাদান-সমুদয়, উপাদান-নিরোধ ও উপাদান-নিরোধের উপায় বিশেষভাবে জ্ঞাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য।

তৃষ্ণার নিদান, সমুদয়, জাতিক ও প্রভব কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য। তৃষ্ণার নিদান, সমুদয়, জাতিক এবং প্রভব হচ্ছে বেদনা– এটা পরিগ্রহার্থে সত্য। তৃষ্ণা, তৃষ্ণা-সমুদয়, তৃষ্ণা-নিরোধ ও তৃষ্ণা নিরোধের উপায় বিশেষভাবে জ্ঞাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য।

বেদনার নিদান, সমুদয়, জাতিক ও প্রভব কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য। বেদনার নিদান, সমুদয়, জাতিক এবং প্রভব হচ্ছে স্পর্শ– এটা পরিগ্রহার্থে সত্য। বেদনা, বেদনা-সমুদয়, বেদনা-নিরোধ ও বেদনা নিরোধের উপায় বিশেষভাবে জ্ঞাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য।

স্পর্শের নিদান, সমুদয়, জাতিক ও প্রভব কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য। স্পর্শের নিদান, সমুদয়, জাতিক এবং প্রভব হচ্ছে ষড়ায়তন– এটা পরিগ্রহার্থে সত্য। স্পর্শ, স্পর্শ-সমুদয়, স্পর্শ-নিরোধ ও স্পর্শ-নিরোধের উপায় বিশেষভাবে জ্ঞাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য।

ষড়ায়তনের নিদান, সমুদয়, জাতিক ও প্রভব কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য। ষড়ায়তনের নিদান, সমুদয়, জাতিক এবং প্রভব হচ্ছে নাম-রূপ– এটা পরিগ্রহার্থে সত্য। ষড়ায়তন, ষড়ায়তন-সমুদয়, ষড়ায়তন-নিরোধ ও ষড়ায়তন-নিরোধের উপায় বিশেষভাবে জ্ঞাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য।

নাম-রূপের নিদান, সমুদয়, জাতিক ও প্রভব কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য। নাম-রূপের নিদান, সমুদয়, জাতিক এবং প্রভব হচ্ছে

Visit: http://www.buddhistdownload.com

বিজ্ঞান (প্রতিসন্ধিচিত্ত)– এটা পগ্রিহার্থে সত্য। নাম-রূপ, নাম-রূপ-সমুদয়, নাম-রূপ-নিরোধ ও নাম-রূপ-নিরোধের উপায় বিশেষভাবে জ্ঞাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য।

বিজ্ঞানের নিদান, সমুদয়, জাতিক ও প্রভব কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য। বিজ্ঞানের নিদান, সমুদয়, জাতিক এবং প্রভব হচ্ছে সংস্কার– এটা পরিগ্রহার্থে সত্য। বিজ্ঞান, বিজ্ঞান-সমুদয়, বিজ্ঞান-নিরোধ ও বিজ্ঞান-নিরোধের উপায় বিশেষভাবে জ্ঞাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য।

সংস্কারের নিদান, সমুদয়, জাতিক ও প্রভব কি, তা জ্ঞাত হয়– এটা এষণার্থে সত্য। সংস্কারের নিদান, সমুদয়, জাতিক এবং প্রভব হচ্ছে অবিদ্যা– এটা পরিগ্রহার্থে সত্য। সংস্কার, সংস্কার-সমুদয়, সংস্কার-নিরোধ ও সংস্কার-নিরোধের উপায় বিশেষভাবে জ্ঞাত হয়– এটা প্রতিবেধার্থে সত্য।

১৬। জরামরণ দুঃখসত্য, জন্ম সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য এবং নিরোধ প্রজাননা মার্গসত্য। জন্ম দুঃখসত্য, ভব সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য ও নিরোধ প্রজাননা মার্গসত্য। ভব দুঃখসত্য, উপাদান সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য এবং নিরোধ প্রজাননা মার্গসত্য। উপাদান দুঃখসত্য, তৃষ্ণা সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য ও নিরোধ প্রজাননা মার্গসত্য। তৃষ্ণা দুঃখসত্য, বেদনা সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য এবং নিরোধ প্রজাননা মার্গসত্য। বেদনা দুঃখসত্য, স্পর্শ সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য ও নিরোধ প্রজাননা মার্গসত্য। স্পর্শ দুঃখসত্য, ষড়ায়তন সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য এবং নিরোধ প্রজাননা মার্গসত্য। ষড়ায়তন দুঃখসত্য, নাম-রূপ সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য ও নিরোধ প্রজাননা মার্গসত্য। নাম-রূপ দুঃখসত্য, বিজ্ঞান সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য এবং নিরোধ প্রজাননা মার্গসত্য। বিজ্ঞান দুঃখসত্য, সংস্কার সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য ও নিরোধ প্রজাননা মার্গসত্য। সংস্কার দুঃখসত্য, অবিদ্যা

Visit: http://www.buddhistdownload.com

সমুদয়সত্য, উভয়ের নিঃসরণ নিরোধসত্য এবং নিরোধ প্রজাননা মার্গসত্য।

জরামরণ দুঃখসত্য হয়, সমুদয়সত্য ও হয়, উভয়ের নিঃসরণ নিরোধসত্য ও নিরোধ প্রজাননা মার্গসত্য। জন্ম দুঃখসত্য হয়, ... ভব দুঃখসত্য হয়, ... উপাদান দুঃখসত্য হয়, ... তৃষ্ণা দুঃখসত্য হয়, ... বেদনা দুঃখসত্য হয় ... স্পর্শ দুঃখসত্য হয়, ... ষড়ায়তন দুঃখসত্য হয়, ... নাম-রূপ দুঃখসত্য হয়, ... বিজ্ঞান দুঃখসত্য হয়, ... সংস্কার দুঃখসত্য হয়, সমুদয়সত্য ও হয়, .. উভয়ের নিঃসরণ নিরোধসত্য এবং নিরোধ প্রজাননা মার্গসত্য।

সত্য কথা সমাপ্ত।

৩। বোধ্যঙ্গ কথা

১৭। শ্রাবস্তী নিদান। "হে ভিক্ষুগণ! বোধ্যঙ্গ সাত প্রকার। সেই সাত প্রকার কি কি? স্মৃতি সম্বোধ্যঙ্গ, ধর্মবিচয় বা বিচার সম্বোধ্যঙ্গ, বীর্য সম্বোধ্যঙ্গ, প্রীতি সম্বোধ্যঙ্গ, প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ, সমাধি সম্বোধ্যঙ্গ ও উপেক্ষা সম্বোধ্যঙ্গ– এগুলিই সপ্তবোধ্যঙ্গ"।

'বোধ্যঙ্গ, বোধ্যঙ্গ' বলা হয়; কোন্ অর্থে বোধ্যঙ্গ? জ্ঞান প্রাপ্তির দিকে চালিত করে– এ অর্থে বোধ্যঙ্গ। জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হৃদয়ঙ্গম করে– এ অর্থে বোধ্যঙ্গ। জ্ঞাত হয়– এ অর্থে বোধ্যঙ্গ। স্পষ্টভাবে বুঝে– এ অর্থে বোধ্যঙ্গ।

জানার্থে বোধ্যঙ্গ, হৃদয়ঙ্গমার্থে বোধ্যঙ্গ, জ্ঞাতার্থে বোধ্যঙ্গ এবং স্পষ্টভাবে বুঝার্থে বোধ্যঙ্গ।

জ্ঞান প্রদান করে– এ অর্থে বোধ্যঙ্গ। জ্ঞানে উদ্বুদ্ধ করে– এ অর্থে বোধ্যঙ্গ। চারি আর্যসত্যে প্রতিবোধ বা চেতনা জাগ্রত করে– এ অর্থে বোধ্যঙ্গ। (চারি আর্যসত্য) জ্ঞাত করায়– এ অর্থে বোধ্যঙ্গ।

বোধনার্থে বোধ্যঙ্গ, অনুবোধনার্থে বোধ্যঙ্গ, প্রতিবোধনার্থে বোধ্যঙ্গ ও সংবোধন বা উদ্বুদ্ধকরণার্থে বোধ্যঙ্গ।

Visit: http://www.buddhistdownload.com

বোধিপক্ষীয়ার্থে বোধ্যঙ্গ, অনুবোধিপক্ষীয়ার্থে বোধ্যঙ্গ, প্রতিবোধিপক্ষীয়ার্থে বোধ্যঙ্গ এবং সম্বোধি বা জ্ঞান পূর্ণতা প্রাপ্তির পক্ষীয়ার্থে বোধ্যঙ্গ।

জ্ঞান লাভার্থে বোধ্যাঙ্গ, জ্ঞান প্রতিলাভার্থে বোধ্যঙ্গ, জ্ঞান বর্ধিতকরণার্থে বোধ্যঙ্গ, জ্ঞান একত্রীভূতার্থে বোধ্যঙ্গ, জ্ঞান প্রাপ্তার্থে বোধ্যঙ্গ ও জ্ঞান সম্প্রাপ্তার্থে বোধ্যঙ্গ।

মূল মূলকাদি দশক

১৮। মূলার্থে বোধ্যঙ্গ, মূলচর্যার্থে বোধ্যঙ্গ, মূল পরিগ্রহার্থে বোধ্যঙ্গ, মূল পরিবারার্থে বোধ্যঙ্গ, মূল পরিপূরণার্থে বোধ্যঙ্গ, মূল পরিপক্বতার্থে বোধ্যাঙ্গ, মূল প্রতিসম্ভিদার্থে বোধ্যঙ্গ, মূল প্রতিসম্ভিদা প্রাপ্তার্থে বোধ্যাঙ্গ, মূল প্রতিসম্ভিদা বশীভাবার্থে বোধ্যঙ্গ এবং মূল প্রতিসম্ভিদার বশীভাবপ্রাপ্তার্থেও বোধ্যঙ্গ।

হেত্বার্থে বোধ্যঙ্গ, হেতু চর্যার্থে বোধ্যঙ্গ, হেতু পরিগ্রহার্থে বোধ্যঙ্গ, হেতু ... পূর্ববৎ ... [উপরোক্ত 'মূল' এর স্থলে 'হেতু' পড়তে হবে] বশীভাবপ্রাপ্তার্থেও বোধ্যঙ্গ।

প্রত্যয়ার্থে বোধ্যঙ্গ, প্রত্যয় ... বিশুদ্ধার্থে বোধ্যঙ্গ, বিশুদ্ধ ... অবর্জনীয়ার্থে বোধ্যঙ্গ, অবর্জনীয়, ... নৈষ্ক্রম্যার্থে বোধ্যঙ্গ, নৈষ্ক্রম্য ... বিমুক্তার্থে বোধ্যঙ্গ, বিমুক্ত ... অনাস্রবার্থে বোধ্যঙ্গ, অনাস্রব ... বিবেকার্থে বোধ্যঙ্গ, বিবেক ... ত্যাগার্থে বোধ্যঙ্গ, ত্যাগ ... [উপরোক্ত 'মূল' এর স্থলে 'প্রত্যয়, বিশুদ্ধাদি' পড়তে হবে] এবং ত্যাগ প্রতিসম্ভিদার বশীভাব প্রাপ্তার্থে ও বোধ্যঙ্গ।

১৯। মূলার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হেত্বার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রত্যয়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিশুদ্ধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবর্জনীয়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। নৈষ্ক্রম্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিমুক্তার্থ জানতে

Visit: http://www.buddhistdownload.com

পারে– এ অর্থে বোধ্যাঙ্গ। অনাস্রবার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিবেকার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ত্যাগার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

মূল চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হেতু চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রত্যয় চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিশুদ্ধি চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবর্জনীয় চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। নৈষ্ক্রম্য চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিমুক্তি চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অনাস্রব চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিবেক চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ত্যাগ চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

মূল পরিগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ হেতু পরিগ্রহার্থ ... পূর্ববৎ .. [উপরোক্ত 'চর্যার্থ' এর স্থলে 'পরিগ্রহার্থ' পড়তে হবে] ত্যাগ পরিগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

মূল পরিবারার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হেতু পরিবারার্থ ... পূর্ববৎ ... ত্যাগ পরিবারার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

মূল পরিপূরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হেতু পরিপূরণার্থ ...পূর্ববৎ ... ত্যাগ পরিপূরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

মূল পরিপক্বতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হেতু পরিপক্বতার্থ ... পূর্ববৎ ... ত্যাগ পরিপক্বতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

মূল প্রতিসম্ভিদার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হেতু প্রতিসম্ভিদার্থ .. পূর্ববৎ ... ত্যাগ প্রতিসম্ভিদার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

মূল প্রতিসম্ভিদা প্রাপ্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হেতু প্রতিসম্ভিদাপ্রাপ্তার্থ ... পূর্ববৎ ... ত্যাগ প্রতিসম্ভিদা প্রাপ্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

মূল প্রতিসম্ভিদার বশীভাবার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হেতু প্রতিসম্ভিদার বশীভাবার্থ ... পূর্ববৎ ... ত্যাগ প্রতিসম্ভিদার বশীভাবার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

Visit: http://www.buddhistdownload.com

পরিগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। পরিবারার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। পরিপূরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একাগ্রতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবিক্ষেপার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবিস্তৃতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অনাবিলার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্থিরতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্ব উপস্থানবশে চিত্তের স্থিতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। আরম্মণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। গোচরার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রহাণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। পরিত্যাগার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। উত্থানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিবর্তনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। শান্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রণীতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিমুক্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অনাস্রবার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। তরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অনিমিত্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।অপ্রণিহিতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। শূন্যতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একরসার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অনতিক্রমার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। যুগনদ্ধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মুক্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হেত্বার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। দর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। আধিপত্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। শমথের অবিক্ষেপার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিদর্শনের অনুদর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। শমথ-বিদর্শনের একরসার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। যুগপদের অনতিক্রমার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। শিক্ষার অর্জনকরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। আরম্মণের গোচরার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। লীন চিত্তের প্রগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। উদ্ধত বা উদ্বিগ্ন চিত্তের নিগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। উভয় বিশুদ্ধির দর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিশেষাধিগমার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সর্বোত্তম

Visit: http://www.buddhistdownload.com

প্রতিবেধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সত্যাভিসময়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। নিরোধে প্রতিষ্ঠাপকার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

শ্রদ্ধেন্দ্রিয়ের অধিমোক্ষার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্য ইন্দ্রিয়ের প্রগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্মৃতি ইন্দ্রিয়ের উপস্থাপনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সমাধীন্দ্রিয়ের অবিক্ষেপার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রজ্ঞেন্দ্রিয়ের দর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। শ্রদ্ধাবলের অশ্রদ্ধায় অকম্পিতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্যবলের আলস্যে অকম্পিতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্মৃতিবলের প্রমাদে অকম্পিতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সমাধিবলের ঔদ্ধত্যে অকম্পিতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রজ্ঞাবলের অবিদ্যায় অকম্পিতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্মৃতি সম্বোধ্যঙ্গের উপস্থাপনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ধর্মবিচয় সম্বোধ্যঙ্গের প্রবিচয়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্য সম্বোধ্যঙ্গের প্রগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রীতি সম্বোধ্যঙ্গের স্ফুরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গের উপশমার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সমাধি সম্বোধ্যঙ্গের অবিক্ষেপার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। উপেক্ষা সম্বোধ্যঙ্গের প্রতিসংখ্যানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সম্যকদৃষ্টির দর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সম্যকসংকল্পের অভিনিরোপনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সম্যকবাক্যের পরিগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সম্যককর্মের সমুত্থানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সম্যকজীবিকার পরিশুদ্ধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সম্যকপ্রচেষ্টার প্রগ্রহ বা উদ্যমার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সম্যকস্মৃতির উপস্থাপনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সম্যকসমাধির অবিক্ষেপার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

ইন্দ্রিয়সমূহের আধিপত্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বলসমূহের অকম্পিতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মুক্তার্থ জানতে

Visit: http://www.buddhistdownload.com

পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মার্গের হেত্বার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্মৃতি প্রস্থানসমূহের উপস্থাপনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সম্যক প্রধানসমূহের প্রধানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ঋদ্ধিপাদসমূহের সমৃদ্ধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সত্যসমুহের তথার্থ বা সত্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রয়োগ বা উপায়সমূহের প্রতিপ্রশ্রদ্ধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ফলসমূহের সাক্ষাৎকরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

বিতর্কের অভিনিরোপনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিচারের উপবিচারার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রীতির স্ফুরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সুখের অধিক্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের একাগ্রতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

আবজ্জন বা মনোযোগার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিজাননার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রজাননার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সংজাননার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একাগ্রতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অভিজ্ঞার জ্ঞাতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। পরিজ্ঞার তীরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রহীনের পরিত্যাগার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ভাবনার একরসার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সাক্ষাৎকরণের স্পর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্কন্ধসমূহের স্কন্ধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ধাতুসমূহের ধাত্বার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। আয়তনসমূহের আয়তনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সঙ্খতসমূহের সঙ্খতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অসঙ্খতের অসঙ্খতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

চিত্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের অনন্ত চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের উত্থানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের বিবর্তনার্থ[১] জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের হেত্বার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের প্রত্যয়ার্থ জানতে পারে–

১। শ্যাম (থাইল্যান্ড) গ্রন্থে 'বিবর্জণার্থ'।

Visit: http://www.buddhistdownload.com

এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের বস্তু বা বিষয়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের ভূমার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের আরম্মণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের গোচরার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের গতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের প্রচেষ্টার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের মুক্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের নিঃসরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

একত্বে আবজ্জনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে বিজাননার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে প্রজাননার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে সংজাননার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে একাগ্রতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে সনির্বন্ধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে পরিবর্তনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে প্রশান্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে স্থিতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে বিমোচনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে এটা 'শান্ত' বলে দর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে আয়ত্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে অভ্যস্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে কৃতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে পরিচিতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে গৃহীতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে পরিগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে পরিবারার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে পরিপূরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে সমোধানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে অধিষ্ঠানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে অভ্যাসার্থে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে ভাবনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে বহুলীকর্মার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে সুসমুদ্গতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে সুবিমুক্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে জানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে হৃদয়ঙ্গমার্থ জানতে পারে– এ অর্থে

Visit: http://www.buddhistdownload.com

বোধ্যঙ্গ। একত্বে জ্ঞাতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে স্পষ্টভাবে বুঝার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে বোধনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে অনুবোধনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে প্রতিবোধনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে সংবোধন বা উদ্বুদ্ধকরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে বোধিপক্ষীয়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে অনুবোধিপক্ষীয়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে প্রতিবোধিপক্ষীয়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে সম্বোধি বা জ্ঞান পূর্ণতা প্রাপ্তির পক্ষীয়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে জোতন বা উজ্বলতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে আলোকার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে অনুজোতনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে প্রতিজোতনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একত্বে সংযোতনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

প্রতাপনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিরোচনাথ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ক্লেশসমূহের সন্তাপনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অমলার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিমলার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। নির্মনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সমার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সময়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিবেকার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিবেক চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিরাগার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিরাগ চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। নিরোধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। নিরোধ চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ত্যাগার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ত্যাগ চর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিমুক্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিমুক্তি চর্যার্থ ...।

ছন্দার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ছন্দের মূলার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ছন্দের পদার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ছন্দের প্রধানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ছন্দের সমৃদ্ধার্থ জানতে

Visit: http://www.buddhistdownload.com

পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ছন্দের অধিমোক্ষার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ছন্দের প্রগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ছন্দের উপস্থাপনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ছন্দের অবিক্ষেপার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ছন্দের দর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

বীর্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্যের মূলার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্যের পদার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্যের প্রধানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্যের সমৃদ্ধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্যের অধিমোক্ষার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্যের প্রগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্যের উপস্থানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্যের অবিক্ষেপার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বীর্যের দর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

চিত্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের মূলার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের পদার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের প্রধানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের সমৃদ্ধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের অধিমোক্ষার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের প্রগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের উপস্থাপনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের অবিক্ষেপার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চিত্তের দর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

মীমাংসার জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মীমাংসার মূলার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মীমাংসার পদার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মীমাংসার প্রধানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মীমাংসার সমৃদ্ধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মীমাংসার অধিমোক্ষার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মীমাংসার প্রগ্রহার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মীমাংসার উপস্থানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মীমাংসার অবিক্ষেপার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মীমাংসার দর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

Visit: http://www.buddhistdownload.com

দুঃখার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। দুঃখের পীড়নার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। দুঃখের সঙ্খতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। দুঃখের সন্তাপার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। দুঃখের বিপরিণামার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সমুদয়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সমুদয়ের বৃদ্ধিকরণার্থ, নিদানার্থ, সংযোগার্থ ও প্রতিবন্ধকার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। নিরোধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। নিরোধের নিঃসরণার্থ, বিবেকার্থ, অসঙ্খতার্থ এবং অমৃতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মার্গার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মার্গের হেত্বার্থ, দর্শনার্থ ও আধিপত্যয়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

তথার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অনাত্মার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সত্যার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রতিবেধার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অভিজাননার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। পরিজাননার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ধর্মার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ধাত্বার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। জ্ঞাতার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সাক্ষাৎকরণার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্পর্শনার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অভিসময়ার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

নৈষ্ক্রম্যকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অব্যাপাদকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। আলোকসংজ্ঞাকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবিক্ষেপকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। ধর্মবিশ্লেষণকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। জ্ঞানকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রামোদ্য বা আনন্দকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রথমধ্যানকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। দ্বিতীয়ধ্যানকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। তৃতীয়ধ্যানকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চতুর্থধ্যানকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। আকাশানন্ত্যায়তনকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিজ্ঞানানন্ত্যায়তনকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। আকিঞ্চনানন্ত্যায়তনকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

Visit: http://www.buddhistdownload.com

নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তনকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্রোতাপত্তিমার্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্রোতাপত্তিফল সমাপত্তিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সকৃদাগামীমার্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সকৃদাগামীফল সমাপত্তিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অনাগামীমার্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অনাগামীফলসমাপত্তিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অরহত্বমার্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অরহত্বফল সমাপত্তিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

অধিমোক্ষার্থে শ্রদ্ধেন্দ্রিয়কে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রগ্রহার্থে বীর্যেন্দ্রিয়কে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। উপস্থাপনার্থে স্মৃতীন্দ্রিয়কে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবিক্ষেপার্থে সমাধীন্দ্রিয়কে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। দর্শনার্থে প্রজ্ঞেন্দ্রিয়কে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অশ্রদ্ধায় অকম্পিতার্থে শ্রদ্ধাবলকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। আলস্যে অকম্পিতার্থে বীর্যবলকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রমাদে অকম্পিতার্থে স্মৃতিবলকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। চঞ্চলতায় অকম্পিতার্থে সমাধিবলকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবিদ্যায় অকম্পিতার্থে প্রজ্ঞাবলকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। উপস্থাপনার্থে স্মৃতি সম্বোধ্যঙ্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রবিচয়ার্থে ধর্মাবিচয় সম্বোধ্যকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রগ্রহার্থে বীর্য সম্বোধ্যঙ্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্ফুরণার্থে প্রীতি সম্বোধ্যঙ্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। উপশনার্থে প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবিক্ষেপার্থে সমাধি সম্বোধ্যঙ্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রতিসংখ্যানার্থে উপেক্ষা সম্বোধ্যঙ্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

দর্শনার্থ দ্বারা সম্যকদৃষ্টিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অভিনিরোপনার্থ দ্বারা সম্যক সংকল্পকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। পরিগ্রহার্থ দ্বারা সম্যকবাক্যকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সমুত্থানার্থ দ্বারা সম্যককর্মকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। পরিশুদ্ধার্থ দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

সম্যকজীবিকাকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রগ্রহার্থ দ্বারা সম্যকপ্রচেষ্টাকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। উপস্থাপনার্থ দ্বারা সম্যকস্মৃতিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবিক্ষেপার্থ দ্বারা সম্যকসমাধিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। । আধিপত্যার্থ দ্বারা ইন্দ্রিয়কে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অকম্পিতার্থ দ্বারা বলকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মুক্তার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। হেত্বার্থ দ্বারা মার্গকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। উপস্থাপনার্থ দ্বারা স্মৃতিপ্রস্থানকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রধানার্থ জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। দ্বারা সম্যকপ্রধানকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সমৃদ্ধার্থ দ্বারা ঋদ্ধিপাদকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। তথার্থ দ্বারা সত্যকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবিক্ষেপার্থ দ্বারা শমথকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অনুদর্শনার্থ দ্বারা বিদর্শনকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। একরসার্থ দ্বারা শমথ-বিদর্শনকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অনতিক্রমার্থ দ্বারা যুগনদ্ধকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সংবরার্থ দ্বারা শীল-বিশুদ্ধিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অবিক্ষেপার্থ দ্বারা চিত্ত-বিশুদ্ধিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। দর্শনার্থ দ্বারা দৃষ্টি-বিশুদ্ধিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। মুক্তার্থ দ্বারা বিমোক্ষকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রতিবেধার্থ দ্বারা বিদ্যাকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। পরিত্যাগার্থ দ্বারা বিমুক্তিকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সমুচ্ছেদার্থ দ্বারা ক্ষয়জ্ঞানকে জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রতিপ্রশ্রদ্ধার্থ দ্বারা অনুৎপত্তি জ্ঞান (জন্ম না হওয়া সম্বন্ধে জ্ঞান অর্থাৎ অরহত্ব ফলজ্ঞান) জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

ছন্দকে মূলার্থ দ্বারা মনোযোগকে সমুত্থানার্থ দ্বারা জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্পর্শকে সমোধানার্থ দ্বারা জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বেদনাকে সমোসরণ বা যোগার্থ দ্বারা জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। সমাধিকে প্রমুখার্থ দ্বারা জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। স্মৃতিকে আধিপত্যার্থ দ্বারা জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। প্রজ্ঞাকে শ্রেষ্ঠতরার্থ দ্বারা জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। বিমুক্তিকে সারার্থ দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ। অমৃতময় নির্বাণকে পর্যাবসানার্থ দ্বারা জানতে পারে– এ অর্থে বোধ্যঙ্গ।

২০। শ্রাবস্তী নিদান[১]। তথায় আয়ুষ্মান শারীপুত্র "হে আবুসো, ভিক্ষুগণ!" বলে ভিক্ষুগণকে আহ্বান করলেন। "হ্যাঁ আবুসো" বলে সেই ভিক্ষুগণও আয়ুষ্মান শারীপুত্রের আহ্বানে সাড়া দিলেন। আয়ুষ্মান শারীপুত্র এরূপ বললেন–

"আবুসোগণ! বোধ্যঙ্গ সাত প্রকার। সেই সাত প্রকার কি কি? স্মৃতি সম্বোধ্যঙ্গ, ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ, বীর্য সম্বোধ্যঙ্গ, প্রীতি সম্বোধ্যঙ্গ, প্রশান্তি সম্বোধ্যঙ্গ, সমাধি সম্বোধ্যঙ্গ ও উপেক্ষা সম্বোধ্যঙ্গ– এগুলোই সপ্তবোধ্যঙ্গ। আবুসোগণ! এই সপ্তবোধ্যঙ্গের মধ্যে আমি যেই যেই বোধ্যঙ্গ দ্বারা পূর্বাহ্ণ সময়ে অবস্থান করতে ইচ্ছা করি, সেই সেই বোধ্যঙ্গ দ্বারা অবস্থান করি। যেই যেই বোধ্যঙ্গ দ্বারা মধ্যাহ্ন সময়ে অবস্থান করতে ইচ্ছা করি, সেই সেই বোধ্যঙ্গ দ্বারা অবস্থান করি। যেই যেই বোধ্যঙ্গ দ্বারা সায়াহ্ন সময়ে অবস্থান করতে ইচ্ছা করি, সেই সেই বোধ্যঙ্গ দ্বারা আমি অবস্থান করি। আবুসোগণ! এরূপে স্মৃতি সম্বোধ্যঙ্গ আমার, অপ্রমাণ ও সুআরব্ধ (সুন্দররূপে গৃহীত) হয় এবং স্থিতকালে 'স্থিত আছে' বলে আমি সম্যকরূপে জানি। আর যদি তা চ্যুত হয় 'এই কারণে চ্যুত হয়েছে' বলে যথাযথভাবে জানি। এরূপে আমার ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ ... বীর্য সম্বোধ্যঙ্গ ... প্রীতি সম্বোধ্যঙ্গ ... প্রশান্তি সম্বোধ্যঙ্গ ... সমাধি সম্বোধ্যঙ্গ ... উপেক্ষা সম্বোধ্যঙ্গ .. যথাযথভাবে জানি"।

"আবুসোগণ! যেমন, রাজা বা রাজা মহামাত্যের বস্ত্র রাখার করণ্ড (সিন্দুক) নানা বর্ণের বস্ত্রে পরিপূর্ণ থাকে। তিনি পূর্বাহ্ণ সময়ে যেরূপ বস্ত্রযুগল পরিধান করতে ইচ্ছা করেন, সেরূপ বস্ত্রযুগল পরিধান করেন। মধ্যাহ্ন সময়ে ... সায়াহ্ন সময়ে ... পরিধান করেন। আবুসোগণ! ঠিক এরূপেই আমিও এই সপ্ত বোধ্যঙ্গের মধ্যে যেই যেই বোধ্যঙ্গ দ্বারা পূর্বাহ্ণ সময়ে ... মধ্যাহ্ন সময়ে ... সায়াহ্ন সময়ে ... অবস্থান করি। এরূপে

---

[১]। এই ২০ নং এ অন্তর্ভুক্ত বিষয়টি সংযুক্ত নিকায় মহাবর্গে ১৮৫ নং সূত্রে (বস্ত্র সূত্রে) হুবহু পুনরাবৃত্তি দৃষ্ট হয়।

Visit: http://www.buddhistdownload.com

আমার স্মৃতি সম্বোধ্যঙ্গ অপ্রমাণ ও সুআরব্ধ হয় এবং 'স্থিত আছে' বলে আমি সম্যকভাবে জানি। আর যদি চ্যুত হয় 'একারণে চ্যুত হয়েছে' বলে যথার্থভাবে জানি। এরূপে আমার ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ ...পে... উপেক্ষা সম্বোধ্যঙ্গ যথাযথভাবে জানি"।

সূত্রান্ত (মূলকথা) বর্ণনা

২১। কিরূপে স্মৃতি সম্বোধ্যঙ্গ (এরূপে) আমার বোধ্যঙ্গ হয়? যতক্ষণ নিরোধ উপস্থিত (বা বিদ্যমান) থাকে, ততক্ষণ স্মৃতি সম্বোধ্যঙ্গও বিদ্যমান থাকে। এরূপে বোধ্যঙ্গ আমার হয়। যেমন, তৈল প্রদীপের আভা যতক্ষণ বর্তমান থাকে, ততক্ষণ শিখা বর্তমান থাকে। যতক্ষণ শিখা বর্তমান থাকে, ততক্ষণ আভাও বর্তমান থাকে। অনুরূপভাবে যতক্ষণ নিরোধ উপস্থিত থাকে, ততক্ষণ স্মৃতি সম্বোধ্যঙ্গও বিদ্যমান থাকে। এরূপে বোধ্যঙ্গ আমার হয়।

কিরূপে অপ্রমাণ (এরূপে) আমার বোধ্যঙ্গ হয়? প্রমাণবদ্ধ[১] ক্লেশসমূহ, সর্ব পূর্বসংস্কার, যেসব সংস্কার পুনর্জন্মদায়ক অচলার্থ ও অসঙ্খতার্থ দ্বারা অপ্রমাণ এবং নিরোধ হয়। যতক্ষণ নিরোধ উপস্থিত থাকে, ততক্ষণ অপ্রমাণও বিদ্যমান থাকে। এরূপে বোধ্যঙ্গ আমার হয়।

কিরূপে সুআরব্ধ (এরূপে) আমার বোধ্যঙ্গ হয়? বিষম ক্লেশসমূহ সর্ব পূর্বসংস্কার, যেসব সংস্কার পুনর্জন্মদায়ক শান্তার্থ ও প্রণীতার্থ দ্বারা সমধর্ম বা প্রশান্ত এবং নিরোধ হয়। যতক্ষণ নিরোধ উপস্থিত থাকে, ততক্ষণ সুআরব্ধও বিদ্যমান থাকে। এরূপে বোধ্যঙ্গ আমার হয়।

কিরূপে "স্থিতকালে তা স্থিত আছে" বলে যথাযথভাবে জানি, যদি চ্যুত হয়, "একারণে চ্যুত হয়েছে" বলে যথাযথভাবে জানি? কত প্রকারে স্মৃতি সম্বোধ্যঙ্গ স্থিত থাকে? কত প্রকারে স্মৃতি সম্বোধ্যঙ্গ চ্যুত হয়? আট প্রকারে স্মৃতি সম্বোধ্যঙ্গ স্থিত থাকে। আট প্রকারে স্মৃতি সম্বোধ্যঙ্গ চ্যুত

---

[১]। শ্যাম বা থাইল্যান্ড গ্রন্থে পমাণবন্তা অর্থাৎ সীমাবদ্ধ।

Visit: http://www.buddhistdownload.com

হয়।

কোন্ আট প্রকারে স্মৃতি সম্বোধ্যঙ্গ স্থিত থাকে? অনুৎপত্তিকে পর্যবেক্ষণ করলে স্মৃতি সম্বোধ্যঙ্গ স্থিত থাকে, উৎপত্তিকে পর্যবেক্ষণ না করলে স্মৃতি সম্বোধ্যঙ্গ স্থিত থাকে, অপ্রবর্তনকে পর্যবেক্ষণ .. প্রবর্তনকে পর্যবেক্ষণ না করলে ... অনিমিত্তকে পর্যবেক্ষণ করলে ... নিমিত্তকে পর্যবেক্ষণ না করলে ... নিরোধকে পর্যবেক্ষণ করলে ... সংস্কারসমূহকে পর্যবেক্ষণ না করলে ... এই আট প্রকারে স্মৃতি সম্বোধ্যঙ্গ স্থিত থাকে।

কোন্ আট প্রকারে স্মৃতি সম্বোধ্যঙ্গ চ্যুত হয়? উৎপত্তিকে (জ্ঞানকে) পর্যবেক্ষণ করলে স্মৃতি সম্বোধ্যঙ্গ চ্যুত হয়, অনুৎপত্তিকে (জ্ঞানকে) পর্যবেক্ষণ না করলে ... প্রবর্তনকে পর্যবেক্ষণ করলে ... অপ্রবর্তনকে পর্যবেক্ষণ না করলে ... নিমিত্তকে পর্যবেক্ষণ করলে ... অনিমিত্তকে পর্যবেক্ষণ না করলে ... সংস্কারসমূহকে পর্যবেক্ষণ করলে ... এবং নিরোধকে পর্যবেক্ষণ না করলে ...- এই আট প্রকারে স্মৃতি সম্বোধ্যঙ্গ চ্যুত হয়। এরূপে "স্থিতকালে তা স্থিত আছে" বলে যথাযথভাবে জানি। যদি চ্যুত হয় "এই কারণে চ্যুত হয়েছে" বলে যথাযথভাবে জানি।

কিরূপে ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ ... পূর্ববৎ ... [উপরোক্ত 'স্মৃতি সম্বোধ্যঙ্গ' এর স্থলে 'ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ' পড়তে হবে] "এই কারণে চ্যুত হয়েছে' বলে যথাযতভাবে জানি।

কিরূপে বীর্য সম্বোধ্যঙ্গ ... প্রীতি সম্বোধ্যঙ্গ ... প্রশান্তি সম্বোধ্যঙ্গ ... সমাধি সম্বোধ্যঙ্গ ... উপেক্ষা সম্বোধ্যঙ্গ ... যথাযথভাবে জানি।

বোধ্যঙ্গ কথা সমাপ্ত।

৪। মৈত্রী কথা

২২। শ্রাবস্তী নিদান। "হে ভিক্ষুগণ! মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির পুন পুন অভ্যাস, ভাবিত, বহুলীকৃত, আয়ত্ত, অভ্যস্ত, অর্জিত, পরিচিত ও সুআরব্ধ (উত্তমরূপে গৃহীত) হলে একাদশ প্রকার সুফল লাভ হয়। সেই একাদশ

Visit: http://www.buddhistdownload.com

প্রকার কি কি? সুখে নিদ্রা যায়, নিদ্রা হতে সুখে জাগ্রত হয়, পাপ স্বপ্ন দেখে না, মনুষ্যগণের প্রিয় হয়, অমনুষ্যগণের প্রিয় হয়, দেবতাগণ রক্ষা করে, অগ্নি-বিষ বা অস্ত্রশস্ত্রের দ্বারা ক্ষতি হয় না, অবিলম্বে চিত্ত সমাধিস্থ হয়, মুখবর্ণ প্রসন্ন-উজ্বল হয়, সজ্ঞানে মৃত্যু হয় এবং মার্গফল লাভ করতে না পারলেও ব্রহ্মলোকে উৎপন্ন হয়। ভিক্ষুগণ! মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির পুন পুন অভ্যাস, ভাবিত, বহুলীকৃত, আয়ত্ত, অভ্যস্ত, অর্জিত, পরিচিত ও সুআরব্ধ হলে এই একাদশ প্রকার সুফল লাভ হয়"। ব্যাপকভাবে স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি আছে, বিশেষ স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি আছে এবং দিক স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তিও আছে। কয় প্রকারে ব্যাপকভাবে স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি, কয় প্রকারে বিশেষ স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি ও কয় প্রকারে দিক স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি হয়? পাঁচ প্রকারে ব্যাপকভাবে স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি, সাত প্রকারে বিশেষ স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি ও দশ প্রকারে দিক স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি হয়।

কোন্ পাঁচ প্রকারে ব্যাপকভাবে স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি হয়? জগতের সব সত্ত্ব বৈরীহীন, অবৈরী, দুঃখহীন, সুখিতাত্ম হোক। সব প্রাণী বৈরীহীন ... সব ভূত ... সব পুদ্গল, ... সব দেহধারী সুখিতাত্ম হোক। এই পাঁচ প্রকারে ব্যাপকভাবে স্ফুরিত মৈত্রীচিত্ত-বিমুক্তি হয়।

কোন্ সাত প্রকারে বিশেষ স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি হয়? শুধু স্ত্রীগণ বৈরীহীন ... শুধু পুরুষগণ .. শুধু আর্যগণ ... শুধু অনার্যগণ ... শুধু দেবতাগণ ... শুধু মনুষ্যগণ ... শুধু বিনিপাতিকগণ (নৈরয়িক সত্ত্ব) ... সুখিতাত্ম হোক। এই সাত প্রকারে বিশেষ স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি হয়।

কোন্ দশ প্রকারে দিক স্ফুরিত মৈত্রী-চিত্তবিমুক্তি হয়? শুধু পূর্বদিকের সত্ত্বগণ বৈরীহীন ... শুধু পশ্চিমদিকের সত্ত্বগণ ... শুধু উত্তরদিকের সত্ত্বগণ ... শুধু দক্ষিণদিকের সত্ত্বগণ .... শুধু পূর্বকোণের সত্ত্বগণ ... শুধু পশ্চিমকোণের সত্ত্বগণ ... শুধু উত্তরকোণের সত্ত্বগণ ... শুধু দক্ষিণকোণের সত্ত্বগণ ... শুধু নিম্নদিকের সত্ত্বগণ ... শুধু উর্ধ্বদিকের সত্ত্বগণ ... সুখিতাত্ম হোক। শুধু পূর্বদিকের প্রাণীগণ ... পূর্ববৎ ... [উপরোক্ত 'সত্ত্ব' এর স্থলে 'প্রাণী' পড়তে হবে] শুধু পূর্বদিকের ভূতগণ ... পূর্ববৎ ... শুধু পূর্বদিকের

Visit: http://www.buddhistdownload.com

পুদ্গলগণ ... পূর্ববৎ ... শুধু পূর্বদিকের দেহধারীগণ ... পূর্ববৎ ... শুধু পূর্বদিকের স্ত্রীগণ .. পূর্ববৎ ... শুধু পূর্বদিকের পুরুষগণ ... পূর্ববৎ ... শুধু পূর্বদিকের আর্যগণ ... পূর্ববৎ .. শুধু পূর্বদিকের অনার্যগণ ... পূর্ববৎ ... শুধু পূর্বদিকের দেবতাগণ ... পূর্ববৎ ... শুধু পূর্বদিকের মনুষ্যগণ ... পূর্ববৎ ... শুধু পূর্বদিকের বিনিপাতিকগণ (নৈরয়িক সত্ত্ব) ... পূর্ববৎ ... সুখিতাত্ম হোক। এই দশ প্রকারে দিক স্ফুরিক মৈত্রী-চিত্ত বিমুক্তি হয়।

১। ইন্দ্রিয় পরিচ্ছেদ

২৩। সকল সত্ত্বের প্রতি পীড়ন বর্জন করে অপীড়ন দ্বারা, উপঘাত বর্জন করে অনুপঘাত দ্বারা, সন্তাপ বর্জন করে অসন্তাপ দ্বারা, বিনাশ বর্জন করে অবিনাশ দ্বারা এবং অহিত বর্জন করে হিত দ্বারা সব সত্ত্ব অবৈরী হোক, বৈরী না হোক; সুখী হোক, দুঃখী না হোক; সুখিতাত্ম হোক, দুঃখিতাত্ম না হোক– এই আট প্রকারে সমস্ত সত্ত্বগণের প্রতি মৈত্রীভাব পোষণ করে– এ অর্থে মৈত্রী। সেই মৈত্রীধর্মকে চিন্তা করে এ অর্থে চিত্ত। সব ব্যাপাদ-পর্যুত্থান বা পূর্বসংস্কার হতে বিমুক্ত করে এঅর্থে বিমুক্তি। মৈত্রী, চিত্ত এবং বিমুক্তি– এটা মৈত্রীচিত্তবিমুক্তি।

সকল সত্ত্ব অবৈরী হোক, ক্ষমাশীল হোক এবং সুখী হোক– এরূপে শ্রদ্ধায় অবনত হয়। তখন মৈত্রীচিত্তবিমুক্তি শ্রদ্ধেন্দ্রিয় পরিভাবিত হয়।

সকল সত্ত্ব ... এরূপে বীর্য প্রয়োগ করে। তখন মৈত্রীচিত্ত বিমুক্তি বীর্যেন্দ্রিয় পরিভাবিত হয়।

সকল সত্ত্ব ... এরূপে স্মৃতি উপস্থাপিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি স্মৃতি ইন্দ্রিয় পরিভাবিত হয়।

সকল সত্ত্ব ... এরূপে চিত্তকে সমাহিত করে। তখন মৈত্রীচিত্ত বিমুক্তি সমাধীন্দ্রিয় পরিভাবিত হয়।

সকল সত্ত্ব ... এরূপে প্রজ্ঞা দ্বারা যথাযথভাবে জানে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি প্রজ্ঞেন্দ্রিয় পরিভাবিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

এই পঞ্চেন্দ্রিয়সমূহ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির পুন পুন অভ্যাস হয়। এই পঞ্চেন্দ্রিয় দ্বারা মৈত্রীচিত্তবিমুক্তি পুন পুন অভ্যাস করা হয়। এই পঞ্চেন্দ্রিয়সমূহ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তি ভাবনা হয়। এই পঞ্চেন্দ্রিয় দ্বারা মৈত্রীচিত্তবিমুক্তি ভাবিত করা হয়। এই পঞ্চেন্দ্রিয়সমূহ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তি বহুলীকৃত হয়। এই পঞ্চেন্দ্রিয় দ্বারা মৈত্রীচিত্তবিমুক্তি বহুলীকৃত করা হয়। এই পঞ্চেন্দ্রিয়সমূহ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির অলঙ্কার হয়। এই পঞ্চেন্দ্রিয় দ্বারা মৈত্রীচিত্তবিমুক্তি সুঅলংকৃত হয়। এই পঞ্চেন্দ্রিয়সমূহ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির উপকরণ হয়। এই পঞ্চেন্দ্রিয় দ্বারা মৈত্রীচিত্তবিমুক্তি সুসজ্জিত হয়। এই পঞ্চেন্দ্রিয়সমূহ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তি পরিবারভুক্ত হয়। এই পঞ্চেন্দ্রিয় দ্বারা মৈত্রী চিত্তবিমুক্তি সুপরিবৃত হয়। এই পঞ্চেন্দ্রিয়সমূহ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির পুন পুন অভ্যাস, ভাবনা, বহুলীকৃত, অলঙ্কার, উপকরণ, পরিবার, পরিপূর্ণ, সহগত, সহজাত, সংশ্লিষ্ট, সম্প্রযুক্ত, অনুসরণ, প্রসন্নতা বা প্রশান্তি, স্থিত, বিমোচন, "এটা শান্ত" বলে স্পর্শন, আয়ত্ত, অভ্যস্ত, অর্জিত, পরিচিত, সুআরব্ধ, সুভাবিত, সুঅধিষ্ঠিত, সুসমুদ্গত ও সুবিমুক্ত হয় এবং উৎপাদন, আলোকিত ও প্রতাপিত করে।

২। বল পরিচ্ছেদ

২৪। সব সত্ত্ব অবৈরী হোক, ক্ষমাশীল হোক এবং সুখী হোক– (এরূপে) অশ্রদ্ধায় কম্পিত হয় না। (তখন) মৈত্রীচিত্তবিমুক্তি প্রজ্ঞাবল পরিভাবিত হয়।

সব সত্ত্ব ... এরূপে আলস্যে কম্পিত হয় না। তখন মৈত্রীচিত্তবিমুক্তি বীর্যবল পরিভাবিত হয়।

সব সত্ত্ব ... এরূপে চিত্তকে সমাহিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সমাধি সম্বোধ্যঙ্গ পরিভাবিত হয়।

সব সত্ত্ব ... এরূপে জ্ঞান দ্বারা ক্লেশসমূহে বিনাশ শীল হয়। তখন মৈত্রীচিত্তবিমুক্তি উপেক্ষা সম্বোধ্যঙ্গ পরিভাবিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

এই সপ্ত বোধ্যঙ্গ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির পুন পুন অভ্যাস হয়। এই সপ্ত বোধ্যঙ্গ দ্বারা মৈত্রীচিত্তবিমুক্তি পুন পুন অভ্যাস করা হয়। এই সপ্ত বোধ্যঙ্গ ... পূর্ববৎ ... [উপরোক্ত 'পঞ্চেন্দ্রিয়' এর স্থলে 'সপ্ত বোধ্যঙ্গ' পড়তে হবে] ও প্রতাপিত করে।

৪। মার্গাঙ্গ পরিচ্ছেদ

২৬। সব সত্ত্ব অবৈরী হোক, ক্ষমাশীল হোক এবং সুখী হোক– (এরূপে) সম্যকরূপে দর্শন করে। (তখন) মৈত্রীচিত্তবিমুক্তি সম্যকদৃষ্টি পরিভাবিত হয়।

সব সত্ত্ব .... এরূপে সম্যকরূপে আরোপন করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যকসংকল্প পরিভাবিত হয়।

সব সত্ত্ব ... এরূপে সম্যকরূপে পরিগ্রহণ করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যকবাক্য পরিভাবিত হয়।

সব সত্ত্ব ... এরূপে সম্যকরূপে সমুত্থাপিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যককর্ম পরিভাবিত হয়।

সব সত্ত্ব ... এরূপে সম্যকরূপে পরিশুদ্ধ করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যকজীবিকা পরিভাবিত হয়।

সব সত্ত্ব ... এরূপে সম্যকরূপে প্রয়োগ করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যকপ্রচেষ্টা পরিভাবিত হয়।

সব সত্ত্ব ... এরূপে সম্যকরূপে উপস্থাপিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যকস্মৃতি পরিভাবিত হয়।

সব সত্ত্ব ... এরূপে সম্যকরূপে সমাহিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যকসমাধি পরিভাবিত হয়।

এই অষ্ট মার্গাঙ্গ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির পুন পুন অভ্যাস হয়। এই অষ্ট মার্গাঙ্গ দ্বারা মৈত্রীচিত্তবিমুক্তি পুন পুন অভ্যাস করা হয়। এই অষ্ট মার্গাঙ্গ ... পূর্ববৎ ... [উপরোক্ত 'পঞ্চেন্দ্রিয়' এর স্থলে 'অষ্ট মার্গাঙ্গ' পড়তে হবে] ও প্রতাপিত করে।

Visit: http://www.buddhistdownload.com

২৭। সর্ব প্রাণীর প্রতি পীড়ন বর্জন করে– অপীড়ন দ্বারা, উপঘাত বর্জন করে– অনুপঘাত দ্বারা ... পূর্ববৎ ... [উপরোক্ত '২৩,২৪,২৫,২৬ নং এর অনুসারে পড়তে হবে, 'সত্ত্ব' এর স্থলে 'প্রাণী' লিখতে হবে, নিম্নোক্ত সব ভূতাদির ক্ষেত্রের ও অনুরূপভাবে পড়তে হবে] এবং উৎপাদন, আলোকিত ও প্রতাপিত করে।

সব ভূতের প্রতি ... সব পুদ্গলের প্রতি ... সব দেহধারীর প্রতি ... সব স্ত্রীর প্রতি ... সব পুরুষের প্রতি ... সব আর্যগণের প্রতি ...সব অনার্যের প্রতি ... সব দেবতার প্রতি ... সব মনুষ্যের প্রতি .. সব বিনিপাতিকের (নৈরয়িক সত্ত্বের) প্রতি ... আলোকিত ও প্রতাপিত করে।

পূর্বদিকের সব সত্ত্বের প্রতি পীড়ন বর্জন করে– অপীড়ন দ্বারা; উপঘাত বর্জন করে– অনুপঘাত দ্বারা ... পূর্ববৎ ... এবং উৎপাদন, আলোকিত ও প্রতাপিত করে।

পশ্চিমদিকের সব সত্ত্বের প্রতি ... উত্তরদিকের সব সত্ত্বে প্রতি ... দক্ষিণদিকের সব সত্ত্বের প্রতি ... পূর্বকোণের সব সত্ত্বে প্রতি ... পশ্চিমকোণের সব সত্তের প্রতি ... উত্তরকোণের সব সত্ত্বে প্রতি ... দক্ষিণকোণের সব সত্ত্বের প্রতি ... নিম্নদিকের সব সত্ত্বের প্রতি ... উর্ধ্বদিকের সব সত্ত্বের প্রতি ... আলোকিত ও প্রতাপিত করে।

পূর্বদিকের সব প্রাণীর প্রতি পীড়ন বর্জন করে .. ভূতের প্রতি ... পুদ্গলের প্রতি ... দেহধারীর প্রতি ... সব স্ত্রীর প্রতি ... সব পুরুষের প্রতি ... সব আর্যের প্রতি ... সব অনার্যের প্রতি ... সব দেবতার প্রতি ... সব মনুষ্যর প্রতি .... সব বিনিপাতিকের প্রতি .... পশ্চিম দিকের সব বিনিপাতিকের প্রতি .... উত্তরদিকের সব বিনিপাতিকের প্রতি ... দক্ষিণদিকের সব বিনিপাতিকের প্রতি ... পূর্বকোণের সব বিনিপাতিকের প্রতি ... পশ্চিমকোণের সব বিনিপাতিকের প্রতি ... উত্তরকোণের সব বিনিপাতিকের প্রতি ... দক্ষিণকোণের সব বিনিপাতিকের প্রতি ... নিম্নদিকের সব বিনিপাতিকের প্রতি ... উর্ধ্বদিকের সব বিনিপাতিকের প্রতি পীড়ন বর্জন করে– অপীড়ন দ্বারা; উপঘাত বর্জন করে– অনুপঘাত দ্বারা; সন্তাপ বর্জন করে অসন্তাপ দ্বারা; বিনাশ বর্জন করে– অবিনাশ দ্বারা এবং

Visit: http://www.buddhistdownload.com

অহিত বর্জন করে– হিত দ্বারা; উর্ধ্বদিকের সব বিনিপাতিক অবৈরী হোক, বৈরী না হোক; সুখী হোক, দুঃখী না হোক; সুখিতাত্ম হোক, দুঃখিতাত্ম না হোক– এই আট প্রকারে উর্ধ্বদিকের সব বিনিপাতিকে মৈত্রী করে– এ অর্থে মৈত্রী। সেই মৈত্রী ধর্মকে চিন্তা করে– এ অর্থে চিত্ত। সব ব্যাপাদ পর্যুত্থান বা পূর্ব সংস্কার হতে বিমুক্ত করে– এ অর্থে বিমুক্তি। মৈত্রী, চিত্ত এবং বিমুক্তি– মৈত্রীচিত্তবিমুক্তি।

উর্ধ্বদিকের সব বিনিপাতিক সত্ত্ব অবৈরী হোক, ক্ষমাশীল হোক এবং সুখী হোক– এরূপে শ্রদ্ধায় অবনত হয়। তখন মৈত্রীচিত্তবিমুক্তি শ্রদ্ধেন্দ্রিয় পরিভাবিত হয়।

উর্ধ্বদিকের সব ... এরূপে বীর্য প্রয়োগ করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি বীর্যেন্দ্রিয় পরিভাবিত হয়।

স্মৃতি উপস্থাপিত করে। তখন মৈত্রীচিত্ত বিমুক্তি স্মৃতি ইন্দ্রিয় পরিভাবিত হয়। চিত্তকে সমাহিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সমাধীন্দ্রিয় পরিভাবিত হয়। প্রজ্ঞা দ্বারা যথাযথভাবে জানে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি প্রজ্ঞেন্দ্রিয় পরিভাবিত হয়।

এই পঞ্চেন্দ্রিয়সমূহ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির পুন পুন অভ্যাস হয়। ... পূর্ববৎ ... [ইন্দ্রিয় পরিচ্ছেদের শেষোক্ত বিষয়টি যোগ করে পড়তে হবে] ও প্রতাপিত করে।

উর্ধ্বদিকের সব বিনিপাতিক সত্ত্ব অবৈরী হোক, ক্ষমাশীল হোক এবং সুখী হোক – এরূপে অশ্রদ্ধায় কম্পিত হয় না। তখন মৈত্রীচিত্তবিমুক্তি শ্রদ্ধাবল পরিভাবিত হয়। আলস্যে কম্পিত হয় না। তখন মৈত্রীচিত্তবিমুক্তি বীর্যবল পরিভাবিত হয়। প্রমাদে কম্পিত হয় না। তখন মৈত্রীচিত্তবিমুক্তি স্মৃতিবল পরিভাবিত হয়। চঞ্চলতা কম্পিত হয় না। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সমাধিবল পরিভাবিত হয়। অবিদ্যায় কম্পিত হয় না। তখন মৈত্রীচিত্তবিমুক্তি প্রজ্ঞাবল পরিভাবিত হয়।

এই পঞ্চবল মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির পুন পুন অভ্যাস হয়। এই পঞ্চবল দ্বারা মৈত্রীচিত্তবিমুক্তি ... পূর্ববৎ ... [বল পরিচ্ছেদের শেষোক্ত বিষয়টি লিখতে হবে] আলোকিত ও প্রতাপিত করে।

Visit: http://www.buddhistdownload.com

উর্ধ্বদিকের সব বিনিপাতিক সত্ত্ব অবৈরী হোক, ক্ষমাশীল হোক এবং সুখী হোক– এরূপে স্মৃতি উপস্থাপিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি স্মৃতি সম্বোধ্যঙ্গ পরিভাবিত হয়।

প্রজ্ঞা দ্বারা বিচার করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ পরিভাবিত হয়। বীর্য প্রয়োগ করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি বীর্য সম্বোধ্যঙ্গ পরিভাবিত হয়। বীর্য প্রয়োগ করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি বীর্য সম্বোধ্যঙ্গ পরিভাবিত হয়। পরিদাহ বা মনস্তাপ উপশম করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি প্রীতি সম্বোধ্যঙ্গ পরিভাবিত হয়। পাপাচার দমন করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ পরিভাবিত হয়। চিত্তকে সমাহিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সমাধি সম্বোধ্যঙ্গ পরিভাবিত হয়। জ্ঞান দ্বারা ক্লেশসমূহে যত্নশীল হয়। তখন মৈত্রীচিত্তবিমুক্তি উপেক্ষা সম্বোধ্যঙ্গ পরিভাবিত হয়।

এই সপ্ত বোধ্যঙ্গ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির পুন পুন অভ্যাস হয়। এই সপ্ত বোধ্যঙ্গ দ্বার মৈত্রীচিত্তবিমুক্তি ... পূর্ববৎ ... [বোধ্যঙ্গ পরিচ্ছেদের শেষোক্ত বিষয়টি যোগ করে পড়তে হবে] আলোকিত ও প্রতাপিত করে।

উর্ধ্বদিকের সব বিনিপাতিক সত্ত্ব অবৈরী হোক, ক্ষমাশীল হোক এবং সুখী হোক– এরূপে সম্যকভাবে দর্শন করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যকদৃষ্টি পরিভাবিত হয়। সম্যকভাবে আরোপন করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যক সংকল্প পরিভাবিত হয়। সম্যকভাবে পরিগ্রহণ করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যকবাক্য পরিভাবিত হয়। সম্যকভাবে সমুত্থাপিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যককর্ম পরিভাবিত হয়। সম্যকভাবে পরিশুদ্ধ করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যক জীবিকা পরিভাবিত হয়। সম্যকভাবে প্রয়োগ করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যক প্রচেষ্টা পরিভাবিত হয়। সম্যকভাবে উপস্থাপিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যকস্মৃতি পরিভাবিত হয় সম্যকভাবে সমাহিত করে। তখন মৈত্রীচিত্তবিমুক্তি সম্যক সমাধি পরিভাবিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

এই অষ্ট মার্গাঙ্গ মৈত্রী দ্বারা চিত্তবিমুক্তির পুন পুন অভ্যাস হয়। এই অষ্ট মার্গাঙ্গ দ্বারা মৈত্রীচিত্তবিমুক্তি ... পূর্ববৎ ... [মার্গাঙ্গ পরিচ্ছেদের শেষোক্ত বিষয়টিযোগ করে পড়তে হবে] আলোকিত ও প্রতাপিত করে।

মৈত্রী কথা সমাপ্ত।

৫। বিরাগ কথা

২৮। বিরাগ মার্গ, বিমুক্তি ফল। বিরাগ মার্গ কি? স্রোতাপত্তি মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি মিথ্যাদৃষ্টি থেকে পৃথক হয়। তদনুকরণকারী ক্লেশ ও স্কন্ধ থেকে পৃথক হয় এবং বাহ্যিক সব নিমিত্ত থেকেও পৃথক হয়। বিরাগ, বিরাগারম্মণ, বিরাগগোচর বিরাগে অন্তর্ভুক্ত[১], বিরাগে স্থিত এবং বিরাগে প্রতিষ্ঠিত হয়।

'বিরাগ, বিরাগ' বলা হয়, সেই বিরাগ দ্বিবিধ, যথা– নির্বাণ বিরাগ ও যেসব ধর্ম নির্বাণারম্মণজাত সেসব ধর্মও বিরাগ হয়– এ অর্থে বিরাগ। সহজাত সপ্তাঙ্গ বিরাগ প্রাপ্ত হয়– এ অর্থে বিরাগমার্গ। এই মার্গ দ্বারা বুদ্ধগণ এবং শ্রাবকগণ অগত দিক নির্বাণ গমন করেন– এ অর্থে অষ্টাঙ্গিক মার্গ। অপরাপর শ্রমণ-ব্রাহ্মণ এবং পরবাদীদের (অপবাদকারী) মার্গের তুলনায় এই আর্য অষ্টাঙ্গিক মার্গ অগ্র, শ্রেষ্ঠ, প্রমুখ্য[২] বা উৎকৃষ্ট, উত্তম ও প্রধান– তাই মার্গসমূহের মধ্যে অষ্টাঙ্গিক মার্গ শ্রেষ্ঠ।

অভিনিরোপনার্থে সম্যকসঙ্কল্প মিথ্যাসঙ্কল্প হতে পৃথক হয়। পরিগ্রহার্থে সম্যকবাক্য মিথ্যাবাক্য হতে পৃথক হয়। সমুত্থানার্থে সম্যককর্ম মিথ্যাকর্ম হতে পৃথক হয়। পরিশুদ্ধার্থে সম্যকজীবিকা মিথ্যাজীবিকা হতে পৃথক হয়। উদ্যমার্থে সম্যকপ্রচেষ্টা মিথ্যাপ্রচেষ্টা হতে পৃথক হয়।

---

[১]। এর পালি 'সমুদাগতো', শ্যাম বা থাইল্যান্ড গ্রন্থে 'সমুপাগতো' অর্থাৎ আগত বা উপনীত।

[২]। শ্যাম বা থাইল্যান্ড গ্রন্থে 'বিমোক্ষ', অর্থকথায় 'মোক্ষ'।

Visit: http://www.buddhistdownload.com

উপস্থাপনার্থে সম্যকস্মৃতি মিথ্যাস্মৃতি হতে পৃথক হয়। অবিক্ষেপার্থে সম্যকসমাধি মিথ্যাসমাধি হতে পৃথক হয়। তদনুকরণকারী ক্লেশ ও স্কন্ধ হতে পৃথক হয়। বাহ্যিক সব নিমিত্ত হতে পৃথক হয়। বিরাগ, বিরাগারম্মণ, বিরাগ-গোচর বিরাগে অনর্ভুক্ত, বিরাগে স্থিত এবং বিরাগে প্রতিষ্ঠিত হয়।

'বিরাগ, বিরাগ' বলা হয়: সেই বিরাগ দ্বিবিধ, যথা– ... পূর্ববৎ ... তাই মার্গসমূহের মধ্যে অষ্টাঙ্গিক মার্গ শ্রেষ্ঠ।

সকৃদাগামী মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি মিথ্যাদৃষ্টি হতে পৃথক হয়। অভিনিরোপনার্থে সম্যকসঙ্কল্প ... পূর্ববৎ ...। অবিক্ষেপার্থে সম্যকসমাধি স্থূল কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, স্থূল কামরাগানুশয়, প্রতিঘানুশয় হতে পৃথক হয়, তদনুকরণকারী ক্লেশ ও স্কন্ধ হতে পৃথক হয় এবং বাহ্যিক সব নিমিত্ত হতে ও পৃথক হয়। বিরাগ, বিরাগারম্মণ, বিরাগ-গোচর বিরাগে অন্তর্ভুক্ত, বিরাগে স্থিত এবং বিরাগে প্রতিষ্ঠিত হয়।

'বিরাগ, বিরাগ' বলা হয়, বিরাগ দ্বিবিধ, যথা– ... পূর্ববৎ ... তাই মার্গসমূহের মধ্যে অষ্টাঙ্গিক মার্গ শ্রেষ্ঠ।

অনাগামী মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি মিথ্যাদৃষ্টি হতে পৃথক হয়। অভিনিরোপনার্থে সম্যকসঙ্কল্প ... পূর্ববৎ ...। অবিক্ষেপার্থে সম্যকসমাধি অনুসহগত কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, অনুসহগত কামরাগানুশয়, প্রতিঘানুশয় হতে পৃথক হয়, তদনুকরণকারী ক্লেশ ও স্কন্ধ হতে পৃথক হয় এবং বাহ্যিক সব নিমিত্ত হতেও পৃথক হয়। বিরাগ, বিরাগারম্মণ, বিরাগ-গোচর বিরাগে অন্তর্ভুক্ত, বিরাগে স্থিত এবং বিরাগে প্রতিষ্ঠিত।

'বিরাগ, বিরাগ' বলা হয়: সেই বিরাগ দ্বিবিধ, যথা– ... পূর্ববৎ ... তাই মার্গ সমূহের মধ্যে অষ্টাঙ্গিক মার্গ শ্রেষ্ঠ।

অরহত্ব মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি মিথ্যাদৃষ্টি হতে পৃথক হয়। অভিনিরোপনার্থে সম্যকসঙ্কল্প ... পূর্ববৎ ...। অবিক্ষেপার্থে সম্যকসমাধি রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা, মানানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয় হতে পৃথক হয়। তদনুকরণকারী ক্লেশ ও স্কন্ধ হতে পৃথক হয় এবং বাহ্যিক সব নিমিত্ত হতেও পৃথক হয়। বিরাগ, বিরাগারম্মণ, বিরাগ-

Visit: http://www.buddhistdownload.com

গোচর বিরাগে অন্তর্ভুক্ত, বিরাগে স্থিত এবং বিরাগে প্রতিষ্ঠিত হয়।

'বিরাগ, বিরাগ' বলা হয়: সেই বিরাগ দ্বিবিধ, যথা– ... পূর্ববৎ ... তাই মার্গসমূহের মধ্যে অষ্টাঙ্গিক মার্গ শ্রেষ্ঠ।

দর্শন-বিরাগ সম্যকদৃষ্টি। অভিনিরোপন-বিরাগ সম্যকসঙ্কল্প। পরিগ্রহ-বিরাগ সম্যকবাক্য। সমুত্থান-বিরাগ সম্যককর্ম। পরিশুদ্ধ-বিরাগ সম্যকজীবিকা। উদ্যম-বিরাগ সম্যকপ্রচেষ্টা। উপস্থাপন-বিরাগ সম্যকস্মৃতি। অবিক্ষেপ-বিরাগ সম্যকসমাধি। উপস্থাপন-বিরাগ স্মৃতি সম্বোধ্যঙ্গ। প্রবিচয় (পুঙ্খানুপুঙ্খরূপে বিচার)– বিরাগ ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ। উদ্যম-বিরাগ বীর্য সম্বোধ্যঙ্গ। স্ফুরণ-বিরাগ প্রীতি সম্বোধ্যঙ্গ। উপশম-বিরাগ প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ। অবিক্ষেপ-বিরাগ সমাধি সম্বোধ্যঙ্গ। প্রতিসংখ্যান বা বিবেচন-বিরাগ উপেক্ষা সম্বোধ্যঙ্গ। অশ্রদ্ধায় অকম্পিত-বিরাগ শ্রদ্ধাবল। আলস্যে অকম্পিত-বিরাগ বীর্যবল। প্রমাদে অকম্পিত-বিরাগ স্মৃতিবল। চঞ্চলতায় অকম্পিত-বিরাগ সমাধিবল। অবিদ্যায় অকম্পিত-বিরাগ প্রজ্ঞাবল। অধিমোক্ষ-বিরাগ শ্রদ্ধেন্দ্রিয়। উদ্যম-বিরাগ বীর্যেন্দ্রিয়। উপস্থাপন-বিরাগ স্মৃতীন্দ্রিয়। অবিক্ষেপ-বিরাগ সমাধীন্দ্রিয়। দর্শন-বিরাগ প্রজ্ঞেন্দ্রিয়। আধিপত্যার্থে ইন্দ্রিয়-বিরাগ। অকম্পিতার্থে বল-বিরাগ। মুক্তার্থে বোধ্যঙ্গ-বিরাগ। হেত্বার্থে মার্গ-বিরাগ। উপস্থাপনার্থে স্মৃতিপ্রস্থান-বিরাগ। প্রধানার্থে সম্যকপ্রধান-বিরাগ। সমৃদ্ধার্থে ঋদ্ধিপাদ-বিরাগ। তথার্থে সত্য-বিরাগ। অবিক্ষেপার্থে শমথ-বিরাগ। অনুদর্শনার্থে বিদর্শন-বিরাগ। একরসার্থে শমথ-বির্দশন-বিরাগ। অনতিক্রমার্থে যুগপৎ (যুগনদ্ধ)-বিরাগ। সংবরার্থে শীল-বিশুদ্ধি-বিরাগ। অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধি-বিরাগ। দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি-বিরাগ। বিমুক্তার্থে বিমোক্ষ-বিরাগ। প্রতিবেধার্থে বিদ্যা-বিরাগ। পরিত্যাগার্থে বিমুক্তি-বিরাগ। সমুচ্ছেদার্থে ক্ষয়জ্ঞান-বিরাগ। মূলার্থে ছন্দ-বিরাগ। সমুত্থানার্থে মনোযোগ-বিরাগ। সমোধানার্থে স্পর্শ-বিরাগ। সমোসরণার্থে বেদনা-বিরাগ। প্রমুখ বা শ্রেষ্ঠার্থে সমাধি-বিরাগ। আধিপত্যার্থে স্মৃতি-বিরাগ। সর্বোত্তমার্থে প্রজ্ঞা-বিরাগ। সারার্থে বিমুক্তি-বিরাগ। পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণমার্গ।

Visit: http://www.buddhistdownload.com

দর্শনমার্গ সম্যকদৃষ্টি, অভিনিরোপনমার্গ সম্যকসঙ্কল্প ... পূর্ববৎ ...। [উপরোক্ত 'বিরাগ' এর স্থলে 'মার্গ' পড়তে হবে] পর্যাবসানার্থে অমৃতোগোধ নির্বাণমার্গ। বিরাগমার্গ এরূপ।

২৯। বিমুক্তি ফল কি? স্রোতাপত্তি মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি, মিথ্যাদৃষ্টি হতে বিমুক্ত হয়। তদনুকরণকারী ক্লেশ ও স্কন্ধ হতে মুক্ত হয় এবং বাহ্যিক সব নিমিত্ত হতে বিমুক্ত হয়। বিমুক্তি, বিমুক্তি-আরম্মণ, বিমুক্তি-গোচর বিমুক্তিতে অন্তর্ভুক্ত, বিমুক্তিতে স্থিত এবং বিমুক্তিতে প্রতিষ্ঠিত হয়।

'বিমুক্তি, বিমুক্তি' বলা হয়; সেই বিমুক্তি দ্বিবিধ, যথা – নির্বাণ বিমুক্তি ও যেসব ধর্ম নির্বাণারম্মণজাত সেসব ধর্ম বিমুক্ত হয় –এঅর্থে বিমুক্তি ফল।

অভিনিরোপনার্থে সম্যকসঙ্কল্প, মিথ্যাসঙ্কল্প হতে বিমুক্ত হয়, তদনুকরণকারী ক্লেশ ও ... পূর্ববৎ ... এবং বিমুক্তিতে প্রতিষ্ঠিত।

'বিমুক্তি, বিমুক্তি' বলা হয়; সেই বিমুক্তি দ্বিবিধ, যথা ... পূর্ববৎ ... এ অর্থে বিমুক্তি ফল।

পরিগ্রহার্থে সম্যকবাক্য, মিথ্যাবাক্য হতে বিমুক্ত হয়, সমুত্থানার্থে সম্যককর্ম, মিথ্যাকর্ম হতে বিমুক্ত হয়, পরিশুদ্ধার্থে সম্যকজীবিকা, মিথ্যাজীবিকা হতে বিমুক্ত হয়, উদ্যমার্থে সম্যকপ্রচেষ্টা, মিথ্যাপ্রচেষ্টা হতে বিমুক্ত হয়, উপস্থাপনার্থে সম্যকস্মৃতি, মিথ্যাস্মৃতি হতে বিমুক্ত হয়, অবিক্ষেপার্থে সম্যকসমাধি, মিথ্যাসমাধি হতে বিমুক্ত হয়; তদনুকরণকারী ক্লেশ ও ... পূর্ববৎ ... প্রতিষ্ঠিত হয়।

'বিমুক্তি, বিমুক্তি' বলা হয়; সেই বিমুক্তি দ্বিবিধ, যথা ... পূর্ববৎ ... ফল।

সকৃদাগামী মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি, মিথ্যাদৃষ্টি হতে বিমুক্ত হয়। অভিনিরোপনার্থে সম্যকসঙ্কল্প, মিথ্যা ... পূর্ববৎ ...। অবিক্ষেপার্থে সম্যকসমাধি স্থূল কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, স্থূল কামরাগানুশয়, প্রতিঘানুশয় হতে বিমুক্ত হয়, তদনুকরণকারী ... পূর্ববৎ ... এবং বিমুক্তিতে প্রতিষ্ঠিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

'বিমুক্তি, বিমুক্তি' বল হয়: সেই বিমুক্তি দ্বিবিধ, যথা ... পূর্ববৎ ... ফল।

অনাগামী মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি, মিথ্যাদৃষ্টি হতে বিমুক্ত হয়। অভিনিরোপনার্থে ... পূর্ববৎ ...। অবিক্ষেপার্থে সম্যকসমাধি অনুসহগত কামরাগ সংযোজন, প্রতিঘ সংযোজন, অনুসহগত কামরাগানুশয়, প্রতিঘানুশয় হতে বিমুক্ত হয়: তদনুকরণকারী ক্লেশ ... পূর্ববৎ ... এবং বিমুক্তিতে প্রতিষ্ঠিত হয়।

'বিমুক্তি, বিমুক্তি' বলা হয়: সেই বিমুক্তি দ্বিবিধ, যথা ... পূর্ববৎ ... বিমুক্তি ফল।

অরহত্ব মার্গক্ষণে দর্শনার্থে সম্যকদৃষ্টি ... পূর্ববৎ ...। অবিক্ষেপার্থে সম্যকসমাধি রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য, অবিদ্যা, মানানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয় হতে বিমুক্ত হয়: তদনুকরণকারী ... পূর্ববৎ ... বিমুক্তিতে প্রতিষ্ঠিত হয়।

'বিমুক্তি,বিমুক্তি' বলা হয়: সেই বিমুক্তি দ্বিবিধ, যথা ... বিমুক্তি ফল।

দর্শন-বিমুক্তি সম্যকদৃষ্টি। অভিনিরোপন-বিমুক্তি সম্যকসঙ্কল্প। পরিগ্রহ- বিমুক্তি সম্যকবাক্য। সমুত্থান-বিমুক্তি সম্যককর্ম। পরিশুদ্ধ-বিমুক্তি সম্যকজীবিকা। উদ্যম-বিমুক্তি সম্যকপ্রচেষ্টা। উপস্থাপন-বিমুক্তি সম্যকস্মৃতি। অবিক্ষেপ-বিমুক্তি সম্যকসমাধি। উপস্থাপন -বিমুক্তি স্মৃতি সম্বোধ্যঙ্গ। প্রবিচয় (পুঙ্খানুপুঙ্খরূপে বিচার) -বিমুক্তি ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ। উদ্যম-বিমুক্তি বীর্য সম্বোধ্যঙ্গ। স্ফুরণ-বিমুক্তি প্রীতি সম্বোধ্যঙ্গ। উপশম-বিমুক্তি প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ। অবিক্ষেপ-বিমুক্তি সমাধি সম্বোধ্যঙ্গ। প্রতিসংখ্যান বা বিবেচন-বিমুক্তি উপেক্ষা সম্বোধ্যঙ্গ। অশ্রদ্ধায় অকম্পিত-বিমুক্তি শ্রদ্ধাবল। আলস্যে অকম্পিত-বিমুক্তি বীর্যবল। প্রমাদে অকম্পিত-বিমুক্তি স্মৃতিবল। চঞ্চলতায় অকম্পিত-বিমুক্তি সমাধিবল। অবিদ্যায় অকম্পিত-বিমুক্তি প্রজ্ঞাবল। অধিমোক্ষ-বিমুক্তি শ্রদ্ধেন্দ্রিয়। উদ্যম-বিমুক্তি বীর্যেন্দ্রিয়। উপস্থাপন -বিমুক্তি স্মৃতীন্দ্রিয়। অবিক্ষেপ-বিমুক্তি সমাধীন্দ্রিয়। দর্শন-বিমুক্তি প্রজ্ঞেন্দ্রিয়। আধিপত্যার্থে ইন্দ্রিয়-বিমুক্তি। অকম্পিতার্থে বল-বিমুক্তি। মুক্তার্থে বোধ্যঙ্গ-বিমুক্তি। হেত্বার্থে মার্গ-বিমুক্তি। উপস্থাপনার্থে

Visit: http://www.buddhistdownload.com

স্মৃতিপ্রস্থান-বিমুক্তি। প্রধানার্থে সম্যকপ্রধান-বিমুক্তি। সমৃদ্ধার্থে ঋদ্ধিপাদ-বিমুক্তি। তথার্থে সত্য-বিমুক্তি। অবিক্ষেপার্থে শমথ-বিমুক্তি। অনুদর্শনার্থে বিদর্শন-বিমুক্তি। একরসার্থে শমথ-বিদর্শন-বিমুক্তি। অনতিক্রমার্থে যুগপৎ (যুগনদ্ধ)-বিমুক্তি। সংবরার্থে শীল-বিশুদ্ধি-বিমুক্তি। অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধি-বিমুক্তি। দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি-বিমুক্তি। বিমুক্তার্থে বিমোক্ষ-বিমুক্তি। প্রতিবেধার্থে বিদ্যা-বিমুক্তি। পরিত্যাগার্থে বিমুক্তি-বিমুক্তি। সমুচ্ছেদার্থে ক্ষয়জ্ঞান-বিমুক্তি। মূলার্থে ছন্দ-বিমুক্তি। সমুত্থানার্থে মনোযোগ-বিমুক্তি। সমোধানার্থে স্পর্শ-বিমুক্তি। সমোসরণার্থে বেদনা-বিমুক্তি। প্রমুখ বা শ্রেষ্ঠার্থে সমাধি-বিমুক্তি। আধিপত্যার্থে স্মৃতি-বিমুক্তি। সর্বোত্তমার্থে প্রজ্ঞা-বিমুক্তি। সারার্থে বিমুক্তি-বিমুক্তি। পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণমার্গ।

বিরাগ কথা সমাপ্ত।

৬। প্রতিসম্ভিদা কথা

১। ধর্মচক্র প্রবর্তন পরিচ্ছেদ

৩০। আমি এরূপ শুনেছি– এক সময় ভগবান বারাণসীর ঋষিপতন মৃগদায়ে অবস্থান করছিলেন। তথায় তিনি পঞ্চবর্গীয় ভিক্ষুগণকে আহ্বান করে বললেন–

"হে ভিক্ষুগণ! এই দুইটি অন্ত প্রব্রজিতগণের অভ্যাস বা সেবন করা অনুচিত। সেই দুইটি কি কি? প্রথমত হীন, গ্রাম্য এবং সাধারণজন সেবিত অনার্য ও অনর্থকর কাম্যবস্তুতে অনুরক্ত হওয়া। দ্বিতীয়ত অনার্য ও অনর্থকর আত্মক্লেশজনিত দুঃখ বরণ। এ দুই অন্ত ত্যাগ করে তথাগত মধ্যম পথ অধিগত করেছেন, যা চক্ষু উৎপদানকারী, জ্ঞান উৎপাদনকারী এবং উপশম, অভিজ্ঞা, সম্বোধি ও নির্বাণের দিকে সংবর্তিত করে"।

"ভিক্ষুগণ! তথাগত কর্তৃক অধিগত সেই মধ্যম পথ কি, যা চক্ষু উৎপাদনকারী, জ্ঞান উৎপাদনকারী এবং উপশম, অভিজ্ঞা, সম্বোধি ও

Visit: http://www.buddhistdownload.com

নির্বাণের দিকে সংবর্তিত করে? এটা আর্য অষ্টাঙ্গিক মার্গ, যথা– সম্যকদৃষ্টি, সম্যকসঙ্কল্প, সম্যকবাক্য, সম্যককর্ম, সম্যকজীবিকা, সম্যকপ্রচেষ্টা, সম্যকস্মৃতি ও সম্যকসমাধি। এটা-ই তথাগত কর্তৃক অধিগত মধ্যম পথ, যা চক্ষু উৎপাদনকারী, জ্ঞান উৎপাদনকারী এবং উপশম, অভিজ্ঞা, সম্বোধি ও নির্বাণের দিকে সংবর্তিত করে।"

"ভিক্ষুগণ! এটা দুঃখ আর্যসত্য। যথা– জন্ম দুঃখ, জরা দুঃখ, ব্যাধি দুঃখ, মরণ দুঃখ, অপ্রিয় সংযোগ দুঃখ, প্রিয় বিয়োগ দুঃখ, ঈপ্সিত বস্তুর অলাভজনিত দুঃখ ও সংক্ষেপে পঞ্চোপাদান স্কন্ধ দুঃখ। এটা দুঃখ সমুদয় আর্যসত্য, যথা– ভব হতে ভবান্তরে পুন পুন উৎপন্নকারী তৃষ্ণা, যা নন্দি-রাগসহগত সেই সেই ভবে অভিনন্দনকারী, যেমন– কামতৃষ্ণা, ভবতৃষ্ণা ও বিভবতৃষ্ণা। এটা দুঃখ নিরোধ আর্যসত্য, যথা– সেই তৃষ্ণার নিঃশেষে বিরাগ, নিরোধ, ত্যাগ, নিক্ষেপ, মুক্তি ও অনাসক্তভাব (অনালয়)। এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য, যথা– এটা আর্য অষ্টাঙ্গিক মার্গ, যেমন– সম্যকদৃষ্টি, সম্যকসঙ্কল্প, সম্যকবাক্য, সম্যককর্ম, সম্যকজীবিকা, সম্যকপ্রচেষ্টা, সম্যকস্মৃতি ও সম্যকসমাধি।

"এটা দুঃখ আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু উৎপন্ন হয়েছে, জ্ঞান উৎপন্ন হয়েছে, প্রজ্ঞা উৎপন্ন হয়েছে, বিদ্যা উৎপন্ন হয়েছে এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ আর্যসত্য পরিজ্ঞেয়' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু উৎপন্ন হয়েছে, জ্ঞান উৎপন্ন হয়েছে, প্রজ্ঞা উৎপন্ন হয়েছে, বিদ্যা উৎপন্ন হয়েছে এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ আর্যসত্য আমার পরিজ্ঞাত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়েও আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"এটা দুঃখ সমুদয় আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ সমুদয় আর্যসত্য পরিহাতব্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ সমুদয় আর্যসত্য আমার প্রহীন হয়েছে'– এরূপ অশ্রুতপূর্ব বিষয়েও আমার চক্ষু ... উৎপন্ন হয়েছে।"

'এটা দুঃখ নিরোধ আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ...

Visit: http://www.buddhistdownload.com

এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধ আর্যসত্য সাক্ষাৎ করা উচিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধ আর্যসত্য আমার সাক্ষাৎকৃত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়েও আমার চক্ষু ... উৎপন্ন হয়েছিল"।

"এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য ভাবিতব্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে ... আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য আমার ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়েও আমার চক্ষু ... আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! যাবৎ আমার এই চারি আর্যসত্যে ত্রিবিধ ধারায় দ্বাদশ প্রকারে জ্ঞানদর্শন যথাযথভাবে সুবিশুদ্ধ হয়নি, তাবৎ আমি সদেবলোক, সমারলোক, সব্রহ্মলোক, শ্রমণ-ব্রাহ্মণ, দেব-মনুষ্যগণের নিকট, 'অনুত্তর সম্যক সম্বোধি লাভ করেছি' বলে প্রকাশ করিনি। ভিক্ষুগণ! যখন আমার এই চারি আর্য-সত্যে ত্রিবিধ ধারায় দ্বাদশ প্রকারে জ্ঞানদর্শন যথাযথভাবে সুবিশুদ্ধ হয়েছে, তখন আমি সদেবলোক, ... দেব-মনুষ্যগণের নিকট 'অনুত্তর সম্যক সম্বোধি লাভ করেছি' বলে প্রকাশ করেছি, আমার জ্ঞান-দর্শন উৎপন্ন হয়েছে– 'আমার বিমুক্তি অকম্পিত, এটাই আমার অন্তিম জন্ম, আমার আর পুনর্জন্ম হবে না"।

ভগবান এরূপ বললে পঞ্চবর্গীয় ভিক্ষুগণ আনন্দিত হয়ে ভগবানের ভাষিত বিষয় অনুমোদন করলেন।

এই ধর্মচক্র প্রবর্তন দেশনা শেষ হলে আয়ুষ্মান কৌণ্ডণ্যের বিরজ, বিমল ধর্মচক্ষু উৎপন্ন হল– "যা কিছু সমুদয়ধর্মী তা সবই নিরোধধর্মী"।

ভগবান কর্তৃক ধর্মচক্র প্রবর্তিত হলে ভূমিবাসী দেবগণ এই সাধুবাদ ধ্বনি ঘোষণা করেছিলেন– "ভগবান কর্তৃক বারাণসীর ঋষিপতন মৃগদায়ে এই অনুত্তর ধর্মচক্র প্রবর্তিত হয়েছে, যা জগতে কোন শ্রমণ-ব্রাহ্মণ, দেবতা, মার ও ব্রহ্মা দ্বারা অপ্রবর্তনীয়।" ভূমিবাসী দেবগণের শব্দ শুনে চতুর্মহারাজিক দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করেন– "ভগবান কর্তৃক বারাণসীর ... অপ্রবর্তনীয়।" চতুর্মহারাজিক দেবতাগণের শব্দ শুনে

Visit: http://www.buddhistdownload.com

তাবতিংস দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক ... অপ্রবর্তনীয়।" তাবতিংস দেবতাগণের শব্দ শুনে যামবাসী দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক ... অপ্রবর্তনীয়।" যাম দেবতাগণের শব্দ শুনে তুষিতবাসী দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক ... অপ্রবর্তনীয়।" তুষিত দেবতাগণের শব্দ শুনে নির্মাণরতী দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক ... অপ্রবর্তনীয়।" নির্মাণরতী দেবতাগণের শব্দ শুনে পরনির্মিত বশবর্তী দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক ... অপ্রবর্তনীয়"। পরনির্মিত বশবর্তী দেবতাগণের শব্দ শুনে সব ব্রহ্মকায়িক দেবতাগণ[১] ও সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক বারাণসীর ঋষিপতন মৃগদায়ে ... অপ্রবর্তনীয়"।

এরূপে সেই ধর্মচক্র প্রবর্তনক্ষণে, সেই সময়ে, সেই মুহূর্তে ব্রহ্মলোক পর্যন্ত শব্দ ধ্বনি ঘোষিত হয়েছিল। তখন এই দশ সহস্র লোকধাতু কম্পিত, প্রকম্পিত ও আলোড়িত হয়েছিল। দেবতাদের দেবপ্রভা অতিক্রম করে অপ্রমাণ ও অত্যুত্তম আলো জগতে প্রাদুর্ভূত হয়েছিল।

অতঃপর ভগবান এই গভীর ভাবপ্রবণবাক্য প্রকাশ করলেন– "সত্যিই কৌণ্ডণ্য মার্গফলে প্রতিষ্ঠিত হয়েছে, মার্গফলে প্রতিষ্ঠিত হয়েছে।" এরূপে আয়ুষ্মান কৌণ্ডণ্যের নাম 'অরহত কৌণ্ডণ্য' হয়েছিল।

[ক] "এটা দুঃখ আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, জ্ঞান উৎপন্ন হয়েছে, প্রজ্ঞা উৎপন্ন হয়েছে, বিদ্যা উৎপন্ন হয়েছে এবং আলোক উৎপন্ন হয়েছে।"

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? কোন্ অর্থে জ্ঞান উৎপন্ন হয়েছে? কোন্ অর্থে প্রজ্ঞা উৎপন্ন হয়েছে? কোন্ অর্থে বিদ্যা উৎপন্ন হয়েছে? কোন্ অর্থে আলোক উৎপন্ন হয়েছে? দর্শনার্থে চক্ষু উৎপন্ন হয়েছে। জ্ঞাতার্থে জ্ঞান উৎপন্ন হয়েছে। প্রজাননার্থে প্রজ্ঞা উৎপন্ন হয়েছে। প্রতিবেধার্থে বিদ্যা উৎপন্ন হয়েছে। জ্যোতনার্থে আলোক উৎপন্ন হয়েছে।

---

[১]। এখানে ১৬ প্রকার রূপ ব্রহ্মলোকবাসী সত্ত্বগণকে বুঝানো হচ্ছে।

Visit: http://www.buddhistdownload.com

চক্ষু ধর্ম, জ্ঞান ধর্ম, প্রজ্ঞা ধর্ম, বিদ্যা ধর্ম, আলোক ধর্ম। এই পঞ্চধর্ম হল ধর্ম প্রতিসম্ভিদার আরম্মণ ও গোচর হয়। যেসব তার আরম্মণ, সেসব তার গোচর। যেসব তার গোচর, সেসব তার আরম্মণ। তাই বলা হয়– "ধর্মসমূহে জ্ঞানই হল ধর্মপ্রতিসম্ভিদা"।

দর্শনের জন্য অর্থ, জ্ঞাতের জন্য অর্থ, প্রজাননের জন্য অর্থ, প্রতিবেধের জন্য অর্থ, জ্যোত্যের জন্য অর্থ– এই পঞ্চ অর্থ হল অর্থপ্রতিসম্ভিদার আরম্মণ ও গোচর হয়। যেসব তার আরম্মণ, সেসব তার গোচর। যেসব তার গোচর, সেসব তার আরম্মণ। তাই বলা হয়– "অর্থসমূহে জ্ঞানই হল অর্থ-প্রতিসম্ভিদা"।

উপরোক্ত পঞ্চধর্ম ব্যাখ্যা করতে ব্যঞ্জন-নিরুক্তি আলাপ, পঞ্চ অর্থ ব্যাখ্যা করতে ব্যঞ্জন-নিরুক্তি আলাপ। এই দশ নিরুক্তি হল নিরুক্তি-প্রতিসম্ভিদার আরম্মণ ও গোচর হয়। যেসব তার আরম্মণ, সেসব তার গোচর। যেসব তার গোচর, সেসব তার আরম্মণ। তাই বলা হয়– "নিরুক্তিসমূহে জ্ঞানই হল নিরুক্তি-প্রতিসম্ভিদা"। উপরোক্ত পঞ্চধর্মে জ্ঞান, পঞ্চ অর্থে জ্ঞান, দশ নিরুক্তিতে জ্ঞান। এই বিশ প্রকার জ্ঞান প্রতিভান-প্রতিসম্ভিদার আরম্মণ ও গোচর হয়। যেসব তার আরম্মণ, সেসব তার গোচর। যেসব তার গোচর, সেসব তার আরম্মণ। তাই বলা হয়– "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-প্রতিসম্ভিদা"।

"এই দুঃখ আর্যসত্য পরিজ্ঞেয়' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, জ্ঞান উৎপন্ন হয়েছে, প্রজ্ঞা উৎপন্ন হয়েছে, বিদ্যা উৎপন্ন হয়েছে এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ আর্যসত্য পরিজ্ঞাত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে ও চক্ষু উৎপন্ন ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? ... পূর্ববৎ ... জ্যোত্যার্থে আলোক উৎপন্ন হয়েছে।

চক্ষু ধর্ম, জ্ঞান ধর্ম ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "ধর্মসমূহে জ্ঞানই হল ধর্ম-প্রতিসম্ভিদা"।

দর্শনের জন্য অর্থ, জ্ঞাতের জন্য অর্থ, ... পূর্ববৎ; ...। তা বলা হয়– "অর্থসমূহে জ্ঞানই হল অর্থ-প্রতিসম্ভিদা"।

Visit: http://www.buddhistdownload.com

উপরোক্ত পঞ্চধর্ম ব্যাখ্যা করতে ব্যঞ্জন-নিরুক্তি আলাপ, পঞ্চ অর্থ ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "নিরুক্তিসমূহে জ্ঞানই হল নিরুক্তি-প্রতিসম্ভিদা"।

উপরোক্ত পঞ্চধর্মে জ্ঞান, পঞ্চ অর্থে জ্ঞান, ... পূর্ববৎ ...। তাই বলা হয় – "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-প্রতিসম্ভিদা"।

দুঃখ আর্যসত্যে পনের প্রকার ধর্ম, পনের প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষাট প্রকার জ্ঞান।

[খ] "এটা দুঃখ সমুদয় আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ সমুদয় আর্যসত্য পরিহারতব্য' এরূপ অশ্রুতপূর্ব ...। 'এই দুঃখ সমুদয় আর্যসত্য প্রহীন হয়েছে' এরূপ অশ্রুতপূর্ব ... আলোক উৎপন্ন হয়েছে।"

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? ... পূর্ববৎ ... জ্যোত্যার্থে আলোক উৎপন্ন হয়েছে।

চক্ষু ধর্ম, জ্ঞান ধর্ম ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "ধর্মসমূহে জ্ঞানই হল ধর্ম-প্রতিসম্ভিদা"।

দর্শনের জন্য অর্থ, জ্ঞাতের জন্য অর্থ, ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "অর্থসমূহে জ্ঞানই হল অর্থ-প্রতিসম্ভিদা"।

উপরোক্ত পঞ্চধর্ম ব্যাখ্যা করতে ব্যঞ্জন-নিরুক্তি আলাপ, ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "নিরুক্তিসমূহে জ্ঞানই হল নিরুক্তি-প্রতিসম্ভিদা"।

উপরোক্ত পঞ্চ ধর্মে জ্ঞান, পঞ্চ অর্থে জ্ঞান ... পূর্ববৎ ...। তাই বলা হয় "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-প্রতিসম্ভিদা"।

দুঃখ সমুদয় আর্যসত্যে পনের প্রকার ধর্ম, পনের প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষাট প্রকার জ্ঞান।

[গ] "এটা দুঃখ নিরোধ আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধ আর্যসত্য সাক্ষাৎ করা উচিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু ... আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধ আর্যসত্য সাক্ষাৎকৃত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়েও চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে।"

Visit: http://www.buddhistdownload.com

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছিল? ... পূর্ববৎ ... জ্যোত্যার্থে আলোক উৎপন্ন হয়েছে।

চক্ষুধর্ম, জ্ঞানধর্ম, ... পূর্ববৎ ...। তাই বলা হয়– 'ধর্মসমূহে জ্ঞানই হল ধর্ম-প্রতিসম্ভিদা"।

দর্শনার্থ অর্থ, জ্ঞাতার্থ অর্থ, ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "অর্থসমূহে জ্ঞানই হল অর্থ-প্রতিসম্ভিদা"।

উপরোক্ত পঞ্চধর্ম ব্যাখ্যা করতে ব্যঞ্জন-নিরুক্তি আলাপ, ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "নিরুক্তিসমূহে জ্ঞানই হল নিরুক্তি-প্রতিসম্ভিদা"।

উপরোক্ত পঞ্চধর্মে জ্ঞান, পঞ্চ অর্থে জ্ঞান, ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-প্রতিসম্ভিদা"।

দুঃখ নিরোধ আর্যসত্যে পনের প্রকার ধর্ম, পনের প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষটি প্রকার জ্ঞান।

[ঘ] "এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য ভাবিতব্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন ... এবং আলোক উৎপন্ন হয়েছিল। 'এই দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়েও চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছে।"

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? ... পূর্ববৎ ... জ্যোত্যার্থে আলোক উৎপন্ন হয়েছে। চক্ষুধর্ম, জ্ঞানধর্ম, ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "ধর্মসমূহে জ্ঞানই হল ধর্ম-প্রতিসম্ভিদা"।

দর্শনের জন্য অর্থ, জ্ঞাতের জন্য অর্থ, পূর্ববৎ ...। তাই বলা হয়– "অর্থসমূহে জ্ঞানই হল অর্থ-প্রতিসম্ভিদা"।

উপরোক্ত পঞ্চধর্ম ব্যাখ্যা করতে ব্যঞ্জন-নিরুক্তি আলাপ, ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "নিরুক্তিসমূহে জ্ঞানই হল নিরুক্তি-প্রতিসম্ভিদা"।

উপরোক্ত পঞ্চধর্মে জ্ঞান, পঞ্চ অর্থে জ্ঞান, ... পূর্ববৎ ...। তাই বলা হয়েছে– "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-প্রতিসম্ভিদা"।

Visit: http://www.buddhistdownload.com

দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্যে পনের প্রকার ধর্ম, পনের প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষটি প্রকার জ্ঞান।

চারি আর্যসত্যে মোট ষাট প্রকার ধর্ম, ষাট প্রকার অর্থ, ১২০ প্রকার নিরুক্তি এবং ২৪০ প্রকার জ্ঞান।

২। স্মৃতিপ্রস্থান পরিচ্ছেদ

৩১। "হে ভিক্ষুগণ! 'এটা কায়ে কায়ানুদর্শন' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে। সেই 'কায়ে কায়ানুদর্শন ভাবিতব্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। সেই 'কায়ে কায়ানুদর্শন আমার ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা বেদনায় বেদনানুদর্শন' ... পূর্ববৎ [উপরোক্ত 'কায়ে কায়ানুদর্শন' এর স্থলে 'বেদনায় বেদনানুদর্শন' পড়তে হবে] এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা চিত্তে চিত্তানুদর্শন' ... পূর্ববৎ ...।

"ভিক্ষুগণ! 'এটা ধর্মে ধর্মানুদর্শন' ... পূর্ববৎ ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

[ক] "এটা কায়ে কায়ানুদর্শন' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে। সেই 'কায়ে কায়ানুদর্শন ভাবিতব্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু ... আলোক উৎপন্ন হয়েছে। সেই 'কায়ে কায়ানুদর্শন ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? .. পূর্ববৎ ...। জ্যোত্যার্থে আলোক উৎপন্ন হয়েছে।

চক্ষুধর্ম, জ্ঞানধর্ম, ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "ধর্মসমূহে জ্ঞানই হল ধর্ম-প্রতিসম্ভিদা"।

দর্শনার্থ অর্থ, জ্ঞাতার্থ অর্থ, ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "অর্থসমূহে জ্ঞানই অর্থ-প্রতিসম্ভিদা"।

Visit: http://www.buddhistdownload.com

উপরোক্ত পঞ্চধর্ম ব্যাখ্যা করতে ব্যঞ্জন-নিরুক্তি আলাপ, পঞ্চ অর্থ ব্যাখ্যা করতে ব্যঞ্জন-নিরুক্তি আলাপ। এই দশ নিরুক্তি ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "নিরুক্তিসমূহে জ্ঞানই হল নিরুক্তি-প্রতিসম্ভিদা"।

উপরোক্ত পঞ্চধর্মে জ্ঞান, পঞ্চ অর্থে জ্ঞান ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-প্রতিসম্ভিদা"।

কায়ে কায়ানুদর্শন স্মৃতিপ্রস্থানে পনের প্রকার ধর্ম, পনের প্রাকর অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষাট প্রকার জ্ঞান।

[খ] "এটা বেদনায় বেদনানুদর্শন' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... পূর্ববৎ ... [উপরোক্ত 'কায়ে কায়ানুদর্শন' এর স্থলে 'বেদনায় বেদনানুদর্শন' পড়তে হবে] তাই বলা হয়– 'প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রাতভান-প্রতিসম্ভিদা'। বেদনায় বেদনানুদর্শন স্মৃতিপ্রস্থানে পনের প্রকার ধর্ম, পনো প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষটি প্রকার জ্ঞান।

[গ] "এটা চিত্তে চিত্তানুদর্শন' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... পূর্ববৎ ...। তাই বলা হয় "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-প্রতিসম্ভিদা"।

চিত্তে চিত্তানুদর্শন স্মৃতিপ্রস্থানে পনের প্রকার ধর্ম, পনের প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষাট প্রকার জ্ঞান।

[ঘ] "এটা ধর্মে ধমানুদর্শন' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... পূর্ববৎ ...। তাই বলা হয়– "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-প্রতিসম্ভিদা"।

ধর্মে ধর্মানুদর্শন স্মৃতিপ্রস্থানে পনের প্রকার ধর্ম, পনের প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষাট প্রকার জ্ঞান।

চারি স্মৃতিপ্রস্থানে সর্বমোট ষটি প্রকার ধর্ম, ষটি প্রকার অর্থ, ১২০ প্রকার নিরুক্তি এবং ২৪০ প্রকার জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

৩। ঋদ্ধিপাদ পরিচ্ছেদ

৩২। "হে ভিক্ষুগণ! 'এটা ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু উৎপন্ন হয়েছে, ... পূর্ববৎ ... এবং আলোক উৎপন্ন হয়েছে। এই 'ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ ভাবিত করা উচিত' এরূপ অশ্রুতপূর্ব ... পূর্ববৎ ... এবং আলোক উৎপন্ন হয়েছে। এই 'ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ আমার ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা বীর্য সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' এরূপ ... পূর্ববৎ ... [উপরোক্ত 'ছন্দ-সমাধি' এর স্থলে 'বীর্য-সমাধি' পড়তে হবে] উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা চিত্ত-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' এরূপ ... পূর্ববৎ ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা মীমাংসা-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' এরূপ পূর্ববৎ ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

[ক] "এটা ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... পূর্ববৎ ...। এই 'ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ ভাবিত করা উচিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে...। এই 'ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে ... পূর্ববৎ ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? ... পূর্ববৎ ...। জ্যোত্যার্থে আলোক উৎপন্ন হয়েছে।

চক্ষু ধর্ম, জ্ঞান ধর্ম, প্রজ্ঞা ধর্ম, বিদ্যা ধর্ম, আলোক ধর্ম– এই পঞ্চ ধর্ম হল ধর্ম-প্রতিসম্ভিদার আরম্মণ ও গোচর। যেসব তার আরম্মণ, সেসব তার গোচর। যেসব তার গোচর, সেসব তার আরম্মণ। তাই বলা হয়– "ধর্মসমূহে জ্ঞানই হল ধর্ম-প্রতিসম্ভিদা"।

Visit: http://www.buddhistdownload.com

দর্শনের জন্য অর্থ, জ্ঞাতের জন্য অর্থ, প্রজনানের জন্য অর্থ, প্রতিবেধের জন্য অর্থ, জ্যোত্যের জন্য অর্থ– এই পঞ্চ অর্থ হল অর্থ-প্রতিসম্ভিদার আরম্মণ ও গোচর। যেসব তার আরম্মণ, সেসব তার গোচর। যেসব তার গোচর, সেসব তার আরম্মণ। তাই বলা হয়– "অর্থসমূহে জ্ঞানই হল অর্থ-প্রতিসম্ভিদা"।

উপরোক্ত পঞ্চ ধর্ম ব্যাখ্যা করতে ব্যঞ্জন-নিরুক্তি আলাপ, পঞ্চ অর্থ ব্যাখ্যা করতে ব্যঞ্জন-নিরুক্তি আলাপ। এই দশ নিরুক্তি হল নিরুক্তি-প্রতিসম্ভিদার আরম্মণ ও গোচর। যেসব তার আরম্মণ, সেসব তার গোচর। যেসব তার গোচর, সেসব তার আরম্মণ। তাই বলা হয়– "নিরুক্তিসমূহে জ্ঞানই হল নিরুক্তি-প্রতিসম্বিদা"

উপরোক্ত পঞ্চধর্মে জ্ঞান, পঞ্চ অর্থে জ্ঞান, দশ নিরুক্তিতে জ্ঞান– এই বিশ প্রকার জ্ঞান হল প্রতিভান-প্রতিসম্ভিদার আরম্মণ ও গোচর। যেসব তার আরম্মণ, সেসব তার গোচর। যেসব তার গোচর, সেসব তার আরম্মণ। তাই বলা হয়– "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-প্রতিসম্ভিদা"।

ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদে পনের প্রকার ধর্ম, পনের প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষাট প্রকার জ্ঞান।

[খ] "এটা বীর্য সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' এরূপ ... পূর্ববৎ ... [উপরোক্ত 'ছন্দ' সমাধি' এর স্থলে 'বীর্য-সমাধি' পড়তে হবে]। তাই বলা হয়– "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-প্রতিসম্ভিদা"।

বীর্য-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদে পনের প্রকার ধর্ম, পনের প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষাট প্রকার জ্ঞান।

[গ] "এটা চিত্ত-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' এরূপ ... পূর্ববৎ ... তাই বলা হয়– "প্রতিভানসমূহে জ্ঞানই প্রতিভান-প্রতিসম্ভিদা"।

চিত্ত-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদে পনের প্রকার ধর্ম, পনের প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষাট প্রকার জ্ঞান।

[ঘ] "এটা মীমাংসা-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' এরূপ ... পূর্ববৎ ... তাই বলা হয়– "প্রতিভানসমূহে জ্ঞানই হল প্রতিভান-

Visit: http://www.buddhistdownload.com

প্রতিসম্ভিদা"।

মীমাংসা-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদে পনের প্রকার ধর্ম, পনের প্রকার অর্থ, ত্রিশ প্রকার নিরুক্তি এবং ষাট প্রকার জ্ঞান।

চারি ঋদ্ধিপাদে সর্বমোট ষাট প্রকার ধর্ম, ষাট প্রকার অর্থ, ১২০ প্রকার নিরুক্তি এবং ২৪০ প্রকার জ্ঞান।

৪। সপ্ত বোধিসত্ত্ব পরিচ্ছেদ

৩৩। "হে ভিক্ষুগণ! 'সমুদয়, সমুদয়' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে বিপস্সি বোধিসত্ত্বের চক্ষু উৎপন্ন হয়েছিল ... এবং আলোক উৎপন্ন হয়েছিল। 'নিরোধ, নিরোধ' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে বিপস্সি বোধিসত্ত্বের চক্ষু উৎপন্ন হয়েছিল, ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। বিপস্সি বোধিসত্ত্বের ব্যাকরণে দশ প্রকার ধর্ম, দশ প্রকার অর্থ, বিশ প্রকার নিরুক্তি এবং চল্লিশ প্রকার জ্ঞান ছিল।

"ভিক্ষুগণ! 'সমুদয়, সমুদয়' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে শিখি বোধিসত্ত্বের ... পূর্ববৎ ... [উপরোক্ত 'বিপস্সি' এর স্থলে 'শিখি' পড়তে হবে] এবং আলোক উৎপন্ন হয়েছিল"। শিখি বোধিসত্ত্বের ব্যাকরণে দশ প্রকার ধর্ম, দশ প্রকার অর্থ, বিশ প্রকার নিরুক্তি এবং চল্লিশ প্রকার জ্ঞান ছিল।

"ভিক্ষুগণ! 'সমুদয়, সমুদয়' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে বেস্সভু বোধিসত্ত্বের ... পূর্ববৎ ... এবং চল্লিশ প্রকার জ্ঞান ছিল।

"ভিক্ষুগণ! 'সমুদয়, সমুদয়' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে ককুসন্ধ বোধিসত্ত্বের ... পূর্ববৎ ... এবং চল্লিশ প্রকার জ্ঞান ছিল।

"ভিক্ষুগণ! 'সমুদয়, সমুদয়' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে কোণাগমন বোধিসত্ত্বের ... পূর্ববৎ ... এবং চল্লিশ প্রকার জ্ঞান ছিল।

"ভিক্ষুগণ! 'সমুদয়, সমুদয়' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে কশ্যপ বোধিসত্ত্বের ... পূর্ববৎ ... এবং চল্লিশ প্রকার জ্ঞান ছিল।

Visit: http://www.buddhistdownload.com

"ভিক্ষুগণ! 'সমুদয়, সমুদয়' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে গৌতম বোধিসত্ত্বের ... পূর্ববৎ এবং চল্লিশ প্রকার জ্ঞান ছিল।

সাতজন বোধিসত্ত্বের সপ্ত ব্যাকরণে ৭০ প্রকার ধর্ম, ৭০ প্রকার অর্থ, ১৪০ প্রকার নিরুক্তি এবং ২৮০ প্রকার জ্ঞান ছিল।

৫। অভিজ্ঞাদি পরিচ্ছেদ

৩৪। "যা অভিজ্ঞার অভিজ্ঞার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত। প্রজ্ঞার অস্পর্শিত অভিজ্ঞার্থ নেই' – এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। অভিজ্ঞার অভিজ্ঞার্থে পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

"যা পরিজ্ঞার পরিজ্ঞার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত। প্রজ্ঞার অস্পর্শিত অভিজ্ঞার্থ নেই' – এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। পরিজ্ঞার পরিজ্ঞার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

"যা প্রহীনের প্রহানার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত। প্রজ্ঞার অস্পর্শিত অভিজ্ঞার্থ নেই' – এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। প্রহীনের প্রহানার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

"যা ভাবনার ভাবনার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত। প্রজ্ঞার অস্পর্শিত অভিজ্ঞার্থ নেই' – এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। ভাবনার ভাবনার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

"যা সাক্ষাৎকরণের সাক্ষাৎকরণার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত। প্রজ্ঞার অস্পর্শিত অভিজ্ঞার্থ নেই' – এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। সাক্ষাৎকরণের

Visit: http://www.buddhistdownload.com

সাক্ষাৎকরণার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

অভিজ্ঞার অভিজ্ঞার্থে, পরিজ্ঞার পরিজ্ঞার্থে, প্রহীনের প্রহানার্থে, ভাবনার ভাবনার্থে ও সাক্ষাৎকরণের সাক্ষাৎকরণার্থে ১২৫ প্রকার ধর্ম, ১২৫ প্রকার অর্থ, ২৫০ প্রকার নিরুক্তি এবং ৫০০ প্রকার জ্ঞান।

৬। স্কন্ধাদি পরিচ্ছেদ

৩৫ "যা স্কন্ধসমূহের স্কন্ধার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়ে থাকে; প্রজ্ঞার অস্পর্শিত স্কন্ধার্থ নেই'– এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। স্কন্ধসমূহের স্কন্ধার্থে পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

যা ধাতুসমূহের ধাত্বার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়ে থাকে; প্রজ্ঞার অস্পর্শিত স্কন্ধার্থ নেই'– এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। ধাতুসমূহের ধাত্বার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

যা আয়তনসমূহের আয়তনার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়ে থাকে; প্রজ্ঞার অস্পর্শিত স্কন্ধার্থ নেই'– এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। আয়তনসমূহের আয়তনার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

যা সঙ্খতসমূহের সঙ্খতার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়ে থাকে; প্রজ্ঞার অস্পর্শিত স্কন্ধার্থ নেই'– এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। সঙ্খতসমূহের সঙ্খতার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং

Visit: http://www.buddhistdownload.com

একশত প্রকার জ্ঞান।

যা অসঙ্খতসমূহের অসঙ্খতার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়ে থাকে; প্রজ্ঞার অস্পর্শিত স্কন্ধার্থ নেই'– এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। অসঙ্খতসমূহের অসঙ্খতার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

স্কন্ধসমূহের স্কন্ধার্থে, ধাতুসমূহের ধাত্বার্থে, আয়তনসমূহের আয়তনার্থে, সঙ্খতসমূহের সঙ্খতার্থে ও অসঙ্খতসমূহের অসঙ্খতার্থে, ১২৫ প্রকার ধর্ম, ১২৫ প্রকার অর্থ, ২৫০ প্রকার নিরুক্তি এবং ৫০০ প্রকার জ্ঞান।

৭। সত্য পরিচ্ছেদ

৩৬। "যা দুঃখের দুঃখার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়ে থাকে; প্রজ্ঞার অস্পর্শিত দুঃখার্থ নেই' – এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। দুঃখের দুঃখার্থে পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

যা সমুদয়ের সমুদয়ার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়ে থাকে; প্রজ্ঞার অস্পর্শিত দুঃখার্থ নেই' – এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। সমুদয়ের সমুদয়ার্থ পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

যা নিরোধের নিরোধার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়ে থাকে; প্রজ্ঞার অস্পর্শিত দুঃখার্থ নেই' – এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। নিরোধের নিরোধার্থ পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

যা মার্গের মার্গার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়ে থাকে; প্রজ্ঞার অস্পর্শিত দুঃখার্থ নেই' – এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছে"। মার্গের মার্গার্থ পঁচিশ

Visit: http://www.buddhistdownload.com

প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

চারি আর্যসত্যে একশত প্রকার ধর্ম, একশত প্রকার অর্থ, দুইশত প্রকার নিরুক্তি এবং চারশত প্রকার জ্ঞান।

৮। প্রতিসম্ভিদা পরিচ্ছেদ

৩৭। "যা অর্থ-প্রতিসম্ভিদার অর্থ-প্রতিসম্ভিদার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত। প্রজ্ঞার অস্পর্শিত অর্থপ্রতিসম্ভিদার্থ নেই'– এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। অর্থ-প্রতিসম্ভিদার অর্থ-প্রতিসম্ভিদার্থে পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

'যা ধর্ম-প্রতিসম্ভিদার ধর্ম-প্রতিসম্ভিদার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত। প্রজ্ঞার অস্পর্শিত অর্থপ্রতিসম্ভিদার্থ নেই'– এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। ধর্ম-প্রতিসম্ভিদার ধর্ম-প্রতিসম্ভিদার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

'যা নিরুক্তি-প্রতিসম্ভিদার নিরুক্তি-প্রতিসম্ভিদার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত। প্রজ্ঞার অস্পর্শিত অর্থ-প্রতিসম্ভিদার্থ নেই'– এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। নিরুক্তি-প্রতিসম্ভিদার নিরুক্তি-প্রতিসম্ভিদার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

'যা প্রতিভান-প্রতিসম্ভিদার প্রতিভান-প্রতিসম্ভিদার্থ, তা প্রজ্ঞার জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত। প্রজ্ঞার অস্পর্শিত অর্থপ্রতিসম্ভিদার্থ নেই'– এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। প্রতিভান-প্রতিসম্ভিদার প্রতিভান-প্রতিসম্ভিদার্থ পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

চারি প্রতিসম্ভিদার একশত প্রকার ধর্ম, একশত অর্থ, দুইশত প্রকার নিরুক্তি এবং চারশত প্রকার জ্ঞান।

Visit: http://www.buddhistdownload.com

৯। ছয় বুদ্ধ-ধর্ম পরিচ্ছেদ

৩৮। "যা ইন্দ্রিয় পরোপরিয়ত্তি বা পরচিত্ত বিজানন জ্ঞান, প্রজ্ঞার তা জ্ঞাত, দৃষ্ট, বিদিত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়ে থাকে; প্রজ্ঞার অস্পর্শিত পরচিত্ত বিজানন জ্ঞান নেই'– এরূপ বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। পরচিত্ত বিজানন জ্ঞানে পঁচিশ প্রকার ধর্ম, পঁচিশ প্রকার অর্থ, পঞ্চাশ প্রকার নিরুক্তি এবং একশত প্রকার জ্ঞান।

'যা সত্ত্বগণের আশয়ানুশয়ে জ্ঞান, তা প্রজ্ঞার জ্ঞাত ... পূর্ববৎ ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। সত্ত্বগণের আশয়ানুশয় জ্ঞানে ... এবং একশত প্রকার জ্ঞান।

'যা যমক প্রাতিহার্যে জ্ঞান, তা প্রজ্ঞার জ্ঞাত, ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। যমক প্রাতিহার্য জ্ঞানে ... এবং একশত প্রকার জ্ঞান।

'যা মহাকরুণা সমাপত্তিতে জ্ঞান, তা প্রজ্ঞার জ্ঞাত, ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। মহাকরুণা সমাপত্তি জ্ঞানে ... এবং একশত প্রকার জ্ঞান।

'যা সর্বজ্ঞতা জ্ঞান, তা প্রজ্ঞার জ্ঞাত ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। সর্বজ্ঞতা জ্ঞানে ... এবং একশত প্রকার জ্ঞান।

'যা অনাবরণ জ্ঞান, তা প্রজ্ঞার জ্ঞাত ... এবং আলোক উৎপন্ন হয়েছিল"। অনাবরণ জ্ঞানে ... এবং একশত প্রকার জ্ঞান।

ছয় বুদ্ধ-ধর্মে ১৫০ প্রকার ধর্ম, ১৫০ প্রকার অর্থ, ৩০০ প্রকার নিরুক্তি এবং ৬০০ প্রকার জ্ঞান।

প্রতিসম্ভিদাধিকরণে[১] ৮৫০ প্রকার ধর্ম, ৮৫০ প্রকার অর্থ, ১৭০০ প্রকার নিরুক্তি এবং ৩৪০০ প্রকার জ্ঞান।

প্রতিসম্ভিদা কথা সমাপ্ত।

---

[১]। শ্যাম বা থাইলান্ড গ্রন্থে প্রতিসম্ভিদা প্রকরণ।

Visit: http://www.buddhistdownload.com

৭। ধর্মচক্র কথা

১। সত্য পরিচ্ছেদ

৩৯। এক সময় ভগবান বারাণসীর ঋষিপতন মৃগদায়ে অবস্থান করছিলেন। তথায় তিনি পঞ্চবর্গীয় ভিক্ষুগণকে আহ্বান করে বললেন–

"হে ভিক্ষুগণ! এই দুইটি অন্ত প্রব্রজিতগণের অভ্যাস বা সেবন করা অনুচিত। সেই দুইটি কি কি? প্রথমত হীন, গ্রাম্য এবং সাধারণজন সেবিত অনার্য ও অনর্থকর কাম্যবস্তুতে অনুরক্ত হওয়া। দ্বিতীয়ত অনার্য ও অনর্থকর আত্মক্লেশজনিত দুঃখ বরণ। এ দুই অন্ত ত্যাগ করে তথাগত মধ্যম পথ অধিগত করেছেন, যা চক্ষু উৎপদানকারী, জ্ঞান উৎপাদনকারী এবং উপশম, অভিজ্ঞা, সম্বোধি ও নির্বাণের দিকে সংবর্তিত করে"।

"ভিক্ষুগণ! তথাগত কর্তৃক অধিগত সেই মধ্যম পথ কি, যা চক্ষু উৎপাদনকারী, জ্ঞান উৎপাদনকারী এবং উপশম, অভিজ্ঞা, সম্বোধি ও নির্বাণের দিকে সংবর্তিত করে? এটা আর্য অষ্টাঙ্গিক মার্গ, যথা– সম্যকদৃষ্টি, সম্যকসঙ্কল্প, সম্যকবাক্য, সম্যককর্ম, সম্যকজীবিকা, সম্যকপ্রচেষ্টা, সম্যকস্মৃতি ও সম্যকসমাধি। এটা-ই তথাগত কর্তৃক অধিগত মধ্যম পথ, যা চক্ষু উৎপাদনকারী, জ্ঞান উৎপাদনকারী এবং উপশম, অভিজ্ঞা, সম্বোধি ও নির্বাণের দিকে সংবর্তিত করে।"

"ভিক্ষুগণ! এটা দুঃখ আর্যসত্য। যথা– জন্ম দুঃখ, জরা দুঃখ, ব্যাধি দুঃখ, মরণ দুঃখ, অপ্রিয় সংযোগ দুঃখ, প্রিয় বিয়োগ দুঃখ, ঈপ্সিত বস্তুর অলাভজনিত দুঃখ ও সংক্ষেপে পঞ্চোপাদান স্কন্ধ দুঃখ। এটা দুঃখ সমুদয় আর্যসত্য, যথা– ভব হতে ভবান্তরে পুন পুন উৎপন্নকারী তৃষ্ণা, যা নন্দি-রাগসহগত সেই সেই ভবে অভিনন্দনকারী, যেমন– কামতৃষ্ণা, ভবতৃষ্ণা ও বিভবতৃষ্ণা। এটা দুঃখ নিরোধ আর্যসত্য, যথা– সেই তৃষ্ণার নিঃশেষে বিরাগ, নিরোধ, ত্যাগ, নিক্ষেপ, মুক্তি ও অনাসক্তভাব (অনালয়)। এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য, যথা– এটা আর্য অষ্টাঙ্গিক মার্গ, যেমন– সম্যকদৃষ্টি, সম্যকসঙ্কল্প, সম্যকবাক্য, সম্যককর্ম, সম্যকজীবিকা,

Visit: http://www.buddhistdownload.com

সম্যকপ্রচেষ্টা, সম্যকস্মৃতি ও সম্যকসমাধি।

"এটা দুঃখ আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু উৎপন্ন হয়েছে, জ্ঞান উৎপন্ন হয়েছে, প্রজ্ঞা উৎপন্ন হয়েছে, বিদ্যা উৎপন্ন হয়েছে এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ আর্যসত্য পরিজ্ঞেয়' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু উৎপন্ন হয়েছে, জ্ঞান উৎপন্ন হয়েছে, প্রজ্ঞা উৎপন্ন হয়েছে, বিদ্যা উৎপন্ন হয়েছে এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ আর্যসত্য আমার পরিজ্ঞাত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়েও আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"এটা দুঃখ সমুদয় আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ সমুদয় আর্যসত্য পরিহাতব্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ সমুদয় আর্যসত্য আমার প্রহীন হয়েছে'– এরূপ অশ্রুতপূর্ব বিষয়েও আমার চক্ষু ... উৎপন্ন হয়েছে।"

'এটা দুঃখ নিরোধ আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধ আর্যসত্য সাক্ষাৎ করা উচিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধ আর্যসত্য আমার সাক্ষাৎকৃত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়েও আমার চক্ষু ... উৎপন্ন হয়েছিল"।

"এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার ... এবং আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য ভাবিতব্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে ... আলোক উৎপন্ন হয়েছে। 'এই দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য আমার ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়েও আমার চক্ষু ... আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! যাবৎ আমার এই চারি আর্যসত্যে ত্রিবিধ ধারায় দ্বাদশ প্রকারে জ্ঞানদর্শন যথাযথভাবে সুবিশুদ্ধ হয়নি, তাবৎ আমি সদেবলোক, সমারলোক, সব্রহ্মলোক, শ্রমণ-ব্রাহ্মণ, দেব-মনুষ্যগণের নিকট, 'অনুত্তর সম্যক সম্বোধি লাভ করেছি' বলে প্রকাশ করিনি। ভিক্ষুগণ! যখন আমার এই চারি আর্য-সত্যে ত্রিবিধ ধারায় দ্বাদশ প্রকারে জ্ঞানদর্শন যথাযথভাবে

Visit: http://www.buddhistdownload.com

সুবিশুদ্ধ হয়েছে, তখন আমি সদেবলোক, ... দেব-মনুষ্যগণের নিকট 'অনুত্তর সম্যক সম্বোধি লাভ করেছি' বলে প্রকাশ করেছি, আমার জ্ঞান-দর্শন উৎপন্ন হয়েছে– 'আমার বিমুক্তি অকম্পিত, এটাই আমার অন্তিম জন্ম, আমার আর পুনর্জন্ম হবে না"।

ভগবান এরূপ বললে পঞ্চবর্গীয় ভিক্ষুগণ আনন্দিত হয়ে ভগবানের ভাষিত বিষয় অনুমোদন করলেন।

এই ধর্মচক্র প্রবর্তন দেশনা শেষ হলে আয়ুষ্মান কৌণ্ডণ্যের বিরজ, বিমল ধর্মচক্ষু উৎপন্ন হল– "যা কিছু সমুদয়ধর্মী তা সবই নিরোধধর্মী"।

ভগবান কর্তৃক ধর্মচক্র প্রবর্তিত হলে ভূমিবাসী দেবগণ এই সাধুবাদ ধ্বনি ঘোষণা করেছিলেন– "ভগবান কর্তৃক বারাণসীর ঋষিপতন মৃগদায়ে এই অনুত্তর ধর্মচক্র প্রবর্তিত হয়েছে, যা জগতে কোন শ্রমণ-ব্রাহ্মণ, দেবতা, মার ও ব্রহ্মা দ্বারা অপ্রবর্তনীয়।" ভূমিবাসী দেবগণের শব্দ শুনে চতুর্মহারাজিক দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করেন– "ভগবান কর্তৃক বারাণসীর ... অপ্রবর্তনীয়।" চতুর্মহারাজিক দেবতাগণের শব্দ শুনে তাবতিংস দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক ... অপ্রবর্তনীয়।" তাবতিংস দেবতাগণের শব্দ শুনে যামবাসী দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক ... অপ্রবর্তনীয়।" যাম দেবতাগণের শব্দ শুনে তুষিতবাসী দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক ... অপ্রবর্তনীয়।" তুষিত দেবতাগণের শব্দ শুনে নির্মাণরতী দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক ... অপ্রবর্তনীয়।" নির্মাণরতী দেবতাগণের শব্দ শুনে পরনির্মিত বশবর্তী দেবতাগণ সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক ... অপ্রবর্তনীয়"। পরনির্মিত বশবর্তী দেবতাগণের শব্দ শুনে সব ব্রহ্মকায়িক দেবতাগণ[১] ও সাধুবাদ ধ্বনি ঘোষণা করলেন– "ভগবান কর্তৃক বারাণসীর ঋষিপতন মৃগদায়ে ... অপ্রবর্তনীয়"।

এরূপে সেই ধর্মচক্র প্রবর্তনক্ষণে, সেই সময়ে, সেই মুহূর্তে ব্রহ্মলোক পর্যন্ত শব্দ ধ্বনি ঘোষিত হয়েছিল। তখন এই দশ সহস্র লোকধাতু

---

[১]। এখানে ১৬ প্রকার রূপ ব্রহ্মলোকবাসী সত্ত্বগণকে বুঝানো হচ্ছে।

Visit: http://www.buddhistdownload.com

কম্পিত, প্রকম্পিত ও আলোড়িত হয়েছিল। দেবতাদের দেবপ্রভা অতিক্রম করে অপ্রমাণ ও অত্যুত্তম আলো জগতে প্রাদুর্ভূত হয়েছিল।

অতঃপর ভগবান এই গভীর ভাবপ্রবণবাক্য প্রকাশ করলেন– "সত্যিই কৌণ্ডণ্য মার্গফলে প্রতিষ্ঠিত হয়েছে, মার্গফলে প্রতিষ্ঠিত হয়েছে।" এরূপে আয়ুষ্মান কৌণ্ডণ্যের নাম 'অরহত কৌণ্ডণ্য' হয়েছিল।

[ক] "এটা দুঃখ আর্যসত্য" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, জ্ঞান উৎপন্ন হয়েছে, প্রজ্ঞা উৎপন্ন হয়েছে, বিদ্যা উৎপন্ন হয়েছে এবং আলোক উৎপন্ন হয়েছে।

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? কোন্ অর্থে জ্ঞান উৎপন্ন হয়েছে? কোন্ অর্থে প্রজ্ঞা উৎপন্ন হয়েছে? কোন্ অর্থে বিদ্যা উৎপন্ন হয়েছে? কোন্ অর্থে আলোক উৎপন্ন হয়েছে? দর্শনার্থে চক্ষু উৎপন্ন হয়েছে। জ্ঞাতার্থে জ্ঞান উৎপন্ন হয়েছে। প্রজাননার্থে প্রজ্ঞা উৎপন্ন হয়েছে। প্রতিবেধার্থে বিদ্যা উৎপন্ন হয়েছে। জ্যোত্যার্থে আলোক উৎপন্ন হয়েছে।

চক্ষু ধর্ম, দর্শনের জন্য অর্থ। জ্ঞান ধর্ম, জ্ঞাতের জন্য অর্থ। প্রজ্ঞা ধর্ম, প্রজাননের জন্য অর্থ। বিদ্যা ধর্ম, প্রতিবেধের জন্য অর্থ। আলোক ধর্ম, জ্যোত্যের জন্য অর্থ। এই পঞ্চধর্ম ও পঞ্চ অর্থ দুঃখ বিষয়ক, সত্য বিষয়ক, সত্যারম্মণ, সত্যগোচর, সত্যে সংগ্রহীত; সত্যে অন্তর্গত, সত্যে অন্তর্ভুক্ত, সত্যে স্থিত এবং সত্যে প্রতিষ্ঠিত হয়।

৪০। 'ধর্মচক্র, ধর্মচক্র' বলা হয়; কোন্ অর্থে ধর্মচক্র? ধর্ম এবং চক্র প্রবর্তন করে– এঅর্থে ধর্মচক্র। চক্র এবং ধর্ম প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্ম দ্বারা প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মচর্যা দ্বারা প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মে স্থিত হয়ে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মে প্রতিষ্ঠিত হয়ে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মে প্রতিষ্ঠিতকালে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মে বশীপ্রাপ্ত হয়ে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মে বশীপ্রাপ্তকালে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মে পূর্ণতা প্রাপ্ত হয়ে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মে পূর্ণতাপ্রাপ্তকালে প্রবর্তন করে– এঅর্থে ধর্মচক্র। ধর্মে বৈশারদ্য প্রাপ্ত হয়ে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মে বৈশারদ্য প্রাপ্তকালে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মকে

Visit: http://www.buddhistdownload.com

সৎকারকালে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মকে গৌরবকালে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মকে মান্যকালে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মকে পূজাকালে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মকে শ্রদ্ধা বা সম্মানকালে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মধ্বজা হয়ে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মকেতু হয়ে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মাধিপতি হয়ে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। জগতে কোন শ্রমণ-ব্রাহ্মণ, দেবতা, মার বা ব্রহ্মা কারোর দ্বারা এই ধর্মচক্র অপ্রবর্তনীয়– এ অর্থে ধর্মচক্র।

শ্রদ্ধেন্দ্রিয় ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। বীর্যেন্দ্রিয় ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। স্মৃতীন্দ্রিয় ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সমাধীন্দ্রিয় ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। প্রজ্ঞেন্দ্রিয় ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। শ্রদ্ধাবল ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। বীর্যবল ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। স্মৃতিবল ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সমাধিবল ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। প্রজ্ঞাবল ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। স্মৃতি সম্বোধ্যঙ্গ ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। বীর্য সম্বোধ্যঙ্গ ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। প্রীতি সম্বোধ্যঙ্গ ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সমাধি সম্বোধ্যঙ্গ ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। উপেক্ষা সম্বোধ্যঙ্গ ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সম্যকদৃষ্টি ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সম্যকসংকল্প ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সম্যকবাক্য ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সম্যককর্ম ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সম্যকজীবিকা ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সম্যকপ্রচেষ্টা ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন

Visit: http://www.buddhistdownload.com

করে– এ অর্থে ধর্মচক্র। সম্যকস্মৃতি ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সম্যকসমাধি ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র।

আধিপত্যার্থে ইন্দ্রিয় ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। অকম্পিতার্থে বল ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। মুক্তি অর্থে বোধ্যঙ্গ ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। হেত্বার্থে মার্গ ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। উপস্থানার্থে স্মৃতিপ্রস্থান ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। প্রধানার্থে সম্যকপ্রধান ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সমৃদ্ধার্থে ঋদ্ধিপাদ ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। তথার্থে সত্যধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। অবিক্ষেপার্থে শমথ ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। অনুদর্শনার্থে বিদর্শন ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। একরসার্থে শমথ-বিদর্শন ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। অনতিক্রমার্থে যুগনদ্ধধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সংবরার্থে শীল-বিশুদ্ধি ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধি ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। মুক্তি অর্থে বিমোক্ষ ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। প্রতিবেধার্থে বিদ্যা ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। পরিত্যাগার্থে বিমুক্তি ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সমুচ্ছেদার্থ ক্ষয়জ্ঞান ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। প্রতিপ্রশ্রদ্ধি অর্থে অনুৎপত্তি জ্ঞান (বা অরহত্ত্ব ফলজ্ঞান) ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। মূলার্থে ছন্দ ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সমুত্থানার্থে মনোনিবেশ ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সমোধান বা সংযোগার্থে স্পর্শ ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সমোসরণার্থে বেদনা ধর্ম: সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। প্রমুখ বা শ্রেষ্ঠার্থে সমাধি ধর্ম: সেই

Visit: http://www.buddhistdownload.com

ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। আধিপত্যার্থে স্মৃতি ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সর্বোত্তমার্থে প্রজ্ঞা ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। সারার্থে বিমুক্তি ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম। সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র।

"এই দুঃখ আর্যসত্য পরিজ্ঞেয়" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে। "এই দুঃখ আর্যসত্য পরিজ্ঞাত" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে।

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছিল? ... পূর্ববৎ ... জ্যোত্যার্থে আলোক উৎপন্ন হয়েছে।

চক্ষু ধর্ম, দর্শনার্থ অর্থ। ... পূর্ববৎ ... এবং সত্যে প্রতিষ্ঠিত হয়।

'ধর্মচক্র, ধর্মচক্র' বলা হয়, কোন্ অর্থে ধর্মচক্র? ধর্ম এবং চক্র প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ... পূর্ববৎ ... পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এই অর্থে ধর্মচক্র।

[খ] "এটা দুঃখ সমুদয় আর্যসত্য" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে। "এই সমুদয় আর্যসত্য পরিহারতব্য" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। "এই দুঃখ সমুদয় আর্যসত্য প্রহীন হয়েছে" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে।

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? ... পূর্ববৎ ... পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম। সেই ধর্মকে প্রবর্তন করে– এই অর্থে ধর্মচক্র। ['দুঃখবিষয়ক' এর স্থলে 'সমুদয়বিষয়ক' পড়তে হবে]

[গ] "এটা দুঃখ নিরোধ আর্যসত্য" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে... এবং আলোক উৎপন্ন হয়েছে। "এই দুঃখ নিরোধ আর্যসত্য সাক্ষাৎ করা উচিত" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। "এই দুঃখ নিরোধ আর্যসত্য সাক্ষাৎকৃত" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন ... এবং আলোক উৎপন্ন হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

['দুঃখবিষয়ক' এর স্থলে 'নিরোধবিষয়ক' পড়তে হবে]

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? ... পূর্ববৎ ... পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এই অর্থে ধর্মচক্র।

[ঘ] "এটা দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছে। "এই দুঃখ নিরোধগামিনী প্রতিপদা আর্যসত্য ভাবিতব্য" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে। "এই দুঃখ নিরোধগামিনী প্রতিপদা ভাবিত" এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে।

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? ... পূর্ববৎ ... পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম; সেই ধর্মকে প্রবর্তন করে– এই অর্থে ধর্মচক্র। ['দুঃখবিষয়ক' এর স্থলে 'মার্গবিষয়ক' পড়তে হবে]

২। স্মৃতিপ্রস্থান পরিচ্ছেদ

৪১। "হে ভিক্ষুগণ! 'এটা কায়ে কায়ানুদর্শন' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে। সেই 'কায়ে কায়ানুদর্শন ভাবিতব্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে। সেই 'কায়ে কায়ানুদর্শন আমার ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা বেদনায় বেদনানুদর্শন' ... পূর্ববৎ ... [উপরোক্ত 'কায়ে কায়ানুদর্শন' এর স্থলে 'বেদনায় বেদনানুদর্শন' পড়তে হবে] এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা চিত্তে চিত্তানুদর্শন' ... পূর্ববৎ ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা ধর্মে ধর্মানুদর্শন' ... পূর্ববৎ ... এবং আলোক উৎপন্ন হয়েছে"।

'এটা কায়ে কায়ানুদর্শন' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে

Visit: http://www.buddhistdownload.com

... এবং আলোক উৎপন্ন হয়েছে। সেই 'কায়ে কায়ানুদর্শন ভাবিতব্য' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে। সেই 'কায়ে কায়ানুদর্শন ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছে।

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? ... পূর্ববৎ ... জ্যোত্যার্থে আলোক উৎপন্ন হয়েছে।

চক্ষু ধর্ম, দর্শনার্থ অর্থ। জ্ঞান ধর্ম, জ্ঞাতার্থ অর্থ। প্রজ্ঞা ধর্ম, প্রজাননার্থ অর্থ। বিদ্যাধর্ম, প্রতিবেধার্থ অর্থ। আলোক ধর্ম, জ্যোত্যার্থ অর্থ। এই পঞ্চধর্ম ও পঞ্চ অর্থ কায়বিষয়ক, স্মৃতিপ্রস্থান বিষয়ক, স্মৃতিপ্রস্থানারম্মণ, স্মৃতিপ্রস্থান গোচর স্মৃতিপ্রস্থানে সংগৃহীত, স্মৃতিপ্রস্থানে অন্তর্গত, স্মৃতিপ্রস্থানে অন্তর্ভুক্ত, স্মৃতিপ্রস্থানে স্থিত এবং স্মৃতিপ্রস্থানে প্রতিষ্ঠিত হয়।

'ধর্মচক্র, ধর্মচক্র' বলা হয়; কোন্ অর্থে ধর্মচক্র? ধর্ম এবং চক্র প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ... পূর্ববৎ ... পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম। সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র।

'এটা বেদনায় বেদনানুদর্শন' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... [উপরোক্ত 'কায়ে কায়ানুদর্শন' এর স্থলে 'বেদনায় বেদনানুদর্শন' এবং 'কায়বিষয়ক' এর স্থলে 'বেদনাবিষয়ক' পড়তে হবে] পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম। সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র।

'এটা চিত্তে চিত্তানুদর্শন' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... পূর্ববৎ ... [উপরোক্ত 'কায়ে কায়ানুদর্শন' এর স্থলে 'চিত্তে চিত্তানুদর্শন' এবং 'কায়বিষয়ক' এর স্থলে 'চিত্তবিষয়ক' পড়তে হবে] পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম। সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র।

'এটা ধর্মে ধর্মানুদর্শন' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছিল ... পূর্ববৎ ... [উপরোক্ত 'কায়ে কায়ানুদর্শন' এর স্থলে 'ধর্মে ধর্মানুদর্শন' এবং 'কায়বিষক' এর স্থলে 'ধর্মবিষয়ক' পড়তে হবে] পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম। সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র।

Visit: http://www.buddhistdownload.com

৩। ঋদ্ধিপাদ পরিচ্ছেদ

৪২। "হে ভিক্ষুগণ! 'এটা ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু উৎপন্ন হয়েছে, জ্ঞান উৎপন্ন হয়েছে, প্রজ্ঞা উৎপন্ন হয়েছে, বিদ্যা উৎপন্ন হয়েছে এবং আলোক উৎপন্ন হয়েছে এই 'ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ আমার ভাবিত করা উচিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু উৎপন্ন হয়েছে, জ্ঞান উৎপন্ন হয়েছে, প্রজ্ঞা উৎপন্ন হয়েছে, বিদ্যা উৎপন্ন হয়েছে এবং আলোক উৎপন্ন হয়েছে। এই 'ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ আমার ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে আমার চক্ষু উৎপন্ন হয়েছে, জ্ঞান উৎপন্ন হয়েছে, প্রজ্ঞা উৎপন্ন হয়েছে, বিদ্যা উৎপন্ন হয়েছে এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা বীর্য-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' ... পূর্ববৎ ... [উপরোক্ত 'ছন্দ' এর স্থলে 'বীর্য' পড়তে হবে] এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা চিত্ত-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' ... পূর্ববৎ ... [উপরোক্ত 'ছন্দ' এর স্থলে 'চিত্ত' পড়তে হবে] এবং আলোক উৎপন্ন হয়েছে"।

"ভিক্ষুগণ! 'এটা মীমাংসা-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' ... পূর্ববৎ ... [উপরোক্ত 'ছন্দ' এর স্থলে 'মীমাংসা' পড়তে হবে] এবং আলোক উৎপন্ন হয়েছে"।

'এটা ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে ... এবং আলোক উৎপন্ন হয়েছে। এই 'ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ ভাবিত করা উচিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু উৎপন্ন হয়েছে, ... এবং আলোক উৎপন্ন হয়েছিল। এই 'ছন্দ-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ ভাবিত' এরূপ অশ্রুতপূর্ব বিষয়ে চক্ষু ... এবং আলোক উৎপন্ন হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

কোন্ অর্থে চক্ষু উৎপন্ন হয়েছে? পূর্ববৎ ...। জ্যোত্যার্থে আলোক উৎপন্ন হয়েছে।

চক্ষু ধর্ম, দর্শনার্থ অর্থ। জ্ঞানধর্ম, জ্ঞাতার্থ অর্থ। প্রজ্ঞাধর্ম, প্রজাননার্থ অর্থ। বিদ্যাধর্ম, প্রতিবেধার্থ অর্থ। আলোক ধর্ম, জ্যোত্যার্থ অর্থ। এই পঞ্চ ধর্ম ও পঞ্চ অর্থ ছন্দবিষয়ক, ঋদ্ধিপাদ বিষয়ক, ঋদ্ধিপাদারম্মণ, ঋদ্ধিপাদ গোচর ঋদ্ধিপাদে সংগৃহীত, ঋদ্ধিপাদে অন্তর্গত, ঋদ্ধিপাদে অন্তর্ভুক্ত, ঋদ্ধিপাদে স্থিত এবং ঋদ্ধিপাদে প্রতিষ্ঠিত হয়।

'ধর্মচক্র, ধর্মচক্র' বলা হয়, কোন্ অর্থে ধর্মচক্র? ধর্ম এবং চক্র প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র। ... পূর্ববৎ ... পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম। সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র।

'এটা বীর্য-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' ... পূর্ববৎ ... [উপরোক্ত 'ছন্দ' এর স্থলে 'বীর্য' 'ছন্দবিষয়ক' এর স্থলে 'বীর্যবিষয়ক' পড়তে হবে] পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম। সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র।

'এটা চিত্ত-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' ... পূর্ববৎ ... [উপরোক্ত 'ছন্দ' এর স্থলে 'চিত্ত' 'ছন্দবিষয়ক' এর স্থলে 'চিত্তবিষয়ক' পড়তে হবে] পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম। সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র।

'এটা মীমাংসা-সমাধি-প্রধান-সংস্কার-সমৃদ্ধ ঋদ্ধিপাদ' ... পূর্ববৎ ... [উপরোক্ত 'ছন্দ' এর স্থলে 'মীমাংসা' 'ছন্দবিষয়ক' এর স্থলে 'মীমাংসাবিষয়ক' পড়তে হবে] পর্যাবসানার্থে অমৃতময় নির্বাণ ধর্ম। সেই ধর্মকে প্রবর্তন করে– এ অর্থে ধর্মচক্র।

ধর্মচক্র কথা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

৮। লোকোত্তর কথা

৪৩। কোন্‌গুলো লোকোত্তর ধর্ম? চারি স্মৃতিপ্রস্থান, চারি সম্যক প্রধান, চারি ঋদ্ধিপাদ, পঞ্চেন্দ্রিয়, পঞ্চবল, সপ্ত বোধ্যঙ্গ, আর্য অষ্টাঙ্গিক মার্গ, চারি আর্যমার্গ, চারি শ্রামণ্যফল এবং নির্বাণ– এগুলো-ই লোকোত্তর ধর্ম।

'লোকোত্তর, লোকোত্তর' বলা হয়, কোন্ অর্থে লোকোত্তর? লোক বা জগত পার হয়– এ অর্থে লোকোত্তর। লোক হতে উত্তরণ করে – এ অর্থে লোকোত্তর। লোক হতে বের হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে উত্তীর্ণ হয় – এ অর্থে লোকোত্তর। লোককে অতিক্রম করে – এ অর্থে লোকোত্তর। লোককে সমতিক্রম বা উপেক্ষা করে – এ অর্থে লোকোত্তর। লোককে অতিক্রান্ত করে – এ অর্থে লোকোত্তর। লোকের বাইরে থাকে – এ অর্থে লোকোত্তর। লোকান্ত পার হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে নিঃসরণ হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে মুক্ত হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে নির্গত হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে বন্ধনমুক্ত হয় – এ অর্থে লোকোত্তর। লোক দ্বারা অনাবদ্ধ হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে আগত হয় – এ অর্থে লোকোত্তর। লোকে অবস্থান করে না – এ অর্থে লোকোত্তর। লোকে স্থিত বা বিদ্যমান থাকে না – এ অর্থে লোকোত্তর। লোকে লিপ্ত হয় না – এ অর্থে লোকোত্তর। লোক দ্বারা লিপ্ত হয় না – এ অর্থে লোকোত্তর। লোকে অসংশ্লিষ্ট থাকে – এ অর্থে লোকোত্তর। লোক দ্বারা সংশ্লিষ্ট হয় না – এ অর্থে লোকোত্তর। লোকে অনুপলিপ্ত থাকে – এ অর্থে লোকোত্তর। লোক দ্বারা উপলিপ্ত হয় না – এ অর্থে লোকোত্তর। লোকে বিপ্রমুক্ত হয় – এ অর্থে লোকোত্তর। লোক দ্বারা বিপ্রমুক্ত হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে বিপ্রমুক্ত হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে মুক্তি প্রাপ্ত হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে উদ্ধার প্রাপ্ত হয় – এ অর্থে লোকোত্তর। লোকে বিসংযুক্ত থাকে – এ অর্থে লোকোত্তর। লোক দ্বারা বিসংযুক্ত হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে বিমুক্ত হয় – এ অর্থে লোকোত্তর। লোকে বিমুক্ত হয় – এ অর্থে

Visit: http://www.buddhistdownload.com

লোকোত্তর। লোক হতে পৃথক হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে পৃথক থাকে – এ অর্থে লোকোত্তর। লোক হতে শুদ্ধ হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে শুদ্ধ করে – এ অর্থে লোকোত্তর। লোক হতে শুদ্ধ থাকে – এ অর্থে লোকোত্তর। লোক হতে বিশুদ্ধ হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে বিশুদ্ধ করে – এ অর্থে লোকোত্তর। লোক হতে বিশুদ্ধ থাকে – এ অর্থে লোকোত্তর। লোক হতে উত্থিত হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে উত্থিত করে – এ অর্থে লোকোত্তর। লোক হতে উত্থিত থাকে – এ অর্থে লোকোত্তর। লোক হতে বিবর্তিত হয় – এ অর্থে লোকোত্তর। লোক হতে বিবর্তিত করে – এ অর্থে লোকোত্তর। লোক হতে বিবর্তিত থাকে – এ অর্থে লোকোত্তর। লোকে দৃঢ়াবদ্ধ হয় না – এ অর্থে লোকোত্তর। লোকে ধৃত হয় না – এ অর্থে লোকোত্তর। লোকে বধ করে না – এ অর্থে লোকোত্তর। লোককে সমুচ্ছিন্ন করে – এ অর্থে লোকোত্তর। লোককে সমূলে উৎপাটিত করে – এ অর্থে লোকোত্তর। লোককে শান্ত করে – এ অর্থে লোকোত্তর। লোককে প্রশান্ত করে – এ অর্থে লোকোত্তর। লোকের অপথ হয় – এ অর্থে লোকোত্তর। লোকের অগতি হয় – এ অর্থে লোকোত্তর। লোকের অবিষয় হয় – এ অর্থে লোকোত্তর। লোকের অসাধারণ হয় – এ অর্থে লোকোত্তর। লোককে বমন বা নিক্ষেপ করে – এ অর্থে লোকোত্তর। লোককে পুনরায় বমন বা নিক্ষেপ করে না – এ অর্থে লোকোত্তর। লোককে ত্যাগ করে – এ অর্থে লোকোত্তর। লোককে আসক্তি করে না – এ অর্থে লোকোত্তর লোককে অনুকূল করে – এ অর্থে লোকোত্তর। লোককে আকর্ষণ করে না – এ অর্থে লোকোত্তর। লোককে নির্বাপিত করে – এ অর্থে লোকোত্তর। লোককে প্রজ্বলিত করে না – এ অর্থে লোকোত্তর। লোককে সম্যকরূপে অতিক্রম করত জয় করে অবস্থান করে– এ অর্থে লোকোত্তর।

লোকোত্তর কথা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

৯। বল কথা

৪৪। শ্রাবস্তী নিদান। "হে ভিক্ষুগণ! বল পাঁচ প্রকার। সেই পাঁচ প্রকার কি কি? শ্রদ্ধাবল, বীর্যবল, স্মৃতিবল, সমাধিবল ও প্রজ্ঞাবল– এগুলোই পাঁচ প্রকার বল।

"আরো ৬৮ প্রকার বল বিদ্যমান রয়েছে, যথা– শ্রদ্ধাবল, বীর্যবল, স্মৃতিবল, সমাধিবল, প্রজ্ঞাবল, হ্রী বা লজ্জাবল, ভয়বল, প্রতিসংখ্যানবল, ভাবনাবল, অনবদ্যবল, সংগ্রহবল, ক্ষান্তিবল, প্রজ্ঞাগুপ্তিবল, উপলব্ধিবল, ঐশ্বর্যবল, অধিষ্ঠানবল, শমথবল, বিদর্শনবল, দশবিধ শৈক্ষ্যবল, দশবিধ অশৈক্ষ্যবল, দশবিধ ক্ষীণাস্রববল, দশবিধ ঋদ্ধিবল এবং দশবিধ তথাগতবল"।

শ্রদ্ধাবল কি? অশ্রদ্ধায় কম্পিত হয় না– এটা শ্রদ্ধাবল। সহজাত ধর্মসমূহের দৃঢ়রূপে ধারণার্থে শ্রদ্ধাবল; ক্লেশসমূহের ধ্বংসার্থে শ্রদ্ধাবল; প্রতিবেধাদি বিশোধনার্থে শ্রদ্ধাবল; চিত্তের অধিষ্ঠানার্থে শ্রদ্ধাবল; চিত্তের পরিশুদ্ধার্থে শ্রদ্ধাবল; বিশেষাধিগমার্থে শ্রদ্ধাবল; সম্পূর্ণরূপে প্রতিবেধার্থে শ্রদ্ধাবল; সত্যাভিসময়ার্থে শ্রদ্ধাবল এবং নিরোধে প্রতিষ্ঠাপকার্থে শ্রদ্ধাবল। এটাই শ্রদ্ধাবল।

বীর্যবল কি? আলস্যে কম্পিত হয় না– এটা বীর্যবল। সহজাত ধর্মসমূহের দৃঢ়রূপে ধারণার্থে বীর্যবল; ক্লেশসমূহের ধ্বংসার্থে বীর্যবল; প্রতিবেধাদি বিশোধনার্থে বীর্যবল; চিত্তের অধিষ্ঠানার্থে বীর্যবল; চিত্তের পরিশুদ্ধার্থে বীর্যবল; বিশেষাধিগমার্থে বীর্যবল; সম্পূর্ণরূপে প্রতিবেধার্থে বীর্যবল; সত্যাভিসময়ার্থে বীর্যবল এবং নিরোধে প্রতিষ্ঠাপকার্থে বীর্যবল। এটা-ই বীর্যবল।

স্মৃতিবল কি? প্রমাদে কম্পিত হয় না– এটা স্মৃতিবল। সহজাত ধর্মসমূহের দৃঢ়রূপে ধারণার্থে স্মৃতিবল; ক্লেশসমূহের ধ্বংসার্থে স্মৃতিবল; প্রতিবেধাদি বিশোধনার্থে স্মৃতিবল; চিত্তের অধিষ্ঠানার্থে স্মৃতিবল; চিত্তের পরিশুদ্ধার্থে স্মৃতিবল; বিশেষাধিগমার্থে স্মৃতিবল; সম্পূর্ণরূপে প্রতিবেধার্থে স্মৃতিবল; সত্যাভিসময়ার্থে স্মৃতিবল এবং নিরোধে প্রতিষ্ঠাপকার্থে

Visit: http://www.buddhistdownload.com

স্মৃতিবল। এটা-ই স্মৃতিবল।

সমাধিবল কি? চঞ্চলতায় কম্পিত হয় না– এটা সমাধিবল। সহজাত ধর্মসমূহের দৃঢ়রূপে ধারণার্থে সমাধিবল; ক্লেশসমূহের ধ্বংসার্থে সমাধিবল; প্রতিবেধাদি বিশোধনার্থে সমাধিবল; চিত্তের অধিষ্ঠানার্থে সমাধিবল; চিত্তের পরিশুদ্ধার্থে সমাধিবল; বিশেষাধিগমার্থে সমাধিবল; সম্পূর্ণরূপে প্রতিবেধার্থে সমাধিবল; সত্যাভিসময়ার্থে সমাধিবল এবং নিরোধে প্রতিষ্ঠাপকার্থে সমাধিবল। এটা-ই সমাধিবল।

প্রজ্ঞাবল কি? অবিদ্যায় কম্পিত হয় না– এটা প্রজ্ঞাবল। সহজাত ধর্মসমূহের দৃঢ়রূপে ধারণার্থে প্রজ্ঞাবল; ক্লেশসমূহের ধ্বংসার্থে প্রজ্ঞাবল; প্রতিবেধাদি বিশোধনার্থে প্রজ্ঞাবল; চিত্তের অধিষ্ঠানার্থে প্রজ্ঞাবল; চিত্তের পরিশুদ্ধার্থে প্রজ্ঞাবল; বিশেষাধিগমার্থে প্রজ্ঞাবল; সম্পূর্ণরূপে প্রতিবেধার্থে প্রজ্ঞাবল; সত্যাভিসময়ার্থে প্রজ্ঞাবল এবং নিরোধে প্রতিষ্ঠাপকার্থে প্রজ্ঞাবল। এটা-ই প্রজ্ঞাবল।

হ্রীবল কি? নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দে লজ্জিত হয়– এটা হ্রীবল। অব্যাপাদ দ্বারা ব্যাপাদে লজ্জিত হয়– এটা হ্রীবল। আলোক সংজ্ঞা দ্বারা তন্দ্রালস্য লজ্জিত হয়– এটা হ্রীবল। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতায় লজ্জিত হয়– হ্রীবল। ধর্মবিশ্লেষণ দ্বারা বিচিকিৎসায় লজ্জিত হয়– এটা হ্রীবল। জ্ঞান দ্বারা অবিদ্যায় লজ্জিত হয়– এটা হ্রীবল। প্রমোদ্য দ্বারা অরতিতে লজ্জিত হয়– এটা হ্রীবল। প্রথমধ্যান দ্বারা নীবরণে লজ্জিত হয়– এটা হ্রীবল। দ্বিতীয়ধ্যান দ্বারা বিতর্ক-বিচারে লজ্জিত হয়– এটা হ্রীবল। তৃতীয়ধ্যান দ্বারা প্রীতিতে লজ্জিত হয়– এটা হ্রীবল। চতুর্থধ্যান দ্বারা সুখ-দুঃখে লজ্জিত হয়– এটা হ্রীবল। স্রোতাপত্তিমার্গ দ্বারা মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহে লজ্জিত হয়– এটা হ্রীবল। সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল ক্লেশসমূহে লজ্জিত হয়– এটা হ্রীবল। অনাগামীমার্গ দ্বারা সূক্ষ্ম ক্লেশসমূহে লজ্জিত হয়– এটা হ্রীবল। অরহত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশসমূহে লজ্জিত হয়– এটা হ্রীবল। এটা-ই হ্রীবল।

ভয়বল কি? নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দকে ভয় করে– এটা ভয়বল। অব্যাপাদ দ্বারা ব্যাপাদকে ভয় করে – এটা ভয়বল। আলোক সংজ্ঞা দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

তন্দ্রালস্যকে করে– এটা ভয়বল। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতাকে ভয় করে– এটা ভয়বল। ধর্মবিশ্লেষণ দ্বারা বিচিকিৎসাকে ভয় করে– এটা ভয়বল। জ্ঞান দ্বারা অবিদ্যাকে করে– এটা ভয়বল। প্রমোদ্য দ্বারা অরতিকে ভয় করে– এটা ভয়বল। প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহকে ভয় করে– এটা ভয়বল। দ্বিতীয়ধ্যান দ্বারা বিতর্ক-বিচারকে ভয় করে– এটা ভয়বল। তৃতীয়ধ্যান দ্বারা প্রীতিকে ভয় করে– এটা ভয়বল। চতুর্থধ্যান দ্বারা সুখ-দুঃখকে ভয় করে– এটা ভয়বল। স্রোতাপত্তিমার্গ দ্বারা মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে ভয় করে– এটা ভয়বল। সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল ক্লেশসমূহকে ভয় করে– এটা ভয়বল। অনাগামীমার্গ দ্বারা সূক্ষ্ম ক্লেশসমূহকে ভয় করে– এটা ভয়বল। অরহত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশসমূহকে ভয় করে– এটা ভয়বল। এটা-ই ভয়বল।

প্রতিসংখ্যানবল কি? নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। অব্যাপাদ দ্বারা ব্যাপাদকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। আলোক সংজ্ঞা দ্বারা তন্দ্রালস্যকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতাকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। ধর্মবিশ্লেষণ দ্বারা বিচিকিৎসাকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। জ্ঞান দ্বারা অবিদ্যাকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। প্রমোদ্য দ্বারা অরতিকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। দ্বিতীয়ধ্যান দ্বারা বিতর্ক-বিচারকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। তৃতীয়ধ্যান দ্বারা প্রীতিকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। চতুর্থধ্যান দ্বারা সুখ-দুঃখকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। স্রোতাপত্তিমার্গ দ্বারা মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল ক্লেশসমূহকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল।

Visit: http://www.buddhistdownload.com

অনাগামীমার্গ দ্বারা সূক্ষ্ম ক্লেশসমূহকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। অরহত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশসমূহকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুসন্ধান করে– এটা প্রতিসংখ্যানবল। এটা-ই প্রতিসংখ্যানবল।

ভাবনাবল কি? কামচ্ছন্দ ত্যাগকালে নৈষ্ক্রম্য ভাবনা করে– এটা ভাবনাবল। ব্যাপাদ ত্যাগকালে অব্যাপাদ ভাবনা করে– এটা ভাবনাবল। তন্দ্রালস্য ত্যাগকালে আলোক সংজ্ঞা ভাবনা করে– এটা ভাবনাবল। চঞ্চলতা ত্যাগকালে অবিক্ষেপ ভাবনা করে– এটা ভাবনাবল। বিচিকিৎসা ত্যাগকালে ধর্মবিশ্লেষণ ভাবনা করে– এটা ভাবনাবল। অবিদ্যা ত্যাগকালে জ্ঞান ভাবনা করে– এটা ভাবনাবল। অরতি ত্যাগকালে প্রমোদ্য ভাবনা করে– এটা ভাবনাবল। নীবরণসমূহ ত্যাগকালে প্রথমধ্যান ভাবনা করে– এটা ভাবনাবল। বিতর্ক-বিচার ত্যাগকালে দ্বিতীয়ধ্যান ভাবনা করে– এটা ভাবনাবল। প্রীতি ত্যাগকালে তৃতীয়ধ্যান ভাবনা করে– এটা ভাবনাবল। সুখ-দুঃখ ত্যাগকালে চতুর্থধ্যান ভাবনা করে– এটা ভাবনাবল। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে ত্যাগকালে স্রোতাপত্তিমার্গ ভাবনা করে– এটা ভাবনাবল। স্থূল ক্লেশসমূহ ত্যাগকালে সকৃদাগামীমার্গ ভাবনা করে– এটা ভাবনাবল। সূক্ষ্ম ক্লেশসমূহ ত্যাগকালে অনাগামীমার্গ ভাবনা করে– এটা ভাবনাবল। সর্ব ক্লেশ ত্যাগকালে অরহত্বমার্গ ভাবনা করে– এটা ভাবনাবল। এটা-ই ভাবনাবল।

অনবদ্যবল কি? কামচ্ছন্দের প্রহীন হেতু নৈষ্ক্রম্যে কোন কিছু বর্জনীয় নেই– এটা অনবদবল। ব্যাপাদের প্রহীন হেতু অব্যাপাদে কোন কিছু বর্জনীয় নেই– এটা অনবদবল। তন্দ্রালস্যের প্রহীন হেতু আলোকসংজ্ঞায় কোন কিছু বর্জনীয় নেই– এটা অনবদবল। চঞ্চলতার প্রহীন হেতু অবিক্ষেপে কোন কিছু বর্জনীয় নেই– এটা অনবদবল। বিচিকিৎসার প্রহীন হেতু ধর্মবিশ্লেষণে কোন কিছু বর্জনীয় নেই– এটা অনবদবল। অবিদ্যার প্রহীন হেতু জ্ঞানে কোন কিছু বর্জনীয় নেই– এটা অনবদবল। অরতির প্রহীন হেতু প্রমোদ্যে কোন কিছু বর্জনীয় নেই– এটা অনবদবল। নীবরণসমূহের প্রহীন হেতু প্রথমধ্যানে কোন কিছু বর্জনীয় নেই– এটা অনবদবল। পে ...। সর্বক্লেশের প্রহীন হেতু অরহত্বমার্গের কোন কিছু

Visit: http://www.buddhistdownload.com

বর্জনীয় নেই– এটা অনবদ্যবল। এটা-ই অনবদ্যবল।

সংগ্রহবল কি? কামচ্ছন্দ ত্যাগকালে নৈষ্ক্রম্যবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। ব্যাপাদ ত্যাগকালে অব্যাপাদবশে চিত্তকে স্থির করে– এটা সংগ্রহবল। তন্দ্রালস্য ত্যাগকালে আলোক সংজ্ঞাবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। চঞ্চলতা ত্যাগকালে অবিক্ষেপবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। বিচিকিৎসা ত্যাগকালে ধর্মবিশ্লেষণবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। অবিদ্যা ত্যাগকালে জ্ঞানবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। অরতি ত্যাগকালে প্রমোদ্যবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। নীবরণসমূহ ত্যাগকালে প্রথমধ্যানবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। বিতর্ক-বিচারসমূহ ত্যাগকালে দ্বিতীয়ধ্যানবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। প্রীতি ত্যাগকালে তৃতীয়ধ্যানবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। সুখ-দুঃখ ত্যাগকালে চতুর্থধ্যানবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে ত্যাগকালে স্রোতাপত্তি মার্গবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। স্থূল ক্লেশসমূহ ত্যাগকালে সকৃদাগামী মার্গবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। সূক্ষ্ম ক্লেশসমূহ ত্যাগকালে অনাগামী মার্গবশে চিত্তকে সংগৃহীত বা স্থির করে– এটা সংগ্রহবল। সর্বক্লেশ ত্যাগকালে অরহত্ব মার্গবশে চিত্তকে স্থির করে– এটা সংগ্রহবল। এটা-ই সংগ্রহবল।

ক্ষান্তিবল কি? কামচ্ছন্দের প্রহীন হেতু নৈষ্ক্রম্যকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। ব্যাপাদের প্রহীন হেতু অব্যাপাদকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। তন্দ্রালস্যের প্রহীন হেতু আলোকসংজ্ঞাকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। চঞ্চলতার প্রহীন হেতু অবিক্ষেপকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। বিচিকিৎসার প্রহীন হেতু ধর্মবিশ্লেষণকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। অবিদ্যার প্রহীন হেতু জ্ঞানকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। অরতির প্রহীন হেতু প্রমোদ্যকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। নীবরণসমূহ প্রহীন হেতু প্রথমধ্যানকে ক্ষমা বা সহ্য

Visit: http://www.buddhistdownload.com

করে– এটা ক্ষান্তিবল। বিতর্ক-বিচারসমূহ প্রহীন হেতু দ্বিতীয়ধ্যানকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। প্রীতি প্রহীন হেতু তৃতীয়ধ্যানকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। সুখ-দুঃখ প্রহীন হেতু চতুর্থধ্যানকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে প্রহীন হেতু স্রোতাপত্তিমার্গকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। স্থূল ক্লেশসমূহ প্রহীন হেতু সকৃদাগামীমার্গকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। সূক্ষ্ম ক্লেশসমূহ প্রহীন হেতু অনাগামীমার্গকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। সর্বক্লেশের প্রহীন হেতু অরহত্বমার্গকে ক্ষমা বা সহ্য করে– এটা ক্ষান্তিবল। এটা-ই ক্ষান্তিবল।

প্রজ্ঞপ্তিবল কি? নৈষ্ক্রম্যবশে কামচ্ছন্দকে ত্যাগকালে চিত্তকে (ধর্মকথা দ্বারা) প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। অব্যাপাদবশে ব্যাপাদকে ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। আলোক সংজ্ঞাবশে তন্দ্রালস্যকে ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। অবিক্ষেপবশে চঞ্চলতাকে ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। ধর্মবিশ্লেষণবশে বিচিকিৎসাকে ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। জ্ঞানবশে অবিদ্যাকে ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। প্রমোদ্যবশে অরতিকে ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। প্রথমধ্যানবশে নীবরণসমূহ ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। দ্বিতীয়ধ্যানবশে বিতর্ক-বিচারসমূহ ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। তৃতীয়ধ্যানবশে প্রীতি ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। চতুর্থধ্যানবশে সুখ-দুঃখ ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। স্রোতাপত্তি মার্গবশে মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। সকৃদাগামী মার্গবশে স্থূল ক্লেশসমূহ ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। অনাগামী মার্গবশে সূক্ষ্ম ক্লেশসমূহ ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। অরহত্বমার্গবশে সর্বক্লেশ ত্যাগকালে চিত্তকে প্রজ্ঞাপিত করে– এটা প্রজ্ঞপ্তিবল। এটা-ই প্রজ্ঞপ্তিবল।

Visit: http://www.buddhistdownload.com

উপলব্ধিবল কি? নৈষ্ক্রম্যবশে কামচ্ছন্দকে ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। অব্যাপাদবশে ব্যাপাদকে ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। আলোক সংজ্ঞাবশে তন্দ্রালস্যকে ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। অবিক্ষেপবশে চঞ্চলতাকে ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। ধর্মবিশ্লেষণবশে বিচিকিৎসাকে ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। জ্ঞানবশে অবিদ্যাকে ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। প্রমোদ্যবশে অরতিকে ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। প্রথমধ্যানবশে নীবরণসমূহ ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। দ্বিতীয়ধ্যানবশে বিতর্ক-বিচারসমূহ ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। তৃতীয়ধ্যানবশে প্রীতি ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল চতুর্থধ্যানবশে সুখ-দুঃখ ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। স্রোতাপত্তি মার্গবশে মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। সকৃদাগামী মার্গবশে স্থূল ক্লেশসমূহ ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। অনাগামী মার্গবশে সূক্ষ্ম ক্লেশসমূহ ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। অরহত্বমার্গবশে সর্বক্লেশ ত্যাগকালে চিত্তকে অনুভব করে– এটা উপলব্ধিবল। এটা-ই প্রজ্ঞপ্তিবল। এটা-ই উপলব্ধিবল।

ঐশ্বর্যবল কি? নৈষ্ক্রম্যবশে কামচ্ছন্দকে ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। অব্যাপাদবশে ব্যাপাদকে ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। আলোক সংজ্ঞাবশে তন্দ্রালস্যকে ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। অবিক্ষেপবশে চঞ্চলতাকে ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। ধর্মবিশ্লেষণবশে বিচিকিৎসাকে ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। জ্ঞানবশে অবিদ্যাকে ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। প্রমোদ্যবশে অরতিকে ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। প্রথমধ্যানবশে নীবরণসমূহ ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে–

Visit: http://www.buddhistdownload.com

এটা ঐশ্বর্যবল। দ্বিতীয়ধ্যানবশে বিতর্ক-বিচারসমূহ ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। তৃতীয়ধ্যানবশে প্রীতি ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। চতুর্থধ্যানবশে সুখ-দুঃখ ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। স্রোতাপত্তি মার্গবশে মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। সকৃদাগামী মার্গবশে স্থূল ক্লেশসমূহ ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। অনাগামী মার্গবশে সূক্ষ্ম ক্লেশসমূহ ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। অরহত্বমার্গবশে সর্বক্লেশ ত্যাগকালে চিত্তকে বশীপ্রাপ্ত করে– এটা ঐশ্বর্যবল। এটা-ই ঐশ্বর্যবল।

অধিষ্ঠানবল কি? নৈষ্ক্রম্যবশে কামচ্ছন্দকে ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। অব্যাপাদবশে ব্যাপাদকে ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। আলোক সংজ্ঞাবশে তন্দ্রালস্যকে ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। অবিক্ষেপবশে চঞ্চলতাকে ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। ধর্মবিশ্লেষণবশে বিচিকিৎসাকে ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। জ্ঞানবশে অবিদ্যাকে ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। প্রমোদ্যবশে অরতিকে ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। প্রথমধ্যানবশে নীবরণসমূহ ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল দ্বিতীয়ধ্যানবশে বিতর্ক-বিচারসমূহ ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। তৃতীয়ধ্যানবশে প্রীতি ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। চতুর্থধ্যানবশে সুখ-দুঃখ ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। স্রোতাপত্তি মার্গবশে মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। সকৃদাগামী মার্গবশে স্থূল ক্লেশসমূহ ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। অনাগামী মার্গবশে সূক্ষ্ম ক্লেশসমূহ ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। অরহত্বমার্গবশে সর্বক্লেশ ত্যাগকালে চিত্তকে অধিষ্ঠান করে– এটা অধিষ্ঠানবল। এটা-ই অধিষ্ঠানবল।

Visit: http://www.buddhistdownload.com

শমথবল কি? নৈষ্ক্রম্যবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। অব্যাপাদবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। আলোক সংজ্ঞাবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। অবিক্ষেপবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। ধর্মবিশ্লেষণবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। জ্ঞানবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। প্রমোদ্যবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। প্রথমধ্যানবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। দ্বিতীয়ধ্যানবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। তৃতীয়ধ্যানবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। চতুর্থধ্যানবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। স্রোতাপত্তি মার্গবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। সকৃদাগামী মার্গবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। অনাগামী মার্গবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। অরহত্বমার্গবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। পরিত্যাগানুদর্শী শ্বাসবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। পরিত্যাগানুদর্শী প্রশ্বাসবশে চিত্তের একাগ্রতা অবিক্ষেপই শমথবল। এটা-ই শমথবল।

'শমথবল, শমথবল' বলা হয়: কোন্ অর্থে শমথবল? প্রথম ধ্যানের দ্বারা নীবরণে কম্পিত হয় না– এ অর্থে শমথবল। দ্বিতীয় ধ্যানের দ্বারা বিতর্ক-বিচারে কম্পিত হয় না– এ অর্থে শমথবল। তৃতীয় ধ্যানের দ্বারা প্রীতিতে কম্পিত হয় না– এ অর্থে শমথবল। চতুর্থ ধ্যানের দ্বারা সুখ-দুঃখে কম্পিত হয় না– এ অর্থে শমথবল। আকাশানন্তায়তন সমাপত্তি দ্বারা রূপসংজ্ঞা, প্রতিঘসংজ্ঞা ও নানাত্বসংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে শমথবল। বিজ্ঞানানন্তায়তন সমাপত্তি দ্বারা আকাশানন্তায়তন সংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে শমথবল। আকিঞ্চনায়তন সমাপত্তি দ্বারা বিজ্ঞানানন্তায়তন সংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে শমথবল। নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন সমাপত্তি দ্বারা আকিঞ্চনায়তন সংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে শমথবল। চাঞ্চল্য এবং চাঞ্চল্যসহগত ক্লেশ ও স্কন্ধে কম্পিত, বিচলিত এবং আলোড়িত হয় না– এ অর্থে শমথবল। এটা-ই শমথবল।

Visit: http://www.buddhistdownload.com

বিদর্শনবল কি? অনিত্যানুদর্শন বিদর্শনবল, দুঃখানুদর্শন বিদর্শনবল, অনাত্মানুদর্শন বিদর্শনবল, বির্বেদানুদর্শন বিদর্শনবল, বিরাগানুদর্শন বিদর্শনবল, নিরোধানুদর্শন বিদর্শনবল, পরিত্যাগানুদর্শন বিদর্শনবল। রূপে অনিত্যানুদর্শন বিদর্শনবল, রূপে দুঃখানুদর্শন বিদর্শনবল, রূপে অনাত্মানুদর্শন বিদর্শনবল, রূপে বির্বেদানুদর্শন বিদর্শনবল, রূপে বিরাগানুদর্শন বিদর্শনবল, রূপে নিরোধানুদর্শন বিদর্শনবল, রূপে পরিত্যাগানুদর্শন বিদর্শনবল। বেদনায় অনিত্যানুদর্শন বিদর্শনবল, বেদনায় দুঃখানুদর্শন বিদর্শনবল, বেদনায় অনাত্মানুদর্শন বিদর্শনবল, বেদনায় বির্বেদানুদর্শন বিদর্শনবল, বেদনায় বিরাগানুদর্শন বিদর্শনবল, বেদনায় নিরোধানুদর্শন বিদর্শনবল, বেদনায় পরিত্যাগানুদর্শন বিদর্শনবল। সংজ্ঞায় অনিত্যানুদর্শন বিদর্শনবল, সংজ্ঞায় দুঃখানুদর্শন বিদর্শনবল, সংজ্ঞায় অনাত্মানুদর্শন বিদর্শনবল, সংজ্ঞায় বির্বেদানুদর্শন বিদর্শনবল, সংজ্ঞায় বিরাগানুদর্শন বিদর্শনবল, সংজ্ঞায় নিরোধানুদর্শন বিদর্শনবল, সংজ্ঞায় পরিত্যাগানুদর্শন বিদর্শনবল। সংস্কারে অনিত্যানুদর্শন বিদর্শনবল, সংস্কারে দুঃখানুদর্শন বিদর্শনবল, সংস্কারে অনাত্মানুদর্শন বিদর্শনবল, সংস্কারে বির্বেদানুদর্শন বিদর্শনবল, সংস্কারে বিরাগানুদর্শন বিদর্শনবল, সংস্কারে নিরোধানুদর্শন বিদর্শনবল, সংস্কারে পরিত্যাগানুদর্শন বিদর্শনবল। বিজ্ঞানে অনিত্যানুদর্শন বিদর্শনবল, বিজ্ঞানে দুঃখানুদর্শন বিদর্শনবল, বিজ্ঞানে অনাত্মানুদর্শন বিদর্শনবল, বিজ্ঞানে বির্বেদানুদর্শন বিদর্শনবল, বিজ্ঞানে বিরাগানুদর্শন বিদর্শনবল, বিজ্ঞানে নিরোধানুদর্শন বিদর্শনবল, বিজ্ঞানে পরিত্যাগানুদর্শন বিদর্শনবল। চক্ষুতে অনিত্যানুদর্শন বিদর্শনবল, চক্ষুতে দুঃখানুদর্শন বিদর্শনবল, চক্ষুতে অনাত্মানুদর্শন বিদর্শনবল, চক্ষুতে বির্বেদানুদর্শন বিদর্শনবল, চক্ষুতে বিরাগানুদর্শন বিদর্শনবল, চক্ষুতে নিরোধানুদর্শন বিদর্শনবল, চক্ষুতে পরিত্যাগানুদর্শন বিদর্শনবল। জরা-মরণে অনিত্যানুদর্শন বিদর্শনবল, জরা-মরণে দুঃখানুদর্শন বিদর্শনবল, জরা-মরণে অনাত্মানুদর্শন বিদর্শনবল, জরা-মরণে বির্বেদানুদর্শন বিদর্শনবল, জরা-মরণে বিরাগানুদর্শন বিদর্শনবল, জরা-মরণে নিরোধানুদর্শন বিদর্শনবল, জরা-মরণে পরিত্যাগানুদর্শন বিদর্শনবল।

Visit: http://www.buddhistdownload.com

'বিদর্শনবল, বিদর্শনবল' বলা হয়; কোন অর্থে বিদর্শনবল? অনিত্যানুদর্শন নিত্যসংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে বিদর্শনবল। দুঃখানুদর্শন সুখসংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে বিদর্শনবল। অনাত্মানুদর্শন আত্মসংজ্ঞায় কম্পিত হয় না– এ অর্থে বিদর্শনবল। নির্বেদানুদর্শন নন্দি বা আনন্দতে কম্পিত হয় না– এ অর্থে বিদর্শনবল। বিরাগানুদর্শন রাগ বা আসক্তিতে কম্পিত হয় না– এ অর্থে বিদর্শনবল। নিরোধানুদর্শন সমুদয়ে কম্পিত হয় না– এ অর্থে বিদর্শনবল। পরিত্যাগানুদর্শন গ্রহণে কম্পিত হয় না– এ অর্থে বিদর্শনবল। অবিদ্যা এবং অবিদ্যাসহগত ক্লেশ ও স্কন্ধে কম্পিত, বিচলিত এবং আলোড়িত হয় না– এ অর্থে বিদর্শন বল। এটা-ই বিদর্শনবল।

দশ প্রকার শৈক্ষ্যবল ও দশ প্রকার অশৈক্ষ্যবল কি? সম্যকদৃষ্টিকে শিক্ষা করে– এটা শৈক্ষ্যবল। তথায় শিক্ষাপ্রাপ্ত বা সে সম্বন্ধে শিক্ষিত হওয়া– এটা অশৈক্ষ্যবল। সম্যকসংকল্পকে শিক্ষা করে– এটা শৈক্ষ্যবল। তথায় শিক্ষাপ্রাপ্ত বা সে সম্বন্ধে শিক্ষিত হওয়া– এটা অশৈক্ষ্যবল। সম্যকবাক্যকে করে– এটা শৈক্ষ্যবল। তথায় শিক্ষাপ্রাপ্ত বা সে সম্বন্ধে শিক্ষিত হওয়া– এটা অশৈক্ষ্যবল। সম্যককর্মকে করে– এটা শৈক্ষ্যবল। তথায় শিক্ষাপ্রাপ্ত বা সে সম্বন্ধে শিক্ষিত হওয়া– এটা অশৈক্ষ্যবল। সম্যকস্মৃতিকে করে– এটা শৈক্ষ্যবল। তথায় শিক্ষাপ্রাপ্ত বা সে সম্বন্ধে শিক্ষিত হওয়া– এটা অশৈক্ষ্যবল। সম্যকসমাধিকে করে– এটা শৈক্ষ্যবল। তথায় শিক্ষাপ্রাপ্ত বা সে সম্বন্ধে শিক্ষিত হওয়া– এটা অশৈক্ষ্যবল। সম্যকজ্ঞানকে করে– এটা শৈক্ষ্যবল। তথায় শিক্ষাপ্রাপ্ত বা সে সম্বন্ধে শিক্ষিত হওয়া– এটা অশৈক্ষ্যবল। সম্যকবিমুক্তিকে শিক্ষা করে– এটা শৈক্ষ্যবল। তথায় শিক্ষাপ্রাপ্ত বা সে সম্বন্ধে শিক্ষিত হওয়া– এটা অশৈক্ষ্যবল। এগুলোই দশ প্রকার শৈক্ষ্যবল ও দশ প্রকার অশৈক্ষ্যবল।

দশ প্রকার ক্ষীণাস্রববল কি কি?[১] এখানে ক্ষীণাস্রব ভিক্ষুর সর্ব সংস্কার অনিত্যরূপে সম্যকপ্রজ্ঞা দ্বারা যথাভূতভাবে সুদৃষ্ট হয়। ক্ষীণাস্রব ভিক্ষুর সর্ব

১। অঙ্গুত্তর নিকায় দশক নিপাতে (৫ম খণ্ডে) ৯০ নং সূত্র দ্রষ্টব্য, অনুবাদক: প্রজ্ঞাদর্শী ভিক্ষু।

Visit: http://www.buddhistdownload.com

সংস্কার যে অনিত্যরূপে সম্যকপ্রজ্ঞা দ্বারা যথাভূতভাবে সুদৃষ্ট হয়, তা-ই ক্ষীণাস্রব ভিক্ষুর বল; যেই বল হেতুতে ক্ষীণাস্রব ভিক্ষু "আমার আস্রবসমূহ ক্ষীণ হয়েছে" বলে আস্রবসমূহের ক্ষয় জ্ঞাত হন।

পুনশ্চ, ক্ষীণাস্রব ভিক্ষুর অঙ্গার-গর্তবৎ কামসমূহ সম্যকপ্রজ্ঞা দ্বারা যথাভূতভাবে সুদৃষ্ট হয়। ক্ষীণাস্রব ভিক্ষুর অঙ্গার-গর্তবৎ কামসমূহ যে সম্যকপ্রজ্ঞা দ্বারা যথাভূতভাবে সুদৃষ্ট হয়, তা-ই ক্ষীণাস্রব ভিক্ষুর বল; যেই বল হেতুতে ক্ষীণাস্রব ভিক্ষু "আমার আস্রবসমূহ ক্ষীণ হয়েছে" বলে আস্রবসমূহের ক্ষয় জ্ঞাত হন।

পুনশ্চ, ক্ষীণাস্রব ভিক্ষুর চিত্ত বিবেকে রত, বিবেক প্রবণ, বিবেকে নত, বিবেকার্থ, নৈষ্ক্রম্যে অভিরত হয় এবং আস্রব স্থানীয় সব ধর্ম থেকে সর্বতোভাবে বিমুক্ত হয়। ক্ষীণাস্রব ভিক্ষুর চিত্ত যে বিবেকে রত, বিবেক প্রবণ, বিবেকে নত, বিবেকার্থ, নৈষ্ক্রম্যে অভিরত হয় এবং আস্রবস্থানীয় সব ধর্ম থেকে সর্বতোভাবে যে বিমুক্ত হয়, তা-ই ক্ষীণাস্রব ভিক্ষুর বল; যেই বল হেতুতে ক্ষীণাস্রব ভিক্ষু "আমার আস্রবসমূহ ক্ষীণ হয়েছে" বলে আস্রবসমূহের ক্ষয় জ্ঞাত হন।

পুনশ্চ, ক্ষীণাস্রব ভিক্ষুর চারি স্মৃতিপ্রস্থান ভাবিত ও সুভাবিত হয়। ক্ষীণাস্রব ভিক্ষু চারি স্মৃতিপ্রস্থান যে ভাবিত ও সুভাবিত হয়, তা-ই ক্ষীণাস্রব ভিক্ষুর বল; যেই বল হেতুতে ক্ষীণাস্রব ভিক্ষু "আমার আস্রবসমূহ ক্ষীণ হয়েছে" বলে আস্রবসমূহের ক্ষয় জ্ঞাত হন।

পুনশ্চ, ক্ষীণাস্রব ভিক্ষুর চারি সম্যকপ্রধান ভাবিত ও সুভাবিত হয়। ক্ষীণাস্রব ভিক্ষুর চারি সম্যকপ্রধান যে ভাবিত ও সুভাবিত হয়, তা-ই ক্ষীণাস্রব ভিক্ষুর বল; যেই বল হেতুতে ক্ষীণাস্রব ভিক্ষু "আমার আস্রবসমূহ ক্ষীণ হয়েছে" বলে আস্রবসমূহের ক্ষয় জ্ঞাত হন।

পুনশ্চ, ক্ষীণাস্রব ভিক্ষুর চারি ঋদ্ধিপাদ ভাবিত ও সুভাবিত হয়। ক্ষীণাস্রব ভিক্ষুর চারি ঋদ্ধিপাদ যে ভাবিত ও সুভাবিত হয়, তা-ই ক্ষীণাস্রব ভিক্ষুর বল; যেই বল হেতুতে ক্ষীণাস্রব ভিক্ষু "আমার আস্রবসমূহ ক্ষীণ হয়েছে" বলে আস্রবসমূহের ক্ষয় জ্ঞাত হন।

Visit: http://www.buddhistdownload.com

পুনশ্চ, ক্ষীণাস্রব ভিক্ষুর পঞ্চেন্দ্রিয়সমূহ ভাবিত ও সুভাবিত হয়। ক্ষীণাস্রব ভিক্ষুর পঞ্চেন্দ্রিয়সমূহ যে ভাবিত ও সুভাবিত হয়, তা-ই ক্ষীণাস্রব ভিক্ষুর বল: যেই বল হেতুতে ক্ষীণাস্রব ভিক্ষু "আমার আস্রবসমূহ ক্ষীণ হয়েছে" বলে আস্রবসমূহের ক্ষয় জ্ঞাত হন।

পুনশ্চ, ক্ষীণাস্রব ভিক্ষুর পঞ্চবল ভাবিত ও সুভাবিত হয়। ক্ষীণাস্রব ভিক্ষুর পঞ্চবল যে ভাবিত ও সুভাবিত হয়, তা-ই ক্ষীণাস্রব ভিক্ষুর বল: যেই বল হেতুতে ক্ষীণাস্রব ভিক্ষু "আমার আস্রবসমূহ ক্ষীণ হয়েছে" বলে আস্রবসমূহের ক্ষয় জ্ঞাত হন।

পুনশ্চ, ক্ষীণাস্রব ভিক্ষুর সপ্ত বোধ্যঙ্গ ভাবিত ও সুভাবিত হয়। ক্ষীণাস্রব ভিক্ষুর সপ্ত বোধ্যঙ্গ যে ভাবিত ও সুভাবিত হয়, তা-ই ক্ষীণাস্রব ভিক্ষুর বল: যেই বল হেতুতে ক্ষীণাস্রব ভিক্ষু "আমার আস্রবসমূহ ক্ষীণ হয়েছে" বলে আস্রবসমূহের জ্ঞাত হন।

পুনশ্চ, ক্ষীণাস্রব ভিক্ষুর আর্য অষ্টাঙ্গিক মার্গ ভাবিত ও সুভাবিত হয়। ক্ষীণাস্রব ভিক্ষুর আর্য অষ্টাঙ্গিক মার্গ যে ভাবিত ও সুভাবিত হয়, তা-ই ক্ষীণাস্রব ভিক্ষুর বল: যেই বল হেতুতে ক্ষীণাস্রব ভিক্ষু "আমার আস্রবসমূহ ক্ষীণ হয়েছে" বলে আস্রবসমূহের ক্ষয় জ্ঞাত হয়। এগুলো-ই দশ প্রকার ক্ষীণাস্রব বল।

দশ প্রকার ঋদ্ধিপাদ কি কি? অধিষ্ঠান ঋদ্ধি, বিকুব্বন ঋদ্ধি, মনোময় ঋদ্ধি, জ্ঞান-বিস্তার ঋদ্ধি, সমাধি-বিস্তার ঋদ্ধি, আর্য ঋদ্ধি, কর্মবিপাক জনিত ঋদ্ধি, পুণ্যবানের ঋদ্ধি, বিদ্যাময় ঋদ্ধি ও বিভিন্ন বিষয়ে সম্যক প্রয়োগ প্রত্যয়ে সমৃদ্ধার্থে ঋদ্ধি– এগুলোই দশ প্রকার ঋদ্ধিবল।

দশবিধ তথাগতবল কি কি?[১] এখানে তথাগত কারণকে কারণরূপে, অকারণকে অকারণরূপে যথার্থভাবে জানেন। তথাগত কারণকে কারণরূপে ও অকারণকে অকারণরূপে যে যথার্থভাবে জানেন, তা-ই তথাগতের তথাগতবল। যেই বল হেতুতে তথাগত শ্রেষ্ঠ স্থান বিশেষভাবে জানেন: পরিষদে সিংহনাদে প্রকাশ করেন এবং ধর্মচক্র প্রবর্তন করেন।

---

[১]। মধ্যম নিকায় ১ম খণ্ডে ৭০ পৃষ্ঠার ৭নং অনুচ্ছেদ দ্রষ্টব্য, অনুবাদক বেণীমাধব বড়ুয়া।

Visit: http://www.buddhistdownload.com

পুনশ্চ, তথাগত অতীত, অনাগত ও বর্তমান কর্ম পরিগ্রহণের (প্রাপ্তির) কারণ, হেতু ও বিপাক যথার্থভাবে জানেন। তথাগত যে অতীত, অনাগত ও বর্তমান কর্ম পরিগ্রহণের (প্রাপ্তির) কারণ, হেতু ও বিপাক যথার্থভাবে জানেন, তা-ই তথাগতের তথাগত বল। যেই বল হেতুতে ... প্রবর্তন করেন।

পুনশ্চ, তথাগত সর্বত্রগামী প্রতিপদ (সর্বার্থসাধক পথ) যথার্থভাবে জানেন। তথাগত যে সর্বত্রগামী প্রতিপদ যথার্থভাবে জানেন, তা-ই তথাগতের তথাগতবল, যেই বল হেতুতে ... প্রবর্তন করেন।

পুনশ্চ, তথাগত বিভিন্ন স্বভাব ও স্বভাবের লোককে যথার্থভাবে জানেন। তথাগত যে বিভিন্ন স্বভাব ও নানা স্বভাবের লোককে যথার্থভাবে জানেন, তাই তথাগতের তথাগতবল। যেই বল হেতুতে ... প্রবর্তন করেন।

পুনশ্চ, তথাগত সত্ত্বগণের নানাধিমুক্তি যথার্থভাবে জানেন। তথাগত যে সত্ত্বগণের নানাধিমুক্তি যথার্থভাবে জানেন, তা-ই তথাগতের তথাগতবল। যেই বল হেতুতে ... প্রবর্তন করেন।

পুনশ্চ, তথাগত অপর সত্ত্ব ও পুদ্গলের (শ্রদ্ধাদি) ইন্দ্রিয়ের পরপরিয়ত্তি (পরা-অপরভাব) যথার্থভাবে জানেন। তথাগত যে অপর সত্ত্ব ও পুদ্গলের (শ্রদ্ধাধি) ইন্দ্রিয়ের পরপরিয়ত্তি যথার্থভাবে জানেন, তা-ই তথাগতের তথাগতবল। যেই বল হেতুতে ... প্রবর্তন করেন।

পুনশ্চ, তথাগত ধ্যানবিমোক্ষ-সমাধিসমাপন্ন ব্যক্তির সংক্লেশ, পবিত্রতা এবং উত্থান বা অব্যাহতি যথার্থভাবে জানেন। তথাগত যে ধ্যানবিমোক্ষ-সমাধিসমাপন্ন ব্যক্তির সংক্লেশ, পবিত্রতা এবং উত্থান যথার্থভাবে জানেন, তা-ই তথাগতের তথাগতবল। যেই বল হেতুতে ... প্রবর্তন করেন।

পুনশ্চ, তথাগত বহু প্রকারে বহু পূর্বজন্ম অনুস্মরণ করেন, যেমন- এক জন্ম, দুই জন্ম, তিন জন্ম, চারি জন্ম, পাঁচ জন্ম, দশ জন্ম, বিশ জন্ম, ত্রিশ জন্ম, চল্লিশ জন্ম, পঞ্চাশ জন্ম, শত জন্ম, সহস্র জন্ম, শত সহস্র (লক্ষ) জন্ম, বহু সংবর্ত কল্প, বহু বিবর্তকল্প এবং বহু সংবর্ত, বিবর্তকল্পে

Visit: http://www.buddhistdownload.com

আমি ঐ স্থানে ছিলাম, এই ছিল আমার নাম, গোত্র, বর্ণ, আহার, সুখ-দুঃখানুভব, আয়ু-পরিমাণ। সেখান হতে চ্যুত হয়ে ঐ স্থানে জন্ম নিয়েছি। সেখানেও আমার এই নাম, গোত্র, বর্ণ, আহার, সুখ-দুঃখানুভব ও এই পরিমাণ আয়ুছিল। আবার সেই স্থান হতে চ্যুত হয়ে এখানে জন্ম হয়েছি। এইরূপে আকার ও উদ্দেশ্য বা গতিসহ বহু প্রকারে বহু পূর্বজন্ম অনুস্মরণ করেন। তথাগত যে বহু প্রকারে বহু পূর্বজন্ম অনুস্মরণ করেন, যেমন-- এক জন্ম ... এই রূপে আকার ও উদ্দেশ্য বা গতিসহ বহুপ্রকারে বহু পূর্বজন্ম অনুস্মরণ করেন, তা-ই তথাগতের তথাগতবল। যেই বল হেতুতে ... প্রবর্তন করেন।

পুনশ্চ, তথাগত বিশুদ্ধ লোকাতীত দিব্যচক্ষু দ্বারা হীন-প্রণীত, সুবর্ণ-দুর্বর্ণ, সুগতি-দুর্গতি প্রাপ্ত সত্ত্বগণকে চ্যুতি-উৎপত্তির সময় দেখতে পান। তথাগত যে বিশুদ্ধ লোকাতীত দিব্যচক্ষু দ্বারা হীন-প্রণীত, সুবর্ণ-দুর্বর্ণ, সুগতি-দুর্গতি প্রাপ্ত সত্ত্বগণকে চ্যুতি-উৎপত্তির সময় দেখতে পান, তা-ই তথাগতের তথাগতবল। যেই বল হেতুতে ... প্রবর্তন করেন।

পুনশ্চ, তথাগত দৃষ্টধর্মে (প্রত্যক্ষজীবনে) স্বয়ং অভিজ্ঞা দ্বারা সাক্ষাৎ করে আস্রবক্ষয়ে অনাস্রব এবং চিত্ত-বিমুক্তি ও প্রজ্ঞা-বিমুক্তি লাভ করে অবস্থান করেন। তথাগত যে দৃষ্টধর্মে স্বয়ং অভিজ্ঞা দ্বারা সাক্ষাৎ করে আস্রবক্ষয়ে অনাস্রব এবং চিত্ত-বিমুক্তি ও প্রজ্ঞা-বিমুক্তি লাভ করে অবস্থান করেন, তা-ই তথাগতের তথাগতবল। যেই বল হেতুতে ... প্রবর্তন করেন। এগুলোই দশবিধ তথাগতবল।

৪৫। কোন্ অর্থে শ্রদ্ধাবল? কোন্ অর্থে বীর্যবল? কোন্ অর্থে স্মৃতিবল? কোন্ অর্থে সমাধিবল? কোন্ অর্থে প্রজ্ঞাবল? কোন্ অর্থে হ্রী বা লজ্জাবল? কোন্ অর্থে ভয়বল? কোন্ অর্থে প্রতিসংখ্যানবল? কোন্ অর্থে ভাবনাবল? কোন্ অর্থে অনবদ্যবল? কোন্ অর্থে সংগ্রহবল? কোন্ অর্থে ক্ষান্তিবল? কোন্ অর্থে প্রজ্ঞপ্তিবল? কোন্ অর্থে উপলব্ধিবল? কোন্ অর্থে ঐশ্বর্যবল? কোন্ অর্থে অধিষ্ঠানবল? কোন্ অর্থে শমথবল? কোন্ অর্থে বিদর্শনবল? কোন্ অর্থে শৈক্ষ্যবল? কোন্ অর্থে অশৈক্ষ্যবল? কোন্ অর্থে ক্ষীণাস্রববল? কোন্ অর্থে ঋদ্ধিপাদবল? কোন্ অর্থে তথাগতবল?

Visit: http://www.buddhistdownload.com

অশ্রদ্ধায় অকম্পিতার্থে শ্রদ্ধাবল; আলস্যে অকম্পিতার্থে বীর্যবল। প্রমাদে অকম্পিতার্থে স্মৃতিবল। চাঞ্চল্যে অকম্পিতার্থে সমাধিবল। অবিদ্যায় অকম্পিতার্থে প্রজ্ঞাবল। পাপ ও অকুশল ধর্মে লজ্জিত হয়– এ অর্থে হ্রী বা লজ্জাবল। পাপ ও অকুশল ধর্মে ভীত হয়– এ অর্থে ভয়বল। জ্ঞান দ্বারা ক্লেশসমূহে মনোযোগী হয়– এ অর্থে প্রতিসংখ্যানবল। তথায় জাত ধর্মসমূহ একরস হয়– এ অর্থে ভাবনাবল। তথায় বর্জনীয় কোন কিছু নেই– অর্থে অনবদ্যবল। তা দ্বারা চিত্ত সংগৃহীত হয়– এ অর্থে সংগ্রহবল। তা তার সহ্য হয়– এ অর্থে ক্ষান্তিবল। তা দ্বারা চিত্তকে প্রজ্ঞাপিত করে– এ অর্থে প্রজ্ঞপ্তিবল। তা দ্বারা চিত্তকে অনুভব করে– এ অর্থে উপলব্ধিবল। তা দ্বারা চিত্তকে বশীভূত করে– এ অর্থে ঐশ্বর্যবল। তা দ্বারা চিত্তকে অধিষ্ঠান করে– এ অর্থে অধিষ্ঠানবল। তা দ্বারা চিত্তকে একাগ্র করে– এ অর্থে শমথবল। তথায় জাত ধর্মে অনুদর্শন করে– এ অর্থে বিদর্শনবল। তথায় শিক্ষা করে– এ অর্থে শৈক্ষ্যবল। তথায় শিক্ষিত হয়– এ অর্থে অশৈক্ষ্যবল। তা দ্বারা আস্রব ক্ষীণ হয়– এ অর্থে ক্ষীণাস্রববল। তার সমৃদ্ধ হয়– এ অর্থে ঋদ্ধিবল। অপ্রমেয়ার্থে তথাগতবল।

বলকথা সমাপ্ত।

১০। শূন্য কথা

৪৬। আমি এরূপ শুনেছি – এক সময় ভগবান শ্রাবস্তীতে অবস্থান করছিলেন অনাথপিন্ডিকের নির্মিত জেতবনারামে। অতঃপর আয়ুষ্মান আনন্দ ভগবানের সকাশে উপস্থিত হয়ে ভগবানকে অভিবাদন করে একপার্শ্বে উপবেশন করলেন। একপার্শ্বে উপবিষ্ট আয়ুষ্মান আনন্দ ভগবানকে এরূপ বললেন–

"ভন্তে! 'জগত শূন্য, জগত শূন্য' বলা হয়; কি কারণে 'জগত শূন্য' বলা হয়?" "হে আনন্দ! যেহেতু আত্ম বা আত্মস্বভাব শূন্য, সেজন্য 'জগত শূন্য' বলা হয়। কি আত্ম বা আত্মস্বভাব শূন্য? চক্ষু আত্ম বা

Visit: http://www.buddhistdownload.com

আত্মস্বভাব শূন্য। রূপ আত্ম বা আত্মস্বভাব শূন্য। চক্ষু-বিজ্ঞান আত্ম বা আত্মস্বভাব শূন্য। চক্ষু-সংস্পর্শ আত্ম বা আত্মস্বভাব শূন্য। চক্ষু-সংস্পর্শের প্রত্যয়ে বেদয়িত যে সুখ বা দুঃখ বা অদুঃখ অসুখ উৎপন্ন হয়, তাও আত্ম বা আত্মস্বভাব শূন্য।

শ্রোত্র আত্ম বা আত্মস্বভাব শূন্য। শব্দ আত্ম বা আত্মস্বভাব শূন্য। শ্রোত্র-বিজ্ঞান আত্ম বা আত্মস্বভাব শূন্য। শ্রোত্র-সংস্পর্শ আত্ম বা আত্মস্বভাব শূন্য। ... পূর্ববৎ ... [উপরোক্ত 'চক্ষু' এর স্থলে 'শ্রোত্র' পড়তে হবে] আত্মস্বভাব শূন্য।

ঘ্রাণ আত্ম বা আত্মস্বভাব শূন্য। গন্ধ আত্ম বা আত্মস্বভাব শূন্য। ঘ্রাণ-বিজ্ঞান ... পূর্ববৎ ... [উপরোক্ত 'চক্ষু' এর স্থলে 'ঘ্রাণ' পড়তে হবে] আত্মস্বভাব শূন্য।

জিহ্বা আত্ম বা আত্মস্বভাব শূন্য। রস আত্ম বা আত্মস্বভাব শূন্য। জিহ্বা-বিজ্ঞান ... পূর্ববৎ ... ['চক্ষু' এর স্থলে 'জিহ্বা' পড়তে হবে] আত্মস্বভাব শূন্য।

কায় আত্ম বা আত্মস্বভাব শূন্য। স্পর্শ আত্ম বা আত্মস্বভাব শূন্য। কায়বিজ্ঞান ...পূর্ববৎ ... ['চক্ষু' এর স্থলে 'কায়' পড়তে হবে] আত্মস্বভাব শূন্য।

মন আত্ম বা আত্মস্বভাব শূন্য। ধর্ম (মনোগোচর বিষয়) আত্ম বা আত্মস্বভাব শূন্য। মনোবিজ্ঞান ... পূর্ববৎ ... ['চক্ষু' এর স্থলে 'মন' পড়তে হবে] আত্ম বা আত্মস্বভাব শূন্য। আনন্দ! যেহেতু আত্ম বা আত্মস্বভাব শূন্য, সেজন্য 'জগত শূন্য' বলা হয়"[১]।

১। মাতিকা

৪৭। শূন্য বলতে, সংস্কার শূন্য, বিপরিণাম শূন্য, অগ্র শূন্য, লক্ষণ শূন্য, বিক্ষম্ভন শূন্য, তদঙ্গ শূন্য, সমুচ্ছেদ শূন্য, প্রতিপ্রশ্রদ্ধি শূন্য, নিঃসরণ

---

[১]। শূন্য কথার এই অংশ পর্যন্ত সংযুক্ত নিকায় চতুর্থ খণ্ডের (ষড়ায়তন বর্গে) ৮৫ নং সূত্রে (শূন্যতালোক সূত্রে) পুনরাবৃত্তি হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

শূন্য, অধ্যাত্ম শূন্য, বাহ্যিক শূন্য, উভয় (অধ্যাত্ম-বাহ্যিক) শূন্য, সভাগ শূন্য, বিসভাগ শূন্য, এষনা (অন্বেষণ) শূন্য, পরিগ্রহ শূন্য, প্রতিলাভ শূন্য, প্রতিবেধ শূন্য, একত্ব শূন্য, নানাত্ব শূন্য, ক্ষান্তি শূন্য, অধিষ্ঠান শূন্য, অবগাহন শূন্য এবং সম্প্রজ্ঞানীর প্রবর্ত-দমন সর্ব শূন্যতার পরমার্থ শূন্য।

২। বর্ণনা

৪৮। 'শূন্য, শূন্য' বলা হয়, সেই শূন্য কি? চক্ষু আত্ম, আত্মস্বভাব, নিত্য, ধ্রুব, শাশ্বত বা অবিপরিণামধর্মী শূন্য। শ্রোত্র আত্ম, আত্মস্বভাব, নিত্য, ধ্রুব, শাশ্বত বা অবিপরিণামধর্মী শূন্য। ঘ্রাণ আত্ম, আত্মস্বভাব, নিত্য, ধ্রুব, শাশ্বত বা অবিপরিণামধর্মী শূন্য। জিহ্বা আত্ম আত্মস্বভাব, নিত্য, ধ্রুব, শাশ্বত বা অবিপরিণামধর্মী শূন্য। কায় আত্ম, আত্মস্বভাব, নিত্য, ধ্রুব, শাশ্বত বা অবিপরিণামধর্মী শূন্য। মন আত্ম আত্মস্বভাব, নিত্য, ধ্রুব, শাশ্বত বা অবিপরিণামধর্মী শূন্য। এটা-ই শূন্য শূন্য।

সংস্কার শূন্য কি? সংস্কার তিন প্রকার, যথা– পুণ্যাভিসংস্কার, অপুণ্যাভিসংস্কার ও আনেঞ্জাভিসংস্কার। পুণ্যাভিসংস্কার, অপুণ্যাভিসংস্কার এবং আনেঞ্জাভিসংস্কার শূন্য। অপুণ্যাভিসংস্কার, পুণ্যাভিসংস্কার ও আনেঞ্জাভিসংস্কার শূন্য। আনেঞ্জাভিসংস্কার, পুণ্যাভিসংস্কার এবং অপুণ্যাভিসংস্কার শূন্য। এগুলো-ই তিন প্রকার সংস্কার।

অপর তিন প্রকার সংস্কার, যথা– কায়সংস্কার, বাক্‌সংস্কার ও চিত্ত সংস্কার। কায়সংস্কার, বাক্‌সংস্কার এবং চিত্তসংস্কার শূন্য। বাক্ সংস্কার, কায়সংস্কার ও চিত্তসংস্কার শূন্য চিত্তসংস্কার, কায়সংস্কার এবং বাক্‌সংস্কার শূন্য। এগুলো-ই তিন প্রকার সংস্কার।

আরও অপর তিন প্রকার সংস্কার বিদ্যমান, যথা– অতীত সংস্কার, অনাগত সংস্কার ও বর্তমান সংস্কার। অতীত সংস্কার, অনাগত সংস্কার এবং বর্তমান সংস্কার শূন্য। অনাগত সংস্কার, অতীত ও বর্তমান সংস্কার শূন্য। বর্তমান সংস্কার, অতীত সংস্কার এবং অনাগত সংস্কার শূন্য। এগুলোই তিন প্রকার সংস্কার, এটা-ই সংস্কার শূন্য।

Visit: http://www.buddhistdownload.com

বিপরিণাম শূন্য কি? জাত রূপ স্বভাব শূন্য। বিগত রূপ বিপরিণতও শূন্য। জাত বেদনা স্বভাব শূন্য। বিগত বেদনা বিপরিণতও শূন্য। জাত সংজ্ঞা স্বভাব শূন্য। বিগত সংজ্ঞা বিপরিণতও শূন্য। জাত সংস্কার স্বভাব শূন্য। বিগত সংস্কার বিপরিণতও শূন্য। জাত বিজ্ঞান স্বভাব শূন্য। বিগত বিজ্ঞান বিপরিণতও শূন্য। জাত চক্ষু স্বভাব শূন্য। বিগত চক্ষু বিপরিণতও শূন্য। জাত জরা-মরণ স্বভাব শূন্য। বিগত জরা-মরণ বিপরিণতও শূন্য। জাত ভব স্বভাব শূন্য। বিগত ভব বিপরিণতও শূন্য। এটা-ই বিপরিণাম শূন্য।

অগ্র শূন্য কি? এটা অগ্রপদ, শ্রেষ্ঠপদ এবং বিশিষ্টপদ, যেমন– সব সংস্কার উপশম, সব উপধি পরিত্যাগ, তৃষ্ণাক্ষয়, বিরাগ, নিরোধ ও নির্বাণ। এটা-ই অগ্র শূন্য।

লক্ষণ শূন্য কি? লক্ষণ দ্বিবিধ, যথা– মূর্খ লক্ষণ এবং পণ্ডিত লক্ষণ। মূর্খ লক্ষণ ও পণ্ডিত লক্ষণ শূন্য। পণ্ডিত লক্ষণ ও মূর্খ লক্ষণ শূন্য। অপর ত্রিবিধ লক্ষণ, যথা– উৎপাদ বা উৎপত্তি লক্ষণ, ব্যয় লক্ষণ ও স্থিত অন্য আত্ম লক্ষণ। উৎপত্তি লক্ষণ, ব্যয় লক্ষণ ও স্থিতান্য আত্ম লক্ষণ শূন্য। ব্যয় লক্ষণ, উৎপত্তি লক্ষণ এবং স্থিতান্য আত্ম লক্ষণ শূন্য। স্থিতান্য আত্ম লক্ষণ উৎপত্তি, লক্ষণ ও ব্যয় লক্ষণ শূন্য।

রূপের উৎপত্তি লক্ষণ, ব্যয় লক্ষণ ও স্থিতান্য আত্ম লক্ষণ শূন্য। রূপের ব্যয় লক্ষণ, উৎপত্তি লক্ষণ এবং স্থিতান্য আত্ম লক্ষণ শূন্য। রূপের স্থিতান্য আত্ম লক্ষণ, উৎপত্তি লক্ষণ ও ব্যয় লক্ষণ শূন্য। বেদনার উৎপত্তি লক্ষণ ... পূর্ববৎ ... [উপরোক্ত 'রূপের' এর স্থলে 'বেদনার' পড়তে হবে] ... সংজ্ঞার ... সংস্কারের ... বিজ্ঞানের ... চক্ষুর ... জরা-মরণের উৎপত্তি লক্ষণ ... ও ব্যয় লক্ষণ শূন্য। এটা-ই লক্ষণ শূন্য।

বিষ্কম্ভন শূন্য কি? নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দ বিষ্কম্ভিত বা দমিত ও শূন্য হয়। অব্যাপাদ দ্বারা ব্যাপাদ দমিত ও শূন্য হয়। আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্য দমিত ও শূন্য হয়। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতা দমিত ও শূন্য হয়। ধর্ম বিশ্লেষণ দ্বারা বিচিকিৎসা দমিত ও শূন্য হয়। জ্ঞানের দ্বারা অবিদ্যা দমিত ও শূন্য হয়। প্রমোদ্যের দ্বারা অরতি (উদ্বেগ) দমিত ও শূন্য হয়।

Visit: http://www.buddhistdownload.com

প্রথম ধ্যানের দ্বারা নীবরণসমূহ দমিত ও শূন্য হয়। দ্বিতীয় ধ্যানের দ্বারা ... পে ... অরহত্ব মার্গের দ্বারা সব ক্লেশ দমিত ও শূন্য হয়। এটা-ই বিষ্কম্ভণ শূন্য।

তদঙ্গ শূন্য কি? নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দ তদঙ্গ শূন্য হয়। অব্যাপাদ দ্বারা ব্যাপাদ তদঙ্গ শূন্য হয়। আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্য তদঙ্গ শূন্য হয়। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতা তদঙ্গ শূন্য হয়। ধর্মবিশ্লেষণ দ্বার বিচিকিৎসা তদঙ্গ শূন্য হয়। জ্ঞান দ্বারা অবিদ্যা তদঙ্গ শূন্য হয়। প্রমোদ্যে দ্বারা অরতি (উদ্বেগ) তদঙ্গ শূন্য হয়। প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহ তদঙ্গ শূন্য হয়। ...পে... বিবর্তনানুদর্শন দ্বারা সংযোগাভিনিবেশ তদঙ্গ শূন্য হয়; এটা-ই তদঙ্গ শূন্য।

সমুচ্ছেদ শূন্য কি? নৈষ্ক্রম্যের দ্বারা কামচ্ছন্দ সমুচ্ছিন্ন ও শূন্য হয়। অব্যাপাদের দ্বারা ব্যাপাদ সমুচ্ছিন্ন ও শূন্য হয়; আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্য সমুচ্ছিন্ন ও শূন্য হয়। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতা সমুচ্ছিন্ন ও শূন্য হয়। ধর্মবিশ্লেষণ দ্বারা বিচিকিৎসা সমুচ্ছিন্ন ও শূন্য হয়। জ্ঞানের দ্বারা অবিদ্যা সমুচ্ছিন্ন ও শূন্য হয়। প্রমোদ্যের দ্বারা অরতি (উদ্বেগ) সমুচ্ছিন্ন ও শূন্যা হয়। প্রথমধ্যানের দ্বারা নীবরণসমূহ সমুচ্ছিন্ন ও শূন্য হয়। ...পে... অরহত্ব মার্গের দ্বারা সবক্লেশ সমুচ্ছিন্ন ও শূন্য হয়। এটা-ই সমুচ্ছেদ শূন্য।

প্রতিপ্রশ্রদ্ধি শূন্য কি? নৈষ্ক্রম্যের দ্বারা কামচ্ছন্দ প্রশান্ত ও শূন্য হয়। অব্যাপাদের দ্বারা ... পূর্ববৎ ... [উপরোক্ত 'সমুচ্ছিদ' এর স্থলে 'প্রশান্ত' পড়তে হবে] অরহত্বমার্গের দ্বারা সবক্লেশ প্রশান্ত ও শূন্য হয়। এটা-ই প্রতিপ্রশ্রদ্ধি শূন্য।

নিঃসরণ শূন্য কি? নৈষ্ক্রম্যের দ্বারা কামচ্ছন্দ পরিত্যক্ত ও শূন্য হয়। অব্যাপাদের দ্বারা ... পূর্ববৎ ... [উপরোক্ত 'সমুচ্ছিন্ন' এর স্থলে 'পরিত্যক্ত' পড়তে হবে] অরহত্বমার্গের দ্বারা সর্ব ক্লেশ পরিত্যক্ত ও শূন্য হয়। এটা-ই নিঃসরণ শূন্য।

অধ্যাত্ম শূন্য কি? অধ্যাত্ম চক্ষু আত্ম, আত্মস্বভাব, নিত্য, ধ্রুব, শাশ্বত বা অবিপরিণামধর্মী শূন্য। অধ্যাত্ম শ্রোত্র আত্ম, ... অবিপরিণামধর্মী শূন্য। অধ্যাত্ম ঘ্রাণ ... শূন্য। অধ্যাত্ম জিহ্বা ... শূন্য।

Visit: http://www.buddhistdownload.com

অধ্যাত্ম কায় ... শূন্য। অধ্যাত্ম মন ... অবিপরিণামধর্মী শূন্য। এটা-ই অধ্যাত্ম শূন্য।

বাহ্যিক শূন্য কি? বাহ্যিক রূপ আত্ম, আত্মস্বভাব, নিত্য, ধ্রুব, শাশ্বত বা অবিপরিণামধর্মী শূন্য। বাহ্যিক শব্দ ... অবিপরিণামধর্মী শূন্য। বাহ্যিক গন্ধ ... শূন্য। বাহ্যিক রস ... শূন্য। বাহ্যিক স্পর্শ ... শূন্য। বাহ্যিক ধর্ম (মনোগোচর বিষয়) ... অবিপরিণামধর্মী শূন্য। এটা-ই বাহ্যিক শূন্য।

উভয় (অধ্যাত্ম বাহ্যিক) শূন্য কি? অধ্যাত্ম চক্ষু ও বাহ্যিক রূপ উভয়ই আত্ম, আত্মস্বভাব, নিত্য, ধ্রুব, শাশ্বত বা অবিপরিণামধর্মী শূন্য। অধ্যাত্ম, শ্রোত্র ও বাহ্যিক শব্দ উভয়ই আত্ম, ... শূন্য। অধ্যাত্ম ঘ্রাণ ও বাহ্যিক গন্ধ উভয়ই আত্ম, ... শূন্য। অধ্যাত্ম জিহ্বা ও বাহ্যিক রস উভয়ই আত্ম, ... শূন্য। অধ্যাত্ম কায় ও বাহ্যিক স্পর্শ উভয়ই আত্ম, ... শূন্য। অধ্যাত্ম মন ও বাহ্যিক ধর্ম উভয়ই আত্ম, ... অবিপরিণামধর্মী শূন্য। এটা-ই উভয় শূন্য।

সভাগ শূন্য কি? ছয় প্রকার আধ্যাত্মিক আয়তন সভাগ বা সদৃশ ও শূন্য হয়। ছয় প্রকার বাহ্যিক আয়তন সভাগ ও শূন্য হয়। ছয় প্রকার বিজ্ঞানকায় সভাগ ও শূন্য হয়। ছয় প্রকার স্পর্শকায় সভাগ ও শূন্য হয়। ছয় প্রকার বেদনাকায় সভাগ ও শূন্য হয়। ছয় প্রকার সংজ্ঞাকায় সভাগ ও শূন্য হয়। ছয় প্রকার চেতনাকায় সভাগ ও শূন্য হয়। এটা-ই সভাগ শূন্য।

বিসভাগ শূন্য কি? ছয় প্রকার আধ্যাত্মিক আয়তন, ছয় প্রকার বাহ্যিক আয়তন হতে বিসভাগ বা বিসদৃশ ও শূন্য হয়। ছয় প্রকার বাহ্যিক আয়তন, ছয় প্রকার বিজ্ঞানকায় হতে বিসভাগ ও শূন্য হয়। ছয় প্রকার বিজ্ঞানকায় ছয়, প্রকার স্পর্শকায় হতে বিসভাগ ও শূন্য হয়। ছয় প্রকার স্পর্শকায়, ছয় প্রকার বেদনাকায় হতে বিসভাগ ও শূন্য হয়। ছয় প্রকার বেদনাকায়, ছয় প্রকার সংজ্ঞাকায় হতে বিসভাগ ও শূন্য হয়। ছয় প্রকার সংজ্ঞাকায়, ছয় প্রকার চেতনাকায় হতে বিসভাগ ও শূন্য হয়। এটা-ই বিসভাগ শূন্য।

এষণা শূন্য কি? নৈষ্ক্রম্য-এষণা কামচ্ছন্দ শূন্য। অব্যাপাদ-এষণা ব্যাপাদ শূন্য। আলোকসংজ্ঞা-এষণা তন্দ্রালস্য শূন্য। অবিক্ষেপ-এষণা

Visit: http://www.buddhistdownload.com

চঞ্চলতা শূন্য। ধর্মবিশ্লেষণ-এষণা বিচিকিৎসা শূন্য। জ্ঞান-এষণা অবিদ্যা শূন্য। প্রমোদ্য-এষণা অরতি শূন্য। প্রথমধ্যান-এষণা নীবরণ শূন্য। ... পে ... অরহত্বমার্গ-এষণা সর্ব ক্লেশ শূন্য। এটা-ই এষণা শূন্য।

পরিগ্রহ শূন্য কি? নৈষ্ক্রম্য-পরিগ্রহ কামচ্ছন্দ শূন্য। অব্যাপাদ-পরিগ্রহ ... পূর্ববৎ ... [উপরোক্ত 'এষণা' এর স্থলে 'পরিগ্রহ' পড়তে হবে] অরহত্বমার্গ পরিগ্রহ সর্ব ক্লেশ শূন্য। এটা-ই পরিগ্রহ শূন্য।

প্রতিলাভ শূন্য কি? নৈষ্ক্রম্য-প্রতিলাভ কামচ্ছন্দ শূন্য। অব্যাপাদ-প্রতিলাভ ... পূর্ববৎ ... ['এষণা' এর স্থলে 'প্রতিলাভ' পড়তে হবে] অরহত্বমার্গ-প্রতিলাভ সর্ব ক্লেশ শূন্য। এটা-ই প্রতিলাভ শূন্য।

প্রতিবেধ শূন্য কি? নৈষ্ক্রম্য-প্রতিবেধ কামচ্ছন্দ শূন্য। অব্যাপাদ-প্রতিবেধ ... পূর্ববৎ ... ['এষণা' এর স্থলে 'প্রতিবেধ' পড়তে হবে] অরহত্বমার্গ-প্রতিবেধ সর্ব ক্লেশ শূন্য। এটা-ই প্রতিবেধ শূন্য।

একত্ব শূন্য ও নানাত্ব শূন্য কি? কামচ্ছন্দ নানাত্ব, নৈষ্ক্রম্য একত্ব। নৈষ্ক্রম্য একত্ব-চেতনা বা চিন্তা কামচ্ছন্দ শূন্য। ব্যাপাদ নানাত্ব, অব্যাপাদ একত্ব। অব্যাপাদ একত্ব চেতনা ব্যাপাদ শূন্য। তন্দ্রালস্য নানাত্ব, আলোকসংজ্ঞা একত্ব। আলোকসংজ্ঞা একত্ব চেতনা তন্দ্রালস্য শূন্য। চঞ্চলতা নানাত্ব, অবিক্ষেপ একত্ব। অবিক্ষেপ একত্ব চেতনা চঞ্চলতা শূন্য। বিচিকৎসা নানাত্ব, ধর্মবিশ্লেষণ একত্ব। ধর্মবিশ্লেষণ একত্ব চেতনা বিচিকিৎসা শূন্য। অবিদ্যা নানাত্ব, জ্ঞান একত্ব। জ্ঞান একত্ব চেতনা অবিদ্যা শূন্য। অরতি নানাত্ব, প্রমোদ্য একত্ব। প্রামোদ্য একত্ব চেতনা অরতি শূন্য। নীবরণ নানাত্ব, প্রথম ধ্যান একত্ব। প্রথম ধ্যান একত্ব চেতনা নীবরণ শূন্য। ...পে... সর্ব ক্লেশ নানাত্ব, অরহত্বমার্গ একত্ব। অরহত্বমার্গ একত্ব চেতনা সর্ব ক্লেশ শূন্য। এটা-ই একত্ব শূন্য ও নানাত্ব শূন্য।

ক্ষান্তি শূন্য কি? নৈষ্ক্রম্য-ক্ষান্তি কামচ্ছন্দ শূন্য হয়। অব্যাপাদ-ক্ষান্তি ব্যাপাদ শূন্য হয়। আলোকসংজ্ঞা-ক্ষান্তি তন্দ্রালস্য শূন্য হয়। অবিক্ষেপ-ক্ষান্তি চঞ্চলতা শূন্য। ধর্মবিশ্লেষণ-ক্ষান্তি বিচিকিৎসা শূন্য। জ্ঞান-ক্ষান্তি অবিদ্যা শূন্য। প্রমোদ্য-ক্ষান্তি অরতি শূন্য। প্রথমধ্যান-ক্ষান্তি নীবরণ শূন্য। ...পে... অরহত্বমার্গ-ক্ষান্তি সর্ব ক্লেশ শূন্য। এটা-ই ক্ষান্তি শূন্য।

Visit: http://www.buddhistdownload.com

অধিষ্ঠান শূন্য কি? নৈষ্ক্রম্য-অধিষ্ঠান কামচ্ছন্দ শূন্য। অব্যাপাদ-অধিষ্ঠান ... পূর্ববৎ ... [উপরোক্ত 'ক্ষান্তি' এর স্থলে 'অধিষ্ঠান' পড়তে হবে] অরহত্বমার্গ-অধিষ্ঠান সর্ব ক্লেশ শূন্য। এটা-ই অধিষ্ঠান শূন্য।

অবগাহন শূন্য কি? নৈষ্ক্রম্য-অবগাহন কামচ্ছন্দ শূন্য। অব্যাপাদ-অবগাহন ... পূর্ববৎ ... ['ক্ষান্তি' এর স্থলে 'অবগাহন' পড়তে হবে] অরহত্বমার্গ-অবগাহন সর্ব ক্লেশ শূন্য। এটা-ই অবগাহন শূন্য।

সম্প্রজ্ঞানীর প্রবর্তন-দমন সর্ব শূন্যতার পরমার্থ শূন্য কি? এখানে সম্প্রজ্ঞানী নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দের প্রবর্তন-দমন করেন। অব্যাপাদ দ্বারা ব্যাপাদের প্রবর্তন-দমন করেন। আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্যের প্রবর্তন-দমন করেন। অবিক্ষেপ (মনের স্থিরতা) দ্বারা চঞ্চলতার প্রবর্তন-দমন করেন। ধর্ম বিশ্লেষণ দ্বারা বিচিকিৎসার প্রবর্তন-দমন করেন। জ্ঞান দ্বারা অবিদ্যার প্রবর্তন-দমন করেন। প্রামোদ্য (আনন্দ) দ্বারা অরতির প্রবর্তন-দমন করেন। প্রথম ধ্যান দ্বারা নীবরণসমূহের প্রবর্তন-দমন করেন। ...পে... অরহত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশের প্রবর্তন-দমন করেন। অথবা সম্প্রজ্ঞানীর পরিনির্বাণের পর অনুপাদিশেষ নির্বাণ ধাতুতে চক্ষু প্রবর্তন-দমন করেন এবং অন্য চক্ষু প্রবর্তন উৎপন্ন হয় না। এভাবে শ্রোত্র প্রবর্তন, ঘ্রাণ প্রবর্তন, জিহ্বা প্রবর্তন, কায় প্রবর্তন ও মন প্রবর্তন দমন করেন। আর অন্য শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায় এবং মন প্রবর্তন উৎপন্ন হয় না। এটা-ই সম্প্রজ্ঞানীর প্রবর্তন-দমন সর্ব শূন্যতার পরমার্থ শূন্য।

শূন্য কথা সমাপ্ত।
যুগনদ্ধ বর্গ দ্বিতীয় সমাপ্ত।

স্মারক গাথা –

যুগনদ্ধ সত্য বোধ্যঙ্গ, মৈত্রী বিরাগ পঞ্চম,
প্রতিসম্ভিদা ধর্মচক্র, লোকোত্তর বল শূন্য দশম,
নিকায়ধরগণে রক্ষিত, অসম প্রবর বরবর্গ দ্বিতীয়।

Visit: http://www.buddhistdownload.com

৩। প্রজ্ঞাবর্গ

১। মহাপ্রজ্ঞা কথা

১। অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? দুঃখানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? অনাত্মানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? নির্বেদানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? বিরাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? নিরোধানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়?

অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। দুঃখানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে নির্বেধিক প্রজ্ঞা পরিপূর্ণ হয়। অনাত্মানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে মহাপ্রজ্ঞা পরিপূর্ণ হয়। নির্বেদানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে তীক্ষ্ণ প্রজ্ঞা পরিপূর্ণ হয়। বিরাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে বিপুল প্রজ্ঞা পরিপূর্ণ হয়। নিরোধানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে গভীর প্রজ্ঞা পরিপূর্ণ হয়। পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে অসমাপ্ত বা অসমীপ্য প্রজ্ঞা পরিপূর্ণ হয়। এই সাত প্রকার প্রজ্ঞা ভাবিত ও বহুলীকৃত হলে পাণ্ডিত্য[১] পরিপূর্ণ হয়। পূর্বোক্ত আট প্রকার প্রজ্ঞা ভাবিত ও বহুলীকৃত হলে পুথু[২] বা

---

[১]। এই পাণ্ডিত্যও এক প্রকার প্রজ্ঞা। যেহেতু উপরোক্ত ৭ প্রকার প্রজ্ঞার পরিপূর্ণ ভাবনার দ্বারা পাণ্ডিত্য লক্ষণ প্রাপ্ত হয় অর্থাৎ 'শিক্ষাপ্রাপ্ত-উত্থানগামী-বিদর্শন' নামক সংস্কারোপেক্ষা-অনুলোম-গোত্রভূজ্ঞানের দ্বারা পণ্ডিত হয়ে পাণ্ডিত্যের সমন্নাগত হয়, সেজন্য পাণ্ডিত্য পরিপূর্ণ করে এ কথা বলা হয়েছে। অতএব পাণ্ডিত্য নামক যে প্রজ্ঞা তাকে বলা হয় পাণ্ডিত্য প্রজ্ঞা– বৌদ্ধদর্শনে প্রজ্ঞাতত্ত্ব বিমুক্তিমার্গ, পৃ. ১৩৫, ভিক্ষু ড.জিনবোধি।

[২]। প্রতিসম্ভিদামার্গের অর্থ কথাকার বলেছেন– 'যেহেতু সে পাণ্ডিত্যের দ্বারা সমন্নাগত হয়ে সে পণ্ডিত গোত্রভূজ্ঞানের পরে নির্বাণকে আলম্বন করে লোকোত্তর ভাব প্রাপ্তির জন্য লৌকিয় থেকে পৃথক ভূত হেতু 'পুথু প্রজ্ঞা' নামক মার্গফল প্রজ্ঞা লাভ করে,

Visit: http://www.buddhistdownload.com

পৃথক প্রজ্ঞা পরিপূর্ণ হয়। উপরোক্ত নয় প্রকার প্রজ্ঞা ভাবিত ও বহুলীকৃত হলে হাস প্রজ্ঞা[১] পরিপূর্ণ হয়।

হাস প্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা অর্থ বিশ্লেষণ করলে তাঁর অর্থ-প্রতিসম্ভিদা[২] অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়। প্রজ্ঞা দ্বারা ধর্ম বিশ্লেষণ করলে ধর্ম প্রতিসম্ভিদা[৩] অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়। প্রজ্ঞা দ্বারা নিরুক্তি বিশ্লেষণ করলে নিরুক্তি প্রতিসম্ভিদা[৪] অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়। প্রজ্ঞা দ্বারা প্রতিভান বিশ্লেষণ করলে প্রতিভান-প্রতিসম্ভিদা[৫] অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়। প্রজ্ঞা দ্বারা তার এই চারি প্রতিসম্ভিদা অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

রূপে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? রূপে দুঃখানুদর্শন ভাবিত ...? রূপে অনাত্মানুদর্শন ভাবিত ...? রূপে

সেজন্য উপরোক্ত ৮প্রকার প্রজ্ঞা পৃথ্ প্রজ্ঞাকে পরিপূর্ণ করে এ কথা বলা হয়েছে'। – বৌদ্ধদর্শনে প্রজ্ঞাতত্ত্ব বিমুক্তিমার্গ, ভিক্ষু ড.জিনবোধি।

[১]। পূর্বোক্ত ৯ প্রকার প্রজ্ঞা দ্বারা মার্গফললাভী আর্যপুদ্গলের উৎকৃষ্ট, লোকোত্তর, ধর্মোপযোগের দ্বারা উৎকৃষ্ট চিত্ত সন্তন উৎপন্ন হয়। এর ফলে তিনি প্রকৃষ্টাকারে মার্গ প্রত্যবেক্ষণ, ফল প্রত্যবেক্ষণা ইত্যাদি প্রজ্ঞা লাভ করেন, এ সব প্রত্যবেক্ষণ প্রজ্ঞা হাসাকারে বা প্রকৃষ্টাকারে প্রবর্তমান চিত্তসন্তনের হাসপ্রজ্ঞা নাম হয়। বৌদ্ধদর্শনে প্রজ্ঞাতত্ত্ব বিমুক্তিমার্গ, ভিক্ষু ড.জিনবোধি।

[২]। অভিধর্মে উক্ত হয়েছে– যা কিছু প্রত্যয় সম্ভূত তৎসমুদয়, নির্বাণ, ভাষিতার্থ, বিপাক ও ক্রিয়া এই ৫ প্রকার ধর্ম অর্থ। এই সব অর্থ প্রত্যবেক্ষণ করতে করতে তাতে যে প্রভেদগত জ্ঞান জন্মে তা অর্থ-প্রতিসম্ভিদা।– বৌদ্ধদর্শনে প্রজ্ঞাতত্ত্ব বিমুক্তিমার্গ, ভিক্ষু ড.জিনবোধি।

[৩]। যা কিছু ফল উৎপাদনকারী তৎসমুদয়, হেতু, আর্যমার্গ, ভাষিত কুশল ও অকুশল এই ৫ প্রকার ধর্মই ধর্ম বলে কথিত। তা প্রত্যবেক্ষণ করতে করতে যে প্রভেদগত জ্ঞান জন্মে তাই ধর্ম-প্রতিসম্ভিদা। – বৌদ্ধদর্শনে প্রজ্ঞাতত্ত্ব বিমুক্তিমার্গ, ভিক্ষু ড.জিনবোধি।

[৪]। উপরোক্ত অর্থ ও ধর্ম অভিলাপ বা ভাষণ করতে যে জ্ঞান তাই নিরুক্তি-প্রতিসম্ভিদা। – বৌদ্ধদর্শনে প্রজ্ঞাতত্ত্ব বিমুক্তিমার্গ, ভিক্ষু ড.জিনবোধি।

[৫]। সর্বত্র জ্ঞান আলম্বন করে প্রত্যবেক্ষণ করতে করতে যে জ্ঞান আলম্বন জ্ঞান বা যথাযুক্ত সেসব জ্ঞানে সগোচর ইত্যাদিবশে বিস্তারভাবে যে জ্ঞান লাভ হয় তাই প্রতিভান-প্রতিসম্ভিদা। – বৌদ্ধদর্শনে প্রজ্ঞাতত্ত্ব বিমুক্তিমার্গ, ভিক্ষু ড.জিনবোধি।

Visit: http://www.buddhistdownload.com

নির্বেদানুদর্শন ভাবিত ...? রূপে বিরাগানুদর্শন ভাবিত ...? রূপে নিরোধানুদর্শন ভাবিত ...? রূপে পরিত্যানুদর্শন ভাবিত ...?

রূপে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে দুঃখানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে নির্বেধিক প্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে অনাত্মানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে মহাপ্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে নির্বেদানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে তীক্ষ্ণ প্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে বিরাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে বিপুল প্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে নিরোধানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে গভীর প্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে অসমীপ্য প্রজ্ঞা পরিপূর্ণ হয়। এই সাত প্রকার প্রজ্ঞা ভাবিত ও বহুলীকৃত হলে পাণ্ডিত্য পরিপূর্ণ হয়। পূর্বোক্ত আট প্রকার প্রজ্ঞা ভাবিত ও বহুলীকৃত হলে পুথু বা পৃথক প্রজ্ঞা পরিপূর্ণ হয়। উপরোক্ত নয় প্রকার প্রজ্ঞা ভাবিত ও বহুলীকৃত হলে হাস প্রজ্ঞা পরিপূর্ণ হয়।

হাস প্রজ্ঞাই প্রতিভান প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা তার অর্থ বিশ্লেষণ করলে ... পূর্ববৎ ... সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

বেদনায় অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ করে? বেদনার দুঃখানুদর্শন ... পূর্ববৎ ... [উপরোক্ত 'রূপে' এর স্থলে 'বেদনায়' পড়তে হবে] বেদনায় পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়?

বেদনায় অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'বেদনায়' পড়তে হবে] হাস প্রজ্ঞা পরিপূর্ণ হয়।

হাস প্রজ্ঞাই প্রতিভান প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা তার অর্থ বিশ্লেষণ করলে ... পূর্ববৎ ... সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

সংজ্ঞায় অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ করে? সংজ্ঞায় দুঃখানুদর্শন ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'সংজ্ঞায়' পড়তে হবে] সংজ্ঞায় পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়?

Visit: http://www.buddhistdownload.com

সংজ্ঞায় অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'সংজ্ঞায়' পড়তে হবে] হাস প্রজ্ঞা পরিপূর্ণ হয়।

হাস প্রজ্ঞাই প্রতিভান প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা তার অর্থ বিশ্লেষণ করলে ... পূর্ববৎ ... সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

সংস্কারে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? সংস্কারে দুঃখানুদর্শন ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'সংস্কারে' পড়তে হবে] সংস্কারে পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়?

সংস্কারে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'সংস্কারে' পড়তে হবে] হাসপ্রজ্ঞা পরিপূর্ণ হয়।

হাসপ্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা তার অর্থ বিশ্লেষণ করলে ... পূর্ববৎ ... সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

বিজ্ঞানে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? বিজ্ঞানে দুঃখানুদর্শন ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'বিজ্ঞানে' পড়তে হবে] বিজ্ঞানে পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়?

বিজ্ঞানে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবনপ্রজ্ঞা পরিপূর্ণ হয়। ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'বিজ্ঞানে' পড়তে হবে] হাসপ্রজ্ঞা পরিপূর্ণ হয়।

হাসপ্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা তার অর্থ বিশ্লেষণ করলে ... পূর্ববৎ ... সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

চক্ষুতে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? চক্ষুতে দুঃখানুদর্শন ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'চক্ষুতে' পড়তে হবে] চক্ষুতে পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়?

Visit: http://www.buddhistdownload.com

চক্ষুতে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'চক্ষুতে' পড়তে হবে] হাসপ্রজ্ঞা পরিপূর্ণ হয়।

হাসপ্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা তার অর্থ বিশ্লেষণ করলে ... পূর্ববৎ ... সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

জরা-মরণে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? জরা-মরণে দুঃখানুদর্শন ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'জরা-মরণে' পড়তে হবে] জরা-মরণে পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়?

জরা-মরণে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবনপ্রজ্ঞা পরিপূর্ণ হয়। ...পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'জরা-মরণে' পড়তে হবে] হাস প্রজ্ঞা পরিপূর্ণ হয়।

হাসপ্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা তার অর্থ বিশ্লেষণ করলে ... পূর্ববৎ ... সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

২। রূপে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? অতীত, অনাগত এবং বর্তমান রূপে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? রূপে দুঃখানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? অতীত, অনাগত এবং বর্তমান রূপে দুঃখানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন প্রজ্ঞা পরিপূর্ণ হয়? রূপে অনাত্মানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? অতীত, অনাগত এবং বর্তমান রূপে অনাত্মানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? রূপে নির্বেদানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? অতীত, অনাগত এবং বর্তমান রূপে নির্বেদানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? রূপে বিরাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ করে? অতীত, অনাগত এবং বর্তমান রূপে বিরাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? রূপে নিরোধানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? অতীত, অনাগত এবং বর্তমান রূপে নিরোধানুদর্শন ভাবিত ও

Visit: http://www.buddhistdownload.com

বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? রূপে পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? অতীত, অনাগত এবং বর্তমান রূপে পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়?

রূপে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। অতীত, অনাগত এবং বর্তমান রূপে অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবনপ্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে দুঃখানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে নির্বেধিক প্রজ্ঞা পরিপূর্ণ হয়। অতীত, অনাগত এবং বর্তমান রূপে দুঃখানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবনপ্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে অনাত্মানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে মহাপ্রজ্ঞা পরিপূর্ণ হয়। অতীত, অনাগত এবং বর্তমান রূপে অনাত্মানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে নির্বেদানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে তীক্ষ্ণ প্রজ্ঞা পরিপূর্ণ হয়। অতীত, অনাগত এবং বর্তমান রূপে নির্বেদানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবনপ্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে বিরাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে বিপুল প্রজ্ঞা পরিপূর্ণ হয়। অতীত, অনাগত এবং বর্তমান রূপে বিরাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে নিরোধানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে গভীর প্রজ্ঞা পরিপূর্ণ হয়। অতীত, অনাগত এবং বর্তমান রূপে নিরোধানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। রূপে পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে অসমীপ্য প্রজ্ঞা পরিপূর্ণ হয়। অতীত, অনাগত এবং বর্তমান রূপে পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবনপ্রজ্ঞা পরিপূর্ণ হয়। এই সাত প্রকার প্রজ্ঞা ভাবিত ও বহুলীকৃত হলে পাণ্ডিত্য পরিপূর্ণ হয়। পূর্বোক্ত আট প্রকার প্রজ্ঞা ভাবিত ও বহুলীকৃত হলে পৃথু বা পৃথক প্রজ্ঞা পরিপূর্ণ হয়। উপরোক্ত নয় প্রকার প্রজ্ঞা ভাবিত ও বহুলীকৃত হলে হাসপ্রজ্ঞা পরিপূর্ণ হয়।

হাসপ্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা অর্থ বিশ্লেষণ করলে তাঁর অর্থ-প্রতিসম্ভিদা অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়। প্রজ্ঞা দ্বারা ধর্ম বিশ্লেষণ করলে ধর্ম-প্রতিসম্ভিদা অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়। প্রজ্ঞা দ্বারা নিরুক্তি বিশ্লেষণ করলে নিরুক্তি-প্রতিসম্ভিদা অধিগত,

Visit: http://www.buddhistdownload.com

সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়। প্রজ্ঞা দ্বারা প্রতিভান বিশ্লেষণ করলে প্রতিভান-প্রতিসম্ভিদা অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়। প্রজ্ঞা দ্বারা তাঁর চারি প্রতিসম্ভিদা অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

বেদনায় অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? অতীত, অনাগত এবং বর্তমান বেদনায় অনিত্যানুদর্শন ...পূর্ববৎ ... [উপরোক্ত 'রূপে' এর স্থলে 'বেদনায়' পড়তে হবে] অতীত, অনাগত এবং বর্তমান বেদনায় পরিত্যাগানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়?

বেদনায় অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। অতীত, অনাগত এবং বর্তমান বেদনায় অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন প্রজ্ঞা পরিপূর্ণ হয়। বেদনায় দুঃখগানুদর্শন ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'বেদনায়' পড়তে হবে] উপরোক্ত নয় প্রকার প্রজ্ঞা ভাবিত ও বহুলীকৃত হলে হাস প্রজ্ঞা পরিপূর্ণ হয়।

হাসপ্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা অর্থ ... পূর্ববৎ ... সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

সংজ্ঞায় অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়? অতীত, অনাগত এবং বর্তমান সংজ্ঞায় ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'সংজ্ঞায়' পড়তে হবে] অতীত, অনাগত এবং বর্তমান সংজ্ঞায় পরিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে কোন্ প্রজ্ঞা পরিপূর্ণ হয়?

সংজ্ঞায় অনিত্যানুদর্শন ভাবিত ও বহুলীকৃত হলে জবন পরিপূর্ণ হয়। অতীত, অনাগত এবং বর্তমান সংজ্ঞায় ... পূর্ববৎ ... ['রূপে' এর স্থলে 'সংজ্ঞায়' পড়তে হবে] হাস প্রজ্ঞা পরিপূর্ণ হয়।

হাসপ্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা অর্থ ... পূর্ববৎ ... সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

সংস্কারে ... বিজ্ঞানে ... চক্ষুতে ...শ্রোত্রে ... ঘ্রাণে ... জিহ্বায় ... কায়ে ... মনে ... জরা-মরণে ... [এদের ক্ষেত্রে ও পূর্বোক্তরূপে পড়তে হবে] হাসপ্রজ্ঞা পরিপূর্ণ হয়।

Visit: http://www.buddhistdownload.com

হাসপ্রজ্ঞাই প্রতিভান-প্রতিসম্ভিদা। প্রজ্ঞা দ্বারা অর্থ ... পূর্ববৎ .. সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়।

৩। "হে ভিক্ষুগণ! চার প্রকার ধর্ম[১] ভাবিত ও বহুলীকৃত হলে স্রোতাপত্তিফল সাক্ষাৎ বা লাভের জন্য সংবর্তিত হয়। সেই চার প্রকার ধর্ম কি কি? যথা– সৎপুরুষ সংস্রব, সদ্ধর্ম শ্রবণ, উত্তমরূপে মনোযোগ প্রদান এবং ধর্মানুধর্ম আচরণ। এই চার প্রকার ধর্ম ভাবিত ও বহুলীকৃত হলে স্রোতাপত্তিফল সাক্ষাতের জন্য সংবর্তিত হয়"।

"ভিক্ষুগণ! চার প্রকার ধর্ম ভাবিত ও বহুলীকৃত হলে সকৃদাগামীফল সাক্ষাতের জন্য সংবর্তিত হয়। সেই চার প্রকার ধর্ম কি কি? যথা– সৎপুরুষ সংস্রব, সদ্ধর্ম শ্রবণ, উত্তমরূপে মনোযোগ প্রদান এবং ধর্মানুধর্ম আচরণ। এই চার প্রকার ধর্ম ভাবিত ও বহুলীকৃত হলে সকৃদাগামীফল সাক্ষাতের জন্য সংবর্তিত হয়"।

"ভিক্ষুগণ! চার প্রকার ধর্ম ভাবিত ও বহুলীকৃত হলে অনাগামীফল সাক্ষাতের জন্য সংবর্তিত হয়। সেই চার প্রকার ধর্ম কি কি? যথা– সৎপুরুষ সংস্রব, সদ্ধর্ম শ্রবণ, উত্তমরূপে মনোযোগ প্রদান এবং ধর্মানুধর্ম আচরণ। এই চার প্রকার ধর্ম ভাবিত ও বহুলীকৃত হলে অনাগামীফল সাক্ষাতের জন্য সংবর্তিত হয়"।

"ভিক্ষুগণ! চার প্রকার ধর্ম ভাবিত ও বহুলীকৃত হলে অরহত্বফল সাক্ষাতের জন্য সংবর্তিত হয়। সেই চার প্রকার ধর্ম কি কি? যথা– সৎপুরুষ সংস্রব, সদ্ধর্ম শ্রবণ, উত্তমরূপে মনোযোগ প্রদান এবং ধর্মানুধর্ম আচরণ। এই চার প্রকার ধর্ম ভাবিত ও বহুলীকৃত হলে অরহত্বফল সাক্ষাতের জন্য সংবর্তিত হয়"।

"ভিক্ষুগণ! চার প্রকার ধর্ম ভাবিত ও বহুলীকৃত হলে প্রজ্ঞা প্রতিলাভ, প্রজ্ঞা বৃদ্ধি, প্রজ্ঞা বৈপুল্য, মহাপ্রাজ্ঞতা, পৃথু প্রাজ্ঞতা, বিপুল প্রাজ্ঞতা, গভীর প্রাজ্ঞতা, অসমীপ্য প্রাজ্ঞতা, ভূরি প্রাজ্ঞতা, বহুল্য প্রাজ্ঞতা, শীঘ্র প্রাজ্ঞতা, লঘু প্রাজ্ঞতা, হাসপ্রাজ্ঞতা, জবন প্রাজ্ঞতা, তীক্ষ্ণ প্রাজ্ঞতা ও নির্বেধিক প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়। সেই চার প্রকার ধর্ম কি কি? যথা– সৎপুরুষ

---

[১]। সংযুক্ত নিকায় মহাবর্গে ১০৫১-১০৭৩ নং সূত্র দ্রষ্টব্য।

Visit: http://www.buddhistdownload.com

সংস্রব, সদ্ধর্ম শ্রবণ, উত্তমরূপে মনোযোগ প্রদান এবং ধর্মানুধর্ম আচরণ। এই চার প্রকার ধর্ম ভাবিত ও বহুলীকৃত হলে প্রজ্ঞা প্রতিলাভ, ... ও নির্বেধিক প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়"।

১। ষোল প্রকার প্রজ্ঞা বর্ণনা

৪। 'প্রজ্ঞা প্রতিলাভের জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই প্রজ্ঞা প্রতিলাভ কি? চারি মার্গজ্ঞান, চারি ফলজ্ঞান, চারি প্রতিসম্ভিদা জ্ঞান, ষড়াভিজ্ঞা জ্ঞান, ৭৩ প্রকার জ্ঞান এবং ৭৭ প্রকার জ্ঞানের লাভ, প্রতিলাভ, প্রাপ্তি, সম্প্রাপ্তি, স্পর্শন, সাক্ষাৎকরণ ও অর্জন। প্রজ্ঞা প্রতিলাভের জন্য সংবর্তিত হয় ... এটা-ই প্রজ্ঞা প্রতিলাভ।

'প্রজ্ঞা বৃদ্ধির জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই প্রজ্ঞা বৃদ্ধি কি? সাতজন শৈক্ষ্য, কল্যাণ পৃথগ্‌জন এবং অরহতের প্রজ্ঞা বৃদ্ধি হয়। বর্ধিত-বর্ধন প্রজ্ঞা বৃদ্ধির জন্য সংবর্তিত হয়– এটা-ই প্রজ্ঞা বৃদ্ধি।

'প্রজ্ঞা বৈপুল্যের জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই প্রজ্ঞা বৈপুল্য কি? সাতজন শৈক্ষ্য এবং কল্যাণ পৃথগ্‌জনের প্রজ্ঞা বৈপুল্য হয়। অরহতের লব্ধ প্রজ্ঞা-বৈপুল্যের জন্য সংবর্তিত হয়– এটা-ই প্রজ্ঞা বৈপুল্য।

'মহাপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই মহাপ্রজ্ঞা কি? মহান অর্থ পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান ধর্ম পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহাননিরুক্তি পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান প্রতিভান পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান শীলস্কন্ধ পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান সমাধিস্কন্ধ পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান প্রজ্ঞাস্কন্ধ পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান বিমুক্তিস্কন্ধ পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান বিমুক্তিজ্ঞান-দর্শনস্কন্ধ পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান বিষয়-অবিষয় পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান বিহার সমাপত্তি পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান আর্যসত্য পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান স্মৃতিপ্রস্থান পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান সম্যকপ্রধান পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান ঋদ্ধিপাদ

Visit: http://www.buddhistdownload.com

পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান ইন্দ্রিয়সমূহ পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান বলসমূহ পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান বোধ্যঙ্গসমূহ পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান আর্যমার্গ পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান শ্রামণ্যফল পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান অভিজ্ঞা পরিগ্রহণ করে– এটা মহাপ্রজ্ঞা। মহান পরমার্থ নির্বাণকে পরিগ্রহণ করে – এটা মহাপ্রজ্ঞা। মহাপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই মহাপ্রজ্ঞা।

'পুথু প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই পুথু প্রজ্ঞা কি? পুথু নানাভাবে স্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে ধাতুতে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে আয়তনে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে প্রতীত্য সমুৎপাদে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে শূন্যতা অনুপলব্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে অর্থে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে ধর্মে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে নিরুক্তিতে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে প্রতিভানে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে শীলস্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে সমাধিস্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে প্রজ্ঞাস্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে বিমুক্তি স্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে বিমুক্তিজ্ঞান-দর্শনস্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে স্থান-অস্থানে বা বিষয়-অবিষয়ে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে বিহার সমাপত্তিতে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে আর্যসত্যে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে স্মৃতিপ্রস্থানে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে সম্যকপ্রধানে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে ঋদ্ধিপাদে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে ইন্দ্রিয়ে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে বলে জ্ঞান প্রবর্তিত

Visit: http://www.buddhistdownload.com

করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে বোধ্যঙ্গে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে আর্যমার্গে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে শ্রামণ্যফলে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু নানাভাবে অভিজ্ঞায় জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পৃথগ্‌জনের ধর্ম অতিক্রম করে পরমার্থ নির্বাণে জ্ঞান প্রবর্তিত করে– এটা পুথু প্রজ্ঞা। পুথু প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই পুথু প্রজ্ঞা।

'বিপুল প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই বিপুল প্রজ্ঞা কি? বিপুল অর্থ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল ধর্ম পরিগ্রহণ করে– এটা বিপুল প্রজ্ঞা। বিপুল নিরুক্তি পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল প্রতিভান পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল শীলস্কন্ধ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল সমাধিস্কন্ধ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল প্রজ্ঞাস্কন্ধ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল বিমুক্তিস্কন্ধ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল বিমুক্তিজ্ঞান-দর্শন স্কন্ধ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল বিষয়-অবিষয় পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল বিহারসমাপত্তি পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল আর্যসত্য পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল স্মৃতিপ্রস্থান পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল সম্যকপ্রধান পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল ঋদ্ধিপাদ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল ইন্দ্রিয়সমূহ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল বলসমূহ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল বোধ্যঙ্গ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল আর্যমার্গ পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল শ্রামণ্যফল পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল অভিজ্ঞা পরিগ্রহণ করে – এটা বিপুল প্রজ্ঞা। বিপুল পরমার্থ নির্বাণ পরিগ্রহণ করে– এটা বিপুল প্রজ্ঞা। বিপুল প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই বিপুল প্রজ্ঞা।

'গভীর প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই গভীর প্রজ্ঞা কি? গভীর স্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর ধাতুতে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর আয়তনে জ্ঞান প্রবর্তিত করে–

Visit: http://www.buddhistdownload.com

এটা গভীর প্রজ্ঞা। গভীর প্রতীত্যসম্যৎপাদে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর শূন্যতা অনুপলব্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর অর্থে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর ধর্মে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর নিরুক্তিতে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর প্রতিভানে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর শীলস্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর সমাধিস্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর প্রজ্ঞাস্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর বিমুক্তিস্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর বিমুক্তিজ্ঞান- দর্শন স্কন্ধে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর বিষয় অবিষয়ে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর বিহারসমাপত্তিতে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর আর্যসত্যে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর স্মৃতিপ্রস্থানে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর সম্যকপ্রধানে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর ঋদ্ধিপাদে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর ইন্দ্রিয়ে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর বলে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর বোধ্যঙ্গে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর আর্যমার্গে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর শ্রামণ্যফলে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর অভিজ্ঞায় জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর পরমার্থ নির্বাণে জ্ঞান প্রবর্তিত করে– এটা গভীর প্রজ্ঞা। গভীর প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই গভীর প্রজ্ঞা।

'অসমীপ্য প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়: সেই অসমীপ্য প্রজ্ঞা কি? প্রজ্ঞা দ্বারা অর্থ, ধর্ম, নিরুক্তি ও প্রতিভান বিশ্লেষণ করলে যে পুদ্গলের অর্থ-প্রতিসম্ভিদা, ধর্ম-প্রতিসম্ভিদা, নিরুক্তি-প্রতিসম্ভিদা এবং প্রতিভান-প্রতিসম্ভিদা সম্পূর্ণরূপে অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়। তাঁর অর্থ, ধর্ম, নিরুক্তি এবং প্রতিভানে লাভ করার মতো অন্যকিছু থাকে না। সেসব ধর্ম অন্য কারোর দ্বারা লাভ করা সম্ভব নয় – এটা-ই অসমীপ্য

Visit: http://www.buddhistdownload.com

প্রজ্ঞা।

কল্যাণ পৃথগ্‌জনের প্রজ্ঞা অষ্টমকের (যিনি নিম্নস্থ স্রোতাপত্তি মার্গস্থ হয়েছেন) প্রজ্ঞা হতে দূরে, বিদূরে, সুবিদূরে; নিকটে নয়, সমীপবর্তীতেও নয়। কল্যাণ পৃথগ্‌জনকে অষ্টমক বলে তুলনা করা অসমীপ্য প্রজ্ঞা। অষ্টমকের প্রজ্ঞা স্রোতাপন্নের প্রজ্ঞা হতে দূরে, ...। অষ্টমককে স্রোতাপন্ন বলে তুলনা করা অসমীপ্য প্রজ্ঞা। স্রোতাপন্নের প্রজ্ঞা সকৃদাগামীর প্রজ্ঞা হতে দূরে, ... নয়। স্রোতাপন্নকে সকৃদাগামী বলে তুলনা করা অসমীপ্য প্রজ্ঞা। সকৃদাগামীর প্রজ্ঞা অনাগামীর প্রজ্ঞা হতে দূরে ... নয়। সকৃদাগামীকে অনাগামী বলে তুলনা করা অসমীপ্য প্রজ্ঞা। অনাগামীর প্রজ্ঞা অরহতের প্রজ্ঞা হতে দূরে, ... নয়। অনাগামীকে অরহত বলে তুলনা করা অসমীপ্য প্রজ্ঞা। অরহতের প্রজ্ঞা পচ্চেক বুদ্ধের প্রজ্ঞা হতে দূরে, ... নয়। অরহতকে পচ্চেক বুদ্ধ বলে তুলনা করা অসমীপ্য প্রজ্ঞা। পচ্চেক বুদ্ধকে সদেবলোকের অগ্র তথাগত অরহত সম্যক সম্বুদ্ধ বলে তুলনা করা অসমীপ্য প্রজ্ঞা

৫। প্রজ্ঞা প্রভেদে দক্ষ, ক্ষিপ্রজ্ঞানী, প্রতিসম্ভিদা প্রাপ্ত, চারি বৈশারদ্য প্রাপ্ত, দশবলধারী, পুরুষার্ষভ (নরশ্রেষ্ঠ), পুরুষসিংহ (পুরুষোত্তম), পুরুষনাগ (নরোত্তম), মানবশ্রেষ্ঠ মহাপুরুষ, পবিত্রপুরুষ, অনন্তজ্ঞানী, অনন্ততেজী, অনন্ত যশস্বী, ঐশ্বর্যশালী, মহাধনী, ধনশালী, নেতা, বিনেতা, অনুনেতা, প্রজ্ঞাদাতা, আশ্রয়দাতা, দৃষ্টি দানকারী, প্রশান্তদানকারী সেই ভগবান অনুৎপন্ন মার্গের উৎপাদনকারী (আবিষ্কারক), অজ্ঞাত মার্গের জ্ঞাতকারী, অবর্ণিত মার্গের প্রবক্তা, মার্গাজ্ঞ, মার্গবিদ্, মার্গকোবিদ ও মার্গানুগামী। পরে শ্রাবকগণ সে মার্গে সমন্নাগত হয়ে অবস্থান করেন।

সেই ভগবান তথাগত জানাকে জানেন, দেখাকে দেখেন তিনি চক্ষুভূত, জ্ঞানভূত, ধর্মভূত, ব্রহ্মভূত (আচার পদ্ধতিতে ব্রহ্মসমূহ), বক্তা, প্রবক্তা, মঙ্গল আনয়নকারী, অমৃতদাতা এবং ধর্মস্বামী। ভগবানের প্রজ্ঞা দ্বারা অজ্ঞাত, অদৃষ্ট, অবিদিত, অসাক্ষাৎকৃত ও অস্পর্শিত কিছু নেই। অতীত, অনাগত ও বর্তমান সব ধর্ম সম্বন্ধে সর্বাকারে ভগবান বুদ্ধের জ্ঞানপথে উপস্থিত হয়। যা কিছু জানার আছে তা সবই জানেন।

Visit: http://www.buddhistdownload.com

আত্মহিত, পরহিত, আত্ম-পর উভয়হিত, ইহলোকহিত, পরলোকহিত, উত্তান বা অগভীরহিত, গভীরহিত, অদৃষ্টহিত, সুদৃষ্টহিত, গৌণহিত, প্রধানহিত, অনবদ্যহিত, বিশুদ্ধহিত, পবিত্রহিত এবং পরমার্থহিত, তা সবই বুদ্ধ জ্ঞানের মধ্যে আবর্তিত হয়

ভগবান বুদ্ধের সমস্ত কায়কর্ম জ্ঞানে সম্পাদিত হয়। ভগবান বুদ্ধের সমস্ত বাককর্ম জ্ঞানে সম্পাদিত হয়। ভগবান বুদ্ধের সমস্ত মনোকর্ম জ্ঞানে সম্পাদিত হয়। ভগবান বুদ্ধের জ্ঞান অতীতে অপ্রতিহত বা অব্যাহত ছিল। ভগবান বুদ্ধের জ্ঞান ভবিষ্যতে অপ্রতিহত থাকবে। ভগবান বুদ্ধের জ্ঞান বর্তমানেও অপ্রতিহত রয়েছে। যতদূর জ্ঞাতব্য ততদূর জ্ঞান, যতদূর জ্ঞান ততদূর জ্ঞাতব্য। জ্ঞাতব্য পর্যন্ত জ্ঞান, জ্ঞান পর্যন্ত জ্ঞাতব্য। জ্ঞাতব্যকে অতিক্রম বা উপেক্ষা করে জ্ঞান প্রবর্তিত হয় না। জ্ঞানকে উপেক্ষা করে জ্ঞাতব্যের কোন পথ বা উপায় নেই। সেই ধর্মসমূহ শেষাবধি পারস্পরিক। যেমন, দুটি ছোট বাক্সের আবরণ সম্যকরূপে অতিরঞ্জিত করা হলে নিম্নস্থ ছোট বাক্সের আবরণ উপর বাক্সের আবরণকে (উজ্বলতায়) অতিক্রম করে না, উপর বাক্সের আবরণ নিম্নস্থ বাক্সের আবরণকে (উজ্বলতায়) অতিক্রম করে না, শেষাবধি পারস্পরিক, ঠিক এরূপেই ভগবান বুদ্ধের জ্ঞাতব্য ও জ্ঞান শেষাবধি পারস্পরিক। যতদূর জ্ঞাতব্য ততদূর জ্ঞান, যতদূর জ্ঞান ততদূর জ্ঞাতব্য : জ্ঞাতব্য পর্যন্ত জ্ঞান, জ্ঞান পর্যন্ত জ্ঞাতব্য। জ্ঞাতব্যকে অতিক্রম বা উপেক্ষা করে জ্ঞান প্রবর্তিত হয় না। জ্ঞান উপেক্ষা করে জ্ঞাতব্যের পথ বা উপায় নেই সেই ধর্মসমূহ শেষাবধি পারস্পরিক। ভগবান বুদ্ধের জ্ঞান সব ধর্মে প্রবর্তিত হয়।

ভগবান বুদ্ধের সব ধর্ম আবর্জন প্রতিবদ্ধ, আকাঙ্খা প্রতিবদ্ধ, মনোযোগ প্রতিবদ্ধ ও চিত্তোৎপত্তি প্রতিবদ্ধ। সর্ব সত্ত্বের উপর ভগবান বুদ্ধের জ্ঞান প্রবর্তিত হয়। বুদ্ধ সর্ব সত্ত্বের আশয়, অনুশয়, চরিত্র ও অধিমুক্তি জানেন। তিনি অল্পরজস্ক্ষিত, বহুরজস্ক্ষিত; তীক্ষ্ণেন্দ্রিয়, মৃদু-ইন্দ্রিয়; সুআকারবিশিষ্ট, কদাকারবিশিষ্ট, সুবিনিত, দুর্বিনীত ও যোগ্যাযোগ্য সত্ত্বগণকে জানেন। সদেবলোক, সমারলোক, সব্রহ্মলোক, শ্রমণ-ব্রাহ্মণ, ও সদেব-মনুষ্যগণ বুদ্ধজ্ঞানের মধ্যে আবর্তিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

যেমন, কোন কোন মৎস্য-কচ্ছপাদি অন্ততপক্ষে তিমি ও তিমিঙ্গল[১] হতে মহাসমুদ্রের গভীরে বিচরণ করে, ঠিক এরূপেই সদেবলোক, সমারলোক, সব্রহ্মলোক, শ্রমণ-ব্রাহ্মণ, ও সদেব-মনুষ্যগণ বুদ্ধজ্ঞানের মধ্যে আবর্তিত হয়। যেমন, যেসব পক্ষী অন্ততপক্ষে গরুড় পক্ষী হতে নিম্নগামী হয়ে আকাশের প্রদেশে উড়ে বেড়ায়, এরূপেই যাঁরা প্রজ্ঞায় শারীপুত্রের সমান তাঁরাও বুদ্ধজ্ঞানের প্রদেশে আবর্তিত হয়। বুদ্ধজ্ঞান দেব-মনুষ্যগণের প্রজ্ঞা স্ফুরিত করত অতি পরিষ্কার করে স্থিত হয়। যাঁরা ক্ষত্রিয় পণ্ডিত, ব্রাহ্মণ পণ্ডিত, গৃহপতি পণ্ডিত, শ্রমণ পণ্ডিত, নিপুণ, পরশাস্ত্রবিদ্ , ধনুর্দ্ধরের ন্যায় কেশাগ্রবিদ্ধকারী[২] ও স্বীয় প্রজ্ঞাবলে অতিসূক্ষ্ম দৃষ্টিগত বিষয়সমূহও চুলচেরা আলোচনাকারী, তাঁরা তথাগতের নিকট উপস্থিত হয়ে নানা রকম দুর্বোধ্য ও অজ্ঞাত প্রশ্ন তৈরী করে জিজ্ঞাসা করেন, আর ভগবানও তাঁদের প্রশ্নের যথাযথ উত্তর দিয়ে কারণ নির্দিষ্ট করেন। তাঁরা ক্রীতদাসের ন্যায় হয়ে ভগবানের অনুগামী হয়। অতঃপর ভগবান তথায় প্রজ্ঞা দ্বারা দেদীপ্যমান হন। অসমীপ্য প্রজ্ঞা অগ্র, অসমীপ্য প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই অসমীপ্য প্রজ্ঞা।

৬। 'ভূরিপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই ভূরিপ্রজ্ঞা কিরূপ? রাগ বা আসক্তিকে অভিভূত করে– এটা ভূরিপ্রজ্ঞা। আসক্তিকে পরাজিত করে– এটা ভূরিপ্রজ্ঞা। দোষ বা দ্বেষকে অভিভূত করে– এটা ভূরিপ্রজ্ঞা। দোষকে পরাজিত করে– এটা ভূরিপ্রজ্ঞা। মোহকে অভিভূত করে–...। মোহকে পরাজিত করে–...। ক্রোধকে অভিভূত করে– ...। ক্রোধকে পরাজিত করে– ...। বিদ্বেষকে অভিভূত করে– ...। বিদ্বেষকে পরাজিত করে– ...। কপটতাকে অভিভূত করে– ...। কপটতাকে পরাজিত করে– ...। আক্রোশকে অভিভূত করে– ...। আক্রোশকে পরাজিত করে– ...। ঈর্ষাকে অভিভূত করে– ...। ঈর্ষাকে পরাজিত

---

[১]। তিমি জাতীয় এক প্রকার প্রকাণ্ড সামুদ্রিক মৎস্য।

[২]। বাল বেধিরূপা- বালবেধীরূপে (যারা দূর হতে ও লক্ষ্য করে কেশাগ্রবেধ করতে সমর্থ) ধনুর্দ্ধর সদৃশ। - দীর্ঘ নিকায় শীলস্কন্ধ বর্গ, পৃ. ৩০, মহাথেরো ধর্মরত্ন মহাথেরো।

Visit: http://www.buddhistdownload.com

করে– ...। মাৎসর্যকে অভিভূত করে– ...। মাৎসর্যকে পরাজিত করে–...। প্রবঞ্চ বা মায়াকে অভিভূত করে– ...। প্রবঞ্চ বা মায়াকে পরাজিত করে ...। শঠতাকে অভিভূত করে– ...। শঠতাকে পরাজিত করে– ...। স্বার্থপরতাকে অভিভূত করে– ...। স্বার্থপরতাকে পরাজিত করে– ...। উগ্রতাকে অভিভূত করে– ...। উগ্রতাকে পরাজিত করে– ...। মানকে অভিভূত করে– ...। মানকে পরাজিত করে করে– ...। অতিমানকে অভিভূত করে– ...। অতিমানকে পরাজিত করে– ...। মত্ততাকে অভিভূত করে– ...। মত্ততাকে পরাজিত করে– ...। প্রমাদকে অভিভূত করে– ...। প্রমাদকে পরাজিত করে– ...। সর্ব ক্লেশকে অভিভূত করে– ...। সর্বক্লেশকে পরাজিত করে– ...। সর্ব দুশ্চরিতকে অভিভূত করে– ...। সর্ব দুশ্চরিতকে পরাজিত করে– ...। সর্ব অভিসংস্কারকে অভিভূত করে– ...। সর্ব অভিসংস্কারকে পরাজিত করে– ...। ...পে...। সর্ব ভবগামীকর্মকে অভিভূত করে– এটা ভূরিপ্রজ্ঞা। সর্ব ভবগামীকর্মকে পরাজিত করে– এটা ভূরিপ্রজ্ঞা।

রাগ বা আসক্তিই অরি; সেই অরিকে প্রজ্ঞা দ্বারা মর্দন করে– এটা ভূরিপ্রজ্ঞা। দোষই অরি; সেই অরিকে প্রজ্ঞা দ্বারা মর্দন করে– এটা ভূরিপ্রজ্ঞা। মোহই অরি; ... ভূরিপ্রজ্ঞা। ক্রোধই অরি; ...ভূরিপ্রজ্ঞা। বিদ্বেষই অরি; ... ভূরিপ্রজ্ঞা। কপটতাই অরি; ... ভূরিপ্রজ্ঞা। আক্রোশই অরি; ... ভূরিপ্রজ্ঞা। ঈর্ষাই অরি; ... ভূরিপ্রজ্ঞা। মাৎসর্যই অরি; ... ভূরিপ্রজ্ঞা। মায়াই অরি; ... ভূরিপ্রজ্ঞা। শঠতাই অরি; ... ভূরিপ্রজ্ঞা। স্বার্থপরতাই অরি; ... ভূরিপ্রজ্ঞা। উগ্রতাই অরি; ... ভূরিপ্রজ্ঞা। মানই অরি; ... ভূরিপ্রজ্ঞা। অতিমানই অরি; ... ভূরিপ্রজ্ঞা। মত্ততাই অরি; ... ভূরিপ্রজ্ঞা। প্রমাদই অরি; ... ভূরিপ্রজ্ঞা। সর্ব ক্লেশই অরি; ... ভূরিপ্রজ্ঞা। সর্ব দুশ্চরিতই অরি; ... ভূরিপ্রজ্ঞা। সর্ব অভিসংস্কারই অরি; ... ভূরিপ্রজ্ঞা। ... পে ...। সর্ব ভবগামীকর্মই অরি; সেই অরিকে প্রজ্ঞা দ্বারা মর্দন করে– এটা ভূরিপ্রজ্ঞা। ভূরি বা মৃত্তিকাকেই পৃথিবী বলে। সেই পৃথিবী সমান বিস্তৃত, বিপুল ও প্রজ্ঞায় সমন্নাগত হয়– এটা ভূরিপ্রজ্ঞা। এটাই প্রজ্ঞার অধিবচন। ভূরি, মেধা ও নিপুণতা– এটা ভূরিপ্রজ্ঞা। ভূরিপ্রাজ্ঞতার জন্য

Visit: http://www.buddhistdownload.com

সংবর্তিত হয়– এটা-ই ভূরিপ্রজ্ঞা।

'প্রজ্ঞাবাহুল্যতার জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই প্রজ্ঞাবাহুল্য কিরূপ? এখানে কোন ব্যক্তি প্রজ্ঞাগুরু, প্রজ্ঞা চরিত্র, প্রজ্ঞাশ্রিত বা স্বপ্রজ্ঞা, প্রজ্ঞাধিমুক্ত, প্রজ্ঞাধ্বজ, প্রজ্ঞাকেতু, প্রজ্ঞাধিপত্য, বিচয়বহুল, প্রবিচয় বহুল, সংযতবহুল, সমসংযত বহুল, সুসংযতধর্মী, শান্তবিহারী, তৎস্বভাবী, তৎগুরু, তৎবহুলী, তৎনিম্ন, তাতে নত, তাতে অবনত, তদধিমুক্ত ও তদধিপত্যয়ী হয়। যেমন, গণগুরুকে "গণভোগী", চীবরগুরুকে "চীবরভোগী', পাত্রগুরুকে "পাত্রভোগী' ও শয্যাসনগুরুকে "শয্যাসনভোগী" বলে ঠিক এভাবেই এখানে কোন ব্যক্তি প্রজ্ঞাগুরু, ... ও তদধিপত্যয়ী হয়। প্রজ্ঞা বাহুল্যতার জন্য সংবর্তিত হয়– এটা-ই প্রজ্ঞাবাহুল্য।

'শীঘ্রপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই শীঘ্র প্রজ্ঞা কিরূপ? শীঘ্র, শীঘ্রই শীলসমূহ পরিপূর্ণ করে– এটা শীঘ্রপ্রজ্ঞা। শীঘ্র, শীঘ্রই ইন্দ্রিয়সংবর পরিপূর্ণ করে– এটা শীঘ্রপ্রজ্ঞা। শীঘ্র, শীঘ্রই ভোজনে মাত্রাজ্ঞতা ...। শীঘ্র, শীঘ্রই বিনিদ্রিতা ...। শীঘ্র, শীঘ্রই শীলস্কন্ধ ...। শীঘ্র, শীঘ্রই সমাধিস্কন্ধ ...। শীঘ্র, শীঘ্রই প্রজ্ঞাস্কন্ধ ...। শীঘ্র, শীঘ্রই বিমুক্তিস্কন্ধ ...। শীঘ্র, শীঘ্রই বিমুক্তিজ্ঞান-দর্শনস্কন্ধ ...। শীঘ্র, শীঘ্রই বিষয়-অবিষয় করে– এটা শীঘ্রপ্রজ্ঞা। শীঘ্র, শীঘ্রই বিহার সমাপত্তি পরিপূর্ণ করে– এটা শীঘ্রপ্রজ্ঞা। শীঘ্র, শীঘ্রই আর্যসত্য প্রতিবিদ্ধ বা লাভ করে– এটা শীঘ্র প্রজ্ঞা। শীঘ্র, শীঘ্রই স্মৃতিপ্রস্থান ভাবিত করে ...। শীঘ্র, শীঘ্রই সম্যকপ্রধান ভাবিত করে ...। শীঘ্র, শীঘ্রই ঋদ্ধিপাদ ভাবিত করে ...। শীঘ্র, শীঘ্রই ইন্দ্রিয়সমূহ ভাবিত করে ...। শীঘ, শীঘ্রই বলসমূহ ভাবিত করে ...। শীঘ্র, শীঘ্রই বোধ্যঙ্গসমূহ ভাবিত করে ...। শীঘ্র, শীঘ্রই আর্যমার্গ ভাবিত করে ...। শীঘ্র, শীঘ্রই শ্রামণ্যফল সাক্ষাৎ করে– ...। শীঘ্র, শীঘ্রই অভিজ্ঞা লাভ করে ...। শীঘ্র, শীঘ্রই পরমার্থ নির্বাণ সাক্ষাৎ করে– এটা শীঘ্রপ্রজ্ঞা। শীঘ্র প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই শীঘ্রপ্রজ্ঞা।

Visit: http://www.buddhistdownload.com

'লঘুপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই লঘুপ্রজ্ঞা কিরূপ? ধীরে ধীরে শীলসমূহ পরিপূর্ণ করে– এটা লঘুপ্রজ্ঞা। ধীরে ধীরে ইন্দ্রিয় সংবর পরিপূর্ণ করে– এটা লঘুপ্রজ্ঞা। ... পূর্ববৎ ... [উপরোক্ত 'শীঘ্র, শীঘ্রই' এর স্থলে 'ধীরে ধীরে' পড়তে হবে] ধীরে ধীরে পরমার্থ নির্বাণ সাক্ষাৎ করে– এটা লঘুপ্রজ্ঞা। লঘুপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই লঘুপ্রজ্ঞা।

'হাসপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই হাসপ্রজ্ঞা কিরূপে? এখানে কোন ব্যক্তি হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল শীলসমূহ পরিপূর্ণ করে– এটা হাসপ্রজ্ঞা। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল ইন্দ্রিয়সংবর পরিপূর্ণ করে– এটা হাসপ্রজ্ঞা। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল ভোজনে মাত্রাজ্ঞতা ...। হাসবহুল ... বিনিদ্রিতা ...। হাসবহুল ... শীলস্কন্ধ ...। হাসবহুল, ... সমাধিস্কন্ধ ...। হাসবহুল, ... প্রজ্ঞাস্কন্ধ ...। হাসবহুল, ... বিমুক্তিস্কন্ধ ...। হাসবহুল, ... বিমুক্তিজ্ঞান-দর্শনস্কন্ধ ...। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল বিষয়-অবিষয় লাভ করে– এটা হাসপ্রজ্ঞা। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল বিহার সমাপত্তি পরিপূর্ণ করে– এটা হাসপ্রজ্ঞা। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল চারি আর্যসত্য লাভ করে– এটা হাসপ্রজ্ঞা। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল চারি স্মৃতিপ্রস্থান ভাবিত করে– ...। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল চারি সম্যকপ্রধান ভাবিত করে– ...। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল চারি ঋদ্ধিপাদ ভাবিত করে– ...। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল ইন্দ্রিয়সমূহ ভাবিত করে– ...। হাসবহুল বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল বলসমূহ ভাবিত করে ...। হাসবহুল বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল সপ্তবোধ্যঙ্গ ভাবিত করে ...। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল আর্য মার্গ ভাবিত করে ...। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল শ্রামণ্যফল সাক্ষাৎ করে ...। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল অভিজ্ঞা লাভ করে– ...। হাসবহুল, বেদবহুল, তুষ্টিবহুল ও প্রমোদ্যবহুল পরমার্থ নির্বাণ সাক্ষাৎ

Visit: http://www.buddhistdownload.com

করে– এটা হাসপ্রজ্ঞা। হাস প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই হাসপ্রজ্ঞা।

৭। 'জবনপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়; সেই জবনপ্রজ্ঞা কি? অতীত, অনাগত, বর্তমান, আধ্যাত্মিক, বাহ্যিক, স্থূল, সুক্ষ্ম, হীন, প্রণীত এবং দূরে বা নিকটে যেসব রূপ বিদ্যমান, সেসব রূপকে অনিত্যরূপে দ্রুত জানতে পারে– এটা জবনপ্রজ্ঞা। দুঃখরূপে দ্রুত জানতে পারে– এটা জবনপ্রজ্ঞা। অনাত্মরূপে দ্রুত জানতে পারে– এটা জবনপ্রজ্ঞা। অতীত, অনাগত, বর্তমান, ... যেসব বেদনা বিদ্যমান, সেসব বেদনাকে ... পূর্ববৎ ... [উপরোক্ত 'রূপ' এর স্থলে 'বেদনা' পড়তে হবে]– এটা জবন প্রজ্ঞা। ... যেসব সংজ্ঞা বিদ্যমান, সেসব সংজ্ঞাকে পূর্ববৎ ...। ... যেসব সংস্কার বিদ্যমান, সেসব সংস্কারকে ... পূর্ববৎ ...। ... যেসব বিজ্ঞান বিদ্যমান, সেসব বিজ্ঞানকে ... পূর্ববৎ ...। অতীত, অনাগত ও বর্তমান চক্ষুকে অনিত্যরূপে দ্রুত জানতে পারে– এটা জবনপ্রজ্ঞা। দুঃখরূপে দ্রুত জানতে পারে – এটা জবন প্রজ্ঞা। অনাত্মরূপে দ্রুত জানতে পারে– এটা জবন প্রজ্ঞা। অতীত, অনাগত ও বর্তমান শ্রোত্রকে ... ঘ্রাণকে ... জিহ্বাকে ... কায়কে ... মনকে ... জরামরণকে ... এটা জবনপ্রজ্ঞা।

অতীত, অনাগত ও বর্তমান রূপকে ক্ষয়ার্থে অনিত্য, ভয়ার্থে দুঃখ এবং অসারার্থে অনাত্ম বলে তুলনা, বিবেচনা করত উত্তমরূপে নিরূপণ এবং ব্যাখ্যা করে রূপনিরোধ নির্বাণকে দ্রুত জানতে পারে – এটা জবনপ্রজ্ঞা। অতীত, অনাগত ও বর্তমান বেদনাকে ... সংজ্ঞাকে ... সংস্কারকে ... বিজ্ঞানকে ... চক্ষুকে ... জরা-মরণকে ক্ষয়ার্থে অনিত্য, ভয়র্থে দুঃখ এবং অসারার্থে অনাত্ম বলে তুলনা, বিবেচনা করতে উত্তমরূপে নিরূপণ এবং ব্যাখ্যা করে জরা-মরণ নিরোধ নির্বাণকে দ্রুত জানতে পারে– এটা জবনপ্রজ্ঞা।

অতীত, অনাগত ও বর্তমান রূপকে অনিত্য, সঙ্খত, প্রতীত্যসমুৎপন্ন, ক্ষয়ধর্মী, ব্যয়ধর্মী, বিরাগধর্মী এবং নিরোধধর্মী বলে তুলনা, বিবেচনা করতে উত্তমরূপে নিরূপণ ও ব্যাখ্যা করে রূপনিরোধ নির্বাণকে দ্রুত

Visit: http://www.buddhistdownload.com

জানতে পারে– এটা জবনপ্রজ্ঞা। অতীত, অনাগত ও বর্তমান বেদনাকে অনিত্য, সঙ্খত, প্রতীত্যসমুৎপন্ন, ক্ষয়ধর্মী ... পূর্ববৎ ... ['রূপনিরোধ' এর স্থলে 'বেদনানিরোধ' ইত্যাদি পড়তে হবে] সংজ্ঞাকে ... সংস্কারকে ... বিজ্ঞানকে ... চক্ষুকে ... শ্রোত্রকে ... ঘ্রাণকে ... জিহ্বাকে ... কায়কে ... মনকে ... জরামরণকে ... জরামরণনিরোধ নির্বাণকে দ্রুত জানতে পারে– এটা জবনপ্রজ্ঞা। জবন প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই জবনপ্রজ্ঞা।

'তীক্ষ্ণপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়: সেই তীক্ষ্ণপ্রজ্ঞা কিরূপ? ক্লেশ সমূহ দ্রুত ছেদন করে– এটা তীক্ষ্ণপ্রজ্ঞা। উৎপন্ন কামবিতর্কে বাস না করে তা ত্যাগ, দূরীভূত, অন্তঃসাধন ও সম্পূর্ণরূপে ধ্বংস করে– এটা তীক্ষ্ণপ্রজ্ঞা। উৎপন্ন ব্যাপাদ বিতর্কে বাস না করে ...। উৎপন্ন বিহিংসা-বিতর্কে ... এটা তীক্ষ্ণপ্রজ্ঞা। উৎপন্ন অনুৎপন্ন পাপ ও অকুশলধর্মে বাস না করে তা ত্যাগ, ...। উৎপন্ন রাগ বা আসক্তিতে বাস না করে ...। উৎপন্ন দ্বেষ বা দোষে বাস না করে ...। উৎপন্ন মোহে ...। উৎপন্ন ক্রোধে ...। উৎপন্ন বিদ্বেষে ...। উৎপন্ন কপটতায় ...। উৎপন্ন আক্রোশে ...। উৎপন্ন ঈর্ষায় ...। উৎপন্ন মাৎসর্যে ...। উৎপন্ন প্রবঞ্চ বা মায়ায় ...। উৎপন্ন শঠতায় ...। উৎপন্ন স্বার্থপরতায় ...। উৎপন্ন উগ্রতায় ...। উৎপন্ন মানে ...। উৎপন্ন অতিমানে ...। উৎপন্ন মত্ততায় ...। উৎপন্ন প্রমাদে ...। উৎপন্ন সর্ব ক্লেশে ...। উৎপন্ন সর্ব দুশ্চরিত্রে ...। উৎপন্ন সর্ব অভিসংস্কারে ...। সর্ব ভবগামীকর্মে বাস না করে তা ত্যাগ, দূরীভূত, অন্তঃসাধন ও সম্পূর্ণরূপে ধ্বংস করে– এটা তীক্ষ্ণপ্রজ্ঞা। একাসনে চারি আর্যমার্গ, চারি শ্রামণ্যফল, চারি প্রতিসম্ভিদা এবং ষড়াভিজ্ঞা প্রজ্ঞা দ্বারা অধিগত, সাক্ষাৎকৃত ও স্পর্শিত হয়– এটা তীক্ষ্ণপ্রজ্ঞা। তীক্ষ্ণপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই তীক্ষ্ণপ্রজ্ঞা।

'নির্বেধিক প্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়' বলা হয়: সেই নির্বেধিকপ্রজ্ঞা কিরূপ? এখানে কোন ব্যক্তি সর্ব সংস্কারে উদ্বেগবহুল, উত্রাসবহুল, উৎকণ্ঠাবহুল, অরতিবহুল (নিরানন্দবহুল) ও অনভিরতিবহুল হয়। বহির্মুখ হয়ে সর্ব সংস্কারে রমিত হয় না। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব লোভস্কন্ধকে ধ্বংস ও বিনষ্ট করে– এটা নির্বেধিকপ্রজ্ঞা। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব

Visit: http://www.buddhistdownload.com

দ্বেষস্কন্ধকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব মোহস্কন্ধকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব ক্রোধকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব বিদ্বেষকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব কপটতাকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব আক্রোশকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব ঈর্ষাকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব মাৎসর্যকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব পবঞ্চ বা মায়াকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব শঠতাকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব স্বার্থপরতাকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব উগ্রতাকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব মানকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব, অতিমানকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব মত্ততাকে ধ্বংস ... । অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব প্রমাদকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব সর্ব ক্লেশকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব সর্ব দুশ্চরিত্রকে ধ্বংস ...। অমুক্তপূর্ব, অবিদীর্ণপূর্ব সর্ব অভিসংস্কারকে ধ্বংস ও বিনষ্ট করে– এটা নির্বেধিকপ্রজ্ঞা। সর্ব ভবগামীকর্মকে ধ্বংস ও বিনষ্ট করে– এটা নির্বেধিকপ্রজ্ঞা। নির্বেধিপ্রাজ্ঞতার জন্য সংবর্তিত হয়– এটা-ই নির্বেধিকপ্রজ্ঞা।

এসবই ষোল প্রকার প্রজ্ঞা। এই ষোল প্রকার প্রজ্ঞায় সমন্নাগত পুদ্গল প্রতিসম্ভিদা প্রাপ্ত।

২। পুদ্গল প্রভেদ বর্ণনা

৮। দ্বিবিধ পুদ্গল প্রতিসম্ভিদাপ্রাপ্ত– একজন পূর্বযোগ সম্পন্ন, অন্যজন পূর্বযোগ অসম্পন্ন। যিনি পূর্বযোগ সম্পন্ন, তদ্বারা তিনি শ্রেষ্ঠ, অসাধারণ ও প্রধান হন। তাঁর জ্ঞান বিকশিত হয়।

দ্বিবিধ পুদ্গল প্রতিসম্ভিদাপ্রাপ্ত: সেই দুজনই পূর্বযোগসম্পন্ন– একজন বহুশ্রুত, অন্যজন বহুশ্রুত নন। যিনি বহুশ্রুত, তদ্বারা তিনি শ্রেষ্ঠ, অসাধারণ ও প্রধান হন। তাঁর জ্ঞান বিকশিত হয়।

দ্বিবিধ পুদ্গল প্রতিসম্ভিদাপ্রাপ্ত: দুজনই পূর্বযোগসম্পন্ন ও বহুশ্রুত– একজন দেশনাবহুল, অন্যজন দেশনাবহুল নন। যিনি দেশনাবহুল, তদ্বারা

Visit: http://www.buddhistdownload.com

তিনি শ্রেষ্ঠ, অসাধারণ ও প্রধান হন। তাঁর জ্ঞান বিকশিত হয়।

দ্বিবিধ পুদ্গল প্রতিসম্ভিদাপ্রাপ্ত: দুজনই পূর্বযোগসম্পন্ন, বহুশ্রুত ও দেশনাবহুল– একজন গুরু আশ্রিত, অপরজন গুরু আশ্রিত নন। যিনি গুরু আশ্রিত, তদ্বারা তিনি শ্রেষ্ঠ, ... বিকশিত হয়।

দ্বিবিধ পুদ্গল প্রতিসম্ভিদাপ্রাপ্ত: দুজনই পূর্বযোগসম্পন্ন, বহুশ্রুত, দেশনাবহুল ও গুরু আশ্রিত– একজন বিহারবহুল, অপরজন বিহারবহুল নন। যিনি বিহারবহুল, তদ্বারা তিনি শ্রেষ্ঠ, ... বিকশিত হয়।

দ্বিবিধ পুদ্গল প্রতিসম্ভিদাপ্রাপ্ত: দুজনই পূর্বযোগসম্পন্ন, বহুশ্রুত, দেশনাবহুল, গুরু আশ্রিত ও বিহারবহুল– একজন প্রত্যবেক্ষণ বা পর্যবেক্ষণবহুল, অপরজন পর্যবেক্ষণ নন। যিনি পর্যবেক্ষণবহুল, তদ্বারা তিনি শ্রেষ্ঠ, ... বিকশিত হয়।

দ্বিবিধ পুদ্গল প্রতিসম্ভিদাপ্রাপ্ত: দুজনই পূর্বযোগসম্পন্ন, বহুশ্রুত, দেশনাবহুল, গুরু আশ্রিত, বিহারবহুল ও পর্যবেক্ষণবহুল– একজন শৈক্ষ্য-প্রতিসম্ভিদাপ্রাপ্ত, অপরজন অশৈক্ষ্য-প্রতিসম্ভিদাপ্রাপ্ত। যিনি অশৈক্ষ্য-প্রতিসম্ভিদাপ্রাপ্ত, তদ্বারা তিনি শ্রেষ্ঠ, ... বিকশিত হয়।

দ্বিবিধ পুদ্গল প্রতিসম্ভিদাপ্রাপ্ত: দুজনই পূর্বযোগসম্পন্ন, বহুশ্রুত, দেশনাবহুল, গুরু আশ্রিত, বিহারবহুল, পর্যবেক্ষণবহুল ও অশৈক্ষ্য-প্রতিসম্ভিদাপ্রাপ্ত– একজন শ্রাবক-পারমীপ্রাপ্ত, অপরজন শ্রাবক-পারমীপ্রাপ্ত নন। যিনি শ্রাবক-পারমীপ্রাপ্ত, তদ্বারা তিনি শ্রেষ্ঠ, ... বিকশিত হয়।

দ্বিবিধ পুদ্গল প্রতিসম্ভিদাপ্রাপ্ত: দুজনই পূর্বযোগসম্পন্ন, বহুশ্রুত, দেশনাবহুল, গুরু আশ্রিত, বিহারবহুল, পর্যবেক্ষণবহুল ও অশৈক্ষ্য-প্রতিসম্ভিদাপ্রাপ্ত– একজন শ্রাবক-পারমীপ্রাপ্ত, অপরজন পচ্চেকসম্বুদ্ধ। যিনি পচ্চেকসম্বুদ্ধ, তদ্বারা তিনি শ্রেষ্ঠ, অসাধারণ ও প্রধান হন। তাঁর জ্ঞান বিকশিত হয়।

পচ্চেকবুদ্ধ অপেক্ষা সদেবলোকে তথাগত অরহত সম্যকসম্বুদ্ধ অগ্রস্থানীয় প্রতিসম্ভিদাপ্রাপ্ত, প্রজ্ঞা প্রভেদে দক্ষ, ক্ষিপ্রজ্ঞানী, প্রতিসম্ভিদাপ্রাপ্ত, চারি বৈশারদ্যপ্রাপ্ত, দশবলধারী, পুরুষার্যভ (নরশ্রেষ্ঠ), পুরুষসিংহ (পুরুষোত্তম), পুরুষনাগ (নরোত্তম), মানবশ্রেষ্ঠ মহাপুরুষ,

Visit: http://www.buddhistdownload.com

পবিত্রপুরুষ, অনন্তজ্ঞানী, অনন্ততেজী, অনন্ত যশস্বী, ঐশ্বর্যশালী, মহাধনী, ধনশালী, নেতা, বিনেতা, অনুনেতা, প্রজ্ঞাদাতা, আশ্রয়দাতা, দৃষ্টি দানকারী, প্রশান্তদানকারী সেই ভগবান অনুৎপন্ন মার্গের উৎপাদনকারী (আবিষ্কারক), অজ্ঞাত মার্গের জ্ঞাতকারী, অবর্ণিত মার্গের প্রবক্তা, মার্গাজ্ঞ, মার্গবিদূ, মার্গকোবিদ ও মার্গানুগামী। অতঃপর ভগবান তথায় প্রজ্ঞা দ্বারা অগ্রস্থানীয় প্রতিসম্ভিদাপ্রাপ্ত হয়ে দেদীপ্যমান হন।

মহাপ্রজ্ঞা কথা সমাপ্ত।

২। ঋদ্ধি কথা

৯। ঋদ্ধি কেন? সমৃদ্ধার্থে ঋদ্ধি। ঋদ্ধি কত প্রকার? দশ প্রকার ঋদ্ধি। ঋদ্ধির ভূমি কত প্রকার? ঋদ্ধির ভূমি চার প্রকার, পাদ কত প্রকার? চার প্রকার পাদ, পদ কত প্রকার? আট প্রকার পদ ও মূল কত প্রকার? ষোল প্রকার মূল।

১০। দশ প্রকার ঋদ্ধি কি কি? অধিষ্ঠান ঋদ্ধি, বিকুব্বন ঋদ্ধি, মনোময় ঋদ্ধি, জ্ঞান-বিস্তার ঋদ্ধি, সমাধি-বিস্তার ঋদ্ধি, আর্য ঋদ্ধি, কর্মবিপাকজ ঋদ্ধি, পুণ্যবানের ঋদ্ধি, বিদ্যাময় ঋদ্ধি এবং তথায় তথায় সম্যকরূপে প্রয়োগ প্রত্যয়ে সমৃদ্ধার্থে ঋদ্ধি।

ঋদ্ধির চারি ভূমি কি কি? বিবেকজভূমি প্রথমধ্যান, প্রীতি-সুখভূমি দ্বিতীয়ধ্যান, উপেক্ষা-সুখভূমি তৃতীয়ধ্যান, অদুঃখ-অসুখভূমি চতুর্থধ্যান। ঋদ্ধির এই চতুর্বিধ ভূমি ঋদ্ধিলাভ, ঋদ্ধি প্রতিলাভ, ঋদ্ধি বিকুব্বন, ঋদ্ধি প্রসার বা পরিব্যাপ্ত, ঋদ্ধি বশীভাব এবং ঋদ্ধি বৈশারদ্যের জন্য সংবর্তিত হয়।

ঋদ্ধির চারি পাদ কি কি? এখানে ভিক্ষু ছন্দাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদকে ভাবনা করে, চিত্তাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদকে ভাবনা করে, বীর্যাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদকে ভাবনা

Visit: http://www.buddhistdownload.com

করে, মীমাংসাধিপত্যে লব্ধ সমাধি সম্যকপ্রধান সংস্কার সমন্বিত ঋদ্ধিপাদকে ভাবনা করে। ঋদ্ধির এই চারি পাদ ঋদ্ধিলাভ ... সংবর্তিত হয়।

ঋদ্ধির আট প্রকার পদ কি কি? ভিক্ষু ছন্দ বা ইচ্ছাকে নির্ভর করে সমাধি ও চিত্তের একাগ্রতা লাভ করে। ছন্দ সমাধি নয়, সমাধিও ছন্দ নয়। ছন্দ অন্য, সমাধিও অন্য। ভিক্ষু বীর্যকে নির্ভর করে, ... পূর্ববৎ ... ['ছন্দ' এর স্থলে 'বীর্য' পড়তে হবে] অন্য। ভিক্ষু চিত্তকে নির্ভর করে ... সমাধি ও অন্য। ভিক্ষু মীমাংসাকে নির্ভর করে ... সমাধি ও অন্য। ঋদ্ধির এই আট প্রকার পদ ঋদ্ধিলাভ ... সংবর্তিত হয়।

ঋদ্ধির ষোল প্রকার মূল কি কি? অসংলীন চিত্ত আলস্যে বিচলিত হয় না – এটা আনেঞ্জা। অনুন্নত বা অনুদ্ধত চিত্ত চাঞ্চল্যে বিচলিত হয় না – এটা আনেঞ্জা। অনভিনত চিত্ত রাগে (আসক্তিতে) বিচলিত ...। অনপনত (কুটিল) চিত্ত ব্যাপাদে ...। অনিশ্রিত বা অনাশ্রিত চিত্ত মিথ্যাদৃষ্টিতে ...। অপ্রতিবদ্ধ চিত্ত ছন্দরাগে ...। বিপ্রমুক্ত চিত্ত কামরাগে ...। বিসংযুক্ত চিত্ত ক্লেশে ....। কলুষমুক্ত চিত্ত ক্লেশকলুষে ....। একত্বগত (একাগ্র) চিত্ত নানাত্বক্লেশে ...। শ্রদ্ধায় পরিগৃহীত চিত্ত অশ্রদ্ধায় ...। বীর্যে পরিগৃহীত চিত্ত আলস্যে ...। স্মৃতিতে পরিগৃহীত চিত্ত প্রমাদে ...। সমাধিতে পরিগৃহীত চিত্ত চাঞ্চল্যে ...। প্রজ্ঞায় পরিগৃহীত চিত্ত অবিদ্যায় ...। জ্যোতিগত বা উদ্ভাসিত চিত্ত অবিদ্যান্ধকারে বিচলিত হয় না– এটা আনেঞ্জা। ঋদ্ধির এই ষোল প্রকার মূল ঋদ্ধিলাভ, ঋদ্ধি প্রতিলাভ, ঋদ্ধি বিকুব্বন, ঋদ্ধি প্রসার, ঋদ্ধি বশীভাব এবং ঋদ্ধি বৈশারদ্যের জন্য সংবর্তিত হয়।

দশবিধ ঋদ্ধি বর্ণনা

১০। অধিষ্ঠান ঋদ্ধি কিরূপ? এখানে ভিক্ষু অনেক প্রকারে ঋদ্ধিবিধ (বিবিধ ঋদ্ধি) লাভ করেন। যেমন, এক হয়ে বহু হন, বহু হয়ে (পুনঃ) এক হন, হঠাৎ আবির্ভাব হন, হঠাৎ অন্তর্ধান হন, মুক্তাকাশে বিচরণের মতো যে

Visit: http://www.buddhistdownload.com

কোন প্রাচীর, দুর্গপ্রাকার ও পর্বত অনায়াসে ভেদ করে চলে যেতে পারেন, জলে নিমজ্জিত ও ভেসে ওঠার মতো মৃত্তিকাভ্যন্তরে নিমজ্জিত হন, আবার ভেসে ওঠেন। পৃথিবীতে (মাটিতে) বিচরণ করার মতো জলের ওপর বিচরণকালে জলসিক্ত হন না। আকাশচারী পক্ষীর মতো উন্মুক্ত আকাশে পর্যঙ্কাবদ্ধ হয়ে বিচরণ করেন। এরূপ মহাতেজস্বী, মহানুভবসম্পন্ন চন্দ্র ও সূর্যকে হাত দিয়ে স্পর্শ এবং ঘর্ষণ করেন। ব্রহ্মলোক পর্যন্ত স্বশরীরে উপস্থিত হন।

'ইধাতি' বলতে এ দৃষ্টিতে, এ ক্ষান্তিতে, এ রুচিতে, এ প্রাপ্তিতে, এ ধর্মে, এ বিনয়ে, এ ধর্ম-বিনয়ে, এ প্রবচনে, এ ব্রহ্মচর্যায় এবং এ বুদ্ধশাসনে তাই বলা হয়– "ইধা"তি। 'ভিক্খূতি' বলতে কল্যাণপৃথগ্জন, শৈক্ষ্য, অর্হৎ বা স্থিরধর্মী ভিক্ষু। 'অনেকবিহিতং ইদ্ধিবিধং পচ্চনুভোতীতি' বলতে নানা প্রকারে বিবিধ ঋদ্ধি লাভ করা। 'এ কোপি হুত্বা বহুধা হোতীতি' বলতে স্বাভাবিকভাবে এক হতে বহু হন বা বহুরূপ ধারণ করেন, শতরূপ, শহস্রূপ বা শত-সহস্রূপ ধারণ করেন। জ্ঞান দ্বারা মনোনিবিষ্ট করে এরূপ অধিষ্ঠান করেন– "এরূপে বহু হবো" এরূপে বহু হন। যেমন আয়ুষ্মান চূলপন্থক স্থবির এক হয়ে বহু হন। অনুরূপভাবে সেই ঋদ্ধিমান চিত্তবশীপ্রাপ্ত ভিক্ষু এক হয়ে বহু হন। 'বহুধাপি হুত্বা একো হোতীতি' বলতে স্বাভাবিকভাবে বহু হতে এক হন, জ্ঞান দ্বারা মনোনিবিষ্ট করত এরূপ অধিষ্ঠান করেন– "আমি এক হবো" এরূপে এক হন। যেমন আয়ুষ্মান চূলপন্থক স্থবির বহু হতে এক হন। অনুরূপভাবে সেই ঋদ্ধিমান চিত্ত বশীপ্রাপ্ত ভিক্ষু বহু হতে এক হন।

১১। 'আবিভাবন্তি' বলতে কিভাবে অনাবৃত, অপ্রতিচ্ছন্ন (অগোপনীয়), উন্মুক্ত ও প্রকাশিত হয়। 'তিরোভাবন্তি' বলতে কিভাবে আবৃত, প্রতিচ্ছন্ন, রুদ্ধ ও আবরিত হয়। 'তিরোকুট্টং তিরোপাকারং তিরোপব্বতং অসজ্জমানো গচ্ছতি, সেয্যথাপি আকাসেতি' বলতে স্বাভাবিকভাবে তিনি আকাশকৃৎস্ন-সমাপত্তিলাভী হন। প্রাচীর, দুর্গপ্রাকার ও পর্বতের বহির্ভাগে আবির্ভূত হন। জ্ঞান দ্বারা মনোনিবিষ্ট করত এরূপ অধিষ্ঠান করেন– "আকাশ নির্মিত হোক" এরূপে আকাশ নির্মিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

প্রাচীর, দুর্গপ্রাকার ও পর্বতের বহির্ভাগে অনায়াসে গমন করেন। যেমন, অঋদ্ধিমান মানুষেরা স্বাভাবিকভাবে কোন উন্মুক্ত অনাবদ্ধ স্থানে অনায়াসে গমন করে, এভাবেই সেই ঋদ্ধিমান চিত্তবশীপ্রাপ্ত ভিক্ষু আকাশে বিচরণের ন্যায় প্রাচীর, দুর্গপ্রাকার ও পর্বতের বহির্ভাগে অনায়াসে গমন করেন।

'পথবিযাপি উম্মুজ্জনিমুজ্জং করোতি, সেয্যথাপি উদকেতি' বলতে স্বাভাবিকভাবে তিনি আপকৃৎস্ন-সমাপত্তিলাভী হন। তিনি পৃথিবীর প্রতি মনোযোগ দেন। জ্ঞান দ্বারা মনোযোগ দিয়ে এরূপ অধিষ্ঠান করেন– "জল হোক" এরূপে জল হয়। তিনি পৃথিবীতে বা মৃত্তিকার অভ্যন্তরে নিমজ্জিত হন, আবার ভেসে উঠেন। যেমন অঋদ্ধিমান মানুষেরা স্বাভাবিকভাবে জলে নিমজ্জিত ও ভেসে উঠেন। এরূপেই সেই ঋদ্ধিমান চিত্তবশীপ্রাপ্ত ভিক্ষু জলে নিমজ্জিত ও ভেসে উঠার ন্যায় পৃথিবীতে বা মৃত্তিকার অভ্যন্তরে নিমজ্জিত হন, আবার ভেসে উঠেন।

'উদকেপি অভিজ্জমানে গচ্ছতি, সেয্যথাপি পথবিযন্তি' বলতে স্বাভাবিকভাবে তিনি পৃথিবীকৃৎস্ন-সমাপত্তিলাভী হন। তিনি জলের প্রতি মনোযোগ দেন। জ্ঞান দ্বারা মনোযোগ দিয়ে এরূপ অধিষ্ঠান করেন– "পৃথিবী হোক" এরূপে পৃথিবী হয়। তিনি জলে জলসিক্ত না হয়ে গমন করেন। যেমন অঋদ্ধিমান মানুষেরা স্বাভাবিকভাবে পৃথিবী বা মাটির উপর গমন করে থাকে, এভাবেই সেই ঋদ্ধিমান চিত্তবশীপ্রাপ্ত ভিক্ষু পৃথিবীতে গমনের ন্যায় জলে জলসিক্ত না হয়ে গমন করেন।

'আকাসেপি পল্লঙ্কেন কমতি, সেয্যথাপি পক্খী সকুণোতি' বলতে স্বাভাবিকভাবে তিনি পৃথিবীকৃৎস্ন-সমাপত্তিলাভী হন। তিনি আকাশের প্রতি মনোযোগ দেন। জ্ঞান দ্বারা মনোযোগ দিয়ে এরূপ অধিষ্ঠান করেন– "পৃথিবী হোক" এরূপে পৃথিবী হয়। তিনি আকাশের ও অন্তরীক্ষে চংক্রমণ, স্থিত, উপবেশন ও শয়ন করেন। যেমন অঋদ্ধিমান মানুষেরা পৃথিবীতে স্বাভাবিকভাবে চংক্রমণ, স্থিত, উপবেশন ও শয়ন করে থাকে, ঠিক এরূপেই সেই ঋদ্ধিমান চিত্তবশীপ্রাপ্ত ভিক্ষু আকাশচারী পক্ষীর ন্যায় আকাশে ও অন্তরীক্ষে চংক্রমণ, স্থিত, উপবেশন এবং শয়ন করেন।

Visit: http://www.buddhistdownload.com

১২। 'ইমেপি চন্দিমসূরিযে এবং মহিদ্ধিকে এবং মহানুভাবে পাণিনা পরামসতি পমিরজ্জতীতি' বলতে এক্ষেত্রে সেই ঋদ্ধিমান চিত্তবশীপ্রাপ্ত ভিক্ষু উপবিষ্ট ও শায়িত হয়ে চন্দ্র-সূর্যকে ধারণ করেন। ধারণ করে জ্ঞান দ্বারা এরূপ অধিষ্ঠান করেন– "হস্তপাশে আসুক" এরূপে হস্তপাশে উপস্থিত হয়। তিনি উপবিষ্ট ও শায়িত হয়ে চন্দ্র-সূর্যকে হস্ত দ্বারা গ্রহণ, স্পর্শ ও ঘর্ষণ করেন। যেমন অঋদ্ধিমান মানুষেরা যে কোন হস্তগত রূপকে স্বাভাবিকভাবে গ্রহণ স্পর্শ ও ঘর্ষণ করে থাকে, ঠিক এরূপেই সেই ঋদ্ধিমান চিত্তবশীপ্রাপ্ত ভিক্ষু উপবিষ্ট ও শায়িত হয়ে চন্দ্র-সূর্যকে হস্ত দ্বারা গ্রহণ, স্পর্শ এবং ঘর্ষণ করেন।

'যাব ব্রহ্মলোকাপি কাযেন বস বত্তেতীতি' বলতে যদি সেই ঋদ্ধিমান চিত্তবশীপ্রাপ্ত ভিক্ষু ব্রহ্মলোক গমণেচ্ছুক হন, তাহলে দূরকে নিকটে আনতে এরূপ অধিষ্ঠান করেন– "নিকটে হোক"। তখন নিকটে হয়। নিকটকে দূরে নিতে এরূপ অধিষ্ঠান করেন– "দূরে হোক"। তখন দূরে হয়। বহুকে অল্প করতে এরূপ অধিষ্ঠান করেন– "অল্প হোক"। তখন অল্প হয়। অল্পকে বহু করতে এরূপ অধিষ্ঠান করেন– "বহু হোক"। তখন বহু হয়। দিব্য চক্ষু দ্বারা তাঁর ব্রহ্মার রূপ দর্শন হয়। দিব্য শ্রোত্রধাতু দ্বারা ব্রহ্মার শব্দ শ্রুত হয়। পরচিত্ত বিজানন জ্ঞান দ্বারা ব্রহ্মার চিত্তকে উত্তমরূপে জ্ঞাত হন। যদি সেই ঋদ্ধিমান চিত্তবশীপ্রাপ্ত ভিক্ষু দৃশ্যমান কায়ে ব্রহ্মলোক গমনেচ্ছুক হন, তাহলে কায়বেশ চিত্তকে বশীপ্রাপ্ত ও অধিষ্ঠান করেন। কায়বশে চিত্তকে বশীপ্রাপ্ত ও অধিষ্ঠান করত সুখ এবং লঘুসংজ্ঞা অতিক্রম করে দৃশ্যমান কায়ে ব্রহ্মলোকে গমন করেন। তিনি যদি অদৃশ্যমান কায়ে ব্রহ্মলোকে গমনেচ্ছুক হন, তাহলে চিত্তবশে কায়কে বশীপ্রাপ্ত ও অধিষ্ঠান করেন। চিত্তবশে কায়কে বশীপ্রাপ্ত ও অধিষ্ঠান করতে সুখ এবং লঘুসংজ্ঞা অতিক্রম করে অদৃশ্যমান কায়ে ব্রহ্মলোক গমন করেন। তিনি ব্রহ্মার সম্মুখে তাঁর সর্বাঙ্গ-প্রত্যঙ্গ সম্পন্ন সতেজ ইন্দ্রিয়যুক্ত মনোময় রূপ নির্মিত করেন। যদি সেই ঋদ্ধিমান চংক্রমণ করেন, তাহলে নির্মিতও বা নির্মিত ভিক্ষুও তথায় চংক্রমণ করেন দাড়াঁলে, নির্মিতও দাড়াঁয়। শয়ন করলে, নির্মিতও শয়ন করেন। ধূমায়িত করলে, নির্মিতও ধূমায়িত করেন।

Visit: http://www.buddhistdownload.com

প্রজ্বলিত হলে, নির্মিতও প্রজ্বলিত হয়। ধর্মদেশনা করলে, নির্মিতও ধর্মদেশনা করেন। প্রশ্ন জিজ্ঞাসা করলে, নির্মিতও প্রশ্ন জিজ্ঞাসা করেন। জিজ্ঞাসিত প্রশ্নের বিসর্জন করলে, নির্মিতও বিসর্জন করেন। যদি সেই ঋদ্ধিমান ব্রহ্মার সহিত দণ্ডায়মান ও আলাপ-আলোচনা করেন, তাহলে নির্মিতও সেসব করেন। আর সেই ঋদ্ধিমান যা যা করেন, নির্মিতও সেসব করেন– এটা-ই অধিষ্ঠান ঋদ্ধি।

১৩। বিকুব্বন ঋদ্ধি কিরূপ? শিখি ভগবান অরহত সম্যক সম্বুদ্ধের অভিভূ নামক একজন শিষ্য ছিলেন। তিনি ব্রহ্মলোক স্থিত হয়ে সহস্র লোকধাতুকে (চক্রবালের সত্ত্বগণকে) স্বীয় কণ্ঠস্বরে উপদেশ দিয়েছিলেন। তিনি কখনও দৃশ্যমান কায়ে, কখনও অদৃশ্যমান কায়ে ধর্মদেশনা করেছিলেন। কখনও শরীরের নিম্ন-অর্ধাংশ ও উর্ধ্ব-অর্ধাংশ দৃশ্যমান এবং অদৃশ্যমান করে ধর্মদেশনা করেছিলেন। কখনও বা শরীরের উর্ধ্ব-অর্ধাংশ ও নিম্ন-অর্ধাংশ দৃশ্যমান এবং অদৃশ্যমান করে ধর্মদেশনা করেছিলেন। তিনি স্বাভাবিকরূপ পরিবর্তন করে কুমাররূপ ধারণ করেছিলেন, কখনও নাগরূপ, সুপর্ণরূপ, যক্ষরূপ, ইন্দ্ররূপ, দেবতারূপ এবং কখনও বা ব্রহ্মারূপ ধারণ করেছিলেন। তিনি সমুদ্র, পর্বত, বন, সিংহ, ব্যাঘ্র দাপি, হস্তি, অশ্ব, রথ, পদাতিক সৈন্য এবং বিবিধ সেনাব্যূহ প্রদর্শন করেছিলেন। এটা-ই বিকুব্বন ঋদ্ধি।

১৪। মনোময় ঋদ্ধি কিরূপ? এখানে কোন ভিক্ষু স্বীয় কায় হতে সর্বাঙ্গ প্রত্যঙ্গসম্পন্ন সতেজ ইন্দ্রিয়যুক্ত অন্য মনোময় রূপকায় নির্মাণ করেন। যেমন, কোনব্যক্তি মঞ্জুসা হতে বেজি বের করে থাকে। তখন তার এরূপ ধারণা হয়– "এটা মঞ্জুসা, এটা বেজি। মঞ্জুসা অন্য, বেজিও অন্য। মঞ্জুসা থেকেই বেজিটি বের করা হয়েছে"। যেমন, কোন ব্যক্তি ছুরিবিদ্ধ পেচা হতে ছুরিটা বের করে থাকে। তখন তার এরূপ ধারণা হয়– "এটা ছুরি, এটা পেচা। ছুরি অন্য, পেচাঁও অন্য। পেচাঁটির দেহ হতেই এই ছুরিটা বের করা হয়েছে"। যেমন, কোন ব্যক্তি করণ্ড হতে সর্প বের করে থাকে। তখন তার এরূপ ধারণা হয়– "এটা করণ্ড, এটা সর্প। সর্প অন্য, করণ্ডও অন্য। করণ্ড হতেই সর্পটি বের করা হয়েছে"। অনুরূপভাবেই ঋদ্ধিমান

Visit: http://www.buddhistdownload.com

ভিক্ষু স্বীয় কায় হতে সর্বাঙ্গ-প্রত্যঙ্গসম্পন্ন সতেজ ইন্দ্রিয়যুক্ত অন্য মনোময় রূপকায় নির্মাণ করেন। এটা-ই মনোময় ঋদ্ধি।

১৫। জ্ঞান-বিস্তার ঋদ্ধি কিরূপ? অনিত্যানুদর্শন নিত্যসংজ্ঞার প্রহীনার্থ সমৃদ্ধি করে– জ্ঞান-বিস্তার ঋদ্ধি। দুঃখানুদর্শন সুখসংজ্ঞার প্রহীনার্থ সমৃদ্ধি করে– জ্ঞান-বিস্তার ঋদ্ধি। অনাত্মানুদর্শন আত্মসংজ্ঞার ...। নির্বেদানুদর্শন নন্দি বা সন্তুষ্টির ...। বিরাগানুদর্শন রাগ বা আসক্তির ...। নিরোধানুদর্শন সমুদয়ের ...। পরিত্যাগানুদর্শন গ্রহণের প্রহীনার্থ সমৃদ্ধি করে– জ্ঞান-বিস্তার ঋদ্ধি। আয়ুষ্মান বাকুল (বক্কুল)[১], আয়ুষ্মান সংকিচ্চ এবং আয়ুষ্মান ভূপালের জ্ঞান-বিস্তার ঋদ্ধি (ছিল)। এটা-ই জ্ঞান-বিস্তার ঋদ্ধি।

১৬। সমাধি-বিস্তার ঋদ্ধি কিরূপ? প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহের প্রহীনার্থ সমৃদ্ধি করে– এটা সমাধি-বিস্তার ঋদ্ধি। দ্বিতীয়ধ্যান দ্বারা বিতর্ক-বিচারের প্রহীনার্থ সমৃদ্ধি করে– এটা সমাধি-বিস্তার ঋদ্ধি। তৃতীয়ধ্যান দ্বারা প্রীতির ...। চতুর্থধ্যান দ্বারা সুখ-দুঃখের ...। আকাশানন্তায়তন-সমাপত্তি দ্বারা রূপ সংজ্ঞা, প্রতিঘসংজ্ঞা ও নানাত্ব সংজ্ঞার ...। বিজ্ঞানানন্তায়তন-সমাপত্তি দ্বারা আকাশানন্তায়তন সংজ্ঞার ...। আকিঞ্চনায়তন-সমাপত্তি দ্বারা বিজ্ঞানানন্তায়তন সংজ্ঞার ...। নৈবসংজ্ঞা-নাসংজ্ঞায়তন সমাপত্তি দ্বারা আকিঞ্চনায়তন সংজ্ঞার প্রহীনার্থ সমৃদ্ধি করে– এটা সমাধি-বিস্তার ঋদ্ধি। আয়ুষ্মান শারীপুত্র, আয়ুষ্মান সঞ্জীব, আয়ুষ্মান খানুকৌণ্ডাণ্য, উপাসিকা উত্তরা এবং উপাসিকা শ্যামাবতীর সমাধি-বিস্তার ঋদ্ধি (ছিল)। এটা-ই সমাধি বিস্তার ঋদ্ধি।

১৭। আর্য ঋদ্ধি কিরূপ? এখানে কোন ভিক্ষু যদি এরূপ আকাঙ্খা করেন– "আমি প্রতিকূলে অপ্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করব" তথায় তিনি অপ্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন। যদি আকাঙ্ক্ষা করেন– "আমি অপ্রতিকূলে প্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করব", তথায় তিনি প্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন। যদি এরূপ আকাঙ্ক্ষা করেন– "আমি প্রতিকূলে ও অপ্রতিকূলে অপ্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করব" তথায় তিনি

---

[১]। মধ্যম নিকায় তৃতীয় খণ্ডে বক্কুল সূত্র (১২৪ নং) দ্রষ্টব্য।

Visit: http://www.buddhistdownload.com

অপ্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন। যদি আকাঙ্খা করেন– "আমি অপ্রতিকূলে ও প্রতিকূলে প্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করব" তথায় প্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন। আর যদি এরূপ আকাঙ্খা করেন– "আমি প্রতিকূল ও অপ্রতিকূল উভয়কেই বর্জন করে উপেক্ষক, স্মৃতিমান এবং সম্প্রজ্ঞানী হয়ে অবস্থান করব", তথায় তিনি উপেক্ষক, স্মৃতিমান ও সম্প্রজ্ঞানী হয়ে অবস্থান করেন।

কিরূপে প্রতিকূলে অপ্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন? অনিষ্টজনক বিষয়ে মৈত্রী দ্বারা স্ফুরণ করেন বা ধাতুরূপে গ্রহণ করেন। এরূপেই প্রতিকূলে অপ্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন।

কিরূপে অপ্রতিকূলে প্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন? ইষ্টজনক বিষয়ে অশুভ দ্বারা স্ফুরণ করেন বা অনিত্যরূপে গ্রহণ করেন। এরূপেই অপ্রতিকূলে প্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন।

কিরূপে প্রতিকূলে এবং অপ্রতিকূলে অপ্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন? অনিষ্ট এবং ইষ্ট বিষয়ে মৈত্রী দ্বারা স্ফুরণ করেন বা ধাতুরূপে গ্রহণ করেন। এরূপেই প্রতিকূলে এবং অপ্রতিকূলে অপ্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন।

কিরূপে অপ্রতিকূলে এবং প্রতিকূলে প্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন? ইষ্ট এবং অনিষ্ট বিষয়ে অশুভ দ্বারা স্ফুরণ করেন বা অনিত্যরূপে গ্রহণ করেন। এরূপেই অপ্রতিকূলে এবং প্রতিকূলে প্রতিকূলসংজ্ঞী হয়ে অবস্থান করেন।

কিরূপে প্রতিকূল এবং অপ্রতিকূল তৎউভয়কে পরিহার করে উপেক্ষক, স্মৃতিমান ও সম্প্রজ্ঞানী হয়ে অবস্থান করেন? এখানে ভিক্ষু চক্ষু দ্বারা রূপ দর্শন করে সুমনা ও দুর্মনা না হয়ে উপেক্ষক, স্মৃতিমান এবং সম্প্রজ্ঞানী হয়ে অবস্থান করেন। শ্রোত্র দ্বারা শব্দ শ্রবণ করে সুমনা ও ... অবস্থান করেন। ঘ্রাণ দ্বারা গন্ধানুভব করে সুমনা ও ... অবস্থান করেন। জিহ্বা দ্বারা রসাস্বাদন করে সুমনা ও ... অবস্থান করেন। কায় দ্বারা স্পর্শানুভব করে সুমনা ও ... অবস্থান করেন। মন দ্বারা ধর্মানুভব করে সুমনা ও দুর্মনা না হয়ে উপেক্ষক, স্মৃতিমান এবং সম্প্রজ্ঞানী হয়ে অবস্থান

Visit: http://www.buddhistdownload.com

করেন। এরূপেই প্রতিকূল এবং অপ্রতিকূল তৎ উভয়কে পরিহার করে উপেক্ষক, স্মৃতিমান ও সম্প্রজ্ঞানী হয়ে অবস্থান করেন। এটা-ই আর্য ঋদ্ধি।

১৮। কর্মবিপাকজ ঋদ্ধি কিরূপ? সব পক্ষী, সব দেবতা, কিছু কিছু মানুষ এবং কিছু কিছু নৈরয়িক বা বিনিপাতিক সত্ত্বের কর্মবিপাকজ (কর্মবিপাক জনিত) ঋদ্ধি উৎপন্ন হয়। এটা-ই কর্মবিপাকজ ঋদ্ধি।

পুণ্যবানের ঋদ্ধি কিরূপ? চক্রবর্তী রাজা চতুরঙ্গিনী সেনা, অশ্বসারথি এবং গোসারথিদের সঙ্গে নিয়ে আকাশপথে গমন করেন। জ্যোতিক গৃহপতি, জটিল গৃহপতি, মেণ্ডক গৃহপতি এবং ঘোষিত গৃহপতি এই পাঁচজন মহাপুণ্যবানের পুণ্যবান ঋদ্ধি (ছিল)। এটা-ই পুণ্যবানের ঋদ্ধি।

বিদ্যাময় ঋদ্ধি কিরূপ? বিদ্যাধর ব্যক্তিগণ বিদ্যা বা মন্ত্র জপ করে আকাশপথে গমন করেন, আকাশে-অন্তরীক্ষে হস্তি, অশ্ব, রথ, পদাতিক সৈন্য এবং বিবিধ সেনাব্যূহ প্রদর্শন করেন। এটা-ই বিদ্যাময় ঋদ্ধি।

তথায় তথায় সম্যকরূপে প্রয়োগ প্রত্যয়ে সমৃদ্ধার্থে ঋদ্ধি কিরূপ? নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দের প্রহীনার্থ সমৃদ্ধি করে– এটা তথায় তথায় সম্যকরূপে প্রয়োগ প্রত্যয়ে সমৃদ্ধার্থে ঋদ্ধি। অব্যাপাদ দ্বারা ব্যাপাদের প্রহীনার্থ সমৃদ্ধি করে– এটা ...। আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্যের প্রহীনার্থ ...। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতার প্রহীনার্থ ...। ধর্মবিশ্লেষণ দ্বারা বিচিকিৎসার প্রহীনার্থ ...। জ্ঞান দ্বারা অবিদ্যার প্রহীনার্থ ...। প্রমোদ্য দ্বারা অরতির প্রহীনার্থ ...। প্রথম ধ্যান দ্বারা নীবরণসমূহের প্রহানার্থ ...। দ্বিতীয়ধ্যান দ্বারা ...পে... অরহত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশের প্রহানার্থ সমৃদ্ধি করে– এটা তথায় তথায় সম্যকরূপে প্রয়োগ প্রত্যয়ে সমৃদ্ধার্থে ঋদ্ধি। তথায় তথায় সম্যকরূপে প্রয়োগ প্রত্যয়ে সমৃদ্ধার্থে ঋদ্ধি এরূপই। এগুলোই দশ প্রকার ঋদ্ধি।

ঋদ্ধি কথা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

৩। অভিসময় কথা

১৯। 'অভিসময়, অভিসময়' বলা হয়; কিসের দ্বারা অভিসময় হয়? চিত্তের দ্বারা অভিসময় হয়।

যদি চিত্তের দ্বারা অভিসময় হয়, তাহলে অজ্ঞানী অভিসময় লাভ করতে পারে কি? অজ্ঞানী অভিসময় লাভ করতে পারে না। জ্ঞান দ্বারা অভিসময় হয়।

যদি জ্ঞান দ্বারা অভিসময় হয়, তাহলে অচিত্ত এবং জ্ঞান দ্বারা অচিত্তক (পুদ্গল) অভিসময় লাভ করতে পারে কি? অচিত্তক অভিসময় লাভ করতে পারে না। চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয়।

যদি চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয়, তাহলে কামবচর চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় কি? কামবচর চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় না।

তাহলে রূপাবচর চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় কি? রূপাবচর চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় না।

তাহলে অরূপাবচর চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় কি? অরূপাবচর চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় না। তাহলে স্বকৃতকর্ম চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় কি? স্বকৃতকর্ম চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় না।

তাহলে সত্যানুকূল চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় কি? সত্যানুকূল চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় না।

তাহলে অতীত চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় কি? অতীত চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় না।

তাহলে অনাগত চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় কি? অনাগত চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় না।

তাহলে বর্তমান লৌকিক চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় কি? বর্তমান লৌকিক চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয় না। লোকোত্তর মার্গক্ষণে বর্তমান চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয়।

Visit: http://www.buddhistdownload.com

লোকোত্তর মার্গক্ষণে বর্তমান চিত্ত এবং জ্ঞান দ্বারা কিরূপে অভিসময় হয়? লোকোত্তর মার্গক্ষণে উৎপাদাধিপত্য চিত্ত জ্ঞানের হেতু এবং প্রত্যয় হয়। তৎ সম্পযুক্ত নিরোধ গোচর দর্শনাধিপত্য জ্ঞান চিত্তের হেতু এবং প্রত্যয় হয়। তৎ সম্পযুক্ত জ্ঞান নিরোধগোচর হয়। এরূপেই লোকোত্তর মার্গক্ষণে বর্তমান চিত্ত এবং জ্ঞান দ্বারা অভিসময় হয়।

২০। অভিসময় কি মাত্র এই পর্যন্ত? নিশ্চয়ই নয়। লোকোত্তর মার্গক্ষণে দর্শনাভিসময় সম্যকদৃষ্টি, অভিনিরোপনাভিসময় সম্যকসংকল্প, পরিগ্রহাভিসময় সম্যকবাক্য, সমুত্থানাভিসময় সম্যককর্ম, পরিশুদ্ধাভিসময় সম্যকজীবিকা, প্রগ্রহাভিসময় সম্যকপ্রচেষ্টা, উপস্থাপনাভিসময় সম্যকস্মৃতি, অবিক্ষেপাভিসময় সম্যকসমাধি; উপস্থাপনাভিসময় স্মৃতি সম্বোধ্যঙ্গ, প্রবিচয়াভিসময় ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ, প্রগ্রহাভিসময় বীর্য সম্বোধ্যঙ্গ, স্ফুরণাভিসময় প্রীতি সম্বোধ্যঙ্গ, উপশমাভিসময় প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ, অবিক্ষেপাভিসময় সমাধি সম্বোধ্যঙ্গ, প্রতিসংখ্যানাভিসময় উপেক্ষা সম্বোধ্যঙ্গ; অশ্রদ্ধায় অকম্পিতাভিসময় শ্রদ্ধাবল, আলস্যে অকম্পিতাভিসময় বীর্যবল, প্রমাদে অকম্পিতাভিসময় স্মৃতিবল, চঞ্চলতায় অকম্পিতাভিসময় সমাধিবল, অবিদ্যায় অকম্পিতাভিসময় প্রজ্ঞাবল, অধিমোক্ষাভিসময় শ্রদ্ধেন্দ্রিয়, প্রগ্রহাভিসময় বীর্যেন্দ্রিয়, উপস্থাপনাভিসময় স্মৃতিন্দ্রিয়, অবিক্ষেপাভিসময় সমাধীন্দ্রিয়, দর্শনাভিসময় প্রজ্ঞেন্দ্রিয়। আধিপত্যার্থে ইন্দ্রিয়াভিসময়, অকম্পিতার্থে বলাভিসময়, মুক্তার্থে বোধ্যঙ্গাভিসময়, হেত্বার্থে মার্গাভিসময়, উপস্থাপনার্থে স্মৃতিপ্রস্থানাভিসময়, প্রধানার্থে সম্যক প্রধানাভিসময়, সমৃদ্ধার্থে ঋদ্ধিপাদাভিসময়, তথার্থে সত্যাভিসময়, অবিক্ষেপার্থে শমথাভিসময়, অনুদর্শনার্থে বিদর্শনাভিসময় একরসার্থে শমথ-বিদর্শনাভিসময়, অনতিক্রমার্থে যুগনদ্ধাভিসময়, সংবরার্থে শীল-বিশুদ্ধি-অভিসময়, অবিক্ষেপার্থে বিশুদ্ধি-অভিসময়, দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি অভিসময়, মুক্তার্থে বিমোক্ষাভিসময়, প্রতিবেধার্থে বিদ্যাভিসময়, পরিত্যাগার্থে বিমুক্তি-অভিসময়, সমুচ্ছেদার্থে ক্ষয় জ্ঞানাভিসময়। ছন্দ মূলার্থে অভিসময়, মনোযোগ সমুত্থানার্থে অভিসময়, স্পর্শ সমোধানার্থে অভিসময়, বেদনা সমোসরণার্থে অভিসময়, সমাধি প্রমুখার্থে অভিসময়,

Visit: http://www.buddhistdownload.com

স্মৃতি আধিপত্যার্থে অভিসময়, প্রজ্ঞা সর্বোত্তমার্থে অভিসময়, বিমুক্তি সারার্থে অভিসময় এবং অমৃতময় নির্বাণ পর্যাবসানার্থে অভিসময়।

২১। অভিসময় কি মাত্র এই পর্যন্ত? নিশ্চয়ই নয়। স্রোতাপত্তিমার্গ ক্ষণে দর্শনাভিসময় সম্যকদৃষ্টি, অভিনিরোপনাভিসময় সম্যকসংকল্প, ... পূর্ববৎ ... এবং অমৃতময় নির্বাণ পর্যাবসানার্থে অভিসময়।

অভিসময় কি মাত্র এই পর্যন্ত? নিশ্চয়ই নয়। স্রোতাপত্তিফল ক্ষণে দর্শনাভিসময় সম্যকদৃষ্টি, ... পূর্ববৎ ... পরিত্যাগার্থে বিমুক্তি-অভিসময়, প্রতিপ্রশ্রব্ধার্থে অনুৎপত্তি-জ্ঞানাভিসময়। ছন্দ মূলার্থে অভিসময়, ... পূর্ববৎ ... এবং অমৃতময় নির্বাণ পর্যাবসানার্থে অভিসময়।

অভিসময় কি মাত্র এই পর্যন্ত? নিশ্চয়ই নয়। সকৃদাগামীমার্গ ক্ষণে দর্শনাভিসময় সম্যকদৃষ্টি, ... পূর্ববৎ ... এবং অমৃতময় নির্বাণ পর্যাবসানার্থে অভিসময়।

অভিসময় কি মাত্র এই পর্যন্ত? নিশ্চয়ই নয়। সকৃদাগামীফল ক্ষণে ... পূর্ববৎ ... এবং অমৃতময় নির্বাণ পর্যাবসানার্থে অভিসময়।

অভিসময় কি মাত্র এই পর্যন্ত? নিশ্চয়ই নয়। অনাগামীমার্গ ক্ষণে ...পূর্ববৎ ... এবং অমৃতময় নির্বাণ পর্যাবসানার্থে অভিসময়।

অভিসময় কি মাত্র এই পর্যন্ত? নিশ্চয়ই নয়। অনাগামীফল ক্ষণে ... পূর্ববৎ .... এবং অমৃতময় নির্বাণ পর্যাবসানার্থে অভিসময়।

অভিসময় কি মাত্র এই পর্যন্ত? নিশ্চয়ই নয়। অরহত্বমার্গ ক্ষণে ... পূর্ববৎ ... এবং অমৃতময় নির্বাণ পর্যাবসানার্থে অভিসময়।

অভিসময় কি মাত্র এই পর্যন্ত? নিশ্চয়ই নয়। অরহত্বফল ক্ষণে ... পূর্ববৎ ... এবং অমৃতময় নির্বাণ পর্যাবসানার্থে অভিসময়।

যিনি এই ক্লেশসমূহ পরিত্যাগ করেন, (তিনি) অতীত, অনাগত এবং বর্তমান ক্লেশসমূহ পরিত্যাগ করেন। যদি অতীত ক্লেশসমূহ পরিত্যাগ করেন, তাহলে বিধ্বংসকে বিধ্বংস করেন, নিরুদ্ধকে নিরোধ করেন, বিগতকে বিগত করেন, অন্তর্হিতকে অন্তর্হিত করেন। যা অতীতে ছিল না তা কি পরিত্যাগ করেন? অতীত ক্লেশসমূহ পরিত্যাগ করেন না। অনাগত ক্লেশসমূহ পরিত্যাগ করেন। যদি অনাগত ক্লেশসমূহ পরিত্যাগ করেন,

Visit: http://www.buddhistdownload.com

তাহলে অজাত, অনিবর্তন (অপ্রসূত), অনুৎপন্ন ও অপ্রাদুর্ভূতকে পরিত্যাগ করেন এবং অনাগতে যা হবে না তা কি পরিত্যাগ করেন? অনাগত ক্লেশসমূহ পরিত্যাগ করেন না। বর্তমান ক্লেশসমূহ পরিত্যাগ করেন। যদি বর্তমান ক্লেশসমূহ পরিত্যাগ করেন, তাহলে রাগাসক্ত রাগকে, দুষ্টাচারী দোষ বা দ্বেষকে, মূর্খ মোহকে, মানাবদ্ধ ব্যক্তি মানকে, পরমদৃষ্টিক দৃষ্টিকে, বিক্ষেপী চঞ্চলতাকে, অনিষ্টকামী সন্দেহকে ও বীর্যবান অনুশয়কে পরিত্যাগ করেন, কৃষ্ণ-শুক্ল ধর্মসমূহ একসাথে ও সমভাবে সম্পাদিত হয়, সংক্লেশিক মার্গভাবনা হয়?

অতীত, অনাগত এবং বর্তমান ক্লেশসমূহ পরিত্যাগ করেন না। যদি অতীত, অনাগত ও বর্তমান ক্লেশসমূহ পরিত্যাগ না করেন, তবে মার্গভাবনা নেই, ফল সাক্ষাৎ নেই, ক্লেশ প্রহীন নেই এবং ধর্মাভিসময় নেই? মার্গভাবনা আছে, ফল সাক্ষাৎ আছে, ক্লেশ প্রহীন আছে এবং ধর্মাভিসময় আছে। কিসের ন্যায়? যেমন, অজাতফল একটি তরুণ বৃক্ষ (চারা গাছ)। কোন পুরুষ তা দেখামাত্র মূলোৎপাটন করলে সেই বৃক্ষের অজাতফল অজাতই থেকে যায়, আর জাত হতে পারে না। অনুৎপত্তিফল আর উৎপত্তি হয় না, অনুৎপন্নফল আর উৎপন্ন হয় না এবং অপ্রাদুর্ভূতফল আর প্রাদুর্ভূত হয় না। অনুরূপভাবে উৎপন্ন (জন্ম) হেতু ও প্রত্যয়ে ক্লেশসমূহের উৎপন্ন হয়। উৎপন্নে (জন্মে) আদীনব দর্শন করে অনুৎপন্নে (জন্ম না হওয়াতে) চিত্তকে নিয়োজিত করে। চিত্তকে অনুৎপন্নে নিয়োজিত করার ফলে যেসব উৎপন্ন-প্রত্যয়ে (জন্ম-প্রত্যয়ে) ক্লেশ উৎপন্ন হয়, সেগুলো অজাতই থেকে যায়, আর জাত হতে পারে না। অনুৎপত্তি ক্লেশ আর উৎপত্তি হয় না, অনুৎপন্ন ক্লেশ আর উৎপন্ন হয় না এবং অপ্রাদুর্ভূত ক্লেশ আর প্রাদুর্ভূত হয় না। এরূপে হেতু নিরোধে দুঃখ নিরোধ হয়। প্রবর্তন হেতু, নিমিত্ত হেতু, আসক্তি হেতু। আসক্তি প্রত্যয়ে ক্লেশসমূহের উৎপত্তি হয়। আসক্তিতে আদীনব দর্শন করে চিত্তকে আসক্তিতে নিয়োজিত করে। চিত্তকে আসক্তিতে নিয়োজিত করার ফলে যেসব আসক্তি-প্রত্যয়ে ক্লেশ উৎপন্ন হয়, সেগুলো অজাতই থেকে যায়, আর জাত হতে পারে না। অনুৎপত্তিক্লেশ আর উৎপত্তি হয় না, অনুৎপন্ন ক্লেশ আর উৎপন্ন হয় না

Visit: http://www.buddhistdownload.com

এবং অপ্রাদুর্ভূত ক্লেশ আর প্রাদুর্ভূত হয় না। এরূপে হেতু নিরোধে দুঃখ নিরোধ হয়। এভাবে মার্গভাবনা আছে, ফল সাক্ষাৎ আছে, ক্লেশ প্রহীন আছে এবং ধর্মাভিসময়ও আছে।

অভিসময় কথা সমাপ্ত।

৪। বিবেক কথা

২২। শ্রাবস্তী নিদান। "হে ভিক্ষুগণ! যেমন, যেসব কর্ম বল প্রয়োগের মাধ্যমে করা হয়, সেসব কর্ম পৃথিবীকে আশ্রয় করে ও পৃথিবীতে প্রতিষ্ঠিত হয়ে করা হয়, তেমনি ভিক্ষু শীলকে আশ্রয় করে এবং শীলে প্রতিষ্ঠিত হয়ে আর্য অষ্টাঙ্গিক মার্গকে ভাবিত ও বহুলীকৃত করে"।

"ভিক্ষুগণ! কিরূপে ভিক্ষু শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে আর্য অষ্টাঙ্গিক মার্গকে ভাবিত ও বহুলীকৃত করে? এখানে ভিক্ষু বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত, নিরোধ নিঃসৃত এবং ত্যাগপরিণামী সম্যকদৃষ্টিকে ভাবিত করে। বিবেক নিঃসৃত, ... সম্যকসংকল্পকে ভাবিত করে। বিবেক নিঃসৃত, ... সম্যকবাক্যকে ভাবিত করে। বিবেক নিঃসৃত, ... সম্যককর্মকে ভাবিত করে। বিবেক নিঃসৃত ... সম্যকজীবিকাকে ভাবিত করে। বিবেক নিঃসৃত ... সম্যকপ্রচেষ্টাকে ভাবিত করে। বিবেক নিঃসৃত ... সম্যকস্মৃতিকে ভাবিত করে। বিবেক নিঃসৃত ... সম্যকসমাধিকে ভাবিত করে। ভিক্ষুগণ! এভাবেই ভিক্ষু শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে আর্য অষ্টাঙ্গিক মার্গকে ভাবিত ও বহুলীকৃত করে"।

২৩। "হে ভিক্ষুগণ! যেমন, যেসব বীজ, লতাগুল্মাদি বর্ধিত, বৈপুল্যপ্রাপ্ত ও পরিপূর্ণ আকার ধারণ করে, সেসব বীজ, লতাগুল্মাদি পৃথিবীকে আশ্রয় করে, পৃথিবীতে প্রতিষ্ঠিত হয়েই বর্ধিত, বৈপুল্যপ্রাপ্ত এবং পরিপূর্ণ আকার ধারণ করে থাকে। অনুরূপভাবে ভিক্ষু ও শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে আর্য অষ্টাঙ্গিক মার্গ ভাবিত ও বহুলীকৃত করলে ধর্মসমূহে উন্নতি, শ্রীবৃদ্ধি ও বৈপুল্যতা লাভ করে"।

Visit: http://www.buddhistdownload.com

"ভিক্ষুগণ! কিরূপে ভিক্ষু শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে আর্য অষ্টাঙ্গিক মার্গ ভাবিত ও বহুলীকৃতকালে ধর্মসমূহে উন্নতি, শ্রীবৃদ্ধি ও বৈপুল্যতা লাভ করে? এখানে ভিক্ষু বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত, নিরোধ নিঃসৃত ও ত্যাগপরিণামী সম্যকদৃষ্টি ভাবিত করে। বিবেক নিঃসৃত, ... সম্যকসংকল্প ভাবিত করে। বিবেক নিঃসৃত, ... সম্যকবাক্য ভাবিত করে। বিবেক নিঃসৃত, ... সম্যককর্ম ভাবিত করে। বিবেক নিঃসৃত, ... সম্যকজীবিকা ভাবিত করে। বিবেক নিঃসৃত, ... সম্যকপ্রচেষ্টা ভাবিত করে। বিবেক নিঃসৃত ... সম্যকস্মৃতি ভাবিত করে। বিবেক নিঃসৃত, ... সম্যকসমাধি ভাবিত করে। ভিক্ষুগণ! এভাবেই ভিক্ষু শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে আর্য অষ্টাঙ্গিকমার্গ ভাবিত ও বহুলীকৃতকালে ধর্মসমূহে উন্নতি, শ্রীবৃদ্ধি ও বৈপুল্যতা লাভ করে"।

১। মার্গাঙ্গ বর্ণনা

২৪। সম্যকদৃষ্টির পাঁচ প্রকার বিবেক, পাঁচ প্রকার বিরাগ, পাঁচ প্রকার নিরোধ, পাঁচ প্রকার ত্যাগ এবং দ্বাদশ প্রকার নিশ্রয়। সম্যকসংকল্পের পাঁচ প্রকার বিবেক, ... নিশ্রয়। সম্যকবাক্যের পাঁচ প্রকার বিবেক ... নিশ্রয়। সম্যককর্মের পাঁচ ... নিশ্রয়। সম্যকজীবিকার পাঁচ ... নিশ্রয়। সম্যকপ্রচেষ্টার পাঁচ ... নিশ্রয়। সম্যকস্মৃতির পাঁচ ... নিশ্রয়। সম্যকসমাধির পাঁচ ... দ্বাদশ প্রকার নিশ্রয়।

সম্যকদৃষ্টির পঞ্চ বিবেক কি কি? বিষ্কম্ভন বিবেক, তদঙ্গ বিবেক, সমুচ্ছেদ বিবেক, প্রতিপ্রশ্রদ্ধি বিবেক ও নিঃসরণ বিবেক। প্রথমধ্যান ভাবনাকালে নীবরণসমূহের বিষ্কম্ভন বিবেক হয়, নির্বেধভাগীয় সমাধি ভাবনাকালে দৃষ্টিগতদের তদঙ্গ বিবেক হয়, লোকোত্তর ক্ষয়গামীমার্গ ভাবনাকালে সমুচ্ছেদ বিবেক হয়, ফলক্ষণে প্রতিপ্রশ্রদ্ধি বিবেক হয় এবং নিরোধ নির্বাণই নিঃসরণ বিবেক। এগুলো সম্যকদৃষ্টির পঞ্চ বিবেক। এই পঞ্চ বিবেক। এই পঞ্চ বিবেকে ছন্দ জাত ও শ্রদ্ধাধিমুক্ত হয় এবং চিত্ত সু-অধিষ্ঠিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

সম্যকদৃষ্টির পঞ্চ বিরাগ কি কি? বিষ্কম্ভন বিরাগ, ... পূর্ববৎ ... [উপরোক্ত 'বিবেক' এর স্থলে 'বিরাগ' পড়তে হবে] এবং চিত্ত সু-অধিষ্ঠিত হয়।

সম্যকদৃষ্টির পঞ্চ নিরোধ কি কি? বিষ্কম্ভন নিরোধ, ... পূর্ববৎ ... ['বিবেক' এর স্থলে, 'নিরোধ' পড়তে হবে] ফলক্ষণে প্রতিপ্রশ্রদ্ধি নিরোধ হয় এবং অমৃত ধাতুই নিঃসরণ নিরোধ ... এবং চিত্ত সু-অধিষ্ঠিত হয়।

সম্যকদৃষ্টির পঞ্চ ত্যাগ কি কি? বিষ্কম্ভন ত্যাগ ... পূর্ববৎ ... ['বিবেক' এর স্থলে 'ত্যাগ' পড়তে হবে] এবং চিত্ত সু-অধিষ্ঠিত হয়। এসবই সম্যকদৃষ্টির পঞ্চ বিবেক, পঞ্চ বিরাগ, পঞ্চ নিরোধ, পঞ্চ ত্যাগ এবং দ্বাদশ নিশ্রয়।

২৫। সম্যকসংকল্পের পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... সম্যকবাক্যের পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... সম্যককর্মের পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... সম্যকজীবিকার পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... সম্যকপ্রচেষ্টার পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... সম্যকস্মৃতির পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... সম্যকসমাধির পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... ['সম্যকদৃষ্টি' এর স্থলে 'সম্যকসংকল্পাদি' পড়তে হবে] এসবই সম্যকসংকল্পের পঞ্চ বিবেক ... সুঅধিষ্ঠিত হয়।

সম্যকসংকল্পের পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... সম্যকবাক্যের পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... সম্যককর্মের পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... সম্যকজীবিকার পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... সম্যকপ্রচেষ্টার পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... সম্যকস্মৃতির পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... সম্যকসমাধির পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... সুঅধিষ্ঠিত হয়।

সম্যকসংকল্পের পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... সম্যকবাক্যের পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... সম্যককর্মের পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... সম্যকজীবিকার পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... সম্যকপ্রচেষ্টার পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... সম্যকস্মৃতির পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... সম্যকসমাধির পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... সুঅধিষ্ঠিত হয়।

সম্যকসংকল্পের পঞ্চ ত্যাগ ... পূর্ববৎ ... সম্যকবাক্যের পঞ্চ ত্যাগ ... পূর্ববৎ ... সম্যককর্মের পঞ্চ ত্যাগ ... পূর্ববৎ ... সম্যকজীবিকার পঞ্চ ত্যাগ

Visit: http://www.buddhistdownload.com

... পূর্ববৎ ... সম্যকপ্রচেষ্টার পঞ্চ ত্যাগ ... পূর্ববৎ ... সম্যকস্মৃতির পঞ্চ ত্যাগ ... পূর্ববৎ ... সম্যকসমাধির পঞ্চ ত্যাগ ... পূর্ববৎ ... সুঅধিষ্ঠিত হয়। এসবই সম্যকসংকল্প, সম্যকবাক্য, সম্যককর্ম, সম্যক-জীবিকা, সম্যকপ্রচেষ্টা, সম্যকস্মৃতি, সম্যকসমাধির এই পঞ্চ বিবেক, পঞ্চ বিরাগ, পঞ্চ নিরোধ, পঞ্চ ত্যাগ এবং দ্বাদশ নিশ্রয়।

২৬। "হে ভিক্ষুগণ! যেমন, যেসব কর্মবল প্রয়োগের মাধ্যমে করা হয়, সেসব কর্ম পৃথিবীকে আশ্রয় করে ও পৃথিবীতে প্রতিষ্ঠিত হয়ে করা হয়, তেমনি ভিক্ষু শীলকে আশ্রয় করে এবং শীলে প্রতিষ্ঠিত হয়ে সপ্ত বোধ্যঙ্গ ভাবিত ও বহুলীকৃত করে"।

"ভিক্ষুগণ! কিরূপে ভিক্ষু শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে সপ্ত বোধ্যঙ্গ ভাবিত ও বহুলীকৃত করে? এখানে ভিক্ষু বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত, নিরোধ নিঃসৃত এবং ত্যাগপরিণামী স্মৃতি সম্বোধ্যঙ্গ ভাবিত করে। বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী ধর্মবিচয় সম্বোধ্যঙ্গ ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী বীর্য সম্বোধ্যঙ্গ ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী প্রীতি সম্বোধ্যঙ্গ ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী প্রশ্রদ্ধি সম্বোধ্যঙ্গ ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী সমাধি সম্বোধ্যঙ্গ ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী উপেক্ষা সম্বোধ্যঙ্গ ... ভিক্ষুগণ! এভাবেই ভিক্ষু শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে সপ্ত বোধ্যঙ্গ ভাবিত ও বহুলীকৃত করে"।

"হে ভিক্ষুগণ! যেমন, যেসব বীজ, লতাগুল্মাদি বর্ধিত, বৈপুল্যপ্রাপ্ত ও পরিপূর্ণ আকার ধারণ করে, সেসব বীজ, লতাগুল্মাদি পৃথিবীকে আশ্রয় করে, পৃথিবীতে প্রতিষ্ঠিত হয়েই বর্ধিত, বৈপুল্যপ্রাপ্ত এবং পরিপূর্ণ আকার ধারণ করে থাকে। অনুরূপভাবে ভিক্ষু ও শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে সপ্ত বোধ্যঙ্গ ভাবিত ও বহুলীকৃতকালে ধর্মসমূহে উন্নতি, শ্রীবৃদ্ধি ও বৈপুল্যতা লাভ করে"।

"ভিক্ষুগণ! কিরূপে ভিক্ষু শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে পঞ্চবল ভাবিত ও বহুলীকৃত করে? এখানে ভিক্ষু বিবেক নিঃসৃত, বিরাগ

Visit: http://www.buddhistdownload.com

নিঃসৃত, নিরোধ নিঃসৃত এবং ত্যাগপরিণামী শ্রদ্ধাবল ভাবিত করে। বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী বীর্যবল ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী স্মৃতিবল ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী সমাধিবল ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী প্রজ্ঞাবল ... ভিক্ষুগণ! এভাবেই ভিক্ষু শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে পঞ্চবল ভাবিত ও বহুলীকৃত করে"।

"হে ভিক্ষুগণ! যেমন, যেসব বীজ, লতাগুল্মাদি বর্ধিত, বৈপুল্যপ্রাপ্ত ও পরিপূর্ণ আকার ধারণ করে, সেসব বীজ, লতাগুল্মাদি পৃথিবীকে আশ্রয় করে, পৃথিবীতে প্রতিষ্ঠিত হয়েই বর্ধিত, বৈপুল্যপ্রাপ্ত এবং পরিপূর্ণ আকার ধারণ করে থাকে। অনুরূপভাবে ভিক্ষু ও শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে পঞ্চবল ভাবিত ও বহুলীকৃতকালে ধর্মসমূহে উন্নতি, শ্রীবৃদ্ধি ও বৈপুল্যতা লাভ করে"।

"ভিক্ষুগণ! কিরূপে ভিক্ষু শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে পঞ্চেন্দ্রিয় ভাবিত ও বহুলীকৃত করে? এখানে ভিক্ষু বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত, নিরোধ নিঃসৃত এবং ত্যাগপরিণামী শ্রদ্ধেন্দ্রিয় ভাবিত করে। বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী বীর্যেন্দ্রিয় ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী স্মৃতীন্দ্রিয় ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী সমাধীন্দ্রিয় ... বিবেক নিঃসৃত, বিরাগ নিঃসৃত এবং ত্যাগপরিণামী প্রজ্ঞেন্দ্রিয় ... ভিক্ষুগণ! এভাবেই ভিক্ষু শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে পঞ্চেন্দ্রিয় ভাবিত ও বহুলীকৃত করে"।

"হে ভিক্ষুগণ! যেমন, যেসব বীজ, লতাগুল্মাদি বর্ধিত, বৈপুল্যপ্রাপ্ত ও পরিপূর্ণ আকার ধারণ করে, সেসব বীজ, লতাগুল্মাদি পৃথিবীকে আশ্রয় করে, পৃথিবীতে প্রতিষ্ঠিত হয়েই বর্ধিত, বৈপুল্যপ্রাপ্ত এবং পরিপূর্ণ আকার ধারণ করে থাকে। অনুরূপভাবে ভিক্ষু ও শীলকে আশ্রয় করে, শীলে প্রতিষ্ঠিত হয়ে পঞ্চবল ভাবিত ও বহুলীকৃতকালে ধর্মসমূহে উন্নতি, শ্রীবৃদ্ধি ও বৈপুল্যতা লাভ করে"

Visit: http://www.buddhistdownload.com

২। ইন্দ্রিয় বর্ণনা

২৭। শ্রদ্ধেন্দ্রিয়ের পাঁচ প্রকার বিবেক, পাঁচ প্রকার বিরাগ, পাঁচ প্রকার নিরোধ, পাঁচ প্রকার ত্যাগ এবং দ্বাদশ প্রকার নিশ্রয়। বীর্যেন্দ্রিয়ের পাঁচ ... স্মৃতীন্দ্রিয়ের পাঁচ ... সমাধীন্দ্রিয়ের ... প্রজ্ঞেন্দ্রিয়ের পাঁচ ... এবং দ্বাদশ প্রকার নিশ্রয়।

শ্রদ্ধেন্দ্রিয়ের পঞ্চ বিবেক কি কি? বিষ্কম্ভন বিবেক, তদঙ্গ বিবেক, সমুচ্ছেদ বিবেক, প্রতিপ্রশ্রদ্ধি বিবেক ও নিঃসরণ বিবেক। প্রথমধ্যান ভাবনাকালে নীবরণসমূহের বিষ্কম্ভন বিবেক হয়, নির্বেধভাগীয় সমাধি ভাবনাকালে দৃষ্টিগতদের তদঙ্গ বিবেক হয়, লোকোত্তর ক্ষয়গামীমার্গ ভাবনাকালে সমুচ্ছেদ বিবেক হয়, ফলক্ষণে প্রতিপ্রশ্রদ্ধি বিবেক হয় এবং নিরোধ নির্বাণই নিঃসরণ বিবেক। এগুলো সম্যকদৃষ্টির পঞ্চ বিবেক। এই পঞ্চ বিবেক। এই পঞ্চ বিবেকে ছন্দ জাত ও শ্রদ্ধাধিমুক্ত হয় এবং চিত্ত সু-অধিষ্ঠিত হয়।

শ্রদ্ধেন্দ্রিয়র পঞ্চ বিরাগ কি কি? বিষ্কম্ভন বিরাগ, ... পূর্ববৎ ... [উপরোক্ত 'বিবেক' এর স্থলে 'বিরাগ' পড়তে হবে] এবং চিত্ত সু-অধিষ্ঠিত হয়।

শ্রদ্ধেন্দ্রিয়ের পঞ্চ নিরোধ কি কি? বিষ্কম্ভন নিরোধ, ... পূর্ববৎ ... ['বিবেক' এর স্থলে, 'নিরোধ' পড়তে হবে] ফলক্ষণে প্রতিপ্রশ্রদ্ধি নিরোধ হয় এবং অমৃত ধাতুই নিঃসরণ নিরোধ ... এবং চিত্ত সু-অধিষ্ঠিত হয়।

শ্রদ্ধেন্দ্রিয়ের পঞ্চ ত্যাগ কি কি? বিষ্কম্ভন ত্যাগ ... পূর্ববৎ ... ['বিবেক' এর স্থলে 'ত্যাগ' পড়তে হবে] এবং চিত্ত সু-অধিষ্ঠিত হয়। এসবই শ্রদ্ধেন্দ্রিয়ের পঞ্চ বিবেক, পঞ্চ বিরাগ, পঞ্চ নিরোধ, পঞ্চ ত্যাগ এবং দ্বাদশ নিশ্রয়।

বীর্যেন্দ্রিয়ের পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... স্মৃতীন্দ্রিয়ের পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... সমাধীন্দ্রিয়ের পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... প্রজ্ঞেন্দ্রিয়ের পঞ্চ বিবেক ... পূর্ববৎ ... ['শ্রদ্ধেন্দ্রিয়ের' এর স্থলে 'বীর্যেন্দ্রিয়াদি' পড়তে হবে] এসবই বীর্যেন্দ্রিয়াদির পঞ্চ বিবেক ... সুঅধিষ্ঠিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

বীর্যেন্দ্রিয়ের পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... স্মৃতীন্দ্রিয়ের পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... সমাধীন্দ্রিয়ের পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... প্রজ্ঞেন্দ্রিয়ের পঞ্চ বিরাগ ... পূর্ববৎ ... ['শ্রদ্ধেন্দ্রিয়ের' এর স্থলে 'বীর্যেন্দ্রিয়াদি' পড়তে হবে] এসবই বীর্যেন্দ্রিয়াদির পঞ্চ বিরাগ ... সুঅধিষ্ঠিত হয়।

বীর্যেন্দ্রিয়ের পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... স্মৃতীন্দ্রিয়ের পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... সমাধীন্দ্রিয়ের পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... প্রজ্ঞেন্দ্রিয়ের পঞ্চ নিরোধ ... পূর্ববৎ ... ['শ্রদ্ধেন্দ্রিয়ের' এর স্থলে 'বীর্যেন্দ্রিয়াদি' পড়তে হবে] এসবই বীর্যেন্দ্রিয়াদির পঞ্চ নিরোধ ... সুঅধিষ্ঠিত হয়।

বীর্যেন্দ্রিয়ের পঞ্চ ত্যাগ ... পূর্ববৎ ... স্মৃতীন্দ্রিয়ের পঞ্চ ত্যাগ ... পূর্ববৎ ... সমাধীন্দ্রিয়ের পঞ্চ ত্যাগ ... পূর্ববৎ ... প্রজ্ঞেন্দ্রিয়ের পঞ্চ ত্যাগ ... পূর্ববৎ ... ['শ্রদ্ধেন্দ্রিয়ের' এর স্থলে 'বীর্যেন্দ্রিয়াদি' পড়তে হবে] এসবই বীর্যেন্দ্রিয়াদির পঞ্চ ত্যাগ ... সুঅধিষ্ঠিত হয়। এসবই বীর্যেন্দ্রিয়, স্মৃতীন্দ্রিয়, সমাধীন্দ্রিয়, প্রজ্ঞেন্দ্রিয়ের এই পঞ্চ বিবেক, পঞ্চ বিরাগ, পঞ্চ নিরোধ, পঞ্চ ত্যাগ এবং দ্বাদশ নিশ্রয়।

বিবেক কথা সমাপ্ত।

৫। চর্যা কথা

২৮। 'চর্যা, চর্যা' বলা হয়; সেই চর্যা আট প্রকার, যথা– ইর্যাপথচর্যা, আয়তনচর্যা, স্মৃতিচর্যা, সমাধিচর্যা, জ্ঞানচর্যা, মার্গচর্যা, প্রাপ্তিচর্যা এবং লোকার্থচর্যা।

'ইরিয়াপথ চরিয়াতি' বলতে চারি ইর্যাপথচর্যা। 'আয়তন চরিয়াতি' বলতে ছয় প্রকার আধ্যাত্মিক এবং ছয় প্রকার বাহ্যিক আয়তনচর্যা। 'সতিচরিয়াতি' বলতে চারি স্মৃতিপ্রস্থানচর্যা। 'সমাধি চরিয়াতি' বলতে চারি ধ্যান বা সমাধিচর্যা। 'ঞাণচরিয়াতি' বলতে চারি আর্যসত্যচর্যা। 'মগ্গচরিয়াতি' বলতে চারি আর্যমার্গচর্যা। 'পতিচরিয়াতি' বলতে চারি শ্রামণ্যফলচর্যা। 'লোকত্থচরিয়াতি' বলতে তথাগত অরহত সম্যক সম্বুদ্ধ, পচ্চেকবুদ্ধ এবং শ্রাবকগণের প্রদেশচর্যা।

Visit: http://www.buddhistdownload.com

প্রণিধিসম্পন্নদের ইর্যাপথচর্যা। সংযতেন্দ্রিয়গণের আয়তন চর্যা। অপ্রমাদ বিহারীদের স্মৃতিচর্যা। অধিমুক্তানুযুক্তদের সমাধি চর্যা। বুদ্ধিসম্পন্নদের জ্ঞানচর্যা। সম্যক প্রতিপন্নদের মার্গচর্যা। ফলাধিগতকারীদের প্রাপ্তি চর্যা। তথাগত অরহত সম্যকসম্বুদ্ধ, পচ্চেকবুদ্ধ ও শ্রাবকগণের প্রদেশে লোকার্থচর্যা (জগতের হিতাচরণ)। এসবই আট প্রকার চর্যা।

২৯। অপর আট প্রকার চর্যা বিদ্যমান। যথা– শ্রদ্ধায় অধিমুক্তকালে শ্রদ্ধায় অবস্থান করে, প্রগ্রহকালে বীর্যের সহিত অবস্থান করে, উপস্থাপনকালে স্মৃতিতে অবস্থান করে, অবিক্ষেপকালে সমাধি দ্বারা অবস্থান করে, প্রজাননকালে প্রজ্ঞা দ্বারা অবস্থান করে, বিজাননকালে বিজ্ঞানচর্যা দ্বারা অবস্থান করে, এরূপ কুশল ধর্মসমূহে প্রতিপন্নকালে আয়তনচর্যা দ্বারা অবস্থান করে এবং এরূপ প্রতিপন্নের বিশেষ বা শ্রেষ্ঠতা অর্জনকালে বিশেষচর্যা দ্বারা বিচরণ করে। এসবই আট প্রকার চর্যা।

অপর আট প্রকার চর্যা রয়েছে। যথা– সম্যকদৃষ্টির দর্শনচর্যা, সম্যকসংকল্পের অভিনিরোপনচর্যা, সম্যকবাক্যের পরিগ্রহচর্যা, সম্যককর্মের সমুত্থানচর্যা, সম্যকজীবিকার পরিশুদ্ধচর্যা, সম্যকপ্রচেষ্টার প্রগ্রহচর্যা, সম্যকস্মৃতির উপস্থাপনচর্যা এবং সম্যকসমাধির অবিক্ষেপচর্যা। এসবই আট প্রকার চর্যা।

চর্যা কথা সমাপ্ত।

৬। প্রতিহার্য কথা

৩০। "হে ভিক্ষুগণ! প্রতিহার্য তিন প্রকার। সেই তিন প্রকার কি কি? ঋদ্ধি প্রতিহার্য, আদেশনা প্রতিহার্য ও অনুশাসনী প্রতিহার্য[১]।

ভিক্ষুগণ! ঋদ্ধি প্রতিহার্য কিরূপ? এখানে কেউ কেউ অনেক প্রকারে বিবিধ ঋদ্ধি লাভ করেন। যেমন, এক হয়ে বহু হন, বহু হয়ে (পুন) এক

---

[১]। এই ত্রিবিধ প্রতিহার্য অঙ্গুত্তর নিকায় ৩য় নিপাতে ৬১ নং সূত্রে (সঙ্গারব সূত্রে সঙ্গারব ব্রাহ্মণকে উদ্দেশ্য করে হুবহু পুনরাবৃত্তি হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

হন, হঠাৎ আবির্ভাব হন, হঠাৎ অন্তর্ধান হন, মুক্তাকাশে বিচরণের মতো যে কোন প্রাচীর, দুর্গপ্রাকার ও পর্বত অনায়াসে ভেদ করে চলে যেতে পারেন, জলে নিমজ্জিত ও ভেসে ওঠার মতো মৃত্তিকাভ্যন্তরে নিমজ্জিত হন, আবার ভেসে ওঠেন। পৃথিবীতে (মাটিতে) বিচরণ করার মতো জলের ওপর বিচরণকালে জলসিক্ত হন না। আকাশচারী পক্ষীর মতো উন্মুক্ত আকাশে পর্যঙ্কাবদ্ধ হয়ে বিচরণ করেন। এরূপ মহাতেজস্বী, মহানুভবসম্পন্ন চন্দ্র ও সূর্যকে হাত দিয়ে স্পর্শ এবং ঘর্ষণ করেন। ব্রহ্মলোক পর্যন্ত স্বশরীরে উপস্থিত হন। একেই ঋদ্ধি প্রতিহার্য বলে।

ভিক্ষুগণ! আদেশনা প্রতিহার্য কিরূপ? এখানে কেউ কেউ নিমিত্ত বা লক্ষণ দ্বারা (অপরকে) এরূপ বলতে পারেন– 'তোমার মন এরূপ, তোমার মন এই প্রকার, তোমার চিত্ত ঈদৃশ'। তিনি যত বেশী বলুন না কেন তা এরূপ, অন্যথা নয়। কেউ কেউ নিমিত্ত বা লক্ষণ দ্বারা বলতে পারেন না, কিন্তু মনুষ্য বা অমনুষ্য বা দেবতাদের শব্দ শুনে বলতে পারেন– তোমার মন এরূপ, 'তোমার মন এই প্রকার, তোমার চিত্ত ঈদৃশ'। তিনি যত বেশী বলুন না কেন তা এরূপ, অন্যথা নয়। কোন ব্যক্তি নিমিত্ত বা লক্ষণ দ্বারাও ওরকম বলতে পারেন না এবং মনুষ্য বা অমনুষ্য বা দেবতাদের শব্দ শুনেও ওরকম বলতে পরেন না কিন্তু বিতর্ক ও বিচারে অবস্থান করত বিতর্ক-বিস্ফার শব্দ শুনে এরূপ বলতে পারেন– 'তোমার মন এরূপ, তোমার মন এই প্রকার, তোমার চিত্ত ঈদৃশ'। তিনি যত বেশী বলুন না কেন তা এরূপ, অন্যথা নয়। আবার কেউ কেউ নিমিত্ত বা লক্ষণ দ্বারা, মনুষ্য বা অমনুষ্য বা দেবতাদের শব্দ শুনে এবং বিতর্ক ও বিচারে অবস্থান করত বিতর্ক-বিস্ফার শব্দ শুনেও ওরকম বলতে পারেন না, কিন্তু অবিতর্ক, অবিচার সমাধি সমাপন্নের চিত্তের দ্বারা চিত্তকে পরিজ্ঞাত হয়ে প্রকৃষ্টরূপে জানেন– 'যেমন এই মহাশয়ের মনসংস্কার প্রণিহিত, তিনি এই চিত্তের নিরন্তর অমুক নামক বিতর্ক জল্পনা করবেন'। তিনি যত বেশী বলুন না কেন তা এরূপ, অন্যথা নয়। একেই বলা হয় আদেশনা প্রতিহার্য।

ভিক্ষুগণ! অনুশাসনী প্রতিহার্য কিরূপ? এখানে কেউ কেউ এরূপে অনুশাসন করেন– 'এরূপ তর্ক কর, এরূপ তর্ক করো না। এরূপে মনে

Visit: http://www.buddhistdownload.com

রাখ, এরূপে মনে রেখো না। এটা পরিত্যাগ কর, এটা লাভ করে অবস্থান কর'। একেই বলা হয় অনুশাসনী প্রতিহার্য। ভিক্ষুগণ! এগুলোই তিন প্রকার প্রতিহার্য"।

৩১। নৈষ্ক্রম্যকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। কামচ্ছন্দকে পরিহার করে– এটা প্রতিহার্য। যাঁরা সেই নৈষ্ক্রম্য দ্বারা সমন্নাগত, তাঁরা সবাই বিশুদ্ধচিত্তসম্পন্ন ও অনাবিল সংকল্পকারী– এটা আদেশনা প্রতিহার্য। "সেই নৈষ্ক্রম্যকে এভাবে সেবিতব্য, এভাবে ভাবিতব্য, এভাবে বহুলীকৃতব্য এবং এভাবে তদনুধর্মতা স্মৃতি উপস্থাপিত করতে হবে"– এটা অনুশাসনী প্রতিহার্য।

অব্যাপাদকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। ব্যাপাদকে ... [উপরোক্ত 'নৈষ্ক্রম্য' স্থলে 'অব্যাপাদ' 'কামচ্ছন্দ' স্থলে 'ব্যাপাদ' পড়তে হবে]– অনুশাসনী প্রতিহার্য।

আলোকসংজ্ঞাকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। তন্দ্রালস্যকে ... ['নৈষ্ক্রম্য' স্থলে 'আলোকসংজ্ঞা' 'কামচ্ছন্দ' স্থলে 'তন্দ্রালস্য' পড়তে হবে]– এটা অনুশাসনী প্রাতিহার্য। অবিক্ষেপকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি প্রতিহার্য। চঞ্চলতাকে ... ['নৈষ্ক্রম্য' স্থলে 'অবিক্ষেপ' 'কামচ্ছন্দ' স্থলে 'চঞ্চলতা' পড়তে হবে]– অনুশাসনী প্রতিহার্য।

ধর্মবিশ্লেষণকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। বিচিকিৎসাকে ... ['নৈষ্ক্রম্য' স্থলে 'ধর্ম বিশ্লেষণ' 'কামচ্ছন্দ' স্থলে 'বিচিকিৎসা' পড়তে হবে]– অনুশাসনী প্রতিহার্য।

জ্ঞানকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। অবিদ্যাকে ... ['নৈষ্ক্রম্য' স্থলে 'জ্ঞান' 'কামচ্ছন্দ' স্থলে 'অবিদ্যা' পড়তে হবে]– অনুশাসনী প্রতিহার্য।

প্রমোদ্যকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। অরতিকে ... ['নৈষ্ক্রম্য' স্থলে 'প্রমোদ্য' 'কামচ্ছন্দ' স্থলে 'অরতি' পড়তে হবে]– এটা অনুশাসনী প্রতিহার্য।

প্রথমধ্যানকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। নীবরণসমূহকে ... ['নৈষ্ক্রম্য' স্থলে 'প্রথমধ্যান' 'কামচ্ছন্দ' স্থলে 'নীবরণসমূহ' পড়তে হবে]– এটা অনুশাসনী প্রতিহার্য। দ্বিতীয়ধ্যানকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। বিতর্ক-

Visit: http://www.buddhistdownload.com

বিচারকে ... তৃতীয়ধ্যানকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। প্রীতিকে ... চতুর্থধ্যানকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। সুখ-দুঃখকে ... স্রোতাপত্তিমার্গকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে ... সকৃদাগামীমার্গকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। স্থূল ক্লেশসমূহকে ... অনাগামীমার্গকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। সূক্ষ্ম ক্লেশসমূহকে ... অরহত্বমার্গকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। সর্ব ক্লেশকে ... ['নৈষ্ক্রম্য' স্থলে 'অরহত্বমার্গ' 'কামচ্ছন্দ' স্থলে 'সর্ব ক্লেশ' পড়তে হবে]– এটা অনুশাসনী প্রতিহার্য।

৩২। নৈষ্ক্রম্যকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। কামচ্ছন্দকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা ঋদ্ধি এবং যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। অব্যাপাদকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। ব্যাপাদকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা ঋদ্ধি এবং যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। আলোক সংজ্ঞাকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। তন্দ্রালস্যকে পরিহার করে– এটা প্রতিহার্য। প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। অবিক্ষেপকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। চঞ্চলতাকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। ধর্ম বিশ্লেষণকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। বিচিকিৎসাকে পরিহার করে– এটা প্রতিহার্য। প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। জ্ঞানকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। অবিদ্যাকে পরিহার করে– এটা প্রতিহার্য। প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। প্রমোদ্যকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। অরতিকে পরিহার করে– এটা প্রতিহার্য। প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। প্রথমধ্যানকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। নীবরণসমূহকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। দ্বিতীয়ধ্যানকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। বিতর্ক-বিচারকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। তৃতীয়ধ্যানকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। প্রীতিকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। চতুর্থধ্যানকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। সুখ-দুঃখকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। স্রোতাপত্তিমার্গকে সমৃদ্ধি করে–

Visit: http://www.buddhistdownload.com

এটা ঋদ্ধি। মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। সকৃদাগামীমার্গকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। স্থূল ক্লেশসমূহকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। অনাগামীমার্গকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। সূক্ষ্ম ক্লেশসমূহকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে। অরহত্বমার্গকে সমৃদ্ধি করে– এটা ঋদ্ধি। সর্ব ক্লেশকে পরিহার করে– এটা প্রতিহার্য। যা ঋদ্ধি এবং যা প্রতিহার্য, তাকে ঋদ্ধি প্রতিহার্য বলে।

প্রতিহার্য কথা সমাপ্ত।

৭। সমশীর্ষ কথা

৩৩। সব ধর্মের সম্যক সমুচ্ছেদ এবং নিরোধে অনুপস্থানতা প্রজ্ঞা হল সমশীর্ষার্থ জ্ঞান।

'সব্বধম্মানন্তি' বলতে পঞ্চস্কন্ধ, দ্বাদশ আয়তন, অষ্টাদশ ধাতু, কুশলধর্ম, অব্যাকৃতধর্ম, কামাবচর ধর্ম, রূপাবচর ধর্ম, অরূপাবচর ধর্ম ও লোকোত্তর ধর্ম। 'সম্মাসমুচ্ছেদেতি' বলতে নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, অব্যাপাদ দ্বারা ব্যাপাদকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্যকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, অবিক্ষেপ দ্বারা চঞ্চলতাকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, ধর্মবিশ্লেষণ দ্বারা বিচিকিৎসাকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, জ্ঞান দ্বারা অবিদ্যাকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, প্রমোদ্য দ্বারা অরতিকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, দ্বিতীয়ধ্যান দ্বারা বিতর্ক-বিচারকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, তৃতীয়ধ্যান দ্বারা প্রীতিকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, চতুর্থধ্যান দ্বারা সুখ-দুঃখকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, স্রোতাপত্তিমার্গ দ্বারা মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, সকৃদাগামীমার্গ দ্বারা স্থূল ক্লেশসমূহকে সম্যকরূপে সমুচ্ছেদ করে, অনাগামীমার্গ দ্বারা সূক্ষ্ম ক্লেশসমূহকে

Visit: http://www.buddhistdownload.com

সম্যকরূপে সমুচ্ছেদ করে, অরহত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশকে সম্যকরূপে সমুচ্ছেদ করে।

'নিরোধেতি' বলতে নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দকে নিরোধ করে, অব্যাপাদ দ্বারা ব্যাপাদকে নিরোধ করে ... পূর্ববৎ ... [উপরোক্ত 'সম্যকরূপে সমুচ্ছেদ করে' এর স্থলে 'নিরোধ করে' পড়তে হবে] অরহত্বমার্গ দ্বারা সর্বক্লেশকে নিরোধ করে।

'অনুপট্ঠানতাতি' বলতে নৈষ্ক্রম্য প্রতিলব্ধের কামচ্ছন্দ থাকে না, অব্যাপাদ প্রতিলব্ধের ব্যাপাদ থাকে না, আলোক সংজ্ঞা প্রতিলব্ধের তন্দ্রালস্য থাকে না, অবিক্ষেপ প্রতিলব্ধের চঞ্চলতা থাকে না, ধর্মবিশ্লেষণ প্রতিলব্ধের বিচিকিৎসা থাকে না, জ্ঞান প্রতিলব্ধের অবিদ্যা থাকে না, প্রমোদ্য প্রতিলব্ধের অরতি থাকে না, প্রথমধ্যান প্রতিলব্ধের নীবরণসমূহ থাকে না, দ্বিতীয়ধ্যান প্রতিলব্ধের ... পে ... অরহত্বমার্গ প্রতিলব্ধের সর্ব ক্লেশ থাকে না।

'সমন্তি' বলতে কামচ্ছন্দের প্রহীনত্ব নৈষ্ক্রম্য সম, ব্যাপাদের প্রহীনত্ব অব্যাপাদ সম, তন্দ্রালস্যের প্রহীনত্ব আলোকসংজ্ঞা সম, চঞ্চলতার প্রহীনত্ব অবিক্ষেপ সম, বিচিকিৎসার প্রহীনত্ব ধর্মবিশ্লেষণ সম, অবিদ্যার প্রহীনত্ব জ্ঞান সম, অরতির প্রহীনত্ব প্রমোদ্য সম, নীবরণসমূহের প্রহীনত্ব প্রথমধ্যান সম, ... পে ... সর্বক্লেশের প্রহীনত্ব অরহত্বমার্গ সম।

'সীসন্তি' বলতে তের প্রকার শীর্ষ, যথা– তৃষ্ণা প্রতিবন্ধকশীর্ষ, মান আবদ্ধ শীর্ষ, দৃষ্টি (বা মিথ্যাদৃষ্টি) অনুরক্ত শীর্ষ, চঞ্চলতা বিক্ষেপশীর্ষ, অবিদ্যা সংক্লেশশীর্ষ, শ্রদ্ধা অধিমোক্ষশীর্ষ, বীর্য প্রগ্রহশীর্ষ, স্মৃতি উপস্থাপনশীর্ষ, সমাধি অবিক্ষেপশীর্ষ, প্রজ্ঞা দর্শনশীর্ষ, জ্ঞানদ্বয় প্রবর্তনশীর্ষ, বিমোক্ষ গোচরশীর্ষ এবং নিরোধ সংস্কারশীর্ষ।

সমশীর্ষ কথা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

৮। স্মৃতিপ্রস্থান কথা

৩৪। শ্রাবস্তী নিদান। "হে ভিক্ষুগণ! স্মৃতিপ্রস্থান চার প্রকার। সেই চার প্রকার কি কি? এখানে ভিক্ষু উদ্যমশীল, সম্প্রজ্ঞানী ও স্মৃতিমান হয়ে এবং জগতে (রূপোপাদান স্কন্ধকায়ে) অভিধ্যা ও দৌর্মনস্য বিদূরিত করে কায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করে। উদ্যমশীল, ... বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করে। ... চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করে। ... ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করে। ভিক্ষুগণ! এগুলোই চার প্রকার স্মৃতিপ্রস্থান"।

৩৫। কিভাবে কায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করে? এখানে কেউ পৃথিবীকায়কে অনিত্যরূপে দর্শন করে, নিত্যরূপে নয়; দুঃখরূপে দর্শন করে সুখরূপে নয়; অনাত্মরূপে দর্শন করে আত্মরূপে নয়; বিরক্তরূপে দর্শন করে, আনন্দরূপে নয়; নিরাসক্ত হয়, আসক্তি করে না; নিরোধ করে, উৎপন্ন করে না; পরিত্যাগ করে, গ্রহণ করে না। অনিত্যরূপে দর্শনকালে নিত্যসংজ্ঞা ত্যাগ করে, দুঃখরূপে দর্শনকালে সুখসংজ্ঞা ত্যাগ করে, অনাত্মরূপে দর্শনকালে আত্মসংজ্ঞা ত্যাগ করে, বিরক্তরূপে দর্শনকালে আনন্দ ত্যাগ করে, নিরাসক্তকালে আসক্তি ত্যাগ করে, নিরোধকালে সমুদয় ত্যাগ করে এবং পরিত্যাগকালে গ্রহণ ত্যাগ করে। এই সাত প্রকারে কায়কে দর্শন করে। কায় উপস্থাপন স্মৃতি নয়। স্মৃতি উপস্থাপন-ই স্মৃতি। সেই স্মৃতি ও জ্ঞান দ্বারা কায়কে অনুদর্শন করে। তাই বলা হয়– "কায়ে কায়ানুদর্শন স্মৃতিপ্রস্থান"।

'ভাবনাতি' বলতে চতুর্বিধ ভাবনা, যথা – তথায় জাত ধর্মসমূহের অনতিক্রমার্থে ভাবনা, ইন্দ্রিয়সমূহের একরসার্থে ভাবনা, সেক্ষণে প্রাপ্ত বীর্য বহনার্থে ভাবনা ও অভ্যাসার্থে ভাবনা।

এখানে কেউ কেউ আপকায়কে অনিত্যরূপে ... পূর্ববৎ ... তেজকায়কে ... বায়ুকায়কে ... কেশকায়কে ... লোমকায়কে ... ত্বককায়কে ... চর্মকায়কে ... মাংসকায়কে ... রক্তকায়কে ... স্নায়ুকায়কে ... অস্থিকায়কে ... অস্থিমজ্জাকায়কে ... তাই বলা হয়– "কায়ে

Visit: http://www.buddhistdownload.com

কায়ানুদর্শন স্মৃতিপ্রস্থান"।

'ভাবনাতি' বলতে ... এরূপে কায়ে কায়ানুদর্শী হয়ে অবস্থান করে।

[খ] কিরূপে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করে? এখানে কেউ সুখবেদনাকে অনিত্যরূপে দর্শন করে, নিত্যরূপে নয়; দুঃখরূপে দর্শন করে, সুখরূপে নয়; ... পূর্ববৎ ... এবং পরিত্যাগকালে গ্রহণ ত্যাগ করে। এই সাত প্রকারে বেদনাকে দর্শন করে। বেদনা উপস্থাপন স্মৃতি নয়। স্মৃতি উপস্থাপন-ই স্মৃতি সেই স্মৃতি ও জ্ঞান দ্বারা বেদনাকে অনুদর্শন করে। তাই বলা হয়– "বেদনায় বেদনানুদর্শন স্মৃতিপ্রস্থান"।

'ভাবনাতি' বলতে চতুর্বিধ ভাবনা, যথা ... ও অভ্যাসার্থে ভাবনা।

এখানে কেউ দুঃখ বেদনাকে অনিত্যরূপে দর্শন করে, ... অদুঃখ-অসুখ বেদনাকে ... সামিষ সুখ বেদনাকে ... নিরামিষ সুখ বেদনাকে ... সামিষ দুঃখ বেদনাকে .... নিরামিষ দুঃখ বেদনাকে ... সামিষ অদুঃখ-অসুখ বেদনাকে ... নিরামিষ অদুঃখ-অসুখ বেদনাকে ... চক্ষুসংস্পর্শজ বেদনাকে ... শ্রোত্রসংস্পর্শজ বেদনাকে ... ঘ্রাণসংস্পর্শজ বেদনাকে ... জিহ্বাসংস্পর্শজ বেদনাকে ... কায়সংস্পর্শজ বেদনাকে ... মনোসংস্পর্শজ বেদনাকে ... তাই বলা হয়– "বেদনায় বেদনানুদর্শন স্মৃতিপ্রস্থান"।

'ভাবনাতি' বলতে চতুর্বিধ ভাবনা, ... ভাবনা। এভাবে বেদনায় বেদনানুদর্শী হয়ে অবস্থান করে।

[গ] কিরূপে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করে? এখানে কেউ সরাগ চিত্তকে অনিত্যরূপে দর্শন করে, ... এবং পরিত্যাগকালে গ্রহণ ত্যাগ করে। এই সাত প্রকারে চিত্তকে দর্শন করে। চিত্ত উপস্থাপন স্মৃতি নয়। স্মৃতি উপস্থাপন-ই স্মৃতি। সেই স্মৃতি ও জ্ঞান দ্বারা চিত্তকে অনুদর্শন করে। সেজন্য বলা হয়– "চিত্তে চিত্তানুদর্শন স্মৃতিপ্রস্থান"।

'ভাবনাতি' বলতে চতুর্বিধ ভাবনা, যথা ... ও অভ্যাসার্থে ভাবনা।

এখানে কেউ বীতরাগ চিত্তকে অনিত্যরূপে দর্শন করে, ... সদোষ চিত্তকে ... বীতদোষ চিত্তকে ... সমোহ চিত্তকে ... বীতমোহ চিত্তকে ... সংক্ষিপ্ত চিত্তকে ... বিক্ষিপ্ত চিত্তকে ... মহদ্গত (মহৎ) চিত্তকে ... অমহদ্গত চিত্তকে ... সউত্তর (নিম্নতর) চিত্তকে ... অনুত্তর চিত্তকে ...

Visit: http://www.buddhistdownload.com

সমাহিত চিত্তকে ... অসমাহিত চিত্তকে ... বিমুক্ত চিত্তকে ... অবিমুক্ত চিত্তকে ... চক্ষুবিজ্ঞানকে ... শ্রোত্রবিজ্ঞানকে ... ঘ্রাণবিজ্ঞানকে ... জিহ্বাবিজ্ঞানকে ... কায়বিজ্ঞানকে ...মনোবিজ্ঞানকে ... সেজন্য বলা হয়– "চিত্তে চিত্তানুদর্শন স্মৃতিপ্রস্থান"।

'ভাবনাতি' বলতে চতুর্বিধ ভাবনা, যথা ... অভ্যাসার্থে ভাবনা। এভাবে চিত্তে চিত্তানুদর্শী হয়ে অবস্থান করে।

[ঘ] কিরূপে ধর্মে ধর্মানুদদর্শী হয়ে অবস্থান করে? এখানে কেউ কায়, বেদনা ও চিত্তকে বাদ দিয়ে তদবশেষ ধর্মসমূহকে অনিত্যরূপে দর্শন করে, নিত্যরূপে নয়, ... এবং পরিত্যাগকালে গ্রহণ ত্যাগ করে। এই সাত প্রকারে সেই ধর্মসমূহকে দর্শন করে। ধর্মসমূহ উপস্থাপন স্মৃতি নয়। স্মৃতি উপস্থাপন-ই স্মৃতি। সেই স্মৃতি ও জ্ঞান দ্বারা সেই ধর্মসমূহকে অনুদর্শন করে। সেজন্য বলা হয়– "ধর্মে ধর্মানুদর্শন স্মৃতিপ্রস্থান"।

'ভাবনাতি' বলতে চতুর্বিধ ভাবনা, যথা ... অভ্যাসার্থে ভাবনা। এরূপে ধর্মে ধর্মানুদর্শী হয়ে অবস্থান করে।

স্মৃতিপ্রস্থান কথা সমাপ্ত।

৯। বিদর্শন কথা

৩৫। আমি এরূপ শুনেছি– এক সময় ভগবান শ্রাবস্তীতে অবস্থান করছিলেন অনাথপিণ্ডিকের নির্মিত জেতবনারামে। তথায় ভগবান ভিক্ষুগণকে "হে ভিক্ষুগণ" বলে আহ্বান করলেন। 'সেই ভিক্ষুগণও "হ্যাঁ ভদন্ত" বলে ভগবানের আহ্বানে সাড়া দিলেন। অতঃপর ভগবান এরূপ বললেন–

"হে ভিক্ষুগণ! বাস্তবিক অর্থে ভিক্ষু কিঞ্চিৎমাত্র সংস্কারকেও নিত্যরূপে সমনুদর্শন করলে সে অনুকূল ক্ষান্তিগুণে বিমণ্ডিত হবে– এই কারণ বিদ্যমান নেই। অনুকূল ক্ষান্তিগুণে বিমণ্ডিত না হয়ে সম্যকমার্গে অগ্রসর হবে– এই কারণ বিদ্যমান নেই। সম্যকমার্গে অগ্রসর না হয়ে

Visit: http://www.buddhistdownload.com

স্রোতাপত্তিফল বা সকৃদাগামীফল বা অনাগামীফল কিংবা অর্হত্বফল লাভ করবে– এই কারণ বিদ্যমান নেই।

ভিক্ষুগণ! বাস্তবিক অর্থে ভিক্ষু সব সংস্কারকে অনিত্যরূপে সমনুদর্শন করলে সে অনুকূল ক্ষান্তিগুণে বিমণ্ডিত হবে– এই কারণ বিদ্যমান। অনুকূল ক্ষান্তিগুণে বিমণ্ডিত হয়ে সম্যকমার্গে অগ্রসর হবে – এই কারণ বিদ্যমান। সম্যকমার্গে অগ্রসর হয়ে স্রোতাপত্তিফল বা সকৃদাগামীফল বা অনাগামীফল কিংবা অর্হত্বফল লাভ করবে – এই কারণ বিদ্যমান[১]।

ভিক্ষুগণ! বাস্তবিক অর্থে ভিক্ষু কিঞ্চিৎমাত্র সংস্কারকেও সুখরূপে সমনুদর্শন করলে ... পূর্ববৎ ... এই কারণ বিদ্যমান নেই।

ভিক্ষুগণ! বাস্তবিক অর্থে ভিক্ষু সব সংস্কারকে দুঃখরূপে সমনুদর্শন করলে ... পূর্ববৎ ... এই কারণ বিদ্যমান।

ভিক্ষুগণ! বাস্তবিক অর্থে ভিক্ষু কিঞ্চিৎমাত্র ধর্মকেও আত্মরূপে সমনুদর্শন করলে ... পূর্ববৎ ... এই কারণ বিদ্যমান নেই।

ভিক্ষুগণ! বাস্তবিক অর্থে ভিক্ষু সব ধর্মকে[২] অনাত্মরূপে সমনুদর্শন করলে ... পূর্ববৎ ... এই কারণ বিদ্যমান।

ভিক্ষুগণ! বাস্তবিক অর্থে ভিক্ষু নির্বাণকে দুঃখরূপে সমনুদর্শন করলে ... পূর্ববৎ ... এই কারণ বিদ্যমান নেই।

ভিক্ষুগণ! বাস্তবিক অর্থে ভিক্ষু নির্বাণকে সুখরূপে সমনুদর্শন করলে ... পূর্ববৎ ... এই কারণ বিদ্যমান[৩]"।

৩৭। কয় প্রকারে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয় এবং কয় প্রকারে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়? চল্লিশ প্রকারে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয় ও চল্লিশ প্রকারে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়।

কোন্ চল্লিশ প্রকারে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয় এবং কোন চল্লিশ প্রকারে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়? পঞ্চস্কন্ধকে অনিত্যরূপে,

---

[১]। উপরোক্ত বিষয়টি ভগবান কর্তৃক অঙ্গুত্তর নিকায় ৬ষ্ঠ নিপাত ৯৮ নং সূত্রে (খানিয়া সূত্রে) দেশিত হয়েছে– দ্রষ্টব্য, পৃ. ২১৭,।

[২]। শ্যাম বা থাইল্যান্ড গ্রন্থে কিঞ্চিৎমাত্র ধর্মকে।

[৩]। অঙ্গুত্তর নিকায় ৬ষ্ঠ নিপাতে ৯৯, ১০০ ও ১০১ নং সূত্র দ্রষ্টব্য।

Visit: http://www.buddhistdownload.com

দুঃখরূপে, রোগরূপে, গণ্ডরূপে, শৈল্যরূপে, অঘ বা অনিষ্টকারকরূপে, পীড়াকারকরূপে, পররূপে, ভগ্নরূপে, অশুভরূপে, উপদ্রবরূপে, ভয়রূপে, উপসর্গরূপে, ক্ষণস্থায়ীরূপে, ভঙ্গুররূপে, অধ্রুবরূপে, অত্রাণরূপে, নিরাশ্রয়রূপে, অসহায়রূপে, রিক্তরূপে, তুচ্ছরূপে, শূন্যরূপে, অনাত্মরূপে, আদীনবরূপে, বিপরিণামধর্মীরূপে, অসাররূপে, অঘ বা অনিষ্টের মূলরূপে, ঘাতকরূপে, বিভবরূপে, আস্রবযুক্তরূপে, সঙ্খতরূপে, মারামিষ (কামদেবের কাম প্রবৃত্তি) রূপে, জাতিধর্মীরূপে, জরাধর্মীরূপে, ব্যাধিধর্মীরূপে, মরণধর্মীরূপে, শোকধর্মীরূপে, পরিদেবনধর্মীরূপে, উপায়াসধর্মীরূপে এবং সংক্লেশধর্মীরূপে (সমনুদর্শন করলে)।

৩৮। পঞ্চস্কন্ধকে অনিত্যরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে নিত্য ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে দুঃখরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে সুখ ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে রোগরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে আরোগ্য ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে গণ্ডরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অগণ্ড ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে শৈল্যরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে বিশৈল্য ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়।

পঞ্চস্কন্ধকে অনিষ্টরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অনিষ্টহীন ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে পীড়ারূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে পীড়াহীন ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে পররূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অপর-প্রত্যয় ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে ভগ্নরূপে দর্শ

Visit: http://www.buddhistdownload.com

করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অভয়ধর্মী ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে অশুভরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে শুভ ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়।

পঞ্চস্কন্ধকে উপদ্রবরূপে দর্শন দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অনুপদ্রব ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে ভয়রূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অভয় ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে উপসর্গরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অনুপসর্গ ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে ক্ষণস্থায়ীরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে স্থায়ী ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে ভঙ্গুররূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অভঙ্গুর ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়।

পঞ্চস্কন্ধকে অধ্রুবরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে ধ্রুব ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে অত্রাণরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে ত্রাণ ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে নিরাশ্রয়রূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে আশ্রয় ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে অসহায়রূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে সহায় ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে রিক্তরূপে দর্শন করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অরিক্ত ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়।

Visit: http://www.buddhistdownload.com

পঞ্চস্কন্ধকে তুচ্ছরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অতুচ্ছ ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে শূন্যরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে পরমশূন্য ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে অনাত্মরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে পরমার্থ ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে আদীনবরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অনাদীনব ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে বিপরিণামধর্মীরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অবিপরিণামধর্মী ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়।

পঞ্চস্কন্ধকে অসাররূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে সার ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে অনিষ্টের মূলরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অনিষ্টহীনেরমূল ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে ঘাতকরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অঘাতক ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে বিভবরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অবিভব ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে আস্রবযুক্তরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অনাস্রব ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়।

পঞ্চস্কন্ধকে সঙ্খতরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের বিরোধকে অসঙ্খত ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে মারামিষ (কামদের কাম প্রবৃত্তি)রূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে নিরামিষ ও

Visit: http://www.buddhistdownload.com

নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে জাতিধর্মীরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অজাত ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে জরাধর্মীরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অজর ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে ব্যাধিধর্মীরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অব্যাধি ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়।

পঞ্চস্কন্ধকে মরণধর্মীরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অমৃত ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে শোকধর্মীরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অশোক ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে পরিদেবনধর্মীরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অপরিদেবন ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে উপায়াসধর্মীরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অনুপয়াস ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়। পঞ্চস্কন্ধকে সংক্লেশধর্মীরূপে করলে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। পঞ্চস্কন্ধের নিরোধকে অসংক্লিষ্ট ও নির্বাণরূপে দর্শন করলে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়।

৩৯। 'অনিত্যরূপে' বলতে অনিত্যানুদর্শন। 'দুঃখরূপে' বলতে দুঃখানুদর্শন। 'রোগরূপে' বলতে দুঃখানুদর্শন। 'গণ্ডরূপে' বলতে দুঃখানুর্দশন। 'শৈল্যরূপে' বলতে দুঃখানুদর্শন 'অনিষ্টরূপে' বলতে দুঃখানুদর্শন। 'পীড়ারূপে' বলতে দুঃখানুদর্শন। 'পররূপে' বলতে অনাত্মানুদর্শন। 'ভগ্নরূপে' বলতে অনিত্যানুদর্শন। 'অশুভরূপে' বলতে দুঃখানুদর্শন।

'উপদ্রবরূপে' বলতে দুঃখানুদর্শন। 'ভয়রূপে' বলতে দুঃখানুদর্শন। 'উপসর্গরূপে' বলতে দুঃখানুদর্শন। 'ক্ষণস্থায়ীরূপে' বলতে অনিত্যানুদর্শন।

Visit: http://www.buddhistdownload.com

'ভঙ্গুররূপে' বলতে অনিত্যানুদর্শন। 'অধ্রুবরূপে' বলতে অনিত্যানুদর্শন। 'অত্রাণরূপে' বলতে দুঃখানুদর্শন। 'নিরাশ্রয়রূপে' বলতে দুঃখানুদর্শন। 'অসহায়রূপে' বলতে দুঃখানুদর্শন। 'রিক্তরূপে' বলতে অনাত্মানুদর্শন।

'তুচ্ছরূপে' বলতে অনাত্মানুদর্শন। 'শূন্যরূপে' বলতে অনাত্মানুদর্শন। 'অনাত্মরূপে' বলতে অনাত্মানুদর্শন। 'আদীনবরূপে' বলতে দুঃখানুদর্শন। 'বিপরিণামধর্মী রূপে' বলতে অনিত্যানুদর্শন। 'অসাররূপে' বলতে অনাত্মানুদর্শন। 'অনিষ্টের মূলরূপে' বলতে দুঃখানুদর্শন। 'ঘাতকরূপে' বলতে দুঃখানুদর্শন। 'বিভবরূপে' বলতে অনিত্যানুদর্শন। 'আস্রবযুক্তরূপে' বলতে দুঃখানুদর্শন।

'সঙ্খতরূপে' বলতে অনিত্যানুদর্শন। 'মারামিষরূপে' বলতে দুঃখানুদর্শন। 'জাতিধর্মীরূপে' বলতে দুঃখানুদর্শন। 'জরাধর্মীরূপে' বলতে দুঃখানুদর্শন। 'ব্যাধিধর্মীরূপে' বলতে দুঃখানুদর্শন। 'মরণধর্মীরূপে' বলতে অনিত্যানুদর্শন। 'শোকধর্মীরূপে' বলতে দুঃখানুদর্শন। 'পরিদেবনধর্মীরূপে' বলতে দুঃখানুদর্শন। 'উপায়াসধর্মীরূপে' বলতে দুঃখানুদর্শন। 'সংক্লেশধর্মীরূপে' বলতে দুঃখানুদর্শন।

এই চল্লিশ প্রকারে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভ হয়। এই চল্লিশ প্রকারে সম্যকমার্গে অগ্রসর হওয়া যায়।

এই চল্লিশ প্রকারে অনুকূল ক্ষান্তিগুণ প্রতিলাভীর এবং সম্যকমার্গে অগ্রসরকারীর কয়টি অনিত্যানুদর্শন, কয়টি দুঃখানুদর্শন ও কয়টি অনাত্মানুদর্শন?

অনাত্মানুদর্শন পচিঁশ, পঞ্চাশ অনত্রানুদর্শনে,
একশত পচিঁশ কথিত সবই দুঃখানুদর্শনে।

বিদর্শন কথা সমাপ্ত।

Visit: http://www.buddhistdownload.com

১০। মাতিকা কথা

৪০। বিমুক্ত, মোক্ষ-বিমোক্ষ, বিদ্যাবিমুক্তি, অধিশীল, অধিচিত্ত, অধিপ্রজ্ঞা, প্রশ্রদ্ধি, জ্ঞান, দর্শন, বিশুদ্ধি, নৈষ্ক্রম্য, নিঃসরণ, প্রবিবেক, পরিত্যাগ, চর্যা, ধ্যান-বিমোক্ষ, ভাবনা, অধিষ্ঠান এবং জীবিত।

৪১। 'নিচ্ছাতোতি' বলতে নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দ থেকে বিমুক্ত হওয়া, অব্যাপাদ দ্বারা ব্যাপাদ হতে বিমুক্ত হওয়া, আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্য হতে বিমুক্ত হওয়া, অবিক্ষেপ দ্বারা চঞ্চলতা হতে বিমুক্ত হওয়া, ধর্মবিশ্লেষণের দ্বারা বিচিকিৎসা হতে বিমুক্ত হওয়া, জ্ঞান দ্বারা অবিদ্যা হতে বিমুক্ত হওয়া, প্রমোদ্য দ্বারা অরতি হতে বিমুক্ত হওয়া, প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহ হতে বিমুক্ত হওয়া, দ্বিতীয়ধ্যান দ্বারা ... পে ... এবং অরহত্বমার্গ দ্বারা সর্বক্লেশ হতে বিমুক্ত হওয়া।

'মোক্খো বিমোক্খোতি' বলতে নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দ থেকে মুক্ত হয়– মোক্ষ-বিমোক্ষ। অব্যাপাদ দ্বারা ব্যাপাদ হতে মুক্ত হয়– মোক্ষ-বিমোক্ষ। আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্য হতে মুক্ত ...। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতা হতে ...। ধর্মবিশ্লেষণ দ্বারা বিচিকিৎসা হতে ...। জ্ঞান দ্বারা অবিদ্যা হতে ...। প্রমোদ্য দ্বারা অরতি হতে ...। প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহ হতে ...। দ্বিতীয়ধ্যান দ্বারা ...পে... অরহত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশ হতে মুক্ত হয়– মোক্ষ-বিমোক্ষ।

'বিজ্জাবিমুত্তীতি' বলতে নৈষ্ক্রম্য বিদিত হয় অর্থে বিদ্যা, কামচ্ছন্দ থেকে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে মুক্ত হয়, মুক্তকালে বিদিত হয়– এ অর্থে বিদ্যাবিমুক্তি। অব্যাপাদ বিদিত হয় অর্থে বিদ্যা, ব্যাপাদ হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে মুক্ত হয়, মুক্তকালে বিদিত হয়– এ অর্থে বিদ্যাবিমুক্তি। আলোকসংজ্ঞা বিদিত হয় অর্থে বিদ্যা, তন্দ্রালস্য হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যাবিমুক্তি। অবিক্ষেপ বিদিত হয় অর্থে বিদ্যা, চঞ্চলতা হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যাবিমুক্তি। ধর্মবিশ্লেষণ বিদিত হয় অর্থে বিদ্যা, বিচিকিৎসা হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যাবিমুক্তি। জ্ঞান বিদিত হয় অর্থে

Visit: http://www.buddhistdownload.com

বিদ্যা, অবিদ্যা হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যাবিমুক্তি। প্রমোদ্য বিদিত হয় অর্থে বিদ্যা, অরতি হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যাবিমুক্তি। প্রথমধ্যান বিদিত হয় অর্থে বিদ্যা, নীবরণসমূহ হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যাবিমুক্তি। দ্বিতীয়ধ্যান বিদিত হয় অর্থে বিদ্যা, বিতর্ক-বিচার হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যা-বিমুক্তি। তৃতীয়ধ্যান বিদিত হয় অর্থে বিদ্যা, প্রীতি হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যা-বিমুক্তি। চতুর্থধ্যান বিদিত হয় অর্থে বিদ্যা, সুখ-দুঃখ হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যা-বিমুক্তি। স্রোতাপত্তিমার্গ বিদিত হয় অর্থে বিদ্যা, মিথ্যাদৃষ্টিজাত ক্লেশসমূহ হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যা-বিমুক্তি। সকৃদাগামীমার্গ বিদিত হয় অর্থে বিদ্যা, স্থূল ক্লেশসমূহ হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যা-বিমুক্তি। অনাগামীমার্গ বিদিত হয় অর্থে বিদ্যা, সূক্ষ্ম ক্লেশসমূহ হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে ... বিদ্যা-বিমুক্তি। অরহত্বমার্গ বিদিত হয় অর্থে বিদ্যা, সর্বক্লেশ হতে মুক্ত হয় অর্থে বিমুক্তি। বিদিতকালে মুক্ত হয়, মুক্তকালে বিদিত হয়– এ অর্থে বিদ্যাবিমুক্তি।

'অধিসীলং অধিচিত্তং অধিপঞ্ঞাতি' বলতে নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দকে সংবরার্থে শীল-বিশুদ্ধি, অবিক্ষেপার্থে চিত্ত-বিশুদ্ধি এবং দর্শনার্থে দৃষ্টি-বিশুদ্ধি। তন্মধ্যে যা সংবরার্থ, তা অধিশীল শিক্ষা। যা অবিক্ষেপার্থ, তা অধিচিত্ত শিক্ষা। যা দর্শনার্থ, তা অধিপ্রজ্ঞা শিক্ষা। অব্যাপাদ দ্বারা ব্যাপাদকে সংবরার্থে শীল-বিশুদ্ধি ... তা অধিপ্রজ্ঞা শিক্ষা। আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্যকে সংবরার্থে শীল-বিশুদ্ধি ..... তা অধিপ্রজ্ঞা শিক্ষা। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতাকে সংবরার্থে ... তা অধিপ্রজ্ঞা শিক্ষা। ধর্মবিশ্লেষণ দ্বারা বিচিকিৎসাকে সংবরার্থে শীল-বিশুদ্ধি ... তা অধিপ্রজ্ঞা শিক্ষা। জ্ঞান দ্বারা অবিদ্যাকে সংবরার্থে .... তা অধিপ্রজ্ঞা শিক্ষা। প্রমোদ্য দ্বারা অরতিকে সংবরার্থে ... তা অধিপ্রজ্ঞা শিক্ষা। প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহকে সংবরার্থে ... তা অধিপ্রজ্ঞা শিক্ষা। দ্বিতীয়ধ্যান দ্বারা ... পে ...। অরহত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশকে সংবরার্থে শীল-বিশুদ্ধি ... তা অধিপ্রজ্ঞা

Visit: http://www.buddhistdownload.com

শিক্ষা।

'পস্সদ্ধীতি' বলতে নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দকে দমন করে, অব্যাপাদ দ্বারা ব্যাপাদকে দমন করে, আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্যেকে দমন করে, অবিক্ষেপ দ্বারা চঞ্চলতাকে দমন করে, ধর্মবিশ্লেষণ দ্বারা বিচিকিৎসাকে দমন করে, জ্ঞান দ্বারা অবিদ্যাকে দমন করে, প্রমোদ্য দ্বারা অরতিকে দমন করে, প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহকে দমন করে, দ্বিতীয়ধ্যান দ্বারা ...পে... এবং অরহত্বমার্গ দ্বারা সর্ব ক্লেশকে দমন করে।

'ঞাণন্তি' বলতে কামচ্ছন্দের প্রহীনত্ব নৈষ্ক্রম্য জ্ঞাতার্থে জ্ঞান, ব্যাপাদের প্রহীনত্ব অব্যাপাদ জ্ঞাতার্থে জ্ঞান, তন্দ্রালস্যের প্রহীনত্ব আলোকসংজ্ঞা জ্ঞাতার্থে জ্ঞান, চঞ্চলতার প্রহীনত্ব অবিক্ষেপ জ্ঞাতার্থে জ্ঞান, বিচিকিৎসার প্রহীনত্ব ধর্মবিশ্লেষণ জ্ঞাতার্থে জ্ঞান, অবিদ্যার প্রহীনত্ব জ্ঞান জ্ঞাতার্থে জ্ঞান, অরতির প্রহীনত্ব প্রমোদ্য জ্ঞাতার্থে জ্ঞান, নীবরণসমূহের প্রহীনত্ব প্রথমধ্যান জ্ঞাতার্থে জ্ঞান ...পে... সর্ব ক্লেশের প্রহীনত্ব অরহত্বমার্গ জ্ঞাতার্থে জ্ঞান।

'দস্সনন্তি' বলতে কামচ্ছন্দের প্রহীনত্ব নৈষ্ক্রম্য দৃষ্টত্ব দর্শন। ব্যাপাদের প্রহীনত্ব অব্যাপাদ দৃষ্টত্ব দর্শন। তন্দ্রালস্যের প্রহীনত্ব আলোকসংজ্ঞা দৃষ্টত্ব দর্শন। চঞ্চলতার প্রহীনত্ব অবিক্ষেপ দৃষ্টত্ব দর্শন। বিচিকিৎসার প্রহীনত্ব ধর্মবিশ্লেষণ দৃষ্টত্ব দর্শন। অবিদ্যার প্রহীণত্ব জ্ঞান দৃষ্টত্ব দর্শন। অরতির প্রহীনত্ব প্রমোদ্য দৃষ্টত্ব দর্শন। নীবরণসমূহের প্রহীনত্ব প্রথমধ্যান দৃষ্টত্ব দর্শন ...পে... সর্ব ক্লেশের প্রহীনত্ব অরহত্বমার্গ দৃষ্টত্ব দর্শন।

'বিসুদ্ধীতি' বলতে কামচ্ছন্দ পরিত্যাগ করলে নৈষ্ক্রম্য দ্বারা বিশুদ্ধ হয়। ব্যাপাদ পরিত্যাগ করলে অব্যাপাদ দ্বারা বিশুদ্ধ হয়। তন্দ্রালস্য পরিত্যাগ করলে আলোকসংজ্ঞা দ্বারা বিশুদ্ধ হয়। চঞ্চলতা পরিত্যাগ করলে অবিক্ষেপ দ্বারা বিশুদ্ধ হয়। বিচিকিৎসা পরিত্যাগ করলে ধর্মবিশ্লেষণ দ্বারা বিশুদ্ধ হয়। অবিদ্যা পরিত্যাগ করলে জ্ঞান দ্বারা বিশুদ্ধ হয়। অরতি পরিত্যাগ করলে প্রমোদ্য দ্বারা বিশুদ্ধ হয়। নীবরণসমূহ পরিত্যাগ করলে প্রথমধ্যান দ্বারা বিশুদ্ধ হয় ...পে...। সর্ব ক্লেশ পরিত্যাগ করলে

Visit: http://www.buddhistdownload.com

অরহত্বমার্গ দ্বারা বিশুদ্ধ হয়।

'নেকখম্মন্তি' বলতে কামসমূহের নিঃসরণ, যেমন– নৈষ্ক্রম্য। রূপসমূহের নিঃসরণ, যেমন– আরূপ্য। যা কিছু ভূত, সঙ্খত ও প্রতীত্য সমুৎপন্ন, তার নিরোধই নৈষ্ক্রম্য। অব্যাপাদই ব্যাপাদের নৈষ্ক্রম্য। আলোকসংজ্ঞাই তন্দ্রালস্যের নৈষ্ক্রম্য। অবিক্ষেপই চঞ্চলতার নৈষ্ক্রম্য। ধর্মবিশ্লেষণই বিচিকিৎসার নৈষ্ক্রম্য। জ্ঞানই অবিদ্যার নৈষ্ক্রম্য। প্রমোদ্যই অরতির নৈষ্ক্রম্য। প্রথমধ্যানই নীবরণসমূহের নৈষ্ক্রম্য .. পে... অরহত্বমার্গই সর্বক্লেশের নৈষ্ক্রম্য।

'নিস্সরণন্তি' বলতে কামসমূহের নিঃসরণ, যেমন– নৈষ্ক্রম্য। রূপসমূহের নিঃসরণ, যেমন– আরূপ্য। যা কিছু ভূত, সংখাত ও প্রতীত্যসমুৎপন্ন, তার নিরোধই নিঃসরণ। অব্যাপাদই ব্যাপাদের নিঃসরণ। ... পূর্ববৎ ... [উপরোক্ত 'নৈষ্ক্রম্য' স্থলে 'নিঃসরণ' পড়তে হবে] অরহত্ব মার্গই সর্বক্লেশের নিঃসরণ।

'পবিবেকোতি' বলতে নৈষ্ক্রম্যই কামচ্ছন্দের প্রবিবেক। অব্যাপাদই ব্যাপাদের প্রবিবেক। ... পূর্ববৎ ... ['নৈষ্ক্রম্য' এ স্থলে 'প্রবিবেক' পড়তে হবে] অরহত্বমার্গই সর্ব ক্লেশের প্রবিবেক।

'বোস্সগ্গোতি' বলতে নৈষ্ক্রম্য দ্বারা কামচ্ছন্দকে পরিত্যাগ করে– পরিত্যাগ। অব্যাপাদ দ্বারা ব্যাপাদকে ...। আলোকসংজ্ঞা দ্বারা তন্দ্রালস্যকে ...। অবিক্ষেপ দ্বারা চঞ্চলতাকে ...। ধর্ম বিশ্লেষণ দ্বারা বিচিকিৎসাকে ...। জ্ঞান দ্বারা অবিদ্যাকে ...। প্রমোদ্য দ্বারা অরতিকে ...। প্রথমধ্যান দ্বারা নীবরণসমূহকে ... পে... অরহত্বমার্গ দ্বারা সর্বক্লেশকে পরিত্যাগ করে– পরিত্যাগ।

'চরিযাতি' বলতে কামচ্ছন্দ পরিত্যাগ করলে নৈষ্ক্রম্য দ্বারা অবস্থান করে। ব্যাপাদ পরিত্যাগ করলে অব্যাপাদ দ্বারা অবস্থান করে। তন্দ্রালস্য পরিত্যাগ করলে আলোকসংজ্ঞা দ্বারা অবস্থান করে। চঞ্চলতা পরিত্যাগ করলে অবিক্ষেপ দ্বারা অবস্থান করে। বিচিকিৎসা পরিত্যাগ করলে ধর্মবিশ্লেষণ দ্বারা অবস্থান করে। অবিদ্যা পরিত্যাগ করলে জ্ঞান দ্বারা অবস্থান করে। অরতিকে পরিত্যাগ করলে প্রমোদ্য দ্বারা অবস্থান করে।

Visit: http://www.buddhistdownload.com

নীবরণসমূহকে পরিত্যাগ করলে প্রথমধ্যান দ্বারা বিচরণ করে ...পে... সর্বক্লেশ পরিত্যাগ করলে অরহত্বমার্গ দ্বারা অবস্থান করে।

'ঝানবিমোক্খোতি' বলতে নৈষ্ক্রম্য ধ্যান করে– এ অর্থে ধ্যান। কামচ্ছন্দকে দগ্ধ করে– এ অর্থে ধ্যান। ধ্যান করে করে মুক্ত হয়– এ অর্থে ধ্যান-বিমোক্ষ। দগ্ধ করে করে মুক্ত হয়– এ অর্থে ধ্যান-বিমোক্ষ। 'ধ্যান করে, ধ্যান করে'বলা হয়; সেই ধ্যান করে বলতে ধর্মসমূহ ধ্যান করে। 'দগ্ধ করে, দগ্ধ করে' বলা হয়; সেই দগ্ধ করে বলতে ক্লেশসমূহ দগ্ধ করে। ধ্যান এবং দগ্ধ করতে জানে– এ অর্থে ধ্যানকারী। অব্যাপাদ ধ্যান করে– এ অর্থে ধ্যান। ব্যাপাদকে দগ্ধ করে– এ অর্থে ধ্যান। ধ্যান করে করে ... পূর্ববৎ ... ধ্যানকারী। আলোকসংজ্ঞা ধ্যান করে– এ অর্থে ধ্যান। তন্দ্রালস্যেকে দগ্ধ করে– এ অর্থে ধ্যান। ধ্যান করে করে ... পূর্ববৎ ... ধ্যানকারী। অবিক্ষেপকে ধ্যান করে– এ অর্থে ধ্যান। চঞ্চলতাকে দগ্ধ করে– এ অর্থে ধ্যান। ধ্যান করে ... পূর্ববৎ ... ধ্যানকারী। ধর্মবিশ্লেষণ ধ্যান করে– এ অর্থে ধ্যান। বিচিকিৎসাকে দগ্ধ করে– এ অর্থে ধ্যান। ধ্যান করে করে ... পূর্ববৎ ... ধ্যানকারী। জ্ঞানধ্যান করে– এ অর্থে ধ্যান। অবিদ্যাকে দগ্ধ করে– এ অর্থে ধ্যান। ধ্যান করে করে ... ধ্যানকারী। প্রমোদ্যকে ধ্যান করে– এ অর্থে ধ্যান। অরতিকে দগ্ধ করে– এ অর্থে ধ্যান। ধ্যান করে করে ... ধ্যাকারী। প্রথমধ্যানকে ধ্যান করে– এ অর্থে ধ্যান। নীবরণসমূহকে দগ্ধ করে– এ অর্থে ধ্যান। ধ্যান করে করে ... ধ্যানকারী। দ্বিতীয়ধ্যানকে ধ্যান করে– এ অর্থে ধ্যান ...পে... অরহত্বমার্গকে ধ্যান করে– এ অর্থে ধ্যান। সর্ব ক্লেশকে দগ্ধ করে– এ অর্থে ধ্যান। ধ্যান করে করে মুক্ত হয়– এ অর্থে ধ্যান-বিমোক্ষ। দগ্ধ করে মুক্ত হয়– এ অর্থে ধ্যান-বিমোক্ষ। 'ধ্যান করে, ধ্যান করে' বলা হয়; সেই ধ্যান করে বলতে ধর্মসমূহ ধ্যান করে। 'দগ্ধ করে, দগ্ধ করে' বলা হয়; সেই দগ্ধ করে বলতে ক্লেশসমূহ দগ্ধ করে। ধ্যান এবং দগ্ধ করতে জানে– এ অর্থে ধ্যানকারী।

৪২। 'ভাবনা অধিট্ঠানং জীবিতন্তি' বলতে কামচ্ছন্দকে পরিত্যাগ করে নৈষ্ক্রম্য ভাবনা করে – এ অর্থে ভাবনা সম্পন্ন। নৈষ্ক্রম্যাবশে চিত্তকে

Visit: http://www.buddhistdownload.com

অধিষ্ঠান করে– এ অর্থে অধিষ্ঠান সম্পন্ন। এরূপ ভাবনাসম্পন্ন ও অধিষ্ঠানসম্পন্ন সমভাবে জীবিত থাকেন, বিষমভাবে নয়; সম্যকভাবে জীবিত থাকেন, মিথ্যাভাবে নয়; বিশুদ্ধভাবে জীবিত থাকেন, ক্লিষ্টভাবে নয়– এ অর্থে আজীবসম্পন্ন। এরূপ ভাবনাসম্পন্ন, অধিষ্ঠানসম্পন্ন এবং আজীবসম্পন্ন ব্যক্তি ক্ষত্রিয় পরিষদ, ব্রাহ্মণ পরিষদ, গৃহপতি পরিষদ কিংবা শ্রমণ পরিষদ যে পরিষদে উপস্থিত হন কেন তিনি অটল হয়েই উপস্থিত হন। তার কারণ কি? কারণ তিনি ভাবনাসম্পন্ন, অধিষ্ঠানসম্পন্ন ও আজীবসম্পন্ন।

ব্যাপাদকে পরিত্যাগ করে অব্যাপাদকে ভাবনা করে– এ অর্থে ভাবনাসম্পন্ন। অব্যাপাদবশে চিত্তকে অধিষ্ঠান করে– এ অর্থে অধিষ্ঠানসম্পন্ন। এরূপ ... পূর্ববৎ ... ও আজীবসম্পন্ন।

তন্দ্রালস্যকে পরিত্যাগ করে আলোকসংজ্ঞাকে ভাবনা করে– এ অর্থে ভাবনাসম্পন্ন। আলোকসংজ্ঞাবশে চিত্তকে অধিষ্ঠান করে– পূর্ববৎ ... ও আজীবসম্পন্ন।

চঞ্চলতাকে পরিত্যাগ করে অবিক্ষেপকে ভাবনা করে– এ অর্থে ভাবনাসম্পন্ন। অবিক্ষেপবশে চিত্তকে অধিষ্ঠান করে– পূর্ববৎ ... ও আজীবসম্পন্ন।

বিচিকিৎসাকে পরিত্যাগ করে ধর্মবিশ্লেষণকে ভাবনা করে – এ অর্থে ভাবনাসম্পন্ন। ধর্মবিশ্লেষণবশে চিত্তকে অধিষ্ঠান করে– পূর্ববৎ ও আজীবসম্পন্ন।

অবিদ্যাকে পরিত্যাগ করে বিদ্যাকে ভাবনা করে– এ অর্থে ভাবনাসম্পন্ন। বিদ্যাবশে চিত্তকে অধিষ্ঠান করে ... পূর্ববৎ ... ও আজীবসম্পন্ন।

অরতিকে পরিত্যাগ করে প্রমোদ্যকে ভাবনা করে– এ অর্থে ভাবনাসম্পন্ন। প্রমোদ্যবশে চিত্তকে অধিষ্ঠান করে ... পূর্ববৎ ... ও আজীবসম্পন্ন।

নীবরণসমূহকে পরিত্যাগ করে প্রথমধ্যানকে ভাবনা করে– এ অর্থে ভাবনাসম্পন্ন। প্রথমধ্যানবশে চিত্তকে অধিষ্ঠান করে ... পূর্ববৎ ... ও

Visit: http://www.buddhistdownload.com

আজীবসম্পন্ন। ...পে ... সর্ব ক্লেশকে পরিত্যাগ করে অরহত্বমার্গকে ভাবনা করে– এ অর্থে ভাবনাসম্পন্ন। অরহত্বমার্গবশে চিত্তকে অধিষ্ঠান করে– এ অর্থে অধিষ্ঠানসম্পন্ন। এরূপ ভাবনাসম্পন্ন ও অধিষ্ঠানসম্পন্ন ... পূর্ববৎ ... ও আজীবসম্পন্ন।

মাতিকা কথা সমাপ্ত।
প্রজ্ঞাবর্গ তৃতীয় সমাপ্ত।

তস্সুদ্দানং – স্মারকগাথা

প্রজ্ঞা, ঋদ্ধি, অভিসময়, বিবেক, চর্যা পঞ্চম;
প্রাতিহার্য, সমশীর্ষ, স্মৃতিপ্রস্থান, বিদর্শন।
মহাবর্গে তৃতীয়, মাতিকায় হয় দশম;
মহাবর্গ, যুগনদ্ধ, প্রজ্ঞাবর্গ নাম।
বর্গ এই ত্রিবিধ প্রতিসম্ভিদা প্রকরণে;
এ অনন্তমার্গ, তথা গভীর সাগরোপমে।
তারকাপূর্ণ আকাশ সম, বৃহৎ সরোবর যথা;
কথিকদের বিশাল, যোগীদের জ্ঞানোজ্বল তা।

প্রতিসম্ভিদামার্গ সমাপ্ত

ইদং নো পুঞ্ঞঞং পঞ্ঞালাভায় সংবত্ততু
নিব্বানস্স পচ্চযো হোতু'তি।

Visit: http://www.buddhistdownload.com